যুগনায়ক বিবেকানন

(প্রথম থণ্ড)

প্রস্তৃতি

স্বামী গম্ভীরানন্দ



প্রকাশক
খামী জানাত্মানন্দ
উবোধন কার্যালয়
১ উবোধন লেন, কলিকাতা-৩

প্রথম সংস্করণ আবাঢ়, ১৩৭৩

মূত্রাকর শ্রীবিজ্ঞেলাল বিশ্বাস ইণ্ডিয়ান কোটো এনগ্রেভিং কোং প্রাইভেট লিঃ ২৮ বেনিয়াটোলা লেন, কলিকাডা->

মৃশ্য সাভ টাকা

প্রাগ্ বাণী

স্বামীজীর জীবন ও বাণী লইরা ক্তবিশু ব্যক্তিগণ বহু আলোচনা করিরাছেন, জীবনী-গ্রন্থও বিরচিত হইরাছে অনেক। বিশেষতঃ সম্রাতি (১৯৬৩-৬৪ খৃষ্টান্বে) তাঁহার শতবর্ব-জরন্তী-উৎসব উপলক্ষে এই জাতীয় সাহিত্য বিভিন্ন ভাষার প্রকাশনের ফলে তাঁহার মহিমা জনসমাজে বহুধা বিস্তৃত হইরাছে। অতএব সহজেই মনে প্রশ্ন জাগিবে—বর্তমান উদ্ধানের সার্থকতা কি ?

সার্থকতা যে কি, তাহা লেখক নিজেও হয়তো সম্যক বিদিত নহেন; ইহা পাঠকসাধারণকেই স্থির করিতে হইবে। বর্তমান লেখক স্থামীজীর দেবজুর্গত পুতচরিত্তের অহুধ্যানপূর্বক স্থীয় জীবনকে ধন্ত করার উদ্দেশ্ত লইরাই এই কার্থে ত্রতী হইয়াছিলেন। অবশু এই মুখ্য উদ্দেশ্যের সহিত স্প্রাশ্ত প্রভিপ্রান্ধও বে বিজড়িত ছিল না, এমন কথা বলা চলে না।

স্বামীনীর দেহত্যাগের কিঞ্চিৎ পরে মায়াবতী অবৈতাপ্রম হইন্ডে Life of Swami Vivekananda by His Eastern and Western Disciples নামে একখানি প্রামাণিক জীবনী-গ্রন্থ চারি থণ্ডে প্রকাশিত হয়; উহা অধুনা কিঞ্চিৎ সংক্ষিপ্তাকারে একখণ্ডে মৃদ্রিত হইয়া থাকে। ইহার পরে প্রামাণিক সম্পূর্ণ জীবনী-গ্রন্থ হিসাবে প্রমথনাথ বস্থ কর্তৃক বির্চিত ও উরোধন কার্বালর হইতে তুই থণ্ডে প্রকাশিত 'স্বামী বিবেকানন্দ' গ্রন্থটি সমধিক আদরণীয়। এই বিতীয় রচনাতে কিছু কিছু নৃতন উপকরণ সংগৃহীত হইলেও ইহার প্রধান উপজীব্য পূর্বোক্ত ইংরেজী জীবনী। অতঃপর ষেসব প্রন্থে স্বামীজীর সম্পূর্ণ জীবনী লিপিবল্ধ হইয়াছে, সেগুলিতে এই তুইখানি গ্রন্থেই উপালানয়াশি স্থান পাইয়াছে। এই গ্রন্থেরের নিকট আমরাও বহুলাংশে ঋণী এবং বর্তমান পৃত্যকে এই সুইখানি বধাক্রমে 'ইংরেজী জীবনী' ও 'বাক্লা জীবনী' নামে উদ্ধিধিত হইয়াছে।

সামীজীর জীবনী-লেথককে সারও চ্ইথানি প্রামাণিক প্রাচীন গ্রন্থের নাহার্য স্বব্ছই লইতে হর। 'শ্রিশ্রীরামক্রফ লীলাপ্রস্ক' ও 'শ্রিজীরামক্রফ কথাযুত' -এর মধ্যে স্থামীজীর জীবনের বহু ঘটনা লিপিবদ্ধ স্থাছে; স্থামানিগকে উহাদের-সাহার্য লইতে হইরাছে ও স্থানে স্থানে উহাদের বাক্যাবলী 'লীলাপ্রস্কু' এবং 'কথাযুত' নামে উদ্ধৃত হইরাছে। শ্রীযুক্ত বর্জন্ত ক্রেক্ডীর 'স্থামি-শিক্ত-সংবাদ' এবং ভগিনী নিবেদিতার 'বামীজীকে বেরূপ দেখিয়াছি' ও 'বামীজীর সহিত হিমালরে'—এই তিনধানি পৃত্তকেও বহু অমূল্য রত্ন সংরক্ষিত আছে; আমরা ইহাদেরও নিকট ঋণী।

শতবর্ধ-জন্মন্তীর পূর্ব পর্যন্ত লিখিত জীবনীগুলির বিষয়বন্ধ এই পর্যন্তই সীমাবন্ধ চিল বলিলেও অত্যক্তি হইবে না; কিছ ইহার কিঞ্চিৎ পূর্বে ও পরে আরও বছ তথ্য আবিষ্ণুত হইয়াছে, অথবা পূৰ্বে বিভিন্ন পত্ৰিকাদিতে বাহা বিচ্ছিলাকারে প্রকাশিত হইয়াছিল ভাহা সংগ্রহ-গ্রন্থরূপে মুদ্রিত হওয়ায় জীবনীলেথকদের কার্য मधुख्त इहेशारह । এই গ্রন্থাদির মধ্যে ছইখানি সমধিক মূল্যবান-Swami Vivekananda in America: New Discoveries, by Marie Louis Burke & Reminiscences of Swami Vivekananda, by His Eastern and Western Admirers. বর্তমান পুস্তাকে এই গ্রন্থয় 'নিউ ডিসকভারিক' ও 'রেমিনিসেন্সেদ' নামে উল্লিখিত হইয়াছে। এতদ্বাতীত স্বস্তাস্ত পুতকের মধো এই তিন্থানির নাম করা উচিত: Swami Vivekananda: A Forgotten Chapter by Benisankar Sarma; Vivekananda: Patriot Saint by Bhupendra Nath Datta এবং উৰোধন কাৰ্যালয় হইতে প্ৰকাশিত 'স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা।' অধিকন্ত স্বামীজীর অপ্রকাশিত অনেক পত্র অধুনা তাহার গ্রন্থাবলীতে ভান পাইয়া তাহার জীবনের বহু কেত্র भारमारकाहानिक क्रियारक। श्रामीकीय श्रक्तवाकारम्य कीरनी, श्रवादनी श्र মৌধিক (অধুনা মৃদ্রিত) আলোচনাদি হইতেও অনেক কিছু জানা যায়। খামীৰী সংদ্ধে লিখিত মহেজ্ৰনাথ দন্ত মহাশয়ের পুত্তকগুলিও অনেকছলে ভাহাও হ্যবিশ্বন্ধরণে উপস্থাগিত করা অভ্যাবন্তক হইরা পড়িয়াছে।

শারও একটি দিক হইতে সামীলীর জীবনের নবীনতর শালোচনা শনিবার্ধ বিলিয়া বোধ হয়। তথ্যের শপ্রাচ্ববশতঃ পূর্বে বেসব ঘটনার বিবরণ অসম্পূর্ণ ছিল কিংবা অন্থ্যনাবলঘনে লিপিবছ হইরাছিল, নৃতন আলোক-সম্পাতে উহাদের প্রকৃত স্থান, কাল ও পারস্পর্য স্পাইতরক্ষপে আত্মপ্রকাশ করিরাছে। দৃষ্টাত্ম-স্বরূপে আমরা স্থামীলীর থাণ্ডোরা গমন, কুলাকুমারী দর্শন, চিকাগো মহাসভার পূর্বে বক্তভাদি-প্রাহান ইত্যাদির উল্লেখ করিতে পারি। এইরূপ আরও কিছু কিছু বিবরণাদিকে চালিরা সাজাইবার আব্যক্তর স্টিরাছে।

चर्टनावनीय भूर्वज्य क्रथ मृष्टिशांत्र रक्षाय व्यवस्था नव नव ज्या चाविष्ठ्रक इ अवाब चामी भीत भीवन ७ वागीत मृन्याबन विवरबंध चामारमंत्र मछ शबिवर्डन অবশ্রভাবী। অধিকন্ত প্রাক্ষাধীনতাযুগে স্বামীলীকে ভারতবাসীরা বে দৃষ্টিতে দেখিয়াছিলেন, স্বাধীনভোত্তরকালে তাহা বদলাইয়া গিয়াছে; এখন আমরা তাঁহার জীবন ও বাণীর মধ্যে অক্তরণ অর্থ ও দার্থকতার সন্ধান পাইডেছি। व्याचात्र विरामनी ও विरामनिनीरमत्र त्रिष्ठ श्रष्टाचनी भारतेत्र करन व्यात किছू ना इफेक घूटेंगि विवास व्यामातम्ब धावना म्लाहेज्य इटेशाह्य ; अधमजः वामीकीव कीवन अखा विरात्म अधाषा विका ७ अधाषा প্রচেষ্টায় সর্বদা ব্যাপৃত ছিল; অক্সান্ত যাহা কিছু তিনি করিয়াছেন বা বলিয়াছেন, তাহা ঐ চিম্বা বা প্রচেষ্টার পরিপুরক বা উহারই শাধাপ্রশাধাদি। বিতীয়ত: স্বামীন্দী শুধু ভারতের নহেন, তিনি সমগ্র বিখের নায়ক। অবশ্র বর্তমান গ্রন্থে আমরা স্বামীজীর ভাবরাশির শক্ষপনির্ণয় অপেক্ষা ঘটনাবলীর সল্লিবেশের প্রতিই অধিক দৃষ্টি দিয়াছি; তবু ভাবকে বাদ দিয়া নিছক ঘটনার মূল্য অতি অল্প বলিয়া ভাবকে সম্পূর্ণ বর্জন করা সম্ভব হয় নাই। স্থানে স্থানে ভাবেরই পরিপ্রেক্ষিতে আমরা ঘটনাবলীকে বুঝিতে চেষ্টা করিয়াছি, যদিও অধিকাংশ স্থলে ঘটনাপরম্পরাই ভাবের শ্বরূপ আপনা হইতে উদ্বাটিত করিয়াছে। তথাপি বলিতে হইবে, ভাবের অতিবিস্তার বর্তমান গ্রন্থের কর্তব্য নহে।

রচনা, মূলণ ও প্রকাশনাদির সৌকর্যার্থ এই পুন্তকথানিকে তিন থণ্ডে বিভক্ত করা হইল—প্রস্থৃতি, প্রচার ও প্রবর্তন। অবশ্র এই তিনটি বিভাগ পরস্পার-নিরপেক্ষ নহে। এ কথা সত্য নহে বে, আমেরিকার প্রচারকার্য আরম্ভের পূর্বে স্বামীন্ধী কোনরপ প্রচার করেন নাই কিংবা আমেরিকার গমনের পূর্বেই তাহার প্রস্থৃতিপর্ব সম্পূর্ণ হইরা গিয়াছিল। অথবা ইহাও বলা বার না বে, শেবজীবনে ভারতে বা ভারতেতর দেশে বিবিধ পরিক্রনার রূপারণের বা স্বীর্ম সিদ্ধান্থভালিকে কার্যক্ষেত্রে প্রবর্তনের পূর্বে তিনি কথনও ঐ আতীর প্রচেটার ব্যাপৃত হন নাই, কিংবা শেবের দিনগুলিতে কোন প্রকার প্রচারে নির্ভ থাকেন নাই। মোট কথা এই বে, এই জাতীর গরস্পর-নিরপেক বিভাগ অসম্বর্ধ হইলেও তাহার জীবনের আদি, মধ্য ও অভ—এই তিন অংশে এই ভিনটি ভাবের প্রাথান্ত পরিলক্ষিত হর, ইহা অনস্থাকার।

পরিশেষে আমরা এই কঠিন ও স্থীর্থ কার্বে বাহারের সহারভা পাইরাছি,

ভাঁহাদিগকে আৰ্মিক ধন্তবাদ আনাইভেছি। পূর্বে উন্নিখিত গ্রন্থ ব্যতীত অপর বে সকল গ্রন্থ হইতে উপাদানাদি সংগৃহীত হইয়াছে, সেগুলির গ্রন্থকার ও প্রকাশকদের প্রতিও আমরা কৃতজ্ঞতা জানাইতেছি। ইন্ডি—

বেলুড় মঠ গুৰু পুৰ্ণিমা ১৩৭৩ বন্ধান্ত

निर्वहक

গ্রন্থকার

সূচীপত্ৰ

| विवद | | | পৃষ্ঠা |
|----------------------------------|-----|-----|-------------|
| গটভূমিক া | *** | ••• | , |
| বংশপরিচয় | ••• | *** | 20 |
| উবার আলো | ••• | ••• | २৮ |
| প্রভাতের ইন্দিত | ••• | ••• | 8¢ |
| দৰ্বতোম্থী প্ৰতিভা | ••• | ••• | ۷) |
| নারায়ণ-সকাশে নরশ্ববি | ••• | ••• | 20 |
| 'আন্তৰ্যো বক্তা কুণলোহন্ত লক্কা' | ••• | ••• | ۲۰۶ |
| সাংসারিক বিপর্বন্ন ও নবালোক | ••• | ••• | >88 |
| সভ্য প্রতিষ্ঠা | ••• | ••• | 146 |
| ल्यथम विवासकृष्यर्थ | ••• | , | २०२ |
| উত্তর ভারত পর্যটন | ••• | ••• | २७8 |
| হিমালয়ো নাম নগাধিরাল: | ••• | ••• | २७ > |
| রাঅপ্তনায় | ••• | ••• | ٥.٠ |
| পশ্চিম ভারতে | ••• | ••• | ৩৩২ |
| দক্ষিণ ভারতে | ••• | ••• | ७१२ |
| উভোগ ও আয়োজন | ••• | ••• | 6 • 8 |
| ন মূত্ৰৰাজা | ••• | *** | 88• |
| নিৰ্দেশিকা | | | 885 |

শত শত বংসর পরাধীন থাকার পরের কথা। বিজিত জাতিহলভ অনেক দোষই ভারতীয় জীবনের মর্মে মর্মে প্রবেশ করিয়াছিল; তবু ভারতীয় সংস্কৃতি স্বীয় স্কৃতিবলে এবং ভগবানের আশীর্বাদে সম্পূর্ণ বিলুপ্ত হয় নাই—উহা শভ প্রতিকৃল অবস্থার মধ্যেও আত্মরক্ষায় সমর্থ হইয়াছিল, যদিও উহার প্রশার ও গান্তীৰ্থ ক্ৰমেই সন্থুচিত ও বিধ্বন্ত হইয়া এক বিকট পরিস্থিতি আনয়ন করিতে-ছিল। পর পর বছ শক্তিশালী বিদেশীয় ভাবরাশির প্রতিঘাতে ভারত-জীবন তখন সম্ভত। এইরূপ অবস্থার সন্মুখীন হইয়া সে আত্মরকার্থ অনেক অবাভাবিক ও অবাश्वनीय উপায় অবলছনেও বাধ্য হইয়াছিল। সলে সলে বহির্দেশ হইতে ভারতের উপর অনেক কিছু আরোপিত হইয়াছিল। দৃষ্টান্তবন্ধপ বলা যাইতে পারে যে, ভারতের নিজম ধর্মের কোন ভেদস্চক নাম না থাকিলেও বিধর্মীরা ষ্থন ভারতে আগ্মনের পরও তাহাদের চিরাচরিত প্রথামুসারে স্বীয় পৃথক সন্তার সংরক্ষণে এবং উহাকে অধিকতর মর্যাদাদানে উন্মুখ হইল, তথন বেদসভূত স্প্রাচীন সনাতন ধর্মকে তাহারা বলিল হিন্দুধর্ম। ইহার ফলে বে ভারতবাসীরা এ যাবৎ ধর্মকে ধর্ম বলিয়াই জানিত, তাহারা এখন হইতে সাম্প্রদায়িক দৃষ্টি অ্বলম্বনে আপনাদিগকে হিন্দু ও অপরদিগকে বিবিধ ধর্মাবলমী বলিয়া ভাবিতে বাধ্য হইল। ধর্মাবলম্বনে যে ভারতবাসী শান্তির পথে অগ্রসর হইতেছিল, সে আজ ধর্মকে বিবাদ-বিচ্ছেদের অগুতম হেতৃরূপে দেখিতে শিখিল। ধর্মান্তভা আধ্যাত্মিকতার আসন কাড়িয়া লইল। আবার বৌদ্ধর্মের অবসানকালে উহার মধ্যে যে সকল অবনতির কারণ অনুপ্রবিষ্ট হইয়াছিল, তাহা হিন্দুধর্মেও অনেকটা অফুসঞ্চারিত হইল। বৌদ্দের নেতিবাদ ও নির্বিচারে সন্ধ্যাসগ্রহণ-প্রথা ভারতীয় সমাজকে কর্মবিমুখ ও দুর্বল করিল। বৌদধর্মের ফ্রতপ্রসারের ফলে ভারতের বহিত্তি যে সকল অসুরত দেশবাসী বৌদধর্মে দীক্ষিত হইয়া ভারভের সহিত चित्रकत्र नाःइष्टिक चानान-धनाटन क्षत्रक हरेन, তारात्रा य-च **ভावधानात्र चाना** ভারতকেও গৌণভাবে প্রভাবিত করিল। এইসব কুপ্রধার নিবারণ-করে ছিন্দু-সমাজ আপনাকে বিবিধ নিগড়ে বন্ধন করিতে লাগিল—বিদেশগদন প্রায় নিবিদ্ধ হইল এবং হিন্দু বাজনক্ষির খভাব প্রণার্থ প্রোহিতকুল সমাজদালন-ব্যবন্ধা ষহত্তে তৃনিরা নইনেন। মৃসনমানদের বনপূর্বক ধর্মান্তরিতকরণ হইতে আত্মরক্ষাকরে হিন্দুর লাতিভেদপ্রথা দৃঢ়তর আকারে সমাজের হৃদ্ধে আরোণিত হইল। আর মৃসনমানদের অহকরণে নারীদের অবরোধ-প্রথা হিন্দুসমাজও স্বীকার করিয়া নইল। ক্রমে অবস্থা এমন দাঁড়াইল বে, সমাজ স্বাভাবিক সবল পদ্বাবলয়নে আহাবিকালের অবকাশ না পাইয়া বিকরাল বামাচারাদি গোপন অস্কানের আহার লইন—ধর্মের নামে এক অন্তর্যাতী অনাচার ভারতীয় সমাজে আসন পাতিল। বিদেশীরা ভারতীয়দের স্থা-সাক্ষ্যে অপেকা আপন ঐশর্বুদ্ধি ও ভোগব্যবদ্বার অধিকত্তর মনোনিবেশ করায় দেশে দারিত্রা বৃদ্ধি পাইল এবং রোগ, অকালমৃত্যু, তৃত্তিক ইত্যাদি ক্রমেই বাড়িতে লাগিল। বস্তুতঃ ধর্ম, শিক্ষা, সমাজ-ব্যবস্থা, লিয়, বাণিজ্য, সংস্কৃতি প্রভৃতি সর্বক্ষেত্রে ভারত তথন বিত্রত ও পথহারা—বৃন্ধি বা ভারতীয়দের ভারতীয়ত্ব চিরতরে সম্পূর্ণ বিদ্পুপ্ত হইয়া বায়।

এই বিপদের শেষভাগে আবার আসিল পাশ্চাত্য জাতিসমূহ—বিশেষতঃ ইংরেঞ্চপণ। ভাহাদের ধর্ম, হাবভাব, চলন-বলন সম্পূর্ণ ভিন্ন প্রকারের। ভাহাদের বাণিক্য ও সংস্কৃতিপ্রসারের রীতিও অক্তরূপ। মুসলমানদের ক্যায় অন্ত্রমাত্র সহায়ে রাজার্তি, অর্থলুঠন বা ধর্মান্তরিতকরণ তাহাদের উদ্দেশ্ত নহে। বাণিজাবাপদেশে धनमूर्वनेहें जाहारहत्र व्यथान व्यरमायन अदः अहे कार्र्स महाम्रजामारखत्र व्यष्ट भत्ररम्य-বাদীদের মধ্যে অকীয় কৃষ্টির প্রচার করিয়া, প্রাচ্যবাদীর হৃদয়ে প্রতীচ্য-সদৃশ **শাভিন্নাত্যনাভের নান**সা জাগাইয়া এবং সাংস্কৃতিক দৃষ্টিতে প্রাচ্যবাসীতে প্রভীচ্যের নিষ্ট হেম্বভা স্বীকার করাইয়া শুধু বাছজ্বগতে নহে, অস্কর্জগতেও চিরদিনের মতো আধিপতা স্থাপন করিয়া সে যুগের ইংরেজগণ ভারতকে খনস্বকাল ধরিষা শাসন করিবার স্থ-স্থপ্র দেখিতেছিল। ইউরোপীয়ানদের আগমনের পূর্বে বে সব বিদেশী ভারতে রাজত্ব বিস্তার করিয়াছিল, সভ্যতার ক্ষেত্রে ডাহারা ভারত অপেকা অগ্রাধিকারের দাবি রাখিত না। দৈহিক শক্তি ও বুছবিভার পারদর্শিভার ফলেই ভাহারা স্বাধিকার স্থাপন করিত এবং করেক পুৰুষ পরে ভারতের সমাজে ভাহাদের অভিত্ব প্রার হারাইয়া ফেলিভ। मूननमानरस्य नशरक धर्म ७ नःकृष्टिय क्लाख क्रिक এखशानि नछा ना इटेरन्छ वर्ष. রামনীতি, নিকা ইত্যাদি কেত্রে ইহা বহুলাংশে সত্য-ভাহারাও শেব পর্বস্ত ভারতকেই বৰেশ বলিয়া খীকার করিয়াছিল। কিন্তু ইংরেজরা ভারতীয়দের ্ষুটিডে প্রধানত: শাসক ও শোবকরণেই আবিভূতি চ্ইল। ইংরেজদের

সাংস্কৃতিক অভিযানের উদ্দেশ্য এই ছিল বে, ভারতবাসীরা ব ব গৃহে ভাষা ও
আকৃতিগত পৃথক সত্তা বজার রাখিলেও সর্বভারতীর ক্ষেত্রে এবং ইংরেজপ্রভূদের
সহিত আদান-প্রদান-কালে সর্বতোভাবে পাশ্চাত্য সংস্কৃতির অঞ্করণ করিবে
এবং উহারই আন্থগত্য খীকার করিবে।

हेःरत्रकता ভात्रज्वर्य रह निकाश्रनामौ क्षवर्जन कतिरामन, जाहा हेःरत्रकासत्रहे প্রয়োজন-সাধনের অমুকুলরপে রচিত হইয়াছিল। ইংরেছ বণিক ও পরবর্তী কালে हैरदबक भामकवर्रात कार्य महायुकात क्या এह स्थानित यमीकी वी स्वस्त्र किया তাঁহাদের মুখা উদ্দেশ্য। এই নবীন শিক্ষাপ্রাপ্ত নৃতন সমাজ যাহাতে ইংরেজের প্রতি সঞ্জ হয়, সেদিকেও ইংরেজদের যথেষ্ট দৃষ্টি ছিল। এই স্থপরিকল্পিড কার্যধারা বিভিন্ন থাতে প্রবাহিত হইয়াছিল। পাঠাপুস্তক, সংবাদপত্র ও ধর্ম-প্রচারের মাধ্যমে পরিষ্কার ভাষায় ভারতবাদীকে বলা হইত, ভারতবর্ষের নিজ্প এমন কোন বিশেষৰ নাই যাহাকে আধুনিক জগতে বাঁচাইয়া রাখা আবশুক; বরং ভারতকে প্রগতিশীল হইতে হইলে সব কিছুই বিদেশ হইতে গ্রহণ করিতে इटेंदर - दर्ग, ज्या, थाण, ज्यानय-कायना, वाक्तिग्रंड धर्म देखानि मर्वत्करखहे পাশ্চাত্য কৃষ্টির মান অতি উচ্চ। পাশ্চাত্য সভাতা উন্নততর বলিয়াই পাশ্চাত্য রাট্ট প্রভাবশালী ও বিজয়মণ্ডিত হইয়াছে: অতএব উচ্চাকাজ্জী অপর জাতিকেও ষীয় উন্নতির জন্ম ঐ সভাতাকেই নিম্ন জীবনে প্রতিষ্ঠিত করিতে হইবে। পাশ্চাত্য মনীবীরা প্রমাণ করিলেন যে, অতীতকালে ভারতে যে সব চিন্ধারান্তি প্রকাশ পাইয়াছিল, কিংবা শিল্পবিজ্ঞানাদির ক্ষেত্রে যে সব উল্লভি সাধিত ু হইয়াছিল, তাহা বস্তুত: অন্তু সভ্যতার আত্মকূল্যে সম্ভব হইয়াছিল—মৌলিক্তা ভারতের নহে-গ্রীদের, মিশরের বা পারবের। ভারতের ঘাহা নিজম বস্তু, তুলনার দৃষ্টিতে তাহার মূল্য অকিঞ্চিৎকর। ভারতের বেদান্ত শ্বপ্রবিলাদীর খলাক ৰুণা চিম্বা মাত্ৰ; ভারতের বেদ চাবীর সমীত ব্যতীত খার কিছুই নহে; ভারতের ধর্ম এক নিয়তর সভাতার পরিবেশে উদ্ভুত ও পরিপুট; উন্নততর मुक्काजायस्य छेराद जामन जिम शाकित्व भारत ना। विद्यानव हरेटव अवर অক্তান্ত প্রচারের মাধ্যমে ভারতবর্ষে এই প্রকারের বে শিক। বিভার লাভ করিতেছিল, বামী বিবেকানক তাহাকে বলিয়াছেন নেতি-মূলক শিক্ষা, আর িন্দ্ৰনিয়াছেন, এই শিক্ষাবন্দনে কোন স্বাধীন স্বাভি গড়িয়া উঠিছে পারে না, আত্মন্থ হইরা দুচুপদক্ষেণে উরভিপথে অগ্রসর হইতে পারে না। কিছ বাষীলীয়

শাগমনের পূর্বে এই সহল সত্যটি ভারতীয় মনে উদিত হয় নাই। বরং এই সকল মৃধরোচক কথা, ঐশর্বের চাকচিকা, বিলাস-বৈভবের আকর্ষণ ও অন্ধ্রশন্তের আদমা শক্তির সন্মুথে ভারতপ্রতিভা একাস্ক মান হইয়া গিয়াছিল। ভারতীয় সমাল স্বীয় প্রাচীন কৃষ্টির পটভূমিতে সময়োপযোগী নব নব সবল ব্যবস্থা প্রবর্তনের পরিবর্তে "পরাহ্বকরণ, পরাহ্ববাদ, দাসক্রলভ ত্র্বলতার" আভায় লইয়াছিল। শিক্তি সমাজ তথন ইংরেজের ভায় পানভোজন, পোশাক-প্রিচ্ছদ ইত্যাদি লইয়া বাস্তা। প্রকাশভাবে অথাত্য-ভক্ষণ ও মত্যপান তথন সভ্যতার অক্বলিয়া বিবেচিত হইত। ইংরেজের তীত্র সমালোচনায় বিকৃত্ধ নবীন সম্প্রদায় তথন হিন্দুসমাজকে ঢালিয়া সাজিতে অগ্রসর হইয়াছেন। ভারত-সংস্কৃতির তরী তথন কর্ণধারহীন হইয়া পাশ্চাত্য বায়প্রভাবে লক্ষান্ত্রই হইয়া ভাসিয়া চলিয়াছে।

আইদেশ শতালীর শেষভাগ হইতে উনবিংশ শতালীর মধ্যভাগ পর্যন্ত ভারতের বায়ু কতরকম বিরুদ্ধ সমালোচনা, জড়বাদ ও নান্তিকতার ঘারাই না বিবাক হইয়াছিল! একদিকে খুটান মিশনারীরা হিন্দুধর্মের নিন্দায় শতমুখ এবং ছলে বলে কৌশলে ধর্মান্তরিত করিতে দুঢ়সম্বর; আর অপরদিকে ধর্মবিমুখ পাশ্চাত্য বিজ্ঞান স্বীয় সাফল্যে গবিত হইয়া ভক্তিপ্রদা, গুরুপরস্পরা, ঐতিহ্ন, রীতিনীতি প্রভৃতিকে নস্তাং করিতে কুতনিশ্চয়। এই পাশ্চাত্য ধর্ম ও বিজ্ঞানের যুগপং আক্রমণের সন্মুখে দণ্ডায়মান থাকা বড় সহজ ছিল-না। তথাপি ভারতের মতো একটা স্থপ্রচীন দেশ—বে সহজ্ঞ সহজ্ঞ বংসর অতীত গৌরব বক্ষে ধারণ করিয়া এবং অতীতের নির্দিষ্ট পথে চলিয়া শত শত বাধাবিপত্তি অতিক্রমপূর্বক যুগোপবোগী অভিনব সাধনপ্রণালী আবিদ্ধার করিয়াছে, অপরকে শিধাইয়াছে, এবং চিরকাল আত্মরকা করিয়া আসিয়াছে, দে এত সহজ্ঞে ধ্বংস হইতে পারে না—ভারতের ভাগ্যবিধাতা তাহ। হইতে দিতে পারেন না; কেন না, তাহা ছইলে জগং হইতে এমন এক বস্তু চিরবিল্প্র হইয়া যাইবে, যাহা অপুরণীয়।

শতএব নৈরাশ্রপূর্ণ বিপর্যয়ের মৃথেও প্রতিক্রিয়ার স্ত্রপাত হইল এবং জাতীর শাস্ত্রবন্ধাশক্তি ক্রমেই মন্তকোত্তলনে উছত হইল। অবশ্র প্রথমেই উহা শ্বপ্রতিষ্টিত হইতে পারে নাই; বরং উহা পাশ্যত্য ভাবরাশির সহিত আপদ করিয়া চলার পথই বাছিয়া লইয়াছিল, এবং এই প্রকার একটা আংশিক বিক্তিত্বল মনোরুত্তি লইয়া তলানীশ্বন সভ্যসমান্তে শতি উচ্চ না হইলেও নিজের মত্তো একটু স্থানের স্থান করিয়া লইতে সচেট হইয়াছিল।

শাদ্মরক্ষার পথে বাঁহারা চলিতে চাহিয়াছিলেন, তাঁহাদের অগ্রণী ও পধিকংছিলেন রাজা রামমোহন রায় (১৭৭৪-১৮৩৩)। তিনি ১৮১৫ গুটাজে নিরাকার একেশরের উপাসনার্থ 'আত্মীয় সমাজ' প্রতিষ্ঠিত করেন। উহাই পরে ১৮২৮ গুটাজে একটি 'ইউনিটেরিয়ান্ এ্যাসোসিয়্যাসন' (একেশরবাদ-সমিতি) এবং তাহারও পরে মহর্ষি দেবেজ্রনাথ ঠাকুরের (১৮১৭-১৯০৫) 'রাজ্ম সমাজ' নামে পরিচিত হয়। অতংপর ১৮৭৫ গুটাজে স্বামী দয়ানল সরস্বতী বোলে নগরে 'আর্ষ্ সমাজ' প্রতিষ্ঠিত করেন এবং ঐ বৎসরই মাদাম ব্ল্যাভাট্স্থি থিয়োজ্ফিক্যাল সোসাইটির স্বর্গাত করেন। শেষোক্ত সোসাইটি প্রথমে নিউ ইয়র্কে স্থাপিত হইয়া ভারতীয় প্রয়োজনাম্পারে কথঞিং পরিবর্তিতাকারে ভারতে প্রসারিত হয়। এই তিনটি ধর্মান্দোলনই প্রধানতং সমাজ ও ধর্মের সংস্থারকে স্বীয় সাম্প্রদায়িক প্রচেটার অন্তম মূল উদ্দেশ্তরপে গ্রহণ করেন এবং ভগবৎ-প্রেরণার স্থলে বিচারসহ ও বৃদ্ধিপ্রস্ত সাধনাবলীকে প্রাধান্ত দেন।

বান্ধসমান্ধ ছিলেন ধর্মকেত্রে একেশরবাদী, মৃতিপুন্ধাবিরোধী, গুরুবাদে অবিশ্বাসী, ও অবভারবাদ-বিষেষী। সমান্ধকেত্রে তাঁহারা নারীশিক্ষার প্রসার, ত্রীস্বাধীনতা ও জাতিভেদপ্রথানিরোধের প্রতি ঝুঁ কিয়াছিলেন। তাঁহারা বাল্য-বিবাহপ্রথাও উচ্ছেদ করিতে চাহিয়াছিলেন; কেশবচক্র বীম ছহিতার বিবাহকালে উহা অমান্ত করায় তাহার প্রতিবাদকরে শ্রীযুক্ত শিবনাথ শাল্পী, বিজয়ক্তক্ষ গোল্বামী প্রভৃতির নেতৃত্বে ১৮৭৮ খুটান্দে 'সাধারণ ব্রাক্ষসমাজের' উত্তব হয় ও অভংপর কেশবের নেতৃত্বাধীনে 'নববিধান' সমান্ধ প্রতিষ্ঠিত হয়।

রাজা রামমোহন রায় বছবিবয়ে নবীন ভারতের পথপ্রদর্শক হইলেও
আমাদের বিখাস, তিনি ভারতের প্রাচীন সংস্কৃতিকে সামৃহিকভাবে গ্রহণ
করিতে পারেন নাই; হিন্দুধর্মকেও তিনি সামগ্রিকভাবে সম্মান প্রদান করেন
নাই। শিক্ষাক্লেজে তিনি সংস্কৃতকে প্রাধান্ত না দিয়া ইংরেজীকেই উচ্চাসন
দিয়াছিলেন। সমাজ-ব্যবস্থায় তিনি সংস্কারের পথে চলিতে চাহিয়াছিলেন,
যদিও ঐ জাতীয় চিস্কাপ্রণালী তাঁহায় সময়ে তেমন প্রাধান্ত লাভ না করিয়া
তাঁহায় ব্যক্তিগত জীবনধারায় মধ্যেই সীমাবদ্ধ ছিল বলিলে অভ্যুক্তি হয় না।

To it 'I have already pointed out that in Debendranath's case, and still more that of his successors, reason had a tendency to be confused will religious inspiration'—Romain Rolland's Life of Ramakrishna, Page—112.

অবশ্য সভীদাহপ্রথা নিবারণে ও সমুদ্রবাজা প্রবর্তনে তাঁহার যথেষ্ট অবদান ছিল। গোড়া হিন্দুসমাজ্বের দৃষ্টিতে রামমোহনের এই জাতীয় চেষ্টা ধর্মবিরোধী মনে হইলেও রাজা তদানীস্থন ভারতে একটা উদারতাপূর্ণ গতিশীল মনোভাব অমুসংক্রামিত করিতে চাহিয়াছিলেন এবং কথঞ্চিৎ কুতকার্যও হইয়াছিলেন। কিন্তু পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত মৃষ্টিমেয় ব্যক্তি এই নবীন নেতৃত্ব মানিয়া লইলেও. বিরাট হিন্দসমাজ ইহাতে সাডা দেয় নাই। রাজার চিন্তারাজ্যে কেমন যেন একটা বিদেশীয়স্থলভ মনোভাব আত্মপ্রকাশ করিয়া জাতির আত্মশ্রময় আঘাত করিল এবং জাতি তাঁহাকে সাদরে গ্রহণ করিতে পারিল না। রামমোহন মুসলমান ও খুষ্টানদের মতো প্রতিমাপুজাকে পৌত্তলিকতা বলিয়া জানিয়াছিলেন এবং তাহাদেরই ভাষায় নিন্দাও করিয়াছিলেন। তাঁহার মতে পৌত্তলিক সমাজে নৈতিকতার অবনতি ঘটে, অবৈধ সম্বন্ধের পথ উন্মক্ত হয়, এবং আত্মহত্যা, নারীহত্যা, নরমেধ যজ্ঞ প্রভৃতির উদ্ভব হয়; পৌত্তলিক জাতির মধ্যে বৃদ্ধির উৎকর্ষ সাধিত হয় না, সেথানে মূর্যতাই প্রশ্রেয় পায়। ব্যক্তেই বৈদান্তিক ধর্মের পুন:প্রতিষ্ঠার প্রয়োজন বোধ করিলেও রাজা উপনিষদ অবলম্বনে শুধু সগুণ নিরাকারের উপাসনায় প্রবুত্ত হইলেন, নিগুণ নিরাকারের কিংবা দণ্ডণ সাকারের উপাসনা তাঁহার স্থমাজিত ধর্মতে স্থান পাইল না। ইংরেজদেরই স্থায় রামমোহন স্বীকার করিলেন, জাগতিক অভাদয় লাভের জন্ম হিন্দদিগকে স্বীয় ধর্ম সংশোধিত করিতে হইবে। ফলতঃ রাজনৈতিক জীবনে স্থযোগ-স্থবিধা नाड এবং मामास्त्रिक स्रीवत्न स्थ-चाक्रमाविधात्मत्र हेक्का तामरमाहत्मत्र धर्म-

^{*! &}quot;Idol-worship, the source of prejudice and superstition and of the total destruction of moral principles as countenancing criminal intercourse, suicide, female murder and human sacrifice"

[—]মুওকোপনিবদের ভূমিকা।

[&]quot;Idolatrous nations have checked or rather destroyed every mark of reason and darkened any beam of understanding."

[—]কেনোপনিবদের ভূমিকা।

Vedanta and the Encyclopsedic thought of the eighteenth century—on the formless God and Reason. It was not easy to define and it was still less easy, to realise after he had gone".

⁻Rolland's Life of Ramakrishna, p. 105.

সংস্থারের অনেকটা প্রেরণা জাগাইয়াছিল বলিয়া অন্থমান করিলে বােধ হয় ভূল হইবে না। তিনি চাহিয়াছিলেন একটা বৃদ্ধিপরিপুট সার্বভৌম ধর্মাবলম্বনে ভারভীয় সমাজকে স্থসংবদ্ধ ও সভেজ করিয়া তুলিতে। গোটার নিস্পেবণ হইতে মৃক্ত করিয়া তিনি ভারতবাসীকে ব্যক্তিস্বাভন্ত্য প্রদানেরও স্বপ্ন দেখিয়াছিলেন বলিয়া মনে হয়; অন্ততঃ ব্যক্তিগত জীবনে তাহার স্ক্রুট পরিচয় পাওয়া বায়। রামমোহন ভারতে পাশ্চাত্য শিক্ষার বিস্তার করিয়া স্থদেশকে পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানে স্থসমুদ্ধ ও এশিয়াখণ্ডের নেতৃপদে অধিষ্ঠিত দেখিতেও চাহিয়াছিলেন। ব

রাজ্ঞা রামমোহনের মধ্যে যে সকল ভাবরাশি কথনও ক্ষীণধারায় এবং কথনও প্রবলাকারে প্রবাহিত ছিল, উহাই ক্রমে ব্রাদ্ধ সমাজকে অবলম্বন করিয়া প্রকটভন্ম মৃতি ধারণ করিল। রাজ্ঞা আপনাকে অহিন্দু বলেন নাই; আদি ব্রাদ্ধ সমাজও সনাতন ভাবধারার সহিত সম্পূর্ণ বিচ্ছিন্ন হইতে চাহেন নাই—দেবেক্রনাথ মৃলতঃ ভারতীয় ছিলেন। কিন্তু সাধারণ ব্রাহ্মসমাজ ও নববিধান ক্রমে উত্তা পদ্ম অবলঘন-পূর্বক হিন্দুসমাজ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িল। সাধারণ ব্রাহ্মসমাজ বিবাহ ও আহার-বিহারে জাতিভেদ অস্বীকার করিল। নববিধান বিভিন্ন ধর্মের সারাংশ গ্রহণ করিয়া, বিশেষতঃ যীশুপুইকে প্রাধান্ত দিয়া এক নব ধর্মতের রচনায় প্রস্তুত্ত হইল। থ যৌবনে কেশবচন্দ্র সেন (১৮৩৮-৮৪) দেবেক্সনাধেরই শিল্পস্থানীয় ও সহকারী ছিলেন। পরস্ক শিব্যের মনে এইসব নবীন ভাবের আলোড়ন দেবেক্সনাধ

s। "It is, I think, necessary that some change should take place in their religion at least for the sake of their political advantage and social comfort".
— মি: ডিগ্ বীকে লিখিড রামমেইনের প্রাণ্ট।

e I "He went so far as to wish his people to adopt English as their universal language, to make India Western socially and then to achieve independence and enlighten the rest of Asia...Far from desiring the expulsion of England from India, he wished her to be established there in such a way that her blood, her gold, and her thought would inter-mingle with the Indian, and not as a blood-sucking ghoul leaving her exhausted".—Life of Ramakrishna, p. 107.

^{• 1} Christ had touched him (Keshav) and it was to be his mission in life to introduce him into the Brahmo Samaj, and into the heart of a group of the best minds in India. When he died, the Indian Christian Herald said of him, "The Christians looked upon him as God's messenger, sent to awake India to the spirit of Christ. Thanks to him, hatred of Christ died out"—— Ibid—p. 115.

লক্ষ্য করিয়া থাকিবেন। পরিশেষে ১৮৬৬ খৃষ্টাব্দে উভরের মধ্যে বিচ্ছেদ উপস্থিত হউল। তথন কেশব প্রকাশভাবে যীশুখৃষ্টের প্রচার আরম্ভ করিলেন। ইহাতে ব্রাহ্মসম্প্রদায়ে তুম্ল আন্দোলন উপস্থিত হওয়ায় কেশব অস্থান্ত সম্প্রদায়ের মহাপুরুষের প্রতিও প্রদান নিবেদন করিতে লাগিলেন, এমনকি বিভিন্ন ধর্মনতের বিশিষ্ট বাণী উদ্ধৃত করিয়া সমাজের উপাসনাকালে ব্যবহার করিতে থাকিলেন। ক্রমে বৈষ্ণবোচিত ভক্তিসাধনার কীর্তনাদি অক্ষবিশেষও স্বীকার করিলেন। ও তারতীত বিভিন্ন সম্প্রদায়ের ব্যক্তিগণ ব্রাহ্মসমাজে প্রবেশাধিকার পাইলেন। এমনকি, তিনি আরও অগ্রসর হইয়া প্রচার করিলেন যে, হিন্দুদের দেবদেবীর রূপ অস্বীকার্য হইলেও প্রত্যেক দেবদেবী এক একটি ভাবের প্রতীক – ইহা অস্বীকার্য করা চলে না। এইরূপে সকল ধর্মের সহিত একটা বৌদ্ধিক, বাচনিক ও আয়ন্তানিক সামঞ্জ্য অবলম্বনে তিনি এক সার্বভৌম ধর্মের প্রবর্তনে প্রমাসী হইলেও সর্বভোভাবে কোন ধর্মকেই গ্রহণ করিলেন না। বেদান্তের অবৈত্বাদ সে সার্বভৌম ধর্মেও স্থান পাইল না, দেবদেবী সে নবধর্মমন্দিরের বহির্ভাগেই পড়িয়া রহিলেন, সাকারের পুজা এবং যাগ্যজ্ঞাদিও স্বীক্ষতি লাভ করিল না।

৭। বেলঘ্রিয়ার ১৮৭০ খুষ্টাব্দে কেশবচক্রের সহিত শ্রীরামকুষ্ণের প্রথম মিলন হয়—ইহাই লোকপ্রসিদ্ধ। কিন্তু 'জীরামকুক্তকথায়তে'র কোন কোন ত্বল দর্শনে এই বিষয়ে সন্দেহ জাগে— মনে হর জীরামকুক কেশবচন্দ্রকে অন্ততঃ ১৮৬৬ খুষ্টাব্দে দেখিয়া থাকিবেন। দেবেশুনাথের সহিত বিচ্ছেদের পর ১৮৬৬ খুষ্টান্দের ১১ই নভেম্বর কেশবচন্দ্র ভারতীয় ব্রাহ্ম সমাজ স্থাপন করেন এবং ১০ই নভেম্বর 'আদি ব্রাহ্মসমাজ'-এর নামকরণ হর। ইহার পরে কেশবচন্দ্র আদি ব্রাক্ষদঘাজের বেলিতে বদেন নাই। অপচ 'কথামূতে' আছে, 'কেশব দেনকে প্রথম দেখি আদি ব্রাক্ষসমাজে (২।১৯।২), "জোড়াসাঁকোর দেবেশ্রের সমাজে গিরে দেখলাম কেশব সেন বেদিতে বলে ধ্যান করছে" (৩:১৪।৩)। প্রতাপচন্দ্র মজুমদারের মতে ১৮৬৭ পুষ্টাব্দের প্রারম্ভে কেশবচন্দ্র বৈক্ষবদের মতো কীর্তনাদি আরম্ভ করেন (কেশবের জীবনী ১৮৭-৮৮ পুঃ)। 'কথাসতে' আছে, "কেশবকে বললাম, 'ডোমরা হরিনাম করো'---তথন ওরা খোলকরতাল নিরে হরিনাম করলে।" (eibele)। শীরামকৃষ্ণ মধুরের সহিত দেবেক্রভবনে বান (মধুরের দেহতাাগের ভাষ্টিৰ ১৯।৭।৭১)। 'ক্ৰায়ত'-কান্নের মতে কেশব পূর্ব হইতেই খোল লইরা কীর্তন আরম্ভ করিরা বাকিলেও হরিনাম-কাঠন আরম্ভ করেন জ্বীরামকুকের সহিত সাক্ষাতের পর। আদি সমাজে বিরাষ্ট্রক কেশক্ত বেধের, এই কথা কেশবজননীর আত্মকথার ও বিবৃক্ত কারাখ্যানাথ . कोक्सनाथातिकः क्षत्रिक्यात कोङ्क स्टेनाट--"गमगामतिक नृष्टिरः वितासकुक शहरहरा" ১२० छ 342 % 33U (

সমাজ-সংশ্বারের ক্ষেত্রেও অপর ব্রাহ্মদের দৃষ্টিতে তিনি সামন্ত্রস্থা করিতে পারিলেন না—বাল্যবিবাহের বিরোধী হইয়াও তিনি অপ্রাপ্তবয়্বয়া কল্যাকে কোচবিহারের রাজপুত্রের হত্তে অর্পণ করিলেন। ইহার প্রতিক্রিয়া হিসাবে তাঁহার বহু প্রধান অমুগামীও তাঁহাকে ত্যাগ করিলেন। অতঃপর ১৮৭৫ খৃষ্টাক্ষে নিববিধান সমাজ' রূপ-পরিগ্রহ করিল।

বলা বাছল্য এই সকল পরিবর্তন, পরিবর্জনাদি বিষয়ে হিন্দুসমাঞ্চও সচেতন ছিল এবং তথনকার সাময়িক সাহিত্য সংস্কারপদ্বী ও সংস্কার-বিরোধীদের বাদবিবাদে পরিপূর্ণ হইয়া উঠিয়ছিল। এবং যুক্তি যাহারই প্রবলতর হউক নাকেন, হিন্দুসমাজের জনসাধারণ এই নবীন বার্তায় সায় দেয় নাই, য়িদও রাধাকাশ্ব দেব প্রভৃতি অনেকে প্রগতির প্রয়োজন স্বীকার করিয়া লইয়াছিলেন। ফলতঃ প্রটান মিশনারীদের ধর্মান্তরিতকরণ-প্রচেষ্টা ব্রাহ্মপ্রভাবে কিঞ্চিৎ প্রতিহত হইলেও ব্রাহ্মসমাজের অভিপ্রায়্ম আশাহ্রপ ফলপ্রদ হয় নাই; স্থবিশাল হিন্দুসমাজ এই নবীন কার্যধারায় পরিচালিত হয় নাই। ব্রাহ্মপ্রভাব উচ্চশিক্ষিতদের স্তরবিশেষেই সীমাবদ্ধ রহিয়া গেল। ১৮৮৪ পৃষ্টাব্দে কেশবের দেহত্যাগকালে তিনটি ব্রাহ্মন্যাক্তর সভ্যসংখ্যা ছিল মাত্র ৬,৪০০।

কেশবচন্দ্রেরই সমকালে ব্রাহ্মসমাভের পাশ্চাত্যাম্বরণের প্রতিপক্ষণে হিন্দুসমাজেরই এক ব্যক্তি মাথা তুলিয়া দাঁড়াইলেন; তিনি স্বামী দয়ানন্দ সরস্বতী (১৮২৪-৮০)। ১৮৭৫ খুটান্বের ১০ই এপ্রিল তারিথে তিনি বে 'আর্যসমাজ' প্রবর্তিত করেন, তাহার সহিত ব্রাহ্মসমাজের কোন কোন বিষয়ে কিঞ্চিৎ সাদৃশু পরিলক্ষিত হয়, এবং উহা সেই যুগের মনোভাবেরই প্রতিক্লন বলিয়া অভ্যমিত হয়। দয়ানন্দ ছিলেন গোঁড়ামি ও কুসংস্কারের বিরোধী, লাভিভেদের উচ্ছেদে দৃচপ্রতিজ্ঞ, মৃতিপূলাবিষেবী ও একেশরবাদী। ব্রাহ্মসমাজ প্রথম দিকে উপনিবদের ব্রহ্মতন্তের আপ্রয় লইমাছিল, দয়ানন্দ উপনিবদের প্রামাণ্য অস্থীকার করিয়া বেদের সংহিতা অবলম্বনে প্রাচীন মজাদির অক্লক্ষনরচনায় আম্বনিয়োগ করিলেন। ব্রাহ্মদেরই লায় এই সমাজও অনেকাংশে সনাতনধর্ম-বিরোধী হইলেও দয়ানন্দের সংস্কৃত লাহিত্যে বৃংপতি, বিরোধ্যমন্দের প্রবল শৃহা, নিজন্মতে প্রকাতিক সরল বিশ্বাস, আত্মিভাবেধ ও বিয়াজ্যণে প্রচার্মাতিবনের ফলে উত্তর-পশ্চিম ভারতের অংশবিশেষে এই সমাজের প্রতিশ্ব কর্মত বিত্তারিত হিন্দ এবং ক্লান বিশ্বাসী করিলার করিলা বিশ্বাস বিশ্

হিন্দুসমান্ত এই চিন্তাধারায়ও সম্পূর্ণ উবুদ্ধ হইল না। অধিকন্ত নৃতন নাম ও কার্যপ্রণালী অবলম্বন করিতে গিয়া ব্রাহ্মসমান্ত যেমন এক সমীর্ণ নবীন সম্প্রদায়ে পরিণত হইয়াছিল, আর্থসমান্তের ভাগ্যেও তাহাই ঘটল। উভয় সমান্তের সভাদের মনে এবং ভটয় দ্রষ্টাদের অম্বরে সন্দেহথাকিয়াই গেল—এই সম্প্রদায়বয় হিন্দুনামধেয় কি না। ব্রাহ্মদিগের অমবর্ণ বিবাহ ও সিভিল ম্যারেজ স্বীকৃতির ফলে ও আর্থদের জ্ঞাতিভেদ উচ্ছেদের ফলে এই বিচ্ছেদ আরও সম্প্রই হইয়াদেখা দিল। অতএব পাশ্চাত্যের আগমনসম্ভূত তদানীন্তন পরিস্থিতির সহিত হিন্দুহিসাবে সামৃহিকভাবে বুঝাপডার সমস্রা ও তাহার সমাধান পুর্বেরই ক্রায় অমীমাংসিত এবং অনারক্ব বা অসম্পূর্ণ থাকিয়া গেল।

ইশরচন্দ্র বিভাগাগর মহাশয়ও ধর্মের সাহাযা না লইয়া আইন অবলম্বনে সমাজসংস্কারের পথে চলিয়াছিলেন। অবশু তিনি এই উদ্দেশ্যে স্বতিশান্ত্রের সাহাযা লইয়াছিলেন; কিন্তু তাঁহার এই প্রচেষ্টার সহিত প্রত্যক্ষতঃ ইশরবিশাস, আত্মার স্বরূপ, প্রতিমাপুদ্ধা ইত্যাদি বিষয়ক প্রশ্নের সম্বন্ধ ছিল না। আবার হৃদয়বত্তার জন্ম বিভাগাগর মহাশয় সকলের শ্রদ্ধা আকর্ষণ করিলেও তাঁহার বিধবাবিবাহাদি সমাজসংস্কারম্কক আন্দোলন হিন্দুসমাজের অতি কৃত্যক্ষংশকেই আলোড়িত বা পরিবর্তিত করিয়াছিল। স্বাম উদ্দেশ্যে পরিক্রিত এই সকল ক্রিয়াকলাপের প্রভাব ও প্রতিক্রিয়া অল্পসময় মধ্যেই নিন্তর্ক হইয়া যায়। এই ক্লেক্রেও তাহাই ঘটিল। আইন কি বলে, তাহার প্রতি বিশেষ ভ্রক্রেপ না করিয়া ছিন্দু-সমাজ আপন চিরাভান্ত পথেই চলিতে থাকিল।

এইকালে কোন কোন হিন্দু প্রচারকও হিন্দুধর্মের সংরক্ষণে ষত্রবান হইয়াছিলেন। তাঁহারা হিন্দুধর্মের যুক্তিযুক্ত ব্যাখ্যা আবিদ্ধার করিয়া হিন্দুগণের মনে
অধর্মে আত্মার উদ্রেকে ক্তপ্রয়ত হইয়াছিলেন। পরস্ক এই সর্বপ্রকার উদ্পমই
বৃদ্ধি ও প্রচারের তারে সীমিত ছিল—অপরের হৃদয়ে অধর্মাবলম্বনে অধ্যাত্মপথে
বাজার উদ্দীপনা আগাইবার উপযুক্ত অফুভৃতি উহাতে ছিল না। আবার এই
সকল চিম্বার মধ্যে ভারতেতর দেশ স্থান পায় নাই বলিলেই চলে। এই সকল
দৃষ্টিভিদির কোনটিই বিশের সকল ধর্মকে কেন, শুধু ভারতীয় ধর্মগুলিকেও উদার
সাম্ছিক দৃষ্টিতে দেখিয়া কর কয়টিকে সমভাবে পূর্ণ স্বীকৃতি দিয়া বিশ্বময় বধার্ম্ব সোনাত্র ছাপনে য়ম্বন্ধর হয় নাই।

अभन नगरव हिन्पूत जनवान हिन्पूनशास्त्रत ७ भारत्वत मधा हहेराउँ स्वार्च

ণক্তিলাভের, অগ্রগতির এবং সামগ্রিকভাবে হিন্দুর নবজাগরণের পদা নির্ধারণের ত্ত্র আবিষার করিলেন। ১৮৩৬ খুটান্দে ভারতে অবতীর্ণ হইয়া শ্রীরামক্লক অল বয়সেই দক্ষিণেশরের ৺কালী-মন্দিরে সাধনায় রত হইলেন এবং সিদ্ধিপ্রাপ্ত হইয়া প্রমাণ করিলেন, হিন্দুরা পৌত্তলিক নহে, তাহারা মুন্নমীতে চিন্নমীর উপাসনা **হরে** ; ধর্ম কথার কথা নহে, প্রত্যুত অনুভৃতির সামগ্রী এবং সে অনুভৃতি দামাজিক, আর্থিক, রাজনীতিক, সাংস্কৃতিক প্রভৃতি সর্বপ্রকার মানবীয় ব্যবস্থা-নিরপেক: ভগবান-লাভই মানবজীবনের একমাত্র উদ্দেশ্য, এবং সকল ধর্মমন্তই তল্লাভের বিবিধ পথমাত্র: সংসারে থাকিয়াও ধর্মলাভ সম্ভবপর, তথাপি ব্যক্তি-বিশেষের পক্ষে সন্ন্যাস-গ্রহণেরও প্রয়োজন আছে; সকল ধর্মেই ধার্মিক ব্যক্তি পাওয়া বায়, এবং তাঁহাদের মধ্যে সম্ভাবস্থাপন বাঞ্চনীয়: মামুষকে পাপী বলা অসায়, কারণ আত্মা নিষ্পাপ ও এক, অতএব কাহাকেও ভংসমা বা নিরুৎসাহ না করিয়া সকলকে ধর্মপথে উৎসাহিত করাই উচিত; সরলতা ও বৃদ্ধিবিবেচনা দহকারে ভক্তিমার্গের অনুসরণ করা এবং নির্লিপ্তভাবে সংসারের কর্তব্য পালন করাই এই যুগোপযোগী সহজ ধর্মমার্গ, এ যুগের মাত্রুষ অন্নগত-প্রাণ, অতএব তাহাদের পক্ষে প্রাচীন যুগের কঠিন তপশ্চর্যা বা ষঞ্জাদি বিধির অমুদরণ করা অসম্ভব ; অধৈতজ্ঞান ধর্মসাধনের শেষ কথা এবং এক ব্রন্ধই জীব জগৎ ও অপর ণাহা কিছু সব হইয়াছেন—বিভিন্ন দৃষ্টি অনুযায়ী তিনি মানবীয় ভাষায় বিভিন্ন নাম ধারণ করেন মাত্র। দক্ষিণেশ্বরের প্রমপুরুষ উনবিংশ শতাব্দীর শেষ চতর্থাংশে এই সকল বাণীই প্রচার করিতেছিলেন এবং স্বীয় জীবনে ত্যাগ. देवबागा, नावना, ज्ञेनबाक्रवाभ, नमनमवित्वक हेजामित भवाकां । तमाहेबा मानव-মনকে ঈশবের পাদপদাভিম্থে আকর্ষণ করিতেছিলেন। হিন্দুসমাজের সে এক অতি গৌরবময় সৌভাগ্যের দিন। হিন্দু আবার প্রকৃতিত্ব হইয়া বাঁচিবার আশা ও অভ্যানয়লাভের আকাক্ষা পোষণ করিতে শিথিতে লাগিল। এমন সময়ে সেই মহাপুরুষের আকর্ষণে তাঁহারই ভাবী বার্তাবহরূপে বাঙ্গনার যুবক্সমার দক্ষিণেশরে উপনীত হইল।

ভক্তের সহিত ভগবদালাপনের অস্ত উৎকটিত শ্রীরামকৃষ্ণ হর্মাশীর্থ হইডে আহ্বান আনাইতেন ভাবী ভক্তদের প্রতি—বাহাতে তাঁহারা অচিরেদক্ষিণেশরে সমবেত হন। সে আহ্বানে নবযুগের প্রতিনিধিশরণ ব্রাদ্ধ ভক্তগণ প্রথমে দলবছভাবে দক্ষিণেশরে উপস্থিত হন; কিছু তাঁহারা দক্ষিণেশরের পরমপুরুষের

পূর্ব পরিচয় লইতে পারেন নাই; তাঁহাদের শিক্ষা-দীক্ষা, সাম্প্রদায়িক বিধি-নিষেধ
ও প্রয়োজনাদি ইহার পরিপন্থী ছিল। তাঁহারা শ্রীরামক্ষণকে চিনিয়াছিলেন
একজন ভগবদেত্রা সাধ্রপে—জগতের অপরাপর ভগবদ্তকদেরই অক্ততম বলিয়া।
তথাপি একথা অবশ্রমানার্য যে, শ্রীরামক্ষের প্রভাবে অনেক ব্রাহ্মভক্তর জীবনে
বিশেষ পরিবর্তন সাধিত হইয়াছিল। সমাজের অন্তর্ম ক্রেই হউক আর ধে
কোন কারণে হউক, নেতৃষানীয় অনেক ব্রাহ্মভক্ত সমাজ-সংস্কার ও প্রচার মাত্র
অবলম্বনে সন্থই হইতে পারেন নাই; তাঁহাদের অনেকেরই, বিশেষতঃ কেশবচন্দ্র,
বিজয়ক্ষ গোলামী প্রভৃতির মন অন্তৃতিমূলক ধর্মের প্রতি আক্রই হইয়াছিল
এবং এই কারণেই তাঁহারা শ্রীরামক্ষণ-চরিতে মৃশ্ব হইয়া দক্ষিণেশ্বরে যাতায়াত
আরম্ভ করেন। এইরূপে শ্রীরামক্ষণকে কেন্দ্র করিয়া নবজাগ্রত সনাতন ধর্ম
নবীনপন্ধী ব্রাহ্মসমাজের উপর এক প্রগাঢ় প্রভাববিস্তারে সক্ষম হইয়াছিল।

ইংগই কিন্তু নবযুগের পক্ষে যথেষ্ট ছিল না। তাই অতঃপর আসিলেন শ্রীয়ক রামচন্দ্র দত্ত প্রভৃতি শ্রীরামক্ষফের গৃহী ভক্তবৃন্দ। ইহারা শ্রীরামক্ষফকে অবতার বলিয়া চিনিলেও তাঁহার জীবন ও বাণীর নবযুগোপষোগী কোন নৃতন সার্থকতা খুঁজিয়া পাইলেন না। প্রাচীন ধারা, ভাষা ও প্রতীকাদি অবলম্বনে তাঁহাকে বুরিতে যাইয়া তাঁহারা অনেক ক্ষেত্রে বিল্লান্ত হইলেন। অতএব প্রয়োজন হইল ইয়ং বেন্ধলের—বিশ্ববিভালয়ের যুবকর্দের, যাহাদের দেহে ছিল বল, মনে ছিল অদম্য উৎসাহ, আর যাহাদের দৃষ্টিভিন্দি গতানুগতিক পথ ভিন্ন অন্ত পথে না চলিতে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া যায় নাই, সভ্যের জন্ত যাহারা উন্মৃক্ত রাখিয়াছিলেন তাঁহাদের হৃদয়ের সমন্ত দ্বার। এই শেষোক্ত শ্রেণীর মধ্যে স্বাগ্রণী ছিলেন আচার্য স্থামী বিবেকানন্দ (তৎকালে শ্রীনরেন্দ্রনাথ দত্ত)। ইহাদের উদ্দেশ্ত ছিল শুধু আত্মরক্ষা করা নহে, প্রত্যুত আত্মজ্ঞান, আব্মশ্রদ্ধা ও আত্মসমাধি লাভ করা এবং অপরক্ষেও ঐ কার্যে সাহায়্য করা।

ì

প্রবাদ আছে যে, নরেক্সনাথ যে দত্তবংশে জন্মগ্রহণ করেন, দেই বংশের আদি বাসস্থান ছিল বর্ধমান জেলার অন্তর্ভুক্ত কাল্না সাবডিভিসনের 'দত্ত ডেরিয়াটোনা' না 'ডেরেটোনা' নামক গ্রামে। মোগল সম্রাটদের সময় হইতে দীর্ঘকাল ধরিয়াইহারা ঐ গ্রামে স্থানে ক্ষিলেক বাস করিতেন। সম্ভবতঃ ইহারাই গ্রামের জমিদার ছিলেন। অতঃপর ইংরেজ আমলের প্রথম ভাগে রামনিধি দক্ত মহাশয় তাঁহার পুত্র রামজীবন এবং পৌত্র রামস্থলর দত্তের সহিত কলিকাভায় আসিয়া গভ-গোবিন্দপুরে বসতি স্থাপন করেন। পরে যখন কেলা প্রস্তুত হয়, তখন দত্তপরিবার গোবিন্দপুর ছাড়িয়া এখনকার উত্তর কলিকাভার শিমূলিয়া বা শিমলা অঞ্চলে চলিয়া আদেন এবং বর্তমান মধুরায়ের গলিতে নৃতন বাটী নির্মাণ করেন। রামনিধি ও রামজীবন উচ্চপদে অধিষ্ঠিত ছিলেন। রামস্থলর জনৈক জমিদারের দেওয়ান ছিলেন।

রামহৃদ্দরের পাঁচজন পুত্র ছিলেন। জোর্চপুত্র রামমোহন দত্ত হুপ্রীম কোর্টের জনৈক ইংরেজ এটনির আফিদে ম্যানেজিং ক্লার্কের কাজ করিতেন এবং ঐ ব্যপদেশে প্রচুর অর্থ সঞ্চয় করিয়া তনং গৌরমোহন মুগার্জী ব্রীটে নৃতন বাড়ী প্রস্তুত করেন। বাড়ীখানি প্রাচীন রীতিতে অনেক জ্পমি জুড়িয়া বেশ বড়-লোকের উপযুক্ত রূপেই নির্মিত হইয়াছিল। বাড়ীর ভিতরে দেড় বিঘা জ্বমিছিল এবং আশে-পাশে অনেক জ্বমিতে রেওয়ত ছিল। দক্ষিণমুখে নেপাল-শালের প্রস্তুত হুবৃহৎ প্রবেশদ্বার দিয়া ভিতরে চুকিলে দেখা যাইত এক প্রশন্ত প্রাকণ। প্রাঙ্গণের পূর্বে পশ্চিমমুখী পাঁচফুকুরী—অর্থাং ঘসা গোল ইটের থামের উপর পাঁচটি খিলানযুক্ত, ঠাকুর-দালান। ঠাকুর-দালানের দোতলায় দক্ষিণ দিকে বড় বড় হল ঘর। উহাদের উত্তর দিকের ঘরটিকে 'বড় বৈঠকখানা ঘর' জ্বার দক্ষিণ দিকের ঘরটিকে 'ঠাকুর ঘর' বলা হইত। নীচের দক্ষিণ দিকের ঘরের নাম ছিল 'বোধন ঘর'। তাহার পর বাহিরের উঠানের পশ্চিমে চকমিলানো দালান ও গোয়াল-ঘর। অন্দরমহলের ছই দিকে ছইটি প্রাঙ্গণ এবং পশ্চান্তালে কানাচ বা অন্দরমহলের মহিলাদের ব্যবহারের জ্ঞা পুকুর ছিল। এই বাড়ীর বাহিরে ২নং গৌরমোহন মুধার্জী ক্লীটে চারি কাঠা ক্ষমির উপর রামমোহন দক্ষেত্র হনং গৌরমোহন মুধার্জী ক্লীটে চারি কাঠা ক্ষমির উপর রামমোহন দক্ষেত্র

ষশ্বশালা অবস্থিত ছিল। বৈঠকথানা ঘরে তৎকালীন প্রথামুসারে দেওয়াল-গিরি, বেল-লঠন ও হাঁড়ির-লঠন সাজানো ছিল। তাছাড়া নানা প্রকারের চিত্র । দেওয়ালের শোভা বৃদ্ধি করিত।

রামমোহন প্রভৃত সম্পত্তির অধিকারী হইয়া অংথ-স্বচ্ছন্দে এই নৃতন ভবনে বাস করিতেন। হাওড়ায় শালিকয়া অঞ্চলে তাঁহার ছইটি উত্থানবাট়ী ছিল, ধিদিরপুরেও কিছু ভূ-সম্পত্তি ছিল। নৃতন বাটী নিমিত হইলে রামম্যেহনের আহ্বানে তাঁহার তিন ভ্রাতা সেথানে চলিয়া আসিলেন; কিন্তু দ্বিতীয় ভ্রাতা পৃথক বাস করাই শ্রেয়: মনে করিলেন। অবশেষে বিশ্বনাথ দত্তের বিবাহের পর পুরাতন বাটীটি সকলের সম্মতিক্রমে বিক্রয় করা হয়। রামমোহনের ছই পুত্র ও সাত কল্তা ছিল। পুত্রম্বয়ের নাম ছিল ছর্গাপ্রসাদ ও কালীপ্রসাদ। ছর্গাপ্রসাদের পারশ্র ও সংস্কৃত ভাষায় বৃহৎপত্তি ছিল। তিনি উত্তর কলিকাতা নিবাসী দেওয়ান রাজীবলোচন ঘোষের কনিষ্ঠা কল্তা শ্রামাস্থলরীর পাণিগ্রহণ করেন। শ্রামাস্থলরী একাধারে ক্র্লরী ও বিছ্মী ছিলেন। তিনি 'গঙ্গাভক্তি তর্কিনী' নামক একথানি কাব্যগ্রম্থ রচনা করেন; কিন্তু ছাপাইবার পুর্বেই উহা হারাইয়া যায়। তাঁহার ছুইটি সন্তান ছিল। প্রথম কল্তা-সন্তানটি সাত বৎসর বয়্বসে দেহত্যাগ করে; দ্বিতীয় সন্তানের নাম বিশ্বনাথ দত্ত। বিশ্বনাথ সন্তবতঃ ১৮৩৫ খুটাকে জন্মগ্রহণ করেন।

বিশ্বনাথের ছয়-সাত মাস বয়সে অন্ধপ্রাশনের সময় তুর্গাপ্রসাদ বিশ-বাইশ বংসর বয়সে প্রজ্ঞা অবলম্বনপূর্বক চিরকালের জন্ম গৃহত্যাগ করেন। অতএব বিশ্বনাথের লালন-পালনের ভার তাঁহার থ্লতাত কালীপ্রসাদকে স্বহস্তে গ্রহণ করিতে হয়। তুর্গাপ্রসাদ সম্বজ্জ কয়েকটি ঘটনা দন্ত পরিবারে মুধে মুধে প্রচলিত ছিল। গৃহত্যাগের পর সম্ভবতঃ গঙ্গাসাগের দর্শনের পথে তিনি একবার কলিকাতায় আসিয়া এক পরিচিত ব্যক্তির বাটীতে উঠেন। এই সংবাদ পাইয়া তাঁহার ভ্রাতা কালীপ্রসাদ তাঁহাকে পালকিতে বনাইয়া ঘারবানে পরিবেষ্টিত অবস্থায় স্বগৃহে লইয়া আসিয়া ঠাকুরদালানের দক্ষিণ দিকের বোধনঘরে আবজ্জ করিয়া রাথেন। কিন্তু তুর্গাপ্রসাদ শ্রম্ম জ্যু-জ্বল ত্যাগ করিয়া ভিন

১। জীবুক ভূপেক্রনাথ দক্তের যতে ইবার প্রকৃত নাম ছুর্গাপ্রসাদ—ছুর্গাচরণ নহে, কেননা, ১৮৮৬-৮৪ খুটান্দে সম্পত্তি বন্ধীনের মকদমার ছুর্গাপ্রসাদ নামই ব্যবহৃত হয়; গলাসাগর দর্শন

দিন সেই ঘরে থাকিয়া ভগুজপ করিতে থাকিলে দকলে ভীত হইয়া তাঁহাকে ছাডিয়া দেন।

করেক বংশর পরে বাড়ীর সকলে নৌকা করিয়া ৺কাশীধাম দর্শনে বান, কারণ তথনও রেলপথ প্রস্তুত হয় নাই। এই দলে শ্রামাহৃদ্দরী এবং অল্পবয়ন্ধ বালক বিশ্বনাথও ছিলেন। পথে অকস্মাৎ ক্রীড়ারত বালক বিশ্বনাথ নৌকা হইতে পড়িয়া গেলে শ্রামাহৃদ্দরী নিজে গাঁতার না জানিলেও সন্তানকে রক্ষা করিবার জননীহৃলত আগ্রহে মুহূর্তমাত্র চিন্তা না করিয়া জলে ঝাঁপাইয়া পড়েন এবং দৃঢ়ম্ন্তিতে বিশ্বনাথের হাত ধরিয়া সন্তানসহ স্রোতের জলে ভাগিয়া ঘাইতে থাকেন। নৌকায় কবিরাজ উমাপদ গুপ্ত মহাশয়ও ছিলেন। তিনি ঐ কালে দত্তবাড়ীতে থাকিতেন। কবিরাজ মহাশয় আশু বিপদ দেখিয়া গলায় ঝাঁপ দিলেন এবং শ্রামাহৃদ্দরীর ভাসমান কেশ দেখিয়া উহা ধারণপুর্বক উভয়কে টানিয়া নৌকায় তুলিলেন। অতঃপর সকলের বিশেষ যত্তে মাতাপুত্রের সংজ্ঞালাভ হইল। শ্রামাহৃদ্দরী পুত্রকে এরপ সবলে ধারণ করিয়াছিলেন যে, বিশ্বনাথের হত্তে দাগ পড়িয়া গিয়াছিল এবং ঐ চিহ্ন দীর্ঘকাল ছিল।

নৌকা অতঃপর ধীর গতিতে কাশী অভিমুখে অগ্রসর হইল এবং পবিশ্বনাথের স্বর্ণপুরী ক্রমেই নিকটতর হইতে লাগিল। সকলের মনই তথন বিমল আনন্দে পরিপূর্ণ। পবিত্র তীর্থক্ষেত্রে পৌছিয়া তাঁহারা যথারীতি পবিশ্বনাথের মন্দিরে পশিব দর্শন ও পূজাদি করিলেন এবং পঅয়পূর্ণার মন্দিরাদি অফ্রাক্ত প্রষ্টব্য স্থানে গিয়া দেবদেবীর দর্শনলাভে ধক্ত হইলেন। একদিন তুর্গাপ্রসাদের এক জারবয়য়া বিধবা আত্মীয়া পদত্রক্ষে পবিশ্বনাথ দর্শনে যাইতেছিলেন; তথন একে সামাক্ত বৃষ্টিপাতের ফলে রাস্তা পিছিল হইয়াছে,

ষানসে পুর্গাপ্রসাদ প্রায়ই কলিকাতার আসিরা শিমলা ইটে বীর ব্রাহ্মণ-ভিক্নাপুত্রের পৃহে থাকিতেন এবং সেই সময় বিখনাথও সেধানে বাইতেন। শেববারে আত্মীয়দের পরামর্শে ভাষাফুল্রী সেধানে গিয়া বামীর পদসেবা আরম্ভ করিলে তুর্গাপ্রসাদ বলিরা উঠেন "চন্ডালী ব্লাপ করেছে"। অতঃপর আর তিনি কলিকাতার আসেন নাই (Swami Vivekananda, pp 91-92)। 'নীলাপ্রসঙ্গে'র মতে তুর্গাচরণ কলিকাতার আসেন যাত্র একবার (১৭৮)।

২। ইংরেজী জীবনীর মতে বিখনাথ পড়িরা পিয়ছিলেন (পৃ: ৫)। ছুপেল্রনাথ দত্তের মতে কে একজন চীৎকার করিয়া উঠে বে, নৌকা ডুবিয়া বাইতেছে; তগন ভাষাহক্ষরী পুত্রকে লইয়া জলে । রাঁপে দেন (পৃ: ২০)। মহেল্রনাথ দত্ত রচিত 'বামী বিবেকানক্ষের বাল্যজীবন' অনুসারে নৌকা ডুবিয়া বাওয়ার ঐক্লপ অবস্থা ঘটিয়াছিল (পৃ: ৫)। ইংরেজী জীবনীর মতই স্বীচীন মনে হয়।

ভাহাতে আবার অন্ত:পুরচারিণীরা শুধু পায়ে পাথরের রাস্তায় চলিতে অনভাস্তা। অকন্সাং অল্লবয়য়া রমণীটি পা পিছলাইয়া পড়িয়া গেলেন। পিছনে জনকয়েক দল্লাসী আসিতেছিলেন। তাঁহাদের মধ্যে একজন বলিয়া উঠিলেন, "মায়ী গির গয়ী" (মা পড়ে গেছেন) এবং তাঁহাকে উঠাইয়া বসাইলেন। সয়াসী আর কেহ নহেন—হর্গাপ্রসাদ! তিনি সয়াসবেশে ভৃষিত এবং অপ্রত্যাশিত স্থানে অকন্মাৎ আবিভূতি হইলেও, তাঁহার ভগিনী তাঁহার কণ্ঠয়র শুনিয়া ও ম্থায়তি দেখিয়া বলিয়া উঠিলেন, "কে ও. হর্গাপ্রসাদ ?" সয়াসী অমনি অবাঞ্ছিত পরিছিতির উৎপত্তি হইয়াছে ব্ঝিতে পারিয়া বিরক্তিসহকারে বলিলেন, "এখানেও তোরা বিরক্ত করতে এসেছিস ?" এবং ক্তপদে অন্তদিকে চলিয়া গেলেন। ইহার পরে সয়াসী হর্গাপ্রসাদকে আর কেহ দেখেন নাই; তবে এক সময়ে দত্ত পরিবারে সংবাদ পৌছিয়াছিল যে, হর্গাপ্রসাদ কানীধামে মঠধারী (বা মঠাধীশ) হইয়াছেন। বিশ্বনাথ বয়:প্রাপ্ত ও উপার্জনক্ষম হইয়া কানীতে পিতার অয়েষণ করিয়াছিলেন: কিছ কোন সন্ধান পান নাই।

ত্র্গাপ্রদাদের সন্ধাদ গ্রহণের পর কালীপ্রদাদ দত্ত পরিবারের কর্তা হইলেন। কালীপ্রদাদের নিজস্ব আয় কিছুই ছিল না; অত্তর্ব থৌথ পরিবারের বয় নির্বাহার্থ সঞ্চিত অর্থ ই বায়িত হইতে লাগিল। আর এ পরিবারটিও নিতাস্ত ক্ত ছিল না; অনেক আত্মীয়ই সেখানে প্রতিপালিত হইতেন। য়থা, রামমোহনের এক কল্লা ও তাঁহার সন্তান-সন্ততি চারি পুরুষ পর্যন্ত ঐ পরিবারেরই অন্তর্ভুক্ত ছিলেন। এইরূপে দত্তবংশ ক্রমেই দরিদ্র হইতে লাগিল। আবার কালীপ্রসাদের স্বার্থপরতাও হয়তো বিশ্বনাথের জ্বীপুত্রাদির হুংথের কারণ হইয়াছিল। তাই স্বামীজীর কনিষ্ঠ ল্রাতা ভূপেক্রনাথ দত্ত মহাশয় সথেদে লিখিয়াছেন, "হুর্গাপ্রসাদ সংসারের হুংথ হইতে মুক্তিলাভের জন্ম এবং নিজ আত্মার বন্ধন ছেদনের জন্ম সন্ধাদ অবলম্বন করিলেন; কিন্তু নিজ জ্বী পুত্রকে বৃত্তুক্ত্ নেকড়ে বাঘদের হাতে ফেলিয়া গেলেন; আর সেই বাঘেরা এবং তাহাদের

পূর্বাক্ত গ্রন্থরের এই ঘটনাটিরও বিষরণ তিন প্রকার। ইংরেজী জীবনীর মতে তুর্গাপ্রসাদের পদ্মীই পড়িয়া গিয়াছিলেন। মহেল্রবাবৃ ও ভূপেল্রবাব্র মতে ভূপতিতা মহিলা ভাষাস্থলরী নহেন, জাতির এক বিধবা নারী। তবে ভূপেল্রবাবৃ ইংরেজী জীবনীর মতও সম্পূর্ণ অধীকার করেন নাই। মহেল্রেম্ব্র মতে বিপ্রচরের রৌল্রে প্রক্তর উত্তর ছিল: ভূপেল্রবাব্র মতে বৃষ্টি পড়িয়া পিছিল, ইইয়ছিল।

বাচ্চারা তাঁহার বংশধরদিগকে ১৯০৩ খৃষ্টান্দ পর্যন্ত শাস্ততে বাস করিতে দেয় নাই" (পৃ: ৪)। ভূপেনবাবু ত্র্যাপ্রসাদের গৃহত্তাগের পরবর্তী আয়হীন ব্যয় এবং বিশ্বনাথ দত্তের দেহত্যাগের পরকালের আর্থিক ত্রবস্থার কথা মিলাইয়া ফেলিয়া পাঠকের ভ্রমোংপাদন করিয়াছেন বলিয়া মনে হয়; কারণ ত্র্যাপ্রসাদের সন্ধ্যাদ গ্রহণে তাঁহার পত্নী ও পুত্র বিব্রত হইলেও অর্থক্রছ্কুতা ভোগ করেন নাই, ইহা তীর্থযাত্রা প্রভৃতি হইতে অফ্মিত হয়। পরেও যে আর্থিক বিপদ ঘটয়াছিল তজ্জ্ব্য পিতামহের সন্ধ্যাদকে দায়ী না করিয়া য়ৌথপরিবারপ্রথাকে দায়ী করিলে যুক্তিযুক্ত হইত। সে যাহাই হউক, ইহা সহজ্বেই বৃঝিতে পারা য়ায় য়ে, পিত্সেহে বঞ্চিত বিশ্বনাথ খুল্লতাতের নিকট সম্চিত আদরমত্ব পান নাই। আবার বিশ্বনাথের বয়দ য়থন ছাদশ বংসর তথন শ্রামাস্কর্মী দেহত্যাগ করেন। বিশ্বনাথ তথন অনাথ, এবং অনাথেরই স্থায় ব্যবহার পাইতে থাকিলেন। তথাপি বিশ্বনাথ এমনই উদারমনা ছিলেন য়ে, বয়ঃপ্রাপ্তির পরও তিনি আজীবন খুল্লতাতকে ভক্তি শ্রমা করিতেন, যদিও তিনি জানিতেন য়ে খুল্লভাত উাহাকে পদে পদে ঠকাইতেছেন।

বোল বংসর বয়সে বিশ্বনাথ শিম্লিয়ার নন্দলাল বস্থর একমাত্র কল্যা শ্রীমতী ভ্বনেশ্বরী দেবীর পাণিগ্রহণ করিলেন। ভ্বনেশ্বরীর বয়স তথন দশ বংসর। তিনি পিতার একমাত্র সন্তান ছিলেন; স্বতরাং চারিকাঠা জ্বমি সহ পৈতৃক গৃহের অধিকারিণী তিনিই হইলেন। পরবর্তী কালে তাঁহার পুত্রের। উহার স্বস্থ লাভ করিয়াছিলেন। বিশ্বনাথ গৌরমোহন আঢোর বিশ্বালয়ের (পরবর্তী কালের ওরিয়েন্ট্যাল সেমিনারীর) শেষ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া প্রথমে ব্যবসায় আরম্ভ করেন; কিন্তু উহাতে বিফলকাম হইয়া টেম্পল্ নামক জনৈক ইংরেজ এটর্নির আফিসে শিক্ষানবিশী আরম্ভ করেন এবং ১৮৬৬ খুটান্দে এটনি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া আভতোব ধরের সহিত এক্যোগে 'ধর ও দত্ত' নামে আফিস খুলিয়া এটনির কার্যে অবতীর্ণ হন। ইহার কিছু কাল পরে তিনি স্বাধীন ভাবেই কার্য চালাইতে থাকেন।

विश्वनाथ हेरदब्बी, वारमा, भावज-ভाষा, भावत-ভाষा, উছ । हिम्मीरङ

৪। বিশ্বনাথ বধন ঐ বিভালয়ে পাঠ করিতেন, তখন শীবুক রসিকচল্ল চল্ল সেবানে শিক্ষত।
 করিতেন । ইহারই দিতীর পুর বধাকালে সয়াসগ্রহণ পূর্বক বানী অভেদানক নামে পরিচিত হব।

ন্ধশিলা লাভ করিয়াছিলেন। সংস্কৃত ভাষায় তাঁহার ব্যুৎপত্তি ছিল। জ্যোতিষেও তিনি কৃতবিদ্য ছিলেন। তবে ইতিহাসে ছিল তাঁহার সমধিক আগ্রহ। তিনি 'স্লোচনা' নামে একথানি গ্রন্থ রচনা করিয়াছিলেন; উহা ১৮৮০ পৃষ্টাব্দে মৃদ্রিত হইয়া জনসমাজে প্রশংসালাভ করে। ১৮৮২ পৃষ্টাব্দে তিনি 'শিটাচার-পদ্ধতি' নামক একথানি পৃত্তক বাংলা ও হিন্দী ভাষায় লিখিয়া অপরের ঘারা ছাপাইয়াছিলেন। শেষোক্ত পৃত্তকে তিনি লিখিয়াছিলেন যে, তিনি দক্ষিণ ভারত ব্যতীত এই দেশের সর্বত্র ভ্রমণ করিয়া দেখিয়াছেন, জনসমাজে এমন সব সামাজিক কুসংস্কার আছে, যাহার ফলে সমাজ ক্ষতিগ্রন্থ ছইতেছে। তাঁহার অকাল মৃত্যুর ফলে এই গ্রন্থের দিতীয় খণ্ড মৃদ্রিত হয় নাই (ভূপেক্স দত্ত, ১৯ পৃঃ)।

তথন এক যুগদদ্ধিকণ। হিন্দু ও মুদলমান কৃষ্টির সংমিশ্রণে ভারতে যে নুতন সভাতা গড়িয়া উঠিয়াছিল, তাহা তথনও অপ্রতিহত গতিতে বিছমান। স্মাবার ইউরোপীয় সভাতার সন্মিলনও ঐ যুগেই স্মারম্ভ হইয়া গিয়াছে। শিক্ষিত मभाष ७४न এই ত্রিবিধ প্রভাবে প্রভাবান্বিত। বিশ্বনাথের জীবনেও ইহার ष्मग्रथा दम्र नारे। ফলত: হিন্দু-মৃল্লিম সংস্কৃতি ও ইউরোপীয় সংস্কৃতি এই উভয়ের প্রতিই তাঁহার আহুগত্য দেখা যাইত। অনেক ইউরোপীয়ের সহিত তাঁহার বন্ধুত ছিল। পোশাক-পরিচ্ছদ, পানাহার, আদ্ব-কায়দায় তিনি প্রাচীন ছিন্দু-মুল্লিম যৌথ পরিবারের রীতি অহুসরণ করিতেন। আবার দৈনন্দিন জীবনের কোন কোন বিষয়ে তিনি তদানীস্তন শিক্ষিত সমাজেরই অমুধায়ী ইংরেজদের অমুসরণ করিতেন। কিন্তু ধর্মাচারের ক্ষেত্রে তিনি কখনও চিরস্তন ধারার পরিবর্তন করেন নাই। ব্রাহ্মণগণ তাঁহার নিকট দক্ষিণা পাইতেন, পীররাও স্বীয় প্রাপ্যে বঞ্চিত হইতেন না। তিনি কখনও সমাজ-সংস্থারের আন্দোলনে মাতিয়াছিলেন বলিয়া প্রমাণ নাই। তবে তিনি বিভাসাগর মহাশয়ের প্রবর্তিত বালবিধবাদের পুনবিবাহবিধির সমর্থন করিতেন। দত্ত-বাড়ীর সম্লিকটেই একপ তুইটি বিবাহ লইয়া সমাজে ঘোর আন্দোলন উপস্থিত হইলে বিশ্বনাথ ও তাঁহার পত্নী পুনর্বিবাহেরই অমুমোদন করেন। ফল क्षा এই—चाठात-विठात वित्रनाथवाव चलत क्ष्मकन हिन्सू छन्जलात्कत्रहे यटा হইলেও তাঁহার উচ্চশিক্ষাসভূত উদার দৃষ্টি তাঁহাকে কুপমণ্ডুক্ত হইতে বকা করিয়াছিল। স্থতরাং তিনি সকল ধর্মেরই সার্বভৌম মর্মকথার সহিত

পরিচিত হইতে চাহিতেন। এই হিসাবেই তিনি মনোযোগ সহকারে বাইবেল ও দেওয়ান-ই-হাফিজ প্রভৃতি গ্রন্থ নিজে পাঠ করিতেন এবং একসময়ে তাঁহার পুত্র নরেক্রনাথকেও পাঠ করিতে বলিয়াছিলেন। শ্রীমন্তাগবতও তিনি পাঠ করিয়াছিলেন বলিয়া মনে হয়; কারণ তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্তকালয়ের বে সামান্ত অংশ রক্ষা পাইয়াছিল, তাহার মধ্যে 'বরাট' উপাধিধারী জ্বনৈক গ্রন্থকারের অনুদিত একখানি 'ভাগবত'ও পাওয়া গিয়াছিল।

বিশ্বনাথ উদার হইলেও নির্বিচারে কোন মতবাদের পশ্চাতে ছুটতে প্রশ্বত ছিলেন না। কথিত আছে, একসময়ে ব্রাহ্মভাবে ভাবিত নরেন্দ্রনাথ নিরামিধাহার আরম্ভ করেন। একদিন আহারের সময় তিনি কোন একটি তরকারি পাইতে এই বলিয়া আপত্তি করেন ধে, উহার সহিত মাছের স্পর্শ ঘটিয়াছে। তাঁহার ভগিনী স্বর্ণময়ী পরিবেশন করিতেছিলেন। উভয়ের মধ্যে কথা কাটাকাটি হইতেছে শুনিয়া উঠানে স্থানের জায়গা হইতে বিশ্বনাথ উচ্চৈ: মরে বলিয়া উঠিলেন, "ওর চৌদ পুরুষ গেড়িগুগ্লি পেয়ে এল, আর এপন ও সেজেছে ব্রহ্মভিত্য, মাছ থাবে না।" ইহা হইতেই তাঁহার ব্রাহ্ম ধর্মের প্রতি ধারণার কিঞ্চিং আভাস পাওয়া যায়। অবশ্ব এই সঙ্গে একথাও স্থারণ রাখিতে হইবে যে, এরূপ মন্তব্য প্রকাশ করিলেও তিনি পুত্রের ওই বিষয়ে স্থাধীনতার উপর হস্তক্ষেপ করেন নাই। এমনও উল্লেপ আছে যে, ব্রাহ্মনেতা শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী কথন কথনও দন্তবাড়ীতে আসিতেন এবং সেথানে সাদেরে গৃহীত হইতেন।

'লীলাপ্রসঙ্গ'-কারের মতে (ধম থণ্ড, ১৮৬ পৃ:) বিশ্বনাথ পাশ্চান্ত্য শিক্ষা ও স্বাধীন চিস্তার ফলে হিন্দুশান্ত্রের প্রতি আপন পিতা হুর্গাপ্রসাদের স্থায় অশেষ শ্রুদ্ধান্তর করিছার ফলে হিন্দুশান্তের প্রতি আপন করিছার করিছা এবং বাইবেল-নিবদ্ধ ঈশার বাণীসমূহ তাঁহার নিকটে আধ্যান্থিক ভাবের চূড়ান্ত বলিয়াপরিগণিত হইত। সংস্কৃত ভাষায় অঞ্জভাবশভঃ গীতাপ্রমূপ হিন্দু শাল্প সকল অধ্যয়ন করিতে না পারাভেই যে তাঁহাকে আধ্যান্থিক রুগোপভোগের জন্ম ঐ সকল

ইহা ভূপেঞাবাবুর মত। মহেঞাবাবুর মতে তিনি উপেঞাচল্ল দরের প্রকাশিত
ক্রীমভাগবতের আহক ছিলেন এবং উহা বেমন বেমন থকাং প্রকাশিত হইত, অমনি কিনিয়া
পড়িতেন।

থান্বের শরণাপর হইতে হইয়াছিল, তাহা বলিতে হইবে না। আমরা তানিয়াছি
নরেরকে ধর্মালোচনায় প্রবন্ত দেখিয়া তিনি তাহাকে একথানি বাইবেল উপহার
দিয়া একদিন বলিয়াছিলেন, 'ধর্মকর্ম যদি কিছু থাকে তাহা কেবলমাত্র ইহারই
ভিতরে আছে।' কিন্তু এইসকল ধর্মগ্রন্থ পড়িলেও 'লীলাপ্রসঙ্গের মতে বিশ্বনাথ
ঐ সকলের রসাশ্বাদ করিয়াই নিবৃত্ত হইয়াছিলেন, তাঁহার অধ্যাত্মজীবনে উহাদের
ছাপ পড়ে নাই। বস্তুতঃ তিনি তদানীস্থন পাশ্চাত্তা-শিক্ষায় ক্বতবিদ্য সমাজেরই
ফায় স্বয়ং স্থগভোগ করা এবং অপরকে স্থথে রাথার কার্যেই ব্যাপ্ত থাকিতেন।
পাশ্চাব্যের জড়বাদ ও ইহলোক-সর্বস্থতা তথন শিক্ষিতসমাজে যে ধর্মবিষয়ক
সংশয় ও অনেক ক্ষেত্রে নান্তিকতা আনয়ন করিয়াছিল, তাহা হইতে ঐ সমাজের
বিশেষ কেইই সম্পূর্ণ অব্যাহতি পান নাই।

শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ দত্ত (পৃ: ১৮-১০১) এই মত স্বীকার করেন না এবং ইহার বিরুদ্ধে কিঞ্চিথ অন্তমান প্রমাণও উপস্থিত করিয়াছেন। প্রত্যক্ষ প্রমাণ তাঁহার ছিল না, কারণ বৃদ্ধিবিকাশের পর পিতৃসালিখ্য হইতে যে চাক্ষ্য জ্ঞান জন্মে, উহা তিনি পান নাই। ভূপেন বাবুর মতে বিশ্বনাথ বেহেতু প্রাক্-বিশ্ববিন্তালয়ের পাঠ শেষ করিয়াছিলেন, অতএব সংস্কৃত অবশ্রই পড়িয়াছিলেন। অধিকম্ব তিনি পণ্ডিত কালীচরণ ভট্টাচার্যের গোয়াবাগানের টোলে সংস্কৃত পড়েন; কালীচরণ ও তাঁহার ভ্রাতা কিছুদিন দত্তগৃহে বাস করিয়াছিলেন। বিশ্বনাথ জ্যোতিষও পড়িয়াছিলেন এবং জন্মকুগুলী রচনা করিতে জানিতেন। বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার সংগৃহীত পুস্তকাবলী মধ্যে শ্রীমন্তাগবত পাওয়াও উল্লেখবোগ্য। ভূপেন্দ্র বাবুর মতাত্ম্বায়ী আরও কিছু তথা আমরা পুর্বেই , লিপিবন্ধ করিয়াছি। এই সকল যুক্তি অন্থ্যারে ভূপেন বাব্ স্বীকার করেন না যে, তাঁহার পিতা সংস্কৃত ভাষায় অজ্ঞ ছিলেন। অবশ্র হাফেজের গ্রন্থ ও বাইবেলের প্রতি পিতার অমুরাগের কথা তিনি অস্বীকার করেন না। তবে উহার তাৎপর্য তিনি অন্তভাবে ব্যাখ্যা করিয়াছেন। এদিকে ইহাও যুক্তিসহ विनिष्ठा भरन इस ना रव, भूजाभाव चायी मात्रवानन ना जानिया वा ना ভाविया ঐরপ মত প্রকাশ করিয়াছেন। তিনি স্বামীন্দ্রী ও তাঁহার পিতামাতার প্রতি অশেষ শ্রদ্ধাসম্পন্ন ছিলেন ; তাঁহাদের প্রতি বুধা আক্ষেপ করা তাঁহার পক্ষে সম্ভব নহে। ফলতঃ এই বিষয়ে কোন দিছান্ত গ্রহণের পূর্বে আরও তথ্যের 🔀 সম্ভান করা আবশ্যক।

এটর্নিরূপে বিশ্বনাথবার প্রচুর খ্যাতি অর্জন করিয়াছিলেন; স্বতরাং এই খ্যাতির দকে তাঁহার কার্যক্ষেত্রের প্রদারও উত্তর ভারতের দর্বত্র ছড়াইয়া পড़िन। कार्यवालामा काराक नात्को, नारहात, मिली, ताक्रभूकाना, विनामभूत, রায়পুর প্রভৃতি বহু অঞ্চলে ঘাইতে হইয়াছিল। তথন মোগল সরাই প্রথম ট্রেন ছিল, তারপর টাঙ্গা ও অন্তান্ত যানবাহনে দূর দূর স্থানে ঘাইতে হইত। ১৮৭৬ খুষ্টাব্দে তিনি লাহোরে ঘটে-পটে ৺তুর্গাপুজা করাইয়া বহুলোককে প্রসাদদানে স্বাপ্যায়িত করাইয়াছিলেন। এই এটনির কার্যে তিনি একদিকে ধেমন প্রচুর অর্থোপার্জন করিতেন, ব্যয়ও করিতেন তদ্রপ। তিনি অনেক দাসদাসী পরিবৃত হইয়া থাকিতেন এবং আহারাদিতে প্রচুর পারিপাট্যের পক্ষপাতী ছিলেন। তাঁহার বিখাস ছিল, ছোট ছেলেদের ভাল ধাওয়াইতে হয়, নতুবা মগজ খোলে না। আর ছেলেদের জন্ম বেশী রাখিয়া যাওয়াও অনাবশ্রক: তাহাদের লেখাপড়া শিখাইলে এবং জীবনের উচ্চ মানের সহিত পরিচয় করাইয়া मिल তाहाता यथाकाल निष्कतमत উপयुक्त वावचा कतिया नहेर वांधा हहेरा। অক্তথা অধিক টাকা রাখিয়া গেলে তাহারা মূর্থ হইয়া সব উড়াইয়া দিবে। এই জীবন-দর্শনের পশ্চাতে হয়তো দত্ত মহাশয়ের নিজ উপার্জনক্ষম জীবন ও যৌথ পরিবারের অকর্মলাদের জীবনের অভিজ্ঞতা বিল্পমান ছিল। কারণ বিজ্ঞশালী রামমোহন দত্তের পুত্র কালীপ্রসাদকে তিনি উপার্জনহীন অর্থবায়ে নিরত দেখিয়াছিলেন, আর নিজ পৌরুষবলে তিনি স্বয়ং অনাথ অবস্থা হইতে বিত্তশালী হইতে পারিয়াছিলেন।

ু বিশ্বনাথ বাবু মুক্তহন্ত দাতা ছিলেন। কাহারও কট দেখিলে তিনি ব্যথিত হইয়া অকাতরে সাহায্য করিতেন। দ্রসম্পর্কের অনেক ছাত্র তাহার বাড়ীতে থাকিয়া তাঁহারই ব্যয়ে অধ্যয়নাদি করিত। ইহারা সকলেই রুতবিদ্য ও জীবনে সাফল্যমণ্ডিত হইয়াছিল। এতঘাতীত প্রতিবেশী বে কেই আপদ্দিবদদে দন্তগৃহে আসিলে কিছু না কিছু সাহায্য পাইত। এই অস্তু পাড়ার লোক তাঁহাকে দাতা বিশ্বনাথ বলিয়া ডাকিত। শ্রীযুক্ত মহেক্সনাথ দন্ত লিখিয়াছেন, "গরীব-ছংখীকে দান করা তাঁহার যেন একটা ব্যামোর মতো ছিল।" তিনি বলিতেন, "আমার ছেলেদের জন্ম ভাবতে হবে না। তারা নিজেরা করে দেবে, কিছু এদের সেরপ শক্তি নেই, এই জন্মে এই গরীব লোকদের দেওয়া আবশ্রক।" তাঁহার নিবিচার দান ও নেশাখোর প্রভৃতির ঘারা এ দানের

অসন্থাবহার সম্বন্ধে তাঁহার জ্যেষ্টপুত্র নরেক্রনাথ একবার বিকল্ধ সমালোচনা করিলে বিশ্বনাথ বাবু বলিয়াছিলেন, "জীবনটা যে কত হংথের তা তুই এখন কি বুঝবি? যথন বুঝতে পারবি, তথন এ হংথের হাত থেকে ক্লণিক নিন্তার লাভের জন্ম যারা নেশাভাঙ্গ করে, তাদের পর্যন্ত দায়ার চক্ষে দেখবি।" আমরা দেখিব পিতার এই ভবিন্মনাণী অক্ষরে অক্ষরে সত্য হইয়াছিল। বিশ্বনাথ যে অবস্থায়ই থাকুন না কেন, কথনও হাদয়ের মহন্ত হারান নাই। তবে লোকের সহিত তাঁহার বাবহার সহলয় ও মধুর হইলেও তিনি কথনও স্থীয় গান্তীর্য হারাইতেন না। বিপরীত উক্তি শুনিয়াও যুক্তিযুক্ত উত্তরই দিতেন। পুত্রের সহিত পুর্নোক্ত বাক্যালাপই ইহার প্রমাণ; আর ঐ ঘটনা হইতে ইহাও প্রতীত হয় যে, বিশ্বনাথবারু পুত্রের স্বাধীন চিন্তা ও উক্তিতে বিরক্ত হইতেন না—তপু উপযুক্ত উত্তর দিয়াই নীরব হইতেন। আর একটি ঘটনা হইতেও ইহা প্রমাণ হয়। সন্তবতঃ পিতার অমিতবায়িতা দর্শনে নরেন্দ্রনাথ একদিন বলিয়া উঠেন, "আপনি আর আমার জন্ম কী করেছেন ?" ধীরমতি বিশ্বনাথ অমনি উত্তর দেন, "যা আরদিতে নিজের চেহারাটা একবার দেখ গে, তাহলেই বুঝবি।"

রন্ধনে বিশ্বনাথ বেশ পটু ছিলেন। নিজে নানা প্রকার জিনিস রাঁধিতেন এবং বন্ধ-বান্ধব ও আত্মীয় স্বজনকে থাওয়াইয়া আনন্দ পাইতেন। পিতার এই প্রবৃত্তিই হয়তো নরেন্দ্রনাথ উত্তরাধিকারস্থত্তে পাইয়াছিলেন।

দঙ্গীতে বিশ্বনাথের প্রচুর অন্থরাগ ছিল। এককালে ওস্তাদ রাথিয়া তিনি সঙ্গীত চর্চা করিয়াছিলেন। রায়পুরে অবস্থানকালে তিনি গুণগুণ করিয়া গান গাইতেন। হুর্গাপ্রসাদও মিষ্টকণ্ঠ ছিলেন। আবার নরেন্দ্র-জননী ভূবনেশ্বরী দেবীর কণ্ঠও স্থমধুব ছিল, রুষ্ণধাত্রার গান তিনি আপনমনে বেশ গাইতেন এবং ডিগারী গায়ক বাডীতে আদিলে তাহার নিকট শুনিয়া তাহার গানগুলি শিথিয়া লইতেন। বংশের সঙ্গীতস্পৃহাই হয়তো নরেন্দ্রকে স্থগায়কে পরিণত করিয়াছিল। ছেলেদের শাসন-সম্বন্ধে বিশ্বনাথ বাবুর একটা নিজ্ক পন্থা ছিল। মারধর

७। 'वामी वित्वकानत्मन वालाकीवन', मह्त्यनाथ मह, ८८ शृ:।

প্রতি শনি ও রবিবারে বিশ্বনাথ-গৃহে সঙ্গীতের মজলিস বসিত এবং তিনি অতিথিদিগকে শোলাও-ভোকে আপ্যারিত করিতেন—ভূপেক্রমাথ দন্ত-রচিত Swami Vivekananda, ১০৫ পৃঃ।

না করিয়া তিনি ছেলেদের আত্মসমানবাধ ও শালীনতাবৃদ্ধি জাগাইবার চেষ্টা করিতেন। একবার বালক নরেন্দ্র রাগিয়া গিয়া মাতার প্রতি তৃই একটি রুচ্ শব্দ প্রয়োগ করিয়াছিলেন। বাবা প্রকে ঐজন্ম ভংগনা না করিয়া যে ঘরে বসিয়া নরেন্দ্র সমবয়স্কদের সহিত আলাপাদি করিতেন, ঐ ঘরের দরজার উপরে লিখিয়া রাখিলেন, "নরেনবাব্ আজ তার মাকে এইসব বলেছেন"—ঐ স্থলে নরেন্দ্রের উচ্চারিত শব্দগুলিও বসাইয়া দিলেন, যাহাতে বন্ধুরা সহজেই পড়িতে পারে। নরেন্দ্র ইহাতে লজ্জিত ও ব্যথিত হইয়া এরূপ শব্দ প্রয়োগ বৃদ্ধ করেন।

সংসারে কিরূপ চলা উচিত এই বিষয়ে নবেন্দ্র পিতার উপদেশ চাহিলে তিনি উত্তর দিয়াছিলেন, "কথনও কোন বিষয়ে অবাক হবি না।" সম্ভবতঃ এই কথার মর্ম হৃদয়ক্ষম করিয়া নরেন্দ্রনাথ ভবিশ্বতে রাজপ্রাসাদে ও ডিখারীর পর্ণকূটীরে সমান মনোভাব লইয়া স্বচ্ছেন্দে বিচরণ করিতে পারিতেন।

 रिशेथ प्रतिवादित नकरनत गर्मा विश्वनाथ है जिल्ला नक्षिक छै भार्क नक्ष्म : কিন্তু তথাপি সর্ববিষয়ে পরিবারের কতা কালীপ্রসাদের অনুগত ছিলেন। অবশ্য কালীপ্রসাদের পুত্র 'তারকনাথত ।রে আইন পরীক্ষায় উচ্চন্থান অধিকার করিয়া উক্ত ব্যবসায়ে অবতীর্ণ হুন এবং প্রভৃত অর্থ উপার্ক্তন করেন। কিন্ত তথনও পারিপার্থিক অবস্থা এমনই ছিল যে, বিশ্বনাথের ইচ্ছা থাকিলেও নিজ পুত্রকন্তার জন্ত তিনি পৃথক সম্পত্তির বাবস্থা করিতে পারিতেন না। মধ্যে মধ্যে তিনি যে এরপ চেষ্টা করেন নাই, তাহাও নহে; কিন্তু খুল্লতাত সন্ধান পাইলেই যৌথপরিবারের কর্তার প্রভূত্ববলে বা অন্ত প্রকার কৌশলে উহা হস্তগত করিয়া লইতেন। এক সময়ে অর্থাভাব বশতঃ কালীপ্রসাদ ভ্রনেশ্রী দেবীর অলমার বন্ধক দিয়া অর্থসংগ্রহ করেন এবং পরে উহার বিনিময়ে ভূবনেশ্রীকে কিছু ভূমস্পত্তি লিখিয়া দেন। কিন্তু সম্পত্তি দখল লইতে গিয়া দেখা যায়, উহার দলিলাদিতে বহু ক্রটি রহিয়াছে—সম্পত্তি পাওয়া অসম্ভব। আবার দয়াদাকিণ্যে দত্ত পরিবারের কেহই বোধ হয় পশ্চাৎপদ ছিলেন না। এককালে বিশ্বনাথ-वाव ज्वरमध्तीत नारम करनक मुमलमारनत मन्नि मः शह करतन। এक मिन মুসলমান প্রজারা আসিয়া বলিল, তাহারা নিতাস্ত গরীব, ধাজানা দিতে পারিবে না। পূর্বে তাহাদের অবস্থা ভাল ছিল, কিন্তু তথন তাহারা অসহায়। বিশ্বনাথ-বাবু বলিলেন, সম্পত্তি তাঁহার নহে, তাঁহার পত্নীর। অতএব প্রজারা ভ্রনেশরীর নিকট গেল, আর তিনিও অমনি দ্রিকা লিখিয়া দিলেন, "থাজানা মকুব।" স্বাবার এমনও হটয়াছে যে, কালীপ্রসাদ ভ্বনেশ্বরীর নামীয় কোন ভ্সম্পত্তি দগলের জন্ত হয়তো কড়া কথা শুনাইয়া বলিলেন, "কেন ছাড়বে না ? এটা কি তোমার পৈতৃক সম্পত্তি ?" ভ্বনেশ্বরীর আত্মসম্মানে আঘাত লাগায় তিনি অমনি সম্পত্তি হস্তাস্তরিত করিয়া দিলেন।

এই সকল কারণে বিশ্বনাথের পরিবারের আর্থিক ভবিদ্রথ ক্রমেই সংশয়াপন্ন হইয়া উঠিতেছিল। অবশেষে বিশ্বনাথের দেহত্যাগের কিঞ্চিথ পূর্বে যথন যৌপপরিবার বিচ্ছিন্ন হওয়ার উপক্রম হইল, তথন বিশ্বনাথের অর্জিত সম্পত্তি নিজেদেরই হস্তে রাথিবার জন্ম কৌশল করিয়া অপর অংশীদাররা বিশ্বনাথের পৃথক অল্লের ব্যবস্থা করিলেন। অতঃপর তিনি স্ত্রী-পুত্রসহ অস্থায়িভাবে ৭ নং ভৈরব বিশ্বাস লেনের এক ভাড়াবাড়িতে গিয়া উঠিলেন। ভূপেন্দ্রবাব্র মতে নরেন্দ্রনাথ এখানে থাকিয়াই বি. এ. পরীক্ষার জন্ম প্রস্তুত হইয়াছিলেন (পৃ: ১০৭)।

পতির অহরপা ভ্বনেশরী দেবীর হৃষ্ঠ ও বদাগুতার কথা আমরা বলিয়া আসিয়াছি। তিনি যেনন ছিলেন হৃদ্দিরা, তেমনি তাঁহার প্রতি পদক্ষেপে একটা আভিজাত্যের পরিচয় ফুটিয়া উঠিত। আবার তিনি ছিলেন বিশেষ বৃদ্ধিমতী, কার্যকুশলা ও দেবভক্তি-পরায়ণা। সংসারের যাবতীয় কর্ম হুচাকরপে নির্বাহ করিয়াও তিনি পাঠাভ্যাস, স্চীকর্ম, ও প্রতিবেশীদের স্থপতঃ থশ্রবাদ করিয়া থথেই সনয় পাইতেন। রামায়ণ ও মহাভারত তাঁহার বেশ জানা ছিল এবং শিক্ষিত স্থামী ও পুত্রদের সহিত আলাপ করিয়া তাঁহার বিবিধ জ্ঞানের গতিও স্থপ্রসারিত হইয়াছিল—আলাপ করিলেই মনে হইত, তিনি স্থশিক্ষিতা। তাঁহার ধারণা ও স্থতিশক্তিও খ্ব প্রথর ছিল। তিনি মিতভাষিণী, গাজীরপ্রকৃতি, আলাপে অতিশয় মিইয়ভাবা, তেজম্বিনী ও রাজরাণী সদৃশা গরীয়সীছিলেন। প্রতিবেশিনীরা সর্বদাই তাঁহার সাহায়ের প্রত্যাশা রাখিতেন এবং দত্তগৃহের দারে আগত গরীব হঃখী কথনও রিক্তহন্তে ফিরিত না—এমনি ছিল ভূবনেশ্বী দেবীর করুণামাধা হৃদয়।

সম্ভানকে স্থানিকত করার আগ্রহও তাঁহার ছিল প্রচুর ; তাঁহারই ক্রোড়ে

বদিয়া বালক নরেন্দ্র বংশগৌরব পিতামহাদির কথা, ভারতের মহাপুরুষবৃন্দ ও দেবদেবীর মাহাত্ম্য সম্বন্ধে সচেতন হইয়াছিলেন। তাঁহার প্রথম বিভার্ত্ত মায়েরই নিকট এবং মায়েরই নিকট তিনি শিথিয়াছিলেন—সংসারের শভ আবর্তে পড়িয়াও নৈতিক মান কিরুপে উচ্চে তুলিয়া রাখিতে হয় ও শ্রীভগবানের গ্রীপাদপদ্মকে জীবনের সর্বোত্তম অবলম্বন জানিয়া কিরূপে কায়মনোবাকো উহারই আশ্রয় লইতে হয়। এখানে একটি ঘটনার উল্লেখ করিলে ভ্বনেশরী দেবীর দৃষ্টিভন্নী কি প্রকার উন্নত ছিল, তাহার কিঞ্চিৎ প্রতীতি জানিবে। বিভালয়ের জনৈক শিক্ষক একদিন নরেন্দ্রের ভূগোলের পাঠে ভ্রম হইয়াছে মনে করিয়া অযথা তাঁহাকে শান্তি দেন! প্রতিবাদ কল্পে নরেন্দ্র যদিও বারংবার বলিতে থাকেন, "আমার ভুল হয়নি, আমি ঠিকই বলেছি", তথাপি শিক্ষকের উহাতে ক্রোধ বৃদ্ধি পাওয়ায় তিনি ছাত্রকে সপাসপ বেত্রাঘাত করেন। বিরত করিলে ক্লেহময়ী ভূবনেশ্বরী সন্তানের বেদনায় আন্তরিক সহামুভূতি প্রকাশ করিয়া বিগলিত কঠে বলিলেন, "বাছা, তোমার যদি ভুল না হয়ে থাকে, তবে এতে কি আসে যায় ? ফল যাই হোক না কেন, সর্বদা যা সত্য বলে মনে করবে, তাই করে যাবে। অনেক সময় হয়তো এর জন্ম অক্যায় ও অপ্রীতিকর ফল সহ্ম করতে হবে, কিন্তু তবু সভ্য কপনও ছাড়বে না।" বলা আবশ্যক যে, শিক্ষক পরে নিজ ভ্রম বুঝিতে পারিয়াছিলেন এবং ক্রটিও স্বীকার করিয়াছিলেন।

জননী আরও শিক্ষা দিতেন, "আজীবন পবিত্র থাকিও, নিজের মর্যাদা রক্ষা করিও, এবং কথনও অপরের মর্যাদা লজ্মন করিও না। খুব শাস্ত হইবে, কিন্তু আবিশ্রক হইলে হুদয় দৃঢ় করিবে।"

নরেন্দ্রনাথ স্বীয় জননীকে আজীবন প্রাণ দিয়া ভালবাসিতেন এবং তাঁহার উপদেশ স্মরণ রাধিতেন। তিনি বলিতেন, "বে মাকে সভ্য সভ্য পৃঞ্জা করিতে না পারে, সে কথনও বড় হইতে পারে না।" আর বছবার তিনি সগর্বে ঘোষণা করিয়াছেন, "আমার জ্ঞানের বিকাশের জন্ম আমি মার নিকট ঋণী।" তাঁহার চিত্ত কতথানি মাতৃভক্তিপরায়ণ ছিল, তাহার বহু দৃষ্টান্ত আমরা পরে পাইব এবং দেখিয়া অবাক হইব বে, সংসার-বিরাগী সর্বভাগী সন্মাদীর হৃদয়ও কত কোমল ছিল।

নরেন্দ্রনাথ শৈশবে তাঁহার ঝি-মা, অর্থাৎ মাতামহীর মা এবং মাতামহীর নিকটও অনেক শিক্ষালাভ করিয়াছিলেন। মহেন্দ্রবাব্ লিথিয়াছেন, "ঝিমা বৈষ্ণবসম্প্রদায়ভূক্ত ছিলেন। তিনি ভাগবতের, পুরাণের ও বৈষ্ণবদিগের নানা প্রকার কথা ও গল্প জানিতেন। তিনি প্রথম রাত্রে কথনও গল্প বলিতেন এবং শেষ রাত্রি হইলে সকলের ঘুম ভাঙ্গাইয়া দিতেন ও সকলকে কৃষ্ণকথা বলাইতেন। আমাদিগের মাতামহীও ভাগবতের অনেক কথা জানিতেন। তিনিও সব ভাগবতের কথা বলিতেন।" 'ঝি-মার' পিতা, অর্থাৎ রামচক্র দত্ত মহাশয়ের পিতামহ কৃষ্ণবিহারী দত্ত মহাশয় প্রভূত অর্থশালী ও "বৈষ্ণবদিগের গোসাইছিলেন, অর্থাৎ তাঁহার অনেক বৈষ্ণব শিশ্ব ছিল। তেন সেই জন্ম কৃষ্ণবিহারী বা কুঁচিল দত্তের নাম বৈষ্ণবদিগের মধ্যে বিশেষ পরিচিত।" ('স্বামী বিবেকানন্দের বাল্যজীবনী', ৩৬-৩৭ পৃঃ)। বলা বাহুল্য, এই স্থত্রে স্বামীজী শৈশবেই বৈষ্ণবভাবের সহিত স্থপরিচিত হইয়াছিলেন।

বংশ তালিকা

| শিষ্ণিয়ার) | প্ৰ প্ৰ ব্ৰ ব্ৰ বিধনাথ দত্ত (জামাতা)—গ্ৰহ্মণি বেবা (কন্তা) নক্লাল বহু (জামাতা)—গ্ৰহ্মণি বেবা (কন্তা) হুমালসাদ কলিলসাদ সাত কন্তা বিধনাথ কেল্যুলনাথ লগ্ৰন্ত সূত্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব্ৰ ব | | রাবানাথ দত্ত (পড় পোবিক্দপ্রের | भू(तत्र) | | | | | ক্ <i>ঞ</i> বিহাৱী দত্ত | Ø |
|--|---|-------------|------------------------------------|-----------|------------------------|------------------------------|--------------------------------|---------------------------------------|--------------------------------------|---|
| শ্ব প্ৰ প্ৰ প্ৰ বিধনাথ দও (জাৰাতা) — জুধান দেলু। ছুপালসাৰ কলি। কলা বিধনাথ কলি। মেসৱ বছনে ষুড়া। বিষ্ণান স্থানীলাখ শ্বংচন হুই কলা প্ৰ | পুন পুন সুন বুনা পুন বিধনাথ দ্ভ (জাবাতা) — সুধান বেবা (কন্তা) ছুম্মিল্যাৰ ক্ৰীলিমাৰ কালীল্মাৰ সাত কন্তা ক্ৰী ক্ৰা (ক্ৰাবুনাৰ ক্ৰীলাৰ বিধনাথ ক্ৰী ক্ৰা ক্ৰীল হুৱেন্ত্ৰনাথ ৰুৱেন্তৰ হুই কন্তা পুন (হাৰু বাৰু) (তম্বাবু) | बड़ायन | मुलिग्नात्र) | | | | ट्योगीन हम्बद्धार | (জামাজা)–ুৱা | हिम्मी (नवी (कछा) | न्तिः ह धनात मञ्ज |
| ছুৰ্গাহসাদ কালীহ্ৰসাদ সাত কন্তা | ছুৰ্গাগুসাৰ ক্ৰিন্তিসাৰ সাত ক্সা বিখনাথ কেছাৱনাথ তারকনাথ সময়তনাস হুৱেলনাথ শুর্হ ক্সা পুন (হাবুবাবু) তেসুবাবু) (বৈশ্বে সূতু) | बायत्वास्य | - 2 | - M. | -5 | -5 | বিধন্থ প্ৰ বিধন্থ দ্ভ (জা: | শাঙা) — গুষ্মাণ বাঁডা) — ভূব:নবর | त्नवी (कक्षा) त्नवी (कक्षा) | 지 (한 개) 제 제 한 한 화 한 한 제 한 한 화 한 한 한 한 한 한 한 한 한 한 한 한 한 한 한 한 |
| বিশ্বনাথ কেন্দ্রেরাথ তারকনাথ তারকনাথ বিশ্বনাথ বিশ্বনাথ বিশ্বনাথ বার্চনার হারেন্দ্রনাথ শর্মচন্দ্র হাই ক্রা | বিশ্বনাথ কেছাবুনাথ তারকনাথ তারকনাথ তারকনাথ তারকনাথ বার্চনাল হুটেকজা পুন (বৈশ্বে সূত্য) | | | | क्रभा त्रमा | • | ्र कालीश्रमा - | İ | a a | |
| 2.13.23.24 M A A 5.5 M R A 4.5 M A 4.5 | ফুরেজনাথ শর্ডচন্ত ছুই কজা পুন (তমুবাৰু) (বৈশ্বে মূছা) | (সাতি ৰংস্ | — কন্তা রে বৃহসে সুগু | (i) | - dan | - | (क्ष्णुडमाब | | ভারক | <u>\$</u> |
| (छप्र बाव) | | | ļ | | | অষ্ঠনাল (হাবু বাবু) | ফুৱেন্দ্ৰনাথ (তম বাব) | - NA 1.5 PM | | 제3 휴행 |

উষার আলো

পুত্রলাভের জন্ম মাতার গভীর আকৃতির সহিত বাঁহারা পরিচিত তাঁহারাই বুঝিতে পারিবেন, প্রথম পুত্রসন্তান হারাইবার পর দীর্ঘকাল পুত্রমুথ-সন্দর্শনে বঞ্চিতা ভূবনেশ্বরী দেবীর পুত্রপ্রাপ্তির আকাজ্জা ও প্রার্থনা কত গভীর, কত ঐকান্তিক ছিল। স্নেহপুত্তলি ক্রোড় অলম্বত করিবে, সমূথে হাসিবে থেলিবে, বংশের মুখ উচ্জ্বল করিবে, অতীতের দহিত বর্তমান ও ভবিশ্বতের যোগস্থত স্থাপন করিয়া বংশগোরব চিরস্থায়ী করিবে—ইহা কোন না জননীর অভীপ্সিত ? ভুবনেশ্বরী (১৮৪১-১৯১১) ছিলেন শিমুলিয়ার রামতকু বহুর গলি নিবাসী বিখ্যাত বহুবংশের এীযুক্ত নন্দলাল বস্থ মহাশয়ের একমাত্র সন্তান। বড় ঘরের ক্সা বড ঘরেই আসিয়াছিলেন। কিন্তু অল্পবয়সেই জননীর মর্যাদা লাভ করিলেও তিনি পুত্রমূপে মাতৃশব্দশ্রবণে দীর্ঘকাল বঞ্চিতা ছিলেন। তাঁহার প্রথম সন্তান একটি পুত্র এবং দিতীয় সন্তান একটি কন্তা শৈশবেই জননীকে হঃখসাগরে ভাসাইয়া বিদায় গ্রহণ করে। তাঁহার পরবর্তী তিনটি সম্ভানই ছিল কক্সা— হরমোহিনী বা হারামণি, স্বর্ণময়ী, ও শৈশবে গতাস্থ আর একটি। স্থতরাং পুত্রসম্ভানলাভের আকৃল আকাজ্জা অতৃপ্তই থাকিয়া যায়। হিন্দুনারী সমস্ত অভাব-অভিযোগ দেবতার শ্রীপাদপদ্মে নিবেদন করেন এবং প্রতিকারের জন্ত দেবতার আশীর্বাদের প্রতীক্ষায় তপস্থায় নিরত হন। ভূবনেশ্বরী দেবীও মনপ্রাণ ঢালিয়া দেবাদিদেব মহাদেবের শ্রীচরণে নিত্য আফুল প্রার্থনা জানাইতে লাগিলেন এবং দেই দক্ষে একান্তমনে জ্বপ-ধ্যান, উপবাদ ও বহু কুচ্ছুদাধনার মাত্রা বাড়াইয়া দিলেন। তাঁহার তপঃপুত দেহের দৈবজ্যোতিতে মুগ্ধ সকলে বলাবলি করিতে লাগিল—তাহার অভতপুর্ব মুখনী এবং দেহলাবণ্য ভগবংকুপারই পরিচায়ক। দেবী কিন্তু ইহাতেও তথ্য না হইয়া আর একটি উপায় অবলম্বন করিলেন। দত্ত-পরিবারের এক বর্ষীয়দী আত্মীয়া কাশীবাদ করিতেন। ভূবনেম্বরী তাঁহাকে অফুরোধ করিয়া পত্র লিখিলেন, তিনি যেন প্রতাহ ৺বীরেশ্ব-শিবমন্দিরে পূজা, ভোগ ও প্রার্থনাদির ব্যবস্থা করেন।° আত্মীয়া

১। মহেন্দ্র বাবুর মতে, বৃদ্ধার "সহিত বন্দোবত হইল, তিনি সোমবার বীরেশরের পূলা করিবেন, এবং মাতা ভূবনেশরী সোমবারের এত পালন করিবেন। এইরূপে এক বংসর এত পালন করিলে একটি পুত্র জন্মলান্ত করে।" ('বামী বিবেকানন্দের বাল্যজীবনী', » পৃঃ)।


ভদম্পারে কীণবাট্ট সহায়ে শিবমন্দিরে যাইয়া অর্চনা ও বর প্রার্থনা করিতে লাগিলেন। এই স্থাবস্থার সংবাদ কলিকাতার পৌছিলে ভ্বনেশরীর আশা আরও দৃঢ় হইল যে, এইবারে দেবতা প্রসন্ন হইবেন ও বরলাভের আর বিলম্ব নাই। তবু তিনি পূর্বেরই ক্রায় ভক্তি ও বিশাসভরে ধ্যান-জ্বপ, ব্রত-পূজা ও উপবাসাদিতে দিন কাটাইতে লাগিলেন; মন তাঁহার কাশীতে দেবাদিদেক মহাদেবের শ্রীচরণে নিমগ্র রহিল, এবং কল্পনাবলে উহা কখন কখনও কাশীধামে উপস্থিত হইয়া ধ্বীরেশ্বের মন্তকে স্লিয়্ম ও পবিত্র গলাবারি বর্গণে অথবা পূষ্ণা ও বিশ্বপত্রে সজ্জিত অর্ঘ্য অর্পণে নিযুক্ত হইল।

ক্রমে পুজায় প্রীত মহাদেব ভক্তের বাস্থা পুর্ণ করিতে উত্তত হইলেন— ज्तरनमती तनती त्रीय अভिनाय-পूत्रतात এक চমৎकात পूर्वाভाम भारेत्मन । সেদিন দিবসব্যাপী পূজা-প্রার্থনাদির পরে তিনি রাত্রে ক্লাম্বদেহে শ্যাগ্রহণ করিয়াছেন; প্রকৃতি চারিদিকে নিন্তন; স্বগৃহে শব্দমাত্র নাই। অকন্মাৎ তিনি म्लाष्टे रमिश्रानन, किंगकुरिमिखिक क्यांकिर्यम कुषात्रभवन महारमदित धानमूर्कि তাঁহার সন্মুখে উপস্থিত। দেবাদিদেব সমাধি হইতে ব্যাথিত হইয়া এক পুরুষ-শিশুর আকার ধারণ করিলেন—যেন ভ্বনেশ্বরীর নিজেরই সম্ভান। সেই রক্ষতগিরিনিভ মুকোমল বপু দেখিতে দেখিতে সহসা তাঁহার নিদ্রাভদ হইল: তথনও তিনি এক অত্যাশ্চর্য আনন্দ্রসাগরে নিমগ্ন রহিলেন, আর মনে হইতে লাগিল—ইহা কি ভুধু স্বপ্ন, অথবা উদ্বেলিত সত্যের কালাতিক্রমকারী পুর্বোচ্ছাদ ? শিব ! শিব ! তুমি ভক্তের প্রার্থনা কতভাবেই না পুর্ণ করিয়া। ্পাক। দেবীর অন্তন্ত্রল হইতে স্বতই এক সানন্দ ক্লতক্ষতা উৎসারিত হইল, কারণ তাঁহার বুঝিতে বিলম্ব হইল না যে, তাঁহার প্রতীক্ষার দিন অতীত হইয়াছে—সভোদৃষ্ট স্বপ্লের একমাত্র অর্থ এই যে, তাঁহার পুত্রসম্ভানলাভের সময় সমাগত। সে বিশাস বার্থ হয় নাই, ঐ দর্শনের কয়েক মাস পরে ভূবনেশ্বরী সভাই পুত্রলাভ করিয়াছিলেন।

সেদিন সোমবার, ১২ই জ্বান্তমারি, ১৮৬৩ থুটাল, পৌষ-সংক্রান্তি। তথন
সবে আনন্দের আলা ও উৎসাহে পূর্ণ হলম লইয়া বাঙ্গলার নরনারী, কিশোরকিশোরী, বালক-বালিকা শহ্যাত্যাগ করিয়া ও গঙ্গান্তান সারিয়া উৎসবময়
দিনের জন্ত প্রস্তুত হইতেছে, এখনই বাঙ্গলার প্রতিগৃহ আনন্দোৎসবে মাডিয়া
উঠিবে। সেই শুভদিনের পুণ্যমূহুতে স্বেগদেরের ছয় মিনিট পূর্বে দ্ভগৃহ

হাস্তোজ্জন করিয়া অবতার্ণ হইলেন নবযুগের পথপ্রদর্শক বিশ্বরেণ্য স্বামী বিবেকাননা। উৎসবম্পর বাগলার নরনারী অবশু বুঝিতে পারে নাই, দেদিন ভাহাদেরই দেশে এমন এক মহাপুক্ষের আবির্ভাব হইয়াছে বাহার পুণ্যপ্রভা ভাহাদিগকে অজ্ঞাতসারে সমধিক উল্লাসিত করিয়াছে, বিনি অচিরে বেদান্তভেরিনিনাদে সমগ্র বিশে সনাতন ধর্মের বিজ্যবাতা বিঘোষিত করিবেন, হিন্দুধর্মকেরকাক্বচাবৃত করিবেন, মৃতপ্রায় মহাভারতে মৃতস্কীবনীধারা প্রবাহিত

২। সামীজীর সায়নমতে জনাকুওলী



খামীজীর জন্মের যথার্থ সময় নির্ণয় বিষয়ে প্রমণনাথ বস্তু প্রণীত 'খামী বিবেকানন্দ' গ্রন্থের শেবে কোন্তীবিচার জন্তব্য । উহাতে লিপিবদ্ধ আংশের মনকথা এই—জ্রীযুক্ত রাজেপ্রনাথ ঘোৰ মহাশরের মতে খামাজার জীবনের বান্তব ঘটনাবলীর সহিত কোন্তীর ঐকাসম্পাদনের জন্ম উহার জন্মকণ আরও 'ছর মিনিট পরে, অর্থাং ধমুলয়ে না হইয়া মকরলগ্নে হওয়া উচিত ; কারণ এইরূপ মহাপুক্ষের জন্ম ধমুলয়ে হইতে পারে না । এই ছর মিনিট সমরের জম ঘড়ির দোবে বা অক্ত কারণে ঘটিয়া থাকিবে । জন্মকণ এই হিসাবে এইরূপ—''১২৬৯ সালের ২৯শে পৌব, ভোর ৬টা ৪৯ মিনিট, সোমবার, কুকা সপ্রমী তিথি, হল্তা নক্তর, কল্পা রালি, শুত্রবর্ণা বোগ, দেবর্গণ, শুত্রবর্ণ । স্থ্বীদয়ের কিঞ্চিং পরে জন্ম । মকরলগ্ন, শনির কেত্র, চন্দ্রের হোরা, শনির ছেকান, শনির তুর্বাংশ, চন্দ্রের সপ্তাংশ, শনির নবাংশ, ব্ধের দশাংশ, শনির ঘাণলাংশ, শুক্রের ব্রিংশাংশ । লগ্ন শনির সিংহাসনবর্গ প্রাপ্ত এবং চন্দ্রের পারিলাভর্গ প্রাপ্ত । শব্দর সন্তাত্তত বন্ধ্যোপাধাবের মতে ''রাজেনবাবু বে মকরলগ্ন করিবার জন্ত ৬ মিনিট পরে জন্মসমর ধরিরাছেন, তাহা না ধরিলেও (সারন সপনার বাহা ধরিরাই প্রকৃত গণনা করা উচিত) মকরলগ্নই হইবে । এই সহাপুক্রবের সারন-জন্মকুকলী দেওরা আছে।''

করিবেন, শতধাবিচ্ছিল মানব-সমাজে সৌলাত্রসৌধ গড়িয়া তুলিবেন এবং ১ জড়বাদগ্রন্থ নিথিল বিশ্বকে আধ্যাত্মিকভার বস্তায় প্লাবিত করিবেন।

নবপ্রস্ত শিশুর সহিত তাহার পিতামহ তুর্গাচরণের অবয়বর্গত সাদৃশ্র দেখিয়া অনেকে চমৎক্রত হইলেন; স্তিকাগারে প্রবেশ করিয়া জনৈকা তুর্গাপ্রসাদ-সহোদরা বলিয়া উঠিলেন, "এয়ে ঠিক সেই তুর্গাপ্রসাদ। মায়া কাটাতে পারেনি; তাই আবার নাতি হয়ে জয়েয়ছে।" তাই নামকরণের সময় কেহ কেহ বলিলেন, "নবজাতের নাম হোক ত্র্গাদাস।" কিন্তু মাতা ভ্রবনেশ্বরী কিছুকাল নীরব স্নেহদৃষ্টিতে পুত্রের চক্ষে স্বীয় চক্ষ্ নিবদ্ধ রাথিয়া বলিলেন, "নাম? এর নাম বীরেশ্বর।" ইহাতে সকলেই প্রীত হইয়া সেদিন হইতে তাহাকে বীরেশ্বর বা সংক্ষেপে বিলে বলিয়া ভাকিতে লাগিলেন, উহাই হইল খবীরেশ্বরের প্রসাদে লক্ষ্পুত্রের আদরের ভাকনাম; কিন্তু সর্বসাধারণের জন্ম পোশাকী ভাল-নাম স্থির হইল নরেক্সনাথ।

হুন্দর, দবল, গৌরবর্ণ, হাস্তময় শিশু মায়ের ক্রোড় হুশোভিত করিয়াছে; নিমেষশৃত্তদৃষ্টিতে ভূবনেশ্বরী দেখেন তাঁহার বহু আকাজ্জিত, দীর্ঘ প্রাথনার নিধি আদবের ত্লালকে, আর গর্বে ভবিয়া উঠে তাঁহার বুক, চক্ষে প্রবাহিত হয় আনন্দের অঞা। কিন্তু এতো সাধারণ শিশু নয়; ইহার ভিতর যে পুরুষিত আছে এক অদম্য বিরাট শক্তি ধাহার কুরণে আত্মবিশ্বত হিন্দুসমাজে নবচেতনার পুলক জাগিবে, পথভ্রষ্ট মানবস্মাজের সন্মুখে নৃতন আলোকবর্তিকা প্রজ্ঞালিত হইবে, সমস্ত বিভেদ-বিচ্ছেদ বিদ্বিত হইয়া ব্লগৎ একস্থতে এথিত » হইবে। বিন্দুর মধ্যে স্থপ্ত এই সিম্বুর উচ্ছাস কণে কণে আপন **স্বরণ প্রকাশে** উন্মত হইয়া ভুবনেশ্বরী দেবীকে বড়ই বিব্রত করিত। ইহার ফলে দেবী এক কঠিন সমস্তার সমুখীন হইলেন—এই চঞ্চ শিশুকে বলে রাখা যেন সাধ্যাতীত-প্রায় বোধ হইল। নরেন্দ্রনাথ তিন বংসরে পড়িতে না পড়িতে তাঁহার বিক্লম্বে শাস্তিভবের অভিযোগ ক্রমেই বাড়িয়া চলিল। ছেলে বড়ই একরোগা; যাহা ধরিবে তাহা করিয়া ছাড়িবে, কিছুতেই তাহাকে বশ করা বায় না। তাহার দৌরাস্মা ক্রমে চরমে উঠিতে লাগিল—প্রলোভন, বকুনি, ধমক, ভর কিছুতেই किছু इह ना। পুरबंद त्कांध प्रिवेदा माठा दनिएछन, "स्पानक माथा सुँएए ে শিবের কাছে একটা ছেলে চেয়েছিলাম, কিন্তু তিনি পার্টিয়েছেন একটি ভুত।" ব্দবশেষে তিনি ছেলের ক্রোধপ্রশমনের এক ব্যন্তুত উপায় ব্যাবিভার

করিলেন। কিছুতেই না পারিলে তিনি বিলের মাথায় হুড়হুড় করিয়া জল ঢালিয়া দিতেন আর জপ করিতেন "শিব শিব।" আবার জয় দেথাইতেন, "য়িদ তৃষ্টুমি করিস তবে শিব আর তোকে কৈলাসে মেতে দেবেন না।" ছেলে আমনি চীংকার বন্ধ করিয়া শাস্ত হইত। আনেক কাল পরে যথন স্থামীজীর কোন কোন পাশ্চান্তা শিক্তা ভ্রনেশ্বরী দেবীকে প্রশ্ন করিতেন, "আছো, স্বামীজী তাহলে ছেলেবেলায় বড় ছুইু ছিলেন ?" মাতা তাহাতে উত্তর দিতেন, "বল কি গো? তাকে দেথবার জন্ম ছুটো ঝি অইপ্রহর তার সঙ্গে ঘুরতো।" তিনি আরও বলিতেন, "ছেলেবেলা থেকে নরেনের একটা মন্ত বড় দোষ ছিল, কোন কারণে রাগ হলে আর তার জ্ঞান থাকত না, বাড়ীর আসবাবপত্র ভেলেচুরে তচনচ করত।"

চঞ্চল শিশুর কিন্তু একটি গুণ ছিল—সকলেই ছিল তাহার আত্মীয়। যে-কেহ হাত বাড়াইয়া তাহাকে ক্রোড়ে লইতে চাহিত, সে বিনা বিধায় তাহারই ক্রোড়ে বসিত। নরেন্দ্রনাথ চিরদিনই ছিলেন মিষ্ট ব্যবহারের বশ, কড়া কথা মোটে সক্স করিতে পারিতেন না।

বৃদ্ধিবিকাশের পর সাধৃভিধারীর প্রতি তাঁহার একটা স্বাভাবিক আকর্ষণ দেখা গেল; তাঁহারা আসিলে তিনি তাঁহাদের নিকট ছুটিয়া ঘাইতেন, কেহ আটকাইতে পারিত না। আর তাঁহাদিগকে আদের কিছুই ছিল না। একদিন ন্তন কাপড় পরিয়া সঙ্গীদের সহিত ক্রীড়ারত আছেন, এমন সময় ঘারে শব্দ হইল, "নারায়ণ হরি!" অমনি নরেন্দ্র সেধানে উপস্থিত হইলেন। আগন্তক বন্ধ ডিক্ষা করিল। বিধাহীন নরেন্দ্র তৎক্ষণাৎ নৃতন বন্ধ্রধানি তাহার হাতে ত্লিয়া দিলেন। কিন্ধু সে ক্রুর বন্ধ্র তো কোমরে জড়াইতেই কুলায় না; সেউহা পাগড়ির আকারে মাথায় বাঁধিয়া বালককে আশীর্বাদ করিতে করিতে সহর্বে বিদায় লইল। তথন দত্তগৃহে অর্থিসমাগম প্রায়ই হইত; অতএব অতঃপর ঐরপ কেহ আসিলে নরেন্দ্রকে অক্তর্র বন্ধ করিয়া রাখা হইত। নরেন্দ্র ইহাতেও পরান্ত হইতেন না; স্থায়োগ পাইলেই অপরের অসাক্ষাতে জানালা পলাইয়া বিবিধ ক্রব্য রান্ডায় সাধু বা ভিধারীর হত্তে অর্পণ করিতেন এবং পরিবারের সকলকে অক্স করিয়াছেন ভাবিয়া আনন্দে উৎফুল্ল হইতেন।

জ্যেষ্ঠা ভগিনীঘ্যও তাঁহার উৎপাতে জতিষ্ঠ হইতেন। কখনও তাড়া করিয়া তাঁহাকে ধরিতে গেলে তিনি দৌড়িয়া গিয়া আঁন্ডাকুড়ে আশ্রয় লইতেন এবং সেধানে মনের সাধে নানাভাবে ভেঙচাইতে ভেঙচাইতে মৃত্হাক্ত সহকারে বলিতেন, "ধর না, ধর না।"

পোষা জন্ত জানোয়ারের সহিত থেলিতে তিনি ভালবাসিতেন, তাঁহার থেলার সাথী ছিল বিলাতী ইত্র, বানর, ছাগল, কাকাত্য়া, পায়রা। ডাছাড়া বাড়ীর গাভিটি ছিল তাঁহার পরম প্রিয়। তাহার গলায় মালা পরাইয়া, কপালে সিঁত্র দিয়া ও গায়ে হাত ব্লাইয়া তিনি তাহার সহিত কতই না মিষ্টালাপ করিতেন!

বাড়ীর চাকরদের মধ্যে সহিসের সহিত ছিল তাঁহার সর্বাধিক হ্রন্থতা আর তাঁহার বালোর উচ্চাভিলায ছিল, বড হইলে সহিস বা কোচোয়ান হটবেন। পাগড়ি মাধায় পরিয়া, গাড়ীর সন্মুখে উচ্চাসনে বসিয়া, চাবুক খুরাইয়া ভুরস্ত ঘোড়াকে শহরের জানা-অজানা বিভিন্ন প্রদেশে চালনা করার মধ্যে সত্যই একটা পুরুযোচিত লোভনীয় গরিমা ছিল। দত্ত-পরিবার একদিন গাড়ীতে চড়িয়া বেড়াইতে বাহির হইয়াছেন। মাতৃক্রোড়ে উপবিষ্ট নরেক্সনাথ কত বিষয়ে কত প্রশ্ন করিয়া চলিয়াছেন—তাঁহার প্রংক্ষক্যের অন্ত নাই। ইহারই মধ্যে পিতা তাঁহাকে প্রশ্ন করিলেন, "বিলে, তুই বছ হয়ে কি হবি বল দেখি প্রত নরেক্সের চিন্তার প্রয়োজন ছিল না, ঝটিতি উত্তর দিলেন, "সহিস কিংবা কোচোয়ান।"

রামায়ণের কথা তিনি অনেক শুনিয়াছিলেন, এবং দীতারামের প্রতি, বিশেষতঃ দীতার প্রতি, ঐ কালে তাঁহার হৃদয়ে যে প্রশ্বার উল্লেক হইয়াছিল, তাহা আজীবন অটুট ছিল। একদিন বাজার হৃটতে দীতারামের একটি মাটির যুগলমূর্তি আনিয়া বাড়ীর চিলেঘরে স্থাপন করিলেন এবং দেই ঘরের দরজায় থিল দিয়া পাড়ার হরি-নামক এক সমবয়য় ব্রাহ্বণ বালকের দহিত চক্
বৃজিয়া ভিতরে ধ্যানে বিদলেন। ধ্যানে তরায় নরেক্স স্থানকালের কথা ভূলিয়া গেলেন। এদিকে দীর্ঘকাল বালককে দেখিতে না পাইয়া বাড়ীর সকলে বাত্ত ও উদ্বিশ্ব হইলেন। চারিদিকে হলস্থল বাঁধিয়া গিয়াছে, এমন সময় একজনের মনে হইল, ছাদের উপরটা একবার দেখিলে হয় না প সেখানে পিয়া দেখেন চিলেঘরের দরজা বছা। অনেক ঠেলাঠেলিতে দরজা পুলিল না দেখিয়া অবশেষে উহা ভালিতে হইল। তথন বেপতিক দেখিয়া ব্রাহ্বণ বালকটি উন্মুক্ত পথে ক্ষম্বানে পলায়ন করিল। নরেক্স কিছ্ক তথনও ধীর, শ্বির, মুজিত-নয়ন। অবশেষে বাঁকুনি দিয়া ভাছার চৈতক্ত সম্পাদন করিতে হইল।

ইহার অল্পকাল পরে এক অভুত সমস্তা নরেক্রের অপক মনকে বিশেষ আলোডিত করিল। আন্তাবলের সবজান্তা সহিসের নিকট বসিয়া তিনি অনেক গল্পঞ্জব করিতেন, তাহার মুখে অনেক সব অপূর্ব কাহিনী ভনিতেন। কোন কারণে সহিসের দাম্পত্যজীবন স্থপময় হয় নাই; তাই দে বিবাহ বিষয়ে অনেক বিৰুদ্ধ কথাও বলিত। একদিন সীতারামের পুজান্তে আন্তাবলে গিয়া সহিসের স্হিত আলাপ করিতেছেন, এমন সময় সহিস থুব জোর দিয়াই বলিল, "বিষে করা বড় খারাপ।" দকে দকে দে নানা যুক্তিরও অবতারণা করিল। ভনিয়া নরেন্দ্রেরও মনে হইল, সহিসের এই অভিজ্ঞতা ও উপদেশের মধ্যে মানিয়া লইবার মতো অনেকটা সত্য আছে। তিনিও মনে মনে ভাবিলেন, বিবাহ কখনও করিবেন না, কিন্তু তাঁহার প্রিয় সীতারামের মূর্তির কি হইবে ? এতদিন তো তিনি এই অতি পবিত্র মৃতিখয়কে বালকোচিত সারল্য ও বিশ্বাসের সহিত পুদা করিয়াছেন, তাঁহাদের অনবতা চরিত্রকে ভক্তিশ্রদ্ধা করিতে শিখিয়াছেন। এখন একটা অম্পষ্ট আদর্শগত আন্দোলন তাঁহার শিশুমনকে আলোড়িত করিল। ইহার পূর্ণ তাৎপর্য তিনি নিশ্চয়ই তথন হাদয়ক্ষম করেন নাই; অস্ততঃ সাধারণ বৃদ্ধিতে মনে হয়, একালে তাঁহার পক্ষে তাহা সম্ভব নহে। তবু সহিদের কথা ও যুগলমৃতির মধ্যে একটা মীমাংসাশৃত্ত অসামঞ্চত দেখিয়া তাঁহার সমস্তাজজ বিত হৃদয় ফাটিয়া কালা আদিল। পুত্রের চক্ষে জল দেখিয়া মাতা কারণ জিজ্ঞাসা করিলে নরেন প্রথমে নীরব রহিলেন, তারপর ফোঁপাইতে नागितन। मा भूजदक त्काए नहेशा मास्ना निष्ठ थाकितन नत्त्रन व्यवस्था মনের ছ:थ খুলিয়া বলিলেন। বুদ্ধিমতী মা ভনিয়া হাসিয়া বলিলেন, "বিলে, ওতে আর কি হয়েছে ? তুই শিবপুজা কর।" কথাটা মনে লাগিল। সন্ধ্যার **শন্ধ**কারে বীরেশর ছাদে উঠিলেন এবং সীতারামের মূর্তি হাতে লইয়া ছাদের কিনারে দাঁড়াইলেন। সেটা নিশ্চয়ই তাঁহার এক ছঃখময় মুহুর্ত-সীতারামের মৃতিকে বিদাম দিতে গিয়া নিশ্চমই তাঁহার হৃদম ছঃখোদেলিত হইয়াছিল, হয়তো বা একটা গভীর দীর্ঘনি:খাস অঞ্চাতসারে নির্গত হইয়া শুক্তে বিলীন रहेशा शिशाहिल। পরমূহুর্তে দে যুগলমূর্তি নিম্নের কঠিন রাভায় পড়িয়া চুরমার হইয়া গেল। পরদিন বাজার হইতে একটি শিবমৃতি আনিয়া দীভারামের चामत्न रमारेतन এवः चारात्र मृजिञनद्यतः तम मृजित मञ्जूर्य शानमद्र हरेतन । এই বালকোচিত সমাধানে তিনি তখনকার মত শান্তি পাইলেও পরে আমরা

দেখিব, সীতারামের প্রতি তাঁহার অতুলনীয় ভক্তি কখনও আসনচ্যত হয় নাই।
শৈশবে মাতৃক্রোড়ে বসিয়া তিনি রামায়ণের যে অপূর্ব চিন্তাকর্যক কাহিনী
শুনিয়াছিলেন, তাহা দাম্পত্যজীবনের হুরভিজ্ঞতায় ক্লিষ্ট সহিসের তিক্রবাণীতে
অকস্মাং মান হইলেও কোন দিনই হৃদয় হইতে মৃছিয়া যাইতে পারে নাই, বরং
উহা পাশ্চাত্ত্য জীবনের আদর্শের সংঘর্ষে স্পষ্টতর হইয়াছিল। বিশেষতঃ
রামায়ণের হহমান চরিত্র তাঁহাকে শৈশবকালে থুবই আক্লষ্ট করিত। রামগতপ্রাণ অভ্তক্রমা মহাবীর হহমানের আদর্শ তাঁহার হৃদয়ে সর্বদা জাজলামান
থাকিত, এবং রামায়ণ-গানের সংবাদ পাইলেই তাহা শুনিতে ঘাইতেন।

একদিন তিনি এক কথক ঠাকুরের মুথে রামায়ণ-কাহিনী শুনিতেছিলেন। কথক ধখন বলিলেন, হহুমান কদলীবনে থাকেন, তখন মহাবীরের দর্শনলাভে সম্ংক্ক বারেশ্বর প্রশ্ন করিয়া বদিলেন, "দেখানে গেলে কি তাঁকে দেখতে পাওয়া যায় ?" বালকের কৌতুকপূর্ব প্রশ্নের উত্তরে কথক কডকটা বিদ্রুপছেলে মূহহাস্থে বলিলেন, "হাগো, গিয়েই দেখ না।" বারেশ্বরের বাড়ীর কাছেই এক কলাগাছের ঝোপ ছিল। কথাশেষে রাত্রে বাড়ী ফিরিবার পথে বারেশ্বর দেই ঝোপে গিয়া কদলীতলায় বদিয়া হহুমানের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন; কিছু অনেকক্ষণ অপেক্ষার পরও যখন তাঁহার দর্শন মিলিল না, তখন ক্রমেনে গৃহে ফিরিয়া সকলকে উহা নিবেদন করিলেন। বয়য়রা তখন তাঁহাকে প্রবোধ দিয়া বলিলেন, "ওরে বিলে, বোধ হয় আছ প্রভূর কাজে হহুমান অন্থা কোণ্ডের, তাই তাঁব দেখা পাদনি।" ইহাতে তিনি কতকটা আখাসিত ইইলেন।

সন্নাদী হইবার দাধ তাঁহার বালাকালেও ছিল। একদিন একথণ্ড গেক্ষা কাপড় কৌপীনের মতো আঁটিয়া ঘুরিয়া বেড়াইতেছেন দেপিয়া মাতা জিজাদা করিলেন, "এ কিরে?" বীরেশ্বর দোলাদে জাের গলায় বলিলেন, "আমি শিব হয়েছি।" আর ছিল তাঁহার ধাানপ্রবণতা। পূর্বে একটি ঘটনার কথা আমরা উল্লেখ করিয়াছি। বৃদ্ধদের মূথে তিনি ভনিয়াছিলেন, ধাাননিময় মূনি-ঝবিদের আটা লখা হইয়া ভূমি স্পর্ণ করে এবং ক্রমে বটের শিকড়ের ক্রায় বছদ্রে অমিতে চ্কিয়া যায়। সরল শিশু বীরেশ্বর ধাানে বিসতেন আর মধ্যে মধ্যে চক্ষ্ খুলিয়াদ দেবিতেন, জটা ভূমিতে প্রবিষ্ট হইয়াছে কিনা। বখন দেবিতেন ভাহা হয় নাই, তখন ছুটিয়া গিয়া মাকে বলিতেন, "কই, ধাান তাে করলাম, জটা কোথায়

হল ?" মা প্রবোধ দিতেন, "এক আধ ঘণ্টায় বা এক আধ দিনে হয় না, অনেক দিন লাগে।"

বাড়ীর সকলেই দেখেন, বীরেশর এমনিভাবে কথনও একাকী, কথনও বা প্রভিবেশী বালকদের সহিত ধ্যানে বসিয়া সময়ের জ্ঞান হারাইয়া ফেলে এবং আপন ভাবে এমন তয়য় হইয়া য়য় য়ে, ডাকিয়া সাড়া পাওয়া য়য় না । একদিন (চিলে-ঘরে বা বাড়ীর ছাদে) ঐরপ ধ্যান খেলা চলিতেছে, অকস্মাং একটি বালক দেখিল, মেঝের উপর এক প্রকাণ্ড গোখুরা সাপ। সে ভয়ে চীংকার করিয়া উঠিল এবং বীরেশর বাতীত সকল বালকই ঘরের বাহিরে ছুটিয়া পলাইল। বীরেশর কিন্তু তথনও ধ্যানময়—বাহ্সজ্ঞাশূয়্য। সাথীরা ভাকাভাকি করিয়াও যথন সাড়া পাইল না, তথন তাড়াতাড়ি সভয়ে ছুটিয়া গিয়া বয়য়দের ভাকিয়া আনিল। তাঁহারা আসিয়া দেখেন অতি ভয়াবহ দৃষ্ঠা; বালক চক্র্জিয়া বসিয়া আছে, আর সমুথে বিষধর করাল ফনা বিস্তার করিয়া ছলিতেছে। দেখিয়া প্রাণ ভকাইয়া গেল, নিংশাস পর্যন্ত থামিয়া গেল। শব্দ করিলে পাছে সাপ বালকের অনিষ্ঠ করে এই ভয়ে নিরুপায় সকলে নিংশব্দে দাড়াইয়ারহিলেন। ক্রমে গোথুরা আপনিই সরিয়া গেল, মুহুর্ভ পরে আর তাহাকে থুজিয়াও পাওয়া গেল না। স্বল্পকাল পরে বাহ্জান লাভ করিয়া বীরেশর সব ভনিলেন; কিন্তু বলিলেন, "আমি ভো কিছই টের পাইনি।"

নরেক্রের নিদ্রাও ছিল এক অভুত ব্যাপার। তিনি অস্থান্থ ছেলের স্থান্ধ বালিশে মাথা রাথিলেই নিদ্রাভিভূত হইতেন না। তাঁহার অভ্যাস ছিল উপুড় হইয়া শোওয়া। এই অবস্থায় নিদ্রার জন্ম চক্ষু মৃদ্রিত করিলেই তিনি ক্রমধ্যে এক অপুর্ব জ্যোতিবিন্দু দেখিতে পাইতেন। উহা পরিবর্ধিত ও নানা বর্ণে পরিবর্তিত হইয়া ক্রমে বিশ্বাকার ধারণ করিত এবং অকন্মাৎ ফাটিয়া গিয়া ভারাবাঞ্জির স্থায় ছডাইয়া পড়িত ও ভ্রদীপ্তিতে চারিদিক উদ্থাসিত করিয়া তাঁহাকে সেই আলোক-সমৃদ্রে ভ্বাইয়া দিত। সেই সাগরে ময় হইতে হইতে তিনি ঘুমাইয়া পড়িতেন। প্রতি রাজিতেই এইরূপ ঘটিত এবং তিনি উহা সাধারণ ভাবেই গ্রহণ করিতেন ও ভাবিতেন, সকলেই ঠিক এই রীতিতেই নিদ্রা বায়। কাজেই এই অভিসাধারণ দৈনন্দিন ঘটনার কথা কাহাকেও বলার

৩। 'লীলাপ্রদক্ষে'র মতে নরেন্দ্রনাথকে বাঁটার "এক নিভৃত প্রদেশে" "অর্গলবদ্ধ" স্থানে একদিক খান করিতে দেখা গিয়াছিল (eles)।

প্রয়েজন বোধ করেন নাই। অনেক কাল পরে তিনি গখন শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঠাকুরের নিকট ধ্যান শিক্ষা করিতে যাইতেন, তখন সমবয়স্ক এক বন্ধুর কিন্ধপ্রধান হয় তাহা জানিতে উৎস্কক হইয়া তিনি কথাছেলে ভাহাকে জিজ্ঞাসাকরেন, "আছে। ভাই, তুমি কি ঘুমাইবার আগে একটা জ্যোভি দেখ ?" প্রশ্লের ভাংপর্য গ্রহণে অক্ষম বন্ধু আশুর্ঘ হইয়া বলিল, "না।" নরেন্দ্র বলিলেন, "আমি দেখি। এ কথাটি মনে করিয়া রাখিবে—বিছানায় শুইয়াই ঘুমাইয়া পড়িবে না, কতক্ষণ সতর্ক হইয়া থাকিলে তুমিও দেখিতে পাইবে।" বন্ধু ইহা কিভাবে গ্রহণ করিয়াছিল এবং ভাহার ভাগ্যে কি ফলাফল হইয়াছিল জানা নাই; তবে পরে, ১৮৮২ খুষ্টাব্দে শ্রীরামক্ষম্ম পরমহংসদেব এই জ্যোতি দেখনের কথা শুনিয়া বলিয়াছিলেন, "যারা ধ্যানসিদ্ধ তারাই ঐরপ জ্যোতি দেখতে পায়।" নরেন্দ্রের নিকট ইহা ছিল আজীবন দৈনিক ঘটনা, যদিও শেষের দিকে ইহা তত ঘন ঘন বা স্পট্ট হইত না। বছকাল পরে তাঁহার এক গুকুল্রাভা তাঁহাকে এই জ্যোতি দেখাইতে অন্ধরোধ করিলে যেই স্বামীজী গুকুল্রাভার কপালে হাত দিলেন, অমনি গুকুল্রাভা দেখিলেন—সমস্ত বহির্জগং সহসা এক জ্যোভি:-সমুদ্রে পরিণত হইয়া গেল। "আশ্রেণ্টে জ্যাতা, কুশলোহস্তা লকা!"

জীবন প্রারম্ভেই দেখা যাইত, সমবয়য়দের সহিত দলবদ্ধভাবে ক্রীড়াআমোদাদির কালে নরেক্রই হইতেন এ সব অন্থচানের নেতা। বস্তুতঃ
নেতৃস্থলভ গুণাবলী তথন হইতেই তাঁহার চরিত্রে পরিক্ট হইয়াক্রমে সমৃচিত রূপ
ধারণ করিতেছিল। এক মকর-সংক্রান্তির দিনে তিনি পিতার অন্থমতি লইলেন,
সহপাঠীদের সহিত গলাপুজা করিতে ঘাইবেন। বাছা ও পতাকাদির ব্যবস্থা
পিতৃব্যয়ে সহজেই হইয়া গেল। অবশেষে গলার মাহাত্ম্য গাহিতে গাহিতে বাছা
ও নিশানাদি সহ সকলে একটি ছোটখাট শোভাষাত্রা করিয়া গলাতীরে উপনীত
হইলেন এবং গলাসলিলে পুস্মাল্যাদি অর্পণ করিয়া ও দীপাবলী ভাসাইয়া
দিয়া দেবীর পুজা সমাপন করিলেন। কলার খোলে প্রজ্ঞলিত ক্তু ক্তু ভাসমান
দীপগুলি বক্ষে লইয়া বালকদের পুজায় প্রীতা স্বর্ধুনী যেন সন্ধ্যার মৃত্ব অন্ধারে
প্রসন্ধচিত্তে সহাস্থবদনে মন্ত্রগতিতে সাগরাভিম্পে প্রবাহিতা হইলেন। ত

হ। মহেক্র বাব্র মতে "তথনকার দিনে পাঠশালার মকর-সংক্রাত্তির দিন গলাকক্ষনা গাহিরা
পলার পূজা করিয়া আলার প্রথা ছিল। মকরসংক্রাত্তির দিনে--বিবনাথ নৃতন কাপড় লামা

ক্রমন্ত স্মব্যুস্কদের সৃহিত রাজা-কোটাল খেলায় তিনি রাজা সাজিতেন। দন্তবাড়ীর ঠাকুর-দালান উঠান হইতে এক-মান্থ্য উচু ছিল—ছযটি ধাপ বা সিঁড়ি দিয়া উঠান হইতে ঠাকুর-দালানে উঠিতে হইত। নরেন্দ্র সদর্পে উহার সর্বোচ্চ সোপানে বসিয়া আর চুইজন সঙ্গীকে নীচের ধাপ দেখাইয়া বলিতেন. "তমি হচ্চ রাজমন্ত্রী, আর তমি দেনাপতি, যাও ওথানে দাঁড়াও।" তাহারও নীচের সিঁডিতে বসিত সভাসদগণ। অবশেষে রাজদরবারের কার্য আরম্ভ इंडेटन कर्यात्रीता ज्यावन्तिक इंडेया श्राम कतिक, जात ताजा श्राम कतिरकत, "मद्दी, রাজ্যের থবর কি ।" মন্ত্রী কথনও স্থথবর নিবেদন করিয়া বলিত, "আজা হাঁ, প্রজারা প্রম স্থ্যে আছে।" কথনও বা বলিত, "না মহারাজ, একজন দম্বা বড উৎপাত করছে।" অমনি রাজাদেশ বিঘোষিত হইত. "তুরাত্মার মৃত্তচ্চেদ কর।" তৎক্ষণাৎ দশ এগার জন থেলোয়াড় বালক-দফার শান্তিবিধানে উন্নত হইত ; কিন্তু দফা আত্মসমর্পণ না করিয়া ক্রতবেগে সদর দরজার দিকে ছটিত আর রাজার সৈনিকদলও উর্ধেশ্বাসে তাহার পশ্চাদ্ধাবন করিত। তথন দ্বিপ্রহরে সকলে স্ব স্ব শ্যায় বা চাকররা দেউড়িতে শুইয়া আরাম উপভোগ করিতেছে। সশব্দে ধাব্যান বালকদের উৎপাতে অতিষ্ঠ চাকররা তাহাদের ধরিয়া শিক্ষা দিবার জন্ম পিছনে ছটিত। কিন্তু বেগে পলায়মান বালকদের নাগাল না পাইয়া ক্লান্তদেহে স্বস্থানে ফিরিয়া শুধু মৌথিক ভর্মনা করিতে থাকিত। নরেন্দ্র রাজাসনে বসিয়া এবং সব দেখিয়া ভ্রিয়া তথু মৃত্ব মৃত্ব হাসিতেন।

আরও কত রকমের খেলা ছিল। তথন কলিকাতায় সবে গ্যাসের আলো আসিয়াছে, আর সোডা-লেমনেডের দোকান বসিয়াছে। নরেক্সও অমনি কলকজা যোগাড় করিয়া গ্যাসের ও সোডা-লেমনেডের কারথানা বসাইলেন। এমন কি সেখানে রেলগাড়িও চলিতে লাগিল। কতকগুলো পুরানো দন্তার নল, মেটে হাঁড়ি ও থড় লইয়া তিনি বাটীর উঠানে গ্যাসঘর নির্মাণ করিলেন। খড় জালাইলেই ধোঁয়া হইড, আর এ নল বাহিয়া উপরে উঠিত। তথন

ইতাাদি গুরুষধাশরকে এবং করেকজন ছাত্রকে দিতেন এবং তাঁহাদের বাজনাবাদ্দসং গলাপুজা করিরা আসিতে অনুষতি দিতেন।--- কিরিয়া আসিলে রীতিমত মিষ্টিমুখ করাইতেন।--- সকল বালক মিলিত হইরা হুর করিয়া গাহিত—'বন্দে মাতা হুরধুনী, পুরাণে মহিমা গুলি।' ইত্যাদি" (১০ পুঃ)।

নরেক্স বিজ্ঞের মতো কোমরে হাত দিয়া গন্তীর দৃষ্টিতে সব পর্যবেক্ষণ করিতেন আর বীয় আবিষ্কারের জ্ঞ আত্মতৃথ্যি লাভ করিতেন। কপনও বা তৃথ্য না হইয়া নাক সিঁটকাইয়া সঙ্গীদের বলিতেন "না, এ কিচ্ছু হয়নি, আরও আগুন দে, থুব ফুঁলাগা—গ্যাস বড় কম বেরুচ্ছে।"

বিশ্বনাথ দত্তের একজন মুসলমান মকেল ছিলেন। তিনি নরেন্দ্রকে খুব ভালবাসিতেন। নরেক্রও তাঁহাকে দেখিবামাত্র 'চাচা' বলিয়া ছটিয়া আসিতেন এবং পার্বে বদিয়া পঞ্চাব, আফগানিস্থান প্রভৃতি তুর্গম দেশে কিরূপে উষ্ট্র ও অশাদি আরোহণে যাতায়াত করিতে হয় ইত্যাদি কথা উৎকর্ণ হইয়া ভনিতেন। সে সব গল্পের কোন আদি-অস্ত ছিল না। নরেন্দ্রের ভনিয়া कथन आखिरवां पश्च इरेज ना। हा हा मर्पा मर्पा नरत सरक मिहारे मिरजन, স্মার নরেক্র উহা স্মান বদনে ভক্ষণ করিতেন। স্মপর মক্ষেলগণ এই ভ্রষ্টাচার দেখিয়া শিহরিয়া উঠিতেন এবং নীরব মুখভঙ্গীতে অসম্ভোষ জ্ঞাপন করিতেন। বিশ্বনাথ বাবু গুহে প্রবেশ করিয়াই সব বুঝিতে পারিতেন; কিন্তু আহারাদি সম্বন্ধে তিনি সর্বদা অতি উদার-ভাবাপন্ন ছিলেন, কিছুই বলিতেন না। এই জাতিনাশের ব্যাপার লইয়া একদিন বড় মন্ত্রা হইল। পিতাকে বিষয়কার্যে ব্যস্ত দেখিয়া নরেন্দ্র অক্সত্র গিয়াছিলেন। ইত্যবদরে কাজ সারিয়া পিতা যথন মকেলদের সহিতে কথা বলিতে বলিতে সদর দরকা পর্যন্ত অগ্রসর হইয়াছেন, দেই ফাঁকে নরেন্দ্রনাথ অকুমাৎ বৈঠকখানায় প্রবেশ করিলেন এবং বিভিন্ন জাতির মজেলদের জন্ম যে সব ছঁকা পূথক পূথক সাজানো ছিল, তাহার প্রত্যেকটিতে একবার মুখ দিয়া ফুডুক করিয়া টানিয়া দেখিতে লাগিলেন। নরেন্দ্রের মাধায় তথন জাতিভেদ-প্রথাটা বেশ একটা সমস্থার আকারে ভোলপাড় করিতেছিল। একজন অপরের হাতে ধাইবে না কেন? একজন অপরের ছুকায় তামাক খাইলে কি আকাশ ভাদিয়া পড়ে? নরেক্স আরু তাই প্রত্যক্ষ পরীক্ষায় অগ্রসর হইয়াছেন। কিন্তু কই এতগুলি হঁকায় মুখ দিবার পরও তো পৃথিবীর কোন পরিবর্তন ঘটিল না! তিনিও তো বে নরেন্দ্র দেই নরেন্দ্রই রহিয়া গেলেন। এমন সময় বিশ্বনাথ আসিয়া পড়িলেন এবং নরেন্দ্রকে দেই অবস্থায় দেখিয়া জিল্ঞাসা করিলেন, "কি কচ্ছিস রে?" পুত্র विसूमां इंख्डिं ना कतिया उखर मिलन, "मिथि बार ना मानल कि हम ।" পুত্তের অভূত অমুসন্ধিৎসা এবং বিকট সমস্তার আশ্চর্ব সমাধানকৌশল দেখিয়া

পিতা উচ্চৈঃশ্বরে হাসিয়া উঠিলেন, এবং "বটে রে ছটু" বলিয়া পাঠগৃহে চলিয়া গেলেন।

আর একদিন ঐ মৃদল্যান ভদ্রলোক বৈঠকখানায় বদিয়া অপর সকলকে সমাট আকবরের গুণগ্রাম শুনাইতেছেন, এমন সময় অন্দরমহলে হাহাকার উঠিল—নরেক্স অপর বালকদের সহিত লুকোচুরি থেলিতে থেলিতে অকস্মাৎ পা পিছলাইয়া একতলার পূজালালানের সিঁড়ি হইতে গড়াইতে গড়াইতে নীচে পড়িয়া অজ্ঞান হইয়া গিয়াছেন। তৎক্ষণাৎ ডাক্তার আসিলেন এবং অনেক চেষ্টার ফলে প্রায় একঘণ্টা পরে বালকের সংজ্ঞা ফিরিয়া আসিল। এতক্ষণ পিতামাতাদি সকলেই বিশেষ উদ্বিয় ছিলেন। চৈত্ত ফিরিলে ডাক্তার আরপ্র পরীক্ষা করিয়া বলিলেন, "আঘাত গুরুতর বটে; কিন্তু জীবনের কোন ভয় নেই।" সেই পতনের ফলে নরেজের দক্ষিণ চক্ষ্র উপরে কিয়দংশ কাটিয়া গিয়াছিল এবং সেই লাগ আজীবন ছিল। উত্তরকালে এই ঘটনার বিবরণ শুনিয়া শ্রীরামকৃষ্ণ বলিয়াছিলেন, "য়িদ সেদিন ঐ রকম প্র শক্তি না কমে যেত, ভাহলে ও যে পৃথিবীটা একেবারে প্রলট-পালট করে ফেলত।"

আমরা নরেন্দ্রের নেতৃত্বের কথা উল্লেখ করিয়াছি। ইহার অর্থ এই নহে যে, কর্তৃত্বের মোহে তিনি সরদার সাজিতেন। পরবর্তী জীবনে তিনি বহুবার বলিয়াছেন, "শিরদার তো সরদার।" বস্তুতঃ তিনি সঙ্গীদের জন্ম নিজ মন্তকদানে প্রস্তুত ছিলেন বলিয়াই সরদার হইতে পারিয়াছিলেন। ছয় বৎসর বয়সের সময় তিনি এক খেলার সাথীকে লইয়া চড়ক দেখিতে যান এবং চড়কতলা হইতে মাটির মহাদেবের মূর্তি কিনিয়া একসঙ্গে গৃহাভিমুখে যাত্রা করেন। তখন প্রায় অন্ধনার হইয়া আসিতেছে, আর সঙ্গীটি একটু পিছাইয়া পড়িয়াছে। এমন সময় একখানি ঘোড়ার গাড়ী ক্রতবেগে পশ্চাতে আসিতেছে ব্রিয়া নরেন্দ্র পিছনে তাকাইয়া দেখেন সঙ্গীটি একেবারে ঘোড়ার পায়ের তলায় পড়ে আর কি! রাস্তার লোক চীৎকার করিয়া উঠিল, "গেল গেল!" কিন্ধ কেহই প্রতিকারের উপায় অবলম্বন করিল না বা করিতে পারিল না। এদিকে নরেন্দ্রনাধ বাম বগলে মহাদেবকে প্রিয়া দিগ্বিদিক্ জ্ঞানশূক্ত হইয়া ছুটিলেন এবং

বাসলা জীবনীর মতে দোতলার সিঁড়ি হইতে; অক্তমতে পূজাদালানের বা বারাভার
 উঁচু সিঁড়ি হইতে। বিতীর মতই সমীচীন মনে হর।

বালকটিকে সজোরে হাত ধরিয়া টানিয়া আশু বিপদ হইতে বাঁচাইলেন।
মূহুর্তে এই অপূর্ব ঘটনা ঘটিয়া গেল এবং উপস্থিত সকলে বালকের সাধুবাদে
মূখর হইয়া উঠিলেন। নরেন্দ্র সে সবে কান না দিয়া খগুহে ফিরিলেন এবং
মায়ের নিকট ষেভাবে দৈনন্দিন সব কথা বলিতেন তেমনি ভাবে ঐ ঘটনাও
বলিলেন। মা আভোপাস্ত ভনিয়া আশীর্বাদ করিয়া বলিলেন, "বাছা এই ভো
মায়ুষের মতো কাজ! সব সময়ই এই রকম মামুষ হবাব চেষ্টা করবি।"

নরেক্স একবার কুড়ি পঁচিশ জন বালককে লইয়া গড়ের মাঠে কেলা দেখিতে যান। তাহাদের মধ্যে একটি বালক পথিমধ্যে অস্কৃষ্থ বোধ করিল। অপর বালকেরা উহা কিছুই নয় ভাবিয়া হাসিঠাট্টা করিতে লাগিল এবং গন্তব্যপথে আগাইয়া চলিল। নরেক্সনাথও আনন্দে মাতোয়ারা হইয়া চলিভেছিলেন। হঠাৎ ঐ বালকের কথা মনে পড়িল এবং দেখিলেন, সে ক্রমে দল হইতে পিছাইয়া অবশেষে অবসন্ধদেহে পথপার্থে বসিয়া পড়িয়াছে। তিনি অমনি ফিরিলেন ও বালকের গায়ে হাত দিয়া দেখিলেন সে প্রবল জরে আক্রান্ত—থর ধর করিয়া কাঁপিতেছে। অতএব তাহাকে ধরাধরি করিয়া একথানি গাড়ীতে চাপাইলেন এবং স্বয়ং বাড়ী পর্যন্ত পৌছাইয়া দিয়া আসিলেন।

শাত আট বংসরের বালক নরেক্র একদিন কয়েকজন সহপাঠীকে লইয়া নৌকারোহণে চাঁদপাল ঘাট হইতে মেটেবুরুজে লক্ষো-এর নবাব ওয়াজিদ আলি শার পশুশালা দেখিতে যান। ফিরিবার সময় একটি বালক অস্ত্রু হইয়া নৌকামধ্যে বমি করিয়া ফেলে। ইহাতে মাঝির। বিরক্ত হইয়া ছেলেদিগকে উহা স্বহস্তে পরিজার করিতে আদেশ দেয়। ছেলেরা উহা অপর কাহারও য়ারা পরিজার করাইতে বলে এবং তজ্জ্জ্ঞ দ্বিগুণ ভাড়া দিতে প্রস্তুত হয়। মাঝিয়া কিন্তু জেদ ছাড়িল না, বরং তাহাদের কথা অমাক্ত করার জ্ঞ্জ ছেলেদিগকে গালিগালাজ করিতে লাগিল এবং পাড়ের কাছে আদিয়াও ভয় দেখাইল, কথা না মানিলে নৌকা ভিড়াইবে না। তখন কথা কাটাকাটি মারামারিতে পরিণত হইবার উপক্রম হইল এবং ঘাটের অক্যান্ত মাঝিরাও ঐ মাঝিদের সহিত যোগ দিল দেখিয়া ছেলেরা কিংকর্ডব্যবিমৃচ হইল। নরেক্র তাহাদের মধ্যে বয়ঃকনিষ্ঠ

 [।] বাললা জীবনীতে অনুরূপ আর এক ঘটনাকালে নরেন্দ্রনাথ ঠিক এইভাবেই একটি
 বালক ও তাহার যাতাকে ছুই হল্পে রক্ষা করেন বলিয়া উয়িখিত আছে। (৩০ গৃঃ)।

হুইলেও নৌকা খ্রিবার এক স্থ্যোগে লখা লাফ দিয়া তীরে উঠিলেন এবং সহঘাত্রীদের উদ্ধারের উপায় আবিদ্ধারের জন্ম ইতন্তত: তাকাইতে লাগিলেন। দেখিলেন পণ্টনের তুই গোরা ঐ দিকে আসিতেছে। তিনি সাহস ও বিশাসভরে তাহাদের নিকট গিয়া ভালা ভালা ইংরেজী ও অকভদী ধারা নিজেদের বিপদের কথা জানাইলেন। গোরারা আকার ইলিতে অবস্থাটা ব্ঝিতে পারিল এবং স্থাপন কৃদ্র বালকের প্রতি স্নেহপরবশ হইয়া নিজ ভাষায় বলিল, "ঠিক আছে বাচ্ছা, তুমি ভেবো না।" নরেন তাহাদের হাত ধরিয়া নৌকার দিকে লইয়া চলিলেন। গোরাদের দেখিয়াই মাঝিরা ভীত হইয়া পড়িল এবং তাহাদের আদেশ পাইবামাত্র নির্বিবাদে ছেলেদের পাড়ে নামাইয়া দিল। নরেক্রের ব্যবহারে সম্বন্ধ গোরারা তাঁহাকে থিয়েটারে লইয়া ধাইতে চাহিল; কিন্তু তিনি ধস্তবাদ সহকারে সে প্রস্তাব প্রত্যাখ্যান করিয়া সাথীদের সহিত স্বগৃহে ফিরিলেন।

नदब्रह्मनार्थित वयम यथन मन वरमत ज्थन देश्नरखत श्रिक् व्यव धरम्म (भरत সমাট সপ্তম এডয়ার্ড) ভারত পরিদর্শনে আসেন। সেই বৎসর সিরাপিস নামীয় ডেড নট জাতীয় একথানি বিরাট রণতরী কলিকাতা বন্দরে আসে। নরেন্দ্রের বন্ধরা ধরিয়া বসিল ঐ যদ্ধন্ধাহাক্র দেখিতে হইবে। নরেন্দ্র সম্মত হইয়া সকলের সঙ্গে চলিলেন। কিন্তু জাহাজ দেখিতে হইলে চৌরঙ্গীতে এক সাহেবের আফিসে গিয়া অনুমতি লইতে হইবে। এদিকে ছোট ছেলে দেখিয়া আফিদের দারোয়ান তাহাদিগকে তাচ্চিলা করিয়া সরাইয়া দিল-সাহেবের আফিসে যাইতে দিল না। কিন্তু প্রত্যুৎপল্লমতি নরেন্দ্র সহজে দমিবার পাত্র নহেন। তিনি লক্ষ্য করিলেন, সকলে সিঁডি বাহিয়া দোতলার একথানি ঘরে ষাইতেছে এবং অনুমতিপত্ত সহ সেখান হইতে বাহির হইতেছে। উহাই তাহা হইলে ঐ সাহেবের ঘর ় তিনি আরও লক্ষ্য করিলেন, দোতলায় যাইবার জন্ম বাড়ীর পশ্চাদ্দিকে একটি সরু ঘোরানো লোহার সিঁডি আছে। তিনি দারোয়ানের অলক্ষ্যে ঐ সিঁড়ি বাহিয়া উপরে উঠিলেন এবং প্রার্থীদের দলে ভিড়িয়া ক্রমে বড় সাহেবের ঘরে হাজির হইলেন। সাহেব মাথা নীচু করিয়া এক দিক হইতে আবেদনপত্র সহি করিতেছিলেন; নরেক্রের পালা আসিলে जिनिश चार्तमनभवशानि मारहरवत्र मच्चर्थ श्रीतामन এवः मारहव महि क्रिया দিলেন। তথন শিতমুখে তিনি সন্মুখের সিঁড়ি দিয়া নামিয়া আসিয়া দারোয়ানকে সগর্বে দেখাইলেন—তিনিও অস্থাতি পাইয়াছেন। অবাক হইয়া হিন্দুস্থানী দারোয়ান জিজাসা করিল, "তুম ক্যায়সা উপর গ্রা থা?" সকৌতুকে নরেন্দ্র বলিলেন, "হাম জাত্ জানতা" এবং দারোয়ানের প্রতি কৃটিল কটাক্ষপাত করিয়া সাধীদের সহিত সানন্দে জাহাজ দেখিতে চলিলেন।

আরও ছেলেবেলার আর একটি ঘটনায় নরেন্দ্রের সাহস ও বিচারপ্রবণতার পরিচয় পাই। নরেন্দ্রের এক সহপাঠীর বাডীতে একটি চাঁপাফুলের গাছ ছিল। মাঝে মাঝে তিনি দেখানে গিয়া চাঁপা গাছের ভালে পা বাঁধাইয়া হাত ছাড়িয়া মাথা নীচু করিয়া দোল খাইতে ভালবাসিতেন ! একদিন ঐরপ করার সময় বাড়ীর কর্তা এবং সহপাঠীর বৃদ্ধ ঠাকুরদাদা রামরতন বহু মহাশয় ৽ নরেনের গলার আওয়াজ পাইয়া চাহিয়া দেখিলেন এবং ঐটুকু ছেলে পড়িয়া গিয়া হাত পা ভাঙ্গিতে পারে, তাচাড়া টাপা গাচের নরম ডাল সহজেই ভাঙ্গে বলিয়া গাছেরও ক্ষতি হইতে পারে ইত্যাদি ভাবিয়া বান্তসমন্ত হইয়া বাডীর বহিরে মাসিলেন এবং নাতিশ্বানীয় ছোট ছেলেকে বৃদ্ধরা যেভাবে স্লেহভরে বুঝাইয়া থাকেন তেমনিভাবে নামিয়া আসিতে বলিলেন ও ভবিয়তে একপ করিতে বারণ করিলেন। নরেন্দ্র নামিয়া আসিলেন ঠিক, কিন্তু বৃদ্ধ তো তাঁহার পিতামহ-স্থানীয় এবং তাঁহার সহিত গোলামনে কথা বলা চলে। আবার নরেন্দ্রের যুক্তিবাদী মন শুধু আদেশে বা ঠাকুরদাদার স্নেহবচনে তো ভূলে না। তাই তিনি জিজ্ঞাসা করিলেন, "কেন ও গাছটায় চড়লে কি হয়?" এইরূপ কেত্রে কে যুক্তি দিতে যায় ? ভয় দেখানোই বরং স্বাভাবিক। বৃদ্ধ বস্থ মহাশয়ও তাই বলিলেন, "ও গাছে একটা বেন্ধদন্তি। আছে; তার ভয়ানক চেহারা। আর ধারা ও গাছে চড়ে, তাদের ঘাড় মটকে দেয়।" ঠাকুরদাদার এমন যুক্তিতে नरतक जुनित्नन ना-छिनि छेश ছেলে-जुनाना कथा वनिषार श्रहण कतिरानन, এবং বুদ্ধ চলিয়া গেলে আবার গাছে চড়িতে উন্মত হইলেন ও মনে মনে ভাবিলেন, অন্ধদ্তিয় যদিই বা আদে, উহার গায়ে পুথু ফেলিয়া উহাকে अन করিবেন। সাথী কিন্তু বলিল, "না ভাই, অমন কর্ম করিসনি, তাহলে সে তোর ঘাড় মটকাবে।" ইহাতে নরেন্দ্র উচ্চহাস্ত করিয়া বলিলেন, "তুই ছেঁ।ড়াও

१। ইনি

 রিরামকৃক্ত-মঠের পুরুলাদা খামী বিরক্তানন্দেরও ঠাকুর দাদা। ই হাদের বাড়ী
 তথন ঐ পাডাতেই ছিল।

বেমন গাধা! একজন একটা কথা বলে গেল, আর অমনি তা বিশ্বাস করতে হবে ? যদি তোর ঠাকুরদা বুড়োর ঐ বেশ্বদত্যির কথা সত্যি হত, তাহলে অনেকক্ষণ আগেই আমার ঘাড় মটকে যাওয়া উচিত ছিল।"

প্রত্যুধের উচ্জল রক্তিমাভা দেখিয়া ভাবী দিবদ সম্বন্ধে একটা অল্রাম্ভ ধারণা করা চলে; শৈশবের গুণাবলী দর্শনে ভাবী মঙ্গলময় জীবনেরও একটা অ্লর পূর্বাভাদ পাওয়া দস্তব। অন্ততঃ নরেন্দ্রনাথ সম্বন্ধে একথা নিবিবাদে বলা চলে। নরেন্দ্রের ছিল অঠাম অ্লর দেহ, চক্র্যুগল আয়ত ও উচ্জল, বর্ণ গৌর, প্রতি অঙ্গ লাবণ্যমণ্ডিত, আর সমন্ত বদনমণ্ডলে প্রতিভার দীপ্তি—দেখিলেই ভালবাদিতে ইচ্ছা হইত। মন ছিল তাঁহার শত চাক্ষকল্পনায় পূর্ণ, হৃদয় ক্ষেহদিক্ত, বৃদ্ধি ক্ষ্রধার, দাহদ অনিত, উদ্ভাবনী শক্তি অচিম্বনীয়, কার্যক্ষমতা অদীম, উৎসাহ অদমা। আর সর্বোপরি ছিল তাঁহার ভগবত্ন্যুথতা; জন্ম হইতে তিনি ধ্যানদিন্ধ—আত্মজ্যোতিতে দলা নিমগ্ন। পূজা, প্রার্থনা, আত্মাহ্মন্ধিংসাতে তাঁহার আবাল্য ক্রচি ও অধিকার। এই লোকোত্তর মহাপুক্ষবের জীবনীর অহুধ্যান করিলে আমরা দেখিব, এই দকল কথা অতিরঞ্জিত না হইয়া বরং সত্তার তুলনায় অতি শ্লান।

প্রভাতের ইঙ্গিত

শিশুর বুদ্ধিবিকাশ পিতামাতার ক্রোড়ে বসিয়াই হয়। বিশেষত: নরেন্দ্রের পিতামাতার ছিল অপূর্ব উদার চিত্ত ও জ্ঞানসমৃদ্ধ প্রগতিশীল মন। এই কেত্রে এই কথা আরও সতা। রামায়ণ ও মহাভারতের কাহিনী, হিন্দুদের দেবদেবীর কথা ও ভারতের সাংস্কৃতিক ঐতিহের স্বরূপ তিনি ঐ শৈশবের আদর-ভালবাসার মাধ্যমেই আয়ত্ত করিতে আরম্ভ করেন। তাঁহার স্থকুমার মনে ঐ সকলের গভীর রেথাপাত হইয়াছিল বলিয়াই উত্তর কালে তিনি বস্কৃতা-প্রসঙ্গে ঐ সকল কথা উত্থাপন করিয়া এবং আবেগভরে স্থললিত ভাষায় বিরুত করিয়া শ্রোতৃরুদকে মুগ্ধ করিতেন। রামায়ণ তাঁহার এইরূপ আয়ুদ্ধ इहेब्राहिन रा. একবার বাডীর নিকটে একদল রামায়ণ-পায়ক পালাবিশেষ গাহিবার সময় কয়েকটি পংক্তি ভূলিয়া গিয়া অন্তন্ধভাবে গাহিতে থাকিলে নরেক্র সেই পদগুলির বিশুদ্ধ উদ্ধৃতি দিয়া তাঁহাদের নিকট হইতে সমাদর ও কিঞ্চিং মিষ্টার লাভ করেন। তাঁহার মহাভারত পাঠ-দদদ্বেও একটি মর্মস্পর্নী ঘটনা জানিতে পারা যায়। ১৮৬১ খুটান্দে দত্তবাড়ীর তদানীস্তন কর্তাও নরেন্দ্রনাথের খুল্লপিতানহ কালীপ্রসাদ দত্ত মহাশয় মৃত্যুশবাায় শায়িত ছিলেন। অন্তিমকালে তাঁহার একটি শেষ বাসনা জাগিল-মৃত্যুর পূর্বে তিনি বালক-বালিকাদের কাহারও মুখে মহাভারত-পাঠ শুনিবেন। কিন্তু লক্ষাবশত: কেহট পাঠ করিতে অগ্রসর হইল না। অগত্যা রুদ্ধের ইচ্ছা পূর্ণ করার জ্ঞ্জ নরেজ্ঞনাধ কুত্র হত্তময়ে বুহদাকার মহাভারত লইয়া বুদ্ধের সমীপে উপস্থিত হইলেন এবং পরিষার কঠে কয়েক পাতা পডিয়া শুনাইলেন।' পরলোকের প্রতি প্রসারিত-দৃষ্টি বুদ্ধ তাঁহার এই কুলতিলকের কার্বে উল্লেশিত হইয়া আশীর্বাদ করিলেন, "ভাই, কালে তুই নিশ্চয়ই মন্ত লোক হবি।" শিশু বীরেশর যথন পদ্মার**ছেন্দে** নাকি-হুরে পাঠ করিতেন—'ভারুণে লইয়া কছে বিনতানন্দন" ইত্যাদি, তখন ওনিতে খুবই আনন্দ হইত।

এই ঘটনার কিঞ্চিং পূর্বে নরেক্সনাথ বিদ্যাশিক্ষার জন্ম পাঠশালার ভর্ডি

১। 'वामी विरवकानक'— क्षत्रव नाव वळ ।

মহেন্দ্ৰনাথ দন্তের মতে, গুখু শেব বৃহুঠের পূর্বে নহে, তারও আগে কালীপ্রসাদ বীরেশ্বের মুখে করেক দিন ধরিরা সমগ্র রামায়ণ-পাঠ গুনিয়াছিলেন। পাঠকালে জুবনেবরীও উপস্থিত বাকিতেন ১ ('বামী বিবেকানন্দের বাল্যকীবন,' ১৯ পৃঃ)।

হইয়াছিলেন। পাঠশালায় ঘাইবার আগে দত্তবংশের কুলপুরোহিত আসিয়া মাটিতে রামথড়ির আঁকর কাটিয়া নরেব্রুকে শিখাইলেন—এটা "ক", এটা "খ"। নরেক্তও বলিলেন, এটা "ক", এটা "খ"। তারপর কোরা ধৃতি পরিয়া থাঁগের কলম লইয়া পাঠশালায় গেলেন। কিন্তু বিভালয় এক অপূর্ব স্থান— সেধানে অচেনা, অজানা, দামাজিক বিভিন্ন স্তরের কত ছেলেই না দমবেত হয়! তাহাদের কথাবার্তা, চলন-বলনও দব নৃতন ধরনের। ইহার ফলে নরেন্ত্র তুই-চারি দিনের মধ্যেই অভিধান-বহিভূতি এমন কতকগুলি শব্দ শিখিয়াফেলিলেন যে, জনক-জননী তাঁহাকে আর এরপ বিভালয়ে রাখা সমীচীন মনে করিলেন নাঃ বাড়ীতে নিজেদের পুজাদালানে একটি ছোট-খাটো পাঠশালা খুলিয়া সেখানে श्वक्रमहानारम्बद हत्छ भूजारक ममर्भन कतिरालन। ताहिरतद भाठेनालाम निमा ন্তন দলী পাইয়া নরেন্দ্রের যে আনন্দ হইয়াছিল, তাহার অভাবও এথানে অনেকটা পূর্ণ হইল; কারণ নৃতন পাঠশালায় অনেকগুলি আত্মীয় বালকও যোগ দিল। নরেন তথন ছয় বৎসরে পড়িয়াছেন। এইভাবে বিভালয়ের শিক্ষা चात्रछ इंग्रेल भारपत निकृषे नरतन य खाना क्र कतिरु हिलन, जाश वह হইল না; আর পুঁথিগত বিভা হিদাবে বাংলা বর্ণপরিচয় এবং প্যারীচরণ সরকারের ইংরেজী ফার্টবুক তিনি মায়ের কাছে বসিয়াই আয়ত্ত করিলেন।

নরেন্দ্রনাথের পাঠাভ্যাদের একটা নিজস্ব রীতি ছিল। গুরু মহাশয় পার্ষে বিষয় প্রতিদিনের পাঠ পড়িয়া ষাইতেন। আর নরেন্দ্র চক্ বৃদ্ধিয়া শুইয়া গুইয়া গুইজ। শুইয়া গুইজ। শুইয়া গুইজ। শুইয়া গুইজ। শুইয়া গুইজ। শুইয়া গুইজ। শুইয়া গুইজ রামচন্দ্র দত্ত মহাশয়ের পিতা নৃসিংহ দত্তের নিকট শয়ন করিতেন। বৃদ্ধ দত্ত মহাশয়ের কিঞ্চিৎ সংস্কৃতজ্ঞান ছিল, আর ঠাঁহার বিশাস ছিল যে, কঠিন বিষয়গুলি বাল্যকালেই শিথাইলে ছেলেরা উহা সহজ্ঞে শিথিতে পারে। এই বিশাদের বশবর্তী হইয়া তিনি রাজে নরেন্দ্রকে কাছে পাওয়ার স্বয়োগে পিতৃপ্রস্করের নামাবলী, দেবদেবীর স্থোজ ও মৃগ্ধবাধ ব্যাকরণের স্তয়গুলি গাঁহাকে মৃধে মৃধে শিথাইতেন। মাতা, আল্লীয়বর্গ ও গুকুমহাশয়ের কুপায় এইরূপে বাংলা ভাষা ও সংস্কৃতে নরেন্দ্রের জল্ল বয়পেই র্থের বৃংপত্তি জ্লিয়য়ছিল।

২। ইহা প্রমণবাব্র মত । 'লীলাপ্রসল'-কারের মতে নরেক্র সন্ধাকালে নৃসিংহ ছত্তের ক্রোড়ে বসিরা ঐ সব অভ্যাস করিতেন। (৫ম ৭৩, ৬৫ পু:)।

১৮৭১ খুঁটান্থে অন্তম্বর্ধ বয়:ক্রমকালে তাঁহাকে বিভাসাগর মহাশয়ের মেট্রো-পলিটান ইন্টিটিউশনের নবম শ্রেণীতে ভতি করিয়া দেওয়া হইল। বিভালয়েট তথন স্থাকিয়া ফ্রিটে ছিল; সেথানে এখন লাহাদের বাড়ী হইয়াছে। বিভালয়ের শিক্ষবর্গ এবং অপরাপর সকলে শীন্ত্রই তাঁহার বুদ্ধিমন্তায় তাঁহার প্রতি আফুট হইলেন। কিন্তু এক কঠিন সমস্যা উপস্থিত হইল; তিনি ইংরেজী ভাষা শিখিতে একান্ত অনিচ্ছা প্রকাশ করিলেন। সকলে কত বুঝাইলেন—"আজকাল ইংরেজী শিক্ষা করা দরকার। না শিখিলে চলে না"; তবু নরেক্রের প্রতিজ্ঞা টলিল না। বৃদ্ধ নুসিংহ দত্ত মহাশয়ও বুঝাইলেন, কিন্তু সফলকাম হইলেন না। এইভাবে কয়েক মাস গত হইলে নরেক্র কি মনে করিয়া দত্ত মহাশয়ের কথায় সম্মত হইলেন, এবং এই নবীন ইচ্ছার সঙ্গে সঙ্গের এনন নবোৎসাহে ঐ ভাষা শিখিতে লাগিলেন যে, সকলে দেখিয়া অবাক। ইতিহাস ও সংস্কৃতভাষাও তিনি উত্তমরূপে শিথয়াছিলেন; কিন্তু অঙ্কে ছিল তাহার বিরাগ। তাহার পিতারও ভাব ঐ বিষয়ে অফুরুপ ছিল; তিনি বলিতেন, "ও তো মুদির দোকানের বিত্য।"

থেলাধূলার প্রতি নরেক্সনাথের আশৈশব একট। স্বাভাবিক প্রীতি ছিল। লেথাপড়ার জন্ম তাঁহাকে থ্ব বেশী সময় দিতে হইত না, তাঁহার প্রতিভার পক্ষে দৈনিক ছই-এক ঘণ্টা পড়াই ষথেই ছিল। বাকী সময় তিনি নৃতন নৃতন ক্রীড়াকৌতুক আবিক্ষারে ব্যন্ত থাকিতেন এবং থেলার সাথী পাইলেই সব ভূলিয়া উহাতে মাতিয়া থাকিতেন। জলখাবারের পয়সা জমাইয়া হয় মর্বেল কিংবা নৃতন ব্যাট্ বা বল কিনিতেন। ক্রিকেটে তাঁহার বেশ দক্ষতা ছিল। এই ভাবে সারা বছর কাটাইয়া পরীক্ষার দিন কয়েক পূর্ব হইতে পড়ায় অধিকতর মন দিতেন এবং সহজেই পরীক্ষায় উত্তীর্ণ হইতেন। বিভালয়ে প্রবেশের পরও এই ক্রীড়াপ্রবৃত্তি সমভাবে বর্তমান ছিল; অধিকত্ত গৃহে মাতার নিকট তিনি বেমন চঞ্চল শিশু ছিলেন, বিভালয়েও তেমনি চাঞ্চল্য প্রকাশ করিতেন।

 [।] ভূপেক্র নাথ দত্তের গ্রন্থে (Swami Vivekananda, P 153) প্রকাশিত মেট্রোগলিটান
ইন্টিটিউশনের বেতনের একথানি রসিদ হইতে জালা বার, ১৮৭১ খৃষ্টান্দে নরেক্রনাথ ক্লাশ নাইন্থের
ইংরেজী বিভাগে ভর্তি হন। তথন প্রধান শিক্ষক ছিলেন, প্রানয়চক্র রার।

^{ঃ।} ইহা একটা সামরিক ভাব বলিয়া মনে হয় ; কারণ আগরা জানি, তিনি ইহার পূর্বেই বাতার নিকট ইংরেজী শিখিতে আরম্ভ করেন।

শিক্ষকদের মতে তিনি পড়িবার বেকে বসিতেন না বলিলেই চলে। বসা ও
দাড়ানোর মধ্যে যত রকম ভঙ্গী কল্পনা করা চলে, তাঁহাকে সর্বদা তাহারই কোন
একটিতে পাওয়া যাইত। তপন তিনি ইজের পরিয়া বিভালয়ে যাইতেন।
এই অন্থিরতার পরিণতিন্থরূপ দেখা যাইত, উহার কোন না কোন অংশ রোজই
ছি ভিয়া গিয়াছে। আবার সময় পাইলেই—বিভালয়ের জলযোগের ছুটি হইলেই,
তিনি ক্রীড়াক্ষেত্রে অবতীর্ণ হইতেন, আর সঙ্গীদের দলে ভিড়াইয়া লইতেন।
যথন থেলিতেন তথন আর কোন দিকে হঁশ থাকিত না, আর কোন চিন্তা মনে
স্থান পাইত না। মার্বেল, ছুটাছুটি, হুটোপাটি, লাফানো, ঘুষোঘুষি এইসব থেলা
তাহার সর্বাধিক প্রিয় ছিল। আর এই সকলে তিনিই ছিলেন অগ্রণী। পরদিন
কি থেলিবেন তাহার প্রোগ্রাম আগের দিনেই ঠিক করিয়া রাথিতেন। তেমন
স্বযোগ ঘটিলে বিভালয়কক্ষও সময় সময় ক্রীডাভ্নিতে পরিণত হইয়া যাইত।

বালকদের মধ্যে বিবাদ উপস্থিত হইলে তিনি মধ্যস্থতা করিতেন, অপর সকলে তাহা মানিয়াও লইত। তুই দলে মারামারি উপস্থিত হইলে তিনি মধ্যে পড়িয়া উভয় দলকে পৃথক করিয়া দিতেন; কখনও বা এইরূপ করিতে গিয়া প্রতিপক্ষদের তুই-এক ঘা প্রহারও অকন্মাং অনভিন্সীতরূপে তাঁহার দেহে আসিয়া পড়িত। আবার তিনি মৃষ্টিযুদ্দে স্থাশিক্ষত ছিলেন বলিয়া এইরূপ পরিস্থিতিকে আয়ত্তে আনিতে খ্ব বেশী বেগ পাইতে হইত না। নিজে তিনি মারামারি ভালবাসিতেন না, এবং তাই কোন প্রতিষ্কেশী-দলেও ভিড়িতেন না। কিছু সত্যনিষ্ঠা, সাহস, নৃতন উপায় আবিষ্কার, ঝিক লওয়া ইত্যাদি সদ্গুণের জন্ম ছেলেরা তাঁহাকে স্বতই সমীহ করিয়া চলিত। পরবর্তী কালে তিনি কিছাদের বলিয়াছিলেন, "ছেলেবেলায় আমি বড় ভানপিটে ছিলুম, তা না হলে কি আর একটা কানা-কড়ি সঙ্গে না নিয়ে ত্নিয়াটা যুরে আসতে পারতুম রে গ্রী

বৃদ্ধিমন্তা যথেষ্ট থাকায়, স্বভাবতই পাঠে তাঁহার খ্ব বেশী মন দিবার প্রয়োজন হইত না। তাই অবসর কাটাইবার জন্ত সাথীদের সহিত গল্প জুড়িয়া দিতেন; ইহাতে মাঝে মাঝে অবান্ধিত অবস্থার উত্তব হইত। হয়তো শিক্ষক আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন; কিন্তু নরেন্দ্রের গল্প তথনও শেষ হয় নাই—তিনি নিজের কোন ছাইামির কথা বা রামায়ণ-মহাভারতের কোন চিন্তাকর্ষক কাহিনীর অবতারণা করিয়াছেন এবং ছেলেরা পাঠ ভুলিয়া তাহাই শুনিভেছে এমন সময় ফিস্কিস্ শব্দে বিরক্ত হইয়া শিক্ষক হঠাৎ ছেলেদিগকে পাঠের কথা

জিজ্ঞাসা করিতে থাকিলেন। উত্তর দিতে না পারিয়া সকলে চুপ করিয়া রহিল। কিন্তু নরেনের মন যেন ছিল তুম্থো—তিনি গল্পেও মাতিতেন, আবার শিক্ষকের কথাও শুনিতেন; অথবা গল্পের ফাঁকে ফাঁকে শিক্ষকের যে তুই-চারিটি কথা কর্ণকুহরে প্রবেশ করিত, তাহা হইতেই পাঠা বিষয়টি বৃঝিয়া লইতেন। কাজেই শিক্ষক যথন পালাক্রমে নরেক্রকে পাঠের বিষয় জিজ্ঞাসা করিলেন, তিনি অক্রেশে যথাযথ উত্তর দিলেন। শিক্ষক তথন জিজ্ঞাসা করিলেন, পাঠের সময় কে কপ্না কহিতেছিল। উত্তরে যথন সকলেই নরেনের দিকে অঙ্কুলিনির্দেশ করিল, তথন তিনি বিশাদই করিতে পরিলেন না। অতএব তিনি নরেন ব্যতীত সকলকে শান্তিম্বরূপ দাঁডাইয়া থাকিতে বলিলেন, সঙ্গে নরেনও দাঁডাইলেন। শিক্ষক বলিলেন, "তোমাকে দাঁডাতে হবে না।" নরেন কিন্তু বলিলেন, "না, আমাকেও দাঁড়াতে হবে, কারণ আমিই তো কথা বলছিলাম।" তিনি দাঁডাইয়াই রহিলেন।

আর একটি ঘটনা হইতে আমরা জানিতে পারি, তিনি কিরূপ নির্ভীক ছিলেন এবং বলপূর্বক তাঁহার মত পরিবর্তন করানো কত কঠিন ছিল। বিভালয়ের একজন শিক্ষক বড ক্রোধপরায়ণ ছিলেন, এবং প্রয়োজন বোধ করিলেই ছাত্রদিগকে কঠিন দৈহিক দণ্ড দিতেন। একদিন ঐ শিক্ষক যথন একটি বালককে তাহার কিস্তৃত্তিমাকার ব্যবহারের জন্ম প্রহার করিতেছিলেন, তথন তাঁহার এই অকারণ উন্মত্ততা, বিকট মুখভন্নী ইত্যাদি দেখিয়া নরেক্স ্হাস্ত্রসংবরণ করিতে পারিলেন না। ইহার ফলে শিক্ষকের সমস্ত ক্রোধ নরেনের উপর গিয়া পড়িল, এবং তাঁহাকে প্রহার করিতে করিতে তিনি বলিতে াগিলেন, "বল, আর কখন আমার দিকে হাসবি না।" নরেন এইরূপ বলিতে 🌬 স্বীকৃত হওয়ায় শিক্ষক প্রহারের মাত্রা বাড়াইয়া দিলেন এবং ছুই হাতে কান মলিতে লাগিলেন, এমন কি কান ধরিয়া উচু করিয়া তাঁহাকে বেঞ্চের উপর দাঁড় করাইয়া দিলেন, ইহাতে একটি কানের চামড়া ছিড়িয়া গিয়া রক্তপাত হইতে লাগিল। তথনও নরেন ঐরপ প্রতিভা করিতে অসমত হইলেন, বরং ক্রোধভরে বলিতে লাগিলেন, "আমার কান মলবেন না! আমাকে মারবার স্থাপনি কে? স্থামার গায়ে হাত দেবেন না।" ইত্যাদি। এমন সময় ্সৌভাগাক্রমে ঈশ্বচন্দ্র বিভাগাগর মহাশয় দেখানে আসিয়া পড়িলেন। নরেন ফোঁপাইতে ফোঁপাইতে সমন্ত ঘটনা তাঁহাকে নিবেদন করিলেন, এবং পুত্তকগুলি

হাতে তুলিয়া বলিলেন, তিনি বরাবরের মতোসে বিভালয় ছাড়িয়া বাইতেছেন। বিভালাগর তাঁহাকে নিজ কক্ষে লইয়া গিয়া বহু সান্ধনা দিলেন। পরে এই প্রকার শান্তিবিধান সম্বন্ধে আরও অফ্সন্ধানের পর এই আদেশ প্রচারিত হইল—বিভালয়ে ঐরপ শান্তি দেওয়া চলিবে না। এদিকে বাড়ীতে ভ্বনেশ্বরী যথন ঘটনার বিবরণ শুনিলেন, তথন তিনি হৃঃথ ও ক্ষোভে বিহ্বল হইয়া বলিলেন, ছেলেকে তিনি আর এমন বিভালয়ে যাইতে দিবেন না। নরেক্সনাথের মন কিন্তু তথন শান্ত হইয়া গিয়াছে। তিনি পূর্বেরই মতো ঐ বিভালয়ে যাইতে লাগিলেন। তাঁহার কান সারিতে ক্যেক দিন লাগিয়াছিল।

খেলাধূলা ও লেখাপড়ার দকে দকে তাঁহার চরিত্রের আরও বছদিক এই সময়ে বিকশিত হইতে থাকে। সঙ্গীতের প্রতি তাঁহার একটা জন্মগত ও আভাবিক আকর্ষণ ছিল। ভিথারী গায়ক দল যখন ছারে দাঁড়াইয়া খোল বাজাইয়া গান গাহিত, তখন তিনি সাগ্রহে তাহা শুনিতেন। পাড়ার কোথাও রামায়ণাদি গান হইলে তিনি দেখানেও উপস্থিত হইতেন। এই সময়ে তিনি রন্ধনবিভ্যাও আয়ত্ত করেন। সাথীদের লইয়া ক্রীড়াচ্ছলে তিনি রন্ধনের সমস্ত সরঞ্জাম যোগাড় করিতেন। তাহাদের নিকট টাদাও লইতেন; কিন্তু অধিকাংশ বায় নিজেকেই বহন করিতে হইত। প্রধান পাচক হইতেন তিনি, রায়াও হইত চমংকার; যদিও তিনি লক্ষা ব্যবহার করিতেন একটু বেনী।

একঘেয়েমি তাঁহার অসহ ছিল, স্বতরাং নিত্য নৃতন আনন্দের উপায় উদ্ভাবন করিতে হইত। তবে এখানে ইহাও বলিয়া রাধা আবশুক যে, তাঁহার জীবনে এমনই একটা প্রক্বতিগত পবিত্রতা ছিল এবং পরিবারের স্থাশিকা এমনই উত্তম ছিল যে, তাঁহার পা কথনও বেচালে পড়িতে পারিত না, সাধীদের মধ্যে অবাহ্ণনীয় কেহ থাকিলেও সে তাঁহাকে প্রভাবিত করিতে সমর্থ হইত না। বাহা হউক অনাবিল আনন্দের সন্ধানে ব্যস্ত থাকিয়া তিনি এক সময়ে একটি সথের থিয়েটার-দল গড়িয়া তুলেন ও স্বগৃহের পূজা-দালানে কয়েকবার অভিনয় করেন। কিন্তু একজন কাকা এই বিষয়ে আপতি তোলায় থিয়েটারের স্টেজের পরিবর্তে বাড়ীর প্রাক্ষণে এক ব্যায়ামের আথড়া প্রস্তুত হয়্ব এবং বন্ধুরা সেধানে নিয়্মিত ব্যায়াম আরম্ভ করেন। সেধানে আবার এক খুড়তুতো ভাই ব্যায়াম করিতে গিয়া হাত ভাকিয়া কেলিল; ভাই ঐ কাকা ব্যায়ামের ব্যায়ামকেরটি বন্ধ ইইয়া গেল এবং নরেক্স-

নাথ অতঃপর প্রতিবেশী নবগোপাল বাবুর জিম্ন্যাষ্টিক্-এর আধড়ায় বোগ मिलन । नवरंशांभान वार् ছिलन हिन्तूरमनात अवंक । हिन्तूरमत मर्वाकीन উন্নতিকামী। নরেক্স উপযুক্ত স্থান পাইয়া শরীরচর্চায় মন দিলেন। আবড়াটি কর্ণ ওয়ালিস খ্রীটের উপর অবস্থিত ছিল। আথড়ার সভারপে নরেক্সনাথ লাঠিখেলা, অসিচালনা, নৌকাচালনা, সম্ভরণ, কুন্তি এবং অক্যাক্স বাায়ামে পারদর্শিতা লাভ করেন। একবার ব্যায়াম-প্রদর্শনীতে তিনি মৃষ্টিযুদ্ধে প্রথম পুরস্কারস্বরূপ একটি রূপার প্রজাপতি পাইয়াছিলেন ৷ পাঠিপেলায়ও তাঁহার বেশ উৎসাহ ছিল। আথড়ায় এবং আথড়ার বাহিরে কয়েকজন মুসলমান উন্তাদের সাহায়ে তিনি ঐ বিভা বিশেষ আয়ত্ত করেন। তাঁহার বয়দ ধখন দশ বংদর ও তিনি মেট্রোপলিটান স্থলে পড়েন, তথন এক মেলা উপলক্ষে জ্বিমন্তাষ্ট্রিকের থেলা দেখানো হয়। দর্শক হিদাবে নরেন্দ্র দেখানে উপন্থিত ছিলেন। অক্রাঞ্চ খেলার পরে লাঠিখেলা চলিতে থাকিলে যখন উৎসাহ কমিয়া আদিয়াছে, তখন নরেক্স হঠাং বলিলেন, থেলোয়াড়দের মধ্যে যে কেহ তাঁহার প্রতিপক্ষেণাডাইতে চাহেন, তিনি তাঁহারই সহিত ধেলিতে প্রস্তুত। থেলোয়াড়দের মধ্যে যিনি স্বাধিক বলবান ছিলেন, তিনিই আগাইয়া গেলেন এবং ঘোর ঠকাঠক শক্ষে প্রতিদ্বন্দিতা আরম্ভ হইল। নরেন্দ্র অপেক্ষা অপর ব্যক্তি বয়স ও শক্তিতে প্রবলতর বলিয়া ফলাফল একরূপ অবধারিতই ছিল। তথাপি বালকের কৌশল ও সাহস দর্শনে মুত্র্ভ: সাধুবাদ বর্ষিত হইতে লাগিল। এদিকে নরেক্স পাঁয়তারা ক্সিতে ক্সিতে হঠাৎ স্থকৌশলে ও সশব্দে প্রতিপক্ষকে এমন এক প্রচণ্ড আঘাত করিলেন যে, তাঁহার হাতের লাঠি দ্বিপণ্ডিত হইয়া মাটিতে পড়িয়া পেল। নরেন্দ্রের শিক্ষা সার্থক হইল। তিনি জ্বিতিলেন এবং দর্শকরুন্দের चानत्मत्र चर्राध त्रश्मिन। (প্রমথনাথ বস্থ, পৃ: ११-१৮)।

আলক্সবিম্থ নরেক্রের জীবন সর্বদাই কর্মবছল ছিল। ব্যায়ামাদির অবসরে তিনি অপুত্র ম্যাজিক লগ্ননের ছবি দেখাইতেন। পিতা তাঁহাকে একটি টাটু ঘোড়া কিনিয়া দিয়াছিলেন। তিনি অপ্রচালনায় স্থদক হইয়াছিলেন। প্রতি সন্ধার ঘোড়ার চড়িয়া বেড়াইতে যাওয়া তাঁহার একটা স্থ ছিল।

এই প্রদর্শনীতে মধমলের উপর স্থাক স্চীকর্মের অন্ত নরেক্রের এক ভাগিনী প্রথম প্রক্রার
পাইরাজিলেন।

তিনি পাড়ার সকলের আদরের পাত্র ছিলেন—সকলেরই প্রতি ছিল তাঁহার ঐকান্তিক আত্মীয়তাবোধ। তিনি তাহাদিগকে বলিতেন মামা, খুড়ো, জ্যেঠা, পিসী, মাসী, মা ইত্যাদি, অথবা দাদা, দিদি, ভাই, বোন ইত্যাদি। প্রত্যেকের বিপদ আপদের সময় তিনি তাহাদের সাহায্য করিতেন। আবার অনেক সময় তাঁহার হাস্তকোতৃকে ও ঘুটামিতে অতি গস্তীর প্রকৃতির ব্যক্তিরাও হাসিয়া আটখানা হইতেন। সব গৃহেই ছিল তাঁহার অবাধ প্রবেশের অধিকার এবং তাঁহার নিজের দিক হইতে কোথাও যাইতে কোন সন্ধোচ ছিল না।

পুর্বেই বলিয়া আসিয়াছি, নরেন্দ্র নিয়মিত ভাবে শরীরচর্চার জন্ম নবগোপাল বাবুর আথডায় যাইতেন। নবগোপাল বাবুও নরেক্রের উৎসাহ ও কার্যক্ষমতা দেখিয়া আথড়ার বিধিবাবস্থার ভার তাঁহার ও তাঁহার বন্ধুদের হাতে ছাড়িয়া দিয়াছিলেন। একদিন বালকগণ সকলে মিলিয়া একটা ভারী ট্র্যাপিজ খাটাইবার স্বায়োজন করিতেছিল। মজা দেখিবার জন্ম সেথানে একটা ছোটখাট ভিড জ্ঞমিলা গিয়াছিল। ভিড়ের মধ্যে একজন ইংরেজ্ঞ নাবিকও ছিল। নরেজ্ঞ ঐ নাবিককে সাহায্যের জন্ম ডাকিলে সে সানন্দে অগ্রসর হইল। কিন্তু ট্যাপিজের শুটি তুইটি থাডা রাথিবার সময় দড়ি ছি'ড়িয়া উহা হঠাৎ পড়িয়া গেল এবং উহার একপদ উপরে উঠিয়া নাবিকের কপালে গুরুতর আঘাত করিল। সে অজ্ঞান হইয়া পডিয়া গেল এবং কপাল ফাটিয়া রক্ত পড়িতে লাগিল। একে দুর্ঘটনা, তাহাতে আবার ইংরেজ নাবিক আহত। তথনই একটা পুলিদের মামলা শুরু হইবে ভাবিয়া সকলে পালাইয়া গেল ; কিন্তু নরেন এবং তাঁহার চুই একজন বন্ধ পলাইলেন না। তাঁহারা রক্ত পরিষ্কার করিয়া নিজেদের কাপড় ছি ড়িয়া পট্টি বাঁধিলেন, নাবিকের মূথে জলদেচন ও বীজন করিয়া সংজ্ঞা ফিরাইয়া আনিলেন এবং তাহাকে নিকটবর্তী ট্রেনিং একাডেমি বিভালয়ে লইয়া গিয়া ভাক্তার ভাকিয়া আনিলেন, নবগোপাল বাবুকেও খবর দিলেন। সপ্তাহব্যাপী ভশ্রষাদির পর নাবিক সম্পূর্ণ স্বন্থ হইলে নরেন্দ্রনাথ কিছু চাদা তুলিয়া তাহাকে সাহাষ্য করিলেন ও প্রীতমনে বিদায় দিলেন।

তাঁহার বয়ক্তপ্রীতির বহু দৃষ্টাস্ক আমরা ইতিমধ্যে পাইয়াছি। সাধীদের প্রত্যেকেই ভাবিত, নরেন তাহাকেই সর্বাধিক ভালবাদেন, তাই তাহারাও তাঁহাকে প্রাণ ঢালিয়া ভালবাসিত। বস্তুত: বাল্যজীবনের যত প্রকার গুণরাশি সমবয়স্কদের হৃদ্য আকর্ষণ করে, তাহার সবগুলিই নরেক্সজীবনে পূর্ণক্রণে

বিরাজিত ছিল। অশ্রাম্ভ কর্মচঞ্চলতা, ক্রীড়ানৈপুণা, ঘৃষ্টামি ইত্যাদির সঙ্গে পরিহাসাদিতেও তিনি পটু ছিলেন। ক্লাশের প্রত্যেক বালকের জন্ম তিনি ম্বৰপোলকল্পিত বা পুরাণাদি হইতে লব্ধ উদ্ভট নামের সৃষ্টি করিয়া ভাহাকে ঐ নামেই ডাকিতেন। তাহারাও ইহাতে একটা আত্মীয়তারই স্পর্শ পাইয়া তপ্ত হইত। আবার সচ্চরিত্রও তাঁহার একটা মন্ত সম্পদ ছিল। ধর্মের জন্ম একটা ব্যাকুলতা তাঁহার জীবনে দর্বদা পরিলক্ষিত হইত। বাহা্ক দৃষ্টিতে তাঁহাকে চঞ্চল, বিতাবিমূথ ইত্যাদি বলিয়া অনেকের ভ্রম হইলেও তাঁহার মেধা ও আত্মিক বিকাশের ধারা তথন আপন অব্যাহত গতিতেই প্রবাহিত হইতেছিল। আমরা পূর্বে টাপা গাছে দোল খাওয়ার প্রসঙ্গে যে রামরতন বহু মহাশয়ের কথা উল্লেখ করিয়াছিলাম, তাঁহারই পুত্র, অর্থাৎ নরেন্দ্রের সহপাঠীর পিতা নরেন্দ্রকে ক্ষেত্র করিতেন এবং তাঁহার মঙ্গলেচ্ছ ছিলেন। তাই একদিন তাঁহাকে ভাকিয়া বলিলেন, "তুমি ছোকরা বুঝি সমন্ত দিন বাড়ী বাড়ী ঘুরে এই রকম করে থেলে বেড়াও! কখনও পড়াভনা কর কি ?" নরেন্দ্র উত্তর দিলেন, "আছে ইয়া, আমি তুইই করি—থেলি, আবার পডিও।" উত্তরটি যে সত্য তাহা শীঘ্রই প্রমাণিত হইল ঐ জাতীয় আর একটি সন্দেহ ও সন্দেহভঞ্জনের মধ্য দিয়া। ঐ কথাবার্তার আল্ল পরেই পরীক্ষা আরম্ভ হইল—কবিতা-আবৃত্তি, ভূগোল, আহ ইত্যাদি সব विषयारे नात्रक চरेशरे छेखत निष्ठ नाशिलन। उथन शतीकक मक्कष्ट स्टेशा জিজ্ঞাদা করিলেন, "বেশ, বেশ! তোমাকে দেখে কে? তোমার বাবা তো नारशास्त्र ?" नरतस উखर मिरनन, "हा।, वाव। नारशास चारहन मछा ; कि মা তো এখানে আছেন, তিনিই যা করতে হবে বলে দেন, আর আমি নিঞ্চেই প্ড।" ভদ্রলোক প্রকাশ্তে কিছু না বলিলেও মনে মনে স্থির করিলেন, -এ ভবিশ্বতে নিশ্চয়ই উন্নতি করিবে। তদবধি তিনি বরাবরই নরেক্রের থোঁজ-পবর রাখিতেন।

সন্ন্যাদের প্রতি তাঁহার আবাল্য অমুরক্তির কথা আমরা বলিয়া আসিয়াছি।
নিজ শ্রেণীতে নৃতন ছেলে ভর্তি হইলেই তাঁহার প্রথম প্রশ্ন ছিল, ঐ বালকের
কোন আজীয়, বিশেষত: ঠাকুরদা সন্ন্যাদী হইয়াছেন কিনা। স্বয়োগ পাইলেই
সন্ন্যাদী হইতে হইবে, এ ইচ্ছা তাঁহার মনে থুবই জাগিত, আর বাল্যস্থলভ
আগ্রহভরে সহপাঠীদের বলিতেন, "বড় হয়ে আমি সন্ন্যাদী হব, অমুক অমুক
জায়গায় যাব ও এইসব করব।" আবার হাত দেপাইয়া সগর্বে বলিতেন,

"আমি সাধু হব, এতে আর ভূল নেই; আমার হাতে সন্ন্যাদী হবার খুব বড় একটা দাগ আছে।" সঙ্গে সঙ্গে অনেক সব রেগা দেখাইতেন—কে নাকি তাঁহাকে বলিয়াছিলেন, ঐগুলি সন্ন্যাসের রেগা! তারপর কথা চলিত, সন্ন্যাদীরা কোণায় থাকেন, কি পান, কি করেন। কল্পনাবলে নরেন্দ্রনাথ হিমালয়ের গিরিগুহা, বন-অরণ্য প্রভৃতি সন্ন্যাসোচিত বাসভূমির চিত্র সহপাঠীদের সন্মুখে তুলিয়া ধরিতেন। আর তাহারা অবাক হইয়া ভনিত—কৌশীনধারী জটাজ্টমণ্ডিত সন্ন্যাদীরা কিরপে ফলমূলাহারী হইয়া গিরিকন্দরে ভগবানের ধ্যানে মগ্র থাকেন।

বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে এই ক্রীড়াচঞ্চল বালকেরও প্রতিভা স্থুলঙ্কগতের অন্বর্থনী স্ক্রবিষয়গুলি ধরিবার জন্ম লালায়িত হইল; তাঁহার হাবভাবে ক্রমেই একটা পরিবর্তন আসিয়া পড়িল। এখন হইতে তিনি পুস্তকপাঠ, সংবাদপত্রপাঠ, সভাসমিতিতে উপস্থিত থাকা প্রভৃতি বিষয়ে অধিকতর আগ্রহ দেখাইতে লাগিলেন। তাঁহার স্থতি ও বোধশক্তি প্রগর ছিল বলিয়া সভার পরে বাড়ী ফিরিয়া তিনি বন্ধুদের নিকট বক্তৃতার সারমর্ম বলিতে পারিতেন এবং সময়বিশেষে সমালোচনাও করিতেন। তাঁহার বিচারশক্তি ও স্ক্রদৃষ্টি দেখিয়া সহপাঠীরা অবাক হইত এবং তর্কক্ষেত্রেও তাঁহার নিকট পরাজয় স্বীকার করিত। সৌন্দর্যবোধও ছিল তাঁহার অপূর্ব ও মৌলিক। একদিন এক বন্ধুকে পেশাদার গায়কের মতো গান করিতে শুনিয়া তিনি বলিয়াছিলেন, "স্থর ও তালই তো গানের একমাত্র বন্ধ নয়; গানের ভিতর একটা ভাবের প্রকাশ আবশ্রুক। কেউ নাকিস্থরে স্থর ভাজছে শুনলেই বৃঝি আনন্দ হয় ? গানের অস্তরে যে ভাবটা আছে তা গানের ভেতর দিয়ে ফুটে ওঠা দরকার, শব্দগুলি পরিষার উচ্চারিত হবে। আর স্থরতালের প্রতি ঠিক ঠিক দৃষ্টি রাখতে হবে। যে গান শ্রোতার মনে অস্করণ ভাব না জাগাতে পারে, সেই গান গানই নয়।"

তাঁহার জীবনে তথন খনেক ইক্সিয়াতীত অস্থৃতিও ঘটিত। তিনি বিনিয়াছিলেন, "ছেলেবেলা থেকেই সময়ে সময়ে কোনো ব্যক্তি, বন্ধ বা স্থান দেখে মনে হত, ওসব আমি পূর্বে কোখাও লেখেছি; কিন্তু তা চেট্টা করেও কিছুতে শারণ আনতে পারতাম না। কোনো স্থানে বন্ধুদের সঙ্গে হয়তো কোনো বিবরে আলোচনা করছি, তথন তাদের একজন হঠাৎ এমন একটা কথা বলেছে বা ভনেই আমার মনে হয়েছে—ভাই ভো, এই ঘরে এই সব লোকের সঙ্গে বে

আমি পূর্বেই আলোচনা করেছি এবং তখনও বে এই লোকটি এই কথাই বলেছিল! কিন্তু অনেক ভেবে-চিন্তেও এর কারণ স্থির করতে পারিনি। পরে বখন পূনর্জন্মবাদের সঙ্গে পরিচিত হলাম, তখন ভেবেছি, বোধ হয় এইসব ঘটনা আমার পূর্বের জন্মে ঘটেছে এবং তারই আংশিক স্থৃতি কখন কখন আমার মনে উদয় হয়। কিন্তু আরও পরে ব্রেছি, এইসব ব্যাপারের ঐক্বপ মীমাংসা যুক্তিন্তু নয়। এখন মনে হয়, এই জন্মে আমার যে সকল লোক বা বিষয়ের সঙ্গে পরিচিত হতে হবে, তা জন্মাবার পূর্বে চিত্রপরস্পরায় আমি কোনকপে দেখতে পেয়েছিলাম, এবং জন্মাবার পরে তারই স্থৃতি সময়ে সময়ে আমার মনে উদয় হয়ে থাকে।"

পরবর্তী ঘটনা তাঁহার আধ্যাত্মিক উপলব্ধির পরিচায়ক। নরেন্দ্রের পিডা কার্যোপলকে উত্তর ও মধ্য ভারতের অনেক স্থানেই যাইতেন। নরেন্দ্রের বয়স ষধন চতুর্দশ বংসর (১৮৭৭), অর্থাং ষধন তিনি মেট্রোপলিটান বিভালয়ের তৃতীয় শ্রেণীতে পডেন, তথন বিশ্বনাথ বাবু মধ্যপ্রদেশের রায়পুরে ছিলেন। ক্ষেক মাস সেধানে থাকার পর তিনি পরিবারবর্গকে নিজ স্কাশে লইয়া चारमन। एथन এलाहायान ७ कस्तलभूत हहेशा नामभूत भगस्य (हैन हलाहल করিত। গোশকট বাতীত নাগপুর হইতে রায়পুর পর্যন্ত **দীর্ঘণ**ও ভ্রমণের **আ**র কোন উপায় ছিল না, এবং পথ অতিক্রম করিতে এক পক্ষেরও অধিক সময় লাগিত। তবে রাস্তার শোভা ছিল অতি মনোরম। উত্তর পার্থেই সবুজ ঘন বনরান্ত্রি, পত্রপুম্পে স্থশোভিত। ইতন্তত: বনবিহঙ্গের কাকলি ও বিলীরব। কোথাও বা বক্তজন্ত একাকী বা দলবন্ধ হইয়া নিঃশন্ধ বিচরণ করিতেছে। आর মাঝে মাঝে গগনস্পর্লী পর্বতচ্ড়া বা কলকল নিনাদে প্রবাহিতা পর্বতনির্বরিশী। অরণাভূমির শোভা দর্শন করিতে করিতে নরেক্সনাথ শকটারোহণে ধীর মধর গতিতে চলিয়াছেন, এমন সময় গোষানসকল এমন এক স্থানে স্থাসিয়া উপস্থিত হইল, বেধানে প্রতশ্বরহ বেন প্রেমে অগ্রসর হইয়া বনপথকে এককালে স্পর্শ করিয়া রহিয়াছে। প্রকৃতির শোভার মুখচিত্ত নরেজনাথ পর্বতের দিকে চোখ রাখিয়াই চলিয়াছেন; অকস্মাৎ দেখিলেন, একদিকে পর্বভগাত্তের শিধরদেশ হইতে তললেশ পর্যন্ত একটি বিল্পুত বৃহৎ ফাটলের মধ্যে "মক্ষিকাকুলের বৃগ-যুগান্তরের পরিপ্রমের নিদর্শনস্বরূপ একবানি প্রকাণ্ড মধুচক্র লখিত রহিবাছে। **ख्यम विश्वदं मंत्र हहेबा त्महे मिक्कातात्वात चावि-चमास्वत क्या स्नावित्स**

ভাবিতে তাঁহার মন অনস্তের ভাবে এমন তলাইয়া গেল যে, কিছু কালের জস্ত বাহ্ন সংজ্ঞার একেবারে লোপ হইল।" তিনি কত কাল যে ঐভাবে পড়িয়া-ছিলেন, ব্ঝিতে পারেন নাই। যথন জ্ঞান হইল, দেখিলেন, বহুদ্র চলিয়া আসিয়াছেন। গোষানে তিনি একাই ছিলেন; অতএব এ কথা আর কেহ জানিতে পারে নাই। 'লীলাপ্রসঙ্গকার' লিখিয়াছেন, "প্রবল ক্র্নাসহায়ে ধ্যানের রাজ্যে আর্চ হইয়া এককালে তন্ময় হইয়া যাওয়া নরেক্রনাথের জীবনে ইহাই বোধ হয় প্রথম।"

বায়পুরে উপযুক্ত বিভালয় ছিল না; স্তরাং নরেক্সনাথ পিতার নিকট শিক্ষালাভ করিতেন। এই শিক্ষা শুরু পুঁথিগত ছিল না। পুত্রের বৃদ্ধি শুরণের জন্ম পিতা বিবিধ বিষয়ে আলোচনা করিতেন। এমন কি পুত্রের সহিত তর্ক জুড়িয়া দিতেন এবং ক্ষেত্রবিশেষে হার মানিতেও পশ্চাৎপদ হইতেন না। অধিকন্ত তথন বিশ্বনাথ বাব্র বাদায় অনেক বিদান ও বৃদ্ধিমানের সমাগম হইত এবং বিবিধ সাংস্কৃতিক বিষয়ে আলোচনা চলিত। নরেক্সনাথ নিবিষ্টমনে তাহা শুনিতেন ও স্থযোগ বৃদ্ধিয়া স্থলবিশেষে আপন মন্তব্য প্রকাশ করিতেন। তাঁহার বৃদ্ধিমতা ও জ্ঞানের বিস্তার দর্শনে বয়োবৃদ্ধরাও চমৎক্রত হইতেন; অতএব কেহই তাঁহাকে বালকজ্ঞানে অবহেলা করিতেন না। ঐসব আলোচনার প্রসক্ষেনতের একদিন বাঙ্গলার থ্যাতনামা গ্রন্থকারদের গভ ও পভ রচনা হইতে বছ উদ্ধৃতি দিয়া পিতার জনৈক স্থপতিত বন্ধুকে এমন চমৎক্রত করিয়াছিলেন ধে, প্রশংসাচ্ছলে তিনি বলিয়াছিলেন, "বাবা একদিন না একদিন তোমার নাম আমরা শুনতে পাব।" বলা বাছলা বে, উহা শুধু স্থেহসিক্ত অত্যুক্তি ছিল না—উহা ছিল এক অতি সত্য ভবিশ্বদাণী; নরেক্সনাথ বঙ্গসাহিত্যে চিরস্থায়ী দাগ রাখিয়া গিয়াছেন।

বালক নরেক্স বালক হইলেও আত্মসমান রক্ষা করিতে জানিতেন। শুধু বয়দ দেখিয়া কেহ তাঁহাকে অবহেলা করিতে চাহিলে তিনি তাহা বরদান্ত করিতে পারিতেন না। বৃদ্ধিবৃদ্ধিতে তিনি বস্তুতঃ যতটা বড় ছিলেন, অয়থা নিজেকে তদপেক্ষা উন্নত বা অবনত মনে করিবার কোন কারণ খুঁ জিয়া পাইতেন না, কিংবা অপরকে এরপ ভাবিবার অবকাশ দিবারও প্রয়োজন বোধ করিতেন না। একবার তাঁহার এক পিতৃবদ্ধু তাঁহাকে অয়থা তৃদ্ধতাদ্ধিলা করিতে থাকিলে নরেক্স ভাবিলেন, "কি আশুর্ব! আমার পিতাও আমাকে এত তৃদ্ধ মনে করেন না, আর ইনি কিনা তাই ভাবেন।" অতএব আহত ফণীর ক্রায় সোজা হইয়া তিনি পরিদ্ধার কঠে বলিলেন, "আপনার মতো অনেক আছেন, গারা মনে করেন, ছেলে-মাহ্ম হলেই বৃদ্ধিবিবেচনা থাকে না। এ ধারণা কিন্তু নিতাস্ত ভূল।" নরেন্দ্র অভ্যন্ত চটিয়া গিয়াছেন এবং তাঁহার সহিত আর বাক্যালাপ করিতেও প্রস্তুত নহেন দেখিয়া ভদ্রলোক অবশেষে ফ্রটি স্বীকার করিতে বাধ্য হইলেন। কঠোপনিষদে বালক নচিকেতার মধ্যেও এই জ্বাতীয় আত্মশ্রম দেখা যায়। তিনি বলিয়াছিলেন, "অনেকের মধ্যে আমি প্রথম শ্রেণীর, বা অনেকের মধ্যে আমি মধ্যম শ্রেণীর অন্তর্ভুক্ত হই; অধ্য আমি ক্থনই নই।"

রন্ধনবিভার প্রতি তাঁহার একটা স্বাভাবিক প্রবণতা তো ছিলই; রায়পুরে সর্বদা স্বপরিবারমধ্যে থাকার স্থযোগে এবং ঐ বিষয়ে পিতার সাহায়া ও অফুকরণে তিনি ঐ বিভায় আরও পটুতা অর্জন করেন। রায়পুরে তিনি দাবাধেলাও শিধিয়াছিলেন এবং ভাল ভাল খেলোয়াড়ের সহিত প্রতিবন্ধিতা করিতে পারিতেন।

দেড় বংসর রায়পুরে থাকিয়া বিশ্বনাথ সপরিবারে কলিকাভায় ফিরিয়া আসেন। তথন নরেন্দ্রনাথের শরীর হ্রস্থ, সবল ও হুটপুট ইইয়াছে; মনের সমধিক উৎকর্ষ ইইয়াছে, বেশ আত্মশ্রাও জাগিয়াছে, জ্ঞানেও তিনি সমবয়য়দের তুলনায় অনেক অগ্রগামী ইইয়াছেন। কিন্তু দীর্ঘকাল নিয়মিতভাবে বিভালয়ে পাঠাভ্যাস না করায় শিক্ষকগণ তাঁহাকে প্রথমে উর্ধ্বতম (প্রবেশিকা) শ্রেণীতে ভতি করিতে চাহিলেন না। পরিশেষে বিশেষ অস্থমতির ফলে তিনি বিভালয়ের ঐ শ্রেণীতেই প্রবেশ করিলেন এবং সমত্রে অধ্যয়ন করিয়া অনধীত বিষয়গুলি অল্পময়ের ঠিক করিয়া লইলেন ও ১৮৭৯ খুটাক্ষে পরীক্ষা দিলেন। অধ্যক্ষাক পরীক্ষার ফল বাহির ইইলে দেখা গেল, তিনি যে শুধু ক্রতকার্য ইইয়াছেন, তাহাই নহে, ঐ বংসর উক্ত বিভালয় ইইতে একমাত্র তিনিই প্রথম বিভাগে উত্তীর্ণ

হুইয়াছেন। এই সাফল্য অর্জন করিয়া তিনি পিতার নিকট হুইতে একটি স্থন্দর কুপার ঘড়ি উপহার পাইয়াছিলেন।

প্রবেশিকা শ্রেণীতে পাঠকালে যদিও তাঁহাকে অত্যধিক পরিশ্রম করিতে হইত, তথাপি তিনি নিছক পুস্তক-কীটে পরিণত হইতে চাহিতেন না, কিংবা মুখন্ব করা বিদ্যায় বিশ্বাস করিতেন না। অবশ্র এইজন্ম তাঁহাকে পরীক্ষাকালে অস্থবিধায়ও পড়িতে হইত। আবার তাঁহার আদরের বিষয়গুলি অধিক সময় পাইত, অন্যগুলি তেমন আয়ন্ত হইত না। তিনি সাহিত্য পছন্দ করিতেন, অতএব ইংরেজী ও বাঙ্গলা সাহিত্যের অনেক ভাল ভাল গ্রন্থ অধ্যয়ন করিয়াছিলেন। ইতিহাসেও তাঁহার সমধিক ক্ষচি ছিল; তাই মনোনিবেশপুর্বক মার্শমান, এল্ফিনস্টোন্ প্রভৃতির লিখিত ভারতেতিহাস সাগ্রহে পাঠ করিয়াছিলেন। কিন্তু গণিতের দিকে তিনি তেমন দৃষ্টি দিতেন না। একবার তিনি বলিয়াছিলেন, "প্রবেশিকা পরীক্ষার মাত্র তুই-তিন দিন আগে দেখি, জ্যামিতির কিছুই শিখা হয় নাই। তথন সারা রাত জেগে পড়তে লাগলাম এবং চব্বিশ ঘটার মধ্যে জ্যামিতির চারথণ্ড বই শিথে ফেললাম।"

সম্ভবতঃ এই সময়েই তিনি বই পড়ার এক নবীন কৌশল আবিদ্ধার করেন। তিনি পরে বলিয়াছিলেন, "এমন অভ্যাস হয়ে গিয়েছিল যে, কোন লেখকের বই পঙ্ক্তি ধরে না পড়েও আমি ব্ঝতে পারতাম। প্রতি প্যারাগ্রাফের প্রথম ও শেষ পঙ্ক্তি পড়েই তাঁর ভাব ধরতে পারতাম। এই শক্তি যথন আরও বাড়ল, তথন প্যারাগ্রাফ পড়ারও প্রয়োজন হত না; প্রতি পূচার প্রথম ও শেষ পঙ্ক্তি পড়েই ব্যুতে পারতাম। আবার যেখানে কোন বিষয় ব্যাবার জন্ম লেখক চার পাঁচ বা আরও বেশী পাতা জুড়ে আলোচনা আরম্ভ করেছেন, সেখানে গোড়ার দিকের কয়েকটি কথা পড়েই আমি তা ব্যোনিভাষ।"

কলিকাভায় তথন সাধারণ নাট্যশালার প্রথম স্ক্রপাত হইয়াছে। নরেক্স
মাঝে মাঝে অভিনয় দেখিতে যাইতেন। সেখানে একরাত্রের ঘটনায় তাঁহার
সাহসের বিশেষ পরিচয় পাওয়া যায়। একস্থানে অভিনয় চলিতেছে, এমন সময়
আদালতের এক পেয়াদা রক্ষমঞ্চে উঠিয়া এক অভিনেতাকে গ্রেফভারী পরোয়ানা
দেখাইল এবং আইন ও আদালতের দোহাই দিয়া ভাহাকে গ্রেফভার করা
হইল বলিয়া ঘোষণা করিল। থিরেটার ভাক্সিয়া যাইবার উপক্রম হইয়াছে
দেখিয়া নরেক্সনাথ সতেক্তে গ্রিয়া উঠিলেন, স্কেক্ত থেকে বেরিয়ে বাও।

ষতক্ষণ না পালা শেব হয় ততক্ষণ বাইরে দাঁডিয়ে থাক গে। এভাবে লোককে বিরক্ত করার মানে কি ?" তখনই দেই দৃথ্য আদেশ-বাণীব সমর্থনে বছকঠে সমস্বরে উচ্চারিত হইল, "বেরিয়ে যাও, বেরিয়ে যাও; শীগ্রীর বেরোও।" বেগতিক দেখিয়া পেয়াদা সরিয়া দাঁডাইল, আব যাহারা নরেক্সকে চিনিতেন, তাঁহারা তাঁহার পিঠ চাপড়াইয়া বলিলেন "বাহবা ভায়া, বাহবা! তুমি না থাকলে আজ সব পণ্ড হ'ত।"

আবাব, গল্প বলায় তিনি ছিলেন স্থনিপুণ শিল্পী। বাডীতে ছোট ছোট ছাই-বোনবা বিছানায় শুইয়া আবদার করিত, "দাদা, গল্প বল না"। আর তিনিও অমনি চিন্তাকর্ষক সব কাহিনী বলিয়া যাইতেন। 'আলিবাবা ও চল্লিশ দহা', 'বেউম-বেউমী' (বিহঙ্গম-বিহঙ্গমী), ইত্যাদি বোমাঞ্চকর বা শিক্ষাপ্রদ গল্পের অবতারণা করিয়া শ্রোতাদের মনে আনন্দেব ও কল্পনার তৃফান উঠানো তাঁহার পক্ষে খুবই সহক্ষ ছিল। সহপাঠীরাও অনেক সময় এই রসভোগে তৃপ্প হইত।

বিভালয়ে অধায়নকালেই নরেন্দ্রনাথের বাগ্মিতা-শক্তি ক্রিত হইতেছিল। একবার মেটোপলিটান ইনষ্টিটিউশনে পারিতোষিক বিতরণের জন্ম যে সভা হয়, তাহারই সঙ্গে একজন প্রিয় শিক্ষককে আফুট্টানিকভাবে বিদায়-অভিনন্দন দিবারও আয়োজন হয়। ছাত্ররা তথন ধরিয়া বসিল, ছাত্রদের পক্ষ হুইতে নরেন্দ্রকে বিদায়-অভিভাষণ দিতে হইবে, তাহাও আবার ইংরেঞ্চীতে। নরেন্দ্র তথন ইংরেজী ভাষা ও সাহিত্য সাদরে পাঠ করিতেন এবং বন্ধমহলে এই জয় তাঁহার স্থনামও ছিল। কিন্তু দে এক কথা, আর প্রকাশ্তে ভাষণ দেওয়া সম্পূর্ণ পুথক কথা। বিশেষত: সে সভায় সভাপতির পদ অলম্বত করিয়াছিলেন বাগ্মিপ্রবর শ্রীযুক্ত হুরেন্দ্রনাথ বন্যোপাধ্যায় মহাশয়। যাহা হউক, নিভীক নরেন্দ্র সম্মত হইলেন ও যথাকালে উঠিয়া দাঁডাইয়া অর্ধঘন্টা যাবং উক্ত শিক্ষকের স্থানাস্তর গমনের ফলে ছাত্ররা কত তঃপিত চইয়াছে এবং বিস্থানয়ের কিরুপ ক্ষতি হইতেছে ইত্যাদি বিষয়ে বিশুদ্ধ ও স্থলনিত ইংরেমী ভাষায় স্থাচিন্তিত বক্ততা দিলেন। তিনি আসন গ্রহণ করিলে সভাপতি মহাশয় তাঁহার প্রশংসা করিলেন। বছদিন পরে স্বামীজীর বক্ততাশক্তি বিবয়ে স্থরেক্সনাথ মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, "ভারতবর্ষে যত বাগ্মী দেখিয়াছি, তাঁহাদের মধ্যে তিনি দর্বোত্তম ছিলেন।" ইহাতে আন্তর্য হইবার কিছুই নাই; কারণ ভগবান তথন হইডেই যেন তাঁহাকে স্বহন্তে পড়িয়া তুলিতেছিলেন এবং বিবিধ স্বৰোগ-স্থবিধার

মধ্য দিয়া তাঁহার শক্তি-প্রকাশের ব্যবস্থা করিতেছিলেন। বিচ্যালয়ের আলোচনাসভাদিতে তিনি সোৎসাহে যোগ দিতেন, অক্যান্ত ক্ষেত্রেও গল্প-বলা, সহপাঠীদিগকে বিভিন্ন বিষয় বুঝাইয়া দেওয়া, বিচার-বিতর্কে সক্রিয় অংশ গ্রহণ করা
ইত্যাদির সাহায্যে তাঁহার ভাবপ্রকাশের ক্ষমতা দিন দিন বাড়িয়া চলিয়াছিল।
আবার বিধিদন্ত স্থলর আরুতি, মেঘমন্দ্রের ন্তায় গঞ্জীর আওয়ার্জ, সঙ্গীতসদৃশ
স্থমিষ্ট স্পান্ট আরুত্তি, স্থচারু বাক্যবিন্তাস প্রভৃতিও শ্রোতাদের হৃদয় কম আরুষ্ট
করিত না।

কথিত আছে, তিনি পিতার নিকটই প্রথম সঙ্গীত-শিক্ষা আরম্ভ করেন; বিশেষতঃ সঙ্গীতামোদী বিশ্বনাথ যথন রায়পুরে ছিলেন, তথন নরেন্দ্রকে নিকটে পাইয়া অনেক প্রকার গান শিথাইয়াছিলেন। সত্যেন্দ্রনাথ মজুমদারের মতে শিপতার নিকট তিনি বাল্যকাল হইতে সঙ্গীত-শিক্ষা করিয়াছিলেন এবং গীতবাত্যেও তাঁহার অধিকার ঐকালে কম ছিল না" ('বিবেকানন্দ চরিত্র,' ৩৫ পঃ)। কার্যবাপদেশে যথন বিশ্বনাথ পশ্চিমাঞ্চলে ছিলেন, তথন ঠুংরী, টপ্পা, গঙ্গল ইত্যাদি শিথিয়াছিলেন এবং অবসর পাইয়া পুত্রকেও ঐ সকলে উৎসাহী ও পারদশী করিয়াছিলেন। পরে উন্তাদ রাথিয়া নরেন্দ্রনাথ সঙ্গীতবিতা রীতিমত শিক্ষা করেন। শিক্ষাভিলেন আমরা পরে করিব।

৭। নরেন্দ্রনাথের কণ্ঠসঙ্গীত-শিক্ষক বেণী উন্তাদের নাম বিবরে মতভেদ আছে। শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোব ও শ্রীযুক্ত অবিনাণচন্দ্র গঙ্গোপাধ্যায়ের উক্তি উদ্ধৃত করিয়া দিলীপ কুমার মুপোপাধ্যায়

সিদ্ধান্ত করিয়াছেন যে, ইহার প্রকৃত নাম বেণীমাধব অধিকারী। ইনি রামায়েৎ বৈঞ্চব ছিলেন।
অপর শিক্ষক ছিলেন আহম্মন থা। এই মতে রাজ্যসঙ্গীত-শিক্ষকের নাম অজ্ঞাত; কাশী ঘোষালকে
পাথোয়াজের শিক্ষক বলা হইলেও ঐ কথা যুক্তিসহ নহে ('সঙ্গীত সাধনায় বিবেকানন্দ ও সঙ্গীতকল্পতন্ধ, ২১-২৩ পৃষ্ঠা); আর নরেন্দ্রনাথের পদ্ধতিমত শিক্ষার কাল মাত্র তিন-চারি বৎসর—
১৮৭৯ হইতে ১৮৮৩। অক্ত মতে নরেন্দ্রনাথ আরও দীর্ঘকাল ধরিরা সঙ্গীত শিক্ষা করেন।

সর্ব তোমুখী প্রতিভা

১৮৮০ খৃষ্টাব্দের জাত্ম্মারি মাসে প্রেসিডেন্সী কলেজের 'সাধারণ বিভাগে' প্রবেশলাভের পর নরেন্দ্রনাথ সেথানে নিয়মিত যাতায়াত আরম্ভ করিলেন। দেখানে যেসব ছেলে পড়িত তাহারা প্রায় সকলেই নৃতন, পুরাতন দাখীদের প্রায় কেহই নাই। তাঁহার ব্যক্তিগত জীবনও তথন এক বিরাট পরিবর্তনের সমুখীন। বাল্যের সদাহাস্থ্যময় ক্রীডাচঞ্চলতা ছাডিয়া এখন তিনি যৌবনে পদার্পণ করিতেছেন ; এখন ক্রিয়াচাঞ্চল্য অপেকা চিম্ভাপুর্ণ গান্তীর্যের প্রয়োম্বন অধিক। সমস্তাবিহীন একটানা অনাবিল আনন্দের স্থলে এখন সমস্তাপূর্ণ জীবনের উত্থান-পতন ও সভ্যর্ধ। এ এক নবীন আবহাওয়া, অক্সাভপুর্ব ভাবধারা, অনাস্থাদিত অভিজ্ঞতা। মহাবিতালয়ে আসার পর তিনি পাঠেও অধিক মনোনিবেশ করিলেন ; বিশেষতঃ সাহিত্যে এবং ইংরেজী ভাষায় রচনা. কথোপকথন, বক্ততা প্রভৃতি বিষয়ে তিনি অধিকতর আগ্রহান্বিত হইলেন ৮ সঙ্গে সঙ্গে তার্কশার এবং দর্শনের আলোচনাও চলিতে লাগিল। মহাবিজালয়টি मत्रकारतत्र अधीरन हिल এवः अधाभकगरावत्र अधिकाः म हिरलन विरातनी। ষ্মতএব নিয়ম ছিল যে, ছাত্রদিগকে ইউরোপীয় বেশভ্ষা পরিয়া স্মথবা ভারতীয় চাপকান ও পাজামা পরিয়া পড়িতে আসিতে হইবে। নরেজ চাপকান ও পান্ধামা পরিয়া এবং হাতে হাত-ঘড়ি বাঁধিয়া মহাবিতালয়ে যাইতেন।

এই রীতিতে পাঠ চলিতে থাকিলে প্রথম বর্ষের শেষে তিনি ম্যালেরিয়া অরে আক্রান্ত হইয়া বথানিয়মে কলেকে আসিতে পারিতেন না; কাক্রেই নিয়মাম্বয়য়ী বৎসরে বতদিন উপস্থিত থাকা আবশুক, তাহা সম্ভব হইল না এবং বথাকালে প্রশাসন অন্তমতিপ্রাপ্তি বিষয়ে গোল বাধার সম্ভাবনা দেখা দিল। তাই তান বাড়ীর নিকটবর্তী জোনারেল এ্যাসেম্ব্রিক ইন্টিটিউশনে (বর্তমান স্থটিস চার্চ কলেকে) ভর্তি হইলেন। এখানে প্রথম বাবিক এফ. এ. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তিনি ষিতীয় বর্ষে উন্নীত হইলেন এবং এক বংসর পরে

 >) পরীক্ষা-বিষয়ে বধন অনিশ্চয়তা চলিতেছিল, তধন নয়েল্রনাথ ইলেঙে বাওয়ায় প্রভাব

 উয়েন ; কিন্তু জ্যেল্টপুরকে দুয়ে পাঠাইতে পিতা সন্ত্রত হইলেন না । (ভূপেল্রনাথ বন্ধ, ১৫৬ পৃঃ) ।

পরীক্ষাদান বিষয়েও কোন আপত্তি উঠিল না। এই শিক্ষায়তনে তথন ভাষী প্রথিত্যশা দার্শনিক ব্রজেন্দ্রনাথ শীলও অধায়ন করিতেন। ইনি উপরের শ্রেণীর কারতেন ছাত্র হুইলেও ছাত্রদের কোন এক দার্শনিক সভায় উভয়ের মিলন ঘটিত এবং অপরাপর স্থায়েগে উভয়ে দার্শনিক আলোচনা করিতেন। এই শিক্ষা-প্রতিষ্ঠান হুইতেই নরেক্রনাথ ১৮৮১ খুইান্দে বিতীয় বিভাগে এফ. এ. পরীক্ষাপাস করেন। ইহার পরে ১৮৮৪ খুইান্দের প্রারম্ভে এখান হুইতেই বি. এ. উপাধিলাভ করেন। অতংশর মেট্রোপলিটান ইন্ষ্টিউশনের (বর্তমান বিভাগাসর কলেক্রের) আইন বিভাগে বি. এল. পড়িতে আরম্ভ করেন। কিন্তু শেষ পর্যন্ত পরীক্ষা দেওয়া হয় নাই, কারণ ইতিমধ্যে তাহার ধর্মজীবনে এক আমূল পরিবর্তন ঘটিয়া যায়।

মনে রাখিতে হইবে, আমরা লৌকিক দৃষ্টি অবলম্বনে মানবীয় ভাষায় লোকোন্তর পুক্রের জীবনী লিখিতে বিদ্যাছি এবং ঐভূমি হইতেই পরিবর্তনাদি শব্দ প্ররিত্যাপ করিয়া যাইতেছি। তাহা না হইলে পরিবর্তনাদি শব্দ পরিত্যাপ করিয়া বিকাশ প্রভৃতি শব্দেরই আশ্রেয় লগুয়া উচিত। ধ্যে মহাপুক্ষ জগতে বিরাট ধর্মান্দোন আনমনের জন্ম জন্ম হইতেই চিহ্নিত হইয়া আছেন, বস্তুতঃ বিনি এই উদ্দেশ্রেই যুগাবভারের সহিত ধরাধামে অবতীর্ণ হইয়াছেন, তাহার জীবনের গতি আমাদের সসীম দৃষ্টিতে ধেরপই প্রতিভাত হউক না কেন, ভগবানের ইন্দিতে উহা একটি স্পরিকল্পিত পথেই পরিচালিত হইতেছিল। তথাপি মান্ধবের আরুতি-প্রকৃতি শ্বীকারের ফলে মানবমঙ্গলেরই জন্ম ঐ চরিত্রে মানবীয় ভাবরাশির অতিক্ষীণ ছায়াপাত যে একেবারেই হইত না, এমন কথা কে বলিতে পারে? কিন্ধু আমরা এই জীবনীতে পুন:পুন: এই প্রকার প্রদেশ্ধ ও সন্দেহনিরসনের রূথা চেটা না করিয়া ব্যাবহারিক দৃষ্টিতে ইহলৌকিক ঘটনাবলম্বনেই সত্যের পরিচয় গ্রহণে অগ্রসর হইব, ষ্দ্রিও পুরস্বিগণের অতিলৌকিক বাণীও আমানিগকে পথের সন্ধান দিবে।

ী নরেক্রজীবনের গতি তথন কোন দিকে ছিল ? বৌবনী পদার্পণ করিয়াই তিনি ছীয় বাজাপথের স্থানিকিত নির্দেশ পান নাই বলিয়াই মনে হয়। তাহার মনে একটা হন্দ চলিতেছিল, বদিও ত্যাগের প্রতিই ছিল তাহার স্বাভাবিক প্রবৃত্তি। তিনি একসময়ে পুজাপাদ 'লীলাপ্রসঙ্গ'-কারকে বলিয়াছিলেন, "যৌবনে পদার্পণ করিয়া পর্যন্ত প্রতিরাজে শয়ন করিলেই ছুইটি কর্মনা আমার চক্ষের স্বসন্থাব সুটিয়া উঠিত। একটিতে দেখিতাম বেন আমার অশেষ ধন-জন-সম্পদ্ধ-

अवर्धापि लाख इरेघाटक, मः मारत याशास्त्र वज्रालाक वरल जाशामिश्त्र नीर्वचारन যেন আরুচ হইয়া রহিয়াছি, মনে হইত এরপ হইবার শক্তি আমাতে সত্য সতাই রহিয়াছে। আবার পরক্ষণে দেখিতাম, আমি যেন প্রিবীর দর্বন্ধ ত্যাগ করিয়া একমাত্র ঈশবেচ্ছায় নির্ভরপূর্বক কৌপীনধারণ, যদুচ্ছালব্ধ ভোজন, এবং বুক্ষতলে রাত্রিঘাপন করিয়া কাল কাটাইতেছি। মনে হইত, ইচ্ছা করিলে আমি ঐভাবে ঋষিমুনিদের ভাষে জীবন্যাপনে সমর্থ। ঐরূপে হই প্রকারে জীব্ন নিয়মিত করিবার ছবি কল্পনায় উদিত হইয়া পরিশেষে শেষোক্তটিই হানর অধিকার করিয়া বসিত। ভাবিতাম ঐরপেই মানব প্রমানন্দ লাভ করিতে পারে, আমি ঐব্ধপই করিব। তথন ঐপ্রকার জীবনের স্থথ ভাবিতে ভাবিতে ঈশবচি**ন্তার** মন নিমগ্ন হইত এবং ঘুমাইয়া পড়িতাম। আশুবের বিষয়, প্রতাহ আনেক দিন পর্যস্ত এরপ হইয়াছিল।" কথা কয়টি নরেন্দ্রনাথের জীবন অমুধ্যানের পক্তে গভীর তাৎপর্যপূর্ণ। সে যাহা হউক, আমরা আপাততঃ তাঁহার ভাবী জীবনের প্রস্তৃতির কথাই বলিতেছি। দে প্রস্তৃতি চলিতেছিল সামৃহিকভাবে দৈহিক, মানসিক, বৌদ্ধিক, হাদিক, আধ্যাত্মিক সর্বক্ষেত্রে। আমরা আধ্যাত্মিক প্রস্তৃতির কথা চইতেই আরম্ভ করি—যদিও নরেন্দ্রজীবনের বিভিন্ন দিক এরপ পরস্পর-সংবদ্ধ ছিল যে, কোন বিশেষ দিককে অন্তর্গুল হইতে সম্পূর্ণ পুথক করিয়া দেখা চলে না , একটির কথা বলিতে গেলে অপরটিও স্বতই আসিয়া পড়ে। অধিকল্প পরেও আমরা দেখিতে পাইব, চরিত্রের এই দামগ্রিক দৃষ্টিই বিবেকানন্দ-দর্শনের অক্তম প্রধান অবদান : ধর্মকে তিনি কথনও জীবন হইতে বিচ্ছিন্ন করেন নাই. ে ভগবানকে বাদ দিয়া কথনও মানবন্ধীবনের কথা ভাবিতে পারেন নাই।

বৌবনারস্তে বধন ধর্মভাবের তীত্র অন্থপ্রেরণা আদিল, তধন তিনি নিরামির ভোজন করিতেন এবং ভূমিতে, মাছরে বা কর্মলশব্যার শরন করিরা রাজ্রি কাট্রাইতেন। নরেক্রের প্রবেশিকা পরীক্ষার কিছুকাল পর হইতেই বৌধপরিবারে বিবাদ বৃদ্ধি পাইতে থাকে এবং খ্রুতাতের পরিবারের উৎপীড়নে বিখনাথ সপরিবারে ৭ নং ভৈরব বিখাস লেনের এক ভাড়া-বাড়ীতে বাল করিতে থাকেন। নরেজ্রনাথ প্রধানতঃ উহার বহির্ভাগের বিভলের একখানি গৃহে থাকিয়া পাঠাদি করিতেন। সেথানে অস্থবিধা হইলে তিনি ঐ বাড়ীরই নিকটে মাতামহীর বাড়ীর একথানি ঘরে আজীরখন্তন হইতে দ্বে থাকিয়া নিক্ক উদ্দেশ্ব

প্রাতাভগিনীর কলনাদে ম্থরিত নিজ বাটীতে অধ্যয়নের অহুবিধা হয় বলিয়াই। নরেক্স ঐরপ করেন।

এই সময় তিনি ব্রাহ্মসমাজেও গমনাগমন আরম্ভ করেন। তথন তিনি
নিরাকার সগুণ ব্রন্ধে বিখাসী ছিলেন এবং ঐরপ ধ্যানে অনেক কাল
কাটাইতেন। তিনি মনে করিতেন, ঈশ্বর যথন সত্যা, তথন তিনি শুধু
তর্কযুক্তির অনিশ্চিত ভূমিতে আবদ্ধ না থাকিয়া সাধকহাদয়ে অবশ্রুই প্রত্যক্ষায়ভূতি অবলম্বনে আবিভূতি হইবেন, মানবের অন্তঃকরণের ব্যাকুল আহ্বানে সাড়া
দিয়া সমন্ত সন্দেহ বিদ্বিত করিবেন, এবং এই প্রকার ঈশ্বরায়ভূতি ব্যতীত
জীবন বিড়ম্বনামাত্র। মহর্ষি দেবেক্সনাথের সান্নিধ্যগুণে তাঁহার এই ধ্যানপ্রবণতা অধিকতর বৃদ্ধি পাইয়াছিল। বিভালয়ে পাঠকালেই মহর্ষির সহিত
তাঁহার পরিচয় ঘটে। এই সাধারণ পরিচয়্মত্তে নরেক্সনাথ একদিন বয়্মুদিগের
সহিত মহর্ষির নিকট সম্পন্থিত হইলে তিনি যুবকদিগকে সাদরে নিকটে বসাইয়া
বহু সত্পদেশ দিলেন এবং ধ্যানাভ্যাস করিতে বলিলেন। নরেক্সকে প্রকাশিত
আহে; তুমি ধ্যানাভ্যাস করলে যোগশান্তনির্দিষ্ট ফলসকল শীত্রই প্রত্যক্ষ করবে।"
সেই অবধি নরেক্সনাথ ধ্যানে অধিকতর মনোনিবেশ করিয়াভিলেন।

এখানে ব্রাহ্মসমাক্ষের সহিত নরেন্দ্রের সম্পর্ক বিষয়ে কিছু বলা আবশুক।
আমরা এই বিষয়ে 'যুগান্তর'-পত্রিকায় প্রকাশিত (১১ই আগস্ট, ১৯৬০) শ্রীযুক্ত
নলিনীকুমার ভদ্রের 'স্বামী বিবেকানন্দ ও রবীন্দ্র-সঙ্গীত' শীর্ষক প্রবদ্ধ হইতে
ক্ষেকটি তথ্য উদ্ধৃত করিলাম —"নরেন্দ্রনাথ বখন প্রবেশিকা শ্রেণীর ছাত্র তখন
থেকেই ক্ল্যাদিক্যাল সঙ্গীতশিক্ষা শুক্ত হয় তাঁর বেণী উন্তাদের কাছে। ব্রাহ্মসমাজে যাতায়াত শুক্ত করেন তিনি ১৮৭৯ সাল থেকেই। ওদিকে জ্বোড়াসাক্ষের যাতায়াত শুক্ত করেন তিনি ১৮৭৯ সাল থেকেই। ওদিকে জ্বোড়াসাক্ষের যাত্রয়াত তখনকার দিনে উচ্চাক্ত সঙ্গীতের অফুশীলন ক্রুছে
পুর্ণোছামে। এই পরিবারের দক্তে স্থাপিত হয়েছে আধুনিক ভারতের সর্বশ্রেষ্ঠ
সঙ্গীত ভাবুক যতু ভট্টের যোগাযোগ। মহর্ষির পুত্রগণ—বিশেষভাবে জ্বোতিরিন্দ্রনাথ ও রবীন্দ্রনাথ শুপদাক্ষের গান রচনার ছারা ব্রাহ্মসমাজ্বের সঙ্গীতভাণ্ডারকে
করেছেন সন্থ্য।" ১৮৮১ খুটাজের ১৫ই প্রাবণ যখন সাধারণ ব্রাহ্মসমাজ্বের

২। নরেজ ও তাহার সহোদরপণ যাডামহীর বাড়ী উত্তরাধিকারস্করে পাইরাছিলেন।

মন্দিরে জমকালভাবে রাজনারায়ণ বহুর চতুর্ধ কল্প। লীলাদেবীর সহিত ভাবী 'সঙ্কীবনী'-পত্রিকার প্রতিষ্ঠাতা ক্ষণ্ডুমার মিত্রের বিবাহ হয়, তথন রবীজ্ঞনাথ তিনখানি গ্রুপদাল সঙ্গীত রচনা করিয়া নরেজ্ঞনাথ প্রভৃতিকে শিখাইয়া দেন এবং যথাসময়ে ভাক্তার হৃন্দরীমোহন দাস, কেদার নাথ মিত্র, অন্ধ চুনীলাল ও নরেজ্ঞনাথ গাহেন রবীজ্ঞ-রচিত 'চ্ই হৃদয়ের নদী' (সাহানা, ঝাঁপভাল), 'জ্ঞাতের পুরোহিত তুমি' (খাছাজ, একতালা), 'ভ্রুদ্দনে এসেছ দোঁহে' (বেহাগ, তেতালা) এই তিনগানি গান ও অ্লাল সঙ্গীত। ত্

ভূপেক্সনাথ দত্তের মতে (১৫৫ পৃ:) নরেক্সনাথের সঙ্গীতশিক্ষা হয় বেণী উন্তাদের কাছে, এবং বাঁয়া-তবলা শিক্ষা হয় কাশী ঘোষালের কাছে। কাশী ঘোষাল নাকি আদি বাক্ষসমাজে পাথোয়াজ বাজাইতেন। নরেক্সনাথ সঙ্গীত সম্বন্ধে এক প্রবন্ধসহ একগানি সঙ্গীত-সংগ্রহ প্রস্তুত করিয়াছিলেন এবং উহা প্রকাশ করিয়াছিলেন বড়তলার চণ্ডীচরণ বসাক। বিশেষ প্রইব্য এই ঘে, উক্ত গ্রন্থে রবীক্স-রচিত 'ছই হৃদয়ের নদী' সহ দশটি গান এবং আরও বহু ব্যাক্ষসন্ধীত স্থান পাইয়াছে।

"মহর্ষি দেবেক্সনাথ ঠাকুরের পৌত্র দীপেক্সনাথ ছিলেন বিবেকানন্দের সহপাঠী। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের ভাতৃস্থা নন্দলাল দেনও ছিলেন বিবেকানন্দের দতীর্থ। ঠাকুরবাড়ীতে বিবেকানন্দের মেলামেশার প্রমঙ্গে শিল্লাচার্য অবনীন্দ্রনাথ 'জোড়ার্সাকোর ধারে' গ্রন্থে লিখেছেন, 'বিবেকানন্দ দীপুদাদার (দীপেক্স ঠাকুরের) ক্লাশ ফ্রেণ্ড (সহপাঠী) ছিলেন। তথন ছক্সনেই পড়তেন কলেজে। আমাদের বাড়ীতে বিবেকানন্দ এলে দীপুদাদা "কে হে নরেন?" বলে ছুটে এসে দেখা করতেন। এতই ছিল হৃত্যতা ও ভালবাদা।'… বিবেকানন্দের পঠদশায় ব্রাহ্মসমাজের গান তাঁকে সর্বদাই উবুদ্ধ করে রাখত! ছিলেজ্জনাথ ঠাকুরের রচিত 'জ্মপ্রমাহিম পূর্বক্স কর ধানে', রবীক্সনাথের 'মহন্দেইলেনে বিস্থিকিছ হে বিশ্বপিতঃ', বিষ্ণুরাম চট্টোপাধ্যাবের রচিত 'জ্মচল ঘন গহন গুণ গাও হে তাঁহারি', রবীক্সনাথের '(তাঁরে) আরতি করে চক্সতেন,

এই তব্যট রাজনারায়ণ বাব্র কল্পা লীলাদেবীর দিবলিপি হইতে প্রাপ্ত এবং কালীদাস
নাগ কর্তৃক প্রথম প্রকাশিত ('উছোধন', মাদ, ১০৬৮)। রবীজ্রনাথের সহিত বোগাবোগ আরম্ভ
হয় ১৮৮০ খুটাবের কেব্রুলারির পরে—বধন রবীজ্রনাথ বিলাত হইতে কিরিয়া আসেন।

দেবমানব বন্দে চরণ', প্রভৃতি গান তিনি প্রায়ই গাইতেন।" ('বিশ্ববিবেক'-এ 'সঙ্গীত সাধক স্বামী বিবেকানন্দ'—স্বামী প্রজানানন্দ, ২০৯ পঃ)।

শ্রীযুক্ত গিরিজা শহর রায় লিথিয়াছেন যে, নরেন্দ্রনাথের খুল্লতাত তারকনাথ দত্ত এক সময়ে ব্রাহ্মসমাজের যুগ্মসম্পাদক ছিলেন। ('স্বামী বিবেকানন্দ ও বাহুলায় উনবিংশ শতান্ধী', ১৭২ পুঃ)।

নোট কথা, এইসব বিভিন্ন উল্লেখ হইতে প্রমাণ হয় যে, বাদ্ধসমাজের খনেকের সহিত, বিশেষতঃ জোড়াসাঁকোর ঠাকুরবাড়ীর সহিত নরেজনাথের পরিচয় ছিল। ধর্মক্ষেত্রে তিনি মহর্ষির নিকট শিক্ষার্থীরূপে উপস্থিত হইয়াছিলেন; কিন্তু ব্যক্তিগত পরিচয় ঘটিলেও আদিসমাজের সৃষ্টিত ঘনিষ্ঠতার কোন প্রমাণ নাই। কেশবচন্দ্রের সহিতও তাঁহার ব্যক্তিগত পরিচয় ছিল। মহেল্রনাথ দত্ত লিখিয়াছেন, "কেশব বাবু ব্যাও অব হোপ্নামে একটি দল গঠন করিলেন।
নেবজনাথ সেই ব্যাও অব্হোপ্বা আশার দলে নাম লিগাইয়াছিল।" ('শ্রীশ্রীরামরুফের অনুধ্যান', ২য় সংখ্যা, ১৭ পঃ)। ইহা কোন কালের ঘটনা জানা নাই , কিন্তু ইহা হইতে কেশবের নববিধান সমাজে যোগদান প্রমাণিত হয় না; কিংবা কেহ কেহ যেমন মনে করেন যে, কেশবের প্রভাবেই নবেক্রনাথ ব্রাহ্মগণ্ডির মধ্যে আসিয়া পডিয়াছিলেন, তাহাও স্বীকার্য হয় না। বরং ইহাই দ্বিরীকৃত হয় যে আত্মীয়, দঙ্গী ও সহপাঠীদের আকর্ষণ তাঁহাকেও ব্রাহ্মদের ও ঠাকুরবাড়ীর সহিত পরিচয় করাইয়া দেয়। নলিনীকুমার ভত্ত মহোদয়ের মতে নরেন্দ্র ১৮৭৯ খুগ্রান্দ হইতেই আদিসমান্তে যাতায়াত করিতে থাকেন। সমাজের সহিত ঐ সময় কোনও প্রকার যোগস্ত্র স্থাপিত হইয়া থাকিলেও নরেক্স তথন প্রবেশিকা পরীক্ষার জন্ম এতই ব্যস্ত যে. সে যাতায়াত তেমন ঘন ঘন ছিল না নিশ্চয়। অবনীক্র ঠাকুর কিন্তু কলেজে পাঠকালে ৰাভায়াতের কথাই লিখিয়াছিলেন। ইতিমধ্যে ১৮৭৮ খুটান্ধে শিবনাথ শাৰী বিজয়কৃষ্ণ গোস্বামীর নেতৃত্বে সাধারণ ব্রাহ্মসমাজ স্থাপিত হইয়া গিয়াছে। ক্তিএব त्राम्रभूत रहेरा कितिमा প্রবেশিক। পরীকাসমাপনাত্তে প্রারম্ভবৌবন নরে<u>জ</u>নাথের মনে যথন ধর্মজিজ্ঞাসা প্রবলভাবে উখিত হইয়াছে, তথন তিনি ব্রাহ্মসমাজের ব্দপর শাখাছর অপেকা সাধারণ ব্রাহ্মসমাক্ষেরই প্রতি অধিক আরুষ্ট হইরা পড়েন। ভিনি দেখানে নিয়মিতভাবে ঘাইতেন, প্রার্থনাকালে সন্দীতের দলে বোগদান করিতেন এবং স্বাস্থ্যানিকভাবে রেক্স্রেডে নাম লিথাইয়াছিলেন। কেশবচন্দ্রের সহিত তাঁহার ঘনিষ্ঠতা হওয়ার কোন প্রমাণ নাই, বরং পরবর্তী কালে ডিনি এক পত্তে (২৪শে মে, ১৮৯৪) লিখিয়াছিলেন, 'চক্রদেন' ও মজুমদার সরলপথে **ठ**त्तन नाहे; हैशामित महिक कांशाद मधक घटने नाहे; जिनि नियनाथ भाकी মহাশ্যের অমুরক্ত ছিলেন — ধদিও ইহারও সহিত দৃষ্পর্ণ মতের মিল ছিল না। 'চন্দ্রনের' প্রতি এই কটাকের জন্ম সম্ভবতঃ কোচ-বিহার-বিবাহ দায়ী ছিল। অবশ্র নরেক্সনাথ এক সময়ে (১৮৮৩ খুটাবের মাচ-এপ্রিল)কেশবের সমাজে যথন ত্রৈলোকানাথ সাল্লাল প্রণীত 'নব্যুন্দাবন' নাটক অভিনীত হয়, তথন আমন্ত্রণ পাইয়া অভেদানন্দের ভূমিকায় অবতীর্ণ হন , তবু ইহাতেও নব্বিধানের সহিত ঘনিষ্ঠতা প্রমাণিত হয় না। কারণ গায়কের অভার মিটাইবার জন্ত স্থায়ক নরেক্সনাথ নববিধানের অমুরোধে ঐ যোগীর ভূমিকা গ্রহণ করেন। এই ঘটনার উল্লেখ করিয়া অথচ কেশবও যে এই অভিনয়ে প্রধান ভূমিকায় পওহারী-বাবা রূপে নামিয়াভিলেন, তাহা চাপিয়। গিয়া পরবতী কালে প্রতাপচক্র মঙ্কুমদার মহাশয়ের লেখনীমুখে এইরূপ ইঙ্গিত প্রকাশিত হয়, যেন আমোদপ্রিয় নরেক্সনাধ হালকা মনে থিয়েটার করিয়াই বেডাইতেন। আবার এই ইঞ্চিত করিতে যাইয়া মজনদার মহাশয় ইহাও বলিয়াভিলেন যে, ঐ একটিমাত্র অভিনয়ের কাল ব্যতীত অন্ত কোন প্রকারে নবেক্রনাথের সহিত জাহার মিলন ঘটে নাই—ঘদিও ইহাও মিথাা, কেন না শ্রীরামক্লফ দকাণে তিনি তাহাকে বছবার দেখিয়াছিলেন এবং তদানীস্তন ত্রাহ্মদমাঙ্গে স্থক্ঠ নরেন্দ্রনাথ স্থপরিচিত ছিলেন বলিয়াই সাধারণ আহ্মদমান্ত হইতে তাঁহাকে নববিধানে ভাকিয়া আনা হইয়াছিল। যাহা হউক. এইসব অবান্তর বিষয়েব আলোচনার স্থান ইহা নহে; আমরা নরেক্সনাথের ষাধ্যাত্মিক জীবনের সহিত পরিচিত হইতেই অগ্রসর হইয়াছি, ঈর্বাপরায়ণ নিন্দকের স্বরূপ নিরাবরণ করিতে নহে।

বেক্স আক্ষদমাজের প্রতি আরুট হইয়াছিলেন একটা আদর্শের টানে।

৪। নববৃন্দাবন নাটক অভিনয় সক্ষে 'কণামূত' ৪।০১১ ট্রপ্টবা ।

[&]quot;ঠাকুর সেই নাটক দেখিতে গিয়াছিলেন। স্বামীজী বগন সাধু সেজে মে করতে এল, ঠাকুর চঠাৎ পীড়িয়ে উঠে স্বামীজীকে ঐ বেশেই নেমে আসার জন্ত বলিতে লাগিলেন। স্বামীজী ইতজ্ঞ করছে দেখে কেশববাবু বললেন, 'উনি বখন বলছেন নেমে এস না ?' তারণর কাছে এলে ঠাকুর ভাবর হরে স্বামীজীর হাত ধরে বললেন 'এই ঠিক হরেছে, এই ঠিক হরেছে।" ('সংক্থা', ২য় ভাগ, ভ-৫ পুঃ)।

প্রাচীন হিন্দুসমাজ যথন আচার-বিচারের বন্ধ পচা জলে হাবু-ডুবু খাইতেছে, ব্রাহ্মসমাজ তথন দাঁড়াইল ভগনানলাভের একটা যুক্তিসমত কার্যকর পথ নির্দেশ করিতে।) আচারের প্রতি দৃষ্টি না রাখিয়া সমাজের দৃষ্টি নিবদ্ধ হইল নৈতিকতা, নিষ্মিত স্বাধ্যায়, ভন্ধন, প্রার্থনা ইত্যাদির প্রতি। পুরোহিতের মধ্যস্থতার পরিবর্তে মাফুদকে উৎসাহিত করা হইল সাক্ষাৎভাবে ভগবানকে ডাকিতে; **আ**বার বাক্তিগত চেষ্টার পরিপুর্তিক**ল্লে** ভদ্রসমান্তের উপযুক্ত সমবেত প্রার্থনা, **७ ब**न ७ উ॰ नवामित्र । वार्ये इने । भारत्वे द्र ताहाई ना मिन्ना युक्तित्व श्रापान দেওয়া হটল 🌄 ফুকুবাদ, অবতারবাদ ইত্যাদি এ ধর্মে স্থান পাইল না। সামাজিক বেষ্যব কুরীতির ফলে ভাবতীয় সমাজ বহির্জগতে পশ্চাৎপদ, উপহাসাম্পদ বা অবহেলিত হইতেছিল, ব্রাহ্মদমাজ, বিশেষতঃ সাধারণ সমাজ তাহার বিরুদ্ধে যুদ্ধঘোষণা করিল। বাল্য-বিবাহ নিরোধ, স্ত্রী-স্বাধীনতা, জ্ঞাত্তি-বিভাগের উচ্ছেদ, ইত্যাদি সমাজসংস্কারের ব্যাপারে একদল লোক বেশ মাতিয়া উঠিলেন। আদর্শবাদী যুবকচিত্ত এই প্রকার সক্রিয় চেষ্টায় ও প্রগতিবাদে স্বতই আরুষ্ট হয়। কিছ ঐ সমাজের অন্তর্ভুক্ত হুইয়াও নরেন্দ্রের মনে একুটা অভাববোধ থাকিয়াই গেল। তিনি চাহিতেন আধাাত্মিক অহভৃতি, ঈধুরুলাভ; শুধু সুমাজদংস্কার, নৈতিক উৎকর্ষ বা বৌদ্ধিক সামঞ্জপ্ত তাঁহাকে তৃপ্তি দিতে পাবে নাই, এমন কি সমবেত প্রার্থনা, দলীত প্রভৃতিও তাঁহার প্রাণের ক্ষ্ণা মিটাইতে পারে নাই। নরেক্রনাথের এই কালের আকৃতির পরিচয় পাই আমরা আচার্য ব্রেক্তনাথ শীলের লেখনীমূথে। আমরা তাঁহার লেণার যে ফ্লীর্ঘ উদ্ধৃতি দিতেছি, তাহা হইতে পাঠক দেখিতে পাইবেন, নরেন্দ্রনাথ বাল্যকালে যেমন, যৌবনেও তেমনি বিধিনির্দিষ্ট স্বতম্ব পথেই অগ্রসর হইতেছিলেন; পারিপার্শ্বিক প্রভাব হইতে তিনি সম্পূর্ণ মুক্ত না থাকিলেও তাঁহার গতিপথ উহা ছারা কখনও রুদ্ধ ব। পরিবতিত হয় নাই। তথু তাহাই নহে, ব্রক্ষেত্রনাথ শীলের মতো একজন যুক্তিবাদী ও মনীযাদপার ব্যক্তিও তাঁহার বৌদ্ধিক বা হাদিক স্বাতন্ত্রাকে ব্যাহত করিতে পারেন নাই। সত্য বটে শীল মহাশয় স্বীয় আংশিক সাফল্যের কথা উল্লেখ করিয়াছেন; কিন্তু আমাদের মনে হয় শীল মহাশয়ের সে সাফল্য নরেক্রের দৃষ্টিতে তেমন দূরপ্রসারী হইলে তিনি পরবর্তী জীবনে কখন না কখনও ভাহা স্বীকার করিতেন—স্বামীলীর স্বভাবই ছিল এইরূপ বে দামান্ত উপকারকে ভিনি বড করিয়া দেখিতেন এবং বাডাইয়া বলিতেন। অথচ সভ্যবাদী ও

সদাক্ত জ স্থামী জীর 'বাণী ও রচনাতে' শীল মহাশয়ের উল্লেখনাত্র নাই। শীল মহাশয়ের সহিত তাঁহার আদান-প্রদান সতীর্থদের আলাপ-আলোচনার উর্দ্ধে উঠিয়াছিল বলিয়া মনে হয় না। শীল মহাশয় দর্শনগ্রন্থ ও শেলীর কাব্যের সহিত পরিচিক্ত করিয়া দেওয়ার কথাও বলিয়াছেন। ইংা সত্য বলিয়া ধরিয়া লইলেও শীল মহাশয় নিজেই স্থীকার করিয়াছেন যে, এই সব গ্রন্থ পাঠ করিয়াও স্থামীজী তাঁহার মৌলিক সমস্তার সমাধান পান নাই। যাহা হউক ব্রজেক্রনাথের বক্তব্য এই—

"১৮৮১ খুষ্টান্দে বিবেকানন্দের সঙ্গে যথন আমার প্রথম সামুহ হল, তথন আমরা তৃজনেই জেনারেল এসেখ্লিজ কলেজের পণ্ডিত, নাশনিক ও কবি উইলিয়ম হেষ্টির ছাত্র। বিবেকানন্দ আমার অপেক্ষা বয়সে কিছু বড় হলেও আমি তাঁর এক ক্লাশ উপরে পড়তাম চিবিবেকানন্দ নিঃসন্দেহে প্রতিভাবান্ যুবক, মুক্তস্বভাব, বেপরোয়া, মিশুক, সামাজিক সন্মেলনের প্রাণম্বরূপ এবং মধুক্র গায়ক, অসাধারণ বাক্-নিপুণ, যদিও কথাগুলি অনেক সময়ই বাঙ্গপূর্ণ ও তিক্ত; পৃথিবীর ভণ্ডামি ও জুয়াচুরিকে তাক্তস্বর সহাত্য বাকো অবিরত বিদ্ধ করেন, মনে হয় অবজ্ঞার উচ্চাদনে আসীন তিনি, কিছু সেটা ছন্মবেশ, তার দ্বারা আরত করে রাখেন কোমলতম হান্যকে—সব জড়িয়ে একজন প্রেরণা-উবুদ্ধ বোহেমিয়ান (স্বাবীনচেতা ফুতিবাজ), অথচ বোহেমিয়ানর। যাতে বঞ্চিত্র সেই লোইক্টিন প্রতিজ্ঞায় সমৃদ্ধ; ভগীতে অটল ও অল্লান্ত, অধিকারের দাঢ্যা নিয়ে কথা বলেন, এবং তার সঙ্গে সঙ্গে আড়ে চোগে এক অন্তত শক্তি যা সন্মোহিত করে রাখে প্রোতাদের।)

"এ সমস্তই সকলের প্রত্যক্ষেণাচর। কিন্তু খুব অল্পংগ্যক্ই জ্ঞানত তাঁর ভিতরের মান্ধটিকে, তার সংগ্রামকে—অস্থির ও বেপরোয়া অধ্যেষার মধ্যে যে সন্তার ঝাড়ঝার্মা অক্ত রূপ নিয়ে আত্মপ্রকাশ করত।

"তার মানস-ইতিহাসের এক সৃষ্ট মৃহুতের স্টনাকাল এই সময়েই; এই কালেই তিনি আত্মটেতনার জগতে জাগরিত হলেন, যার ঘার। তার ভবিশুং ব্যক্তিছের ভিত্তি স্থাপিত হল। আদ্ধসমাজের বহিবতী অংশ থেকে তিনি যে বালস্থলভ আত্মিকতা এবং সহজ আশাবাদ অর্জন করেছিলেন, জন স্ট্রাট মিলের 'থি এসেজ অন রিলিজিয়ন' তাতে বিপর্বর এনে দিল। স্টের হেতুবাদী এবং উদ্দেশ্ভভিত্তিক ব্যাখ্যা তার কাছে ধড়কুটোর মতো নির্ভবের অযোগ্য হরে উঠল,

এবং তিনি প্রক্লতি ও মানবের মধ্যে অমঙ্গলের অন্তিত্বের সমস্তায় উদ্ভাস্ত হয়ে উঠলেন। সর্বজ্ঞ সর্বশক্তিমান স্পষ্টকর্তার মঙ্গলময় স্বভাবের সঙ্গে স্পষ্টির এই অমঙ্গলকে তিনি কিছুতেই সামঞ্জপূর্ণ ভাবতে পারলেন না। এক বন্ধু তাঁকে এই কালে হিউমের সংশয়বাদ এবং হার্বার্ট স্পেন্সারের অজ্ঞেয়বাদের সঙ্গে পরিচিত করিয়ে দিলেন। ফলে তাঁর অবিশাস ক্রমে স্থায়ী দার্শনিক সংশয়ে রূপান্তরিত হয়ে গেল।

"বিবেকানন্দের প্রাথমিক সতেজ আবেগ এবং সহজ বিশাস নই হয়ে গেল। এক ধরনের বিশুদ্ধ ও অবসাদ এল, প্রার্থনাময় ভক্তির পুরাতন সামর্থা আর রইল না। স্বভাবসিদ্ধ উপহাস ও উদাসীত্যের দ্বারা একে আবৃত করে রাগলেও ব্যাপারটা তাঁর আত্মাকে অস্থির করে তুলল ষন্ত্রণায়, কিন্তু তখনও রইল তাঁর সঙ্গীত, যা আলোড়িত করত তাঁর গভীরতাকে, যা তাঁকে অলৌকিক, অপার্থিব ও অপ্রতাক্ষ সত্তোর চেতনায় উন্নীত করত, যা অশ্রু আনত তাঁর নমনে।

"এই সময়েই তিনি আমার কাছে এলেন; যে বন্ধু তাঁকে হিউম ও হার্বার্ট স্পেলারের প্রন্থের সঙ্গে পরিচিত করিয়ে দিয়েছিলেন, সেই বন্ধুই আমাদের আলাপ ঘটিয়ে দিলেন। আগে থেকেই তাঁর সঙ্গে মুণচেনা পরিচয় ছিল, কিন্তু এখন তিনি নিজেকে উন্মোচন করলেন আমার কাছে—বলে গেলেন সংশয়ের, যন্ত্রণার কথা, নিতাবস্তু সম্বন্ধে স্থির প্রত্যায়ে উপনীত হতে না পারায় নৈরাজ্যের কথা। বর্তমান মানসিক অবস্থার উপযোগী হতে পারে এমন আভিক্য দর্শনের গ্রন্থাদির কথা তিনি জানতে চাইলেন। কয়েকজন প্রামাণ্য লেখকের নাম আমি করলাম; কিন্তু ইন্টুইসানিস্ট্ (প্রজ্ঞাবাদী)-দের ও স্কট্ল্যাণ্ড দেশীয় কমন্সেল্ (সাধারণ বৃদ্ধি)-বাদীদের ধরাবাধা যুক্তি তাঁর অবিশাসকেই প্রবল করে তুলল। তাছাড়া একঘেয়ে সব কিছু পড়ে যাওয়ার মতো ধৈর্ঘ তাঁর আছে বলে মনে হল না—ভার স্বভাবধর্ম গ্রন্থ থেকে আহরণ করার চেয়ে অক্তজ্জীবনের সহযোগ থেকে ও ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে সংগ্রহের পক্ষপাতী। প্রাণ থেকে প্রাণ, চিন্তা থেকে চিন্তার প্রজ্ঞানই তাঁর প্রকৃতিসিদ্ধ ধু

"আমি বিবেকানন্দের দিকে স্থগভীরভাবে আরুষ্ট হলাম; কারণ ব্রুলাম, ভিনি নিম্পত্তি করতে চান ঐকান্তিকভাবে।

"আমি তাঁকে শেলীর রচনা দিলাম। শেলীর প্রজ্ঞাময় সৌন্দর্বতত্ত্বের বন্দনা, নৈর্ব্যক্তিক বিশ্বপ্রেমের তন্ধ, এবং গৌরবদীপ্ত চিরপ্রেম্বঃ মানবদমাজের ভাবদর্শন তাঁকে নাড়া দিল—দার্শনিকদের যুক্তিতত্ত্ব যা করতে সমর্থ হয়নি। ব্রহ্মাণ্ড তার কাছে আর প্রাণহীন, প্রেমহীন যন্ত্রবিশেষ রইল না: তিনি অফুভব করলেন, তার মধ্যে জাগ্রত আছে আধ্যাত্মিক ঐক্য।

"তারপর আমি তাঁকে শেলীর ধারণার অপেক্ষা উচ্চতর ঐক্যতদ্বের কথা বললাম — সার্বিক হেতুরূপী (ইউনিভার্সেল রিজন) পরব্রন্ধের, অন্বয়তত্ত্বের কথা। আমার দার্শনিক প্রতায় তথন একের মধ্যে তিনটি তত্তকে সমন্বিত করতে চাইছে—বেদাস্তের বিশুদ্ধ অধৈতবাদ, হেগেলের ভায়েলেক্টিকা অব্দি এাাব সলিউট্ আয়ডিয়া, এবং ফরাসী বিপ্লবের সামা, মৈত্রী, ও স্বাধীনতার वागीरक। आगात कारक ज्थन वश्च-भार्थरकाव नौकि किन अमन्द्रशाद नौकित নামান্তর। স্বকিছু ঐ সাবিক-হেতৃব প্রকৃতি, জীবন ও ইতিহাস এই প্রচেতনার গতিশীল ক্রমবিকাশ। সকল নৈতিক, সামাজিক, ও বাজনৈতিক মত ও পথের যাচাই করতে হবে বিশুদ্ধ হেতুর সঙ্গে সঙ্গতি রেখে। অফুভৃতি ব্যাপারটা আমার কাছে তথন শারীরিক ছাড়া আর কিছু নয়—তা শালীনত। ও শৃদ্ধলার বিপর্যয়বিশেষ। কিভাবে বস্তুর, ব্যক্তিত্বের এবং যুক্তিহীনভার প্রভিরোধ অতিক্রম করে শুদ্ধ হেতুর অভিজ্ঞতা ঘটানো যায়, তাই হলো জীবন, সমাল, শিক্ষা ও নিয়মের বুহুং সমস্তা। তরুণ, অভিজ্ঞতাহীন স্বাপ্লিকের ভাবাবেগ নিয়ে আমি কল্লনানেত্রে দেখতাম, যুক্তিহীনতাৰ বন্ধন থেকে জাতির মুক্তি আসছে এক নৃতন বৈপ্লবিক সমাজের মধ্য দিয়ে—সাম্য, মৈত্রী, স্বাণীনতা খাদের মূলমন্ত্র।

"সার্বিক হেতুর একজ্ঞর অধিকার এবং নীতিবিধি হিসাবে ব্যক্তির অস্বীরুতিরপ ভাবরাশি শীঘ্রই বিবেকানন্দের বৃদ্ধিকে তুপ্ত করল এবং তা তাঁকে সংশয়বাদ ও জড়বাদের উপর জয়ের নিশ্চিত প্রতিশ্রুতি দিল। তারো বেশী, তা তাঁকে জীবনের মত-পথের দিগ্-দর্শন করিয়ে দিল। সবই হল, কিন্ধু শাস্তি মিলল না। সন্তার আরও গভীরে প্রবেশ করল সংঘাত, কারণ সার্বিক হেতুর ধারণা তাঁকে তাঁর শিল্পী ও বাউল স্বভাবের স্পর্শকাতরতা এবং অভীপ্যাকে দমিত করতে আহ্বান করল। তীক্ষ ও তীব্র তাঁর অফভূতি, আবেগ-বাসনায় তিনি হ্বার, যৌবনের স্পর্শ-চেতনায় তিনি কোমল, বন্ধুসকে তিনি সদানন্দ মৃক্তপ্রাণ। এসকলকে দমন করার অর্থ নিজের স্বাভাবিক বিকাশকে রোধ করা, কার্বতঃ আত্বতা করা। তাঁর সংগ্রাম শীঘ্রই নৈতিকরণ ধারণ করল—বাসনা ও

ইব্রিয়ের উপর হেতৃর আধিপত্য প্রতিষ্ঠার সংগ্রাম। ইব্রিয়ের আকর্ষণ, যৌবনের আকাজ্ঞাকে মনে হল তাঁর অপবিত্র, স্থুল ও দৈহিক। তাঁর জীবনের ঘনতম সংঘাতের এই কাল। সঙ্গীতনৈপুণাের জন্ম ষেসব বন্ধু জুটেছিল, তাদের অনেকের স্বভাবচরিত্র সম্বন্ধে তাঁর মনে ছিল তিব্রুতম প্রকাশ্ম ঘ্বণা; কিন্তু মঞ্চান্মজলিশের প্রতি তাঁর আগ্রহও অপরিসীম। তাই যথন আমি কোনাে কোনাে সন্ধাায় সঙ্গীতের আসবে তাঁর সঙ্গী হতাম, তিনি আশ্বন্ত হতেন।

"তার মধ্যে সমৃচ্চ, ঐকান্তিক এবং পবিত্র স্বভাবকে আমি লক্ষ্য করলাম; সে স্বভাব প্রচণ্ড অন্তর্ভূতিতে স্পলিত ও ধ্বনিত। তিনি অবশ্রুই অমুমৃধ, বিরক্ত-স্বভাব, শুচিবাদী-জাতীয় ছিলেন না, কিংবা ছিলেন না স্বভাব-বিষণ্ণ কোনো মাঞ্ষ। আমাকে বাঁচিয়ে ব্যঙ্গ বিদ্ধেপের সঙ্গে রীতিবিগর্হিত ভাষাও ব্যবহার করতেন। প্রচলিতের ঘাড় ধরে নাড়া দেওয়ার, ভব্যরীতিকে তার সাজানো আবাসে আক্রমণ করার মধ্যে তাঁর যেন একটা বিকট আনন্দ ছিল, এবং আনন্দের জন্ম যা করতেন, তা অস্তরঙ্গ বন্ধু ভিন্ন অন্যদের কাছে অনেক সমন্থই উদ্ভট ও বিভ্রান্তিকর মনে হত; কিন্তু সেই একই কালে তিনি সন্তার নিভ্ত আলয়ে বাসনার সঙ্গে প্রচণ্ড সংগ্রামে লিপ্ত, মায়ার স্ক্র মোহজাল ছিন্ন করতে উন্থত।

"বিবেকানন্দ বারে বারে সন্ধান করতে লাগলেন সেই শক্তিকে যা তাঁকে বন্ধন থেকে মৃত্তি দেবে, উদ্ধার করবে এই তৃদ্ধর সংগ্রাম থেকে। উত্তরে আমি তথু বিশুদ্ধ হেতৃবাদের কথাই বলতে পারলাম—সার্বিক হেতৃর সঙ্গে একাত্মতা আনতে পারলে আসবে প্রার্থিত অপার প্রশাস্তি। আমার কাছে এই কালটা প্রেটোর অতীক্রিয়বাদের (Platonic Transcendentalism) বিজয়ের যুগ। অবাধা দেহচেতনা ও বিদ্রোহী মনের অভিজ্ঞতা আমার ঘটেনি। ক্লপাবাদ কিংবা ঈশরধান জাতীয় কৃত্রিম বহিরক সাহায়ের কাছে যে অভাব ও মন আত্মসমর্পণ করে, তাদের বিষয়ে তথন আমার যথেই মানসিক সহিষ্ট্তা ছিল না। হেতৃবাদের সঙ্গে অফুতি ও অভাববাদকে সমন্বিত করার কোন প্রয়োজন তথন আমি বোধ করিনি। আদর্শ ও বান্তব, কড়প্রকৃতি ও আ্রার মধ্যে বিরোধ বে একটা বিশেষ সত্য, সেই বিষয়ক ধারণা আমার মনে ইতিপূর্বে বহিরকভাবে এসে গিছেছিল, আরও পরে সেটা আত্মগত-ভাবে আসবে, বৃদ্ধি বিবেকানন্দের

অভিক্রতার রূপের সঙ্গে তার পার্থকা থাকবে। কিন্তু একালে তার সমস্তা আমার সমস্তা ছিল না, তার সহটও আমার নয়।

"বিবেকানন্দ স্বীকার করলেন যে, তাঁর বৃদ্ধি যদিও (ইউনিভার্সেল)
নির্বিশেষ তত্ত্বের বারা বিজিত, কিন্তু তাঁহার হৃদয় ব্যক্তি-অহং-এর অফুগত।
তাঁর অভিযোগ হল, রক্তহীন বিবর্ণ হেতুবাদ—যা বাস্তবতার স্বরূপ নয়, শুদু
পূথিগতভাবে সাবভৌম—দে বস্তু প্রলোভন থেকে রক্ষা করার ব্যাপারে যথেষ্ট
শক্তিশালী নয়। তিনি জানতে চাইলেন, আমার দর্শন কি তাঁর ইন্দ্রিয়ের
তৃথি আনতে পারবে; আআার উদ্ধারের জন্ম কার্যত: শারীরিক মধ্যস্থতায় সমর্থ
হবে ? সংক্রেপে তিনি যেন রক্তমাংসের মৃতি নিয়ে দর্শনীয় সভাকে চাইলেন;
সর্বোপরি অধীর হয়ে আর্তনাদ করলেন এমন একটি শক্তির জন্ম যার বাহু তাঁকে
রক্ষা করবে, উন্নীত করবে, উদ্ধার করবে এই নিজ্লত। থেকে—তাঁর শৃন্ম মনে
আনবে মহিমার প্লাবন। তেমন একজন গুরু চাই, আচায চাই, যার রক্তমাংসের
দেহাবলম্বনে পূর্ণতা প্রকটিত হয়ে বিবেকানন্দের বিক্ষুক আ্রায় আনবে শান্তি।

"দেহীর মধ্যে এই পুর্ণতার সন্ধান, নিজের মৃক্তির জন্ম এই বহিরণ শক্তির প্রার্থনা, অর্থাৎ ইন্দ্রিয়বোধের কাছে যুক্তির বলিদানকে অপ্রক্ষান্তাত চুর্বলতা বলেই ঐকালে আমার মনে হয়েছিল। তরুণ অনভিজ্ঞ আমি, নিজের সঙ্গে সংগ্রামে অস্থ্রির একটি আত্মার সন্মুখীন হয়ে বলতেই পারলাম না—কোণায় ভার শাস্তি মিলবে। বিবেকানন শীঘই আহ্মসমাজের নেতা ও আচার্যদের কাছে উপস্থিত হয়ে প্রশ্ন করতে লাগলেন। আদর্শের দেহগত বান্তবতা, সত্যের প্রভাক্ষতা, পরিত্রাণ শক্তির সম্ভাব্যতা সম্বন্ধে সেই সব প্রশ্নের ভিতরে ছিল অসচেতন সক্রেটিনীয় বিদ্রপ। বিবেকানন্দ তিক্তভাবে অভিযোগ জানালেন-তিনি স্থনীতি-সন্দর্ভ যথেষ্ট পড়েছেন, তত্ত্বকথা ভনতে বাকী নেই; কিন্তু ঐসব নীরস বিস্থাদ জিনিসে আর ফচি নেই। বহু মত, পথ, ও শিক্ষকের কাছে তিনি গেলেন, এবং এমন এক সংশয়ী সন্ধানই তাঁকে দক্ষিণেশরের পরমহংসের निक्रें हास्त्रि क्रजल, यिनि चर्लात चनाधा चिधकारतत स्टात क्या वनरनन এवः নিজ শক্তিতে বিবেকানন্দের আত্মায় আনলেন শান্তি, সভার কতকে করলেন নিরাময়। কিছ বিবেকানন্দের বিজোহী মনীয়া তথনো সম্পূর্ণভাবে গুরুর বনীভূত হয়নি, মন তথনো প্রবোধ মানছে না—গুরুর সারিখ্যে আসায় তার মনে **এই यে भाष्टि न्यार्थ चार्य, এकि माद्या नद** ? প্রথর মনীবার সেই সংশব দুর হয়েছে অনেক পরে ধীরে ধীরে, এবং তা হয়েছে প্রত্যক্ষ উপলব্ধি থেকে বে নিঃসন্দিগ্ধ আশাসলাভ হয়, তারই ফলে।

"গভীরতম আগ্রহ নিয়ে আমি আমার চোপের উপর ঘটে যাওয়া এই রূপান্তর লক্ষ্য করতে লাগলাম। কালীপুন্ধা এবং আধ্যাত্মিক ভাবাবেশ ইড্যাদি সম্বন্ধে আমার মতো একজন তরুণ ও উগ্র বৈদান্তিক তথা হেগেলবাদী তথা বিপ্লবপদ্মীর মনোভাব সহজেই অসুমেয়। অপর্যদিকে বিবেকানন্দের মতো একজন জন্ম-বিদ্রোহী--যিনি চিন্তায় স্বাধীন, বৃদ্ধিতে স্ষ্টেশীল এবং প্রচণ্ড প্রতাপশালী, মান্তবকে যিনি বশীভূত করেন অক্লেশে – সেই বিবেকানন কিনা স্বয়ং বিদ্যুটে অলৌকিক আণ্যাত্মিকতার ফাঁদে ধর। পডলেন। অন্ততঃ আমার কাছে ব্যাপাবট। ঐরকম বলে মনে হয়েছিল এবং আমার শুদ্ধ হেতুর ধারণা এই পাঁধার সমাধান করতে অসমর্থ হল। কিন্ধু তথন যেটা বিবেকানন্দের ক্রটি বলে মনে হয়েছিল, তার দ্বারাই 'হারানো প্রিয়' বিবেকানন্দ আমার কাছে প্রিয়তর এবং দেইহেতৃ অধিকতর সম্ভাপকারণ হয়ে উঠলেন। এবং ব্যক্তিগত আবেগই—যে আবেগ ভগন আমাব বৃদ্ধিতে ব্যক্তির সঙ্গে ব্যক্তি সম্পর্কের পক্ষপাত থেকে জাত ল্লা জৈব বাাপার মাত্র—আমার মতো গৃহওহাত্রয়ী মাহধকে অবশেষে দক্ষিণেখবে বিবেকানন্দের গুরুকে দেখবার আাড্ভেঞার করতে বাধা করাল। দেখানে মন্দির-উত্থানের শাস্থিময় আশ্রয়ে এক স্থদীর্ঘ श्रीमनिरम्त्र क्षाय ममन्त्र कन काठायात भरत स्थान्तकारण मृष्टिचान्त्रिकत भूक्रमनीन ঝথাবায়ু ও বজ্রপাতের মধ্যে যথন আমি প্রত্যাবর্তন করছিলাম, তথন আমি দৈহিক ও নৈতিক সতা সহজে উদভান্ত হয়ে আছি, আমার মনে তথন এই অম্পট্ট সভাবোধ জেগেছে যে, আপাতভাবে বিশৃল্পন উদ্ভট বস্তুকেও বিশ্বনিয়ম নিয়ন্ত্ৰিত করছে , যেটাকে বাইরে থেকে নিচক আত্ম-উৎসাদন বলে মনে হয়, সেটা আহা-আধিপতাও হতে পারে, ইন্দ্রিয় তার ভ্রান্তি সত্ত্বেও অসম্পূর্ণ হেতু ছাড়া কিছু নয়, এবং বাইরের ত্রাণ-শক্তির উপর বিশাস আত্মনিয়ন্ত্রণের মৌল কর্মের অস্পষ্ট প্রতিভাস। এই সমন্তেরই তাংপর্বপূর্ণ সমর্থন পাওয়া গেল বিবেকানন্দের পরবর্তী জীবনেতিহাসে, যিনি তাঁর গুরুর নিকট থেকে আকাব্রিত কুপা ও করুণার স্থদ্চ আখাসকে লাভ করে পরবর্তী কালে 'সর্ব-मानत्वत्र' वाणी প्रानंत्र करत्रहित्तन, निका निरम्नहित्नन काचात्र माविक আধিপতোর সার্বভৌথ ভব।"

এই स्मीर्घ ७ मत्नातारकात পরিবর্তনাদির বিশ্লেষণপূর্ণ দার্শনিক উদ্ধৃতি मध्य भागातित वक्तवा भूर्ति किथिए निभिवक इडेमा शांकित्न भात এकि বিশেষ অমুধাবনযোগ্য বিষয় এই ষে, শীল মহাশয় যৌক্তিক নিশ্চয়তা ও ইন্দ্রিয়ামুভ্তির কথাই প্রধানত: বলিয়াছেন। স্বামীক্ষী কিন্তু শুধু যুক্তি বা ইন্দ্রিয়ামুভতির জন্ম লালায়িত ছিলেন না: তিনি চাহিতেন অপবোক্ষ অভীন্তিয় অমুভৃতি; আর সে অমুভৃতি আসে ভগবদমুরক ভদ্ধ হদয়ে—যুক্তিতর্ক বা ইন্দ্রিয়ের ভিতর দিয়া নহে।° পরবর্তী কালে তিনি প্রায়ই বলিতেন, ধর্ম অমুভৃতির বিষয়, এবং কোন স্থলে হাদয় ও গুক্তির মধ্যে বিবাদ ঘটিলে স্বার্থহীন তদ্ধ হৃদয়ের নির্দেশ ও উপলব্ধিই স্বীকাষ। ইহার অর্থ এইরূপ নহে যে, স্বামীকী ক্থনও ইন্দ্রিয়বোধের বেদীতে যুক্তিকে বলি দিতে প্রস্তুত ছিলেন কিংবা এমন কোন দর্শনের অঞ্সন্ধানে ফিবিতেন যাতা উদ্ভিয়-তপ্রির দার্শনিক ব্যাপা। দেয়। ব্রাহ্মসমাজে যাতায়াতকালে এই অতীন্দ্রিয় অমুভৃতি না পাইয়াই তাহার মনে অত্পি জাগিয়াছিল। তবু একথা অকাটা সতা যে, ধর্মাফুশীলনের আকুল আকাজ্ঞার ফলেই তিনি ব্রাদ্ধসমাজে আসিয়। প্ডিয়াছিলেন, উহার মধ্যে অনেক কিছু পাইবার আশা পোষণ করিয়াছিলেন এবং সমান্ত ঠাহার বাক্তিত্বের ক্রবণ বিষয়ে অনেকটা সাহায্য করিয়াছিল। এপন আমরা সেই বিকাশধারারই অন্সমরণ করি।

নরেন্দ্রের ধানে ক্ষচি বরাবরই ছিল; দেবেন্দ্রনাথ ঠাকুরের নিকট উৎসাহ পাইয়া উহা আরও বর্ধিত হইল। আবার ধাানসিদ্ধ তিনি পুর্বেই ছিলেন; এখন ব্রাহ্মসমাজে আসিয়া বালোর শিব, সীতারাম ও অক্সান্ত দেবদেবীকে পরিত্যাপ করিয়া নিরাকারের ধাানে মগ্ন হইলেন। এখন তিনি প্রার্থনা করিতেন, "হে ঈশ্বর, তুমি আমাকে তোমার সত্যস্থরূপ দর্শনের অধিকারী কর;" আর মন হইতে সর্বপ্রকার চিন্তা দুর করিয়া নিবাত-নিক্ষা দীপশিধার

৫। "পাশ্চান্ত। দার্শনিক স্থামিণ্টন তৎকৃত দর্শনগ্রন্থের সমান্তিকালে বলিচাছেন, 'লগতের নিয়ামক ঈবর আছেন, এই সত্যের আভ্যসমাত্র দিয়। মানববৃদ্ধি নিরক্ত হয়; ঈবর কিংবরূপ এ বিবয় প্রকাশ করিতে তাহার সামর্থো কুলার না; স্থতরাং দর্শনশান্তের ঐবানেই ইতি, এবং বেধানে দর্শনের ইতি, সেইখানেই আধাান্তিকতার আরম্ভ ।' হাফিণ্টনের ঐ কথা নরেন্দ্রের বিশেষ ক্ষতিকর ছিল এবং কথাপ্রদক্তে উহা তিনি সময়ে সময়ে আযাদের নিকট উল্লেখ করিতেন।" ('লীলাগ্রস্ক', ৫ম খণ্ড, ১৯১-৯২ গৃঃ)।

ক্যায় উহাকে নিশ্চল রাগিতে অভ্যাস করিতেন। স্বরকাল এইরূপ অভ্যাসের ফলে তাঁহার অবস্থা এমন হইল যে, ধ্যানকালে তাঁহার সময় ও শরীরের জ্ঞান সম্পূর্ণ তিরোহিত হইত। বাড়ীর সকলে নিদ্রিত হইলে অনেক দিবস তিনি এইভাবে ধ্যানে বসিয়া রজনী অতিবাহিত করিতেন।

এই প্রকার ধ্যানান্তে একদিন তিনি এক দিব্য দর্শনের অধিকারী হইয়াছিলেন। সেদিন ধ্যান শেষ করিয়া তিনি তথনও আসনে উপবিষ্ট আছেন; ধ্যানের ঝোঁক এবং আনন্দ তথনও চলিতেছে। অকস্মাৎ দেখিলেন দিব্যজ্যোতিতে ঘর পূর্ব হইয়া গেল এবং এক অপূর্ব সন্থানী দক্ষিণ প্রাচীর ভেদ করিয়া আসিয়া কিঞ্চিং দূরে দণ্ডায়মান হইলেন। তাহার পরিধানে গৈরিক বসন, হত্তে কমওলু, মৃথমওল প্রশান্ত, সর্ববিষয়ে উদাসীনতাবশতঃ একটা অন্তমূর্থীন ভাব। নরেক্র অবাক-বিশ্বয়ে চাহিয়া রহিলেন ও সেই সৌমামৃতি যেন কিছু বলিবার জন্ম ধীরপদক্ষেপে তাহার দিকে অগ্রসর হইতে লাগিলেন। নরেক্র হঠাৎ ভয়ত্রন্ত হলয়ে উঠিয়া ঘার অর্গলমূক করিলেন এবং ক্রতপদে বাহিরে চলিয়া গোলেন। পরক্ষণেই মনে হইল, কাজটা ঠিক হইল না, সন্থ্যাসীকে আর দেখিতে পাইলেন না। পরে তিনি ঐ প্রসক্ষে বলিতেন, এমন অপূর্ব সন্থাসা তিনি আর কথনও দেখেন নাই —কি সৌম্যময় স্থন্দর তাহার মৃথের ভাব। তাহার বিশ্বাস জ্বিয়াছিল, তিনি সেদিন বৃদ্ধদেবের দর্শন পাইয়াছিলেন। "

বৃদ্ধিভূমিতে ঐ কালে নরেক্রনাথের অন্তরে যে ঝড় বহিতেছিল, তাহার আভাস শীল মহাশয়ের লেখনীমুথে প্রতিফলিত হইয়াছে। বৃদ্ধি ও মনের বাড়তির পথে, বিশেষতঃ স্বাধীনচেতা নরেক্রের উন্মৃক্তবার চিস্তার ক্ষেত্রে এক বিপুল আলোড়ন উথিত হওয়া আশ্চর্য নহে। বরং আশ্চর্য এই বে, এত ঝড়ঝঞ্জা সংঘও তিনি পথন্তই হন নাই, যুদ্ধের ফলে অধিকতর বীয়, সাহস ও রণকৌশল লাভ করিয়াছিলেন মাত্র। চিস্তারাক্রের সহিত নিবিড় পরিচয় লাভের জক্ত তিনি বহু পুত্রক পড়িতেন। অবশ্র তাঁহার উচ্চ নৈতিক মান তাঁহাকে নাটক-নভেল পাঠে নিময় করিতে পারিত না। তিনি পড়িতেন ইতিহাস, ক্লায়, দর্শন ইত্যাদি। এল্ফিন্স্টোন ও মার্শম্যানের ভারতেতিহাসের

 ^{&#}x27;वानी ७ क्रमा', २११२ शृ: , ७वः वाक्रमा कीवनी ।

कथा পূর্বেট বলিয়াছি। এফ. এ. অধায়নকালে তিনি হোয়েটলি, জ্বেভন্স, মিল প্রভৃতি বছ গ্রন্থকারের ক্যায়শাস্ত্র অধ্যয়ন করেন। বি. এ. পড়িবার সময় ইংলণ্ডের ও ইউরোপীয় দেশগুলির ইতিহাসসমূহ এবং দর্শনশাস্ত্রসমূহ অধায়ন করেন। ইংরেজ দার্শনিক হার্বার্ট স্পেন্সারের প্রতি তাঁহার মন আরুট হইলেও তিনি কান্ট্, সোপেনহাওয়ার, আগস্ট কোম্থ ও জন স্টুয়াট মিল-এর মত্বাদ আগ্রহসহকারে পাঠ করেন। এরিস্টটলের মত্ত তিনি আয়ত্ত করিয়াছিলেন। অপর ষেদ্র বিষয়ে তাঁহার আগ্রহ ছিল, তরুণো গণিতজ্ঞোতিষ (আাস্ট্রমি) অক্ততম। চতুর্থ বাষিক শ্রেণীতে পদিবার সময় তিনি 'গভ ফ্লেজ আাস্টুনমি' নামক পুত্তকথানি আয়ত্ত করেন। ভাচাডা ফলিত গণিতের (এগ্রাপ্লাইড मारिक्यां हिक्य) चार्ताहनाय चित्रय चानम शाहेरुका । चलतिक्रम ममाहे নেপোলিয়ন তাঁহার নিকট বীরের সম্মান পাইতেন এবং সম্রাটের সেনাপতিদের মধ্যে মার্শাল লে-কে তিনি থব উচ্চাসন দিতেন। ভাষা ও ভাবের সৌলর্বে কাবাঞ্চপতে ওয়ার্ড সওয়ার্থ তাঁহার চিত্রহরণ করিতেন। তাঁহার দষ্টিতে কাবা ছিল বহু বর্ণরঞ্জিত স্কৃচিত্রিত ছবির্ট সদশ মনোর্ম শব্দবিস্থানে বির্চিত এমন একধানি মনোহারী চিত্র যাহা অস্তুরে উচ্চ আদর্শের প্রেরণা জাগাইয়া মানুষকে অনায়াদে অতীন্ত্রিয় রাজে। লইয়া যাইতে পারে। নরেক্স চিরকীবন ভিলেন সর্ববিষয়ে আদর্শবাদী। এইভাবে বৃদ্ধিকে পাঠাপুস্তকের মধ্যে সীমাবন্ধ না রাখিয়া তিনি তাঁহার অমুসন্ধিৎদা-স্পহাকে আরও বহুদরে বিচরণ করিতে দিতেন।

বৃদ্ধির উৎকর্ষের সঙ্গে সঙ্গে তিনি ঘোর তার্কিক হইয়া উঠিয়াছিলেন।
কেহ কোন বিরুদ্ধ কথা বলিলে যুক্তিতর্কের অবতারণা করিয়া তাহাকে পরাক্ষিত
না করা পর্যন্ত তিনি নিরস্ত হইতে পারিতেন না। বিচারকালে প্রতিবাদীর চইচারিটি কথা শুনিয়াই তিনি তাহার বক্তবা বৃবিয়া লইতেন, কারণ তিনি
বলিতেন, "পৃথিবীতে কয়টা নৃতন চিম্বাই বা আছে? সে কয়টা জানা থাকলে
এবং তাদের অপক্ষে ও বিপক্ষে বে কয়টা যুক্তি এ পর্যন্ত হয়েছে তা আয়ন্ত
থাকলে বাদীকে ভেবে চিন্তে উত্তর দেবার প্রয়োজন থাকে না।" এইরপ তীক্ষ
বৃদ্ধির অধিকারী হইয়া তিনি দৈনিক পাঠ অয় সময়েই শিথিয়া ফেলিতেন এবং
বাকী সময় গয়-শুজব, সজীত, বায়ায়াছিতে কাটাইতেন। ইহা দেথিয়া

[ा] Green's History of the English People, Alison's History of Europe, Gibbon's Decline and Fall of the Roman Empire ইতাৰি।

আনেকেই তাঁহার সম্বন্ধে বিরুদ্ধ ধারণাও পোষণ করিতেন—মনে ভাবিতেন, তিনি দান্তিক ও বাসনপ্রিয়। শৈশবে ও কৈশোরে যে আদমা শক্তি আত্মপ্রকাশের উপযুক্ত ক্ষেত্রের অধেষণে ইতন্ততঃ ধাবমান হইয়া আত্মীয়ম্বন্ধনকে চাঞ্চল্যের আকারে বিব্রত করিত, তাহাই যৌবনের পরিবর্তিত পরিপ্রেক্ষিতে বিকাশকামী হইয়া অজ্ঞাতপূর্ব রূপধারণপূর্বক অপরদিগকে বিল্রান্ত করিত। ন্রেক্রনাথের যথাসম্ভব পূর্ব পরিচয় লাভের জন্ম আমাদিগকে তাই মহাবিভালয়ের পাঠ্য-বিষয়গুলি ভাডিয়া একট অন্যদিকেও দৃষ্টি নিক্ষেপ করিতে হইবে।

সঙ্গীতচর্চার প্রদক্ষে আনরা উন্তাদ বেণী গুপ্তের (বেণী বৈরাণীর বা বেণী আধিকাবীর) নামোল্লেথ করিয়াছি। ইনি আহম্মদ থাঁর শিশু ছিলেন এবং কণ্ঠ ও ষন্ত্র উভয় প্রকার সঙ্গীতে ইহার অধিকার ছিল। বিশ্বনাথবারু পুত্রের সমস্ত গুণাবলীরই উৎকর্ষকামী ছিলেন। স্থতরাং নরেন্দ্র এই উন্তাদের নিকট চারিপাচ বংসর শিক্ষালাভের স্থযোগ পাইয়াছিলেন এবং গান ও বাজনা তুইই শিথিয়াছিলেন। তবে কণ্ঠসঙ্গীতেই তিনি সমধিক সাফল্যমণ্ডিত হইয়াছিলেন। সঙ্গে সঙ্গীতবিজ্ঞান সম্বন্ধেও তিনি মমধিক সাফল্যমণ্ডিত হইয়াছিলেন। ভূপেক্রনাথ দত্তের মতে (১১৫ পৃ:) কাশানাথ ঘোষাল ছিলেন তাঁহার তবলা ও পাথোয়াজ শিক্ষার উন্তাদ। কাহারও কাহারও মতে নরেন্দ্রনাথ কয়েক বংসর বেণী উন্তাদের নিকট সঙ্গীত শিক্ষার পর বেণী উন্তাদের গুরু আহ্মদ থাঁর কাছে ধ্রুপদ, থেয়াল, ঠুংরী, টগ্গা প্রভৃতি শিক্ষাক করেন। দ

সঙ্গীতশাস্ত্রের বিভিন্ন বিভাগে নরেক্রনাথ কিরপ পাণ্ডিত্য ও দক্ষতা লাভ করিয়াছিলেন, তাহা হইটি ঘটনা হইতে পরিকার প্রতিপন্ন হয়। উহা বি. এ. পাদের হই-তিন বংসরের পরের কথা হইলেও আমরা এখানেই বলিয়া রাখি। প্রথমত: দেখা যায়, শ্রীরামরুক্ষের দেহত্যাগের (১৮৮৬ খৃঃ) কয়েক মাস পরেই শিবরাত্রি উপলক্ষে তিনি 'তাথৈয়া তাথৈয়া নাচে ভোলা' ইত্যাদি গানটি রচনা করিয়া স্বয়ং উহাতে স্বরসংযোগ করেন, এবং অতঃপর গ্রুপদান্ধ কয়েকটি গান রচনা করিয়া শ্রীরামরুক্ষ-সত্যে স্বরসহ প্রচার করেন। এই বিষয়ে প্রকৃষ্টতর

৮। 'বিশ্ববিৰেক', ২০৬ পৃ:। আহম্মদ বাঁর নিকট তিনি হিন্দী, উচু'ও কাসী গান শিখেন।
উাছার সঙ্গীতশিক্ত হিসাবে আরও করেকজন কলাবতের নাম পাওরা বার—উজীর বাঁ, বড়ও
ছোট ছরি বাঁ, কানাইলাল চে'ড়ী, জগরাধ মিজ, শহর (বামী ফ্লামানন্দ রচিত 'জীবিবেকানন্দ
কাবাসীতি')। কিন্ত এই মত প্রমাণসহ বলিরা মনে হর না।

ষিতীয় প্রমাণ 'সন্ধীত-কয়তক'। অধুনা প্রকাশিত (অক্টোবর, ১৯৬৩) 'সন্ধীত-সাধনায় স্বামী বিবেকানন্দ ও সন্ধীত-কয়তক' গ্রন্থের ভূমিকায় স্বামী প্রজ্ঞানানন্দ লিখিয়াছেন, "স্বামীন্দী ছিলেন না ওধুই গীতশিল্লী, ছিলেন সন্ধীত-ভত্তামু-সন্ধানেরও পথচারী…সন্ধীত-কয়তক গ্রন্থখানির উপপত্তিক আলোচনাশৈলীই তার সন্ধীত-জ্ঞান-বিচন্ধণতার কথা প্রমাণ করে।" 'সন্ধীত-কয়তক' প্রথম সংস্করণের প্রারম্ভে ৯০ পৃষ্ঠা ব্যাপী ভূমিকায় স্বর, তাল, বাজ্যয়, বাজনা, বোল, স্বরসাধনা, কন্সার্ট ইত্যাদি বহু বিষয় আলোচিত ইইয়াছে 'সন্ধীত ও বাজ' এই শিরোনাম অবলম্বনে। পরিশিষ্টে ১৮ পৃষ্ঠা ব্যাপী 'সাধক ও কবিগণের জীবনী' এই শিরোনাম অবলম্বনে বিভাপতি, চণ্ডীদাস, রামপ্রসাদ প্রভৃতি অনেকের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া ইইয়াছে। বাকা 'সন্ধীত-সংগ্রহ' নামক অংশে বহু শ্রেণার বহু ভাষার সন্ধীত স্থান পাইয়াছে। তৃতীয় সংস্করণে এই প্রক্ষম্ম ব্রিভাকারে প্রথমাংশেই একত্রে মৃশ্রিত হয়।

এপন প্রস্ন এই —ভূমিকাটির রচ্যিতা কে ? বিভিন্ন কারণে মনে হয়, নরেক্সনাথ দত্ত বা স্বামী বিবেক। নদ্দ ইহার লেথক। এই বিষয়ক মৃক্তিতিল আমরা পর পর উপস্থিত কবিতেছি। আনাজীর ইংরেজী জাবনীতে বলা হইয়াছে, তিনি ভারতীয় দর্গাতের বিজ্ঞান ও দর্শন দম্বন্ধে একটি বিস্তারিত ভূমিকা লিখিয়া দিয়াছিলেন একথানি বাঙ্গলা গানের পুস্তকের জন্ম। শ্রীযুক্ত **ज्र**ालकनाथ मेख निविद्यारहन त्य, नत्त्रस्तनाथ वैद्या, उपना, भारभादास हेखानि যন্ত্রের বাজনা সহজে একখানি পুত্তক লিখিয়াছিলেন, উচা বড়তলার বৈষ্ণবচরণ বদাক প্রকাশ করেন ও উহার একথানি পুত্তক বেলুড় মঠের পুত্তকাগারে আছে। শ্রীযুক্ত প্রমণনাথ বহু লিবিয়াছেন, "প্রাচ্য দলীতের দহিত পাশ্চাত্য দলীতের তুলনামারা তিনি সঙ্গীতবিভা সম্বন্ধে অনেক নৃতন তথা সংগ্রহ করিয়াছিলেন এবং উক্ত শান্তের একজন অভিজ সমালোচক হইয়া দাড়াইয়াছিলেন। এমন কি, কোন দরিত্র পুত্তক প্রকাশককে তিনি ভারতীয় সঙ্গীততত্ত্ব সহছে একটি প্রকাণ্ড मुथवड निविद्यो निवाहितन।" अपनत्क देवक्षवहत्रमुक श्रकानक मन्न कतितन्छ, তিনি নরেক্রনাথের সহকারী গ্রন্থকর্তা ছিলেন, প্রকাশক নহেন। আমরা বেলুড় মঠে সংরক্ষিত 'সধীড-কল্পডক'র প্রথম ও হতীয় সংস্করণ দেখিয়াছি; উহাতে লিখিত আছে "১১৮ নং অপার চিংপুর রোড, কলিকাতা, আর্থ-পুত্তকালম হইতে শ্রীচণ্ডীচরণ বসাক কর্তৃক প্রকাশিত।" গ্রহকারের নামের ছলে

আছে "শ্ৰীনৱেন্দ্ৰনাথ দত্ত বি. এ. ও শ্ৰীবৈঞ্বচরণ বসাক কর্তৃক সংগৃহীত।" পুত্তকের প্রারম্ভে সহকারী গ্রন্থকার বৈষ্ণবচরণ তাঁহার 'বিশেষ কথা'র লিখিয়াছেন, "প্রায় এক বংসর অতীত হইল ইহার সম্বলন কার্য আরম্ভ হটয়াছে। শ্রীযুক্তবাবু নরেক্সনাথ দত্ত বি. এ. মহাশয়ই প্রথমত: ইহার অধিকাংশ সংগ্রহ করেন: কিন্তু পরিশেষে তিনি নানা অলজ্যনীয় কারণে অবসর না পাওয়ায় ইহা শেষ করিতে পারেন নাই। তজ্জ্ঞ আমিই ইহার অবশিষ্টাংশ পুরণ করিয়া দাধারণ্যে প্রকাশ করিলাম ;" "অলঙ্ঘনীয় কারণেদ্ন" মধ্যে তথন নিশ্চয় বরাহনগব মঠের প্রাথমিক কার্ষের ব্যস্ততা এবং পিতৃসম্পত্তি লইয়া মকদ্দমা প্রভৃতি ছিল। বদাক মহাশ্যের 'বিশেষ কথা'-র তারিখ ১২৯৪ বঙ্গান্ধের ভাদ্র মাদ, অর্থাৎ ১৮৮৭ খৃষ্টান্দের মধ্যভাগের কাছাকাছি (আগস্ট-সেপ্টেম্বর)। এই হিসাবে দেখা যায়, নরেক্সনাথ এই পুল্তকরচনায় হাত দেন শ্রীরামক্লফের দেহত্যাগের অব্যবহিত পরে, হয়তো বা উহার কিঞ্চিৎ পূর্বে। গ্রন্থগানি লোকসমাজে বিশেষ সমাদৃত হয়। বৈষ্ণবচরণ তৃতীয় সংস্করণের 'বিশেষ কথা'য় লিখিয়াছেন, "ছয় মাসের মধ্যে হুই সংস্করণে হুই সহস্র সঙ্গীত-कञ्चलकः निःশেষिত হইয়াছে।" তথনকার দিনে ইহা খুবই সভোষজনক। কিন্তু পরে "ব্যবসায়ী মনোবুত্তির" ফলে পুত্তকথানির নাম পরিবর্তিত হইয়া যায় এবং নরেক্সনাথের নামও পরিতাক্ত হয়। পুস্তকথানির স্বন্ধ ও কর্তৃত্ব লইয়া একটা বিবাদ কিছুকাল চলিয়াছিল বলিয়া মনে হয়। বেলুড় মঠে সংবক্ষিত প্রথম সংস্করণের পুশুক্থানির প্রথম পুষ্ঠায় গ্রন্থকারন্বয়ের নামের পশ্চাতে কে একজন কালী দিয়া লিখিয়াছেন "ও জ্ঞানচন্দ্র বসাক"। ঐ গ্রন্থখানির মালিক হিসাবে ইংরেজীতে জ্ঞানচন্দ্র বসাকের নাম লিখিত আছে এবং বর্ধ দেওয়া হইয়াছে ১৮৮१। 'দলীত ও বাছা' নামক ভূমিকার প্রথম পূর্চায় ইংরেন্সীতে তারিখনহ লিখিত আছে "জে. দি. বদাক কর্তৃক প্রদন্ত, ১।১৮৮।"

এই সঙ্গে আর একটি কথা নিতান্ত অপ্রাসন্থিক হইবে না। বেলুড় মঠের প্রাচীনগণ বলেন, বরাহনগরের প্রথমাবস্থায় ত্যাগী ভক্তগণ ধখন কার্বোপলক্ষেকলিকাতায় ধাইতেন, তখন চুই-এক পশ্বসার জলধােগের জ্লন্ত শ্রীরামক্রফ-ভক্ত উপ্রেলাথ মুখোপাধাায়ের দোকানে উপস্থিত হইতেন। তিনি তখন দরিত্র; অপরের দোকানে কাজ করিতেন। অতএব এই স্বস্তাদের সাহায্যকল্পে নরেক্রনাথ গ্রহ্ম রচনায় মন দেন এবং উপ্রেলনাথ ইহাতে উপক্রত হন। কিন্তু পরে পুত্তকের

শ্বত্ব লইয়া বিবাদ উপস্থিত হয়। নরেক্রনাথ শ্বভাবতই এই বিবাদ হইতে আহারকা করিয়া সরিয়া দাভান।

নরেক্সনাথের সঙ্গীতপ্রীতি সম্বন্ধে একটি ঘটনা তাঁহার বাল্যবন্ধু প্রিয়নাথ সিংহ মহাশরের শ্বতিকথা হইতে উদ্ধৃত করিলাম: "নরেক্র তখন তাঁহার পিত্রালয়ে চুইবেলা কেবল আহার করিতে যান, আর সমন্ত দিবারাত্র নিকটে রামতক বহুর গলিতে মাতামহীর বাটীতে থাকিয়া পাঠাভাাদ করেন। পাঠাভ্যাদের থাতিরেই যে এথানে থাকেন, তাহা নহে; নরেক্স নিভূতে থাকিতে ভালবাদেন। বাড়ীতে অনেক লোক, বড গোলমাল, নিশীথে ধাান-ব্দপের বড় ব্যাঘাত। মাতামহীর বাটীতে লোক বেশী নয়। ছই-একজন যাঁহারা আছেন, তাঁহাদের ঘারা নরেনের কোন ব্যাঘাত ঘটে না। কচিকাচা ছেলে—शहात्मत्र चाताहे ज्यभिक शानमान हम, এशात्म এकिए माहे। द ঘরটিতে নরেন থাকেন, তা বার-বাড়ীর দোতলায়। ঘরের সম্মুখেই উঠিবার সিঁডি, বন্ধ-বান্ধবদের বাঁহার যথন ইচ্ছা আসিয়া উপস্থিত হন। নরেন নিজের এই অপুর্ব ছোট ঘরটির নাম রাধিয়াছিলেন 'টঙ'। কাহাকেও দলে লইয়া শেখানে যাইতে হইলে বলিতেন, 'চল, টঙে ঘাই।' ঘরটি বড়ই ছোট-প্রস্থে চার হাত, দৈর্ঘ্যে প্রায় তাহার দ্বিগুল। ঘরে আদবাবের মধ্যে একটি ক্যাদিদের থাট, তাহার উপর ময়লা ছোট একটা বালিস। মেঝের উপর একটি ছেডা সপ পাতা। এক কোণে একটি তানপুরা, তাহারই নিকট একটি সেতার ও একটি বায়া। বাঁয়া কখন ঐ মাতুরের উপর পড়িয়া থাকে, কখন বা খাটিয়ার নীচে, কখন বা তাহার উপর চড়িয়া বসিয়া থাকে। ঘরের এক পার্ঘে একটি খেলে। হঁকো, ভাহার নিকট খানিকটা ভামাকের গুল আর ছাই ঢালিবার একখানি সরা। ভাহারই কাছে ভামাক টিকে ও দেশলাই রাখিবার একখানি মুৎপাত্ত। আর কুলন্ধিতে, খাটের উপর, মানুরের উপরে, হেথা-সেথা ছড়ানো পড়িবার পুত্তক। একটি দেওৱালে একটি দড়ি খাটানো, ভাচাতে কাপড় পিরান ও একথানি চাদর ঝুলিভেছে। ঘরে ছুটি ভালা শিশিও রহিয়াছে; সম্প্রভি তাঁহার পীড়া হইয়াছিল, ভাহারই নঞ্জির। নরেন মনে করিলেই বাড়ী হইতে পরিছার বালিস, উত্তম বিছানা, ও ভাল ত্রব্যাদি আনিয়া হুই একথানি ছবি প্রভৃতি দিয়া ঘরটি বেশ সাম্বাইতে পারেন; করিতেন না বে, ভাহার একমাত্র কারণ, তাঁহার ঐ সমন্ত দিকে কোন খেয়ালই ছিল না। সেজন্ত খরের সর্বত্ত একটা ষেন বাসাড়ে বাসাড়ে ভাব। প্রকৃত কথা, স্বাত্মগুরির বাসনা তাঁহার বাল্যাবস্থা হইতে কোন বিষয়ে দেখা ঘাইত না।

"নরেক্স আন্ধ মনোনিবেশপূর্বক পাঠ করিতেছেন, এমন সময় কোন বন্ধুর আগমন হইল, বেলা এগারটা। আহারাদি করিয়া নরেক্স পাঠ করিতেছিলেন। বন্ধু আদিয়া নরেনকে বলিলেন, 'ভাই রান্তিরে পড়িল, এখন ছটো গান গা।' অমনি নরেন পড়িবার বই মুড়িয়া একধারে ঠেলিয়া রাখিলেন। তানপুরার ভুড়ির তার চি ড়িয়া গিয়াছে, সেতারে হুর বাঁধিয়া নরেন গান ধরিবার আগে বন্ধুকে বলিলেন, 'তবে বাঁয়াটানে।' বন্ধু বলিলেন, 'ভাই আমি তো বাঙ্গাতে জানিনে। ইন্ধুলে টেবিল চাপড়ে বাজাই বলে কি ভোমার সঙ্গে বাঁয়া বাজাতে পারি ?' অমনি নরেন আপনি একটু বাজাইয়া দেখাইলেন ও বলিলেন, 'বেশ করে দেখেনে দিখি। পারবি বই কি ? কেন পারবিনি ? কিছু শক্ত কাজ নয়। এমন করে কেবল ঠেকা দিয়ে য়া, তাহলেই হবে।' সঙ্গে বাজনার বোলটাও বলিয়া দিলেন। বন্ধু ছই-একবার চেষ্টা করিয়া কোন রক্ষে ঠেকা দিতে লাগিলেন; গান চলিল।

"ভাললয়ে উন্মন্ত হইয়া ও উন্মন্ত করিয়া নরেনের হানয়স্পাশী গান চলিল— हेम भा, हेभ-(बंदान, अभन, वाक्रना, हिन्नी, मःकुछ। नुखन ट्रिकांत्र मयद्य नद्यन এমনি সহজভাবে বোলসহ ঠেকাটি দেখাইয়া দেন যে, একদিনে কাওয়ালী, একতালা, আড়াঠেকা, মধ্যমান, এমন কি স্থরফাকতাল পর্যন্ত তাহার দার। वाकाहेबा नहेलन । वद्य मध्य मध्य जामाक माजिया नत्त्रन व वाध्याहेट जिल्ल ও আপনি থাইতেছেন; সেটা কেবল বাজনা কার্য হইতে একটু অবসর না नहेल हाछ य याय। नरतत्स्वत किन्ह गारनत कामाहे नाहे। हिन्ही गान हहेल নরেন তাহার মানে বলিতেছেন ও তাহার অন্তর্নিহিত ভাবতরক্ষের সহিত স্থরলয়ের অপূর্ব ঐক্য দেখাইয়া বন্ধকে বিমোহিত করিতেছেন। দিন কোখা দিয়া চলিয়া গেল, সন্ধ্যা আসিল। বাড়ীর চাকর একটি মিটমিটে প্রদীপ দিয়া গেল। ক্রমে রাত্রি দশটার সময় চুক্সনের হ'শ হইলে সেদিনকার মতো পরস্পর বিদায় লইয়া নরেন্দ্র পিত্রালয়ে ভোজনার্থ চলিয়া গেলেন, বন্ধু স্বস্থানে প্রস্থান করিলেন। এই প্রকারে নরেনের পাঠে কতই যে ব্যাঘাত ঘটিত ভাহা বলা ৰায় না। নরেনের দহিত এই দমরে বাহারই ঘনিষ্ঠতা হইয়াছে, ভিনিই এই ব্যাপার চাকুব দেখিয়াছেন। কিন্তু ব্যাঘাত বতই হউক না কেন, নরেন্দ্র নিৰ্বিকার।" ('উদ্বোধন', ফাল্কন, ১৩১৭)।

কলেজের সহপাঠীরা তাঁহার গান তানিতে খুবই ভালবাসিত, এবং "এন্কোর প্রিজ্"—"চলুক, চলুক" ইত্যাদি বলিয়া তাঁহাকে উৎসাহিত ও প্রশংসিত করিত; তিনিও ভাবে মত্ত হইয়া সময় ভূলিয়া গাহিতে থাকিতেন। একদিন ইংরেজ অধ্যাপকের ক্লাশে আসিতে অস্বাভাবিক বিলম্ব হইতেছে দেখিয়া ছেলেরা দরিয়া বিশল, নরেক্রকে গাহিতে হইবে। নরেক্র গান ধরিলেন, ইতিমধ্যে অধ্যাপক দবজা পর্যন্ত আসিয়াই গান তানিয়া আর ঘরে চুকিলেন না। গান থামিলে সহাত্যে প্রবেশ করিয়া গায়কের অশেষ প্রশংসা করিতে লাগিলেন। ছাত্ররা কিন্তু কেহই গায়কের নাম বলিল না।

কোন কোন দিন এমন হইত যে, স্থান করিয়া কোথাও ধাইবেন বলিয়া তেল মাথিতেছেন, এমন সময় গান আরম্ভ হইল। অমনি গানে উন্মন্ত হইয়া স্থানাহার ও বাহিরে যাওয়ার কথা সবই ভূলিয়া গেলেন—ভগু গানই চলিতে লাগিল।

বন্দের মজলিসে নবেদ উপস্থিত না থাকিলে সব যেন আলুনী ঠেকিত, আমনি প্রায় উঠিত, "নবেন কোথা ? নবেন কোথা ?" তিনি যেগানে যাইতেন, সেগানে আনন্দের তরক উঠিত। সমস্ত কলেজ-জীবনে তিনি ছিলেন সহপাঠীদের নিকট প্রেমাস্পদ বন্ধু। গল্প, রহস্ত, সগীত, নৃত্য, জৌড়া, ব্যায়াম প্রভৃতি স্ববিষ্থে তিনি ছিলেন নেতা—আনন্দ্রাস্বের কেন্দ্রি। তাঁহার অভিনয়-প্রীতির কথাও পূর্বেই বলা হইয়াছে। বিশেষ এই যে, তিনি রক্ষমকেও চিত্রের উন্নতিস্থাক নীতিপূর্ণ ভূমিকাই গ্রহণ করিতেন।

ষামীন্দীর কণ্ঠষর সম্বন্ধ এখানে কিঞ্চিং বলিয়া রাণিলে মন্দ হইবে না।
'শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় তংপ্রণীত 'সঙ্গীত-সাধনায় বিবেকানন্দ ও সঙ্গীত-কল্পত্রকণ পুত্তকথানিতে (২৬—২৮ পঃ) লিথিয়াছেন, "গায়ক-মহলে থাকে বলে 'জোয়ারীদার' গলা, স্বামীন্দীর ছিল তাই। তার কঠে—গায়কের অক্ততম প্রধান সম্পদ—জোয়ারী ছিল এবং তাঁহার স্বর ছিল পুরুষোচিত গল্পীর ও গভীর।" র্মা রলা লিথিয়াছেন, "বক্তা আরম্ভ করবার সঙ্গে সংক্ষেই তাঁর ঐপর্যময় গল্পীর কণ্ঠস্বর অধিকার করে ফেললে বিপুল মার্কিনী এ্যাংলো-স্থাক্সন শ্রোভূমওলীকে—বারা তাঁর বর্ণের জ্বন্তে প্রথমে তাঁর প্রতি বিরাগ পোষণ করেছিল।……তাঁর কণ্ঠস্বর ছিল (মিন্ জোসেকিন্ ম্যাক্লাউড্ একথা আমান্ন বলেছিলেন) ভারোলোন সেলোর মতন চমৎকার, গল্পীর হলেও ভার মধ্যে প্রবল বিসদৃশ কিছু ছিল না—ভা ছিল গল্পীর স্পন্ধনে ভরা, বা সভাস্থল এবং শ্রোভূম্বন্ধর

অন্তঃস্থল পূর্ণ করে তুলত। শ্রোতাদের একবার চিন্তজ্বয়ের স্থযোগ পেলে তিনি তাঁর শ্রোতাদের মন এমন গভীর খাদে নিমগ্ন করতে পারতেন বে, তাদের অন্তর পর্যন্ত বিদীর্ণ হত। এমা ফালভে, যিনি তাঁর সঙ্গে পরিচিত ছিলেন, তাঁর কণ্ঠধানির এইভাবে বর্ণনা করেন বে, তা ছিল খাদ ও তীত্র স্বরের চমংকার মধ্যবর্তী এবং চীনা গঙ্গের (কাঁসরের) মতো কম্পনময়।" ('দি লাইফ অব্বিবেকানন্দ', ৫ পঃ)

পিতৃবিয়োগের পর নরেক্সনাথ বধন খুবই বিপন্ন, সেই কালের কথা উল্লেখ করিয়া মহেক্সনাথ দত্ত লিখিয়াছেন, "মাস্টার মহাশয়ের বাড়ী অনতিদুরে, এইজন্ত মাস্টার মহাশয় নরেক্সের কাছে সর্বদাই আসিতেন এবং বাহিরের ঘরটিতে তক্তাপোশের উপর বসিয়া ছজনে ভজন গান শুরু করিতেন। নরেক্সনাথের গলার স্বর মোটা ও খাদে, মাস্টার মহাশয়ের গলার স্বর মৃহু ও ললিত, অর্থাৎ একজনের হইল থাদ স্বর, অপরের হইল মেয়েলী স্বর। ছই জনের কণ্ঠস্বর মিশ্রিত হইয়া এক মধুর শব্দ নিঃস্ত হইত এবং তক্তাপোশ থাপড়াইয়া নরেক্সনাথ ভাল দিত।" ('মাস্টার মহাশয়ের অহ্ধ্যান', ১০ পঃ:)

"তাঁর গান যে শ্রোভাদের পরিতৃপ্ত করত তার কারণ, তিনি সঙ্গীতে রসসঞ্চার করতে পারতেন। সঙ্গীতের মূলকথা যে রসস্টি তা তিনি বিলক্ষণ অফুভব করতেন এবং সেজন্তেই তাঁর গান শ্রোতৃবর্গকে মুগ্ধ করত। তাঁর গানে গভীর আন্তরিকতা প্রকাশ পেত। তিনি গান গাইতেন যথোচিত ভাব দিয়ে। সেজন্তে তাঁর সঙ্গীত উৎসারিত হত অভ্তরের অভ্তঃত্তল থেকে।" (দিলীপকুমার মুখোপাধ্যায়, ২৬ পৃ:)

বাদলা জীবনীর মতে নরেন্দ্রনাথ নৃত্যবিভাও শিথিয়াছিলেন এবং উহাতে স্থানিপুণ ছিলেন। "প্রাচীন গ্রীকদের মধ্যে বীরোচিত কলা বলিয়া নৃত্যবিভার খুব আদর ছিল, এবং ধর্মোৎসবাদির সময় নৃত্যাদি অপ্রটিত হইত। নরেন্দ্র জাভাবিক কলাফুরাগবলতঃ নৃত্যকালে অসমঞ্চালনের মাধুর্বে সকলের হৃদয় আকর্ষণ করিতে পারিতেন, আর সেই সঙ্গে বদি সঙ্গীতটি উচ্চ ভাবব্যঞ্জক হইত, ভাহা হইলে ভাবের প্রেরণায় নৃত্যসৌচব আরও বর্ধিত হইত।" (৭৪ পৃঃ)

স্থানন্দে তিনি মাডিতেন, স্থপরকেও মাডাইতেন। ছেলেবেলার বেমন ধেলাধ্লার সব ভূলিয়া হাইতেন, বখন বাছা করিতেন, সবটুকু মন দিয়াই ভাহা করিতেন, বৌবনেও সেই নিজ্জ প্রকৃতির পরিচর পাওয়া বাইত। "পূর্বের স্তার ভধনও কোন একটা ন্তন জিনিস বা বিষয় দেখিলেই সব ত্যাগ করিয়া ভাহার
পূলাতে ছুটিভেন। ছাত্রদিগের মধ্যে তাঁহার ফ্লায় রসিক কেই ছিল না।
কোন ঘটনার কৌতুকের দিকটা সর্বাগ্রেই তাঁহার দৃষ্টিপথে পতিত ইইত।
তাঁহার সহাধ্যায়িগণের মধ্যে অনেকেই স্বভাবতঃ আমোদপ্রিয় ছিলেন। একে
এই রস্প্রিয় প্রকৃতি, আবার যথন সকলে একত্র ইইতেন তথন তাঁহাদের ফ্তির
বহর দেখে কে? এমন অনেক দিন গিয়াছে যেদিন একখানা গাড়ী ভাডা
করিয়া তাহার মধ্যে ঠালাঠাসি করিয়া বিদয়া সকলে সারা কলিকাভার পথে পথে
গান গাহিয়া বেড়াইয়াছেন। রবিবার বা অন্ত ছুটির দিনে সকলে একত্রে
গঙ্গালানে যাইতেন। গঙ্গাবক্ষে সম্তরণ, লক্ষ্-ঝম্পা, জলক্রীড়া ইইত ও সঙ্গে সঙ্গে
হাসি-তামাসা ও গরের বান ভাকিত। পূজাপার্বণ উপলক্ষে রাজপথসমূহ
আলোকমালায় বিভূষিত ইইলে এই সকল যুবকদল ভ্রমণে বহির্গত ইইভেন ও
উচ্ছসিত আনন্দের রোলে গগন বিদীণ করিতেন।" (ঐ, ৫৫ পঃ)

এত আনন্দ-বিহ্বলতার মধ্যেও লক্ষ্য করিবার বিষয় এই ছিল যে, নরেন্দ্র কথনও স্বীয় পবিজ্ঞতা হইতে বিচ্যুত হন নাই। এই সম্বন্ধ তাঁহার এক যৌবনসহচর—ঘিনি পূর্বে স্থনীতি-কুনীতির ধার ধারিতেন না, কিন্ধু পরে স্থামীজীর শিশুত্ব গ্রহণ করিয়াছিলেন—তিনি বলিয়াছিলেন, "যৌবনে স্থামীজী পবিজ্ঞতার জ্ঞলন্থ বিগ্রহ ছিলেন। আমি তাঁহাকে প্রায়ই অভিরিক্তমাত্রায় পবিজ্ঞতাবাদী বলিয়া ঠাট্টা করিতাম; কিন্ধু এক সময়ে তাঁহার সম্পূধে কথা কহিতে গোলে যেন আটকাইয়া ঘাইত; স্পাই বৃঝিতে পারিতাম, তাঁহার কহিতে গোলে যেন আটকাইয়া ঘাইত; স্পাই বৃঝিতে পারিতাম, তাঁহার ও্র্কুলনায় আমি কত হীন।" তিনি আরও বলিয়াছিলেন, "নরেনের ভেতর থেকে যেন একটা আধ্যাত্মিক তেজ ফুটে বেরোত, তার কাছে তিঠানো যেত না।" তথু ইনি নহেন, নরেক্রের অপর বন্ধুরাও তাঁহার এই সদ্ভাগসভূত তেজ অঞ্চব করিয়া সমীহ করিয়া চলিতেন।

নরেন্দ্রনাথের টঙ ছাড়িয়া আমরা একটু দিগ্দর্শন করিয়া আসিলাম; এখন আবার সেই টঙ-এর প্রসক্ষেই ফিরিয়া যাই—তাঁহার পাঠান্ড্যাসের আর একটু তথা সংগ্রহ করি। বি.এ. পরীক্ষার তথন আর হয়তো মাসধানেক মাত্র দেরি আছে, এমন সময় নরেন্দ্রের খেরাল হইল, পাঠাপুত্তকমধ্যে বিপুল কলেবর ইতিহাসধানি উলটাইয়া দেখা হয় নাই। তথন তিনি এক উপায় আবিহার করিলেন। টঙের উদ্ভরে বিতলে তদপেকা বড় একখানি বর এবং

ঐ ঘরের পশ্চিমে একটি চোর-কুঠুরী বা দো-ছত্তির ঘর ছিল। ঐ বড় ঘরেরই
মধ্য দিয়া তাহাতে প্রবেশের একটিমাত্র ক্ষুদ্র দার বা প্রবেশমার্গ ছিল—হামাগুড়ি
দিয়া ঢুকিতে হইত। তাহার দক্ষিণে একটি জানালা। ঐ লুকায়িত স্থানে
বিদয়া তিনি পাঠাভ্যাসে লাগিয়া গেলেন। উল্লিখিত সময়ে এক বন্ধু আসিয়া
নরেক্রকে ডাকিলে তিনি সাডা দিলেন বটে, কিন্তু বন্ধু ব্ঝিতেই পারিলেন না,
কোথা হইতে আওয়াজ আসিতেছে। তথন নরেন ব্ঝাইয়া দিলেন, তিনি
চোর-কুঠুরীতে আছেন। সেখান হইতেই বন্ধুর সহিত কথাবার্তা হইল। তাহা
হইতে বন্ধু জানিলেন, নরেক্র এই সকল্প করিয়া ঐ কুঠুরীতে প্রবেশ করিয়াছেন
যে, গ্রীণের লিখিত ইংলণ্ডের ইতিহাস আগন্ত পুনরধ্যমন না করিয়া বাহির
হইবেন না। তথনই ঐভাবে তইদিন কাটিয়া গিয়াছে। অতঃপর আর
একদিন সেখানে থাকিয়া গ্রন্থখানি শেষ করিয়া তিনি বাহির হইয়াছিলেন।

সময়বিশেষে এইরূপ স্থির সন্ধল্ল লইয়া পাঠে নিরত হইলেও সাধারণতঃ তাঁহার মনে পরীক্ষার জন্ত কোন উদ্বেগ দেখা যাইত না। বি.এ. পরীক্ষার প্রথম দিন প্রাতেই শ্যাত্যাগান্তে প্রাতভ্রমণে বাহির হইয়া তিনি ক্রমে চোর-বাগানে সতীর্থ হরিদাদ ও দাশরথির বাসায় আসিয়া উপস্থিত হইলেন। এখানে তাঁহার প্রায়ই যাতায়াত ছিল এবং পডান্তনার সম্পর্কে আসিলেও গল্পগুরুত্বরে সময় কাটিয়া যাইত। সেসব আগের কথা; কিন্তু আজ এই পরীক্ষার দিনে! বন্ধুদের ঘরের কাতে আসিয়া তিনি উচ্চে:স্বরে গান ধরিলেন:

মহাসিংহাসনে বসি শুনিছ হে বিশ্বপিতঃ, ভোমারি রচিত ছন্দ মহান্ বিশ্বের গীত। নর্জ্যের মৃত্তিকা হয়ে, ক্ষুদ্র এই কণ্ঠ লয়ে, আমিও হয়ারে তব হয়েছি হে উপনীত। কিছু নাহি চাহি দেব, কেবল দর্শন মাগি, ভোমারে শুনাব গীত, এসেছি ভাহারি লাগি; গাহে যথা রবিশ্লী, সেই সভামাঝে বসি, একাম্বে গাহিতে চাহে এই ভক্তের চিত।

নরেক্রের গলার স্বর শুনিয়া বন্ধ্বয় বার খুলিয়া দেখেন ভিনি পৃস্তকহন্তে

সন্মিতবদনে দণ্ডায়মান। বন্ধুছয় প্রশ্ন করিলেন, "নরেন, একজামিনের দিন; কোথায় একটু আথটু খুঁতথাত যা আছে সেইটুকু সেরে নেবে, না ভোমার দেখছি সবই বিপরীত; বেড়ে ফুতি করছ!" নরেন্দ্র উত্তর দিলেন, "হাঁ ভাই তো করছি, মাথাটা সাফ রাখছি। মগজটাকে একটু জ্ঞিরেন দেওয়া চাই, নইলে এই হুঘণ্টা যা মাথায় ঢোকাব, ঢুকে আগেকার গুলোকে গুলিয়ে দেবে বই তো নয়? এতদিন পড়ে পড়ে যা হোল না, তা কি আর হু' ঘণ্টায় হয় ? হয় না। এক্জামিনের দিন সকালবেলায় কেবল ফুতি, কেবল ফুতি করে শরীর-মনকে একটু শান্তি দিতে হয়, ঘোড়াটা ছুটে এলে ভাকে দলাই-মলাই করে ভাজা করে নিতে হয়। মগজটাকেও ভাই করতে হয়।"

সমকালীন একটি ঘটনায় নবেক্সনাথের ব্যক্তপ্রীতি ও কৌতৃকপ্রিয়ভার স্থন্সর পরিচয় পাওয়া যায়। বি.এ. পরীক্ষার জন্য টাকা জ্বমা দেওয়ার সময় আসিয়াছে এবং সকলেরই টাকার সংস্থান আছে; নাই ভুধু চোরবাগানের বন্ধু গরীব হরিদাদের—দে টাকা সংগ্রহ করিতে পাবে নাই তাছাড়া এক বংসরের বেতন বাকী। অবশ্য এইরূপ বিশেষ ক্ষেত্রে টাকা মকুব করারও বাবস্থা চিল. স্মার তাহার ভার ছিল রাজকুমার নামক কলেক্সের একস্তন বুদ্ধ কেরানীর উপর। इतिमात्र करदोष्पाधाय प्रतिथलन, दकान श्रकारत पत्रीकात कि प्राथया करन কিন্তু বেতনের টাকা দেওয়া অসম্ভব। তবে রাজকুমারবার দয়াশীল বলিয়া পরিচিত ছিলেন—যদিও তাঁহার নেশা করার একটু তুর্নাম ছিল। সব ওনিয়া নরেন্দ্র হরিদাসকে ভরসা দিলেন, সব ঠিক হইয়া ঘাইবে। তুই-একদিন পরে যুগন রাজকুমারবাবর টেবিলে খুব ভিড় জ্ঞমিয়াছে এবং ছেলেরা একের পর এক টাকা জ্বমা দিতেছে, তথন নরেন্দ্রনাথ ভিড ঠেলিয়া গিয়া রাজকুমারকে বলিলেন, "মশাই, হরিদাস দেখছি মাইনেটা দিতে পারবে না; আপনি একটু অহুগ্রহ করে ভাকে মাপ করে দিন। ভাকে পাঠালে সে ভাল রকম পাস করবে; স্থার না পাঠালে সব মাটি হয়।" রাজকুমার মুখবিক্লভি করিয়া বলিলেন, "ভোকে জ্যাঠামি করে স্থপারিশ করতে হবে না; তুই যা, নিজের চরকার তেল দিগে ৰা। আমি ওকে মাইনে না দিলে পাঠাব না।" নৱেক্ত তাড়া খাইবা পলাইলেন, বন্ধুও হতাশ হইলেন। তবু নরেন্দ্র ভরদা দিয়া বলিলেন, "তুই হতাশ হচ্ছিদ কেন ? ও বুড়ো অমন তাড়াতুড়ি দেয়। আমি বলছি, তোর একটা উপায় করে দেব; তুই নিশ্চিম্ব হ।"

এদিকে নরেন্দ্র বাটীতে না ফিরিয়া হেদোর ধারে একটা গুলির স্বাড্ডায় ধবর नरेया कानितनन, त्राक्क्यात 'उथन आत्मन नारे। नत्तक उथन এक हो भनित्छ গা-ঢাকা দিয়া হেদোর দিকে লক্ষ্য স্থির রাখিলেন। সন্ধ্যার অন্ধকার যথন বেশ ঘনাইয়া আসিয়াছে, তথন রাজকুমারকে গুলির আড্ডার দিকে চুপি চুপি আদিতে দেখিয়া তিনি অকমাৎ গলির মূখে আদিয়া রাজকুমারের পথ স্বাগলাইয়া দাড়াইলেন। নরেন্দ্রকে দেখিয়াই বৃদ্ধ প্রমাদ গণিলেন; তবু मञ्जलार जिल्लामा कतिरतन, "किरत पत्त, अथारन रकन ?" नरतेन इतिमारमत প্রার্থনা আবার পেশ করিলেন এবং সঙ্গে সঙ্গে ভয় দেখাইলেন, প্রার্থনা মঞ্জুর না হইলে গুলির আড্ডার কথা কলেজময় রটাইয়া দিবেন। বুদ্ধ তখন বলিলেন, "বাবা, রাগ করিস কেন? তুই যা বলছিস তাই হবে। তুই যথন বলছিস, খামি কি তা না করতে পারি ?" নরেন্দ্র তবু কৌতুকভরে জানিতে চাহিলেন, ইহাই যদি তাঁহার প্রকৃত মনোভাব, তবে সকালে ঐরূপ বলিতে কি আপত্তি ছিল ্ বৃদ্ধ বুঝাইয়া দিলেন, তথন মকুব করিলে তাহার দৃষ্টাস্তে অপর ছেলেরাও ঐব্ধপ ধরিয়া বসিত ; তবে বেতন মাপ হইলেও পরীক্ষার ফি-টা মকুব হইবে না अठी मिट्ड इहेर्द। नरत्रक्ष मचि कानाहेश विमाय नहरत्नन। अम्रिक নরেক্স চক্র আড়াল হইলেই রাজকুমার একটু এদিক ওদিক ভাকাইয়া গুলির আজ্ঞায় ঢুকিয়া পড়িলেন।

হরিদানদের বাসা ছিল চোরবাগানে ভ্বনমোহন সরকারের গলিতে।
পরদিন স্বর্গাদয়ের পুর্বেই নরেন্দ্র বন্ধৃগৃহে আসিয়া দরজায় করাঘাত করিয়া গান
ধরিকেন:

অহুপম-মহিম পূর্ণব্রদ্ধ কর ধ্যান,
নিরমল পবিত্র উধাকালে !
ভালু নব তাঁর সেই প্রেমমৃধ-ছারা,
দেধ ঐ উদর্যারি শুশুভালে ।
মধু-সমীরণ বহিছে শুভদিনে,
তাঁর গুণগান করি অমৃত ঢালে ।
মিলিরে সবে বাই চল, ভগবত-নিকেতনে,
প্রেম-উপহার লবে হুদর-ধালে ।

ভারণর হরিদাসকে বলিলেন, "ওরে খুব ফুর্ডি কর, ভারে কাজ কভে

হয়েছে, তোর মাইনের টাকাটা আর দিতে হবে না।" তারপর দে সন্ধার কাহিনীটি—গা-ঢাকা দিয়া সন্ধার অন্ধকারে লুকাইয়া থাকা, রাজকুমারের চূপি চূপি আগমন ও সচকিতে ইতন্তত: নিরীক্ষণ, হঠাৎ নরেন্দ্রের আবির্ভাব, রাজকুমারের ভয়ে জড়সড় হওয়া, বেতন মাপ করিয়া গুলির আড্ডায় ঢোকা— ইত্যাদি অক্সভন্নী সহকারে সকলকে দেধাইয়া ও শুনাইয়া হাসির ফোয়ারা ছুটাইলেন।

বেণী উন্তাদের গৃহ ছিল মসজিদবাড়ী স্থীটে। বেণী উন্তাদের পাড়ায় কেন, প্রায় বাড়ীরই কাছে একই স্থীটের উপর ছিল অস্থ গুহের কুন্তীর আথড়া। উন্তাদের নিকট গান শিধিয়া নরেন্দ্রনাথ ঐ আথড়ায় কুন্তী শিধিতে ঘাইতেন। শ্রীযুক্ত রাথালচন্দ্র ঘোষ (বা ভাবী স্বামী ব্রহ্মানন্দ) নরেন্দ্রেরই পাড়াতে থাকিতেন এবং নরেন্দ্রেরই সঙ্গে বহু জায়গায় যাতায়াত করিতেন। এই স্বত্রে তিনিও অস্থ গুহের আথড়ায় ব্যায়ামাদি শিক্ষা করিতেন। তাছাড়া নরেন্দ্রের প্রভাবে তিনি ব্রাক্ষসমাজেও যাইতেন এবং সমাজের রেজেব্লিতে নাম লিখাইয়াছিলেন।

এক সময়ে নরেন্দ্রনাথ পিতার আদেশে পিতৃবন্ধু এটনি শ্রীযুক্ত নিমাইচন্দ্র বস্থর আফিসে শিক্ষানবিশরণে কাজ করেন' এবং পিতারই আদেশে ক্রি ম্যাসনস্ লক্ষেও ভতি হন (তখনকার দিনে উকিল, ক্ষক্ষ, সরকারের বড় বড় অফিসার অনেকেই ফ্রি ম্যাসন্স্দের দলে নাম লিখাইতেন)। বিশ্বনাথবাব্ হয়তো ভাবিয়া থাকিবেন, সেখানে গেলে ভবিশ্বং সাংসারিক জীবনে পুত্রের স্ববিধা হইবে, কেননা সেখানে অনেক পদস্য ও প্রভাবশালী ব্যক্তির সহিত পরিচয়্ম হইবে।' নরেক্রের ল্রাডা মহেন্দ্রবাব্ বলেন, বি. এ. পাসের পর বিশ্বনাথবাব্ নরেন্দ্রকে ইংলতে পাঠাইবার আশা পোষণ করিতেন, কিন্তু ঠিক তখনই দেহত্যাগ হওয়ায় ভাহা হইয়। উঠে নাই।

ইহারই মধ্যে সময়ে সময়ে নরেন্দ্রের বিবাহের প্রভাবও আসিত। **অনেক** ধনী ও সম্লান্ত ব্যক্তি নরেন্দ্রকে জামাভারণে পাইতে চাহিতেন এবং পিতা

১০। স্থাপদ্রনাথ গল্পের মতে (১৫৬ পৃ:) বি. এক পঢ়িবার সময় তিনিএটর্নি অকিসে থাতারান্ত আরম্ভ করেন; কিন্তু তথন পিতার বেহান্ত হইরা গিরাছে। কিন্তু মহেন্দ্রনাথ গল্পের মতে বি. এ. পাস করার পর তিনি "পিতা বিখনাথ ও খুল্লভাত তারকনাথের সহিত হাইকোর্টে থাকির হইতে আরম্ভ করিরাছেন" (পৃ:২৩)। আমরা 'নীলাপ্রসলের' মত (৫০১৪ পৃ:) অসুসরণ করিরাছি।

३५ । कृत्यक्षनाथ वस्तु, ३६१ गृः ।

বিশ্বনাথও চাহিতেন যে, এই বৈবাহিক সম্বন্ধ অবলম্বনে পুত্রের সাংসারিক উন্নতি হউক। বিশেষতঃ একটি প্রত্যাব খুবই লোভনীয় ছিল। এই প্রত্যাবে সম্মত হইলে নরেন্দ্র তথনকার দিনে অতিবাস্থিত আই. সি. এস. চাকুরির উদ্দেশে শিক্ষালাভের ক্ষয় ইংলওে ধাইতে পারিতেন। কিন্তু নরেন্দ্র ইহাতে সম্মত হন নাই। অক্যান্ত যেসব প্রত্যাব আসিয়াছিল সেগুলিও কোন না কোন কারণে নিফল হইয়া যায়। আমর। পূর্বেই দেখিয়াছি, নরেন্দ্রের অন্তরে মানবন্ধীবনের একটা অত্যান্ধ মান প্রতিষ্ঠিত থাকিয়া প্রতিপদে তাঁহার জীবনগভিকে নিয়মিত করিতেছিল এবং পারিপাশিক অবস্থা সে শাসন অতিক্রমে সম্পূর্ণ অক্ষম ছিল। ধর্মরাজ্যে রাক্ষামান্ধ্র তাঁহাকে সম্পূর্ণ আপনার করিয়া লইতে পারে নাই, চিন্তারাজ্যে পাশ্চাত্য ভাবরাশি তাঁহাকে কিছুকাল ভাবাইয়া তুলিলেও স্থমার্গে পবিচালিত করিতে পারে নাই; সঙ্গীত, আমোদপ্রিয়তা প্রভৃতি তাঁহাকে অনেক ক্ষেত্রে অবাস্থিত সঙ্গীদের মধ্যে আনিয়া ফেলিলেও গভীর নীতিবোধ তাঁহাকে লক্ষ্যচ্যত হইতে দেয় নাই; অধুনা সাংসারিক প্রলোভনও সমভাবে ব্যর্থকাম হইল।

এই প্রসঙ্গে একটি সমস্যা আমাদের মনে উঠে এবং তাহার উত্তরও সহজেই পাই। নরেন্দ্র এত প্রতিভাশালী হইয়াও পরীক্ষায় তেমন উচ্চস্থান অধিকার করিতেন না কেন? আমরা দেখিয়াছি, এই ক্ষণজন্মা পুরুষের প্রতিভা ছিল বছম্থী, আর ঐ সর্বতোম্থী শক্তি হপ্ত না থাকিয়া একই কালে সকল দিকে আত্মপ্রকাশের জ্বন্ধ উন্থুব ছিল। আবার পরীক্ষাটাকে তিনি কখনই খুব গুরুত্বপূর্ণ বিলিয়া মনে করেন নাই। উহার জ্বন্ত নেহাত যেটুকু সময় না দিলে চলে না, সেটুকুই মাত্র তিনি দিতে প্রস্তুত ছিলেন। বাকী সময় তিনি কাটাইতেন স্বাভিলাধামূর্ব্বপ পাঠ্যবহিভূত গ্রন্থপাঠে, ব্যায়ামে, ক্রীড়াকৌতুকে, সঙ্গীতে, আলাপ-আলোচনা ইত্যাদিতে। তাহার উপর শারীরিক অম্বত্তা, পিতার সহিত দ্বে অবস্থান, পারিবারিক বিবাদবশতঃ গৃহপরিবর্তন প্রভৃতিও ছিল। আর ছিল তাহার আধ্যাত্মিক অম্বন্ধিৎসা, যাহা তাহাকে আগতিক অভ্যান্থকে বিশেষ গুরুত্বপূর্ণ বিলয়া ভাবিতে দিত না। এই সর্বপ্রকার বিবদমান শক্তিসমৃহের মধ্যে ঘাঁহাকে স্বাভীক্ষালাভের জন্ম সতত ষত্বপর থাকিতে হয়, বৌদ্ধক প্রতিছন্থিতায় সর্বোচ্চ আসন লাভ তাহার পক্ষে সম্ভবপর নহে।

वृषि छाँशात यर वृष्टि क्या वृष्टित क्या छिनि छाँशात अधानक अवर

कलात्मत एमानीसन व्यथाक উইनियम (शब्द मारश्यत প्रमःमानाङ्ख করিয়াছিলেন। অধ্যক্ষ বলিয়াছিলেন, "নরেন্দ্রনাথ দত্ত প্রকৃতই একজন প্রতিভাসম্পন্ন বালক। আমি অনেক স্থানে ভ্রমণ করিয়াছি, কিন্ধ এমন একটি ছাত্র আর দেখি নাই, এমন কি জার্মান বিশ্ববিভালয়ের দর্শনেব ছাত্রদের মধ্যেও নতে। এ বালক নিশ্চয়ই জগতে একটা দাগ রাখিয়া ঘাইবে।" এীযুক্ত ব্রজেন্দ্রনাথ শীলের মন্তব্য আলোচনাকালে আমরা দেখিয়াতি, শীল মহাশয়ের মতে কলেজ-জীবনে নরেন্দ্র একটা বৌদ্ধিক অনিশ্চয়তা বা বিভ্রাস্থির মধ্যে পড়িয়া যেন পথ খুঁ জিয়া পাইতেছিলেন না। তবু পরাজয় স্বীকাব কবিয়া তিনি অম্বেশ হইতে বিরত হন নাই, বরং গভীবতররূপে পাশ্চাতা দর্শনের অফুশীলন করিয়াছিলেন। এমন কি তিনি হার্বাট স্পেন্সাবের সহিত পত্র-বিনিময়ও করিয়াছিলেন। তিনি পুশুকপ্রকাশক গুরুদাস চটোপাধ্যায়ের জন্ম স্পেনসারের শিক্ষাসম্বন্ধীয় গ্রন্থ বঙ্গভাষায় অন্তবাদ কবেন (ভণেন্দ্রনাথ দত্ত, ১৫৪ প:)! শোনা যায়, স্পেন্সাবের মতের কোন কোন বিষয়ে সমালোচনা করিয়া ভিনি তাঁহাকে জানাইলে স্পেন্সার নরেন্দ্রকে দর্শনপ্রীতির ভন্স প্রশংস। করেন এবং স্বীয় গ্রন্থের পরবর্তী সংস্করণে সমালোচিত বিষয়ের সংশোধন করিতে সম্মত হন। (প্রমথনাথ বস্থু, ৭১ পু:)

বৃদ্ধির প্রাথর্য থাকিলেও নরেন্দ্রনাথ স্বীয় হাদয়কে নরুভূমিতে পরিণত করেন নাই। এইজন্মই তাঁহার বন্ধুবাংসলা তাঁহাকে বারংবার ভাহাদের নিকট টানিয়া আনিত এবং তাহাদের সেবাদিতে নিয়োজিত করিত; ঠাহার সৌন্দর্যবোধ তাঁহাকে সঙ্গীত, অভিনয়, নৃত্য ইত্যাদি চারুকলাতে পারদর্শিতা আনিয়া দিত; সত্যসন্ধিংসা তাঁহাকে গুবতারার লায় সর্বদা পথ দেপাইয়া চলিত এবং মঙ্গলবোধ তাঁহাকে পদস্থলন হইতে রক্ষা করিত। আবার মন উচ্চ উচ্চতর হরে উড্ডীয়মান থাকিলেও পৃথিবীর কৃদ্র স্থতঃথ তিনি ভূলেন নাই, অস্বীকারও করেন নাই। ভবিশ্বতে শিক্ষার কথা বলিতে গিয়া তিনি মানব-চরিত্রের সর্বাঙ্গীণ উৎকর্বের উপরই জোর দিয়াছিলেন; আর স্বীয় দেহ, মন, বৃদ্ধি ও আন্ধার ক্ষেত্রে তাহাই দেখাইয়াছিলেন। কিন্তু ব্রক্তেন্ত্রনাথ শীল প্রম্থ অনেক প্রাক্ত বাক্তিরই সে যুগে ধারণা ছিল, বৃদ্ধি ও হাদযের সমকালীন ও সমসমান উৎকর্ষ অসম্ভব, হয়তো বা অবাঞ্জনীয়—হাদযের দিকে ঝুঁকিলে বৃদ্ধি ব্যাহত হয় এবং ক্রমে চারিত্রিক হুবলতা আসিয়া পড়ে। এ যুগেও বিজ্ঞানচর্চায় রত প্রতিভাবান অনেকে

धर्माषित श्राद्यांकन चौकात करतन ना । नरतक्तनारथत कौरान किंह प्रविटि शाहे, তিনি ছিলেন কঠোর ব্রহ্মচারী—ধনীর সম্ভান হইষাও ভূ-শ্য্যায় শ্যুন করিতেন, এবং বেশভ্যায় দম্পূর্ণ বিলাসিতা বর্জন করিতেন। তাঁহাকে বন্ধুরা অতিমাত্র नौजिश्वरण रिवयारे स्नानिष्ठन। পরবর্তী কালে, আমেরিকায় থাকাকালে এক চিঠিতে (৬।৭।৯৬) তিনি লিখিয়াছিলেন, এমন এক সময় ছিল, যখন রান্তার ষে ফুটপাথ অনৈতিকতার আশ্রয়ন্থল, তিনি তাহা এড়াইয়া চলিত্তেন। এইরূপ কঠোর জীবন্যাপনের একটা যুক্তি এই পাওয়া যায় যে, ধর্ম ছিল তাঁহার মতে অপরোকামুভূতির জিনিস, ভুধু কথার কথা নহে। এই অরুভূতির জ্ঞা প্রয়োজন ষাপ্রাণ সাধনা। স্থাবার ভগবানের স্থাসন স্থাপিত হয় বৃদ্ধিপীঠে নয়, দয়া-দাক্ষিণা, প্রেম-পবিত্রতা ও দৌন্দর্যে মণ্ডিত এবং বৃদ্ধিষারা পরিমান্তিত হৃদয়-বেদীতে। জনম ও মন্তিক্ষের মধ্যে সমন্ত্রম স্থাপন ছিল বিবেকানন্দ-বাণীর অক্তম মর্মকথা, আর দে সমন্বয়ের স্ত্রপাত হইয়াছিল তাঁহারই নিজ জীবনে: কার্ষে পরিণত বেদাস্কের ভিত্তিও পাই এখানেই। জনসাধারণ এ তত্ত্ব তথন সহজে ধরিতে পারে নাই—এখনও পুর্বভাবে বৃঝিবার দিন ভবিষ্যতেরই গর্ভে নিহিত। অতএব সেই প্রায় শত বৎসর পূর্বে নরেক্সকে ভূল বুঝিবার অবকাশ যথেষ্টই ছিল। বুদ্ধি ও হলয়ের মধ্যে সমন্বয় স্থাপনে উত্তত নরেন্দ্ররই পক্ষে সম্ভব ছিল একদিকে পাশ্চাত্য দার্শনিকদের গ্রন্থ অধ্যয়ন এবং অপরদিকে 'ঈশামুসরণ', ওয়ার্ডসওয়ার্থ-এর কাব্য ইত্যাদির অফুশীলন। নেতির পথে তিনি চলেন নাই; কারণ তাঁহার ঈষর প্রতিষ্ঠিত ছিলেন হৃদয়, বৃদ্ধি, মন, চিন্ত, সর্ব অধিষ্ঠানে।🕻

নারায়ণ-সকাশে নর-ঋষি

নরেক্রের জীবনের গতি ও উদ্দেশ্য অপরের নিকট অবোধ্য ও আজ্ঞাত থাকিলেও দক্ষিণেশরে তথন এমন একজন ছিলেন যিনি তাহা ঠিক ঠিক জানিতেন এবং সে জীবনকে সার্থকতার দিকে ত্বরান্বিত করিবার জ্বস্তু উদ্গ্রীবভাবে অপেক্ষা করিতেছিলেন। সে এক অপূর্ব কাহিনী। ঘটনাপরস্পরা ক্রমেট নরেক্রনাথকে তাঁহার দিকে পরিচালিত করিতেছিল।

ইংরেজী সাহিত্যের অধ্যাপক সেদিন কোন কারণে ক্লাশে অসুপন্থিত থাকার কলেজের অধ্যক্ষ স্থপিত উইলিয়ম হেন্টি ছাত্রদিগকে ওয়ার্ডস্ওয়ার্থের কবিতা পড়াইতেছিলেন—পাঠ্য কবিতাটি ছিল 'এক্ষার্শন'। উহাতে কবি জানাইতেছেন কিরুপে প্রকৃতির সৌন্দর্য অস্থপাবন করিতে করিতে তাহার মন অতীন্ত্রিয় রাজ্যে চলিয়া যাইত। ছাত্রগণ অনসভূত তত্ত্ব পারণা করিতে পারিতেছে না দেখিয়া হেন্টি মহোদয় ব্যাইয়া বলিলেন, "মনের পবিত্রতা এবং বিষয়-বিশেষের প্রতি একাপ্রতার ফলে ঐরপ অস্তভূতি আসিয়া থাকে। অবশ্র ইহা তৃর্গন্ত, বিশেষতঃ আধুনিক কালে। আমি এমন একজন মাত্র লোককে দেখিয়াছি যিনি মনের ঐ অতি শুভ অবস্থায় উপনীত হইয়াছেন; তিনি দক্ষিণেশরের রামক্ষ্য পরমহংস। ভোমরা সেখানে গিয়া নিজে দেখিয়া আসিলে ইহা ব্যিতে পারিবে।" সারক্ষেও সেদিন অপরদেরই মতো সে কথা শুনিলেন, কিন্তু তথনও পরম পুরুষের

১। ভূপেক্রনাথ দন্ত মহাশরের নিকট বামীজির সহপাঠী হরমোহন বিত্র ঘটনাট এইভাবে বর্ণনা করেন—"একনিন আমাদের ইংরেজার অধ্যাপক সাহেব ছেলেদের উপর বুব চটিরা বান, ছেলেরাইংরেজ কবি ওরার্ডস্ওরার্বের কবিতা বুবিতে পারিতেছিল না। তিনি বিরক্তিতরে টেবিল চাপড়াইরা পা রাথিবার পা-দানিতে পদাযাত করিরা অবশেনে ঘর হইতে বাহির হইরা গেলেন। ট্রক এই সবর আমিও একটা কান্ধে বাহিরে বাইতেছিলাম; কিন্তু দেখিলাম অধ্যক্ষ মাননীয় হোট সাহেব ক্লানেছিকে আসিতেছেন। আমি ফিরিয়া আসিয়া হোট সাহেবের বন্ধুতা গুনিতে লাগিলাম। তিনি বিলালেন, 'অমুর মহাশর বলেন ছেলেয়া বোকা এবং ওরার্ডস্ওরার্থের তাব ধরিতে পারে না। হয়তোতিনি নিজেই ওরার্ডস্ওরার্থকে বুকেন না; ওরার্ডস্ওরার্থের সমাধি প্রভৃতি হইত।' তারপার তিনি এই বলিয়া পেন করিলেন বে, দক্ষিপেশ্বরে এমন এক ব্যক্তি বাস করেন বাছার সমাধি হয়, 'তোমরা-ভাছাকে বেধিয়া আস।' ক্লানের ছাত্রেরা নেই প্রথম দিন ইরামকুক্সের কথা গুনিল।" (Vive-kananda: Patriot-propher, ১৩৫ পৃ:)।

সাল্লিধ্যলাভের মঙ্গল মৃহুত আদে নাই, নরেন্দ্রের মনে ঐ সংবাদটুকু একটা ভঙ ও আকাক্ষণীয় স্বতিরেখা রাখিয়া অতীতের বক্ষে মিলাইয়া গেল।

ইতিমধ্যে নরেক্রের আধ্যাত্মিক প্রচেষ্টা তীব্রতর রূপ ধারণ করিয়াছে। তিনি এবং কয়েকজন আগ্রহশীল ধর্মপ্রাণ ব্যক্তি তথন মহবি দেবেক্সনাথ ঠাকুরের নিকট ধ্যানাভ্যাদ শিক্ষা করিতেন এবং ধ্যানাত্তে মহবি জানিতে চাহিতেন, কাহার কিরুপ অমুভৃতি হইতেছে। নরেক্র উপলব্ধি করিতেন, বৈন একটা জ্যোতিবিন্দু ঘূবিতে ঘূরিতে জ্রমে জ্রমুগল মধ্যে স্থির হইয়া দাড়ায়। তারপর ঐ বিন্দু হইতে বিচিত্র বর্ণের অসংগ্য উচ্ছল রশ্মি চতুর্দিকে বিকিরিত হয়। ক্রমে তাহার চেত্র। দ্বীমের গণ্ডি ছাডাইয়া এক অ্সীমের দিকে প্রদারিতহ্য; কিন্তু ঠিক এথানে আদিলেই গ্যান ভাঙ্গিয়া যায়, আর দেই আলোকোন্তাসিত বিবিধ বর্ণ অন্তর্ভিত হয়। মহর্ষি এই যুবকের যোগশক্তির পরিচয় পাইয়া তাঁহাকে ধ্যানে উৎসাহ দিতেন, অপরের নিকট তাহার প্রশংসাও করিতেন। নরেন্দ্র শ্রদায়িত হৃদয়ে মধ্যে মধ্যে মহর্ষিভবনে যাইতেন ও স্বগৃহে নিয়্মিত ধ্যান করিতেন। প্রাণের পিপাসা কিন্তু মিটিত না। এই অভাবসঞ্চাত অসম্ভোষ যথন অসম হইয়াছে, তথন তিনি একদিন আবেগভরে মহধির নিকট চলিলেন— আজ চরম প্রশ্ন করিয়া তাহার উত্তর আলায় করিতেই হইবে। মহিষ তথন গলাবকে নৌকায় বাস ক্রিতেছিলেন। ক্রতপদে আত্মবিশ্বত নরেক্রনাথ ভিতরে অক্সাং উপাসনাময় মহিষর সমূবে আবিভৃতি হইয়া আবেগভরা কঠে জিজ্ঞাসা করিলেন, "মহাশয়, আপনি কি ঈশ্বরদর্শন করেছেন ?" সাগ্রহ যুবকের ভীব্রকণ্ঠের এই স্থভীক্ষ প্রাল্লে মহর্ষির ধ্যান্ডক হইল। তিনি চক্ষু মেলিয়া নবেন্দ্রকে দেখিলেন, কিন্তু অকস্মাৎ উত্তর দিলেন না—কণ্কাল নরেক্রের নেত্রমধ্যে আপন দৃষ্টি সন্ত্রিবন্ধ রাখিয়া বলিলেন, "বংস তোমার নয়ন্দয় ঠিক যোগীর নয়নের ক্সায়।" নিফলপ্রয়াস নরেক্স আবার কোলাহলময়ী মহানগরীর এককোণে স্বগৃতে ফিরিয়া অসিলেন। মহর্ষির নিকট প্রাণের আকাজ্জা মিটিল না। অতঃপর অপর কোন কোনও ধর্মনেতার আশ্রয় লইয়া তিনি সেই একই প্রশ্ন তুলিলেন. "আপনি কি ঈশ্বরদর্শন করেছেন ?" কিন্তু সকলেই নীরব! এখন কি হইবে ? এমন সময় দক্ষিণেখরের সেই পরমহংস শ্রীরামক্ককের স্বতি মনে জাগিল, ভাঁহার সহিত মিলনেরও এক অপ্রত্যালিত স্থবোগ ঘটল।

১৮৮১ খুটাব্দের নভেম্বর মানে নরেক্রনাথ বধন এক এ. পরীক্ষার অন্ত প্রস্তুত

হইতেছেন তাহার পূর্বেই সিমুলিয়ার ত্রীযুক্ত স্থরেক্সনাথ মিত্র দক্ষিণেশরে ষাতায়াত আরম্ভ করিয়াছেন। তিনি একদিন স্বীয় বাসভবনে ভক্তবুলসহ শ্রীরামক্লফকে আমন্ত্রণপূর্বক একটি কৃত্র উৎসবের আয়োজন করিলেন। সেদিন সে উৎসবে স্থগায়কের প্রয়োজন ছিল। পাড়ার উদীয়মান স্থক যুবক নরেক্সনাথ মুরেন্দ্রনাথের অপরিচিত ছিলেন না; অতএব মুরেন্দ্র তাহাকেই আহ্বান জানাইলেন। নরেক্র সংবাদ পাইলেন, দক্ষিণেখরের শ্রীরামক্বফকে গান ভনাইতে হইবে— সেই পরমহংস রামকৃষ্ণ বাঁহার প্রশংসা হেষ্টি সাহেবের মুখে ভূনিয়াছিলেন এবং যিনি হয়তো তাহার সেই উত্তরহীন জিজাসার স্থাধান করিতে পারিবেন। নরেন্দ্র সম্মত হইয়া সেখানে গেলেন এবং কলাবতের শিক্ষাগুণে স্বসাধিতকঠে ত্ববতাললয় সহ ভন্দনগান শুনাইয়া সকলকে প্রিতপ্ত করিলেন। নবাগত গায়কের শারীরিক লকণ, ভাবতনায়তা প্রভৃতি সবই শ্রামক্ষ লক্ষ্য করিলেন এবং সেই প্রথম মিলনেই তাহার প্রতি আরুট হইলেন। তিনি প্রথমে স্থরেন্দ্র-নাথকে এবং পরে নরেন্দ্রের আত্মীয় রামচক্রকেই নিকটে ভাকিয়া এই প্রিয়দর্শন. সবস্থলকণ যুবকের পরিচয় গ্রহণ করিলেন এবং তাঁহাকে একদিন দক্ষিণেশ্বরে नहेगा शहेरात कम वित्नव कतिया विनया मितन। आवात एकन मधाश हंदेल সম্ম যুবকের পার্যে আসিয়া তাঁহার দৈছিক লক্ষণাবলী নিরীক্ষণান্তে সম্ভূষ্ট হইয়া তাঁহাকে একদিন দক্ষিণেশবে যাইবার জন্ম সাদর আমন্ত্রণ জানাইলেন।

কয়েক সপ্তাহ পরেই এফ. এ. পরীক্ষা হইয়া গেল এবং নরেক্স বিভীয় বিভাগে পাস করিলেন। অমনি শহরের এক ধনী পরিবার হইতে বিবাহের

২। তুপেশ্রনাথ দত্তের মতে (১৪০-৪১ পূঃ) ঞ্জীরাসচন্দ্র পত্ত ছিলেন কুঞ্জবিহারী দত্তের পৌত্র, আর নরেন্দ্রনাথের মাতামহী রধ্মণি দেবী ছিলেন কুঞ্জবিহারীর দৌহিত্রী। অতএব রামচন্দ্র তুদনেবরী দেবীর সামা। নরেন্দ্রের মাতামহী রধ্মণির জন্ম হর আত্মানিক ১৮২৫ গৃষ্টান্দে এবং দেহান্ত হয় ২৪শে কুলাই, ১৯১১ গৃষ্টান্দে। উহার পিতা বিভন ক্লিট নিবাসী শ্রীযুক্ত গোপালচন্দ্র ঘোব কুঞ্জবিহারী দত্তের প্রথমা কল্পা রাইমণি দেবীর পাণিগ্রহণ করেন। কুঞ্জবিহারীর পূত্র কুসিংহ প্রসাদ কন্ত পৈতৃক্ত সম্পত্তি হারাইছা দ্বিতীর পূত্র রামচন্দ্রের সহিত বিষনাথ বাব্র গৃহে আগ্রন্থ গ্রহণ করেন। এখানে রামচন্দ্রের সাধারণ বিভালাত হয়। পরে তিনি চিকিৎসাবিভায় উত্তীর্ণ হইরা বিবাহ করেন এবং রব্যুবিণ দেবীর ৭নং রামতন্ত্র করেন। অতএব মহন্দ্র নাথ কর বহিও নিবিয়াহেন, "পূঞ্জনীরা ভূষনেবারী ছিও সম্পর্কে রামচন্দ্রের ভানিনী হইতেন" ইত্যাদি (৭ পূঃ), তথাপি ইহা ভূস বলিরাই যনে হয়।

প্রস্তাব স্বাসিল। পাত্রী শ্রামবর্ণা বলিয়া কন্তাপক দশ সহস্র মূল্রা যৌতুক দিতে দমত ছিলেন, এবং বিশ্বনাথবাবুর নিকটও এই প্রস্তাব গ্রহণযোগ্য মনে হইয়াছিল। কিন্তু নরেক্রনাথ বিবাহে অসমতি জানাইলেন। তথন বিশ্বনাথের অমুরোধক্রমে রামচক্র ও অপর আত্মীয়বাদ্ধবর্গণ নরেক্রকে নানাভাবে বুঝাইলেন, কিন্তু নরেক্রের মত অপরিবর্তিত রহিল। রামবাবু বুঝিতে পারিলেন ধর্মভাবের প্রেরণাই নরেন্দ্রের এই অসমতির কারণ। পূর্ব হইতেই তিনি শ্রীরামক্লক্ষের প্রতি আরুষ্ট হইয়া দক্ষিণেশ্বরে যাতায়াত করিতেন এবং আত্মীয় ও বন্ধবর্গকেও সেখানে লইয়া যাইতেন কিংবা যাইবার পরামর্শ দিতেন। অতএব নরেন্দ্রকেও (थानाथूनि ভাবেই বলিলেন, ''यनि धर्मनां कत्र क्रिक्ट लामात्र यथार्थ वामना इत्य থাকে তো ব্রাহ্মদমাজ প্রভৃতি স্থানে ঘুরে না বেড়িয়ে দক্ষিণেখরে ঠাকুরের নিকট চল।" প্রতিবেশী স্থরেক্সনাথও একদিন তাঁহারই গাড়ীতে দক্ষিণেখরে ঘাইবার আহ্বান জানাইলেন। প্রস্তাব গ্রহণপূর্বক নরেন্দ্রনাথ চুইজন বয়স্ত ও স্থরেন্দ্রনাথের সহিত ঘোডা-গাডীতে দক্ষিণেশ্বরে উপস্থিত হইলেন (পৌষ-মাস, ১৮৮১ খঃ)। एक्पिलचरत এই প্রথম মিলনের বিবরণ আমরা পুজাপাদ স্বামী সারদানন্দের অতুলনীয় ভাষায় উপস্থিত করিব ('লীলাপ্রসঙ্গ', ৫।৫৭-৬২ পৃ:)। 'লীলা-প্রসঙ্গর বলিয়াছেন যে, তিনি শ্রীশ্রীঠাকুরের নিকট বেমন ওনিয়াছিলেন ঠিক তেমনি লিখিয়াছেন, যদিও ঠাকুরের মুখের কথা তিনি স্বীয় মার্জিত ভাষায় উদ্ধৃত করিয়াছেন। ঠাকুর বলিয়াছিলেন:

"পশ্চিমের (গঙ্গার দিকের) দরজা দিয়া নরেক্স প্রথম দিন এই ঘরে (দক্ষিণেশরে ঠাকুরের ঘরে) চুকিয়াছিল। দেখিলাম নিজের শরীরের দিকে

৩। 'লীলাপ্রসঙ্গে'র মতে ইহা দক্ষিণেশরে নরেন্দ্রের প্রথম আগমন, কিন্তু শীরামকুক্ষের সহিত ছিতীর সাক্ষাৎকার (elee-en পৃ:); 'কথাসুতের মতে প্রথম আগমন ও প্রথম সাক্ষাৎকার (৩য় ভাগ, পরিশিষ্ট, ২য় পরিছেছে।)। ছিতীর মতে রাজমোহনের বাড়ীতে ছিতীর মিলন হয়। ফ্রেক্স মিত্রের বাড়ীর উৎসবের উল্লেখ 'কথাসুতে' নাই; বস্তুত: ঐ উৎসব 'কথাসুত'-কারের আগমনের পূর্বে হয়।

'নীলাগ্রসক'কার পাদটীকার লিখিরাছেন—''হেটি সাহেবের নিকট জীবুক নরেন্দ্র ঠাকুরের কখা প্রথম প্রবণ করিবার পর প্রেক্তনাথের জালরে উাহার প্রথম দর্শন লাভ করিরাছিলেন। জাবার ব্রাক্ষসবাজে ইতিপূর্বে গভিবিধি থাকার তিনি ঠাকুরের কথা ঐ স্থানেও প্রবণ করিরাছিলেন বলির) বোধ হয়" (৫।৯৮)। লক্ষ্য নাই, মাধার চুল ও শরীরের বেশভ্যার কোন পারিপাটা নাই। বাছিরের কোন পদার্থেই ইতর্সাধারণের মতো একটা আঁট নাই; সবইযেন তার আলগা, এবং চক্ষ্ দেখিয়া মনে হইল, তাহার মনের অনেকটা ভিতরের দিকে কে বেন সর্বদা টানিয়া রাপিয়াছে। দেখিয়া মনে হইল, বিষয়ী লোকের আবাস কলিকাতায় এত বড় সম্বশুণী আধার থাকাও সম্ভব ?

"মেজেতে মাত্র পাতা ছিল, বসিতে বলিলাম। যেখানে গঞ্চাজ্ঞলের জালাটি রহিয়াছে, তাহার নিকটেই বসিল। তাহার সঙ্গে সেইদিন তুই-চারিজন জালাপী ছোকরাও ছিল। বুঝিলাম, তাহাদের স্বভাব সম্পূর্ণ বিপরীত —সাধারণ বিষয়ী লোকের যেমন হয়; ভোগের দিকেই দৃষ্টি।

"গান গাহিবার কথা জিজ্ঞাসা করিয়া জানিলাম, বাকালা গান তথন সে ছই-চারিটি মাত্র শিথিয়াছে; তাহাই গাহিতে বলিলাম। তাহাতে সে আদ্বন্মাজের 'মন চল নিজ-নিকেতনে' গানটি ধরিল এবং বোল আনা মন প্রাণ ঢালিয়া ধ্যানস্থ হইয়া যেন উহা গাহিতে লাগিল—ভনিয়া আর সামলাইতে পারিলাম না—ভাবাবিই হইয়া পড়িলাম। পরে সে চলিয়া বাইলে ভাহাকে দেখিবার জন্ত প্রাণের ভিতরটা চকিবে ঘন্টা এমন ব্যাকুল হইয়া রহিল বে,

- ৪। 'কথামৃতে'র (ঐ) মতে নরেক্র ছুইখানি গান গাহিরাছিলেন—
- (क) মন চল নিজ নিকেতনে।
 সংসারবিদেশে বিদেশীর বেশে
 ত্রম কেন অকারণে ?
 বিবরপক্ষ আর ভৃত্তপণ
 সব তোর পর কেহ নর আপন;
 পরপ্রেমে কেন হরে অচেতন
 ভূলিছ আপন জনে ?
 সত্যপথে মন কর আরোহণ,
 প্রেমের আলো আলি চল অনুক্রণ,
 সঙ্গেতে সঞ্চল লহু ভত্তিখন
 সোপনে অতি বতরে।

লোত মোড আদি পথে দহাগণ
পণিকের করে সর্বন্ধ হরণ,
তাই বলি মন রেখো রে প্রহরি
শম দম চুই জনে।
সাধ্যক নামে আছে পাছধাম,
আত হলে তথার করিও নিআম,
পথআছ হলে তথার করিও নিআম,
পথআছ হলে তথার করিও নিআম,
বিদ্যাধ্যকার হলে তথার করিও নিআম,
বিদ্যাধ্যকার হলে তথার করিও নিআম,
পথআছ হলে তথার করিও নিআম,
বাহা দিব পথে তরেরই আকার
প্রাণপণে দিও গোহাই রাজার;
সেপথে রাজার প্রবল্গ প্রতাপ
শমন ভবে বার শাসনে।

(গ) বাবে কি হে দিন আমার বিকলে চলিয়ে? আছি নাথ বিবানিশি আশাপথ নির্মিয়ে। তুবি ঝিতুবননাথ, আমি ভিথারী অনাথ, কেমনে বলিব তোমার, এস হে মম হলরে? হলর-কুটার-বার খুলে রাখি অনিবার, কুপা করি একবার এসে কি কুড়াবে হিছে? বলিবার নহে। যেন কে গামছা নিঙড়াইবার মতো জোর করিয়া নিঙড়াইতেছে। তথন আপনাকে আর সামলাইতে পারিতাম না, ছুটিয়া বাগানের উত্তরাংশে ঝাউতলায় যেথানে কেউ বড় একটা যায় না, যাইয়া 'ওরে তুই আয় রে, তোকে না দেখে আর থাকতে পারচি না' বলিয়া ডাক ছাড়িয়া কাঁদিতাম। থানিকটা এইরূপ কাঁদিয়া ভবে আপনাকে সামলাইতে পারিতাম। ক্রশায়েরে ছয় মাস ঐরূপ হইয়াছিল। আর সব ছেলেরা যাহারা এখানে আদিয়াছে তাহাদের কাহারও কাহারও জয়্য কথন কথন মন কেমন করিয়াছে, কিন্তু নরেক্রের জয়্য যেমন হইয়াছিল তাহার তুলনায় সে কিছুই নয় বলিলে চলে।"

ঐদিনের ঘটনা এ শীঠাকুরের পূর্বোক্ত কথায় সম্পূর্ণ ব্যক্ত হয় নাই। নরেন্দ্রনাথ একদিন স্বামী সারদানন্দকে উহার একটি পূর্ণতর বিবরণ দিয়াছিলেন। উহা এইরূপ:

"গান তো গাহিলাম, তাহার পরেই ঠাকুর সহসা উঠিয়া আমার হাত ধরিয়া তাঁহার ঘরের উত্তরে যে বারান্দা আছে, তথায় লইয়া গেলেন। শীতকাল; উত্তরে হাওয়া নিবারণের জন্ম উক্ত বারান্দায় থামের অন্তরালগুলি ঝাঁপ দিয়া ঘেরা ছিল, স্থতরাং উহার ভিতরে ঢুকিয়া ঘরের দরজাটি বন্ধ করিয়া দিলে ঘরের ভিতরের বা বাহিরের কোন লোককে দেখিতে পাওয়া যাইত না। বারান্দায় প্রবিষ্ট হইয়াই ঠাকুর দরজাটি বন্ধ করায় ভাবিলাম, আমাকে বুঝি निर्करन किছু উপদেশ দিবেন। किन्छ याहा विनित्तन ও করিলেন, তাহা একেবারেই কল্পনাতীত। সহসা আমার হাত ধরিয়া দরদরিতধারে আনন্দাঞ্জ বিসর্জন করিতে লাগিলেন এবং পূর্বপরিচিতের ক্রায় আমাকে পরমঙ্গেহে मरशाधन कतिया विनरि नाशिरनन, 'এতদিন পরে আসিতে হয়? আমি ভোমার জন্ম কিরপে প্রতীকা করিয়া রহিয়াছি ভাহা একবার ভাবিতে নাই ? বিষয়ী লোকের বাব্দে প্রসন্ধ ভনিতে ভনিতে আমার কান ঝলসিয়া যাইবার উপক্রম হইয়াছে; প্রাণের কথা কাহাকেও বলিতে না পাইয়া আমার পেট ফুলিয়া রহিয়াছে'—ইত্যাদি কত কথা বলেন ও রোদন করেন। পরক্ষণেই আবার আমার সন্মুখে করজোড়ে দণ্ডায়মান হইয়া দেবতার মতো আমার প্রতি সন্মান প্রদর্শনপূর্বক বলিতে লাগিলেন, 'জানি আমি প্রভূ, তুমি সেই পুরাতন ঋষি, নরত্নপী নারায়ণ; জীবের তুর্গতি নিবারণ করিতে পুনরায় শরীর ধারণ করিরাছ'—ইত্যাদি ("লীলাপ্রসহ", ৫।৬০ পৃঃ)।

"আমি তো তাঁহার ঐরপ আচরণে একেবারে নির্বাক—শুন্তিত! মনে মনে ভাবিতে লাগিলাম, এ কাহাকে দেখিতে আসিয়াছি? এতো একেবারে উন্নাদ! না হইলে বিশ্বনাথ দত্তের পুত্র আমি—আমাকে এইসব কথা বলে? বাহা হউক, চুপ করিয়া রহিলাম, অভুত পাগল যাহা ইচ্ছা বলিয়া যাইতে লাগিলেন। পরক্ষণে আমাকে তথায় থাকিতে বলিয়া তিনি গৃহমধ্যে প্রবিষ্ট হইলেন, এবং মাখন, মিছরি ও কতকগুলি সন্দেশ আনিয়া আমাকে শহন্তে থাওয়াইয়া দিতে লাগিলেন। আমি যত বলিতে লাগিলাম, 'আমাকে খাবার-গুলি দিন, আমি সকাদের সহিত ভাগ করিয়া থাইগে', তিনি তাহা কিছুতেই তানিলেন না। বলিলেন, 'উহারা থাইবে এখন, তুমি থাও' বলিয়া সকলগুলি আমাকে থাওয়াইয়া তবে নিরন্ত হইলেন। পরে হাত ধরিয়া বলিলেন, 'বল, তুমি শীল্ল একদিন এগানে আমার নিকট একাকী আমিবে ?' তাহার ঐরপ একান্ত অহ্বোধ এডাইতে না পারিয়া অগতাা 'আসিবে বলিলাম এবং তাহার সহিত গৃহমধ্যে প্রবেশপুরক সকীদের নিকটে উপবিষ্ট হইলাম।"

গৃহমধ্যে শ্রীরামক্ষের আশে-পাশে বালক, যুবক ও বৃদ্ধ অনেকেই উপবিষ্ট ছিলেন। কিন্তু ঠাকুর নরেন্দ্রের উচ্চাবস্থা সম্বন্ধ এইরূপ দ্বির ধারণায় উপস্থিত হইয়াছিলেন যে, তিনি প্রকাশ্যে বলিলেন, "দেখ, দেবী সরস্বতীর জ্ঞানালোকে নরেন কেমন জল জল করছে!" যাহারা ঠাকুরের এই কথা শুনিলেন, তাঁহারা অবাক হইয়া নরেন্দ্রকে দেখিতে লাগিলেন। ঠাকুরের কথাশুলিই যে শুধু অভিনব ছিল তাহা নহে, তিনি যে নরেন্দ্রের মধ্যে এইরূপ গভীর ভাবসমূহ লক্ষ্য করিয়াছেন, ইহাও কম আশ্চর্যের বিষয় ছিল না। ঠাকুর নরেন্দ্রকে জিল্লাসা করিলেন, "তুই কি ঘুমোবার আগে একটা জ্যোতি দেখিদ দু" নরেন্দ্র উত্তর দিলেন, "আজে হাঁ!" ঠাকুর তাহাতে বলিলেন, "বাং সব মিলে বাচ্ছে। এ ধ্যানসিদ্ধ—জন্ম থেকেই ধ্যানসিদ্ধ।"

নরেক্স বসিয়া বসিয়া সব লক্ষ্য করিতে লাগিলেন। দেখিলেন ঠাকুরের চালচলনে, কথাবার্তায়, অপর সকলের সহিত আচরণে উন্নাদের মতো কিছুই নাই। বরং তাঁহার সদালাপ এবং ভাবসমাধি দেখিয়া নরেক্সের বিশাস অন্মিল, ইনি সত্য সত্যই ঈশরার্থে সর্বশ্বত্যায়, এবং মৃথে বাহা বলিতেছেন, ভাহা স্বয়ং অস্চান করিয়াছেন। তিনি অতি সহক্ষ সরল ভাবায় উচ্চ আধ্যাত্মিক কথা বলিতেছিলেন; ভাই নরেক্সের মনে হইল "ইনি হয়তো সত্যই এক্সান উচুদরের

সভ্যন্ত্ৰষ্টা মহাপুক্ষৰ ৷" অভএব যে প্ৰশ্ন আৰু পৰ্যন্ত তিনি ধৰ্মাচাৰ্যগণকে ব্ৰিক্তাসা করিয়া আসিতেছেন, সেই প্রশ্ন লইয়াই তাঁহার দিকে আগাইয়া গেলেন এবং জিজ্ঞাসা করিলেন, ''মহাশয়, আপনি কি ঈশরদর্শন করেছেন ?'' ঠাকুরও তৎক্ষণাৎ উত্তর দিলেন, "হা, আমি ঈশ্বরদর্শন করেছি, ঠিক বেমন ভোমাদের দেখছি: তবে এর চেয়েও আরো ঘনিষ্ঠরূপে।" তিনি আরও বলিয়া যাইতে ' লাগিলেন, ''ঈশারদর্শন হয়, তাঁকে দেখা ঘায়, তাঁর সঙ্গে কথা বলা চলে, ঠিক যেমন আমি তোমাদের সঙ্গে কথা বলছি। কিন্তু কে তা চায়? লোকে माग-एइटनत (गारक, विषय-जागरयत इः १४ चि-चि कार्म, किन् छ ज्यवात्मत क्छ কে ত। করে ? সরলভাবে ভগবানের জন্ম কাঁদলে তিনি নিশ্চয়ই দেখা দেন।" নবেক্স বলিয়াছিলেন, "উহাতে তথনই আমার প্রতায় জন্মিল। মনে হইল, তিনি অপর ধর্মপ্রচারকসকলের লায় রূপক বা কল্পনার সাহায্য লইয়া ঐরূপ কথা বলিতেছেন না, সত্য সত্যই সর্বস্ব ত্যাগ করিয়া এবং সম্পূর্ণমনে ঈশ্বরকে ভাকিয়া যাহা প্রত্যক্ষ করিয়াছেন, তাহাই বলিতেছেন।" তথন তাঁহার ইতিপুর্বের আচরণের সহিত ঐ সকল কথার সামঞ্জক্ত করিতে ঘাইয়া নরেক্রের দৃঢ়নিশ্চয় হইল, ইংরেজ পণ্ডিতগণ তাঁহাদের গ্রন্থে যেসকল অর্ধোন্মাদের (মনোম্যানিয়াক-এর) কথা উল্লেখ করিয়াছেন, ইনিও এরপ হইবেন। এরপ নিশ্চয় করিয়াও কিন্তু শ্রীরামক্ষের ঈশ্বরার্থে অন্তত ত্যাগের মহিমা ভূলিতে পারিলেন না, নির্বাক হইয়া ভাবিতে লাগিলেন, "উন্মাদ হইলেও ঈশবের জন্ম এরপ ত্যাগ জগতে বিরশ ব্যক্তিই করিতে সক্ষম: উন্নাদ হইলেও এ ব্যক্তি মহা পবিত্র, মহা ত্যাগী, এবং ঐজ্ঞ মানবহৃদয়ের শ্রদ্ধা পূজা ও সন্মান পাইবার যথার্থ অধিকারী।" এইরূপ ভাবিতে ভাবিতে সেদিন ঠাকুরের চরণবন্দনা করিয়া এবং তাঁহার নিকট বিদায় লইয়া ডিনি কলিকাডায় ফিবিলেন।

শীরামরুক্ষকে বায়্গ্রন্ত বলিয়া স্থির করিলেও তাঁহার সান্নিধ্যে যে দিব্যোল্লাস অফুডব করিয়াছেন তিনি তাহার কোন যুক্তিসক্ষত কারণ খুঁজিয়া পাইলেন না। এতগুলি বিহান, বৃদ্ধিমান ব্যক্তি ঠাকুরের অফুরক্ত ভক্ত, তাঁহার মৃহ্মৃত্ত্বসমাধি এবং সমাধি হইতে ব্যুথান, তাঁহার চারিদিকের শাস্ত পবিত্র পরিবেশ, ও মধুমাধা কথা এবং তাঁহার সান্নিধ্যপ্রভাবে ভগবৎপ্রবণতা—ইত্যাদি সমন্তই

श्रीकाश्चनक'। ८१०)-७२ शृः अवः देखन्नो-कोवनी ६०-६৮ शृः।

নরেক্রের নিকট অন্তৃত ঠেকিতে লাগিল। কিন্তু মৃগ্ধ এবং আরুষ্ট হইলেও নরেক্র তাঁহাকে নিজ জীবনের আদর্শ বা গুরুরাণে গ্রহণ করিতে পারিলেন না; স্থতরাণ দৈনন্দিন শতসহল্র কার্যে ব্যাপ্ত থাকিয়া প্রায় একমাস কালের মধ্যে দক্ষিণেশরে পুনর্বার যাইয়া প্রতিজ্ঞারক্ষার কথা ভাবিতেই পারিলেন না। কিন্তু অবশেষে তাঁহার সত্যনিষ্ঠা তাঁহাকে বলপূর্বক দক্ষিণেশরে লইয়া চলিল। কলিকাতা হইতে তিনি পদরক্রে সেথানে উপস্থিত হইলেন। এই দ্বিতীয়বার দক্ষিণেশরে গমনের কথা তিনি নিজমুথে এইরূপ বলিয়াছিলেন:

"দক্ষিণেশবের কালীবাড়ী যে কলিকাতা হইতে এত অধিক দূরে তাহা ইতিপুর্বে গাড়ী করিয়া একবার মাত্র ঘাইয়া বুঝিতে পারি নাই। বরাহনগরে দাশর্থি সান্ন্যাল, সাতক্তি লাহিড়ী প্রভৃতি বন্ধদিগের নিকটে পূর্ব হইতে ষাতায়াত ছিল। ভাবিয়াছিলাম, রাসমণির বাগান তাহাদেরই বাটার নিকটে হইবে; কিন্তু যত যাই, পথ আর ফুরাইতে চাহে না! যাহা হউক, জিজাসা করিতে করিতে কোনরূপে দক্ষিণেখরে পৌছিলাম এবং একেবারে ঠাকুরের গৃহে উপস্থিত হইলাম। দেখিলাম, তিনি পূর্বের ক্যায় তাঁহার শ্য্যাপার্ধে অবস্থিত ছোট খাটখানির উপর একাকী আপনমনে বৃদিয়া আছেন--নিকটে কেইই নাই। আমাকে দেখিবামাত্র সাহলাদে নিকটে ডাকিয়া উহারই একপ্রান্তে বসাইলেন। বসাইবার পরেই কিন্তু দেখিতে পাইলাম, তিনি যেন কেমন একপ্রকার ভাবে আবিষ্ট হইয়া পডিয়াছেন এবং অস্পট্রবরে আপনা-আপনি কি বলিতে বলিতে স্থিরদৃষ্টিতে আমাকে লক্ষ্য করিয়া ধীরে ধীরে আমার দিকে সরিয়া আসিতেছেন। ভাবিলাম, পাগল বৃঝি, পুর্বদিনের জায় আবার কোনরূপ পাগলামি করিবে। এইরপ ভাবিতে না ভাবিতে তিনি সহসা নিকটে আসিয়া নিজ দক্ষিণপদ আমার অবে স্থাপন করিলেন এবং উহার স্পর্ণে মুহুর্তমধ্যে আমার এক অপুর্ব উপলব্ধি উপস্থিত হইল। চাহিয়া দেখিতে লাগিলাম, দেওয়ালগুলির সহিত গৃহের সমস্ত বস্ত বেগে ঘুরিতে ঘুরিতে কোথায় লীন হইয়া যাইতেছে এবং সমন্ত বিশের সহিত শামার আমিত্ব যেন এক সর্বগ্রাসী মহাশূলে একাকার হইতে ছুটিরা চলিরাছে ! তখন দাৰুণ আতত্বে অভিভূত হইয়া পড়িলাম, মনে হইল, আমিষের নালেই মরণ, সেই মরণ সন্মধে—অতি নিকটে ! সামলাইতে না পারিয়া চীৎকার করিয়া বলিয়া উঠিলাম, 'अरगा, তুমি আমার একি করলে? আমার বে বাপ-মা আছেন?' चढुर भागन चामात के कथा खिनता थन थन कतिता शामिता छेतितन, अयः हख-

ছারা আমার বক্ষ স্পর্ণ করিতে করিতে বলিতে লাগিলেন, 'তবে এখন থাক্, একেবারে কান্ত নেই, কালে হবে !' আশ্চর্ধের বিষয়, তিনি ঐরপ স্পর্শ করিয়া ঐ কথা বলিবামাত্র আমার দেই অপূর্ব প্রত্যক্ষ এককালে অপনীত হইল; প্রকৃতিস্থ হইলাম, এবং ঘরের ভিতরের ও বাহিরের পদার্থসকলকে পূর্বের ক্যায় অবস্থিত দেখিতে পাইলাম।

"বলিতে এত বিলম্ব ইইলেও ঘটনাটি অতি অল্প সময়ের মধ্যে ইইয়া গেল এবং উহার দ্বারা মনে এক যুগান্তর উপস্থিত হইল। স্তব্ধ হইয়া ভাবিতে লাগিলাম, এটা কি হইল ? দেখিলাম তো, উহা এই অভ্তুত পুরুষের প্রভাবে সহসা উপস্থিত হইয়া সহসা লয় হইল। পুস্তকে মেস্মেরিজিম (মোহিনী ইচ্ছাশক্তি সঞ্চারণ) ও হিপ্নটিজম (সম্মোহন-বিভা) সম্বন্ধে পড়িয়াছিলাম। ভাবিতে লাগিলাম, উহা কি একণ কিছু একটা ? কিছু একণ সিদ্ধান্তে প্ৰাণ সায় দিল না। কারণ চুর্বল মনের উপরেই প্রভাব বিস্তার করিয়া প্রবল ইচ্ছাশক্তিসম্পন্ন ব্যক্তিগণ ঐ সকল অবস্থা আনয়ন করেন। কিন্তু আমি তো ঐরপ নহি; বরং এতকাল পর্যন্ত বিশেষ বৃদ্ধিমান ও মানসিক বলসম্পন্ন বলিয়া অহন্ধার করিয়া আসিতেছি। বিশিষ্ট গুণশালী পুরুষের সঙ্গলাভপুর্বক ইতর-সাধারণে ষেমন মোহিত এবং তাঁহার হস্তের ক্রীড়াপুত্তলি স্বরূপ হইয়াপড়ে আমি তো ইহাকে দেখিয়া সেইরূপ হই নাই; বরং প্রথম হইতেই ইহাকে অর্ধোনাদ বলিয়া নিশ্চয় করিয়াছি। তবে আমার সহসা ঐরপ হইবার কারণ কি? ভাবিয়া চিস্তিয়া কিছুই স্থির করিতে পারিলাম না; প্রাণের ভিতর একটা বিষম গোল বাধিয়া রহিল। মহাকবির কথা মনে পড়িল, 'পৃথিবীতে এবং স্বর্গে এমন অনেক তত্ত্ব আছে, মানব-বৃদ্ধি-প্রস্ত দর্শনশাস্ত্র যাহাদিগের স্বপ্লেও রহস্তভেদের কলনা করিতে পারে না।' মনে করিলাম, উহাও ঐরপ একটা। ভাবিছা চিস্থিয়া স্থির করিলাম, উহার কথা বৃঝিতে পারা যাইবে না। স্থতরাং দৃঢ সংকল্প করিলাম, অভ্তত পাগল নিজ প্রভাব বিস্থার করিয়া আর যেন কথনও ভবিশ্বতে আমার মনের উপর আধিপত্যলাভপুর্বক ঐরূপ ভাবাস্তর উপস্থিত না করিতে পারে।

"আবার ভাবিতে লাগিলাম, ইচ্ছামাত্রেই এই পুরুষ বদি আমার ক্রায় প্রবল ইচ্ছালজ্ঞিসম্পন্ন মনের দৃঢ় সংস্কারময় গঠন ঐক্লপে ভাঙ্গিয়া-চুরিয়া কাদার ভালের মতো করিয়া উহাকে আপন ভাবে ভাবিত করিতে পারেন, তবে ইহাকে পাগলই বা বলি কিরপে ? কিন্তু প্রথম দর্শনকালে আমাকে একান্তে লইয়া ষাইয়া ষেরপে সম্বোধন করিয়াছিলেন এবং ষেসকল কথা বলিয়াছিলেন, সেই সকলকে ইহার পাগলামির থেয়াল ভিন্ন সত্য বলিয়া কিরপে মনে করিতে পারি ? স্বভরাং প্রেক্ত অভ্যুত উপলিন্ধির কারণ যেমন খুঁজিয়া পাইলাম না, শিশুর ফ্রায় পবিত্র এবং সরল এই শ্লুক্তরের সম্বন্ধেও কিছু একটা স্থিরনিশ্চয় করিতে পারিলাম না । বৃদ্ধির উল্মেষ হওয়া পর্যন্ত দর্শন, অহুসন্ধান ও যুক্তিভর্ক সহায়ে প্রভ্যোক বন্ধ ও ব্যক্তি সম্বন্ধে একটা মতামত স্থির না করিয়া কথনও নিশ্চিত্ব হইতে পারি নাই ; অভ্যু সেই স্বভাবে দারুল আঘাতপ্রাপ্ত হইয়া প্রাণে একটা যন্ত্রণা উপন্থিত হইল । ফলে মনে পুনরায় সম্বন্ধের উদয় হইল, যেরপে পারি, এই অভ্যুত পুরুষের স্বভাব ও শক্তির কথা যথাষথভাবে বৃশ্বিতে হইবেই হইবে ।

"এরপে নানা চিন্তায় ও সকলে সেদিন আমার সময় কাটিতে লাগিল। ঠাকুর কিন্তু পূর্বোক্ত ঘটনার পরে যেন এক ভিন্ন বাক্তি হইয়া গেলেন এবং পূর্বদিবদের তায় নানাভাবে আমাকে যতু করিয়া থাওয়াইতে এবং সকল বিষয়ে বহুকালের পরিচিতের তায় ব্যবহার করিতে লাগিলেন। অতিপ্রিয় আত্মীয় বা সধাকে বহুকাল পরে নিকটে পাইলে লোকের যেরপ হইয়া থাকে, আমার সহিত তিনি ঠিক সেইরপ ব্যবহার করিয়াছিলেন। খাওয়াইয়া, কথা কহিয়া, আদর এবং রঙ্গ পরিহাস করিয়া তাঁহার যেন আর আশ মিটিতেছিল না। তাঁহার ঐরপ ভালবাসা ও ব্যবহারও আমার স্বল্প চিন্তার কারণ হয় নাই। ক্রমে অপরাহু অতীতপ্রায় দেখিয়া আমি তাঁহার নিকটে সেদিনকার মতো বিদায় আজ্ঞা করিলাম। তিনি যেন তাহাতে বিশেষ ক্ষম হইয়া 'আবার শীল্প আসিবে, বল' —বলিয়া পূর্বের তায় ধরিয়া বসিলেন। স্বতরাং সেদিনও আমাকে পূর্বের তায় আসিতে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া দক্ষিণেশ্বর হইতে বাটীতে ফিরিতে হইয়াছিল।" ('লীলাপ্রসঙ্গ' ৫৮৫-৮৯)

ইহার কতদিন পরে নরেক্সনাথ তৃতীয় বার দক্ষিণেশরে আসিয়াছিলেন জানা নাই; তবে পারিপার্শিক অবস্থা এবং উপস্থিত সমস্যার শীঘ্র শীঘ্র সমাধান করিবার জন্ম নরেক্সনাথের যে স্বাভাবিক আগ্রহ ছিল তাহ। হইতে 'লীলাপ্রসঙ্গ'- কার অহ্মান করেন, প্রীশ্রীঠাকুর সম্বন্ধে সন্দেহাদির নিরসনকরে তিনি এক সপ্তাহ পরেই আবার আসিয়া থাকিবেন। সেদিন ঠাকুর তাঁহাকে পার্শবর্তী বহু মিরক মহাশরের উত্থানে বেড়াইতে লইয়া গেলেন। বছবাবু ওতাঁহার মাতা প্রীরামকক্ষের

প্রতি বিশেষ শ্রদ্ধাদন্দার ছিলেন এবং বাগানের মালির প্রতি আদেশ দেওরা ছিল, তিনি বাগানে বেড়াইতে আদিলেই যেন গদার ধারের বৈঠকখানা ঘর তাঁহার জন্ম খুলিয়া দেওয়া হয়। ঐদিন নরেক্রকে লইয়া বাগানে গদার ধারে কিছুক্রণ ভ্রমণ ও কথাবার্তার পর ঠাকুর তাঁহার সহিত ঐ ঘরে আদিয়া বদিলেন এবং কিছুক্রণ পরেই সমাধিস্থ হইয়া পড়িলেন। নরেক্র দূরে বদিয়া ঠাকুরকে লক্ষ্য করিতেছিলেন, এমন সময় ঠাকুর সহসা নিকটে আদিয়া তাঁহাকে স্পর্শ করিলেন এবং নরেক্র তৎক্ষণাৎ সম্পূর্ণ বাহ্যজ্ঞান-শৃত্য হইলেন। ঐ সময় কি ঘটয়াছিল তাহা তিনি কিছুই ব্ঝিতে পারেন নাই। খব্যন সংজ্ঞা ফিরিল, তব্যন দেখিলেন, ঠাকুর তাঁহার বক্ষে হাত ব্লাইয়া দিতেছেন এবং মৃত্মধুর হাত্য করিতেছেন। ঐ দিনের ঘটনা সম্বন্ধ ঠাকুর পরে ভক্তদের নিকট বলিয়াছিলেন:

"বাহ্নসংজ্ঞার লোপ হইলে নরেন্দ্রকে সেদিন নানা কথা জিজ্ঞাসা করিয়াছিলাম
—কে সে, কোথা ইইডে (পৃথিবীতে) আসিয়াছে, কেন আসিয়াছে, কতদিন
এখানে (পৃথিবীতে) থাকিবে, ইত্যাদি, ইত্যাদি। সেও তদবস্থায় নিজের অস্তরে
প্রবিষ্ট হইয়া ঐ সকল প্রশ্নের যথায়থ উত্তর দিয়াছিল। তাহার সম্বন্ধে যাহা
দেখিয়াছিলাম ও ভাবিয়াছিলাম, তাহার ঐ কালের উত্তরসকল তাহাই সপ্রমাণ
করিয়াছিল। সেদকল কথা বলিতে নিষেধ আছে। উহা হইতেই কিছ্ক
জানিয়াছি, সে (নরেন্দ্র) যেদিন জানিতে পারিবে সে কে, সেদিন আর
ইহলোকে থাকিবে না, দৃঢ় সম্বন্ধ সহায়ে যোগমার্গে তৎক্ষণাৎ শরীর পরিত্যাগ
করিবে। নরেন্দ্র ধ্যানসিদ্ধ মহাপুক্ষ।" (ঐ, ৫০০০-১১ পৃঃ)

নরেজ্ঞনাথের স্বরূপসম্বদ্ধে দিব্যদর্শনপ্রভাবে ঠাকুর নরেজ্ঞনাথের আগমনের পূর্বেই বাহা জানিয়া রাখিয়াছিলেন, তাহাও তিনি কথাপ্রসঙ্গে পরে একদিন ভক্তদিগকে বলিয়াছিলেন—"একদিন দেখিতেছি, মন সমাধিপথে জ্যোতির্ময় বর্ষ্মে উচ্চে উঠিয়া যাইতেছে। চল্র-স্থা-তারকামণ্ডিত স্থালকগৎ সহজে অভিক্রম করিয়া উহা প্রথমে স্ক্র্ম্ম ভাবজ্ঞগতে প্রবিষ্ট হইল। ঐ রাজ্যের উচ্চ উচ্চতর দ্বরসমূহে উহা বতই আরোহণ করিতে লাগিল, ততই নানা দেবদেবীর ভাবঘন

৬। "নরেজ্র—'বছু মরিকের রারাবাড়ীতে একদিন আমার শর্পা করে কি মনে মনে বলদেন, আমি অজ্ঞান হরে গেল্ম; সেই নেশার অমন এক মাস ছিল্ম।" ('কথামৃড', ৩র ভাগ, পরিশিষ্ট)। 'লীলাগ্রসঞা'র মতে এই ঘটনা হর বৈঠকখানার।

বিচিত্র মৃতিসমূহ পথের ছই পার্ষে অবস্থিত দেখিতে পাইলাম। ক্রমে উক্ত রাজ্যের চরম দীমায় উহা আদিয়া উপস্থিত হইল। দেখানে দেখিলাম, এক eোাতির্ময় ব্যবধান (বেড়া) প্রসারিত থাকিয়া খণ্ড ও অ**খণ্ডের রাজ্যাকে পু**ধক করিয়া রাখিয়াছে। উক্ত ব্যবধান উল্লন্ড্যন করিয়া মন ক্রমে অধতের রাজ্যে প্রবেশ করিল। দেখিলাম, দেখানে মৃতিবিশিষ্ট কেহ বা কিছুই জার নাই. मिवारमह्थाती रमवरमवीमकन १४ छ यन ध्यारन श्राद्य कतिरा मिक इहेश বছদুর নিম্নে নিজ নিজ অধিকার বিস্তৃত করিয়া রহিয়াছেন। কিন্তু পরক্ষণেই দেখিতে পাইলাম, দিব্যজ্যোতির্ঘনতকু সাতজন প্রবীণ ঋষি সেধানে সমাধিছ হইয়া বসিয়া আছেন। বুঝিলাম, জ্ঞান ও পুণ্যে, ত্যাগ ও প্রেমে ইহার। মানব তো দ্রের কথা, দেবদেবীকে পর্যন্ত অতিক্রম করিয়াছেন। বিশ্বিত হইয়া ইহাদের মহত্তের কথা চিস্তা করিতেছি, এমন সময় দেখি, সমূখে অবস্থিত অথণ্ডের ঘরের ভেদমাত্রবিরহিত, সমর্স জ্যোত্র্যণ্ডলের একাংশ ঘনীভূত হইয়া দিবাশিশুর আকারে পরিণত হইল। ঐ দেবশিশু ইহাদিগের অক্তমের নিকটে অবতরণপূর্বক নিজ অপুর স্থললিত বাছ্যুগের দারা ঠাহার কঠদেশ প্রেমে ধারণ করিল : পরে বীণানিন্দিত নিজ অমৃতময়ী বাণী দ্বারা সাদরে আহ্বানপূর্বক সমাধি হইতে তাঁহাকে প্রবৃদ্ধ করিতে অশেষ প্রযন্ত্র করিতে লাগিল। স্থকোমল প্রেমস্পর্দে ঋষি সমাধি হইতে বুথিত হইলেন এবং অধন্তিমিত নির্ণিমেষ্লোচনে সেই অপূর্ব বালককে নিরীক্ষণ করিতে লাগিলেন। তাঁহার মুখের প্রসল্লোজ্জল ভাব দেখিয়া মনে হইল, বালক থেন তাঁহার বছকালের পূর্বপরিচিত হৃদয়ের ধন। অমুত দেবশিশু তথন অসীম আনন্দ প্রকাশপুর্বক তাঁহাকে বলিতে লাগিল, 'আমি যাইতেছি, তোমাকে আমার সহিত ধাইতে হইবে।' ঋবি তাঁহার ঐরপ অস্থরোধে কোন কথা না বলিলেও, তাহার প্রেমপূর্ণ নয়ন তাঁহার অস্তরের সমতি ব্যক্ত করিল। পরে এরপ সপ্রেম দৃষ্টিতে বালককে কিছুক্দ দেখিতে দেখিতে তিনি পুনরায় সমাধিত্ব হইয়া পড়িলেন। তথন বিশ্বিত হইয়া দেখি, তাঁহারই শরীরমনের একাংশ উচ্ছল জ্যোতির আকারে পরিণত হইয়া বিলোমমার্গে ধরাধামে অবতরণ করিতেছে। नरत्रस्क मिथिवामाख ব্রিয়াছিলাম, 'এ সেই ব্যক্তি'।" 'লীলাপ্রসঙ্গ'কার লিখিয়াছেন, "দর্শনোক্ত দেবশিশুর সহছে জিজাসা করিয়া আমরা অন্ত এক সময়ে জানিয়াছিলাম, ঠাকুর वशः औ भिष्ठत्र ष्माकात्र धात्रण कतिशाहित्तन ।" (औ, १।२)-२२ %:)

আর একদিন ঠাকুর দেখিলেন, একটি আলোর রেখা যেন বারাণসীর দিক হইতে কলিকাতাভিম্থে ছুটিয়া আসিতেছে, এবং তিনি সানন্দে চীৎকার করিয়া উঠিলেন, "আমার প্রার্থনা পূর্ণ হয়েছে; এখানকার লোক যে তাকে একদিন না একদিন এখানে আসতেই হবে।"

এদিকে এই তিন দিনের অভিজ্ঞতার ফলে শ্রীশ্রীসাকুর সম্বন্ধে নরেন্দ্রনাথের ধারণা আমৃল পরিবর্তিত হইয়াছিল, ইহা বলা বাছলা। তিনি বুঝিতে পারিয়া-हिल्लन, ठोकूत উन्नाम नत्हन, रेमवशक्तिममुद्ध ও द्रेश्वताग्रङ्जिमच्लव महाशुक्य। ঈশবেচ্ছার সহিত স্বকীয় ইচ্ছা একীভূত হওয়ায় তিনি অপরের মহাকলাাণ সাধনে সক্ষম। এবং এইরূপ ত্যাগ, পবিত্রতা, সরলতা ও করুণা বিভূষিত ব্যক্তির হত্তে সীয় ভাগ্য নিয়ন্ত্রণের দায়িত্ব ছাডিয়া দিতে পারিলে মানুষ কুতকুতার্থ হয়। বস্তত: স্বীয় প্রথর বৃদ্ধিমতা ও ব্রাহ্মসমাজের প্রভাবে যদিও তিনি গুরুকরণে আন্তা রাখিতেন না, তথাপি এই কয়দিনেব অভিজ্ঞতার ফলে তাঁহার মত-পবিবর্তন ঘটিল। অবশ্য তথনও তিনি নিবিচারে ঠাকুরেব সকল কথা মানিয়া লইতে প্রস্তুত ছিলেন না, বিনা পরীক্ষায় এবং স্বীয় অফুডব-নিবপেক্ষভাবে কোন কথা মানিয়া লওয়ার মধ্যে তিনি কোন যৌক্তিকতা দেখিতে পাইতেন না। ফলত: এখন হইতে ঠাকুরের প্রতি তাঁহার হৃদয়ে এক শ্রন্ধাপূর্ণ ভালবাসা প্রতিষ্ঠিত থাকিলেও নরেন্দ্রনাথের বিচারশক্তি সম্পূর্ণ জাগ্রত রহিল। এই ভাব-ছয়ের সম্মিলন ও সংঘর্ষ অবলম্বনেই অতঃপর এই লোকাতীত মহাপুরুষদ্বয়ের মানবীয় সম্বন্ধের বিকাশ ঘটিতে থাকিল। অর্থাৎ নরের যদিও এখন হইতে শ্রীশ্রীঠাকুরেরই হইয়া গেলেন, তথাপি ঠাকুব তাঁহার ব্যক্তিস্বাতন্ত্র্যের উপর হস্তক্ষেপ করিলেন না-নরেক্রের স্বাধীনতা অট্ট রহিল।

ঠাকুরের সহিত প্রথম সাক্ষাংকারকালে নরেন্দ্রনাথ ঠাকুরের যেসব কথা ভনিয়াছিলেন এবং তাঁহার যেরপ অভুত আচরণ দেখিয়াছিলেন, উহার প্রকৃত তাংপর্য বৃঝিতে একটু সময় লাগা আশ্চর্য নহে: কারণ অবতারবাদে বিশ্বাস না থাকিলে ঐসব কথা ও আচরণের মর্মোদ্ঘাটন সম্ভবপর নহে। এদিকে নরেন্দ্রের যুক্তিপরায়ণ ও বান্ধভাবরঞ্জিত মন অকস্মাং তাঁহাকে অযৌক্তিক অবতারবাদ শীকার করিতে দিল না। ঠাকুর অবশ্র সবই জানিতেন—জানিতেন ভিনি কে, নরেন্দ্র কে, এবং নরেন্দ্রের সহিত তাঁহার সম্ভ কিরপ। বর্তমান পরিশ্বিভিত্তে তাঁহার প্রথম প্রয়েজন ছিল নরেক্সনাথকেও ঐসব বিষয়ে অবহিত করানো।

দক্ষিণেশ্বরে প্রথম মিলনক্ষণে প্রকাশ ঘোষণার পরেও দে উদ্দেশ সাধিত হয় নাই. ছিতীয় দিনে নরেন্দ্রের ভয়বিহ্বলতা ঠাকুরের হাস্যোদ্রেক করিয়াছিল এবং প্রয়োজনসিদ্ধির পথেও অন্তরায় হইয়াছিল। তৃতীয় দিনে ঠাকুর ওধু স্বীয় পূর্ব-ধাবণার স্তাতা নিধারণে অগ্রসর হইয়াছিলেন বলিয়া মনে হয় না। মানবদেহ ধারণ ও মানবীয় সমাজে বসবাসের প্রয়োজনে নরেন্দ্রনাথকে যে বাঞ্ যক্তি-তর্ক ও আচার-বাবহারের মুখোদ পরিতে হইয়াছিল, তাহাকে অতিক্রম করিয়া তাঁহার দৈবী অবচেতনা যাহাতে চেতনার স্তরে আত্মবিকাশ করিতে পারে তাহার স্ত্রপাত করাও আবশুক ছিল। বস্তুত: পরীক্ষার সঙ্গে সঙ্গে শ্রীশীঠাকুর সেদিন নরেক্রের অন্তর্দেবতাকেও জাগাইয়া ছিলেন, সেদিন হইতেই নরেক্রনাথের জীবনে অভতপূর্ব আধ্যাত্মিক বিকাশের হুত্রপাত। সপ্তবির অন্নতম শ্ববি তিনি, ঠাকুরের চিহ্নিত ব্যক্তি তিনি, জগংকল্যাণে অবতীর্ণ তিনি—সবই ছিল ঠাকুরের নিকট অভ্রান্ত সত্য: কিন্ধু নরেন্দ্রের চেতনার ভূমিতে এই আত্মতবের বোধ ভাগ্রত না হইলে এইদব তথা মানব্দমাজে কার্যকর হইবে কির্নেণ ? স্বতরাং ঠাকুরের সেদিনকার প্রয়াস গভীর তাৎপর্যপূর্ণ। ইহার প্রভাবে নরেন্দ্র ঠাকুরকে আর উন্নাদ বলিয়া মনে কবিতে পারিলেন না: নরেক্সের নিজের অসীম গুণাবলী দম্বন্ধে ঠাকুরের কথাগুলিকে হাসিয়া উড়াইয়া দিলেও ক্রমে দেগুলি তাঁহার আত্মবিখাস জাগাইতে লাগিল: এবং ঠাকুরের পবিত্র জীবন, অপুর্ব ভবিশ্বদাণী ও দৃষ্টিভঙ্গী, এবং ঐ সকল তত্ত্ত্বপার গভীর অর্থ ও মহম্মসমাজের পক্ষে অত্যাশ্চর্য সম্ভাবনার কথা চিম্ভা করিয়া তাঁহার যুক্তিবাদী মন ক্রমেই শীশীঠাকুরকে লোকোন্তর পুরুষ, এমনকি অবতার বলিয়া মানিতে বাণ্য হইয়াছিল ; কিন্ধ সেসব পরের কথা।

আপাতত: নরেন্দ্রের সংশয়ের রূপ পূর্বেরই ন্যায় থাকিয়া গেল, যদিও অলক্ষিতে তাহার শক্তিহাস পাইতে থাকিল। আপাতত: নরেন্দ্র বিশাসের প্রলেপ দিয়া যুক্তিকে নিরন্ত করিতে সমত ছিলেন না। উপদেষ্টার প্রয়োজন বোধ করিলেও এমন কাহাকেও মানিতে প্রস্তুত ছিলেন না, বাহার কথা নিবিচারে এহণ করিতে হইবে। ভগবান মান্নুষ হইয়া আসেন, ইহা অবিশান্ত; হিন্দুর শত্সহম্ম দেবদেবীকে শ্বীকার করা তুর্বলতা বা কুসংস্কার মাত্র। বস্তুত: তাঁহার অস্তরে তথন বিশাস-অবিশাসের তুম্ল রাড চলিতেছে। পথ প্রায়শ: নিবিড় ভমসায় আরুত থাকে; ইহারই মধ্যে অক্সাৎ বিহাৎ চমকিত হইলে তিনি পথের

সদ্ধান পাইয়া থানিক অগ্রসর হন। এই ভাবেই ভিনি চলিতেছিলেন। চলিতে কট্ট হইড; কিন্তু কট্টের ভয়ে বোদ্ধা বিবেকানন্দ অসভ্যের সঙ্গে বা যুক্তিবিহীন লোকপরস্পরার সঙ্গে আপোস করিতে সম্মত ছিলেন না; কারণ ইহা তাঁহার প্রকৃতিবিক্ষা।

এইরপ স্বভাব লইয়া নরেক্স আদিয়াছিলেন দক্ষিণেশ্বরে; আর এই বিচারপ্রবণতার জন্ম ঠাকুর তাঁহাকে দ্বে না ঠেলিয়া বরং আরওসাদরে ক্রোড়ে টানিয়া
লইয়াছিলেন। নরেক্র যে ভবিশ্বতের লোকশিক্ষক! স্বতরাং মানবমনের অগ্রগতির পথের সহিত তাঁহার পৃষ্ধাস্থপৃষ্ধ পরিচয় আবশুক, নতুবা বিবিধ-প্রকৃতির
মনগুলিকে তিনি পরিচালিত করিবেন কিরপে? আবার ঠাকুর জানিতেন,
নরেক্র অতি উচ্চন্তরের অধিকারী, অতএব তাঁহার অন্নসন্ধিৎসাও হইবে
সাধারণের তুলনায় অত্যধিক। তাই তিনি ভালবাসিয়া, ব্ঝাইয়া, নিজ জীবন
দেখাইয়া ক্রমে ক্রমে তাঁহাকে অধ্যাত্মপথে পরিচালিত করিতে থাকিলেন; তিনি
জানিতেন, নরেক্রের জীবনে সাফল্য অনিবার্য; সাম্প্রতিক সংশয়াদি ক্র্
বাধান্তলি তাঁহার অধ্যাত্মতোতকে প্রতিহত না করিয়া উহার শক্তি ও গতিবেগকে বর্ধিত করিবে মাত্র। "আপনি কি ঈশ্বরদর্শন করেছেন ?"—নরেক্সনাথের
এই যে অতিসাহদিক অনিবার্য প্রশ্ন, ইহা কোন সাধারণ ব্যক্তির অলম কৌতুহল
নির্তির জন্ম উচ্চারিত হয় নাই, ইহা সত্যের সন্ম্থীন হওয়ার অদম্য সাহসেরই
পরিচায়ক। সে সাহস সাফল্যমণ্ডিত হইতে বাধ্য। সেই ভভ প্রভাতের প্রতীক্রায়
শ্রীঠাকুর সমন্ত ব্যবস্থা করিতে যত্নপর হইলেন।

'আশ্চৰ্যো বক্তা কুশলোহস্য লব্ধা'

উপযুক্ত শিশ্ব পাইয়া প্রথম দিন হইতেই শ্রীশ্রীঠাকুর নরেজ্রনাণের প্রতি বিশেষ আরুষ্ট হইয়াছিলেন। "অপরোক বিজ্ঞানসম্পন্ন মহামুভব গুরু সুযোগা শিশুকে দেখিবামাত্র আপনার সমূদয় জীবনপ্রতাক্ষ তাহার অন্তরে ঢালিয়া দিবার জন্ত আকুল আগ্রহে যেন এককালে অধীর হইয়া উঠিয়াছিলেন।" পরবর্তী কালে নরেন্দ্রনাথ যথন নিবিকল্প সমাধি লাভের জন্ম অভিমাত্র আগ্রহ দেখাইতেন, ঠাকুর তথন তাঁহাকে সমাধিভূমিতে আরুঢ় কবাইবার প্রাথমিক প্রচেষ্টা ও 👌 কার্যে তৎকালীন বিফলতার কথা উল্লেখ করিয়। যাহা কিছু বলিয়াছিলেন, তাহা হইতেই ইহা প্রমাণিত হয়। ঠাকুর নরেক্রের নির্বন্ধাতিশয়ের উত্তরে বলিয়া-ছিলেন, "কেন, তুই যে তথন বলেছিলি তোর বাপ-মা স্বাছে, তাদের সেবা कतरा हरत ?'' সেই দিনেরই কথা শারণ করিয়া আরও বলিয়াছিলেন, "দেখ, একজন মরে ভূত হয়েছিল। অনেক কাল একাকী থাকায় সন্দীর অভাব অমুভক করে সে চারদিকে অশ্বেষণ করতে আরম্ভ করল। কেউ কোন স্থানে মরেচে ভনলেই সে সেখানে ছুটে যেত, ভাবত এবার বুঝি সদী জুটবে ; কিছু দেখত মতবাজি গলাবারিস্পর্ণে বা অন্ত কোন উপায়ে উদ্ধার হয়ে গেছে। স্থতরাং কুলমনে ফিরে এসে সে পুনরায় পূর্বের স্থায় একাকী কাল যাপন করত এইরূপে সেই ভৃতের সঙ্গীর অভাব কিছুতেই ঘূচে নাই। আমারও ঠিক ঐরূপ দশা হয়েছে: ভোকে দেখে ভেবেছিলাম, এবার বৃঝি আমার একটি সন্ধী ভূটল; কিন্তু তুইও বললি, তোর বাপ-মা আছে। কাজেই আমার **আর দলী পাও**য়া হল না।" ('লীলাপ্রসহ', ৫।৯৮-৯৯ পু:)। ঐ দিনের ঘটনা তুলিয়া ঠাকুর যখন নানা বৃদ্ধ পরিহাসে প্রবৃত্ত হইতেন, তখন নরেক্রের সংদ্ধে তাহার উচ্চ ধারণা এবং তাঁহাকে আরও আপনার করিয়া পাইবার তীব্র ইচ্ছাই ঐ সকল ৰথায় প্ৰকাশ পাইত।

প্রথম দিনেই নরেক্রের অন্ধপ্রত্যক্তে আধ্যাত্মিক উৎকর্বের স্থানী ছাপ দেখিয়া ঠাকুর সবিশ্বয়ে ভাবিয়াছিলেন, "কলিকাতার মতো স্থানে এমন সম্বভক্তি আধারও থাকতে পারে।" পরে ভক্তদিগকে বলিয়াছিলেন, "নরেক্রকে ব্যব্দ প্রথম দেখি, তথন তার শরীরের হ'শ ছিল না। বেই হুঁলুম অমনি বাহুজ্ঞান হারাইল।" শরীরের লক্ষণ পরীক্ষা করিয়া তিনি একদিন নরেক্রনাথকে বলিয়াছিলেন, "তোর শরীরের সকল স্থানই স্থলকণাক্রান্ত, কেবল দোষের মধ্যে নিদ্রা ঘাইবার কালে নিঃশাসটা কিছু জোরে পড়ে। যোগীরা বলেন, অত জোরে নি:খাস পড়িলে অল্লায়ু হয়।" নরেক্রের মনোবৃত্তি পরীক্ষা করিয়া তিনি বুঝিয়াছিলেন, "ধর্মানুরাগ, সাহস, সংঘম, বীর্থ এবং মহতুদেশ্রে আত্মোৎসর্গ করা প্রভৃতি সদ্গুণসকল নরেন্দ্রের হৃদয়ে স্বভাবত: প্রদীপ্ত রহিয়াছে।" বস্তুত: नानाভाবে याठारे कतिया ठाकूत निःमन्तिय रहेयाहित्मन त्य, नदतन ७क्षमद्भी: তাঁহাতে কখনও মলিনতার স্পর্শ ঘটিতে পারে না। অতএব নরেন্দ্রের সামন্ত্রিক ছেলেমামুষি বা অনভিজ্ঞতাঙ্গনিত অমের প্রতি দৃষ্টি না রাখিয়া তিনি তাঁহার ভাবী নরেন্দ্রের বিরাট ব্যক্তিত্বকেই মানসচক্ষে দেখিতেন এবং উহার বাস্তব আভাস পাইবামাত্র ফটিবিচ্যতি ভূলিয়া আনন্দে আত্মহারা হইতেন। তাঁহার निकট नरत्रक ছिলেন बन्नाठर्भतायन, मर्वञ्चनकनमन्त्रव, निर्जीक, मञायानी, अ জগদম্বার চিহ্নিত পুরুষ। অতএব নরেক্রকে তিনি প্রাণ ঢালিয়া ভালবাসিতেন। নরেন্দ্র ছিলেন সাধারণ মানবের অতি উচ্চে অবস্থিত মানবকল্যাণে অবতীর্ণ নর-ঋষি। তাই অপরের নিকট নরেন্দ্রের সম্মান বাড়াইবার জন্ম এবং নরেন্দ্রেরও মনে আত্মশ্রদ্ধা জাগাইবার জক্ত তিনি নরেক্রের সেবা লইতে বিধা প্রকাশ করিতেন; দেবার জন্ম নরেন্দ্র লালায়িত হইলে বলিতেন, "তোর পথ আলাদা।" নরেক্রকে ঠাকুর কেন ভালবাদেন তাহা ঠাকুর স্বমূথে বিভিন্নকালে প্রকাশ করিয়া বলিয়াছিলেন। তিনি একদিন পুজাপাদ স্বামী সারদানন্দের (তদানীস্তন শরৎচন্দ্রের) সহিত নরেন্দ্রের তুলনা করিয়া ষত্নাথ মল্লিকের উত্যানবাটীর প্রধান কর্মচারী রতন নামক এক ব্যক্তিকে বলিয়াছিলেন, "এরা সব ছেলে মূল নয়—দেডটা পাস করিয়াছে', শিষ্ট, শাস্ত; কিন্তু নরেন্দ্রের মতো একটি ছেলেও আর দেখিতে পাইলাম না। বেমন গাইতে বাজাতে, তেমনি লেখাপডায়. তেমনি বলতে-কইতে, আবার তেমনি ধর্মবিষয়ে। সে রাতভোর ধ্যান করে, ধ্যান করতে করতে দকাল হয়ে যায়, হ'শ থাকে না। আমার নরেক্রের ভেতর এতটুকু মেকি নেই; বাজিয়ে দেখ, টং টং করছে। আর সব ছেলেদের দেখি.

বেন চোখ কান টিপে কোন রকমে ছ-ভিনটে পাস করেছে—বাস এই প্রস্ত !

১। শরৎচক্র তথন এক. এ. পরীকার জন্ম প্রস্তুত হইতেছেন।

এ করতেই যেন তাদের সমস্ত শক্তি বেরিয়ে গেছে। নরেক্রের কিন্তু তা নয়, হেসে-থেলে সব কাজ করে, পাস করাটা যেন তার কিছুই নয়! সে বাদ্ধ সমাজেও যায়, সেথানে ভজন গায়; কিন্তু অগুসকল ব্রাহ্মের গ্রায় নয়—সে য়থার্থ ব্রহ্মজ্ঞানী। ধ্যান করতে বসে তার জ্যোতিঃ দর্শন হয়। সাধে নরেক্রকে এত ভালবাসি ? ('লীলাপ্রসঙ্গ', ৫।১২৪-২৫ পৃঃ)।

একদিন এীযুক্ত কেশবচন্দ্ৰ সেন, বিজয়ক্ষণ গোমামী প্ৰভৃতি লক্ষপ্ৰতিষ্ঠ বর্মনেতরন্দ এরামকৃষ্ণসমীপে উপবিষ্ট আছেন, নরেক্সও সমুখে আছেন এবং ভাবমুখে থাকিয়া ঠাকুর প্রসন্নমনে কেশবাদিকে দেখিতেছেন। ক্রমে তাহার দৃষ্টি নরেন্দ্রের উপর পতিত হইলে তিনি পরমন্নেহে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন। অতঃপর সভা ভঙ্গ হইলে তিনি বলিলেন, "দেখিলাম, কেশব যেরুপ একটা শক্তির বিশেষ উৎকর্ষে জগদিখাত হইয়াছে, নরেজের ভিতর এরপ আঠারটা শক্তি পূর্ণমাত্রায় বিশুমান। আবার দেখিলাম কেশব ও বিশ্বয়ের অস্তর দীপশিপার তাম জ্ঞানালোকে উজ্জ্বল রহিয়াছে: পরে নরেন্দ্রের দিকে চাহিয়া দেখি, তাহার ভিতরে জ্ঞানস্থ উদিত হইয়া মায়ামোহের লেশ প্রয়য় তথা হইতে দুরীভূত করিয়াছে।" কেশব তথন চলিয়া গিয়াছেন; তবু নরেক্স এইরূপ উচ্চ প্রশংসা অপাত্রে অপিত হইতেছে ভাবিয়া তীব্র প্রতিবাদ সহকারে বলিলেন, "মহাশয়, করেন কি ? লোকে আপনার ঐরপ কথা ভনিয়া আপনাকে উन्नाम विवाश निक्त कतिरव, रकाथाय क्रविचाा करक्त उपाय मार्गिका এবং কোথায় আমার ক্রায় একটা নগণ্য স্থলের ছোডা। আপনি তাঁহাদিগের সহিত আমার তুলনা করিয়া আর কথনও এরপ কথাসকল বলিবেন না।" নরেক্রের এইরূপ নির্ভিমানে ঠাকুর যদিও সম্ভট্ট হইয়াছিলেন, তথাপি স্বমতের পোষণকল্পে বলিয়াছিলেন, "কি করব রে ? তুই কি ভাবিস আমি ঐক্লপ বলিয়াছি ? মা আমাকে এরপ দেগাইলেন, তাই বলিয়াছি। মা তো আমাকে পত্য ভিন্ন মিখ্যা কথন দেখান নাই , তাই বলিয়াছি।" এইরূপ কথা ঠাকুর **অন্ত** সময়েও বলিতেন।^২

এইরপ ক্ষেত্রে বৃদ্ধিবাদী নরেক্স চুপ করিয়া থাকিতে তো পারিতেনই না,

২। 'সংকথা' ২র ভাগে আছে—লাটু মহারাজের মতে কেশবের সম্বৃথেও ঠাকুর একদিন ঐরপ বলিলে, কেশব কহিরাছিলেন, তিনিও চান বে নঙ্গ্রে পুব বড় হউন। ঐ বিবরে ঠাকুর তথন নরেক্রের দৃষ্টি আকর্বণ করিয়া বলেন বে, কেশবের একটুও হিংসা নাই (৪ গৃঃ)।

বিরক্তির সহিত এমন কথাও বলিয়া কেলিতেন, "মা দেখাইয়া থাকেন, অথবা আপনার মাথার খেয়ালে ঐসব উপস্থিত হয়, তাহা কে বলিতে পারে ?" সক্ষেপ্ত তিনি পাশ্চাত্য বিজ্ঞান ও দর্শনের যুক্তিতর্ক তুলিয়া প্রমাণ করিতে চাহিতেন যে, স্নেহজনিত কয়না হইতে ঐরপ বিল্রান্তি উপস্থিত হয়। তথন আবার ঠাকুরের মনে হইত, "তাই তো, কায়মনোবাক্যে সত্যপরায়ণ নরেক্স তো মিথ্যা বলিবার লোক নহে।" আবার ইহাও ভাবিতেন, "কিন্তু আমি তো ইতিপূর্বে নানারূপে পরীক্ষা করিয়া দেখিয়াছি, মা আমাকে সত্য ভিন্ন মিথ্যা কথন দেখান নাই।" এইরূপ পরিস্থিতিতে তিনি চিস্তাকুলিত মনে জগদখারই নিকট উপস্থিত হইয়া অবশেষে আখাসবাণী শুনিতেন। "ওর (নরেক্রের) কথা শুনিস কেন ? কিছুদিন পরে ও সব কথা সত্য বলে মানবে।"

নরেন্দ্রের সহিত ঠাকুরের দিবা সম্বন্ধের স্বরূপ কেবল নরেন্দ্রের কেন, অপরের পক্ষেও হৃদয়ক্ষম করা তু:সাধ্য ছিল। ঠাকুরেরই শ্রীমুখে অপরের ঐক্নপ ভূক ধারণার দৃষ্টান্ত পাওয়া যায়। তিনি বলিয়াছিলেন, "নরেক্র যথন প্রথম ষ্মানত-এক্ষর লোক, তবু ওর দিক পানে চেয়েই কথা কইতাম। ও বলত, 'এদের সভে কথা কন', তবে কইতাম। বহু মল্লিকের বাগানে কাঁদতুম; ওকে দেখবার জন্যে পাগল হয়েছিলাম। এখানেও (কালীবাড়ীর খাজাঞ্চী) ভোলানাথের হাত ধরে কালা। ভোলানাথ বললে, 'একটা কায়েতের ছেলের জত্তে মশায়, আপনার এরপ করা উচিত নয়।' মোটা বামুন প্রাণক্তক) একদিন হাতজ্যেড করে বললে, 'মশাই, ওর দামান্ত পড়ান্তনো, ওর জ্বন্তে আপনি এত অধীর হন কেন ?' " সরলচিত্ত ঠাকুর অপরের মতামতের উপর নির্ভর করিতেন এবং নিজ সমস্তা অপরকে শুনাইয়া উহার সমাধানের উপায় জানিতে চাহিতেন। তাঁহার দিবাভাবভূমির সহিত অপরিচিত ব্যক্তি এইরূপ ছলে কি শার করিতে পারে ? তাহারা লোকদৃষ্টি অবলম্বনে লোকোন্তর পুরুষের লীলা বুঝিতে না পারিয়া বিরুদ্ধ সিদ্ধান্তে উপনীত হইত এবং ভোলানাথ বা মোটা বামুনের ক্লায় উহাই বাক্যে প্রকাশ করিত। তবে ভূয়োদর্শনের ফলে তাহাদের মত পরিবভিতও হইত। অস্ততঃ ভোলানাথের বেলায় ঐরপ হইয়াছিল বলিয়াই মনে হয়। ঠাকুর বলিয়াছিলেন, "একদিন ভোলানাথকে বললুম, "হ্যা গা, আমার এমন হচ্ছে কেন ?' ভোলানাথ বললে, এর মানে 'ভারতে' (মহাভারতে) चारह । नमाधिक लारकत मन वधन नीरह चारन, नवश्वी लारकत नरक विनान করে, সন্ধ্রণী লোক দেখলে ভবে ভার মন ঠাণ্ডা হয়।' এই কথা ভবে ভবে আমার মনে শান্তি হয়। তব্ও আবার মাঝে মাঝে নরেক্সকে দেখব বলে বলে কাদতুম।" নরেক্সকে ভিনি কভ ভালবাসিতেন ভাহার উল্লেখ করিয়া ভিনি বলিয়াছিলেন, "নরেক্স বেশী আসে না—সে ভাল। বেশী এলে আমি বিহলল হই।"

নরেন্দ্রকে দেখিবার জন্ম ঠাকুরের ব্যাকুলতা সম্বন্ধে পুজনীয় স্বামী প্রেমানন্দ (তথনকার বাবুরাম) একটি ঘটনার উল্লেখ করিয়াছেন। নরেন্দ্রনাথের मिक्टिल्बरत व्यागमरानत किछूकाल भरत वावृतास्मत वाखादाख खक्र हम । ● এकिलन তিনি রামদয়াল বাবুর সহিত সন্ধ্যায় দক্ষিণেশরে উপস্থিত হইলেন এবং অনেকক্ষণ ধর্মালোচনাস্তে প্রসাদধারণের পর ঠাকুরের ঘরের পূর্বভাগে কালীবাডীর উঠানের উত্তরদিকের বারান্দায় রামদযাল বাবুর সহিত শ্যাগ্রহণ করিলেন। অতঃপর খামী প্রেমানন্দের খমুখের বিবরণ এই: "শয়ন করিবার পর একঘটা কাল ঘতীত হইতে না হইতে ঠাকুর পরিধেয় বন্ত্রথানি বালকের ক্রায় বগলে ধারণ করিয়া ঘরের বাহিরে আমাদিপের শ্যাপার্থে উপস্থিত হইয়া রামদয়াল বাবুকে সংখাধন করিয়া বলিলেন, 'ওগো, ঘুমুলে ?' আমরা উভয়ে শশবান্তে উটিয়া विनिधा विनिनाम, 'आद्या ना।' উट्टा अनिधा ठाकूत विनिन्न, 'त्रिश, नद्भवत्यत्र क्या প্রাণের ভেতরটা গামছা নিঙড়ানোর মতো জোরে মোচড় দিচ্ছে, ভাকে একবার দেখা করে বেতে বলো। সে শুদ্ধ সন্থ গুণের আধার, সাক্ষাৎ নারায়ণ; ভাকে মাঝে মাঝে না দেখলে থাকতে পারি না।' রামদয়াল বাবু কিছুকাল পুর্ব হইতেই দক্ষিণেশ্বরে যাডায়াত আরম্ভ করিয়াছিলেন, দেলক ঠাকুরের বালকের ^৮ ক্রায় স্বভাবের কথা তাঁহার অবিদিত ছিল না। তিনি ঠাকুরের ঐক্নপ বালকের স্থাৰ আচরণ দেখিয়া বৃঝিতে পারিলেন, ঠাকুর ভাবাবিট হইবাছেন, এবং রাজি পোহাইলেই নরেন্দ্রের সহিত দেখা করিয়া তাঁহাকে আসিতে বলিবেন, ইত্যাদি নানা কথা কহিয়া ঠাকুরকে শাস্ত করিতে লাগিলেন। কিন্তু সেই রাজে ঠাকুরের

০। 'কথানুডে'র ১ম ভাগের মতে (৬ পৃঃ) তিনি ১৮৮১-এর শেব ভাগ ও ১৮৮২-এর প্রথম ভাগের মধ্যে আসিরা পড়েন। কিন্ত 'কথাসূত' ৫ম ভাগ, ২৬ পৃষ্ঠার আছে, "ডিসেবর ১৮৮২।বাব্রাম নৃতন নৃতন আসিতেছেন।" 'লীলাপ্রসঙ্গে'র মতে ভিনি নরেন্তের পরে আসেন (৫১১৪ পৃঃ)। হরেরাম ঘোবের মতে তিনি আসেন ১৮৮১ গৃষ্টাব্দের ২য়া এপ্রিল। আমাদের বিধান ('কথাসূত' প্রথম ভাগের মতাস্থারী) ১৮৮২-এর প্রথম ভাগেই ভাষার আসমন ব্য়।

সেই ভাবের কিছুমাত্র প্রশমন হইল না। স্থামাদিগের বিপ্রামের স্থভাব হইতেছে বৃঝিয়া মধ্যে মধ্যে কিছুক্ষণের জন্ত নিজ শ্যায় বাইয়া শয়ন করিলেও, পরক্ষণেই ঐ কথা ভূলিয়া স্থামাদিগের নিকট পুনরায় স্থাগমনপুর্বক নরেক্রের গুণের কথা এবং তাহাকে না দেখিয়া তাঁহার প্রাণে যে দাকণ যন্ত্রণা উপস্থিত হইয়াছে, তাহা সকক্ষণভাবে ব্যক্ত করিতে লাগিলেন। তাঁহার ঐরপ কাতরতা দেখিয়া বিস্থিত হইয়া স্থামি ভাবিতে লাগিলাম, ইহার কি অভুত ভালবাসা; এবং যাহার জন্ত ইনি ঐরপ করিতেছেন, দে ব্যক্তি কি কঠোর! সেই রাত্রি ঐক্লপে স্থামাদিগকে স্থাতিবাহিত করিতে হইয়াছিল।" স্থামী প্রেমানন্দ তথনও নরেক্রের সহিত পরিচিত হন নাই।

প্রত্যক্ষপ্রটা শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ সান্ন্যাল কথিত আর একটি অমুব্ধপ ঘটনাও 'नीना श्रमत्क' (e1> e b प्रः) निभिवक इरेग्नारह । रामित्व कथा माज्ञान মহাশয় বিব্রত করেন, দেদিন পর্বস্ত নরেন্দ্র দীর্ঘকাল না আসায় ঠাকুরের মন যেন নরেক্রময় হইয়া আছে, তাঁহার মূবে নরেক্রের গুণকীর্তন ভিন্ন অন্ত কোন কথা নাই। তিনি বলিলেন, "দেখ, নবেক্স শুদ্ধসন্ত গুণী। আমি দেখিয়াছি, দে ষ্ম্বণ্ডের ঘরের চারিজনের একজন এবং সপ্তর্ষির একজন।" বলিতে বলিতে ঠাকুর পুত্রবিরহকাতরা জননীর স্থায় অঞ্ববিদর্জন করিতে লাগিলেন; পরে কিছুতেই আত্মসংবরণ করিতে না পারিয়া জ্রুতপদে উত্তর দিকের বারান্দায় हिन्दा शिल्म अर क्ष्मचात्र अहे विनाल विनाल कांप्रिल नाशिलन, "मार्गा, আমি তাকে না দেখে আর থাকতে পারি না।" কিছুক্রণ পরে নিজেকে কতক সামলাইয়া ঘরে ফিরিলেন এবং বলিলেন, "এত কাঁদলাম, কিছু নরেন তো এল না। তাকে একবার দেখবার জন্ম প্রাণে বিষম ষম্রণা হচ্ছে, বুকের ভেতরটা বেন মোচড দিছে; কিন্তু স্বামার এই টানটা সে কিছু বুরো না।" ঐকপ বলিতে বলিতে আবার বাহিরে গিয়া কাঁদিলেন এবং ফিরিয়া আসিয়া বলিতে माभित्मन, "बुर्फ़ा मिन्तम, जात कत्म अक्ष अचित्र इसिहि ७ कामहि स्मर्थ লোকেই বা কি বলবে বল দেখি ? তোমরা আপনার লোক, তোমাদের কাছে नक्का रुव ना ; किन्ह व्यभद्र स्मर्थ कि छात्रद तन स्मिश किन्ह किन्हु छिरे সামলাতে পাচ্ছি না !" এই ঘটনায় সান্ধাল মহাশন্ত নরেক্রের জন্ত জীরামকুক্ষের ব্যাকুলভার বেমন চাকুষ প্রমাণ পাইয়াছিলেন, খিন কয়েক পরে নরেন্তের সহিত ৰখন জাঁহার আলাপ-পরিচর হইয়া গিয়াছে, তখন একদিন নরেক্রের আগমনে

ঠাকুরের আনজোলাদ দেখিয়াও তেমনি অবাক হইয়াছিলেন। সেদিন ঠাকুরের জন্মতিথিতে ভক্তগণ তাঁহাকে নববন্ধ, ফুল-চন্দন ইত্যাদিতে দাজাইয়া আনন্দ ও কীর্ত্তন করিতেছেন। তবু নরেন্দ্র না আসায় ঠাকুর চঞ্চল হইয়া আছেন। কথনও বা চারিদিকে তাকাইয়া ভক্তদিগকে বলিতেছেন, "তাই তো, নরেন এল না।" বেলা ত্ই প্রহরে নরেন্দ্র আসিয়া বাই ঠাকুরের পদপ্রান্তে প্রণাম করিলেন, অমনি ঠাকুর লাকাইয়া উঠিয়া তাঁহার স্কজে বদিলেন এবং সমাদিছ হইলেন। ক্রমে সহজাবস্থায় ফিরিয়া তিনি নরেন্দ্রের সহিত কথা কহিতে ও তাঁহাকে আহারাদি করাইতে এত বাস্ত হইয়া পড়িলেন বে, সেদিন আর কীর্ত্তন জনা হইল না। 'লীলাপ্রসঙ্গের মতে ইহা ১৮৮০ খুটান্দের (সল্কবত: ফাল্পন মাদের) ঘটনা। ব্রুত্তি আমরা সহজ্ঞেই বুঝিতে পারি, ১৮৮১ খুটান্দের পৌষ মাদে দক্ষিণেশরে প্রথমাগমন হইতে দীর্ঘ তুই বৎসরকাল নরেন্দ্রনাথ ঠাকুরের এই উচ্ছুদিত দেবতুর্গভ প্রেমের অধিকারী হইয়াছিলেন। অবশ্য অন্তপম ভালবাসা তিনি চিরকালই পাইয়াছিলেন; কিন্ধ পরে এইরূপ উচ্ছুাদের পরিচয় পার্ডয়া যায় না।

আমরা বলিয়া আদিয়াছি, নরেক্সনাথের মন ছিল বিচারপ্রবণ; এমন প্রাণঢালা ভালবাসার অধিকারী ইইয়াও তিনি তথনও নির্বিচারে কোন কিছু গ্রহণ করিতেন না। এমন কি এই অনবছ্য অহের উপরও তিনি নিঃস্কোচে তাঁহার তীক্ষ সমালোচনাত্র নিক্ষেপ করিতেন। প্রথম প্রথম তিনি বৃক্ষিতেই পারিতেন না, পরমহংসদেব তাঁহার জন্ম এতটা করেন কেন। আবার ঠাকুরের সেহ ঠাকুরকে অপরের চক্ষে হেয় করিতে পারে এই চিছায়ও তিনি উলিয় ইইতেন। সেজস্ম তিনি সময়ে সময়ে এমন শ্রুতিকটু কথাও বলিয়া বসিতেন, "আপনার শেষকালে না ভরত রাজার অবস্থা হয়। ভরত রাজা হরিণ ভাবতে ভাবতে প্রাণত্যাগ করেছিলেন বলে পরজ্মে হরিণজ্ম গ্রহণ করতে হয়েছিল।" বালকপ্রায় সরলচিত্ত ঠাকুর ঐ কথা ভনিয়া বিষম চিস্তিত ইইয়াছিলেন এবং বলিয়াছিলেন, "ঠিক বলেছিস। ভাইতো রে, ভাহলে কি হবে ? আমি বে তোকে না দেবে থাকতে পারি না!" ত্লিভয়ারত ঠাকুর দাকণ বিমর্ব হইয়া জগদভাকে ঐ কথা জানাইতে গেলেন; কিছু কিছুক্ষণ পরেই হাসিতে হাসিতে ফিরিয়া আসিয়া বলিলেন, "রা শালা, আমি ভোর কথা ভনব না, মা বললেন—

 ^{। &#}x27;কথামুত'-কারের মতে "১৮৮৪ মধ্যে সায়াল" দকিবেছরে আসেন (১١৬ পৃঃ)। 'লীলাঅনক'-এর মতে এই আগমন ১৮৮০ গুটাকের আরত্তে হওরা আবস্তক।

'তুই ওকে সাক্ষাৎ নারায়ণ বলে জানিস, তাই ভালবাসিস। বেদিন ওর ভেতর নারায়ণকে না দেখতে পাবি, সেদিন ওর মুখ দেখতেও পাবি না'।" ('লীলাপ্রসঙ্গ', ৫।১২৬)।

নরেন্দ্রের কথা তিনি তবু শুনিতেন এবং তাহার ফলে অনেক ক্ষেত্রে হাস্ত-রসের অবতারণা হইত। একদিন ঠাকুর ভক্তের স্বভাবের সহিত চাতকের দৃষ্টান্ত দিয়া বুঝাইতেছিলেন, "চাতক যেমন নিজ পিপাসাশান্তির জন্ত সর্বদা মেঘের দিকে তাকাইয়া থাকে এবং উহার উপর সর্বতোভাবে নির্ভর করে, ভক্তও তদ্রপ নিজ প্রাণের পিপাসা ও সর্বপ্রকার অভাব মিটাইবার জ্বান্ত একমাত্র ঈশবের উপর নির্ভর করে?—ইত্যাদি। অমনি নরেক্সনাথ সহসা বলিয়া উঠিলেন. "চাতক বৃষ্টির জল ভিন্ন অন্ত কিছু পান করে না ঐরপ প্রসিদ্ধি থাকিলেও ঐ কথা সত্য নহে; অন্ত পক্ষিসকলের ন্তায় নদী প্রভৃতি জলাশয়েও পিপাসা-শাস্তি করিয়া থাকে। আমি চাতক পক্ষীকে ঐরপ জলপান করিতে দেখিয়াছি।" ঠাকুর বলিলেন. "সে কি রে ? চাতক অন্ত পক্ষীর ন্তায় জ্লপান করে ? ভবে ভো আমার এতকালের ধারণা মিথ্যা হল, তুই যথন দেখিয়াছিদ, তথন তো ঐ বিষয়ে আর সন্দেহ করিতে পারি না।" ঐরপ বলিয়াও ঠাকুর কিন্তু শান্ত হইতে পারিলেন না। তাই তো. একটা ধারণা যদি এইভাবে মিথ্যা প্রমাণিত হয়, ভবে षश्च धात्रभाश्वनितरे वा कि रहेरव ? हेरात करत्रक मिन भरतरे नरत्रस्तनाथ ठाकुतरक ডাকিয়া বলিলেন, "ঐ দেখুন মহাশয়, চাতক গন্ধার জল পান করিতেছে।" ঠাকুর ব্যক্তভাবে দেখিতে আসিয়া বলিলেন, "কই রে ?" নরেক্স দেখাইয়া দিলে তাঁহার চোধে পড়িল একটি চামচিকা জলপান করিতেছে। তথন তিনি সহাস্যে 👌 বলিলেন, "ওটা চামচিকা যে! ওরে শালা, তুই চামচিকাকে চাতক জ্ঞান করিয়া আমাকে এতটা ভাবাইয়াছিস্? তোর সকল কথায় আর বিশ্বাস করিব না।" (교, ১৮ 이 이:)]

সকল কথায় আস্থাস্থাপন না করিলেও নরেজ্রের অনেক কথাই তিনি ত্রনিবান্যাত্র উড়াইয়া দিতে পারিতেন না, যদিও অবশেবে জগন্মাতার বিপরীত নির্দেশ পাইলে তাহা একেবারে ছাড়িয়া দিতেন। ঠাকুর সাকার দেবদেবী ও তাঁহাকের ক্রিয়াকলাপাদিতে পূর্ণবিশ্বাসী হইলেও ঐ সকলে প্রত্যান্থীন নরেজ্রনাথ হয়তো বলিয়া বসিতেন, "ক্লণ-টুপ আপনার মাথার থেয়াল!" নরেজ্রের সত্যবাদিতা সক্ষে স্থিরনিশ্চর শ্রীরামক্ষক অমনি ফাণরে পড়িয়া মা কালীর নিকট নিবেদন

করিতেন, "মা, নরেক্স বলে এসব আমার মাথার ভূল। সত্যি কি ?" মা অমনি তাহাকে প্রবাধ দিয়া বলিতেন, "না ওসব ঠিক, ভূল নয়। নরেক্স ছেলেমায়্ব, তাই অমন বলে।" সরল মহাপুরুষ তথনি আশন্তচিত্তে ফিরিয়া নরেক্সকে ভনাইয়া দিতেন, "তুই বা খুশি বল না কেন, আমি বিশাস করি না।" ঠাকুর নরেক্সের এই প্রকার নির্ভীক উক্তিতে সাধারণতঃ বিরক্ত না হইলেও নরেক্সের কল্যাণার্থ কথন কথনও একেবারেই যে চুপ করিয়া থাকিতেন, এইয়পও নহে। ঠাকুরের বিশাস টলাইতে না পারিলেও এবং ঠাকুর তাঁহার কথা মানিয়া না লইলেও নরেক্স যে কালে নিজ বিশাসায়্যায়ী ঠাকুরের ঐ প্রকার কথায় আক্ষেপ প্রকাশ করিতেন, তথনকার কথা শর্মন করিয়াঠাকুর একদিন ভক্তদিগকে বলিয়াছিলেন, "মা কালীকে আগে যা ইচ্ছা তাই বলত; আমি বিরক্ত হয়ে একদিন বলেছিলাম, 'শালা, তুই আর এথানে আদিস না।' তথন সে আন্তে আত্তে গিয়ে তামাক সাজে। যে আপনার লোক, তাকে তিরস্কার করলেও রাগ করবে না।" ('কথামৃত', ৪।৮।৪)।

নরেন্দ্র "আপনার লোক" বলিয়াই ঠাকুর তাঁহার অনেক কিছু অন্নানবদনে সহু করিতেন। 'কথামূতে'র (৫।১৬।২) একটি ঘটনা হইডে জানা যায়, নরেন্দ্রের বিদ্রুপোক্তি পর্যন্ত স্থেময় ঠাকুরকে আনন্দ দিত। একদিন ঠাকুরের সন্মুখে গান গাহিবেন বলিয়া "নরেন্দ্র তানপুরাটি অনেকক্ষণ ধরিয়া বাঁধিতেছেন। ঠাকুর অথধর্ষ হইয়াছেন। বিনোদ বলিতেছেন, 'বাঁধা আজ হবে, গান আর একদিন হবে।' প্রীরামক্ষক হাসিতেছেন, আর বলিতেছেন, 'এমনি ইছে হছে বে, তানপুরাটি ভেকে ফেলি। কি টং টং—আবার তানা নানা নেরে হুম হবে। ভবনাথ—'যাত্রার গোড়ায় অমনি বিরক্তি হয়।' নরেন্দ্র (বাঁধিতে বাঁধিতে)—'পে না বুঝলেই হয়।' প্রীরামকৃষ্ণ (সহাত্যে)—'প্র আমাদের সব উড়িয়ে দিলে।"

এখানে প্রসদক্ষমে লক্ষ্য করিবার জিনিস এই বে, নরেন্দ্র কলাবতের নিকট বথারীতি সন্থীতশিক্ষা করিয়াছিলেন বলিয়া যন্ত্র ঠিক ঠিক স্থারে না বাঁধিয়া গান গাহিতেন না—ইহাতে প্রীরামক্ষণ পর্যন্ত বিরক্ত হইলেও নয়। 'কথামতে' (৪।২৩)৫) অমুদ্ধপ আর একটা দৃষ্টান্ত আছে; এখানেও উপযুক্ত বন্ধ না থাকায় নরেন্দ্রনাথ গানে অসমত ছিলেন। কিন্তু তথন পিতৃবিয়োগের পর পারিবারিক অশান্তিও চলিতেছে—সংসারের ছঃখকটে নরেন্দ্র বিত্রত ও বিপন্ন, হয়তো বা বিলান্ত। অভএব তাঁহার অবীকৃতি নিছক সন্ধীতপ্রিয় মন হইতে উৎসারিত না

হইয়া একটা মিশ্র মনোভাব হইতেই উদ্গত হইয়া থাকিবে, ঘাহার ফলে ঠাকুর দেদিন একটু মর্যান্তিক ভংগনাও করিয়াছিলেন। কিন্তু তথন ইহাদের উভয়ের মধ্যে এত আত্মীয়তাবোধ জয়য়া গিয়াছে ষে, ঐরপ ছ-একটি মস্তব্যে নরেক্রনাথ ক্র হইতেন না। উহা ১৮৮৫ খৃষ্টান্সের ১৪ই জ্লাইএর ঘটনা। "শ্রীয়ামরুষ্ণ (নরেক্রকে)—'একটু গা না।' নরেক্র—'ঘরে ঘাই, অনেক কাজ আছে।' শ্রীয়ায়রুষ্ণ—'তা বাছা, আমাদের কথা ভনবে কেন ? যার আছে কানে সোনা, তার কথা আনা আনা; যার আছে পোদে ট্যানা, তার কথা কেউ শোনে না। তৃমি গুহদের বাগানে যেতে পার; প্রায় ভনি, আজ কোথায়?—না গুহদের বাগানে! একথা বলতুম না, তৃই কেঁড়েমিকরলি—'। নরেক্র কিয়ৎক্রণ চুপ করিয়া আছেন, বলছেন, 'য়য় নাই, ভর্গান!' শ্রীয়ামরুষ্ণ—'আমাদের বাছা যেমন অবস্থা! এইতে পার তো গাও। তাতে বলরামের বন্দোবন্ত!—বলরামের ভাব—আপনারা গাও, নাচ, আনন্দ কর!" শেষ পর্যন্ত নেরেক্র সেথানে থাকিয়াই পেলেন এবং গানও গাহিলেন। পরে অস্ততঃ তানপুরা জুটিয়াছিল—ইহার উল্লেখ কথামূতে' আছে (৪।২৩৬)। ঘটনাটি হয় কলিকাতায় বলরামগৃহে।

নরেন্দ্রের প্রতি শ্রীরামক্ষের ব্যবহার ছিল সাধারণতঃ কুস্থমাপেক্ষাও অতি কোমল, আবার স্থান বিশেষে বজ্ঞাদপি কঠোর। কিন্তু ঠাকুরের ব্যবহার বাহাতঃ কঠোর বা কোমল যাহাই হউক, অস্তরে তিনি সর্বদাই ছিলেন অতিমাত্র শ্লেহ-প্রবণ; কচিৎ কথনও কঠোরতা প্রকাশ পাইলেও নরেন্দ্রের হিতসাধনার্থই ঐরপ হইত, এবং সর্বক্ষেত্রেই উভয়ের আদান-প্রদানের মাধ্যম হইত একমাত্র ভালবাসা।

শ্রীশ্রীঠাকুরের সন্মুথে এক প্রধান সমস্তা ছিল, নরেক্রের আধুনিক প্রভাবে গঠিত মনকে পূর্ণ সনাতন ভাবে রূপায়িত করা। ইহা সময়- ও ধৈর্ঘদাপেক্ষ ছিল। প্রয়োজন ছিল, শিশ্রকে অকস্মাৎ বীতোৎসাহ, বিভ্রান্ত বা বিরুদ্ধভাবাপন্ন না করিয়া শনৈ: শনৈ: নির্দিষ্ট লক্ষ্যে পৌছাইয়া দেওয়ার। ঠাকুরের এই প্রচেষ্টা স্থান কালাদি ভেদে বিভিন্ন ধারায় প্রবাহিত হইত—কথনও জ্ঞাতসারে, কিন্তু প্রায়শঃ অজ্ঞাতসারে। ধর্মের গতি অতি স্কন্ধ; লোকাতীত পুরুষ কোন্ কৌশলাবলম্বনে অপরের মনের মোড় ফিরাইয়া উহাকে স্বমার্গে পরিচালিত করিতেন, কেমন করিয়া অপরের মনকে কাদার ভালের মতো স্বহন্তে লইয়া নিক্রের ভাবে গড়িতেন, তাহা বুঝা বা লিখিয়া প্রকাশ করা ক্ষুত্রবৃদ্ধি আমানের সাধ্যাতীত। আমরা ভুধু কিঞ্চিৎ আভাদ পাইবার চেষ্টা করিতে পারি। আমরা

দেখি, যদিও নরেন্দ্র ঠাকুরকে একদিনেই মানেন নাই, তাঁহার কথাও নির্বিচারে স্বীকার করেন নাই, তথাপি আম্ল পরিবর্তনেও খুব বেলী দেরী হয় নাই। ১৮৮০ খুটান্দের ২রা জুন ঠাকুর বলিতেছেন, "ব্রহ্মজ্ঞানীরা সাকার মানে না। (সহাস্থ্যে) নরেন বলে পুত্তলিকা। আবার বলে, 'ইনি এখনও কালীঘরে য়ান'।" ইহা হইল নরেন্দ্রের অবিখাসের নিদর্শন। আবার 'কথামুতে'ই ১৮৮৪ খুটান্দের ৬ই সেপ্টেম্বর নরেন্দ্রের বিশ্বাসের কথা রহিয়াছে। নরেন্দ্র কুতৃহলী হইয়া ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন, "সেদিন আপনি শশধরকে দেখতে গিয়ে তাদের একটা লোকের হোঁয়া য়াস থেকে জল খেলেন না। আপনি কি করে জানলেন য়ে, সে লোকটার স্বভাব ভাল না ?" প্রশ্ন শুনিয়া ঠাকুর সহাস্যে বলিলেন, "আগে বলতিস্ আমার অবস্থা মনের গতিক (হ্যালিউসিনেশন—মতিভ্রম)!" নরেন্দ্র উত্তর দিলেন, "কে জানে। এখন তো অনেক দেখলাম, সব মিলছে।"

শ্রীরামকৃষ্ণ বৈমন নরেন্দ্রনাথকে বাজাইয়া দেখিয়াছিলেন, নরেন্দ্রও তেমনি প্রতিপদে বাচাই করিয়া লইয়াছিলেন—ঠাকুরের কথা ও কার্বে সামঞ্জু আছে কিনা। এই প্রকারে নরেন্দ্রের আধ্যাত্মিক অভিব্যক্তি ছুইটি বিপরীত দিক অবলম্বনে অগ্রসর হইয়াছিল। প্রথমতঃ ঠাকুরের দিক হইতে একটা অধীর আগ্রহ ছিল, উপয়ুক্ত শিশ্রের মধ্যে আপনার অমৃল্য অমৃভ্তি-সম্পদ্ ঢালিয়া দিয়া শিয়ের জীবনকে ক্রন্ত পরিপূর্ণ করিতে, দিতীয়তঃ শিয়ের দিক হইতে একটা সতর্ক আকুলতা ছিল, সত্যকে এবং একমাত্র সত্যকেই প্রাণপণে গ্রহণপূর্বক আপনাকে কৃতার্থ করিতে, আর সে সত্যলাভের জ্ব্রু তিনি উপয়ুক্ত মৃল্য দিতেও প্রস্তুত ছিলেন। নরেন্দ্র ঠাকুরকে পরথ করিয়া দেখিয়াছিলেন ছই প্রকারে—প্রথমতঃ দ্র হইতে তটস্থ ল্বন্তা হিসাবে ঠাকুরের জীবনধারা লক্ষ্য করা এবং দিতীয়তঃ প্রশ্ন উত্থাপন বা বিশেষ উপায়াবলম্বনে পরীক্ষা করা। এই পরীক্ষারই একটি দিলান্ত দিলে বিষয়টি সহজে বোধগম্য হইবে।

ঠাকুর ধাতব দ্রব্য মনেপ্রাণে সর্বতোভাবে এমনি পরিত্যাগ করিয়াছিলেন

^{ে।} নিবেদিতা 'মাস্টার এাজ আই স হিম্' গ্রন্থে লিখিয়াছেন ; "হঠাৎ কিছু মেনে নিতে বামীজী নিবেধ ক্রতেন। 'আমি আমার গুরুদেবের সঙ্গে দীর্ঘ ছর বৎসর ধ্বতাধ্বতি করেছিলান, কলে এই হয়েছে বে, আমি রাজার কোখায় কি আছে, তা তন্ন তর করে লানি, এতটুকুও আমার অজ্ঞাত নেই'।"

বে, অজ্ঞাতসারে উহার দৈহিক স্পর্ণ ঘটিলেও অতি যন্ত্রণায় প্রতিক্রিয়া আরম্ভ হইত। নরেন্দ্র ঠাকুরের স্বমুখে এই কথা জানিয়া রাখিয়াছিলেন, এবং মিলাইয়া দেখিবার ঔংস্করণ্ড মনে জালিয়াছিল। একদিন তিনি শ্রীশ্রীঠাকুরের ঘরে আসিয়া জানিলেন, তিনি কলিকাতায় গিয়াছেন এবং শীন্তই ফিরিবেন। এই স্বযোগে ঠাকুরের বিছানার নীচে একটি টাকা রাখিয়া তিনি পঞ্চবটীতেও ধ্যান করিতে গেলেন; যথাসময়ে ঠাকুর যথন ফিরিতেছেন, তথন সাড়া পাইয়া পঞ্চবটী হইতে আসিয়া তাঁহার ঘরে দাঁড়াইলেন। ঠাকুর ঘরে চুকিয়া বসিবার জন্তু নিজ বিছানা স্পর্ণ করিবামাত্র লাফাইয়া উঠিলেন এবং এদিক-ওদিক তাকাইয়া দেখিতে লাগিলেন। ইত্যবসরে তাঁহার সেবক বিছানার চাদরখানি টানিয়া তুলিতেই রৌপ্যমৃত্রাটি টং করিয়া মাটিতে পড়িয়া গেল। নরেন্দ্রনাথ বাঙ্নিম্পত্তি না করিয়া মোনবিশ্বয়ে বাহিরে চলিয়া গেলেন। ঠাকুরও বৃঝিলেন, নরেন্দ্র তাঁহাকে পরীক্ষা করিতেছেন; তিনিও কোন কথা কহিলেন না, তবু মনে হইল, নরেন্দ্রের সংসাহসে তিনি আনন্দিতই হইয়াছেন। (ইংরাজী জীবনী, ৬৭ পঃ)

আধ্নিক মনোর্ভিসম্পন্ন নরেন্দ্রনাথ ঈশবের নামে ভাবাবেগে মাতামাতি করাটা তেমন পছল করিতেন না। কেন না আধ্নিকদের ধারণা ছিল ভগবদ্ভাবে অধিক আত্মহারা হইলে মানবজীবন বিপর্যন্ত হইতে পারে। প্রীরামক্ষের শিক্ষাগুণে নরেন্দ্র কিরপে এই প্রান্তমতের পরিবর্তে সনাতন ধারায় পরিচালিত হইলেন, ঠাকুরের শ্রীম্বে তাহা প্রকাশ পাইয়াছিল। ঠাকুর সেদিন (১৫ই জ্ন,১৮৮৪) প্রতাপচক্র হাজরা মহাশন্ধকে বলিয়াছিলেন, "আমি নরেক্রকে বলছিল্ম, 'দেখ ঈশব রনের সাগর। তোর ইচ্ছা হয় নাকি যে এই রনের সাগরে তুব দিই প্ আচ্ছা, মনে কর, একখুলি রস আছে, তুই মাছি হয়েছিস; তা কোন ধানে বনে রস ধাবি?' নরেন্দ্র বললে, 'আমি খুলির কিনারায় বনে মুধ বাড়িয়ে ধাব।' আমি জিজ্ঞাসা করল্ম, 'কেন প কিনারায় বসবি কেন প' সে বললে, 'বেনী দ্রে গেলে তুবে বাব, আর প্রাণ হারাব।' তথন আমি বলল্ম, 'বাবা, সচিচানন্দ-সাগরে সে ভয় নাই; এযে অমৃতের সাগর। ঐ সাগরে তুব দিলে মৃত্যু হয় না, মাছব অমর হয়। ঈশবেতে পাগল হলে মাছব বেহেন্ড্ (মতিচ্ছর) হয় না।" ('কথামৃত', ১৷১০।৭)।

এইকালে নরেক্রের এক অভ্ত অন্তভ্তি হইতে থাকে। প্রায়ই ডিনি কলিকাতায় অগৃহে বনিয়া অনুর দক্ষিণেখরে শ্রীশ্রীঠাকুরের ধ্যাননিময় শ্রীমৃতি দর্শন করিতেন। একরাত্রে তিনি অপে দেখিলেন, ঠাকুর তাঁহার নিকট আসিরা বিলিতেছেন, "বল্ আমি তোকে ব্রন্ধগোণী শ্রীরাধার সাক্ষাতে নিয়ে যাব।" নরেক্র অন্সরণ করিলেন। একটু দ্রে গিয়েই ঠাকুর তাঁহার দিকে ফিরিয়া বলিলেন, "কোথা আর যাবি ?" এই বলিয়া তিনি রূপলাবণ্যমন্ধী শ্রীরাধিকার রূপ ধারণ করিলেন। এই দর্শনের ফল এই দাঁড়াইল যে, নরেক্র যদিও পূর্বে ব্রাহ্মসমাজ্রের গানই প্রায়শঃ গাহিতেন, এখন তিনি শ্রীরাধার রুক্তপ্রেমের— অর্থাৎ ভগবানের প্রতি জীবের আকুল আবেদন-নিবেদন, বিরহ-কাতরতাদির গানও গাহিতে আরম্ভ করিলেন। গুরুলাতাদের নিকট যথন তিনি এই অথের কথা বলিলেন, তথন তাঁহারা সবিস্ময়ে জিজ্ঞাসা করিলেন, "তুমি কি বিশাস কর, এ অথের মর্ম সত্য ?" নরেক্র উত্তর দিলেন, "নিক্য করি।"

ধ্যানকালে নরেক্স অনেক সময় নিজ প্রতিমৃতি দেখিতে পাইতেন—ঠিক থেন তাঁহারই আকার ও রূপাদি লইয়া আর একজন বসিয়া আছে এবং দর্পণে প্রতিবিম্বিত মৃতির হাব-ভাব চলন-বলন প্রভৃতি সমন্তই যেমন প্রকৃত ব্যক্তির অফরপ হইয়া থাকে, এই প্রতিমৃতির ক্রিয়াকলাপও তেমনি হবছ সেইরূপই হইত। নরেক্স ভাবিতেন, "এ আবার কে?" শ্রীরামক্রক্ষকে উহা জানাইলে তিনি উহাতে বিশেষ গুরুত্ব আরোপ না করিয়া বলিয়াছিলেন, "ধ্যানের উচ্চ অবস্থাতে অমন হয়ে থাকে।"

নরেক্রের একবার ইচ্ছা হইয়াছিল তিনি ভাবে অভিভৃত হইয়া জগৎ সংসার ভূলিয়া বাইবেন। তিনি দেখিতেন, নিতাগোপাল, মনোমোহন প্রভৃতি ঠাকুরের ভক্তগণ ভগবৎ-নাম-কীর্তন শুনিতে শুনিতে বাছজ্ঞান হারাইয়া কেমন মৃতপ্রায় ভৃতলশারী হইয়া থাকেন। তাঁহার হঃথ হইত বে, তিনি এইরূপ উচ্চ আধ্যাত্মিক আনন্দ সজ্যোগে বঞ্চিত আছেন। অতএব একদিন ঠাকুরের নিকট এই অভৃপ্তির কথা নিবেদন করিয়া ঐরূপ ভাবসমাধির জন্ত প্রার্থনা জানাইলেন। প্রত্যুত্তরে ঠাকুর স্বেহমাথা দৃষ্টিতে তাঁহাকে দেখিতে দেখিতে বলিলেন, "তৃই এমন উতলা হচ্ছিস কেন রে? এতে কি বায় আসে? সারের দীঘিতে হাতী নামলে টের পাওরা বায় না, কিন্তু ভোবাতে নামলে ভোলপাড় হয়ে বায়, আর পাড়ের উপর জন্ম উপলেছ পড়ে।" ('কথামৃত', ১৷১৩৷১)। তিনি আরও পরিকার করিয়া ব্রাইরা দিরাছিলেন বে, এইসব ভক্তরা ক্ত্রু ভোবার সদৃশ, সকীর্ণ আধার। ইহাদের মধ্যে একটু ভগবন্তজ্বির আবেশ হইলেই ইহাদের স্ক্রের ভোবার

তুফান উঠে, কিন্তু নরেন্দ্র হইতেছেন সাম্বের দীঘি, তাই অবত সহজে বিহলস হন না।

জগদদার নির্দেশে এবং স্বীয় পরীকালক অভিজ্ঞতার ফলে শ্রীশ্রীঠাকুর নরেন্দ্রের উপর অশেষ বিশ্বাস রাখিতেন। ভগবন্তক্তির হানি হইবে বলিয়া অপর ভক্তদের আহার, বিহার, শয়ন, নিদ্রা, জ্বপ, ধ্যান ইত্যাদি সর্মবিষয়ে তীক্ষ্ণদৃষ্ট রাখিলেও তিনি নরেক্রকে সম্পূর্ণ স্বাধীনতা দিতেন; ভক্তদের সমক্ষে স্পষ্টই বলিতেন, "নরেন্দ্র ঐ নিয়মসকলের ব্যতিক্রম করিলেও তাহার কিছুমাত্র প্রত্যবায় হইবে না। নরেন্দ্র নিত্যসিদ্ধ, নরেন্দ্র ধ্যানসিদ্ধ, নরেন্দ্রের ভিতর জ্ঞানায়ি সর্বদা প্রজ্ঞলিত থাকিয়া সর্বপ্রকার আহার্যদোষকে ভশ্মভৃত করিয়া দিতেছে; সেজ্য় বেখানে-সেধানে বাহা-তাহা ভোজন করিলেও তাহার মনকশ্বিত বা বিক্ষিপ্ত হইবে না। জ্ঞানথঙ্গ সহায়ে সে মায়াময় সমন্ত বন্ধনকে নিত্য থণ্ড-বিথণ্ড করিয়া ফেলিতেছে। মহামায়া সেজ্য় তাহাকে কোন মতে নিজায়ত্ত আনিতে পারিতেছেন না।" ('লীলাপ্রসঙ্গ' ৫৷১২৭)।

সকাম বিষয়াসক্ত ভক্তেরা কথনও ঠাকুরকে মিছরি, পেন্ডা, বাদাম, কিসমিস প্রভৃতি থাজন্রবা উপহার দিয়া চলিয়া গেলে ঠাকুর উহা স্বয়ং গ্রহণ করিতেন না বা ভক্তদিগকেও দিতেন না—পাছে ভক্তির হানি হয়। তথন প্রশ্ন উঠিত, এ গুলির কি হইবে ় ঠাকুর বলিতেন "ধা নরেক্রকে ঐ সকল দিয়ে আয়, সে ঐ সকল থাইলেও তাহার কোন হানি হইবে না।" ('লীলাপ্রসক'

নরেন্দ্র হোটেলে খাইয়া আসিয়া ঠাকুরকে বলিলেন, "মহাশয়, আজ হোটেলে, সাধারণ যাহাকে অথাছা বলে, থাইয়া আসিয়াছি।" ঠাকুর বৃঝিলেন, নরেন্দ্র ইহা বাহাছরি প্রকাশের জন্ম বলেন নাই, বরং তাঁহাকে সতর্ক করিয়া দিতেছেন, যাহাতে ঘরের ঘটি-বাটি প্রভৃতি নরেন্দ্রকে ছুইতে দিতে যদি আপত্তি থাকে তবে তিনি যেন পূর্ব হইতেই সাবধান হইতে পারেন। ঠাকুর বৃঝিতে পারিয়া উত্তর দিলেন, "তোর তাহাতে দোষ লাগিবে না। শোর-গরু খাইয়া যদি কেহ ভগবানে মন রাথে, তাহা হইলে উহা হবিয়ায়ের তৃল্য; আর শাক্তণাতা থাইয়া যদি বিষয়্থ-বাসনায় তৃবিয়া থাকে, তাহা হইলে উহা শোর-গরু খাওয়া অপেকা কোন আংশে বড় নহে। তুই অথাছা থাইয়াছিল; তাহাতে আমার কিছুই মনে হইতেছে না। কিন্তু ইহাদিগের (স্বর্থাৎ সম্বৃথক্ত ভক্তদের)

কেহ যদি আসিয়া ঐ কথা বলিত, তাহা হইলে তাহাকে স্পর্ণ পর্যন্ত করিতে পারিতাম না।" (ঐ)।

শ্রীরামরুক্ষ নরেন্দ্রনাথকে পরীক্ষা করিতেন, বিশ্বাস করিতেন, ভাল-বাসিতেন, ভালবাসিয়া অধ্যাত্ম-জীবনপথে স্থপরিচালিত করিতেন। সে নিয়মনরীতি ছিল শ্রশ্রীঠাকুরের নিজম্ব এবং ম্লেহপরিষিক্ত; অনেক ক্ষেত্রে উহা আবার রক্ষরসের রূপও ধারণ করিত। কয়েকটি দৃষ্টান্ত দিলেই বিষয়টি স্থায়ক্ষম হুইবে।

নরেন্দ্র একবার শ্রীরামক্ষের নিকট কোন কোন ভক্তদের বিশাসকে অন্ধবিশাস বলিয়া নিন্দা করিলে তিনি বলিয়াছিলেন, "বিশাসের আবার আন্ধ কিরে? বিশাসমাত্রই তো আন্ধ। বিশাসের কি আবার চোথ আছে নাকি? হয় বল শুধু 'বিখাস' না হয় বল 'জ্ঞান'। তা না হয়ে আবার 'আন্ধবিশাস', 'চোথগুয়ালা বিশাস'—এ কিরকম ?"

প্রথম প্রথম নরেন্দ্রনাথ কালী ক্লফ ইত্যাদি দেবদেবী মানিতেন না: আবার অবৈতমতও স্বীকার করিতেন না। "সবই ব্রহ্ম" এই কথা শুনিয়া তিনি ঠাট্টা করিয়া বলিয়াছিলেন, "হাা, তাও কি কখন হয় ? তাহলে ঘটিটাও ক্রহ্ম বাটিটাও !" সগুণ-নিরাকার-ত্রন্ধোপাসক নরেক্ত জীবত্রন্ধের অভেদ স্বীকারে কুষ্ঠিত হইতেন; বলিতেন, "ইহাতে আৰু নান্তিকতাতে তফাত কি? সষ্ট জীব আপনাকে ভ্ৰষ্টা বলিয়া ভাবিবে, ইহা অপেকা অধিক পাপ আর কি হইতে পারে ? এছকর্তা ঋষি-মুনিদের নিশ্চয় মাথাখারাপ হইয়াছিল ; নতুবা এমন সকল কথা লিখিলেন কিরপে?" স্পষ্টবাদী নরেন্দ্রের স্বরূপের প্রতি নিবন্ধদৃষ্টি ঠাকুর এরপ বিসদৃশ সমালোচনাতেও বিচলিড না হইয়া তথু হাসিতেন এবং উপযুক্ত শিক্সের স্বাধীন চিন্তাধারাকে বলপুর্বক পরিবর্তিভ না করিয়া যুক্তিপূর্ণ মৃত্র প্রতিবাদের স্থরে বলিতেন, "তা তুই ঐ কথা এখন नारे वा निनि ; जारामध मूनि अविराय निमा ध नेश्वतत्र वद्भाशत रेजि कतिन কেন ? তুই সতাম্বরূপ ভগবানকে ভাকিয়া য়া; তারপর তিনি তোর নিকটে বেভাবে প্রকাশিত হইবেন, ভাছাই বিশ্বাস করিবি।" নরেক্সের স্বাপত্তি সন্তেও শ্ৰীরামকৃষ্ণ তাঁচাকে উত্তম অধিকারী জানিয়া অবৈততত্ত্ব গুনাইতেন এবং দক্ষিণেররে আসিলে 'অষ্টাবক্রসংহিতা'দি অবৈতগ্রন্থ পাঠ করিতে দিতেন। এই প্রক্রিয়াবলম্বনে নরেক্সের মতপরিবর্তন ঘটিতে অনেক মিন লাগিয়াচিল।

ইতিমধ্যে দীর্থকাল ধরিরা তিনি বন্ধুবান্ধবদের মহলে অবৈতবাদের বিক্লছে তুমূল সমালোচনায় মাতিয়া উঠিয়াছিলেন। তবু ঠাকুরের ধৈর্যচুতি হয় নাই বা ঐ প্রচেষ্টাও মন্দীভূত হয় নাই। একদিনের ঘটনা কিন্তু অক্সরূপ দাঁড়াইল।

এইসব বিষয়ে কালীবাটী নিবাসী প্রতাপচন্দ্র হাজরা মহাশয় নরেক্রের সহিত সহমত ছিলেন। হাজরা মহাশয়ের সাংসারিক অবস্থা বচ্ছল ছিল্না; এইজন্ত তাঁহার মনে ধর্মলাভের উচ্চাকাজ্ফা থাকিলেও উহা দাংদারিক উন্নতিকামনার সহিত মিশ্রিত হইয়া তাঁহার চরিত্রকে এক জটিল রূপ প্রদান করিত। তিনি मिक्तिरायात थाकिया माधनानित्रक इहेरलक मिक्राईमारख्य बादा व्यर्थाखिमाय মিটাইবার আশাও পোষণ করিতেন। আবার সমাগত শ্রীরামক্ষামুরাগী ভক্তদিগকে বুঝাইতে চাহিতেন তিনিও একটা কম সাধু নহেন। হাজরাকে ঠাকুর ভালরপেই চিনিভেন; তাই যুবক ভক্তদিগকে সাবধান করিয়া দিভেন। "হাজ্বরা শালার ভারী পাটোয়ারী বৃদ্ধি; ওর কথা ভনিসনি।" তবু হাজ্বরার সহিত নরেক্রের বেশ বন্ধুত্ব ছিল—তামাকু-সেবনের জন্তও বটে, এবং হাজরা মহাশয়ের সহসা কোন কথা না মানিয়া উহার বিশ্বকে তর্কযুক্তি খাড়া করার উপযুক্ত বৃদ্ধিমন্তার জম্মও বটে। উভয়ের ঐরপ ভাব দেখিয়া ঠাকুর বলিতেন, "হাজরা মহাশয় হচ্ছেন নরেক্রের ফেরেও (বয়ু)।" নরেক্র দক্ষিণেশরে শাসিলে আনন্দের তৃফান ছুটিত। নরেন্দ্র গানের পর গান গাহিয়া যাইতেন। ঠাকুর সে পবিত্র স্থমধুর কঠে অধ্যাত্মতত্ব ভনিয়া সমাধিস্থ হইতেন; আবার অর্ধবাছদশাপ্রাপ্ত হইয়া কোন একগানি বিশেষ গান ওনিতে চাহিতেন। সর্বশের্যে নরেক্রের মুধে ভক্তিমূলক বা আত্মসমর্পণস্থচক "তুরাসে ছামনে দিলকো লাগায়া, যো কুছ হায় সো তুঁহী হায়" ইত্যাদি কিংবা এক্লপ কোন গান না ভনিলে তাঁহার তৃপ্তি হইত না। পরে অবৈতবাদের নিগৃঢ় তব্ব সম্বন্ধেও ঠাকুর অনেক উপদেশ দিতেন; নরেক্ত শুনিয়া বাইতেন, কিন্তু হুদয়খম হইত না।

একদিন ঐক্লপ উপদেশের পর হাজরার নিকট বসিয়া তামাকৃ-সেবন করিতে করিতে নরেন্দ্র বলিতে লাগিলেন, "উহা কি কখন হইতে পারে ? বটিটা ঈশর, বাটিটা ঈশর, বাহা কিছু দেখিতেছি এবং আমরা সকলেও ঈশর !" হাজরাও সেই বাজালাপে বোগ দেওয়ার উভরের মধ্যে হাস্তের রোল উঠিল। ঠাকুর তথনও অর্থবাঞ্চলশায়। নরেন্দ্রের হাস্তে আকৃষ্ট হইয়া তিনি পরিধানের বস্ত্রখানি বগলে লইয়া বাহিরে আসিলেন এবং "তোরা কি বলছিল রে ?" বলিয়া হাসিতে হাসিতে নিকটে আসিয়া নরেন্দ্রকে স্পর্শ করিয়া সমাধিস্থ হইলেন। অতঃপর কি ঘটিল তাহা আমরা নরেন্দ্রনাথের মুখেই শুনিব:

"ঠাকুরের ঐদিনকার অন্তত স্পর্শে মুহুর্তের মধ্যে ভাবান্তর উপস্থিত হইল ৮ ভঞ্জিত হইয়া সত্যসত্যই দেখিতে লাগিলাম, ঈশবভিন্ন বিশবন্ধাণ্ডে অন্ত কিছুই আর নাই। এরপ দেখিয়াও কিন্তু নীরব রহিলাম, ভাবিলাম-দেখি কডকণ পর্যন্ত ঐ ভাব থাকে। কিছু সেই ঘোর সেদিন কিছুমাত্র কমিল না। বাচীতে **क्वितिनाम, त्रथात्म छाराहे—यारा किंद्र त्रथिए नाशिनाम, त्रमकन छिति,** এইরপ বোধ হইতে লাগিল। খাইতে বদিলাম, দেখি, অল, খাল, খিনি পরিবেশন করিতেছেন, সেসকলই এবং আমি নিজেও তিনি ভিন্ন অন্ত কেহ নছে। তুই এক গ্রাস খাইয়াই স্থির হইয়া বসিয়া রহিলাম। 'বসে আছিস কেনরে १-থা না'-মার একপ কথায় ছ'ল হওয়ায় আবার থাইতে আরম্ভ করিলাম। এইরপে খাইতে, শুইতে, কলেজে ঘাইতে, দকল দময়েই ঐরপ দেখিতে লাগিলাম এবং সর্বদা কেমন একটা ঘোরে আছের হইয়া রহিলাম। রান্তায় চলিয়াছি, গাড়ী আদিতেছে দেখিতেছি, কিছু অন্ত সময়ের ক্যায় উহা ঘাড়ে স্মাসিয়া পড়িবার ভয়ে সরিবার প্রবৃত্তি হইত না। মনে হইত, উহাও যাহা, আমিও তাহাই। হন্তপদ এই সময়ে সর্বদা অসাড় হইয়া থাকিত এবং আহার করিয়া কিছুমাত্র তৃপ্তি হইত না; মনে হইত বেন অপর কেহ খাইতেছে। খাইতে খাইতে সময়ে সময়ে শুইয়া পড়িতাম এবং কিছুক্ষণ পরে উঠিয়া আবার খাইতে থাকিতাম। এক একদিন ঐরপে অনেক অধিক খাইয়া ফেলিতাম। কিছু তাহার জন্তু কোনরপ অস্থবও হইত না। মা ভয় পাইয়া বলিতেন. 'তোর দেখছি ভিতরে ভিতরে একটা বিষম অমুধ হয়েছে'; কখন কখনও বলিজেন 'ও আর বাচবে না।' বধন পূর্বোক্ত আছের ভাবটা একটু কমিয়া বাইড, তথন জগংটাকে স্বপ্ন বলিয়া মনে হইত। হেছয়া পুছরিণীর ধাবে বেড়াইতে বাইরা উহার চতুম্পার্থে লৌহরেলে মাথা ঠুকিয়া দেখিতাম, বাহা দেখিতেছি ভাহা-चरश्चत (तन, चथवा मछाकांत्र। इत्तराहत चमात्रजात चन्न मत्न हरेछ, পক্ষাঘাত হইবে না তো? ঐক্সপে কিছুকাল পর্যন্ত ঐ বিষম ভাবের ঘোর ও আচ্ছরতার হত্ত হইতে পরিত্রাণ পাই নাই। বধন প্রকৃতিত হইলাম, তবন ভাবিলাম, উহাই অবৈতবিজ্ঞানের লাভান। তবে তো শাল্পে ঐ বিবৰে বাহা

লেখা আছে, তাহা মিথ্যা নছে। তদবধি অবৈততত্ত্বের উপর আর কথনও সন্দিহান হইতে পারি নাই।" ('লীলাপ্রসঙ্গ', ৫।১৩৮-৪০)।

নরেক্রনাথ এখন সত্যই অন্নতব করিতেছিলেন যে, জ্রীরামক্রফের সংস্পর্শে আসিয়া তাঁহার ও অপর অনেকের জীবনধারা ক্রমেই পরিবর্তিত হইতেছে এবং তাঁহারা ক্রমেই সত্যলাভের নিকটবর্তী হইতেছেন। ১৮৮৪ খুটান্দের শীতকালে ত্বই প্রহরের কিছু পূর্বে জ্রীযুক্ত শরৎ ও শশী (স্বামী সারদানন্দ ও স্বামী রামক্রফানন্দ) নরেক্রভবনে উপস্থিত হইলে তিনি তাঁহাদিগকে প্রকাশ্যে এই সব কথা বলিয়াছিলেন এবং নিজ অন্নত্তিরও সাক্ষ্য দিয়াছিলেন। অনেকক্ষণ এইভাবে জ্রীরামক্রফের মহিমা কীর্তনের পর তিনি সন্ধ্যাকালে তাঁহাদিগকে লইয়া হেহয়ায় বেড়াইতে গেলেন এবং কিল্ববিনিন্দিত কর্চে গান ধরিলেন:

প্রেমধন বিলায় গোরা রায় !

চাঁদ নিতাই ডাকে আয় আয় !

(তোরা কে নিবি রে আয় !)

প্রেম কলসে কলসে ঢালে তবু না ফুরায় !

প্রেমে শাস্তিপুর ডুব্ডুব্, নদে ডেসে য়য় ।

(গৌরপ্রেমের হিলোলেতে) নদে ডেসে যায় ॥

গীত সাদ হইলে নরেন্দ্র বলিতে লাগিলেন, "সত্যসত্যই বিলাইতেছেন! প্রেম বল, ভক্তি বল, জান বল, মৃক্তি বল, গোরা রায় বাহাকে ইচ্ছা তাহাকে তাহাই বিলাইতেছেন। কি অভ্ত শক্তি!" কিছুক্ষণ দ্বির হইয়া থাকিয়া আবার বলিলেন, "রাত্রে ঘরে খিল দিয়া বিছানায় শুইয়া আছি, সহসা আকর্ষণ করিয়া দক্ষিণেখরে হাজির করাইলেন—শরীরের ভিতরে যেটা আছে, সেইটাকে; পরে কত কথা, কত উপদেশের পর প্নরায় ফিরিতে দিলেন। সব করিতে পারেন—দক্ষিণেখরের গোরা রায় সব করিতে পারেন—।"

এইভাবে আলাপপ্রসঞ্চে রাজি নয়টা বাজিয়া গেল। তথন নরেন্দ্র বলিলেন, "চল ভোমাদিগকে কিছুদ্র অগ্রসর করিয়া দিয়া আলি।" স্বগৃহের নিকটে পৌছিয়া শরৎচন্দ্রের মনে হইল, এত রাজে নরেন্দ্রকে জলযোগ না করাইয়া য়াইতে দেওয়া চলে না। অভএব সকলে বাটীতে প্রবেশ করিলেন। ভিতরে আলিয়াই নরেন্দ্র সহসা বলিয়া উঠিলেন, "এ বাড়ী বে আমি ইভিপুর্বে দেখিয়াছি। ইহার কোথা দিয়া কোথায় য়াইতে হয়, কোথায় কোন মর আছে, সে

সকলই বে আমার পরিচিত—আশ্চর্য !" নরেজ্রজীবনের এইরপ ঘটনার উল্লেখ আমরা পূর্বেও করিয়াছি। যাহা হউক, জনবোগের পর শরৎ ও শনী বেড়াইতে বেড়াইতে নরেজ্রকে তাঁহার বাটা পর্বন্ত পৌছাইয়া দিয়া আসিলেন। ('লীলাপ্রসন্ধ' ৫।১৪০-৪২)।

মৃতিপুঞ্জা সম্বন্ধেও নরেক্রের মত এক অতি বিবাদময় অভিজ্ঞতা অবলম্বন পরিবর্তিত হইয়াছিল। সে কথা আমরা পরে বলিব। ইতিমধ্যে নরেন্দ্র স্বীয় বিক্লম্ব মনোভাব স্পষ্ট বাক্ত করিতেন এবং শ্রীরামক্রফ সেদব শুনিয়াও ভবিয়াতের অপেক্ষায় ধৈৰ্য ধরিয়া থাকিতেন, স্থলবিশেষে একটু মৃত্ব আপত্তি জানাইতেন भाख। ठाकुरत्रत कर्मननारख्त भूरवेरे बाक्षमभारक नाम निशारेश नरत्रस्ताथ সাকারোপাসনা ত্যাগ করিয়াছিলেন, যদিও আফুষ্ঠানিক ব্রাহ্ম হইয়া সমাজের সর্বপ্রকার সামাজিক রীতি-নীতি মানিয়া লইবার জন্ম তথনও তাঁহার মন প্রস্তুত हम नाहे। श्रीपुक दाथान (यामी उम्मानन) भूव हहेट उठ ठाहाद महिछ পরিচিত ছিলেন; তাঁহারই আকর্ষণে তিনিও ঐ নিরাকারোপাসনার অদীকারপত্র সহি করিয়াছিলেন। অতঃপর প্রথমে রাখালচক্র ও কয়েক মাস পরে নরেন্দ্রনাথ দক্ষিণেশ্বরে যথন যাতায়াত আরম্ভ করিলেন, তথন নরেক্ত একদিন দেখিতে পাইলেন, রাধালচন্দ্র শ্রীরামক্লফের সহিত মন্দিরে যাইয়া দেববিগ্রহ সকলকে প্রণাম করিতেছেন। ইহাতে কুন্ন হইয়া রাথালচন্দ্রকে সাবধান করিবার উদ্দেশ্তে নরেন্দ্র তাঁহাকে বলিলেন, "আহ্মসমাজের অঙ্গীকারপত্তে সহি করিয়া পুনরায় মন্দিরে বাইয়া প্রণাম করার ভোমাকে মিথাাচারে দূবিত হইতে হইয়াছে।" রাখাল নীরব রহিলেন, কিন্তু তদবধি কিছুকাল নরেন্দ্রের সহিত দেখা করিতে ভীত ও সম্বৃচিত হইতেন। পরে ঠাকুর ঐসব স্বানিতে পারিয়া নরেক্সকে विनातन, "(मथ, त्राथानाक चात्र किছू विनानि; त्र छात्क (मथानरे छात्र জভদভ হয়। তার এখন সাকারে বিশাস হয়েছে; তা কি করবে বল ? সকলে কি প্রথম হইতে নিরাকার ধারণা করতে পারে?" নরেজও তদবধি রাখালের প্রতি আর দোষারোপ করিতেন না।

ঠাকুর নিজে নরেন্দ্রকে দেবতাদিতে বিশাসের কথা তে। বলিতেনই, আবার ভক্তদের সহিত তাঁহার তর্ক বাধাইয়া দিয়া ভক্তি বিশাস প্রভৃতি স্থকোমল ভাবরাশি বাহাতে তাঁহার চিত্তে দৃঢ়ান্বিত হইরা বায়, তন্বিবরে সর্বদা সচেষ্ট থাকিতেন। নরেন্দ্রের দক্ষিণেখরে আসার করেক সপ্তাহ পরে (২৬শে কেব্রুয়ারি, ১৮৮২) 'কথায়ত'-প্রণেতা শ্রীম বা মাস্টার মহাশয় দক্ষিণেশরে শ্রীশ্রীঠাকুরের পুণ্যদর্শনলাভে ধন্ত হন। তথন তিনি বরাহনগরে অবস্থান করিতেছিলেন বলিয়া কয়েকবার উপর্পরি কালীমন্দিরে আসেন। নরেক্রনাথও ঐ
সময়ে একদিবস দক্ষিণেশরে রাজিয়াপন করেন। তিনি পঞ্চবটীতলে কিছুক্ষণ
দ্বির হইয়া বিসিয়া আছেন, এমন সময় ঠাকুর সহসা আসিয়া তাঁহার হস্তধারণপূর্বক
সহাস্তে বলিলেন, "আজ তোর বিভাবুদ্ধি ব্ঝা য়াবে। তুই তো মোটে আড়াইটে
পাস করেছিস; আজ সাড়ে তিনটে পাস করা মাস্টার এসেছে।" চল, তার
সক্ষে কথা কইবি।" অগত্যা নরেক্রকে মাস্টার মহাশয়ের নিকট বাইয়া পরিচয়
ও আলাপ-আলোচনা আরম্ভ করিতে হইল। এইভাবে তাঁহাদিগকে কথা
কহিতে লাগাইয়া ঠাকুর নীরবে বসিয়া বার্তালাপ শুনিতে ও তাঁহাদিগকে কথা
কহিতে গাকিলেন। পরে মাস্টার মহাশয় চলিয়া গেলে বলিলেন, "পাস করলে
কি হয় ৽ মাস্টারটার মাদীভাব, কথা কইতেই পারে না।" এই ঘটনার উল্লেখ
করিয়া নরেক্রনাথ বলিয়াছিলেন, "ঠাকুর ঐরপে আমাকে সকলের সহিত তর্কে
লাগাইয়া দিয়া তথন রক্ব দেখিতেন।" ('লীলাপ্রসক', ৫।১৩০-৩১)।

কেদারনাথ চট্টোপাধ্যায় মহাশয় পূর্ববঙ্গের কর্মস্থল হইতে আসিয়া মাঝে মাঝে শ্রীপ্রীঠাক্রের দর্শনলাভ করিতেন। ঠাকুর তাঁহার ভাবভক্তির প্রশংসা করিতেন। নিজের ভাবে যুক্তি তর্ক উপস্থিত করিয়া বা ব্যঙ্গাক্তি করিয়া তিনি প্রতিবাদীকে নিরস্ত করিতে পারিতেন। একদিন তিনি আসিলে ঠাকুর তাঁহার সহিত নরেস্রের তর্ক লাগাইয়া দিলেন। নরেস্রের তীক্ষ বৃদ্ধির নিকট ক্সি কেদার সেদিন হার মানিতে বাধ্য হইলেন। তারপর কেদার বিদায়গ্রহণ করিলে ঠাকুর নরেক্রকে জিজ্ঞাসা করিলেন, "কিরে, কেমন দেখলি? কেমন ভক্তি বল দেখি! ভগবানের নামে একেবারে কেঁদে ফেলে! হরি বলতে বার চোথে ধারা বয়, সে জীবমুক্ত। কেদারটি বেশ—নয় ?" এদিকে তেজন্মী নরেক্র পূক্ষবের পক্ষে নারীস্থলভ ভাব অবলম্বনকে অস্তরের সহিত ম্বণা করিতেন। স্থতরাং ঠাকুরের কথা সম্পূর্ণ অমুমোদন করিতে না পারিয়া তিনি বলিলেন, "তা মহাশয়, আমি কেমন করিয়া জানিব ? আপনি ব্রেন, স্পাপনি বলিতে

 [।] নরেক্র প্রবেশিকা ও এক এ. পাস করিয়া বি. এ. পড়িতেছিলেন । আর মান্টার মহাশয়
 বি. এ. পাস করিয়া বি. এল. পড়িতেছিলেন ।

পারেন। নত্বা কারাকাটি দেখিরা ভালমন্দ কিছুই বুঝা বার না। একদৃষ্টে চাহিরা থাকিলে চোখ দিরা অমন কত জল পড়ে। আবার এমতীর বিরহ্দ্দক কীর্তনাদি শুনিরা বাহারা কাঁদে তাহাদের অধিকাংশ নিজ নিজ স্ত্রীর সহিত বিরহের কথা অরণ বা আপনাতে ঐ অবস্থার আরোপ করিয়া কাঁদে, তাহাতে সন্দেহ নাই। ঐরপ অবস্থার সহিত সম্পূর্ণ অপরিচিত আমার স্থায় ব্যক্তিগণের মাণ্র কীর্তন শুনিলেও অত্যের গ্রায় সহজে কাঁদিবার প্রবৃত্তি কথনই আসিবে না।"

গিরিশচন্দ্র, হীরানন্দ, গোপালের মা প্রভৃতির সহিত এই জাতীয় বিচারের কথা 'লীলাপ্রসঙ্গ ও 'কথামুতের' পাঠকগণ অবগত আছেন। আমরা 'কথামুতে' (৩০১৫) উল্লিখিত শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষের সহিত একটি বিচারের সারমর্ম নমুনা স্বন্ধপে উল্লেখ করিতেছি। সেদিন অবতারবাদ সম্বন্ধে কথা চলিতেছিল। নরেক্র বলিলেন, "প্রমাণ না হলে কেমন করে বিখাদ করি যে, ঈশর মাতুষ হয়ে আদেন ?" গিরিশ উত্তর দিলেন, "বিশাসই যথেষ্ট প্রমাণ। এ জিনিসটা এখানে আছে, ইহার প্রমাণ কি? বিশাসই প্রমাণ।" একজন ভক্ত বলিলেন, "বাইরের জগৎ বাইরে আছে, দার্শনিকরা কেউ প্রমাণ করতে পেরেছে ? তবে বলছে, অনিবাৰ্য বিশাস।" গিরিশ বলিলেন, "ভোমার সমূথে এলেও ভো বিশাস করবে না। হয়তো বলবে, ও বলছে, 'আমি ঈশব, মান্তব হয়ে এসেছি'. ও মিধ্যাবাদী, ভগু।" তারপর কথা উঠিল, দেবতারা অমর কিনা। নরেন্দ্র আবার বলিলেন, "তার প্রমাণ কই 🖓 গিরিশ বলিলেন, "তোমার সামনে এলেও ভো বিশ্বাস করবে না।" নরেন্দ্র বলিলেন, "অমর—অভীত মুগেও ছিল —প্রমাণ চাই।" পন্টু চুপিচুপি মণির কথা ভনিয়া সহাত্তে নরেক্রকে বলিলেন, "অনাদি কি দরকার? অমর হতে গেলে অনন্ত হওয়া দরকার।" এীরামঞ্চঞ সহাস্তে বলিলেন, "নরেক্স উকিলের ছেলে, পণ্ট্র ডেপুটির ছেলে।" সকলে চুপ করিয়া আছেন। একটু পরে যোগীন বলিলেন, "নরেন্দ্রের কথা ইনি (ঠাকুর) भात नन ना। " ठाकूत এই कथात अञ्चामहत्त्व कण नरतरस्वत हामहिकारक চাতক বলিয়া ভ্রম করার গল্পটি সকলকে ওনাইলেন, আর বলিলেন, "সেই (थरक खत्र कथा चात्र नहें ना।" चारात्र रामालन, "वह मझिरकत्र राभारन नरतन्त्र दलाल, जुमि जेनरत्रद क्रथ-हेथ या स्थ्य, ६ मरनद जुल। ज्यस व्यवाक हरत अटक वननाम 'कथा कम रव रत !' नरतक वनरन, 'अ समन हम।' ज्यन मान

কাছে এসে কাঁদতে লাগলাম। বললাম, 'মা, একি হলো? এসব কি মিছে? নরেন্দ্র এমন কথা বললে!' তথন দেখিয়ে দিলে, চৈতন্ত, অথও চৈতন্ত, চৈতন্ত্রময় রূপ। আর বললে, 'এ সব কথা মেলে কেমন করে, যদি মিখ্যা হবে?' তথন বলেছিলাম, 'শালা, তুই আমায় অবিশাস করে দিছলি! তুই আর আসিদ নাই।"

আবার বিচার শুরু হইল। নরেন্দ্র শাস্ত্র মানেন না। কিন্তু সঙ্গে বলিলেন, "তা বলে এসব (শাস্ত্রোক্ত বিষয়) নাই বলছি না। বুঝতে পারছি না, বুঝিয়ে দাও।" তর্ক চলিতেই লাগিল। অবশেষে ঠাকুর বলিলেন, "শাস্ত্রের ত্ই রকম অর্থ—শব্দার্থ ও মর্মার্থ। মর্মার্থ টুকু নিতে হয়—হে অর্থ টুকু ঈশ্বরের বাণীর সঙ্গে মিলে। চিঠির কথা, আর যে ব্যক্তি চিঠি লিখেছে, তার ম্থের কথা অনেক তফাত। শাস্ত্র হচ্ছে চিঠির কথা; ঈশ্বরের বাণী ম্থের কথা। আমি মার ম্থের কথার সঙ্গে না মিললে কিছু লই না।"

मभव्यविद्यास विठादत त्यांग निवा ठोक्त कित्रत्य नदत्रत्वत ठिळांथात्रात्क পরিচালিত করিতেন, তাহার একটি হৃন্দর দৃষ্টাম্ব 'কথামূতে' (১৷১৪৷৭-৮) পাই। ১৮৮৫ খুষ্টাব্দের ১১ই মার্চ শ্রীরামকৃষ্ণ ইচ্ছাপ্রকাশ করিলেন, গিরিশ ও নরেক্র যাহাতে ইংরেজীতে বিচার করেন। বিচার আরম্ভ হইল; কিন্তু हैरातबी एक नाहर, तक्रकाशाया नात्रक विनातन, "क्रेयत व्यनस्य, कांद्रक धात्रणा করা আমাদের সাধ্য কি ? তিনি সকলের ভিতরেই আছেন, ভগু একজনের (অর্থাৎ অবতারের) ভিতর এসেছেন, এমন নয়।" শ্রীরামকৃষ্ণ সংশোধনকল্পে সম্মেহে বলিলেন, "ওর যা মত, আমারও তাই মত। তিনি সর্বত্ত আছেন। তবে একটা কথা আছে—শক্তিবিশেষ; তিনি কোনখানে অবিভাশক্তির প্রকাশ, কোনখানে বিভাশক্তির। কোন আধারে শক্তি বেশী, কোনো আধারে শক্তি কম। তাই সব মাতুষ সমান নয়।" এীযুক্ত রামচক্র দত্ত সেধানে ছিলেন। তিনি ভক্ত, তাই বলিয়া উঠিলেন, "এসব মিছে তর্কে কি হবে ?" ঠাকুর সায় না দিয়া বিরক্তভাবে বলিলেন, "না না, ওর একটা মানে আছে।" অতএব তর্ক পূর্ববং চলিতে লাগিল। গিরিশ প্রশ্ন করিলেন, "তুমি কেমন করে জানলে তিনি দেহধারণ করে আসেন না ?" নরেজনাথ এই প্রশ্নের উত্তরচ্ছলে বলিলেন, "তিনি অবাঙ্মনসোগোচরম।" ঠাকুর আবার সংশোধন করিলেন, "না, তিনি ভব মনের গোচর। ভব মন, ভব আত্মা একই। ঋষিরা ভব মন, ভব আত্মার ছারা শুদ্ধ আত্মাকে সাক্ষাংকার করেছিলেন।" গিরিশ আবার বলিলেন, "মানুষকে জ্ঞানভক্তি দেবার জন্ম তিনি দেহধারণ করে আদেন; না হলে কে निका (मृत्य ?" नरतक महरक উखत मिलन, "(कन ? **डिनि अ**खरत १५८क বৃঝিয়ে দেবেন।" ঠাকুর অহুমোদন করিয়া বলিলেন, "হা হা, অন্তর্গামিরপে তিনি বুঝাবেন।" কিন্তু তর্ক ক্রমে ঘোরতর হইতে লাগিল; হামিন্টন, হার্বাট স্পেন্দার, টিওল, হাক্দ্লী প্রভৃতির মত উদ্ধৃত হইতে লাগিল। তথন ঠাকুর মাস্টার মহাশয়কে বলিলেন, "দেখ, ইগুলো আমার ভাল লাগছে না। আমি সব তাই দেখছি। বিচার আর কি করবো? দেখছি তিনিই সব। তিনিই সব হয়েছেন—তাও বটে; আবার তাও বটে। এক অবস্থায় অথতে মনবৃদ্ধি হারা হয়ে যায়। ... আবার তুথাক না নামলে কথা কইতে পারি না। বেনান্ত— শহর যা বুঝিয়েছে—তাও আছে; আবার রামান্তজের বিশিষ্টাবৈতবাদও আছে। আমি দেখছি, তিনিই সব হয়েছেন—তিনিই জীব, জগং ও ঈশব হয়েছেন।… আমি তাই দেখছি সাক্ষাৎ; আর কি বিচার করব ? দেখেছি, বিচার করে একরকম জানা যায়, তাঁকে ধ্যান করে একরকম জানা যায় আবার তিনি যথন দেখিয়ে দেন—দে এক। এর নাম অবতার। তিনি যাদ তাঁর মান্তবলাল। দেখিয়ে দেন, তাহলে আর বিচার করতে হয় না; কারুকে বুঝিয়ে দিতে হয় না।"

এইরপ কত বিচারই চলিত! ঠাকুর কথনও উদাসীন শ্রোতারূপে বিসিয়া থাকিতেন; কথনও নিজ সিদ্ধান্ত জানাইতেন, কথনও বিরক্তি প্রকাশ করিয়া বিচার বন্ধ করিতেন; কথনও বা অন্তভাবে রুখা তর্কের মোড ফিরাইয়া দিতেন। আর সব সময়েই এই কথা শ্ররণ করাইয়া দিতেন যে, প্রতাশাকভৃতিই হইল একমাত্র জিনিস। হাদয়ে যখন অন্তভ্তি জাগে তখন সব বিচারের অবসান হয়, ভগবং-সাক্ষাংকার হাদয়েই উদ্ভাসিত হয়। একদিন নরেক্র ও ভক্তদের মধ্যে তুম্ল বিচার চলিতেছে—ভগবান সভ্তণ না নিভূণ; ভগবান অবতার গ্রহণ করেন কিংবা উহা পৌরাণিক কাহিনী মাত্র ? চুলচেরা বিচার চলিয়াছে শাল্পের কথা লইয়া, এবং অবশেষে নরেক্রেরই জয় হইয়াছে তিনি আর সমস্থ যুক্তিকে নতাং করিয়া দিয়াছেন। এমন সময় শ্রীরামক্রক্ষ তাহাদের নিকট আগিলেন এবং তাহারা ভনিলেন, তিনি গাহিতেছেন:

মন কর কি ভন্ধ তাঁরে, যেন উন্মন্ত আঁধার ঘরে ? সে বে ভাবের বিষয়, ভাব ব্যতীত অভাবে কি ধরতে পারে ? অথ্যে শনী বনীভূত কর তব শক্তিনারে।
ওরে কোঠার ভিতর চোর কুঠুরী ভোর হলে সে লুকাবে রে !
বড়দর্শনে না পায় দরশন, আগম নিগম তন্ত্রনারে।
সে যে ভক্তিরসের রসিক, সদানন্দে বিরাক্ত করে পুরে॥
সে ভাব লাগি পরম যোগী যোগ করে যুগ্যুগাস্তরে।
হলে ভাবের উদয় লয় সে যেমন লোহারে চুম্বক ধরে।
প্রাদা বলে মাতৃভাবে আমি তত্ত্ব করি যারে,
সেটা চাভরে কি ভাকবো হাঁডি বোঝনারে মন ঠারে ঠোবে॥

অমনি তার্কিকগণ এক অপুর্বভাবে বিভোর হইয়া সেই স্থাময় কঠের মনোম্থা-কারী সঙ্গীত প্রবণ করিতে লাগিলেন—এই তো তাঁহাদের সমস্ত বিবাদের নিম্পত্তি! বস্তুত: ঠাকুর নিজ অহুভূতির স্তুর হইতেই কথা কহিতেন, এবং ইচ্ছামত সে অহুভূতি অপরের মনে অমুসংক্রামিত করিতে পারিতেন।

নরেন্দ্রনাথকে তিনি অলক্ষ্যে ও অপ্রত্যক্ষভাবে সাহায্য করিলেও সাধারণত: আপনভাবেই ধর্মজগতে অগ্রসর হইতে দিতেন। এই সমস্ত বিচারাদিকে তিনি অধ্যাত্মক্ষেত্রে স্বীয় ধারণা পরিষ্কার করার উপায় ও বললাভের একপ্রকার ব্যায়াম বলিয়াই মনে করিতেন—সাধনাদ্বারাই তো সিদ্ধিলাভ হইবে। তিনি নরেন্দ্রকে বলিতেন, "আমি বলেছি বলেই কিছু মেনে নিবি না, কিছু নিজে সব যাচাই করে নিবি। মানলে বা না মানলেই তো আর বস্তুলাভ হবে না, কিছু সাক্ষাং অস্কুভ্তি করলে তবেই হবে।"

নরেক্সনাথকে ঠাকুর প্রথম হইতেই চিনিয়াছিলেন। তিনি বলিতেন, "ও খাপ-খোলা তরোয়াল", "পুরুষের ভাব ওর ভেতর"; "ও অথণ্ডের ঘর"; "পপ্রধির একজন"; "নরনারায়ণের নরঞ্চ্যি"। ইহাকে দেখিবামাত্র ঠাকুর ব্রিয়াছিলেন, "এ নিতাসিজের থাক।" আরও বলিতেন. "এ ঘেদিন নিজেকে জানতে পারবে দেদিন আর দেহ রাখবে না।" নরেক্রের মায়ারাহিত্য সম্বজ্বে তাহার এত স্থিরনিশ্চয় ছিল এবং জগতে আবির্ভাবের উদ্দেশ্ত নির্বাহের পুর্বেই পাছে নরেক্র অ-স্বরূপে প্রত্যার্ত্ত হন এই বিষয়ে এতই ভাবনা ছিল বে. তিনি জগন্মাতার নিকট কাঁদিয়া প্রার্থনা করিয়াছিলেন, যাহাতে এক্রপ না হয়। ঘটনাটি এই—একদিন ঠাকুর ভক্তদিগকে বলিতেছিলেন, "দেখ, এই নরেন রয়েছে। দেখ দেখ, নরেনের কি জন্ত্যুক্তির ক্ষমতা—এ ঘন সীমাহীন জ্যোতির

সমৃত্র ! স্বয়ং মা মহামারা যেন ওর দশ ফুট দ্রের বেশী এগুতে পারেন না ।
মহামারা ওকে যা বিভৃতি দিয়েছেন, তা দিয়ে তিনি যেন তাঁর নিজেরই হাতপা বেঁধে ফেলেছেন।" তারপরই তিনি মহামায়ার নিকট প্রার্থনা করিয়াছিলেন,
"মা ওর ভেতর একটু মারা প্রবেশ করিয়ে দে, নতুবা কোন কাজ হবে না।"
নরেক্রের প্রতিভা ও বৈরাগ্য দর্শনে সবিশ্বয়ে ঠাকুর বলিতেন, "ওর মধ্যে শিবের
শক্তি আছে।" নরেক্রের পুরুষোচিত ভাবকে লক্ষ্য করিয়া বলিতেন, "ও
হচ্ছে আমার স্বস্ত্র-ঘর।" কথনও বা রহস্তময় ভাষায় বলিতেন, "এর (নিজের)
ভেতর যেটা রয়েছে সেটা মাদী, আর ওর (নরেক্রের) ভেতর যেটা আছে,
সেটা মদ্দ।" প্রকৃতপক্ষে উভয় আত্মা ছিলেন ঠাকুরের নিকট অভিয়—য়িও
ভিয় পরিবেশহেতু প্রকাশ বিভিয়। 'কথায়তে' আছে (৫।১৬।২): "শ্রীরামরুঞ্চ—
'আমি নরেক্রকে আত্মার স্বরূপ জ্ঞান করি; আর আমি ওর অফ্রাত।' গিরিশ
—'আপনি কারই বা অফুগত নন ?' শ্রীরামক্রঞ্চ—'ওর মদ্দের ভাব (পুরুষভাব), আর আমার মেদিভাব। নরেক্রের উচু ঘর, অপত্রের ঘর।'"

ঠাকুর স্পষ্টতঃ নরেক্সকে ভক্তশ্রেষ্ঠ বলিয়া অভিমত প্রকাশ করিতেন। 'লীলাপ্রদক্ষে' আছে, "নবাগত শ্রেণীভূক্ত নরনারীদিগের তো কথাই নাই, পূর্বপরিদৃষ্ট ভক্তগণের ভিতরেও ঠাকুর নরেক্রনাথকে কত উচ্চাসন প্রদান করিতেন তাহা বলা যায় না। উহাদিগের মধ্যে কয়েকজনকে নির্দেশ করিয়া তিনি বলিতেন, ইহারা ঈশ্বরকোটি অথবা শ্রীভগবানের কার্যবিশেষ সাধন করিবার নিমিত্ত সংসারে জন্মপরিগ্রহ করিয়াছে। ঐ কয়েক ব্যক্তির সহিত নরেক্রের তুলনা করিয়া তিনি একদিবস আমাদিগকে বলিয়াছিলেন, 'নরেক্র ফেন সহশ্রদল কমল; এই কয়েকজনকে ঐ জাতীয় পূস্প বলা যাইলেও, ইহাদিগের কেহ দশ, কেহ পনর, কেহবা বড়জোর বিশ-দলবিশিষ্ট পদ্ম।' অক্য একসময় বলিয়াছিলেন, 'এত সব লোক এখানে আসিল, নরেক্রের মতো একজনও কিন্তু আর আসিল না।' " (৫।২২২-২৩)।

'কথামুতে' লিপিবদ্ধ এইজাতীয় অনেক কথা আমরা পূর্বেই উদ্ধৃত করিয়াছি। এখানে বিশেষ করিয়া চতুর্থ ভাগের (৪।২৩।৭) কয়েকটি কথার প্রতি পাঠক-দের দৃষ্টি আকর্ষণ করিতেছি—'এতো ভক্ত আসছে, ওর মতো একটি নাই',

१। नरबक्त, बाधान, वावुबाय, खारमन, निबक्षन ७ १९।

'পল্মাধ্যে নরেন্দ্র সহস্রদল', 'অন্তেরা কলসী ঘটি এসব হতে পারে—নরেক্স জালা,' । 'ডোবা পুন্ধরিণী মধ্যে নরেন্দ্র বড দীঘি—যেমন হালদার পুকুর', 'মাছের মধ্যে নরেন্দ্র রাঙা-চক্ষু বড রুই— আর সব…পোনা কাঠি বাটা ইত্যাদি', 'নরেন্দ্র কিছুর বশ নয়।'

ফল কথা এই—নরেন্দ্রনাথের অত্যাচ্চ আধ্যাত্মিক শক্তি সম্বন্ধে সম্যক অবহিত থাকিয়া ঐ শক্তি যাহাতে সমৃচিত পথাবলম্বনে আত্মবিকাশলাভ করিয়া জগতের কলাাণদাধনে পরিপূর্ণরূপে নিয়োজিত হয়—সেজন্ত শ্রীশ্রীঠাকুরের আশা, আকাজ্রাও আন্তরিক উন্তমের অন্থ ছিল না। উপযুক্ত শিন্তোর গতিবিধির প্রতি তিনি লক্ষা রাগিতেন, তাঁহাকে স্বাধীনতা দিতেন, উৎসাহ দিতেন, আবার প্রয়োজন স্থলে সাবধানও করিয়া দিতেন। শেষোক্ত বিষয়ে তুই-একটি দৃষ্টান্ত আমরা পূর্বেই পাইয়াছি। আর একদিন মাস্টার মহাশয়ের সহিত বিল্ঞালয়ের ছাত্রদের নৈতিকতা সম্বন্ধে আলোচনাকালে নরেন্দ্র তংকালীন ছাত্রসমাজের অনৈতিকতায় অসম্পোধ প্রকাশ করিতেছিলেন। ঠাকুর তাঁহাদের কথা ভানিয়া বলিলেন, "ওসব কথা কেন ? ভগবানের কথা বল, আর কিছু না।" তিনি স্বীয় সন্তানদের মন ভভেরই দিকে আকর্ষণ করিতেন, অভভের আলোচনায় কালক্ষেপণ পছন্দ করিতেন না। পুণাের অক্সেরণের ফলে পাপ আপনা হইতেই নিবৃত্ত হয়, প্রত্যুত্ত পাণের চিন্তায় পাপ বৃদ্ধিপ্রাপ্ত হয়—এই স্বাভাবিক রীতি অবলম্বনেই তাঁহার শিক্ষাপ্রণালী নিয়মিত হইত।

ভালবাসার 'টানে ও সতপদেশ দানের প্রবল ইচ্চায় ঠাকুর মাঝে মাঝে রামতক্ব বস্থর লেনস্থ নরেন্দ্রের টঙে আসিয়া নরেন্দ্রের সঙ্গীত শুনিতেন, সাধনাদি সম্বন্ধে উপদেশ দিতেন এবং অথগু ব্রহ্মচর্য পালনে তাঁহাকে উৎসাহিত করিতেন। ঠাকুরের ভয় ছিল, পাছে আত্মীয়স্বজনের পীডাপীডিতে নরেন্দ্র অনিচ্ছাসত্ত্বেও বিবাহ করিয়া বসেন। তিনি বলিতেন, "বার বৎসর অথগু ব্রহ্মচর্ব পালনের ফলে মানবের মেধানাড়ী খুলিয়া যায়। তথন তাহার বৃদ্ধি স্ব্যাভিস্কা বিষয় সকলে প্রবেশ ও উহাদের ধারণা করিতে সক্ষম হয়। ঐরপ বৃদ্ধিসহায়েই ঈশ্বরকে সাক্ষাৎ প্রত্যক্ষ করিতে পারা যায়। তিনি কেবলমাত্র ঐরপ শুদ্ধবৃদ্ধির গোচর।" পাঠগৃহে উপস্থিত হইয়া ঠাকুর যথন একদিন ঐরপ উপদেশ দিতেছিলেন, তথন নরেন্দ্রের মাতামহী আড়াল হইতে উহা শুনিয়া তাঁহার পিতান্মাভাকে জানাইয়া দেন। ইহাদের পূর্ব হইতেই সন্ধেহ ছিল বে, ঠাকুর ঐ

বিষয়ে নরেক্রের মনে অবশ্রুই বিষেষভাব রোপণ করেন। ঐ দিনের ঘটনায় উহার সমর্থন পাইয়া ইহারা অতঃপর নরেক্রের বিবাহবিষয়ে আরও তৎপর হইলেন; কিন্তু কার্যতঃ কিছুই হইল না। নরেক্র বলিয়াছিলেন, "ঠাকুরের প্রবলইচ্ছাশক্তির বিরুদ্ধে তাঁহাদের সকল চেষ্টা ভাসিয়া গিয়াছিল। সকল বিষয় দ্বির হইবার পরেও কয়েক স্থানে সামাশ্র কথায় উভয় পক্ষের মধ্যে মতবৈধ উপস্থিত হইয়া বিবাহসম্বদ্ধ সহসা ভালিয়া গিয়াছিল।"

ঠাকুরের শিক্ষাবিষয়ক অক্সান্ত বহু কথা আমরা ('লীলাপ্রসঙ্গ' ৫।১৯৫-৯৭ পঃ হইতে) নরেন্দ্রনাথের শ্রীমৃথেই শুনিতে পাই : "ঠাকুরের নিকটে কী আনন্দে দিন কাটিত! খেলা রঙ্গরস প্রভৃতি সামাত্ত দৈনন্দিন ব্যাপারসকলের মধ্য দিয়া তিনি কিভাবে নিরম্ভর উচ্চশিক্ষা প্রদানপূর্বক আমাদিগের অজ্ঞাতসারে আধ্যাত্মিক জীবন গঠন করিয়া দিরাছিলেন, তাহা এখন ভাবিয়া বিশ্বয়ের অবধি থাকে না। বালককে শিখাইবার কালে শক্তিশালী মল্ল যেরূপ আপনাকে সংযত রাগিয়া তদমুরূপ শক্তিমাত্র প্রকাশপূর্বক কথন যেন তাহাকে অশেষ আয়াসে পরাভৃত করিয়া এবং কথনও বা স্বয়ং তাহার নিকটে পরাভূত হইয়া তাহার মনে আত্ম-প্রত্যন্ত জন্মাইয়া দেয়, আমাদিগের সহিত ব্যবহারে ঠাকুর এইকালে অনেক সময় ঠিক সেইরূপ ভাব অবলম্বন করিতেন। আমাদিগের প্রত্যেকের অন্তর্নিহিত **আধ্যাত্মিকতার বীজ ফুলফলায়িত হইয়া কালে যে আকার ধারণ করিবে, তাহা** তথন হইতে ভাবমুখে প্রত্যক্ষ করিয়া আমাদিগের প্রশংসা করিতেন, উৎসাহিত করিতেন, এবং বাসনাবিশেষে আবদ্ধ হইয়া পাছে আমরা জীবনের এক্রপ সফলতা হারাইয়া বসি, ভজ্জন্ত বিশেষ সতর্কতার সহিত আমাদিগের প্রতি আচরণ লক্ষা করিয়া উপদেশ-প্রদানে আমাদিগকে সংঘত রাখিতেন। কিন্ত তিনি বে ঐক্নপে তন্ন তন্ন করিয়। লক্ষ্যপূর্বক আমাদিগকে নিত্য নিয়মিত করিতেছেন, একথা আমরা কিছুমাত্র জানিতে পারিতাম না। উহাই ছিল তাঁহার শিক্ষাপ্রদান এবং জীবন গঠন করিয়া দিবার অপূর্ব কৌশল।

"ধ্যান-ধারণাকালে কিছুদ্র পর্যন্ত অগ্রসর হইয়া মন অধিকতর একাগ্র হইবার অবলম্বন পাইতেছে না অহওব করিয়া তাঁহাকে কি কর্তব্য জিজাসা করিলে, তিনি ঐরপ স্থলে বয়ং কিরপ করিয়াছিলেন তাহা আমাদিগকে জানাইয়া ঐ বিষয়ে নানা কৌশল বলিয়া দিতেন। আমার স্বরণ হয়, শেষ রাজিতে ধান করিতে বসিয়া আলমবাজারে অবস্থিত চটের কলের বাঁশীর শব্দে মন লক্ষ্যন্ত্ৰই ও বিক্লিপ্ত হইয়া পড়িত। তাঁহাকে ঐকথা বলায় তিনি ঐ বাঁশীর শব্দেতেই মন একাগ্র করিতে বলিয়াছিলেন এবং ঐক্প করিয়া বিশেষ ফল পাইয়াছিলাম। স্বার এক সময়ে ধ্যান করিবার কালে শরীর ভূলিয়া মনকে লক্ষ্যে সমাহিত করিবার পথে বিশেষ বাধা অমুভব করিয়া তাঁহার নিকটে উপস্থিত হইলে, তিনি বেদাস্কোক্ত-সমাধি-সাধনকালে শ্রীমৎ তোতাপুরী দারা জ্মধ্যে মন একাগ্র করিতে যেভাবে আদিষ্ট হইয়াছিলেন সেই কথার উল্লেখ-পুরংসর নিজ নথাগ্রদ্বারা আমার জ্রমধ্যে তীব্র আঘাত করিয়া বলিয়াছিলেন. 'ঐ বেদনার উপর মনকে একাগ্র কর।' ফলে দেখিয়াছিলাম, ঐরপে ঐ আ্বাতজনিত বেদনার অন্তত্তবটা যতক্ষণ ইচ্ছা সমভাবে মনে ধারণ করিয়া রাখিতে পারা যায় এবং ঐকালে শরীরের অপর কোন অংশে মন বিক্ষিপ্ত হওয়া দূরে থাকুক, ঐ অংশসকলের অন্তিত্বের কথা এককালে ভূলিয়া যাওয়া যায়। ঠাকুরের সাধনার স্থল নির্জন পঞ্চবটীতলই আমাদিগের ধ্যান-ধারণা করিবার বিশেষ উপযোগী স্থান ছিল। 😘 ধ্যান-ধারণা কেন, ক্রীড়াকৌতুকেও আমরা অনেক সময় ঐ স্থানে অতিবাহিত করিতাম। ঐ সকল সময়ও ঠাকুর আমাদিগের সহিত যথাসম্ভব যোগদান করিয়া আমাদিগের আনন্দবর্ধন করিতেন। আমরা তথায় দৌড়াদৌড়ি করিতাম, গাছে চড়িতাম, দৃঢ় রজ্জ্ব ক্রায় লম্বমান মাধবীলতার আবেষ্টনে বসিয়া দোল খাইতাম, এবং কখন কখন আপনারা রন্ধন করিয়া ঐ স্থলে চডুইভাতি করিতাম। চডুইভাতির প্রথম দিনে আমি স্বহন্তে পাক করিয়াছি দেখিয়া ঠাকুর স্বয়ং ঐ অন্নব্যঞ্জনাদি গ্রহণ করিয়াছিলেন। তিনি ব্রাহ্মণেতর বর্ণের হন্তপক আর গ্রহণ করিতে পারেন না জানিয়া আমি তাঁহার নিমিত্ত ঠাকুরবাড়ীর প্রসাদী আরের বন্দোবন্ত করিতেছিলাম, কিন্তু তিনি একপ করিতে নিষেধ করিয়া বলিয়াছিলেন, 'তোর মত শুদ্ধ-সম্বপ্তণীর হাতে ভাত খেলে কোন দোষ হবে না।' আমি উহা দিতে বারংবার আপত্তি করিলে তিনি আমার কথা না ভনিয়া আমার হন্তপক অন্ন সেদিন গ্রহণ করিয়াছিলেন।"

নরেন্দ্রের প্রতি ঠাকুরের ভালবাদার আর একটি প্রত্যক্ষ নিদর্শন আমরা 'লীলা প্রদদ' হইতে তুলিয়া দিতেছি। এক সময় নরেন্দ্র তুই-এক সপ্তাহ দক্ষিণেশরে বাইতে পারেন নাই। এদিকে তাঁহার আদর্শনে ব্যাকুল ঠাকুর ভাবিলেন, কলিকাতার অগ্তন্ত কোথাও গেলে হয়তো নরেন্দ্রের সহিত সাক্ষাৎ নাও হইতে পারে, কিন্তু নরেন্দ্র সাধারণ-বাক্ষমাজের সাজ্যোপসনাকালে ভক্তন গাহিতে

নিশ্চয়ই উপস্থিত হইবে; সেধানে অবশ্রই দেখা হইবে। বিনা নিমন্ত্রণে হঠাৎ সমাজগৃহে উপস্থিত হইলে সমাজকর্তৃপক্ষ উহা কিভাবে গ্রহণ করিবেন, এই চিয়াও ঠাকুরের মনে বে উদিত হয় নাই তাহা নহে, তবে তিনি ভাবিকেন এভাবে নববিধান-সমাজে গেলে তিনি যথন সাদরে গৃহীত হন, তথন সাধারণ-সমাজেও তাহাই হওয়া স্বাভাবিক; শিবনাথ প্রভৃতির নিকটও তিনি ভো অপরিচিত নহেন। তথু একটি কথা ঠাকুর ভাবিয়া দেখেন নাই। তাহার সম্পর্কে আসিয়া কেশবাদি ব্রাহ্মনেতাদের মনে ও আচারে ভাবাম্বর উপস্থিত হইতেছে দেখিয়া সাধারণ-সমাজের নেতারা সাবধান হইয়া গিয়াছিলেন এবং শিবনাথ প্রভৃতি অতঃপর দক্ষিণেশরে তেমন যাতায়াত করিতেন না, বরং অসাক্ষাতে পরমহংসদেব সম্বন্ধে একটু-আঘটু বিরুদ্ধ সমালোচনা করিতেন—তাহাদের মতে ঠাকুরের সমাধি স্লায়্দেগিলার পরিচায়ক এবং ভগবান সম্বন্ধে অত্যধিক ভাবিতে গিয়া তাহাতে উন্নাদের লক্ষণ দেখা দিয়াছে। যাহা হউক, ঠাকুর সেদিন সম্ক্যাসমাগ্রম সরলমনেই সমাজভবনে প্রবেশ করিলেন।

সান্ধ্য উপাদনা ও ধ্যান সমাপনাত্তে আচাৰ্য বেদী হইতে ত্ৰাহ্মসভ্যকে উপদেশ দিতে আরম্ভ করিয়াছেন, এমন সময় অর্ধবাঞ্চদশাপর দক্ষিণেশবের পরমহংস শ্রীরামক্রফ বেদিকায় উপবিষ্ট আচার্যের দিকে ধীরপদক্রেপে অগ্রসর হইতে লাগিলেন। সমবেত উপাসকদের অনেকেই তাহাকে চিনিতেন; কাজেই তাঁহার আগমনবাতা অচিরে সমাঞ্জবনের স্বত্ত প্রচারিত হইল এবং ইতিপূর্বে ধাহারা তাহাকে দেখেন নাই তাহারা ভাল করিয়া দেখিবার জ্ঞা সহসা উঠিয়া দাঁড়াইলেন, কেই বা বেঞ্চির উপর উঠিলেন। এইরূপে মন্দিরাভ্যস্তরে এক অবাঞ্চিত চাঞ্চল্য ও বিশৃশ্বলা উপস্থিত হইল দেখিয়া আচার্যের ভাষণ থামিয়া গেল। ভন্তন-মণ্ডলীতে উপবিষ্ট নরেজনাথ ঠাকুরের আগমনের উদ্দেশ্য বুঝিতে পারিয়া ঝটিতি তাঁহার পার্যে আদিয়া দাড়াইলেন। কিন্তু আচার্য বা অপর কোন বান্ধনেতা অগ্রসর হইলেন না, বা সৌজগু-প্রকাশের প্রয়োজন বোধ করিলেন না। সেসব দিকে জ্রাকেপহীন ঠাকুর বেদী-সমাপে আসিয়াই সমাধিছ হইলেন; তথন বিশৃশ্বলা চরমে উঠিল এবং অবস্থা আয়ত্তে আনার অক্স কোন উপায় না দেখিয়া জনতা ভাকিয়া দিবার উদ্দেশ্তে কর্তৃপক্ষ গ্যাস বন্ধ করিয়া একসঙ্গে সব আলো নিভাইয়া দিলেন। ইহাতে গওগোল বৃদ্ধি পাইল এবং অনজ্যোপার নরেক্রনাথ ঠাকুরের পার্যে দাড়াইয়া তাহার সমাধিভদের অপেকা

ছিল; এই প্রেমের উচ্চুদিত বহি:প্রকাশও বে কিছুকাল-ব্যাপী ছিল, তাহা প্রীমৎ স্বামী সারদানন্দের কথা হইতেই পাই। নরেক্রের আগমনের প্রায় তুই বৎসর পরে শ্রীরামক্রফসকাশে আসিয়া তিনি দেখিয়াছিলেন, নরেক্রনাথকে "দ্রে দেখিবামাত্র ঠাকুরের সম্পূর্ণ অন্তর বেন প্রবলবেগে শরীর হইতে নির্গত হইয়া তাঁহাকে প্রেমালিঙ্গনে আবদ্ধ করিত! 'ঐ ন—', 'ঐ ন—' বলিতে বলিতে আমরা কতদিন ঠাকুরকে ঐরপে সমাধিস্থ হইয়া পড়িতে দেখিয়াছি তাহা বলা যায় না?" ('লীলাপ্রসঙ্গ', ৫।১৮১)। নরেক্রেও ঠাকুরের প্রতি প্রবল আকর্ষণ অন্তর্ভব করিতেন এবং সপ্তাহে তুই-একবার দক্ষিণেশ্বরে না আসিয়া স্থির থাকিতে পারিতেন না; স্বযোগ পাইলে সেখানে তুই চারিদিন থাকিয়াও যাইতেন।

এইরূপ হইলেও কিন্তু ইচ্ছাময় ঠাকুর নরেন্দ্রের প্রতি অকমাৎ এক অন্তত अमामीम व्यवस्य क्रिल्म । नात्रस्य व्यामित्मन, यथात्री जि अपक इटेन्स अदः সম্মথে বসিয়া শ্রীমুথের বাণীর অপেকা করিতে লাগিলেন; কিন্তু ঠাকুর কুশল প্রশ্নও করিলেন না, একবার মাত্র তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া আপনমনে বসিয়া রহিলেন – যেন সম্পূর্ণ অপরিচিত! নরেন্দ্র ভাবিলেন, ঠাকুর বৃঝি ভাবাবিষ্ট; তাই কিছুক্ষণ অপেক্ষা করিয়া বাহিরে আদিলেন এবং হাজরা মহাশয়ের সহিত বাক্যালাপে ও তামাকু-দেবনে নিযুক্ত হইলেন। ঠাকুর অপরের সহিত কথা কহিতেছেন ভনিয়া তিনি হয়তো আবার ঐ গৃহে প্রবেশ করিলেন; কিন্তু এবারেও নরেন্দ্রের সহিত বাক্যালাপ না করিয়া অপর দিকে মুখ ফিরাইয়া ভইয়া त्रहिलन। এই প্রকারে সারাদিন কাটিয়া গেলেও ঠাকুরের ভাবান্তর হইল না प्रिश्चा मङ्ग्राममाभूष्य उँ। हारक व्याग कतिया नरतक विमाय नहेलन । हेरात পরও নরেন্দ্র পূর্বেরই ক্যায় নিয়মিতভাবে দক্ষিণেশরে আসিতে লাগিলেন; কিন্তু ঠাকুরের ওদাসীক্ত একই রকমে চলিতে লাগিল। এই ধারায় এক মাসেরও ष्यिक काल कार्षिया श्राटल ठीकुत यथन मिथिएलन, नरत्रस्थनारथत मिक्स्पायरत ষাগমনের কোন ব্যতিক্রম হইতেছে না, তথন তাঁহাকে একদিন নিকটে ছাকিয়া বলিলেন, "আছা, আমি তো তোর সহিত একটি কথাও কহি না, তবু তুই এখানে कि कराए जानिम यन एमि ?" नरहस्य यनियन, "बामि कि जाभनाइ কথা শুনতে এখানে আসি ? আপনাকে ভালবাসি, দেখতে ইচ্ছা করে, তাই আসি।" ঠাকুর ঐ কথায় প্রসন্ন হইয়া বলিয়াছিলেন, "আমি ভোকে বিড়ে (পরীক্ষা করে) দেখছিলাম—আদরষত্ব না পেলে তুই পালাস কিনা; তোর মতো **ভাধারই এতটা (ভবজা ও উদাসীনতা) সম্থ** করিতে পারে—ভ্রপরে এত দিন কোন কালে পালিয়ে যেত, এদিক আর মাড়াত না।"

নরেক্রনাথ আর একদিন আর এক প্রকার পরীক্ষার সমুখীন হইয়াছিলেন। ঠাকুর সেদিন নির্দ্ধন পঞ্চবটীতলে নরেন্দ্রকে আহ্বান করিয়া পরীক্ষাচ্চলেই হউক কিংবা সত্যসত্যই বোগবিভৃতি অপণের উদ্দেশ্যে হউক, তাঁহাকে বলিলেন, "দেখ, তপস্তাপ্ৰভাবে আমাতে অণিমাদি-বিভৃতি-সকল অনেক কাল হইল উপস্থিত হইয়াছে। কিন্তু আমার ক্যায় ব্যক্তির, যাহাব পরিধানের কাপড় পর্যস্ত ঠিক থাকে না, তাহার এই সকল ষ্থাষ্থ ব্যবহার করিবার অবসর কোথায় ? তাই ভাবিতেছি, মাকে বলিয়া তোকে ঐসকল প্রদান করি; কারণ মা জানাইয়া দিয়াছেন, তোকে তাঁর অনেক কাজ করিতে হইবে। ঐসকল শক্তি তোর ভিতরে সঞ্চারিত হুইলে কার্যকালে ঐসকল ব্যবহারে লাগাইতে পারিবি। কি বলিদ ?" এইরূপ সমস্তার সম্মধীন হওয়া অধ্যামাজগতের চিরন্তন ইতিহাস। ষমরাজ্যের নিকট নচিকেতাকে এইরূপ পরীক্ষাই দিতে হইয়াছিল ; যাজ্ঞবন্ধ্যের সাক্ষাতে মৈত্রেয়ী এই জাতীয় পরীক্ষারই সন্মুখীন হইয়াছিলেন; উত্তরও ছিল সর্বক্ষেত্রে এক। আজ নরেক্রনাথের কণ্ঠেও সেই স্থপ্রাচীন উত্তরই আবার প্রত্যাচ্চারিত হইল। তিনি প্রতিপ্রশ্ন করিলেন, "মহাশন্ন, ঐ সকলের বারা चामात ज्ञेत्रताखिराय महायुका इहेरव कि ?" ठीकूत विलालन, "रम विषय সভায়তা না ভউলেও ঈশ্বলাভ করিয়া যথন তাঁহার কার্য করিতে প্রবৃত্ত হইবি তথন উহারা বিশেষ সহায়তা করিতে পারিবে।" অর্থাৎ নচিকেতা বা মৈত্রেয়ীর নিকট সমস্রাটি বেভাবে আসিয়াছিল, নরেন্দ্রের নিকট তদপেকাও জটিলতর্ত্তপে উপস্থিত হইল। তবু নরেক্রের সেই একই উত্তর, "মহাশয়, আমার এসকলে প্রয়োজন নাই। আগে ঈশরলাভ হউক; পরে এসকল গ্রহণ করা বা না-করা সম্বন্ধে স্থির করা বাইবে। বিচিত্র বিভৃতিসকল এখন লাভ করিয়া যদি উদ্দেশ্য ভুলিয়া ঘাই, এবং স্বার্থপরতার প্রেরণায় উহাদিগকে অযথা ব্যবহার করিয়া বসি, ভাচা চইলে সর্বনাশ হইবে বে !"

শ্রীশ্রীঠাকুর পরীক্ষা করিতেন ও শিগাইতেন; আবার নরেন্দ্রও শ্রীশ্রীশুকর বাণী শুনিয়া শিবিতেন—কারণ ভগবান তাঁহাকে অপূর্ব প্রতিভার অধিকারী করিয়াছিলেন। পূজাপাদ 'লীলাপ্রসদ'-কারের মতে নরেন্দ্রনাথের অন্তুপম মেধাশক্তি ছিল প্রমপুক্ষ শ্রীরামকৃষ্ণের স্বেহাকর্বণের অক্সতম প্রধান কারণ।

শগু ভক্তগণ ঠাকুরের বেদব শম্লা উপদেশ সাধারণভাবে গ্রহণ করিতেন কিংবা তৎপ্রতি অধিক মনোনিবেশ করিতেন না, দেগুলির মধ্যেও নরেন্দ্র-প্রতিভা অতিগঞ্চীর ও ফলপ্রস্থ মর্ম উদ্ঘাটন করিত। এইরূপ একটি দৃষ্টান্ত 'লীলাপ্রসঙ্গে' উল্লিখিত হইয়াছে: ১৮৮৪ খৃষ্টাব্দের কোন এক সময়ে ঠাকুর গৃহমধ্যে ভক্তপরিবৃত হইয়া বসিয়া আছেন। নরেক্তও সেখানে উপস্থিত। সদালাপ এবং মাঝে মাঝে বন্ধরস চলিতেছে। কথায় কথায় বৈষ্ণবধর্মের প্রসঙ্গে ঠাকুর উপস্থিত সকলকে ঐ মতের মর্মকথা দংক্ষেপে বুঝাইতে গিয়া বলিলেন, "তিনটি বিষয় পালন করিতে নিরম্ভর যত্মবান থাকিতে ঐ মতে উপদেশ করে—'নামে ক্লচি, জ্বীবে पद्मा, रिक्छत्रभूष्मन ।' राहे नाम, रमहे द्रेयत, नाम नामी व्यट्डम खानिया नर्तना অমুরাগের সহিত নাম করিবে। ভক্ত ও ভগবান, কৃষ্ণ ও বৈষ্ণব অভেদ জানিয়া সর্বদা সাধু-ভক্তদিগকে শ্রহ্মা, পুজা ও বন্দনা করিবে। এবং ক্লফেরই জগং-मः সার-একথা হৃদয়ে ধারণা করিয়া সর্বজীবে দয়া-।" "সর্বজীবে দয়া" পর্যন্ত विनयारे जिनि नमाधिष्ट रहेशा পড़ित्नन, এবং তারপর অর্ধবাঞ্চলশায় ফিরিয়া चानिया विनिष्ठ नानितन, "बीरव नया, बीरव नया ? मृत नाना ! कीठाञ्चीठे-जुड़े की बरक मया कर्ता ? मया करतात जुड़े रक ? ना ना - कीरव मया नय -शिवकात्म कौरवद रमवा।"

সকলেই শুনিয়া গেলেন মাত্র; কিন্তু ঠাকুরের ভাবভঙ্কের পর বাহিরে আসিয়া নরেন্দ্রনাথ বলিলেন, "কি অভুত আলোকই আজ ঠাকুরের কথায় দেখিতে পাইলাম! শুদ্ধ কঠোর নির্মম বলিয়া প্রাসিদ্ধ বেদাস্কজ্ঞানকে ভক্তির সহিত সম্মিলিত করিয়া কি সহজ্ঞ সরস ও মধুর আলোকই প্রদর্শন করিলেন।… ঠাকুর আজ ভাবাবেশে বাহা বলিলেন, তাহাতে বুঝা গেল, বনের বেদাস্ককে ঘরে আনা যায়, সংসারের সকল কাজে উহাকে অবলম্বন করিতে পারা যায়।… ঠাকুরের ঐ কথায় ভক্তিপথেও বিশেষ আলোক দেখিতে পাওয়া যায়। সর্বভ্তে ঈশ্বরকে যতদিন না দেখিতে পাওয়া যায়, ততদিন যথার্থ ভক্তি বা পরাভক্তিলাভ সাধকের পক্ষে স্ব্রপরাহত থাকে।…কর্ম বা রাজ্যবাগ অবলম্বনে যেসকল সাধক অগ্রসর হইতেছে, তাহারাও ঐ কথায় বিশেষ আলোক পাইবে।… যাহা হউক, ভগবান যদি কথনও দিন দেন তো আজি বাহা শুনিলাম, এই অভুত সত্য সংসারে সর্বত্র প্রচার করিব—পণ্ডিত মূর্য, ধনী দরিজ, ব্রাহ্মণ চণ্ডাল, সকলকে শুনাইয়া মোহিত করিব।"

ফলত: বলিতে গেলে, ১৮৮৪-৮৫ খৃষ্টাব্ব নরেন্দ্রনাথের জীবনে অতি গুরুত্ব-পূর্ণ। ইহাই তাঁহার জীবনের সন্ধট্ম্যুর্ত, ইহাই আবার তাঁহার জীবনে আলোকোভাসনের গুভলগ্ন—নরেন্দ্রনাথের স্বামী বিবেকানন্দে পূর্ণবিকাশের ভিত্তিপত্তন সন্তবত: ১৮৮৪-৮৫ খৃষ্টাব্বে। আমরা এক্ষণে এই গুরুত্পূর্ণ বংসরটির অধিকতর আলোচনায় প্রবৃত্ত হইব।

সাংসারিক বিপর্যয় ও নবালোক

শ্রীযুক্ত বিশ্বনাথ দত্ত তথন ভারতের রাজধানী মহানগরী কলিকাতার সমাজে স্থাসিক। ভুগু তাহাই নহে, আইন ব্যবসায়ে তিনি এমন স্থনাম অর্জন করিয়াছিলেন যে, উত্তর ভারতের দূর দূর নগরেও তাঁহাকে কার্যবাপদেশে ঘাইতে इहें जा जार प्राप्त मीर्यकान कांगिरें ए इहें छ । जारा बार किन शहर ; কিন্তু আত্মীয়প্রতিপালন এবং বন্ধুদিগকে লইয়া সঙ্গীতোপভোগ ও ভোজনাদিতে বায়ও হইত প্রচুর। অধিকন্ধ যৌথপরিবারের উপার্জনহীন কর্তা কালীপ্রসাদ একদিকে যেমন ছিলেন অমিতব্যয়ী, অপরদিকে তেমনি ভ্রাতৃপুত্র বিশ্বনাথের আয়ের উপর পূর্ণ দাবি রাখিতেন। পৈতৃক সম্পত্তি তো তিনি নষ্ট করিতেনই; অধিক স্ক বিশ্বনাথের অর্থেও ভাগ বসাইতেন। শেষদিকে বিশ্বনাথ বাবু তাঁহার কলিকাতার এটনি অফিদের উপর নজর রাখিতে পারিতেন না। জনৈক বন্ধুর উপর উহার ভার অর্পণ করিতে বাধ্য হন। বন্ধু এই স্থযোগে বিশ্বনাথবাবুর নামে ঋণ কবিয়া দেইদৰ অৰ্থ আত্মদাৎ কবিতে থাকেন। কাজেই বিশ্বনাথ-পরিবারে তথন একটা বাফ্সিক আডম্বর থাকিলেও আর্থিক ও বৈষয়িক পরিস্থিতি এমন পর্বায়ে উপস্থিত হইয়াছিল যে, পরিবারটি ষে কোন মুহুর্তে সঙ্কটের সম্মুখীন হইতে পারিত। তথন পর্যন্ত একমাত্র ভরদা ছিল বিশ্বনাথের অপরিমিত অর্থোপার্জন এবং খুল্লতাতের অমিতবায়িতার পরেও রক্ষিত অবশিষ্ট যৌথ-সম্পত্তির যৎকিঞ্চিং অংশ। এই সম্পত্তিও পরে বিবাদাম্পদ হইয়া পড়ে। বিশ্বনাথের জীবনসন্ধ্যায় যৌথপরিবারে মনোমালিক্স বর্ধিত হওয়ায় তাঁহাকে পিতৃগৃহ ছাড়িয়া স্ত্রীপুত্রসহ পৃথক অল্লের বাবস্থা করিতে হয় এবং ভক্ষপ্ত শশামিভাবে ৭নং ভৈরব বিশাস লেনের এক ভাড়া বাড়িতে চলিয়া যাইতে হয়। নরেন্দ্র তথন (১৮৮৩ খু: ?) বি. এ. পরীক্ষার জন্ম প্রস্তুত হইতেছিলেন। ভাড়া বাড়িটি মাতামহীর বাড়ীরই সন্ধিকটে থাকায় তিনি বিতীয় গৃহেরই বিতলে পাঠাভাাস করিতেন। ইহারই কোন এক সময়ে তিনি পিতার আদেশে পিতৃবন্ধ নিমাইচন্দ্র বন্ধ মহাশয়ের আফিলে এটনির কাজ শিখিবার জক্ত শিকানবিশরণে ভর্তি হইয়া প্রতিদিন পিডা ও খুল্লভাতের সহিত আফিসে বাহির হইতে থাকেন। এইরূপ বহু বাস্ততার মধ্যেও তিনি পূর্বেরই ক্রায় দক্ষিণেশরে বাইতেন এবং বন্ধুদের সহিত আমোদ-আহলাদ করিতেন। এমনি করিয়া জীবন সহজ্ব সরল ভাবেই চলিতেছিল। কিন্তু বি. এ. পরীক্ষার ফলাফল জানিবার পূর্বেই বিনামেঘে বজ্ঞাঘাত হইল।

নরেন্দ্রের বন্ধু ভবনাথ চট্টোপাধ্যায় বরাহনগরে বাদ করিতেন, ও নরেন্দ্রের দহিত দক্ষিণেশরে ঘাইতেন। তাঁহার নারী হৃলভ কোমল প্রক্লতি এবং নরেন্দ্রের দহিত প্রগাঢ় দৌহার্দোর পরিচয় পাইয়া শ্রীরামক্ষণ্ড তাঁহাকে রহস্ত সহকারে বলিতেন, "জনান্তরে তুই নরেন্দ্রের জীবনদিন্দিনী ছিলি বোধ হন্ন ?" ভবনাথ স্থবিধা পাইলেই নরেন্দ্রকে নিজগৃহে আনিয়া ভোজন করাইতেন। তাঁহার প্রতিবেশী দাতকভি লাহিভীর দহিত নরেন্দ্রের বিশেষ বন্ধুছ ছিল। আমাদের পূর্বপরিচিত দাশরথি দাল্লালের গৃহও নিকটেই ছিল। দক্ষিণেশরে গমনাগমনকালে কিংবা বিশেষ নিমন্ত্রণপ্রদেশে নরেন্দ্রনাথ এইদর বন্ধুদের দহিত মিলিভ হুইয়া কিছুকাল আমোদ-আহ্লাদে কাটাইতেন। ১৮৮৪ থুটাজের ২৫শে ফেব্রুয়ারি শনিবার অপরাহের তিনি বরাহনগরে আগমনপূর্বক ভন্ধনাদিতে রাজি প্রায় এগারটা পর্যন্ত কাটাইয়া শ্যাগ্রহণান্তে বন্ধুদের দহিত নানাবিধ আলাপে নিযুক্ত আছেন, এমন দময় তাঁহার বন্ধু "হেমালী" রাজি প্রায় তুইটার দময় দেগানে আদিয়া থবর দিলেন, তাঁহার পিতা অক্ষাৎ ইহলোক ছাড়িয়া চলিয়া গিয়াছেন।

বঙ্গের বাহিরে অকার্যে নিযুক্ত থাকাকালে বিখনাথ বাবুর বছম্ত রোগ হয়;
মৃত্যুর একমাস পূর্বে তিনি হৃদ্রোগেও আক্রান্ত হইয়া চিকিৎসক্রের পরামশাছ্যায়ী
শ্যাগ্রহণ করেন। ইহার পরই একটি কার্যস্থলে যাইতে হয়। সেথান হইতে
ফিরিয়া পত্নীকে বলেন ধে, মক্কেল তাঁহাকে বছদ্রে আলিপুরে দলিলপত্র দেখাইতে
লইয়া গিয়াছিল, তিনি হৃদয়ে বেদনা অহুভব করিতেছেন। অতঃপর রাজে
আহারের পর বুকে ঔষধ মালিশ করাইয়া তামাক সেবন করিতে করিতে ভিনি
কিছু লেখাপড়ার কাচ্ছে মন দেন; নয়্টায় উঠিয়া বমি করেন এবং তারপরই
রাজি দশটায় হৃদয়ের ক্রিয়া বন্ধ হইয়া বায়। পরদিন নরেক্রের ক্রন্ত পাত্রী দেখিতে

১। এই অধ্যারের পারিবারিক ঘটনাবলী আমরা প্রধানতঃ ভূপেক্রনাথ দত্তের Swami Vivekananda Patriot-Prophet হইতে সইলাম (১০২-৮ পৃ:)। মহেক্রনাথ দত্তের রচিক্র-শিমী বিবেকানন্দের বাজালীবন'ও দ্রের।

যাওয়ার কথা ছিল এবং ঐজন্ত বিশ্বনাথ বাবু বন্ধ ঠিক করিয়া রাখিয়াছিলেন; কিন্তু সবই পণ্ড হইল।

পিতার ঔর্ধদেহিক ক্রিয়াদি সমাপনান্তে নরেক্রনাথ অফুসন্ধান করিয়া বুঝিলেন, তাঁহাদের আথিক অবন্ধা ভয়াবহ। পিতা কিছুই রাখিয়া যাইতে পারেন নাই, বরং প্রচুর ঋণ রাখিয়া গিয়াছেন। স্থদিনের বন্ধুগণ ও পিতার অন্ধে প্রতিপালিত আত্মীয়বুন এই চুদিনে সরিয়া দাড়াইলেন, পূর্বপুরুষের ভিটার আংশীদারগণ শত্রুতাসাধনে প্রবৃত্ত হইলেন। বিশ্বনাথ পুত্রগণ দেখিলেন, তাঁহার। তাঁহাদের ক্যাষ্য পৈতৃক অংশ হইতেও বঞ্চিত হইতে বসিয়াছেন। বিশ্বনাথের জাবনকালেই সম্পত্তি বিভাগের মকদমা শুরু হইয়াছিল (১৮৮৩-৮৪, ভূপেন্দ্রনাথ দত্ত, ৮৮ পু:, পাদটীকা), এবং তাঁহার পরিবার স্বগৃহচ্যুত হইয়াছিলেন। এক্ষণে নরেক্রনাথ মাতা ও ভ্রাতাভগিনীদের সহিত মাতামহীভবনে (৭নং রামতফু বস্থর লেনে) আশ্রয় লইলেন। মকদমা দীর্ঘকাল ধরিয়া চলিয়াছিল এবং অবশেষে নরেন্দ্রাদি স্বীয় স্থাষ্য স্বংশ পাইয়াছিলেন। ইতিমধ্যে ভূবনেশ্বরী দেবী স্বাপোনে মিটমাটেরও চেষ্টা করিয়াছিলেন, কেননা মকদমায় অর্থবায় তো ছিলই, অধিকন্ত পারিবারিক কলহ শেষ পর্যন্ত প্রকাশ্ত আদালতে পৌছায়, ইহা ভাবিতেও তাহার কট হইতেছিল। কিন্তু অপরপক্ষ, বিশেষতঃ কালীপ্রসাদ-পত্নী, কোনও সম্মানজনক প্রভাবে সম্মত হইলেন না। প্রধানতঃ ইহারই অত্যাচারে ভবনেশ্বরীকে গৃহত্যাগ করিতে হইয়াছিল। ইহার বধু অর্থাৎ তারকনাথের পত্নী, তারকনাথের মৃত্যুর পর (১৮৮৬) ইহার হত্তে পুত্তলিকাবং পরিচালিত হইতেন। অতএব তারকনাথ যে প্রভৃত অর্থ রাখিয়া গিয়াছিলেন, তাঁহার বিধবা পত্নী তাহা মকদমায় খরচ করিয়া অবশেষে দর্বস্বাস্ত হইলেন। আরও भरत तुक वशरम छांशास्क छेनतास्त्रत अन्त याभी वित्वकानत्मत पात्र इश्टेड হইয়াছিল, তথন অতীতের অত্যাচার ভূলিয়া স্বামীন্সী তাঁহাকে অকাতরে সাহায্য করিয়াছিলেন। মকদ্মায় জয়লাভের পর বিশ্বনাথের পরিবার স্বগুহে ফিরিয়া আসিয়াছিলেন : কিন্তু উহা অনেক পরের কথা, তথন নরেন্দ্র গৃহত্যাগ করিয়াছেন, অতএব সম্ভবত: আর তাঁহার পকে স্থায়িভাবে পিতৃগৃহে বাস করা সম্ভব হয় নাই।

মকদ্মার একটি ঘটনা এখানেই বলিরা রাখিলে মস্প হয় না। ইহা স্বামীন্সীর নির্ভীকতা ও প্রত্যুৎপন্নমতিন্তের পরিচারক। এই বিপদকালে ডিনি পিতৃবন্ধু নিমাইচন্দ্র বহু ও ব্যাবিস্টার উমেশচন্দ্র ব্যানাজির সাহায্য লইয়াছিলেন।
অপর পক্ষের ইংরেজ ব্যারিস্টার দ্বির করিলেন, তাঁহাকে আদালতের সন্মুখে
একজন একওঁরে, থেয়ালী ছোকরা বলিয়া প্রতিপন্ন করিবেন। তিনি এই
উদ্দেশ্রে "চেলা" শন্দটিকে ঐ অর্থেরই ছোতক ভাবিয়া তাঁহার প্রতি আদালতে
ঐ শন্দটিই প্রয়োগ করিলেন। বৃদ্ধিমান নরেক্র ইহাতে বিন্দুমাত্র না ঘাবডাইয়া
সাহেবের উদ্দেশ্র সহজেই বৃঝিতে পারিলেন এবং তাঁহারই কথায় তাঁহাকে জন্দ করিবার জন্ম প্রশ্ন করিলেন "মহাশয় আপনি 'চেলা' শন্দটির অর্থ জানেন কি !"
সাহেব দেখিলেন, তাঁহার ফলী ফাঁস হইয়া গিয়াছে, ছেলেটি তো বড় স্থবিধার
নহে! অধিকন্ধ এইভাবে বেকায়দায় পড়িয়া তিনি জেরাও আবশ্রকাল্বরূপ
চালাইতে পারিলেন না। ইংরেজ বিচারক নরেক্রের সপ্রতিভ উত্তর শুনিয়া
এবং তাঁহাকে আইন-ক্লাশের ছাত্র জানিয়া বলিলেন, "যুবক, তুমি একজন ভাল
উকিল হইবে।" বিপক্ষের এটনিও আদালতের বাহিরে আদিয়া তাঁহার হাত
ধরিয়া বলিলেন, "আমি জজ সাহেবের সহিত সহমত, আইন-ব্যবসায়ই তোমার
উপযুক্ত ক্ষেত্র। আমি তোমার মন্ত্রক কামনা করি।"

অবশ্য এসব পরের কথা। পিতার মৃত্যুর অব্যবহিত পরে গৃহহীন, সম্বলহান, বর্হীন, অন্নহীন নরেন্দ্রনাথ চক্ষে অন্ধকার দেখিলেন। এটনি আফিসের শিক্ষানবিশি তাঁহাকে ছাড়িয়া দিতে হইল, কারণ পরিবারের অন্ধসংস্থানের জন্মতথন তাঁহাকে চাকুরির সন্ধানে দারে দ্বারে দ্বিতে হইত। অথচ চাকুরি পাওয়া সহজ্ব ইইল না। তথন মাস্টার মহাশয় (মহেন্দ্রনাথ গুপ্ত) মেট্রোপলিটান ইন্ষ্টিটিউশন এর একটি শাখার প্রধান শিক্ষক ছিলেন। বিভাগাগর মহাশয় বৌ-বাজারে ঐ উচ্চবিভালরের একটি শাখা খুলিলে মাস্টার মহাশরের অন্থরোধে তিনি নরেক্রনাথকে নৃতন বিভালয়ের প্রধান শিক্ষক নিযুক্ত করিলেন। নরেন্দ্র এই কার্য একমাস পরেই ছাড়িয়া লেন। অতঃপর তিনি সিটি কলেজিয়েট স্থলে শিক্ষক তার জন্ম আবেলন করেন ও এইজন্ম পূর্বপরিচিত শিবনাথ শাস্ত্রী মহাশরের সাহায্যভিক্ষা করেন; কিন্তু ক্রতকার্য হন নাই।

২। এই ঘটনা নরেন্দ্রনাথের বন্ধু হরমোহন মিত্রের মূপে একাধিকবার **গুনিয়া সুপেন্দ্রনাথ কর** শীর অছে (১১১ পুঃ) নিসিবন্ধ করিয়াছেন।

নরেন্দ্রনাথের সাংসারিক বিপর্বর সহজে কথাসূতে' এইসব উল্লেখ আছে: ৫।১৬।৭, ১।১১।১

এইকালে শ্রীযুক্তা ভূবনেশ্বরী দেবীর সদ্গুণরাশির যে অপুর্ব বিকাশ ঘটিয়াছিল, তাহার উল্লেখ করিয়া পুজাপাদ স্বামী সারদানন্দ লিথিয়াছেন: "বামীর মৃত্যুর পর দারিদ্রো পতিত হইয়া তাঁহার ধৈর্য, সহিষ্ণুতা ও তেজ্বিতা প্রভৃতি গুণরাজ্বি বিশেষ বিকশিত হইয়া উঠিয়াছিল। সহস্র মৃদ্রা বায় করিয়া যিনি প্রতিমাদে সংসার পবিচালনা করিতেন, সেই তাঁহাকে তথন মাসিক ত্রিশ টাকায় আপনার ও নিজ পুত্রগণের ভরণপোষণ নির্বাহ্ করিতে হইত। কিন্তু তাহাতেও তাঁহাকে একদিনের জন্ম বিষণ্ণ ঘাইত না। তাঁহার অশেষ সদ্গুণসম্পন্ন জ্লোষ্ঠপুত্র নরেন্দ্রনাথ নানাপ্রকার চেটা করিয়াও অর্থকর কোনরূপ কাজকর্মের সন্ধান পাইতেছেন না এবং সংসারের উপর বীতরাগ হইয়া চিরকালের নিমিত্ত উহা ত্যাগের দিকে অগ্রসর হইতেছেন—এইরপ ভীষণ অবস্থায় পতিত হইয়াও শ্রমতী ভূবনেশ্বরী যেরপ ধীবস্থিবভাবে নিজ কর্তব্য পালন করিয়াছিলেন, তাহা ভাবিয়া তাঁহার উপর ভক্তিশ্রনার স্বত্ই উদয় হয়।" ('লীলাপ্রসঙ্ক', ৫।৮২-৮৩)।

পিতার মৃত্যুর পর তিন-চারি মাদ কাটিয়া গেলেও হৃংধের লাঘব হওয়া দ্বে থাকুক নিরাশার অন্ধকার নিবিডতর হইতে লাগিল—নরেন্দ্র পথের দন্ধান পাইলেন না। নিজের অবস্থা তিনি স্বম্থে এইরপ বলিয়াছিলেন, "মৃতাশৌচের অবসান হইবার পূর্ব হইতেই কর্মের চেষ্টায় ফিরিতে হইয়াছিল। অনাহারে ছিন্নবন্ধে নগ্নপদে চাকুরির আবেদন হত্তে লইয়া মধ্যাহ্লের প্রথব রৌদ্রে আফিদ হুইতে আফিদান্তরে ঘূরিয়া বেডাইতাম—অন্তরক বন্ধুগণের কেহ কেহ হৃংথে হুংখী হইয়া কোনদিন দক্ষে থাকিত, কোনদিন থাকিতে পারিত না; কিন্তু সর্বত্রই বিফলমনোরথ ইইয়া ফিরিতে হইয়াছিল। সংসারের সহিত এই প্রথম পরিচয়েই বিশেষভাবে হৃদয়ক্ষম হইতেছিল, স্বার্থশৃক্ত সহামুভৃতি এখানে অতীব বিরল—ছ্বলের, দরিন্দ্রের এখানে স্থান নাই। দেখিতাম, তুইদিন পূর্বে যাহারা

("আমি উপানকে তোর কথা বলেছি"), ২।২০৷২,২।২০৷০, ২। পরিপিট্ট ১,৩ . পরিপিট ১,
পরিপিট্ট ২, ("আমার জন্ম মার কাছে টাকা প্রার্থনা করেছিলেন"), ০৷৮৷১ ("মারে মার্কে
খাইবার কিছু থাকে না"), ০৷৮৷২, ৪৷১৮৷৪, ৪৷১৯৷১-২, ৪৷২৯৷১, ০৷২০৷২ ("তুই বাড়ীর একটা
ট্রিক করে আর না, সব হবে"), ০৷২০৷০ ("একজন বন্ধু তাঁহাকে একশত টাকা ধার দিলেন;
সেই টাকার বাড়ীর তিন মাসের থাওরার বোগাড় করিয়া দিয়া আসিলেন)!

আমাকে কোন বিষয়ে কিছুমাত্র সহায়তা করিবার অবসর পাইলে আপনাদিগকে ধন্য জ্ঞান করিয়াছে, সময় ব্ঝিয়া তাহারাই এখন আমাকে দেখিয়া মুখ বাকাইতেছে এবং ক্ষমতা থাকিলেও সাহায্য করিতে পশ্চাৎপদ হইতেছে। দেখিয়া তানীয়া কখন কখনও সংসারটা দানবের রচনা বলিয়া মনে হইত। মনে হয়, এই সময়ে একদিন রৌদ্রে ঘুরিতে ঘুরিতে পায়ের তলায় ফোয়া হঈয়াছিল এবং নিতান্ত পরিশ্রান্ত হইয়া গড়ের মাঠে মহুমেন্টের ছায়ায় বিদয়া পড়িয়াছিলাম। ছই একজন বয়ু সেদিন সঙ্গে ছিল, অথবা ঘটনাক্রমে ঐ স্থানে আমার সহিত মিলিত হইয়াছিল। তয়ধো একজন বোধ হয় আমাকে সাম্বনা দিবার জ্ঞা গাহিয়াছিল—

'বহিছে রূপাঘন ব্রহ্মনি:খাদ প্রনে' ইড্যাদি

"শুনিয়া মনে হইয়াছিল মাধায় যেন দে গুৰুতর আঘাত করিতেছে। মাতা ও লাতাগণের নিতান্ত অসহায় অবস্থার কথা মনে উদয় হওয়ায় কোভে, নিরাশায়, অভিমানে বলিয়া উঠিয়াছিলাম, 'নে নে, চূপ কর! ক্ষ্ধার তাড়নায় যাহাদিগের আত্মীয়বর্গকে কট্ট পাইতে হয় না, গ্রাসাচ্ছাদনের অভাব যাহাদিগেক কথনও সফ্ করিতে হয় নাই, টানাপাখার হাওয়া খাইতে থাইতে তাহাদিগের নিকট করপ কল্পনা মধুর লাগিতে পারে; আমারও একদিন লাগিত। কঠোর সভ্যের সম্মুবে উহা এখন বিষম ব্যঙ্গ বলিয়া বোধ হইতেছে।"

"আমার ঐরপ কথায় উক্ত বন্ধু বোধ হয় নিতান্ত ক্ষ্ম হইয়াছিল। দারিদ্যের কিরপ কঠোর পেষণে মৃথ হইতে ঐ কথা নির্গত হইয়াছিল, তাহা সে ব্ঝিবে কেননে !" প্রাতঃকালে উঠিয়া গোপনে অসুসন্ধান করিয়া বেদিন ব্ঝিতাম, গৃহে সকলের পর্যাপ্ত আহার্য নাই, সেদিন মাতাকে 'আমার নিমন্ত্রণ আছে' বলিয়া বাহির হইতাম এবং কোনদিন সামান্ত কিছু থাইয়া, কোন দিন অনশনে কাটাইয়া দিতাম। অভিমানে ঘরে-বাহিরে কাহারও নিকটে ঐ কথা প্রকাশ করিতেও পারিতাম না। ধনী বন্ধুদিগের অনেকে পুর্বের ন্তায় আমাকে তাহাদিগের গৃহে বা উদ্যানে লইয়া যাইয়া সঙ্গীতাদি ত্বারা তাহাদিগের আনন্দবর্ধনে অসুরোধ করিত। এড়াইতে না পারিয়া মধ্যে মধ্যে তাহাদিগের মনোরঞ্জনে প্রবৃত্ত

 [&]quot;অনেক দুখকট্ট পেরে তবে এই অবস্থা হয়েছে, মারীর মলাই, আগনি ছংথকট্ট পান নাই
 তাই; মানি ছংথকট্ট না পেনে ঈশরে সমন্ত সমর্পন হয় না ।" ('কথামৃত', ৬, পরিনিট্ট)।

হইতাম, কিছু অন্তরের কথা তাহাদিগের নিকট প্রকাশ করিতে প্রবৃত্তি হইত না; তাহারাও স্বতঃপ্রবৃত্ত হইয়া ঐ বিষয় জানিতে কথনও সচেষ্ট হয় নাই। তাহাদিগের মধ্যে বিরল তৃই-একজন কথন কখনও বলিত, 'তোকে আজ এত বিষয় ও তুর্বল দেখিতেছি কেন, বল দেখি ?' একজন কেবল আমার অজ্ঞাতে অল্ডের নিকট হইতে আমার অবস্থা জানিয়া লইয়া বেনামী পত্রমধ্যে মাতাকে সময়ে সময়ে টাকা পাঠাইয়া আমাকে চিরশ্বণে আবদ্ধ করিয়াছিল।

"যৌবনে পদার্পণপূর্বক যেসকল বাল্যবন্ধু চরিত্রহীন হইয়া অসত্পায়ে বংসামাল্য উপার্জন করিতেছিল, তাহাদিগের কেহ কেহ আমার দারিন্ত্রের কথা
জানিতে পারিয়া সময় ব্রিয়া দলে টানিতে সচেট হইয়াছিল। তাহাদিগের
মধ্যে যাহারা ইতিপূর্বে অবস্থার পরিবর্তনে সহসা পতিত হইয়া একরপ বাধ্য
হইয়াই জীবনবাত্রা নির্বাহের জল্ম হীনপথ অবলম্বন করিয়াছিল, দেখিতাম,
তাহারা সত্যসত্যই আমার জল্ম ব্যথিত হইয়াছে। সময় ব্রিয়া অবিদ্যারূপিণী
মহামায়াও এই কালে পশ্চাতে লাগিতে ছাড়েন নাই। এক সঙ্গতিসম্পন্না
রমণীর পূর্ব হইতে আমার উপর নজর পড়িয়াছিল। অবসর ব্রিয়া দারিদ্রাছংথের অবসান করিতে পারি! বিষম অবজ্ঞা ও কঠোরতা প্রদর্শনে তাহাকে
নির্ভ করিতে হইয়াছিল। অল্প এক রমণী ঐরপ প্রলোভিত করিতে আদিলে
তাহাকে বলিয়াছিলাম, 'বাছা, এই ছাই ভন্ম শরীরটার জল্ম এতদিন কত কি
তো করিলে! মৃত্যু সন্মুথে—তথনকার সম্বল কিছু করিয়াছ কি ? হীনবৃদ্ধি
ছাড়িয়া ভগবানকে ডাক।'" ('লীলাপ্রস্কা', ৫।১৯৯-২১৩)।

সম্ভবত: এইকালেরই এই জাতীয় একটি ঘটনা স্বামীজীর ইংরেজী জীবনীতে বিরুত হইয়াছে। বাল্যের বন্ধুরা বৌবনোদগমে দর্বক্ষেত্রেই বে স্থমাজিত নৈতিক মার্গে বিচরণ করে, ইহা সতা নহে; কেহ কেহ ভোগে ময় হয় এবং অপরকেও দলে টানিতে চায়। ইহা সংসারের নিত্যকার ঘটনা। নরেক্রনাথেরই কথায় প্রকাশ, এই জাতীয় বন্ধুদের হতে তিনি সম্পূর্ণ অব্যাহতি পান নাই। এক সন্ধ্যায় ভাঁহার অনকয়েক বন্ধু তাঁহাকে গাড়ী করিয়া তাঁহাদের কলিকাতার উপকর্ম্ব এক উত্থানবাটীতে লইয়া যাইতে চাহিলেন। এই সান্ধ্যত্রমণের প্রকৃতি সম্বন্ধে নরেক্রনাথের কোন পূর্বাভিক্ততা না থাকায় তিনি সম্বত হইলেন এবং ব্যাকালে সকলের সহিত সানন্দে গাড়ী করিয়া আসিয়। এক উত্থানবাটীর

ফটকে নামিলেন। ভিতরে প্রবেশ করিয়া দেখিলেন, সেখানে এক দান্ধ্যোৎসবের আন্নোজন হইয়াছে। আনন্দ ক্রিতেই তথায় আগমন ; স্থতরাং গান-বাজন। थुवर रहेन, नदबन्ध यथात्रीिक स्थान मिलन। किছू পরে তিনি ক্লাম্ভ বোধ করিলে বন্ধুরা পার্শ্ববর্তী একখানি ঘর দেখাইয়া দিয়া বলিলেন, তিনি সেখানে গিয়া বিশ্রাম করিতে পারেন। তিনি একাকী শুইয়া আছেন এমন সময় বন্ধদের ঘারা প্রেরিত একটি যুবতী সেই কক্ষে উপস্থিত হইল। ইহার পশ্চাতে কোনও চক্রান্ত আছে ইহা বুঝিতে না পারিয়া নরেন্দ্রনাথ এই আগমনকে সরলভাবেই গ্রহণ করিলেন, এবং যুবভীটি ঐ বাটীরই কেহ হইবে ভাবিয়া তাহার সহিত গল্প জুড়িয়া দিলেন। রমণীও স্বীয় ছ:খ-বিপদ-সঙ্কল জীবনের খনেক ঘটনা শুনাইতে লাগিল। এইভাবে নরেন্দ্রের সবটুকু মন ও সহামভুডি অধিকার করিতে পারিয়াছে ভাবিয়া দে ক্রমে নিজের স্বরূপ প্রকাশ করিল এবং ঐ গৃহে আসার অভিপ্রায়ও খুলিয়া বলিল। অমনি নরেন্দ্র উপস্থিত বিপদের পরিচয় পাইয়। ঝটিতি উঠিয়া দাঁড়াইলেন এবং বাহিরে ঘাইবার জন্ম পা বাড়াইয়া विनातन, "मान कदारान; चामाय अथन त्यां इत्। चाननात श्री चामाव আম্বরিক সহামুভূতি আছে, এবং আপনার মঙ্গল হোক, এই আমি চাই। আপনি যদি বুঝে থাকেন যে, এভাবে জীবনযাপন করা পাপ, তবে একদিন না একদিন আপনি এ থেকে উদ্ধার পাবেন নিশ্চয়।" নরেক্স চলিয়া গেলেন। त्रभगेश रुज्दिक रहेबा वक्तामत्र निकृष्ठ कितिया विनन, "এकसन माधूरक श्रामाञ्ज করতে পাঠিয়ে আপনারা বেশ মদা করলেন দেখছি।" এই বিদদৃশ ঘটনা একদিকে বেমন নরেক্রচরিত্রের দৃঢ়তা প্রকাশ করে, অপর দিকে তেমনি প্রমাণ করে, তাঁহার গুরুবল কিরূপ অমোঘ ছিল !

ষাহা হউক, আমরা পুনর্বার 'লীলাপ্রদক্ষেক' নরেক্রের আত্মজীবন-বর্গনায়ই ফিরিয়া যাই। তিনি বলিয়াছিলেন, "এত তু:খ-কটেও এতদিন আত্তিকার্ছির বিলোপ কিংবা 'ঈশ্বর মঙ্গলময়'—এ কথায় সন্দিহান হই নাই। প্রাতে নিজান্তকে তাঁহাকে শ্বরণ-মননপূর্বক তাঁহার নাম করিতে করিতে শব্যাত্যাগ করিতাম এবং আশায় বুক বাঁধিয়া উপার্জনের উপায় অবেষণে ঘ্রিয়া বেড়াইতাম। একদিন ঐরণে শব্যাত্যাগ করিতেছি, এমন সময়ে পার্শের ঘর হইতে মাতা শুনিতে পাইয়া বলিয়া উঠিলেন। 'চুপ কর, ছোঁড়া! ছেলেবেলা থেকে কেবল শুগবান ভগবান! ভগবান তো সব করেন!' কথাগুলিতে মনে বিষম আঘাত

পাইলাম। শুন্ধিত হইয়া ভাবিতে লাগিলাম, ভগবান কি বাশুবিক আছেন এবং থাকিলেও আমাদের সকলণ প্রার্থনা কি শুনিয়া থাকেন? তবে এত বে প্রার্থনা করি, তাহার কোন উত্তর পাই না কেন? শিবের সংসারে এত অশিব কোথা হইতে আসিল? মহলময়ের রাজ্বত্বে এত প্রকার অমহল কেন? বিভাসাগর মহাশয় পরত্বং কোতর হইয়া এক সময় যাহাবলিয়াছিলেন, 'ভগবান যদি দয়াময় ও মহলময়, তবে তুর্ভিক্ষের করাল কবলে পতিত হইয়া লাথ লাখ লোক তৃটি অল্প না পাইয়া মরেকেন?'—তাহা কঠোর ব্যক্ষরে কর্পে প্রতিধ্বনিত হইতে লাগিল। ঈশবের প্রতি প্রচণ্ড অভিমানে হৃদয় পূর্ণ হইল, অবসর ব্রিয়া সন্দেহ আসিয়া অস্তর অধিকার করিল।

"গোপনে কোন কার্যের অন্থষ্ঠান করা আমার প্রক্কৃতিবিক্লদ্ধ ছিল। বাল্যকাল হইতে কথনও এরপ করা দূরে থাকুক অন্তরের চিন্তাটি পর্যন্ত ভয়ে বা অন্ত কোন কারণে কাহারও নিকট কথনও লুকাইবার অভ্যাস করি নাই। স্থতরাং ঈশর নাই, অথবা যদি থাকেন তো তাঁহাকে ডাকিবার কোন সফলতা বা প্রয়োজন নাই, একথা হাঁকিয়া ডাকিয়া লোকের নিকট সপ্রমাণ করিতে এথন অগ্রসর হইব, ইহাতে বিচিত্র কি? ফলে স্কল্পনিনেই রব উঠিল, আমি নান্তিক হইয়াছি, এবং তৃশ্চরিত্র লোকের সহিত মিলিত হইয়া মত্যপানে ও বেশ্চালয়ে গমনে পর্যন্ত কৃত্তিত নহি! সঙ্গে সংল্প আমারও আবাল্য অনাশ্রয় হৃদয় অথথা নিন্দায় কঠিন হইয়া উঠিল, এবং কেহ জিজ্ঞাসা না করিলেও সকলের নিকট বলিয়া বেড়াইতে লাগিলাম, এই তৃঃথকটের সংসারে নিজ ত্রদৃষ্টের কথা কিছুক্ষণ ভূলিয়া থাকিবার জন্ত যদি কেহ মত্যপান করে, অথবা বেশ্চাগৃহে গমন করিয়া আপনাকে স্থী জ্ঞান করে, তাহাতে আমার যে কিছুমাত্র আপত্তি নাই তাহাই নহে, কিন্তু ঐন্ধপ করিয়া আমিও তাহাদিগের ন্তায় কণিক স্থতাগী হইতে পারি—একথা যেদিন নিঃসংশদ্মে ব্ঝিতে পারিব, সেদিন আমিও ঐন্ধপ করিব, কাহারও ভয়ে পশ্চাৎপদ হইব না।

"কথা কানে হাঁটে। আমার এসকল কথা নানারপে বিরুত হইয়া দক্ষিণেখরে ঠাকুরের নিকট এবং তাঁহার কলিকাতান্থ ভক্তগণের কাছে পৌছিতে বিলম্ব হইল না। কেহ কেহ আমার স্বরূপ অবস্থা নির্ণয় করিতে দেখা করিতে আসিলেন, এবং বাহা রটিয়াছে, তাহা সম্পূর্ণ সত্য না হইলেও কতকটা তাঁহারা বিশাস করিতে প্রস্তুত, ইকিতে ইসারায় জানাইলেন।"

ज्करमत्ररे ता रमाय कि ? ठाँशाता रा मितामृष्टि नरेया खना धरन करत्न নাই। নরেন্দ্রনাথের সম্বন্ধে শ্রীরামক্বফের ধারণা অতি উচ্চ হইলেও এবং নরেক্রের ক্রাট-বিচ্যুতিকে ছেলেমাছ্বি ও অনভিজ্ঞতাজনিত অভিযান বলিয়া তিনি উড়াইয়া দিলেও অপর সকলেই এরপ ভাবিবেন এবং করিবেন ইহা ধরিয়া লইলে অন্তায় হইবে। বরং দেখা যায়, অনেকেই সম্পূর্ণ বিপরীত ধারণা পোষণ কবিতেন। অন্তর্গ ষ্টেশৃক্ত ও নরেন্দ্রের ব্যক্তিগত জীবনের সহিত ঘনিষ্ঠ-পরিচয়-বিরহিত সাধারণের চক্ষে নরেক্রের আত্মবিশ্বাস ও আত্মশ্রদ্ধা দম্ভ বলিয়া প্রতিভাত হইত। তাঁহার অসীম তেজ্বিতাকে তাঁহারা ঔদ্ধত্য বলিয়া ভ্রম করিতেন, এবং তাঁহার কঠোর সত্যপ্রিয়তাকে মিথ্যাভান বা অপরিণত বুদ্ধির মুর্থতা বলিয়া অবজ্ঞা করিতেন। লোকপ্রশংসার প্রতি যিনি উদাসীন, যিনি मर्विविषय म्लाहेवानी, याहात कान वावहादत कान महाठ नाहे, এवः विनि কাহারও ভয়ে কোন কার্য গোপনে করিতে পরাঙ্মুথ, তাঁহার সম্বন্ধে এরুপ বিরুদ্ধ ধারণার উদয় হওয়া অস্বাভাবিক নহে। এইজ্বন্ত নরেজ্রের এক প্রতিবেশী একদিন শরৎচক্রকে (স্বামী সারদানন্দকে) বলিয়াছিলেন, "এই বাটীতে একটা ছেলে আছে, ভাহার মত ত্রিপণ্ডছেলে কখন দেখিনি; বি. এ. পাদ করেছে বলে যেন ধরাকে সরা দেখে। বাপ-খুডোর সামনেই তবলায় চাটি দিয়ে গান धवल, পाष्ट्राव तरपाटकाष्ट्रेरमव मायत मिरप्रहे हुक्के तथरा तथरा हनतमा-এইরূপ সকল বিষয়ে।"

ইহার সমর্থনে স্বামী সারদানন্দ নিজের একটি অভিজ্ঞতার দৃষ্টান্ত দিয়াছেন। ঠাকুরের শ্রীমৃথে নরেক্রের গুণাস্থাদ শুনিবার কয়েক মাস পূর্বে এবং নরেক্রের সহিত কোনরূপ পরিচয়ের আগেই একবার তিনি এক সাহিত্যিক বন্ধুর আলয়ে তাহার সাক্ষাৎ পাইয়াছিলেন। ঐ বন্ধুটি তথন গৌরমোহন মুখালা স্লীটে নরেক্রদের বাড়ীরই সমুথে এক ভাড়াবাড়ীতে ছিলেন। ঐ বন্ধুর বিবাহের পর স্বামী সারদানন্দ (ভদানীস্তন শরৎচন্দ্র) লোকম্থে শুনিতে পান যে, বন্ধুর স্বভাব উচ্ছুম্বল হইয়াছে এবং নানা অসহপায়ে অর্থ উপার্জন করিতে তিনি কৃষ্টিত নহেন। সত্যাসত্য নির্ধারণের জন্ম একদিন তিনি বন্ধুগৃহে উপস্থিত হইলেন। বন্ধু ভিতরে ছিলেন, তাই তিনি বাহিরের ঘরে অপেকা করিতেছেন, এমন সময় এক যুবক সেই ঘরে চুকিলেন এবং পরিচিতের স্থায় নিঃসন্ধোচে একটি তাকিয়ায় অর্থণায়িত হইয়া গুণগুণ করিয়া একটি হিন্দী গানের স্বংশবিশেষ

গাহিতে লাগিলেন। গানের মধ্যে "কানাই" ও "বাঁশরী" এই শব্দবয় তনিয়া তাঁহার ধারণা হইয়াছিল গানটি ক্লফবিষয়ক। সৌধীন না হইলেও যুবকের পরিষ্কার পরিচ্ছদ, কেশের পারিপাট্য, উন্মনা দৃষ্টি, "কালার বাঁশীর" গান এবং উচ্ছুম্মল বন্ধুর সহিত ঘনিষ্ঠতা ইত্যাদি সব মিলাইয়া শরৎচক্র সিদ্ধান্ত করিয়া বসিলেন, এইরূপ লোকের সহিত মিশিয়াই বন্ধুর অধোগতি হইয়াছে, এ যুবক উচ্ছুখল বন্ধুরই অনুচর। একটু পরেই বন্ধু বাহিরে আসিলেন এবং শরৎচক্রের সহিত দীর্ঘকাল পরে দেখা হইলেও তুই একটি বাক্যালাপের পরেই ঐ অপরিচিত যুবকের সহিত নানাবিধ দীর্ঘ আলাপে নিযুক্ত হইলেন। পরিস্থিতি বেদনাপ্রদ হইলেও ভদ্রতাহিদাবে বদিয়া বদিয়া শরৎচন্দ্র তাঁহাদের সাহিত্যিক আলোচনা ভনিতে লাগিলেন। বন্ধু বলিতেছিলেন, রচনামাত্রকেই সাহিত্য বলা চলে ; স্মার যুবক বলিতেছিলেন, ভাবপ্রকাশের সঙ্গে স্থকটি এবং উচ্চ আদর্শও থাকা ষ্মাবশ্রক। যুবক চদার প্রভৃতি ইংরেজ কবির বাক্য উদ্ধৃত করিয়া স্মাপন পক্ষ ममर्थन कतिरामन এवः मानवममाखरक घूटे ভागে विভক্ত कतिया विमानन, এक শ্রেণীর লোক বিষয়কেই সত্য ভাবিয়া উহার ভোগকেই জীবনের চরম লক্ষ্য মনে করে, আপাতসতা বস্তকেই আদর্শ বলিয়া গ্রহণ করে। আর বিতীয় শ্রেণীর লোক উচ্চতর আদর্শ অমুভব করিয়া বহিবিষয়কে সেই ছাচে গড়িতে চায়, আদর্শকে বান্তবে রূপায়িত করে। পরিশেষে তিনি বলিলেন, ঐরূপ আদর্শকে জীবনে পূর্ণরূপে প্রতিষ্ঠিত করিতে পারিয়াছেন একমাত্র দক্ষিণেশরের পরমহংসদেব।

এইসকল আলোচনায় সন্তোষ জন্মিলেও শরৎচক্রের অন্থমান হইল, এই যুবকের কথায় ও কাজে সামঞ্জত নাই। তাহার কয়েক মাস পরে ঠাকুরের নিকট নরেক্রের প্রশংসা ওনিয়া যথন তাঁহাকে দেখিবার আগ্রহ জন্মিল এবং ঠাকুরের নিকট ঠিকানা জানিয়া লইয়া নরেক্রের নিকট উপস্থিত হইলেন, তথন তাঁহার আর বিশ্বয়ের সীমা রহিল না—উচ্চুখল বন্ধুর অন্থচর সেই ত্রিপণ্ড যুবকই শ্রীরামক্ষের নরেক্র !

প্রসন্ধাগত দৃষ্টাস্ত হইতে ভক্ত ও অভক্ত সকলেরই মনে ঐকালে নরেক্সনাথ সম্বন্ধে কির্মণ বিষ্কৃত ও বিরুদ্ধ ধারণার উৎপত্তি হইয়াছিল, তাহা সহজেই বোধগম্য হইবে। হাহা হউক, আমরা এই প্রাসন্ধিক বিষয় পরিত্যাগ করিয়া পুনর্বার নরেক্সনাথের স্বমুখোক্তিতেই ফিরিয়া বাই। ভক্তগণ ঔৎস্ক্যভরে ढांशांक দেখিতে আসিয়া—তিনি নান্তিক⁸, কুসংসগী, পথভাই ইত্যাদি বিকল-धारावारहे चालाम पिरानम- এই कथार छ स्थार सराख नारत चार व रानेशाहिरानन, "আমাকে তাঁহারা এতদুর হীন ভাবিতে পারেন জানিয়া আমিও দারুণ অভিমানে ফীত হইয়া দণ্ড পাইবার ভয়ে ঈশবে বিশাস করা বিষম তুর্বলতা, একথা প্রতিপন্নপূর্বক হিউম, বেন. মিল, কোঁতে প্রভৃতি পাশ্চান্তা দার্শনিক সকলের মতামত উদ্ধৃত করিয়া ঈশ্বরের অভিত্যের প্রমাণ নাই বলিয়া তাঁহাদিগের সহিত প্রচণ্ড তর্ক জুড়িয়া দিলাম। ফলে ব্রিতে পারিলাম, আমাব অধ:পতন হইয়াছে, একথায় বিশ্বাস দটতর করিয়া তাঁহারা বিদায় গ্রহণ করিলেন : ব্রিয়া আনন্দিত হইলাম এবং ভাবিলাম, ঠাকুরও হয়তো ইহাদের মুধে ভনিয়া ঐরপ বিশ্বাস করিবেন। এরপ ভাবিবামাত্র আবার নিদারণ অভিমানে অন্তর পূর্ণ হইল। ন্থির করিলাম, তা করুন-মান্তবের ভাল-মন্দ মতামতের যথন এতই অলমুল্য, তথন তাহাতে আদে যায় কি ? পরে ভনিয়া শুম্বিত হইলাম, ঠাকুর তাঁহাদের মুখে ঐ কথা ভূনিয়া প্রথমে হাঁনা কিছুই বলেন নাই; পরে ভবনাথ রোদন ক্রিতে ক্রিতে তাঁচাকে ঐ কথা জানাইয়া যথন বলিয়াছিল—'মহাশয়, নরেন্দ্রের এমন হইবে একথা স্বপ্লেরও অগোচর !'—তখন বিষম উত্তেজিত रुरेया जिनि **जाहारक विनयाहित्नन, 'हल कत्र, भानाता।** या विनयाहिन, रि ক্থনও ঐব্ধপ হইতে পারে না। আর ক্থনও আমাকে ঐসকল কথা বলিলে তোদের মুখ দেখিতে পারিব না।

"এইরপে অহমারে অভিমানে নান্তিকতার পোষণ করিলে হইবে কি ? পরক্ষণেই বাল্যকাল হইতে, বিশেষতঃ ঠাকুরের সাক্ষাংকারের পরে, জীবনে যেসকল অভুত অমুভৃতি উপস্থিত হইয়াছিল, সেই সকলের কথা উজ্জেলবর্ণে মনে উদয় হওয়ায় ভাবিতে থাকিতাম—ঈশ্বর নিশ্চয় আছেন এবং তাঁহাকে লাভ

৪। নরেন্দ্র কি সভাই কথনও নাত্তিক হইরাছিলেন ? আমরা দেখিরাছি, মহাবিভালরে আধারনকালে তিনি একসময়ে ঐক্লপ চিন্তার নিরত ছিলেন, পিতৃবিরোগের পরও নাত্তিকতার আভাস পাই। ১৮৮৪ খুটান্দের ২রা মার্চ তিনি বলিতেছেন, "আমি নাত্তিক মত পড়ছি।" ('কণামৃত' ৩৮।২)। আমাদের বিধাস, ইহা অতি ভাসাভাসা ভাবেই তিনি এহণ করিরাছিলেন, কতকটা ভসবানের প্রতি অভিযানভরে, এবং কতকটা বৌদ্ধিক উৎস্কোর কলে—প্রকৃতপক্ষে ইহা ভাহার চিরিত্রের অভ্যন্তল পর্ল করে নাই। এইক্লপ না হইলে নরেন্দ্র-চিরিত্র বুকা এবং বুকানো অসভব। ভাহার উদ্ধৃত ব্যবাহ্যিও আমাদের মতের সমর্থক।

করিবার পথও নিশ্চয় আছে, নতুবা এই সংসারে প্রাণধারণের কোনই আবশুকতা নাই। ছংথকট জীবনে ষতই আহ্মক না কেন, সেই পথ খুঁজিয়া বাহির করিতে হইবে। এরপে দিনের পর দিন যাইতে লাগিল এবং সংশয়ে চিত্ত নিরম্বর দোলায়মান হইয়া শান্তি স্বদ্রপরাহত হইয়া রহিল, সাংসারিক অভাবেরও ব্লাস হইল না।

"গ্রীমের পর বর্ধা আদিল। এখনও পুর্বের তায় কর্মের অফুসদ্ধানে ঘূরিয়া বেড়াইতেছি। একদিন সমস্ত দিবস উপবাসে ও বুষ্টিতে ভিজিয়া রাজে অবসন্নপদে এবং ততোধিক অবসন্নমনে বাটীতে ফিরিতেছি, এমন সময়ে শরীরে এত ক্লান্তি অহভব করিলাম যে, আর একপদও অগ্রসর হইতে না পারিয়া পার্যস্থ বাটীর 'রকে' জড় পদার্থের ভাষ পড়িয়া রহিলাম। কিছুক্সণের জভ চেতনার লোপ হইয়াছিল কিনা বলিতে পারি না। এটা কিন্তু স্মরণ আছে, মনে নানা বর্ণের চিস্তা ও ছবি তখন আপনা হইতে পর পর উদয় ও লয় হইতেছিল এবং উহাদিগকে তাড়াইয়া কোন এক চিন্তাবিশেষে মনকে আবদ্ধ द्राधित, এরপ সামর্থ্য ছিল না। সহসা উপলব্ধি করিলাম, কোন এক দৈবশক্তি-প্রভাবে একের পর অন্ত এইরূপে ভিতরের অনেকগুলি পদা যেন উত্তোলিত হইল এবং শিবের সংসারে অশিব কেন, ঈশরের কঠোর তায়পরতা ও অপার করুণার সামঞ্জন্ত প্রভৃতি ঘেদকল বিষয় নিণয় করিতে না পারিয়া মন এত দিন নানা সন্দেহে আকুল হইয়াছিল, দেই সকল বিষয়ের স্থির মীমাংসা অন্তরের নিবিড়তম প্রদেশে দেখিতে পাইলাম। আনন্দে উৎফুল্ল হইয়া উঠিলাম। অনম্বর বাটী ফিরিবার কালে দেখিলাম, শরীরে বিন্দুমাত্র ক্লান্তি নাই, মন অমিত বল ও শান্তিতে পূর্ণ, এবং রজনী অবসান হইবার স্বল্লই বিলম্ব আছে।

"সংসারের প্রশংসা ও নিন্দায় এখন হইতে এককালে উদাসীন হইলাম এবং ইতরসাধারণের ফ্রায় অর্থোপার্জন করিয়া পরিবারবর্গের সেবা ও ভোগস্থের কালধাপন করিবার জ্ঞ আমার জ্ম হয় নাই—একথায় দৃঢ় বিশ্বাসী হইয়া পিতামহের ফ্রায় সংসারত্যাগের জ্ঞ গোপনে প্রস্তুত হইতে লাগিলাম। ঘাইবার দিন স্থির হইলে সংবাদ পাইলাম, ঠাকুর এদিন জনৈক ভক্তের বাটাতে আসিতেছেন। ভাবিলাম, ভালই হইল, গুকদর্শন করিয়া চিরকালের মতো গৃহত্যাগ করিব। ঠাকুরের সহিত সাক্ষাৎ হইবামাত্র তিনি ধরিয়া বসিলেন, 'ভোকে আজ আমার সহিত দক্ষিণেশরে ঘাইতে হইবে।' নানা ওছর করিলাম; তিনি কিছুতেই ছাডিলেন না। অগত্যা তাঁহার দক্ষে চলিলাম। গাডীতে তাঁহার সহিত বিশেষ কোন কথা হইল না। দক্ষিণেশ্বে পৌছিয়া অন্য সকলের দহিত কিছুক্ষণ তাঁহার গৃহে উপবিষ্ট রহিয়াছি, এমন সময়ে ঠাকুরের ভাবাবেশ হইল। দেখিতে দেখিতে তিনি সহসা নিকটে আসিয়া আমাকে সক্ষেহে ধারণপুরক সঞ্জলনয়নে গাহিতে লাগিলেন—

কথা কহিতে ভরাই না কহিতেও ভরাই
আমার মনে সন্দ হয় বুঝি তোমায় হারাই, হা রাই!
আমারা জানি যে মন তোব দিলাম তোকে সেই মন্তর—
এপন মন তোব ,

আমরা যে মন্ত্রে বিপদেতে তরি তরাই॥

"অন্তরের ভাবরাশি এতক্ষণ সমত্রে রুদ্ধ বাগিয়াছিলাম, আর বেগ সম্বর্ধ করিতে পারিলাম না; ঠাকুরের লায় আমারও বক্ষ নয়নগারায় প্লাণিত হইতে লাগিল। নিশ্চয়ব্ঝিলাম, ঠাকুর সকল কথা জানিতে পারিয়াছেন! আমাদিগের এরূপ আচরণে অপর সকলে স্তস্তিত হইয়া বহিল। প্রক্রতিস্থ ইইবার পরে কেহ কেহ ঠাকুরকে উহার কারণ জিজ্ঞাসা করায় তিনি ইয়ং হাস্তা করিয়া বলিলেন, 'ও আমাদের একটা হয়ে গেল।' পরে রাত্রে সকলকে সরাইয়া আমাকে নিকটে ভাকিয়া বলিলেন, 'জানি আমি, তুমি মার কাজের জল্ম আসিয়াছ, সংসারে কথনই থাকিতে পারিবে না; কিন্তু আমি ষতদিন আছি, ততদিন আমার জল্ম থাক।' বলিয়াই ঠাকুর হৃদয়ের আবেগে রুদ্ধকেও প্ররাম অঞ্ববিসর্জন করিতে লাগিলেন।"

উদ্ধৃতি স্থদীর্ঘ ; কারণ প্রত্যক্ষাম্ভূতির স্বম্পোক্ত বিবরণ ধর্মের ইতিহাসে বছই বিরল ; বিশেষতঃ মর্মন্ত্রদ দারিদ্যানিপীডনের সহিত ইম্বরীয় ভাবের, অশিবের সহিত শিবের যে হন্দ ইহজগতে চিরকাল চলিয়া আসিতেছে ; উহার

^{ে। &#}x27;কথামৃতে' (২।২০)২) দেখিতে পাই, শ্রীরামকৃক্ষ নরেন্দ্রকে উদ্দেশ করিয়া (১৮৮৫ এর ১লা মার্চ) এই একই গান গাহিতেছেন; কিন্তু উভয়ন্থলে কাল, ভাব ও পরিবেশ ভিন্ন। অতএব কেবল গানের একত্ব দেখিয়া ঘটনাছাকে অভিন্ন বলা চলে না। 'লীলাপ্রসন্তে'র কাল বর্বা, 'কণামৃতে'র কাল ভাস্তুনের মধ্যভাগ। 'লীলাপ্রসঙ্গে' গৃহত,াগোমুগ নরেন্দ্রকে প্রতিনিবৃত্ত করা ইইতেছে, 'ক্থামৃতে' গিরিশের সহিত বেশী মিশিতে বারণ করিয়া বৈরাগোর উপদেশ দেওয়া ইইতেছে। 'লীলাপ্রসঙ্গে' কানার উরেধ আছে, 'ক্থামৃতে' নাই।

সামঞ্জপূর্ণ অর্থবাধ নিজমুণে, নিজভাষায় এভাবে ব্যক্ত না হইলে কুলাধিকারী আমাদের হৃদয় স্পর্ণ করে না। লোকাতীত পুরুষ স্বামী বিবেকানন্দ বৌবনে কিভাবে জগতের অনায়ত প্রকৃতির সাক্ষাং পরিচয় পাইয়াছিলেন, মনে তথন কিরপ ভাবরাশি ক্রীড়া করিতেছিল, এবং জগতের প্রলোভনকে পদদলিত করিয়া কিরপে অনাবিল শান্তির পথে অগ্রসর হইয়াছিলেন—এই সকল বিবরণ স্বর্ণাক্ষরে লিখিত থাকার য়োগা। কারণ পরে য়থন শুনিতে পাই, স্বামীজী বনের বেদাস্থকে লোকালয়ে আনিয়াছেন, ঘাত-প্রতিঘাতপূর্ণ জীবনেরই মধ্যে ধর্মের অটল সিংহাসন প্রতিষ্ঠিত করিয়াছেন, তখন উহার প্রকৃত অর্থ কি, এবং উহার পশ্চাতে কি কঠোর সাধনা রহিয়াছে, তাহা উপলব্ধি করিতে হইলে শুরু তাহার বাগ্মিতায় মৃয় হইলে চলিবে না, জীবনের অভিজ্ঞতার পরিপ্রেশ্বিভেই সে বাগ্মিতায় মৃয় হইলে চলিবে না, জীবনের অভিজ্ঞতার পরিপ্রেশ্বিতেই সেবাণীর অর্থায়্থবান করিতে হইবে; দরিদ্রনারায়ণের পুজক দারিস্থোর পেষণ স্বয়ং কিভাবে সহু করিয়াছিলেন, তাহাও সবিশেষ জানিতে হইবে। স্বামীজীর বাণী ও রচনা তো শুরু আলয়ারিক শন্ধরাশির সমাবেশনহে, উহা জীবনায়ভূতির রসে পরিপূর্ণ প্ররণাপ্রদ জীবন্ত প্রাণপ্রবাহ।

তাঁহার জীবনের অভিজ্ঞত। কিন্তু এথানেই পরিসমাপ্ত হয় নাই। এ পর্যন্ত ছাংশের সহিত তাঁহার পরিচয় ঘটিয়াছে, ছংখরহস্ত তিনি উদ্ঘাটিত করিয়াছেন; কিন্তু মহামায়ার সহিত এখনও তাঁহার কোন আত্মক সম্বন্ধ স্থাপিত হয় নাই। মায়ার অতি নিকটে আসিলেও তিনি এখাবং তাহার সহিত বিভেদ রাখিয়া দ্ব হইতে প্রতিস্পাধী বীবেরই ভায় তাহাকে নিরাক্ষণ করিয়াছেন—স্থাতু:খম্মী মহামায়া রহস্তময়ীরপেই তাহার নিকট ধরা দিয়াছেন। শ্রীগুরুর কুপায় এক রোমাঞ্চকর ঘটনাবলম্বনে সে সম্বন্ধের রূপ পরিবত্তিত হইল।

পূর্ববর্ণিত ঘটনার পরদিন দক্ষিণেশ্বর হইতে ফিরিয়া নরেন্দ্রকে আবার বান্তবতার সন্মুখে নয়৸ষ্টি লইয়া দাঁড়াইতে হইল। সংসারের শত চিন্তা আসিয়া আবার হৃদয় আচ্ছয় করিল; অথোপার্জনের জন্ম আবার ঠাহাকে রান্তায়নামিতে হইল; কিন্তু এত করিয়াওপরিবারের ভরণপোষণের হ্ববাবদ্বাহইলনা; তিনি নানা উপায়াবলম্বনে ভর্ ঠেকা দিয়া যাইতে লাগিলেন মাত্র। এখানে সেখানে সাময়িক চাকুরি লইয়া এবং কয়েকথানি পুস্তকের অন্থবাদ করিয়াকোন প্রকারে দিন কাটিতে লাগিল। কিছুকাল পরে তাহার মনে ইইল, "ঠাকুরের কথা তো ঈশ্বর শুনেন; তাহাকে অন্থরোধ করিয়া মাতা ও লাতাদিগের খাওয়া-পরার কট যাহাতে দ্র

হয়, এরপ প্রার্থনা করিয়া লইব; আমার জক্ত ঐরপ করিতে তিনি কখনই অস্বীকার করিবেন না।" অমনি তিনি দক্ষিণেশরে ছুটিলেন এবং নাছোড়বান্দা হইয়া ঠাকুরকে ধরিয়া বদিলেন, "মা ভাইদের আথিক কট নিবারণের জক্ত আপনাকে মাকে জানাইতে হইবে।" ঠাকুর বলিলেন, "ওরে, আমি যে ওসব কথা বলতে পারি না। তুই যা না কেন? মাকে মানিস না—সেই জক্তই তোর এত কট।" নরেন্দ্র বলিলেন, "আমি তো মাকে জানি না; আপনি আমার জক্ত মাকে বল্ন—বলতেই হবে; আমি কিছুতেই আপনাকে ছাড়ব না।" ঠাকুর সম্মেহে বলিলেন, "ওরে, আমি যে কতবার বলেছি, 'মা, নরেন্দ্রের ত্ংথ-কট দ্র কর!' তুই মাকে মানিস না; সেই জক্তই তো মা ভনেন না। আছো, আজ মঙ্গলবার; আমি বলছি, আজ রাত্রে কালীঘরে গিয়ে মাকে প্রণাম করে তুই যা চাইবি, মা তোকে তাই দিবেন। মা আমার চিয়য়ী ব্রহ্মশক্তি—ইচ্ছায় ভগং প্রস্ব করিয়াছেন; তিনি ইচ্ছা করিলে কী না করিতে পারেন গ"

দৃচবিশ্বাস হইল, ঠাকুর যথন এরপ বলিভেছেন, তথন মা আৰু প্রার্থনা অবস্থাই শুনিবেন এবং আছাই এই তুংখ-দারিন্দ্রের উপর চিরয়বনিকাপাত হইবে। অতএব নরেন্দ্রনাথ উৎকৃষ্টিতহৃদয়ে রাত্রির জন্ম অপেক্ষা করিতে লাগিলেন। ক্রমে রাত্রি আসিল এবং এক প্রহর অতীত হইয়া গভীর অমানিশা আরম্ভ হইল। তথন নরেন্দ্রনাথ শ্রীমন্দিরে মাত্চরণে নিবেদন জানাইবার জন্ম ঠাকুরের আদেশে সোংসাহে মন্দিরাভিম্থে চলিলেন। যাইতে বাইতে তিনি একটা গাঢ় নেশায় সমাছের হইয়া পড়িলেন; পা টলিতে লাগিল এবং মাকে সত্য সত্য দেখিতে এবং তাঁহার শ্রীম্থের বাণী শুনিতে পাইবেন, এই অটুট বিশ্বাসে মন অন্ধ সমস্ভ ভূলিয়া একান্ত একাগ্র হইয়া শুর্ কথাই ভাবিতে লাগিল। মন্দিরে উপন্থিত হইয়া দেখিলেন, মা সত্যসত্যই চিয়য়ী, সত্যসত্যই জীবিতা এবং অনম্ভ প্রেম ও সৌন্দর্যের প্রস্তাম করিতে করিতে তিনি বলিতে লাগিলেন, "মা, বিবেক দাও, বৈরাগ্য দাও, জান দাও, ভক্তি দাও; বাহাতে তোমার অবাধ দর্শন নিত্য লাভ করি ঐরপ করিয়া দাও।" শাস্ভিতে তাঁহার হৃদয় আপুত হইল; জগং সংসার এককালে বিলীন হইয়া হৃদয়ে শুরু মা বিরাজিতা রহিলেন।

ঠাকুরের নিকট ফিরিবামাত্র তিনি জিজ্ঞাসা করিলেন, "কিরে, মার নিকটে সাংসারিক অভাব দূর করিবার প্রার্থনা করিয়াছিস তো ?" প্রশ্নে চমকিড হইয়া

নরেন্দ্র উত্তর দিলেন, "না মহাশয়, ভূলিয়া গিয়াছি ! তাই তো, এখন কি করি?" ঠাকুর বলিলেন, "বা যা, ফের যা, গিয়ে ঐ কথা জানিয়ে আয়।" নরেন্দ্র আবাব মন্দিরে গেলেন, আবার মায়ের সম্মুধে উপস্থিত হইয়া সংসারের কথা ভূলিলেন এবং পুনংপুনং প্রণাম পূর্বক মার নিকট জ্ঞানভক্তি লাভের প্রার্থনা জ্ঞানাইয়া ফিরিলেন। ঠাকুর হাসিতে হাসিতে বলিলেন, "কিরে, এবার বলিয়াছিদ্ তো ?" আবার চমকিত হটয়া নরেক্স বলিলেন, "না মহাশয়, মাকে দেখিবামাত্র কি এক দৈবীশক্তি প্রভাবে সব কথা ভূলিয়া কেবল জ্ঞানভক্তি লাভের কথা বলিয়াছি। কি হবে ?" ঠাকুর বলিলেন, "দুর ছোডা, আপনাকে একট সামলাইয়া ঐ প্রার্থনাটা করিতে পারিলি না ? পারিদ তো আর একবার গিয়ে ঐ কথাগুলো জানিয়ে আয়, শীন্ত যা!" তিনি আর একবার গেলেন; কিন্তু মন্দিরে প্রবেশ করিবামাত্র দারুণ লজ্জায় অভিভত হইয়া পড়িলেন—একি ডচ্চ কথা মাকে বলিতে তিনি আসিয়াছেন ! ঠাকুর যে বলেন, "রাজার প্রসন্মতা লাভ করিয়া তাঁহার নিকট লাউ-কুমড়া ভিক্ষা করা।" এযে সেই নিবৃদ্ধিতা। এমন হীন বৃদ্ধি নরেন্দ্রনাথের হইবে ? তিনি লজ্জায় ঘুণায় মর্মাহত হইয়া পুন:পুন: প্রণামপুর্বক প্রার্থনা করিতে লাগিলেন, "অন্ত কিছু চাহি না মা, কেবল জ্ঞান ভক্তি দাও।"

মন্দিরের বাহিরে আদিয়া তাঁহার মনে হইল, ইহা নিশ্চয়ই ঠাকুরের থেলা; নতুবা তিন তিনবার মার নিকটে আদিয়াও বলা হইল না! কাজেই তিনি ঠাকুরকে ধরিয়া বসিলেন, "আপনিই নিশ্চিত আমাকে এইরপে ভূলাইয়া দিয়াছেন, এখন আপনাকে বলিতে হইবে, আমার মা-ভাইদের গ্রাসাচ্ছাদনের অভাব থাকিবে না।" ঠাকুর বলিলেন. "ওরে, আমি যে কাহারও জন্ম ঐরপ প্রার্থনা কখনও করিতে পারি নাই, আমার মুখ দিয়া যে উহা বাহির হয় না। তোকে বললুম, মার কাছে য়াহা চাইবি তাহাই পাইবি; তুই চাহিতে পারিল না। তোর অদৃষ্টে সংসারস্থধ নাই, তা আমি কি করিব ?" নরেক্র তব্বলিলেন "তাহা হইবে না মহাশয়, আপনাকে আমার জন্ম ঐ কথা বলিতেই হইবে দ আমার দৃঢ়বিশ্বাস —আপনি বলিলেই তাহাদের আর কট থাকিবে না।" ঐরপে যখন নরেক্রনাথ কিছুতেই ছাড়িলেন না, তথন ঠাকুর বলিলেন, "আচ্ছা য়া, তাদের মোটা ভাত-কাপড়ের কখনও অভাব হবে না।"

वना वाहना, এই অভিজ্ঞতার ফলে নরেক্সনাথের জীবনে অধিকতর পূর্ণতা

ও উদারতা উপস্থিত হইল। তিনি পূর্বে দেবদেবীর মৃতিকে প্রণাম করিতে পারিতেন না; আজ উহার অর্থ তাঁহার হৃদয়কম হওয়ায় তাঁহার হৃদয়কপাট খুনিয়া গিয়া এক অপুর্ব ভক্তিধারা নিঃস্ত হইতে থাকিল।

ঠাকুরের যে ইহাতে অশেষ সম্ভোষ হইয়াছিল, তাহা তিনি তাঁহার শ্রীমুখেই প্রকাশ করিয়াছিলেন। পরদিন দিপ্রহরে ভক্ত বৈকুণ্ঠনাথ সাল্ল্যাল মহাশম দক্ষিণেশ্বরে উপস্থিত হইয়া দেখিলেন. ঠাকুর একাকী স্বকক্ষে বিদিয়া আছেন এবং নরেন্দ্র বাহিরে এক পার্শ্বে নিজিত রহিয়াছেন। ঠাকুরের মুখ আনন্দে উৎফুল্প। নিকটে ঘাইয়া প্রণাম করিতেই তিনি নরেন্দ্রকে দেখাইয়া বলিলেন, "ওরে দেখ, ঐ ছেলেটি বড় ভাল, ওর নাম নরেন্দ্র। আগে মাকে মানত না, কাল মেনেছে। কটে পড়েছে, তাই মার কাছে টাকাকডি চাইবার কথা বলে দিয়েছিলাম, তা কিন্ধ চাইতে পারলে না। বলে—'লক্ষ্যা করলে।' মন্দির থেকে এলে আমাকে বললে, 'মার গান শিথিয়ে দাও।' 'মা ডং হি তারা' গানটি শিথিয়ে দিলাম। কাল সমস্ত রাত ঐ গানটা গেয়েছে; তাই এখন য়য়য়ছেছে।" আবার সহাক্ষে বলিলেন, "নরেন্দ্র কালী মেনেছে, বেশ হয়েছে—না ?" বৈকুণ্ঠনাথও অম্বমোদন করিয়া বলিলেন, "হাা মহাশয়, বেশ হইয়াছে।" ঠাকুর কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া আবার ছেলেমায়্রের মতো হাসিতে হাসিতে বলিলেন, "নরেন্দ্র মাকে মেনেছে! বেশ হয়েছে—কমন ?" ঐ কথাই বার বার য়ৢরাইয়া ফ্রেরাইয়া বলিয়া তিনি আনন্দ করিতে লাগিলেন। '

 ⁽ আমার) মা তং হি তারা।
 তুমি ত্রিগুণধরা পরাৎপরা,
 তোবে জানি মা ও দীন-দরাময়ী, তুমি হুর্গমেতে হুঃথহয়া য়
 তুমি জলে, তুমি ছলে, তুমিই আঘমুলে গো মা।
 আছ সর্বঘটে, অকপুটে—সাকার, আকার, নিরাকারা য়
 তুমি সজ্ঞা, তুমি গায়ত্রী, তুমিই জগজাত্রী গো মা।
 তুমি অকুলের ত্রাণক্রী, সদাশিবের মনোহরা য়

৭। কেহ কেহ বলেন, নরেন্দ্রের গৃহত্যাগের সকল্পের তারিপ ১লা মার্চ, ১৮৮৫। এদিকে ভিনি ১১ই মার্চ পিরিশবাবুর বাড়ীতে বদিরা ঠাকুরকে বলেন, "কই, কালীর ধান তিন-চার দিন করলাম, কিছুই ডো হল না!" তাহাতে ঠাকুর উত্তর দেন, "ক্রমে হবে।" এই কথাবার্তা মা কালীকে বীকার করার পরে হওরাই সভব। অতএব মা কালীর নিকট অর্থ চাহিতে বাইবার তারিথ হুইবে ২রা মার্চ

ইহা স্বামরা সহজেই বুঝিতে পারি যে, একজন কুতবিগু মেধাবী ব্রাহ্মযুবক প্রতিমাপুলা স্বীকার করিয়া লইয়াছেন বলিয়াই ঠাকুরের আনন্দ হইয়াছিল— এইদ্ধপ ধারণা সত্য নহে। স্থামাদের বিশ্বাস, ঠাকুর এই স্বীকৃতিকে কোন সাম্প্রদায়িক সঙ্কীর্ণ দৃষ্টিতে দেখেন নাই। জগতে বিভেদ-বিচ্ছেদ-জনিত স্থ্য-তৃ:খ, পাপ-পুণ্য, শিব-অশিবের মধ্যে যে বিরোধ চিরবিভ্যমান, তাহার অতীতে ষাইবার জন্ম বৃদ্ধদেব নির্বাণের আশ্রয় লইয়াছিলেন নেতিয়ার্গে সমস্ত অস্বীকার করিয়া। মায়াবাদী তোভাপুরী প্রকৃতির ব্যাবহারিক মায়িক সন্তা স্বীকার করিলেও উহাকে ঘুণাভরে প্রত্যাধ্যান করিয়াই চলিতেন। তবু অবশেষে মা কালীর স্বীকৃতি অবলম্বনেই আদিয়াছিল তাঁহার অধ্যাত্মারুভূতির পরিপুর্ণতা। অবৈতজ্ঞানে আর্ঢ় শ্রীরামরুষ্ণ স্বীকার করিতেন না যে, শুধু চক্ষু মুদ্রিত করিয়াই ভগবানের সাক্ষাৎকার লাভ হয়, চকু খুলিয়া নহে। তিনি ইতিমার্গে চলিয়া "मर्वः थलू हेमः बन्धा — এই তত্তও অপরিজ্ঞাত ছিলেন, আর দেখিয়াছিলেন, এখানেই সমস্ত জাগতিক ছল্ডের প্রকৃত সমাধান। ক্রুৎপিপাসাক্লিষ্ট ক্লান্তদেহ নরেন্দ্রনাথ একদিন পথিপার্থে 'রকে' শঘন করিয়া অসামঞ্জস্তপূর্ণ অশিবময় সংসারে বে সামঞ্জন্তের আভাস পাইয়া দিব্য শান্তি অমুভব করিয়াছিলেন, মা কালীতে তিনি আৰু পাইলেন সেই অম্পষ্টোপলন্ধ সত্যেরই চাক্ষ্য রূপায়ণ। অসিমুগুধারিণী বরাভয়করা নুমুওমালিনী সহাস্থবদনা খেতশিবার্টা তমোবর্ণা রক্তরঞ্জিতাকায়া অশিবশাশানচারিণী সর্বাশিবরূপা সর্বমঙ্গলা সর্বস্থরূপা কালীর সর্বগ্রাসী অধৈত-ভত্তের যিনি সাক্ষাৎকার করিয়াছেন, তিনি ধলা। নরেন্দ্রনাথ আজ সেই উদার অবিতীয় সর্বময় তত্তাহুভূতিরই অধিকারী। স্থপ্তোখিত নরেক্রের প্রতি ঠাকুরের ঐ দিবসের আচরণও তাই এই অমুভবেরই অমুদ্ধণ হইয়াছিল। নরেন্দ্রকে যে গান পুর্বরাত্রে শিখাইয়া দিয়াছিলেন, তাহারও মর্ম অমুরূপ।

নিজ্ঞাভঙ্গে বৈকালে প্রায় চারিটার সময় নরেক্স ঠাকুরের গৃহে প্রবেশ করিলেন। তিনি হয়তো বিদায় লইতে আসিয়াছিলেন; কিন্তু তাঁহাকে দেখিবা-

ছইতে ৭ই মার্চের মধ্যে কোনও একদিন (৭ ও ১১ এর মধ্যে তিন-চারিদিন ধানের জ্লন্ত ছাড়িরা দিতে হইবে)। কিন্তু আমাদের মতে, আলোচা মটনাটি ১১ই মার্চের পূর্ববর্তী হইলেও উহা ২রা হইতে ৭ই মার্চের মধাবর্তী বলিরা মানিরা লইবার পক্ষে কোন অকাটা বৃক্তি নাই। আর বামীজীর গৃহ-ভ্যাদের সম্বন্ধের তারিখও ১লা মার্চ নহে (৫ম পাদটীকা জ্লন্তবা)।

মাত্র ঠাকুর ভাবাবেশে তাঁহার গা-ঘেঁদিয়া-প্রায় তাঁহার ক্রোড়ে-জাদিয়া বসিলেন এবং আপনার ও নরেন্দ্রের শরীর পর পর দেখাইয়া বলিতে লাগিলেন. "দেখছি কি-এটা আমি, আবার এটাও আমি! সতা বলছি, কিছুই তফাং বুঝতে পারছি না! যেমন গঙ্গার জলে একটি লাঠি ফেলায় হুটো ভাগ দেখাছে —সত্য সত্য কিন্তু ভাগাভাগি নেই—একটাই রয়েছে ! বুঝতে পাছ ? তা মা ছাড়া আর কি আছে বল—কেমন ?" এইরপ নানা কথা কহিতে কহিতে তিনি বলিয়া উঠিলেন, "তামাক খাব।" সাম্নাল মহাশয় ত্ৰন্ত হইয়া তামাক সাজিয়া ঠাকুরের হুঁকাটি তাঁহাকে দিলেন। ছই-এক টানের পরেই তিনি হুঁকাটি ফিরাইয়া দিয়া বলিলেন, "কব্ছেতে খাব।" কল্পেট হাতে লইয়া হুই-চারিবার টানিয়া উহা নরেক্রের মূথের কাছে ধরিয়া বলিলেন, "থা, আমার হাতেই থা।" নরেক্র ঐ কথায় বিষম সঙ্কৃচিত হইতেছেন দেখিয়া বলিলেন, "তোর তো ভারী হীনবুদ্ধি! তুই আমি কি আলাহিদা? এটাও আমি, ওটাও আমি।" এই বলিয়া আবার কল্কের সহিত নিজের হাত নরেন্দ্রের মূথের কাছে ধরিলেন। অগত্যা ঠাকুরের হাতে মুখ লাগাইয়া তুই-তিনবার তামাকু টানিয়া নরেন্দ্র নিরন্ত হইলেন। অমনি ঠাকুর আবার ঐ ভাবেই ধুম্র-দেবনে প্রবৃত্ত হইতেছেন দেখিয়া নরেক্স ব্যক্ত হইয়া বলিলেন, "মহাশয়, হাতটা ধুইয়া তামাক খান।" কিন্তু সে কথা ভনে কে ? "দূর শালা, তোর তো ভারী ভেদবুদ্ধি!" —এই বলিয়া ঠাকুর সেই উচ্ছিষ্ট হল্ডেই ধুম্রপান করিতে করিতে ভাবাবেশে নানা কথা কহিতে লাগিলেন। খাতের অগ্রভাগ কাহাকেও দিলে যে ঠাকুর সে অন্ন আর্থ করিতে পারিতেন না, কাহারও, এমন কি নরেন্দ্রেরও মনে অশুচি চিন্তা আদিলে যে ঠাকুর তাহাকে স্পর্শ করিতে পারিতেন না, তাঁহার অন্তকার এই অচিস্তা লীলা দেখিয়া হতভম্ব হইতে হয় ৷ কথায় কথায় যথন রাত্রি আটটা বাজিয়া গেল, ভথন নরেন্দ্র ও বৈকুঠনাথ ঠাকুরের নিকট বিদায় লইয়া পদত্রত্তে কলিকাতায় ফিরিলেন।

নরেক্রের এই কালীন জীবনালোচনার পরিসমাপ্তির পূর্বে উলিধিত অগ্রভাগপ্রদানের পরও খান্ত গ্রহণ এবং নরেক্রের স্পৃষ্ট খান্ত গ্রহণে ঠাকুরের সঙ্কোচবিষয়ক ঘটনাম্ব্য বলিয়া রাখা ভাল। অপরকে কোন খান্তের অগ্রভাগ প্রদত্ত
ইইলে, উহা গ্রহণে ঠাকুরের আপত্তি থাকিলেও নরেক্রের বেলায় অন্ততঃ একদিন
ইহার অক্তথা হইয়াছিল। একবার অন্তীর্ণরোগে আক্রান্ত নরেক্রনাথ দক্ষিণেশ্বরে

পথ্যের বন্দোবন্ত হইবে না ভাবিয়া বছদিবস ঠাকুরকে দেখিতে আসেন নাই। তাই ঠাকুর একদিন প্রাতঃকালে নরেন্দ্রকে দক্ষিণেখরে আনাইয়া আপনার ভন্ত প্রস্তুত ঝোলভাতের অগ্রভাগ তাঁহাকে সকাল সকাল ভোজন করাইয়া অব-শিষ্টাংশ স্বয়ং গ্রহণ করিয়াছিলেন। ঠাকুরের প্রকৃতির সহিত পরিচিতা শ্রীমাইহাতে আপত্তি করিয়া বলিয়াছিলেন যে, তিনি আবার রাঁধিয়া দিবেন। তাহাতে ঠাকুর উত্তর দিয়াছিলেন, "নরেন্দ্রকে অগ্রভাগ প্রদানে মন সঙ্কৃতিত হইতেছে না। উহাতে কোন দোষ হইবে না, তোমার পুনরায় রাঁধিবার প্রয়োজন নাই।" ('লীলাপ্রসঙ্ক', ৫।২৪৮)।

ইহাতে মনে করিলে চলিবে না যে, নরেন্দ্রের বেলায় ঠাকুর নির্বিচারে সব নিয়মই জলাঞ্চলি দিতেন। নরেন্দ্রের কল্যাণার্থ তিনি সময়বিশেষে বেশ কঠোরও হইতে পারিতেন। বিশেষতঃ আচারাদিতে শৈথিল্য দেথাইলেও নৈতিক ও আধ্যাত্মিক বিষয়ে ঠাকুরের জীবনে কথনও বিন্দুমাত্র বেচালে পাপড়ার কথা ভাবিতেও পারা যায় না—এমন কি নরেন্দ্রকে খূশী করিবার জন্মও নহে। 'কথায়তে' (৩। পরিশিষ্ট, শেষ পৃষ্ঠা) নরেন্দ্রের স্বম্থক্থিত যে বিবরণ আছে তাহাই এই বিষয়টি ব্যাইবার পক্ষে যথেষ্ট। নরেন্দ্র বলিয়াছিলেন, "এতো আমাকে ভালবাসা! কিছু যথন কোন অপবিত্র ভাব এসেছে অমনি টের পেয়েছেন! অয়দার সঙ্গে থখন বেড়াতাম, অসং লোকের সঙ্গে কথন কথন গিয়ে পড়েছিলাম। তাঁর কাছে এলে আমার হাতে আর থেলেন না, খানিকটা হাত উঠে আর উঠল না। তাঁর ব্যামোর সময় তাঁর মূথ পর্যন্ত উঠে আর উঠল না।

আবার ইহাও মনে রাখিতে হইবে, নরেন্দ্রের প্রতি ঠাকুরের ভালবাসা এতই গাঢ় ও ঐকান্তিক ছিল বে, অপরের জন্ম, এমন কি নিজেরও জন্ম, তিনি বাহা করিতে পারিতেন না, নরেন্দ্রের প্রয়োজনে তাহাও করিতেন। নরেন্দ্র বলিয়াছিলেন, "যথন বাবা মারা গেলেন, মা-ভাইরা থেতে পাছের না, তথন একদিন অল্পা গুহর সঙ্গে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ হল। তিনি অল্পা গুহকে বললেন, 'নরেন্দ্রের বাবা মারা গেছে, ওদের বড় কট্ট, এখন বন্ধু-বান্ধ্বরা সাহায়্য করে তো বেশ হয়।' অল্পা গুহ চলে গেলে আমি তাঁকে বকতে লাগলাম : বললাম, 'কেন আপনি গুর কাছে গুসব কথা বললেন ?' তিনি তিরন্ধত হয়ে কাছতে লাগলেন গুরলালেন, 'গুরে, তোর জন্ত যে আমি ছারে ছারে ভিক্ষা করতে পারি!' তিনি ভালবেদে আমাদের বশীভূত করেছিলেন।"
('কথামৃত' ৩। পরিশিষ্ট)।

ভালবাসিতেন বলিমাই তিনি তাঁহার হিতচিম্ভা করিতেন, সত্রপদেশ দিতেন, ন্থলবিশেষে বিরক্তিও প্রকাশ করিতেন। কামকাঞ্চনত্যাগী শ্রীশ্রীঠাকুর কামকাঞ্চনে স্পৃহাশৃতা যুবক ভক্তদের অন্বেষণে ছিলেন এবং নরেন্দ্রনাথকে পাইয়াছিলেন ইহাদের মধ্যে সর্বোজমরূপে। কিন্তু বিধিনির্বন্ধে এমন নরেন্দ্রের ছীবনেও পিতৃবিয়োগহেতু ও দারিন্দ্রবশত: এক ভয়ন্বর অবস্থার সৃষ্টি হইল। অবস্থাবিবেচনায় কাঞ্চন ও চাকুরি বিরোধী ঠাকুরও স্বীকার করিলেন যে, মাতা প্রভৃতির উদরাব্লের জন্ম অর্থসঞ্চয় করা নরেন্দ্রের কর্তব্য। শিক্ষিত উচ্চকুলসম্ভূত যুবকের পক্ষে সহজে স্বীয় অবস্থার উন্নতি করার আর একটি সহজ উপায় ছিল, এবং এইরূপ ক্ষেত্রে সাধারণ ব্যক্তি সে স্থযোগ ছাড়ে না—নরেন্দ্র বিবাহ করিয়া খণ্ডবের প্রদন্ত যৌতুকের দ্বারা সহজেই দারিন্দ্র হইতে অব্যাহতি পাইতে পারিতেন। কিন্তু অর্থের প্রয়োজন থাকিলেও উদ্বাহবন্ধনে আবদ্ধ হইয়া নরেন্দ্র চিরকালের মতো সংসারে ডুবিবেন ইহা শ্রীরামক্নফেরও মোটেই অভিপ্রেত ছিল না। নরেক্র বলিয়াছিলেন, "আমার বিবাহ হবে ভনে মা কালীর পা ধরে কেঁদেছিলেন, 'মা ওদব ঘুরিয়ে দে মা; নরেক্স যেন ডুবে না'।" ('কথামৃত', ৩ পঃ ১)। পিতৃ-বিয়োগের পরও নরেন্দ্রের বিবাহের গ্রহণযোগ্য প্রস্তাব আসিয়াছিল। 'কথামুতে' দেখা যায় (৪।১২।১) শ্রীযুক্ত রামচক্র দত্ত ঠাকুরকে জানাইতেছেন যে, আর. মিত্রের কন্সার সহিত নরেন্দ্রের বিবাহের প্রস্তাব হইয়াছে। শ্রীযুক্ত ভূপেক্সনাথ দত্তের মতে (১০৯ পঃ) শ্রীরামক্ষণভক্ত বলরাম বস্থ মহাশয়ের কক্ষার সহিত বিবাহেরও কথা উঠিয়াছিল, এবং ঐ জাতীয় আরও কয়েকটি প্রভাব আদিয়া-ছিল। নরেক্ত ঐ সব ক্ষেত্রে নীরব ভট্টামাত্র না থাকিয়া যথাসাধ্য বিরোধ ক্রিয়াছিলেন—ইহা আমরা ধ্রিয়াই লইতে পারি। এইজ্ঞাই মাস্টার মহাশয় একদিন ঠাকুরকে বলিয়াছিলেন যে, নরেন্দ্রের মনের জ্বোর খুব; আর ঠাকুর বলিয়াছিলেন, "কোন বিষয়েই বা কম!"

আজ ইহা অবিসংবাদিত সত্য বে, দক্ষিণেশরের প্রাথমিক দিন হইতেই গক্র তাঁহার চিহ্নিত যুবক ভক্তদিগকে ত্যাগের পথে পরিচালিত করিয়া ভাবী সন্ত্যাসিসক্তের ভিত্তিপত্তন করিতেছিলেন। সক্ত্তীবনের মূলমন্ত্র প্রেম ও বৈরাগ্য। ঠাকুর ভালবাসা দিয়া সকলকে আপনার করিয়া লইয়াছিলেন। নরেক্সনাথ বলিয়াছেন, "একা ঠাকুরই কেবল আমাকে প্রথম দেখা হইতে সকল সময় সমভাবে বিশ্বাস করিয়া আসিয়াছেন, আর কেহই নহে—নিজের মাভাইয়েরাও নহে। তাঁহার প্রক্রপ বিশ্বাস-ভালবাসাই আমাকে চিরকালের মতো বাঁধিয়া ফেলিয়াছে! এক তিনিই ভালবাসিতে জানিতেন ও পারিতেন—সংসারে অক্সসকলে স্বার্থসিদ্ধির জন্ম ভালবাসার ভানমাত্র করিয়া থাকে।"

ভালবাসার সঙ্গে ছিল ত্যাগ, বৈরাগ্য, ব্রহ্মচর্য অবলম্বনে ভগবানলাভের জন্ম আপ্রাণ সাধনার উপদেশ ও তজ্জন্ম উৎসাহ। গৃহীরা এইসকল পরিব্রাজ-কোচিত গুণাবলীর মর্মোপলদ্ধি করিতে পারিবেন না, কিংবা এইসব উপদেশে বিভ্রাম্ভ হইয়া স্থপথচ্যত হইবেন মনে করিয়া ঠাকুর সাধারণতঃ সকলের সম্মুখে এইসব কথা বলিতেন না। এই প্রকার উপদেশ প্রদানের পূর্বে তিনি একবার চারিদিকে দেখিয়া লইতেন, বিজাতীয় ভাবের কেহ আশেপাশে আছে কিনা। এই সতর্কতাবলম্বনের ফলে ঠাকুরের অন্তর্ধানের পর অনেক গৃহী ভক্তকে এমন কথাও বলিতে শোনা যাইত যে, ঠাকুর কাহাকেও সন্ন্যাসী হইতে বলেন নাই, তিনি কেবল মানসিক ত্যাগের কথাই বলিয়াছেন, এবং শ্রীরামক্লফকে যাঁহারা দেখিয়াছেন, তাঁহাদের মুক্তি করতলগত, অতএব পূথক সাধনা অনাবশ্রক। সন্ন্যাসই যদি ঠাকুরের অভিপ্রেত হইত, তবে রামচন্দ্রাদি উচ্চাধিকারীকে তিনি ঐরপ উপদেশ দিলেন না কেন ? অধিকন্ধ প্রামাণ্যগ্রন্থ 'কথামতে' বহির্সন্ন্যানের উপর তেমন জ্বোর দেওয়া হয় নাই কেন ? অপর দিকে ঠাকুরের সন্ন্যাসি-শিষ্য সকলেই একমত যে, ঠাকুরই তাঁহাদিগকে গৃহত্যাগ করিতে বলিয়াছিলেন। ঐসব গুয়োপদেশ নিভূতে হইত কিংবা যেসব ছুটির দিনে ভক্তেরা সমবেত হইতেন, সেসব দিনে না হইয়া সপ্তাহের অক্সদিনে হইত, তাই 'কথামতে' উহার নিদর্শন আর। কিন্তু আর হইলেও 'কথামুত' ভাল করিয়া পড়িলে উহাতেও যথেষ্ট প্রমাণ

৮। 'কথামৃত' (৩। পরিশিষ্ট)

[&]quot;নরেক্র— সাধন-টাধন বা আমরা করছি, এসব তার কথার; কিন্তু আশ্চর্বের বিবর এই বে, রামবাবু এই সাধন নিয়ে খোঁটা দেন। রামবাবু বলেন, 'তাঁকে দর্শন করেছি, আবার সাধন কি ?'

[&]quot;মাষ্টার—যার যেমন বিবাস, সে না হয় তাই কক্লক।

[&]quot;নরেন্দ্র—আমাদের বে তিনি সাধন করতে বলেছিলেন।"

মামচন্দ্রের মত পরে পরিবর্তিত হইয়াছিল; তথন গৃহত্যাপ করিয়া তিনি কাঁকুড়গাছির বোগোছানে থাকিতেন। তাঁহার সয়্যাসী শিছও ছিল।

পাওয়া বাইবে। ' আর এক কথা এই বে, গৃহস্থদের মঙ্গলের জন্ম এবং ভাহাদিগকে স্বীয় ধর্মজীবন-প্রণালীতে উৎসাহিত ও আহাবান করার জন্ম ঠাকুর
সন্ন্যাসের সহিত গার্হয়-জীবনের তুলনা করিয়া অনেক ক্ষেত্রে বিতীয় সাধনমার্গকেই সহজ্ঞ ও সাধারণের পক্ষে উপযুক্ত বলিয়া বর্ণনা করিতেন; তিনি
বলিতেন, "বে সন্ন্যাসী হইয়াছে, সে তো ভগবানকে ডাকিবেই; কারণ ঐ জন্মই
তো সে সংসারের সকল কর্তব্য ছাড়িয়া আসিয়াছে—ভাহার ঐরপ করায়
বাহাত্রি বা অসাধারণত্ব কি আছে? কিন্তু যে সংসারে পিতামাতা, ত্ত্রীপুত্রাদির
প্রতি কর্তব্যের বিষম ভার ঘাড়ে করিয়া চালতে চলিতে একবারও তাঁহাকে
শ্বরণ মনন করে, ঈশ্বর তাঁহার প্রতি বিশেষ প্রসন্ন হন; ভাবেন, 'এত বড় বোঝা
স্কন্ধে থাকা সত্তেও এই ব্যক্তি যে আমাকে এতটুকু ডাকিতে পারিয়াছে, ইহা স্বন্ধ
বাহাত্রি নহে, এই ব্যক্তি বীর ভক্ত'।" অধিকন্ধ ঠাকুর নিজে গেক্ষাবন্ধ ধারণ
করিতেন না, বৃক্ষতল, গিরিগুহা বা অরণ্যেও থাকিতেন না। অতএব সাধারণের
মনে সন্দেহ জাগা অযৌক্তিক নহে।

তথাপি ইহা অকাট্য সত্য যে, ঠাকুর দক্ষিণেশরেই ত্যাগের বীঞ্চ বপন করেন। এই বীজই ক্রমে শ্রামপুকুর ও কাশীপুরে উপযুক্ততর পরিবেশ পাইয়া যথাকালে নরেন্দ্রনাথের নেতৃত্বে ফুলফলায়িত হইয়াছিল। নরেন্দ্রনাথ তাঁহারই নিকট সক্রনেতৃত্বপদ প্রাপ্ত হইয়াছিলেন।

১ । 'कथापूरु', २।२०।२, ७।১०।১, ८।२०।२ हेठाां मि अष्टेवा ।

সঙ্গপ্রতিষ্ঠা

১৮৮৫ খৃষ্টাব্দের এপ্রিল (চৈত্র-বৈশাখ) মাদে শ্রীরামক্লফের কঠরোগের যে প্রাথমিক আভাস পাওয়া যায় উহাই ক্রমে বর্ধিত হওয়ায় ভক্তগণ ডাক্তার ডাকিয়া আনেন। ডাক্তার ঔষধ দিয়া বলেন যে, অধিক কথা কৃহা কিংবা প্রশ্নপুন্ন: সমাধিস্থ হওয়া এই রোগের পক্ষে অপকারক; দেখাও গেল য়ে, উহাতে রোগের বৃদ্ধি হয়। কিন্তু ঠাকুরের পক্ষে এই উভয় নিষেধ পালন করা অসম্ভব ছিল—ভক্ত আসিলেই তাঁহার শ্রীমৃথ হইতে অবিরাম ভগবৎকথা উৎসারিত হইত এবং ইহারই মধ্যে অথবা ভগবৎ-সঙ্গীত শুনিতে শুনিতে তিনি মৃত্র্ম্হঃ সমাধিস্থ হইতেন। দেই কালেই যথন আবার পানিহাটির মহোৎসবে যোগ দিয়া ভাবাবেশে প্রায়্ম আধঘণ্টা নৃত্যাদি করিলেন এবং সমাধিস্থ হইলেন, তথন রোগ এতটা বাড়িয়া গেল য়ে, চিকিৎসায়ও কোন ফল দেখা গেল না। অবশেষে ভাত্রমাদের একদিন তাঁহার গলদেশ হইতে রক্তনির্গমন হইলে ভক্তদের ছিলন্ড। আরও বৃদ্ধি পাইল।

সেদিন রাত্রে কলিকাতার এক ভক্ত-মহিলার গৃহে শ্রীরামক্লফসহ ভক্তমগুলীর ভোজনের ব্যবস্থা হইয়াছিল। ঠাকুরের শরীর তথন অক্সন্থ থাকায় সন্দেহ ছিল, তিনি মোটেই আসিতে পারিবেন কিনা। তথাপি সঠিক সংবাদ লইবার জন্ম এবং সম্ভব হইলে তাঁহাকে লইয়া আসার জন্ম একজন ভক্ত দক্ষিণেশরে গিয়াছিলেন। উক্ত ভক্তের ফিরিতে দেরি হইতেছে দেখিয়া সকলে সিদ্ধান্ত করিলেন যে, ঠাকুরের আসা হইবে না; অতএব নিমন্ত্রিত ভক্তদের আহারের ব্যবস্থা হইতে লাগিল। এমন সময় রাত্রি নয়টায় উক্ত ভক্ত আসিয়া থবর দিলেন, ঠাকুরের অক্সথ বৃদ্ধি পাইয়া গলদেশ হইতে রক্ত-ক্ষরণ হইয়াছে; কাজেই তাঁহার আগমন অসম্ভব। অমনি নরেক্র, গিরিশ, রামচক্র, মাস্টার মহাশয়, দেবেক্রনাথ প্রভৃতি ভক্তগণ পরামর্শক্রমে স্থির করিলেন, ঠাকুরেকে কলিকাতায় আনাইয়া বিশেষজ্ঞের দারা চিকিৎসা করাইতে হইবে। নরেক্র ঐ প্রথমাবস্থায়ই বৃদ্ধিয়াছিলেন, সম্ভবতঃ ঠাকুরের ক্যান্সার হইয়াছে এবং ঐ রোগের প্রভিকার নাই। ভোজনকালে নরেক্রকে নীরব দেখিয়া জনৈক যুবক যথন কারণ জানিতে চাছিলেন, তথন নরেক্র বৃঝাইয়া দিলেন, "বাহাকে লইয়া এত আনন্দ, তিনি

বৃঝি এইবার সরিয়া যান। আমি ডাক্তারী গ্রন্থ পডিয়া এবং ডাক্তার-বন্ধুগণকে জিজ্ঞাসা করিয়া জানিয়াছি, ঐরূপ কঠরোগ ক্রমে ক্যান্সারে পরিণত হয়। অন্ত রক্ত পড়ার কথা শুনিয়া রোগ উহাই বলিয়া সন্দেহ হইতেছে। ঐ রোগের ঔষধ এখনও আবিষ্কৃত হয় নাই।" ('লীলাপ্রসঙ্গ', ৫।২৫২)।

কলিকাতায় আনার প্রস্তাবে ঠাকুরও সন্মত হইলেন। তাই কলিকাতার বাগবাজার অঞ্চলে ত্র্গাচরণ মুখার্জী স্ত্রীটে একথানি ক্ষুদ্র বাড়ী ভাড়া লওয়া হইলে ঠাকুর সেথানে অবস্থানের জন্ত দক্ষিণেশ্বর ছাড়িয়া আসিলেন। কিন্তু ভাগীরথীনীরে কালীবাটীর প্রশস্ত উত্থানের মুক্ত বায়ুতে থাকিতে অভ্যস্ত তাঁহার পক্ষে ঐ স্বল্লায়তন গৃহে বাস সন্তব হইবেনা জানিয়া তিনি বাড়ী দেখিবামাত্র অনতিবিলম্বে পদরজে বলরাম-ভবনে চলিয়া গোলেন। কাজেই ঐ বাড়ী ছাডিয়া এক সপ্রাহ্ব মধ্যেই ৫৫নং শ্রামপুকুর স্ত্রীটে অবন্থিত গোকুলচন্দ্র ভট্টাচার্যের 'বৈঠকথানা' ভবন তাঁহার জন্ম ভাড়া লওয়া হইল। আখিনের মধ্যভাগে সেথানে আসিয়া ঠাকুর স্বপ্রসিদ্ধ হোমিওপ্যাথিক ভাক্তার মহেন্দ্রলাল সরকারের বারা চিকিৎসিত হইতে লাগিলেন। ক্রমে শ্রীশ্রীভাবে সেথানে থাকিয়া গোলেন, এবং নরেন্দ্রনাথও সেথানে রাত্রিষাপন করিতে লাগিলেন। অপর যুবক ভক্তদের অনেকে সেথানে মাঝে থাকিয়া বা বাড়ী হইতে যাতায়াত করিয়া পালাক্রমে সেবাকার্য চালাইতে লাগিলেন। বলা বাহুল্য এই যুবকদের পরিচালনভার স্বভাবতই নরেন্দ্রের উপর গ্রস্ত হইল। যুবকগণও সে নেতৃত্ব সর্বতোভাবে মানিয়া লইলেন।

পিতামাতাদির ভরসাম্বল এই যুবকবৃন্দ পড়ান্তনা ছাড়িয়া এইভাবে শ্রামপুকুরে কাল কাটাইবেন, ইহা অভিভাবকদের অবশ্রই মনঃপুত ছিল না; তথাপি প্রথমাবস্বায় ইহাদের মনের দৃঢ়তা দেখিয়া ও ভবিশ্বং পরিণতির কথা জানিতে না পারিয়া তাঁহারা চূপ করিয়াই রহিলেন। পরে ঠাকুরের অস্থেবর বৃদ্ধির সন্দে যথন যুবকেরা অধিকাধিক সময় তাঁহারই নিকট কাটাইতে লাগিলেন এবং পড়ান্তনার ক্ষতি হইতে থাকিল, তথন তাঁহাদের মনে প্রথমে সন্দেহ ও পরে শক্ষা দেখা দিল; তাই স্ব সন্তানকে গৃহে ফিরাইবার উদ্দেশ্রে স্থায় অস্থায় নানাক্ষপ উপায়ও অবলম্বিত হইল। এই বিপদকালে নরেক্রের দৃষ্টান্ত, উদ্দীপনা ও উৎসাহ ব্যতীত যুবকগণ এই বিক্লম্ব প্রভাব অভিক্রমপূর্বক গুরুসেবায় নিরত থাকিতে পারিতেন কিনা, কে বলিতে পারে ?

এই काल ठोकूरतत व्याधित कात्रण अवः कछिम्रत भरीत नित्रामय हहेरत, हेजापि विवास चानक बहुना-कहना ठलिछ। এकप्रम छक छाविएछन এवः প্রকান্তে বলিতেন—যুগাবতারের দেহ-ব্যাধি মিথ্যা ভান মাত্র। উদ্দেশ্রবিশেষ সাধনের জান্ত তিনি ঐক্লপ লীলার আতায় লইয়াছেন এবং যথনই ইচ্ছা হইবে তথনই পুনরায় নীরোগ হইবেন। বিপুল বিখাস ও অসীম কল্পনাশক্তি লইয়া নাট্যসম্রাট মহাকবি গিরিশচক্র এই দলের মুখপাত্র হইয়া উঠিলেন । অপর একদল বলিতেন — যে জগদমার অভিপ্রায়ামুদারে প্রীরামক্রফ পরিচালিত হইয়া থাকেন, সেই মহামায়াই আপন গৃঢ় উদ্দেশ্য সিদ্ধির জন্ত ঠাকুরের শারীরিক ব্যাধি ঘটাইয়াছেন এবং জনকল্যাণসাধক সেই অভিপ্রায় চরিতার্থ হইলেই মা তাঁহাকে স্বন্ধ করিয়া দিবেন; সেই তাংপর্য হয়তো ঠাকুরেরও অজ্ঞাত। তৃতীয় দলের মতে জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি প্রভৃতি দেহমাত্রেরই ধর্ম ; ঠাকুরের ব্যাধিও ঐ প্রাকৃতিক নিয়মেই উপন্থিত হইয়াছে: এতদ্বাতীত কোন রহস্মের অমুধাবন वृथा। वना वाहना, हैशामत প्रवस्ता हिल्मन नत्त्रस्त्रनाथ। हे हाता श्रामिशल দেবা করিয়া **ঠাকুরকে স্বন্ধ করিতে বন্ধপরিকর থাকিলেও, যুক্তির পথ** ছাড়িয়া নিযুঁ জিক কোন কাল্পনিক তত্ত্বের গোলকধাঁথায় ঘোরপাক থাইতে প্রস্তুত ছিলেন ना। यतः व्यवनत्रकान नित्रर्थक बह्मना-कह्मनाग्र ना काठाङ्गा ठाकृत्वत्र निर्मिष्ट সাধনমার্গে ভগবান লাভের জ্বল্য সর্বতোভাবে চেষ্টিত হওয়াকেই ই হারা পরম কর্তব্য মনে করিতেন। এীশীঠাকুরের উপদেশ ও আচার-ব্যবহারেও এইরপ সমালোচনা ও সং প্রচেষ্টার প্রতি বিশেষ আগ্রহ প্রকাশিত হইত। যুবক ভক্তদিগকে তিনি এইসব বিষয়েই উৎসাহিত করিতেন।

এই সময় ভাক্তার মহেক্রলাল সরকার চিকিৎসাবাপদেশে শ্রীশ্রীঠাকুরের সান্নিধালাভ করিয়া যথন তাঁহার প্রতি বিশেষ আরুট হইয়াছেন, তথন ঠাকুরও অথোগ ব্ঝিয়া ভাক্তারের ধর্মবৃদ্ধির জন্ম গিরিশচক্র, নরেক্রনাথ মাস্টার মহাশয় প্রভৃতি বাছা বাছা ভক্তকে তাঁহার সহিত আলাপ করিতে পাঠাইতেন। এই স্বংবাগে নরেক্রনাথের সহিত ভাববিনিময়ে মৃগ্ধ হইয়া ভাক্তারবাব্ একদিন তাঁহাকে অগৃহে ভোজন করাইয়াছিলেন এবং সদীত-বিছাতেও তিনি পারদর্শী জানিয়া ভজ্পন-গান শুনাইতে অম্বরোধ করিয়াছিলেন। ইহার কিছুদিন পরে ডাক্তারবাব্ শ্রীরামকৃষ্ণকে দেখিতে আসিলে প্রতিক্রারক্ষার জন্ম নরেক্রনাথ হই-তিন ঘন্টাকাল তাঁহাকে ভক্তন শুনাইয়াছিলেন। ভাক্তার শুনিয়া এত প্রীত

হইয়াছিলেন বে, বিদায়গ্রহণকালে গায়ককে আদর ও চুখন করিয়া ঠাকুরকে বলিয়াছিলেন, "এর মতো ছেলে ধর্মলাভ করিতে আসিয়াছে দেখিয়া আমি বিশেষ আনন্দিত; এ একটি রত্ন, যাতে হাত দিবে, সেই বিষয়েই উন্নতিসাধন করিবে।" ঠাকুর তত্ত্তরে নরেন্দ্রের প্রতি শ্লেহদৃষ্টি নিবন্ধ রাখিয়া বলিয়াছিলেন, "কথায় বলে, অবৈতের হুন্ধারেই গৌর নদীয়ায় আসিয়াছিলেন; সেইরূপ ওর (নরেন্দ্রের) জন্মই তো সব গো!" অতঃপর ডাব্ডনারবাব্ শ্রামপুকুরে আসিয়া ধ্বনই নরেন্দ্রকে কাছে পাইতেন, তাঁহার মুধে ত্ই-একটি ভজন না শুনিয়া বাড়ী ফিরিতেন না।

বৈজ্ঞানিক মনোবৃত্তিসম্পন্ন ডাক্তার মহেন্দ্রলাল সরকার স্বভাবতই অবতারবাদে বিশাস করিতেন না এবং প্রায়শ: ঐ মতবাদের প্রতি তীব্র শ্লেষবাক্য প্রয়োগ করিতেন। এই লইয়া গিরিশ ও নরেন্দ্রের সহিত বেশ বাদামুবাদও হইত। তাহার ফলে ডাক্তারবাব্ বৃঝিতে পারিয়াছিলেন যে, অপর পক্ষেরও অনেক কিছু বলিবার আছে; তাই তদবধি স্বীয় একান্ত বিরোধী মত প্রকাশে অপেকারত সতর্কতা অবলম্বন করিতেন। ('ক্থামৃত', ১/১৮/৬ প্রষ্টবা)।

তথন ভক্তদের মধ্যে ভাবৃক্তা বিশেষ বৃদ্ধি পাইতেছে দেখিয়া নরেক্সনাথ ঐ পথের বিপদাদি দেখাইয়া যুবক ভক্তদিগকে সহজ সরল পথে চলিতে সাহায়্য করিতেন। বৈষ্ণবভাবপ্রধান রামচন্দ্রের বিশ্বাস ছিল, শ্রীরামক্রফ শ্রীগৌরাঙ্গেরই অবতার; তবে পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করিয়া ঐ বিষয়ে অনেকথানি রাখিয়া-ঢাকিয়া কথা কহিতেন। ক্রমে গিরিশ্চন্দ্রের তীক্ষবৃদ্ধি-সম্বলিত বিশ্বাসের সাহায্য পাইয়া রামবাবৃর সাবধানতার বাধন ভাঙ্গিয়া গেল এবং তিনি ঠাকুরকে প্রকাশ্রে চৈতক্তাবতার বলিয়া ঘোষণা করিয়াই ক্লান্ত রহিলেন না, ভক্তদের মধ্যে কে কোনরূপে পূর্বাবতারের সহিত আসিয়াছিলেন এবং বর্তমানেও আসিয়াছেন তিছিবয়ে কর্মনা-কর্মায় নিরত হইলেন। আবার ভাবৃক্তার প্রাবল্যে যে ভক্তের যত অঙ্গবিকৃতি হইত বা বাহ্যসংক্ষা লোপ পাইত, রামচক্ষের দৃষ্টিতে তিনি ততই উচ্চাসন পাইতে থাকিলেন। ক্রমে অনেকেই সহন্তবৃদ্ধি ও জ্ঞানবিচার সম্বলিত শুদ্ধ ভক্তিমার্গ বর্জনপূর্বক দৈবশক্তি প্রভাবে তাঁহাদের ধর্মজীবনে অকম্মাৎ অনেক কিছু ঘটিয়া যাইতে পারে এই আশার ভাবাবের্গ বাড়াইতে তৎপর হইলেন ও অজ্ঞাতের অকম্মাৎ আবির্ভাবের প্রতীক্ষায় উদ্গ্রীব হইয়া রহিলেন। কলতেঃ তথন ভাবৃক্তার অবাধ্র্ছিতে সাধক-সমাজ-সম্ভত ধর্মের প্রশন্ত রাজ্মার্গ

্যেসব ত্যাগ, সংযম, নিষ্ঠা, বিচার প্রভৃতি নৈতিক গুণরান্ধির দারা স্থগঠিত, সেসব ইহাদের দৃষ্টিতে উপযুক্ত স্থাদর পাইল না।

ইহারই মধ্যে আবার এীযুক্ত বিজয়ক্ষণ গোন্ধামী ঢাকা হইতে শ্রামপুকুরে আসিয়া (২৫শে অক্টোবর, ১৮৮৫) বলিলেন—তিনি ঢাকায় ক্লছার কক্ষে বসিয়া ধ্যানকালে শ্রীরামক্লফের সন্দর্শন পাইয়াছেন এবং উক্ত দর্শন মাথার থেয়াল কিনা ইহা পরীক্ষার জন্ম শ্রীরামক্লফ-মূর্তির অঙ্গপ্রত্যঙ্গাদি বছক্ষণ যাবৎ টিপিয়া দেখিয়াছেন। এই সংবাদটি ভাবুকতার অগ্নিতে ইন্ধন সংযোগ করিল এবং মনে इडेन, इंशर्ड चल: भत्र निविवास जीतामकृष्ठ-मण्डनी-मरधा जनिए धाकिरव वकः অপর কীণালোকগুলিকে নিপ্সভ করিয়া আপন আধিপতা দ্বাপন করিবে। নরেন্দ্রনাথ ভাবসমাধির প্রতি বা ঐ প্রকার অতিপ্রাক্নত দর্শনাদির প্রতিভান্ধাহীন ছিলেন না; এমন কি, বিজয়ক্ষ গোস্বামীর উক্তপ্রকার বিবৃতি ভূনিয়া তিনি বলিয়াছিলেন, "আমিও এঁকে (ঠাকুরকে) নিজে অনেকবার (ঐভাবে) নেখেছি; তাই কি করে বলব, আপনার কথা বিখাস করি না ?" ('কথামৃত', ১।১৬।৫)। প্রত্যুত এই জাতীয় দর্শনাদিতে বিশাদ থাকিলেও এবং প্রবল ভাবাবেগে অপবিকৃতি ঘটে ইহা মানিলেও, নরেজ্ঞনাথ বুঝিতে পারিয়াছিলেন, এই ধারার নির্বাধ প্রস্রায়ে অনেকে বিভ্রাম্ভ হইবে ও ভবিশ্বং ধর্মজীবনে বিপর্যন্ত इहेरत। जाहे जिनि युवकिनगढ़ विनाद नागिरनन, "रि जावाक्कान मानव-জীবনে স্বায়ী পরিবর্তন উপস্থিত না করে, বাহার প্রভাব মানবকে এইক্ষণে ঈশরলাভের জন্ম ব্যাকুল করিয়া তুলিয়া পরক্ষণে কামকাঞ্চনের অনুসর্গ হইতে নিবৃত্ত করিতে পারে না, তাহার গভীরতা নাই ; স্বতরাং তাহার মূল্য অতি অল্প। উহার প্রভাবে কাহারও শারীরিক বিকৃতি, যথা অঞ্পুলকাদি, অথবা কিছুক্লের জন্ম বাছ্যসংজ্ঞার আংশিক লোপ হইলেও তাঁহার নিশ্চয় ধারণা, উহা স্বায়বিক দৌর্বল্যপ্রস্ত। মানসিক শক্তিবলে উহাকে দমন করিতে না পারিলে পুষ্টিকর খান্ত এবং চিকিৎসকের সহায়তা গ্রহণ করা মানবের অবশ্র কর্তব্য !" তিনি আরও বলিতেন, "ঐরপ অন্ববিকার ও বাছসংজ্ঞালোপের ভিতর অনেকটা ক্লব্রিমতা আছে। সংগ্ৰের বাঁধ যত উচ্চ এবং দৃঢ় হইবে, মানদিক ভাব তত গভীর হইতে থাকিবে এবং বিরল কোন কোনও ব্যক্তির জীবনেই আধ্যাত্মিক ভাবরাশির প্রবলতায় উত্তাল তরঙ্গের আকার ধারণ করিয়া ঐক্লপ সংযমের বাধকেও অতিক্রমপূর্বক অঙ্গবিকার ও বাছ্সংজ্ঞার বিলোপব্ধণে প্রকাশিত

হইবে! নির্বোধ মানব ঐ কথা ব্ঝিতে না পারিয়া বিপরীত ভাবিয়া বদে। দে মনে করে ঐরূপ অক্সবিকৃতি ও সংজ্ঞাবিল্প্তির ফলেই ব্ঝি ভাবের গভীরতা সম্পাদিত হয় এবং ভজ্জপ্ত ঐসকল যাহাতে তাহার শীঘ্র শীঘ্র উপন্থিত হয়, ভদ্বিয়ের ইচ্ছাপূর্বক চেষ্টা করিতে থাকে। ঐরূপ ক্ষেছাপ্রণাদিত চেষ্টা ক্রমে অভ্যাদে পরিণত হয় এবং তাহার স্নায়্মকল ক্রমে তুর্বল হইয়া ইয়য়াত্র ভাবের উদয়েও তাহাতে ঐ বিকৃতিসকল উপন্থিত করে। ফলে উহার অবাধ প্রপ্রামে মানব চিরক্রয় অথবা বাতৃল হইয়া য়ায়। ধর্মসাধনে অগ্রসর হইয়া শতকরা আশী জন জ্য়াচোর এবং পনর জন আন্যাদ্র উয়াদ হইয়া য়ায়। অবশিষ্ট পাঁচজন মাত্র পূর্ণ সত্যের সাক্ষাৎকারে ধয় হইয়া থাকে। অতএব সাবধান। প্রিলাপ্রসঙ্গ, ৫।০০৮-৯)। য়বক ভক্তগণ প্রথমেই নরেক্রনাথের এইসকল কথা মানিয়া নেন নাই; কিন্তু পরে য়পন পরীক্ষাবলম্বনে দেখিলেন, ভক্তদের কেহ কেহ সত্য সত্যই ইচ্ছাপূর্বক ভাবোচ্ছাসলাভে বা উহার প্রকাশে সচেষ্ট এবং স্থাবিশেষে অপরের অফ্করণে ব্যাপ্ত আছেন, তথন তাঁহারা নরেক্রনাথের মন্তব্যের বাথার্থ্য মানিয়া আর আপনাদিগকে অভাগ্যবান মনে করিতে পারিলেন না।

নরেন্দ্রনাথ কিন্তু ইহাতেও নির্ত্ত না হইয়া বিবিধ উপায়ে ভাববিহ্বলতাকে সংযত করিতে সচেট হইলেন। তিনি কাহারও ভাব্কতায় বিন্দুমাত্র ক্লবিমতা দেখিতে পাইলে সংগ্রপ্রিকারে সামাতে এ ব্যক্তিকে স্প্রতিভ করিতেন। সম্প্রদায়বিশেষে প্রচলিত সধীভাবের অন্তকরণে নিযুক্ত ভক্তদিগকে তিনি সধী-শ্রেণীভূক্ত বলিয়া বিদ্রেপ করিতেন এবং ঐ ভাবের অন্তর্কপ অক্তকাদি দেখাইয়া হাস্তের রোল ত্লিতেন। পুরুষের পক্ষে ঐরপ প্রীজনোচিত স্বাভাবিক হাবভাব তাঁহার অসম্ভ ছিল; ঠাকুরের উপদিষ্ট জ্ঞানমিশ্রা ভক্তিকেই তিনি সম্বাধিক আদর করিতেন। পরিহাসচ্চলে তিনি এই বিতীয় শ্রেণীর ভক্তদের নাম দিয়াছিলেন, 'শিবের ভৃত্ত', অথবা 'দানা'।

য্বক ভক্তদের সহিত তিনি ঐ কালে ত্যাগ-বৈরাগ্য ও সংসারের খনিত্যতাদি বিবরে খালোচনা করিতেন এবং তাঁহাদিগকে ঐ বিবরে উষ্কু করিতেন। খবসরকালে সকলকে লইয়া ঐ সব ভাবের সঙ্গীতাদি গাহিতেন বা ত্তবাদি পাঠ করিতেন। কথনও বা ঠাকুরের উপদেশাবলীর মর্যার্থ উদ্ঘাটন করিয়া সকলকে চমৎকৃত করিতেন। খথবা 'ঈশাহুসরণের' বচনবিশেব শুনাইয়া

বলিতেন, "প্রভূকে যে যথার্থ ভালবাদিবে তাহার জীবন সর্বতোভাবে প্রীপ্রভূর জীবনের অন্থায়ী গঠিত হইয়া উঠিবে; অতএব ঠাকুরকে আমরা ঠিক ঠিক ভালবাদি কিনা, তাহার প্রকৃষ্ট প্রমাণ উহা হইতেই পাওয়া যাইবে।" আবার, "অবৈতজ্ঞান আঁচলে বেঁধে যাহা ইচ্ছা হয় তাহা কর"—ঠাকুরের ঐ কথা শ্বরণপূর্বক ব্যাইয়া দিতেন ঠাকুরের সর্বপ্রকার ভাব-মহাভাবাদির উৎপত্তির উৎস ঐ জ্ঞান; কাজেই ঐ জ্ঞান লাভই সর্বাগ্রে অত্যাবশ্রক। আবার বিচায়র্ক্তিকে সদাজাগ্রত রাথিতে হইবে। নৃতন কোন তথ্যের সংবাদ পাইলে উহাকে তৎক্ষণাং বর্জন না করিয়া তিনি উহা পরীক্ষা করিয়া দেখিতে প্রস্তুত ছিলেন; অপরকেও পরীক্ষাপূর্বক গ্রহণ বা বর্জন করিত্বে বলিতেন। দৃষ্টাস্তম্বরূপ বলা যাইতে পারে যে, চিত্তৈকাগ্রতার দ্বারা অপরের ব্যাধি নিরাময় করা সম্ভব এই কথা ভানিয়া তিনি একদিন ঠাকুরের ব্যাধি অপসারণার্থ যুবক ভক্তদের লইয়া ক্ষম্বার গৃহহ ঐক্সপ চিস্তায় নিযুক্ত হইয়াছিলেন।

নরেন্দ্রনাথের তীক্ষদৃষ্টি অপরের কুত্রিম আচরণ কত সহজে ধরিতে পারিত তাহা কাশীপুরের মহিমাচরণ চক্রবর্তী মহাশয়ের সহিত একদিনের ব্যবহার হইতেই বুঝিতে পারা যায়। মহিমাচরণ দর্ববিষয়ে লোকমান্ত পাইবার জন্ত এত नानाष्ट्रिত ছিলেন যে, ঐ উদ্দেশ্যে মিথ্যার আশ্রয় नইতেও পশ্চাৎপদ হইতেন না। তিনি পণ্ডিত, ইহা দশজনকে বুঝাইয়া দিবার জ্বন্ত স্বীয় পুন্তকাধারে বহু মুল্যবান ও বুহুদাকার গ্রন্থ সাজাইয়া রাখিতেন। পুজাপাদ স্বামী সার্দানন্দ একদিন নরেন্দ্রনাথের সহিত মহিমাচরণের গৃহে উপস্থিত হইয়া ঐসব পুন্তক দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "চক্রবর্তী মহাশয়, আপনি এত গ্রন্থ সব পডিয়াছেন ?" উত্তরে তিনি সবিনয়ে উহা স্বীকার করিলেন। কিন্তু পরক্ষণেই নরেন্দ্রনাথ কয়েকথানি পুন্তক হাতে লইয়া দেখিলেন উহাদের পাতা কাটা হয় নাই। কারণ জিজ্ঞাসিত হইয়া চক্রবর্তী মহাশয় বলিলেন, "কি জান ভায়া, লোকে আমার পড়া পুত্তকগুলি नहेशा याहेशा जात किताहेशा (तम नाहे; তाहात ऋल এ পুত্তকগুলি পুনরায় কিনিয়া রাখিয়াছি। এখন আর কাহাকেও পুস্তক লইয়া যাইতে দিই না।" নরেন্দ্রনাথ কিন্তু স্কলিনেই আবিষ্ণার করিয়া ফেলিলেন, চক্রবর্তী মহাশয়ের সংগৃহীত পুত্তকের সকলই ঐ প্রকার, অর্ধাৎ তাহারাও অপঠিত। অতএব নরেন্দ্রের দৃঢ়ধারণা জন্মিদ, ঐগুলি ভুধু গৃহশোভা ও লোকমান্তের জন্ত সংগৃহীত। জীরামক্লফের শ্রামপুকুরে অবস্থানকালে মহিমাচরণ বার কয়েক সেধানে আসিয়াছিলেন। তিনি ঐসব সময়ে ঠাকুরের সহিত সাক্ষাতের পর সাধারণের নিমিন্ত নির্দিষ্ট ঘরে বসিয়া একতারা যোগে মন্ত্রসাধনা করিতেন এবং মধ্যে মধ্যে অপরের সহিত ধর্মালোচনা করিতেন। গৈরিকপরিহিত, স্থন্দরকান্তি, বিশালবপু চক্রবর্তী মহাশয়ের আকৃতি ও বাক্যছ্টায় কেহ কেহ মুগ্রও হইতেন। শুদ্রীঠাকুর তাঁহার লোকমান্তের আকাজ্র্যা জানিতেন বলিয়া কথনও বা বলিতেন, "তুমি পণ্ডিত, ইহাদিগকে (উপস্থিত ভক্তদিগকে) কিছু উপদেশ দাও গে।" একদিন এরপ উপদেশ দিতে গিয়া চক্রবর্তী মহাশয় স্বীয় সাধনপথকেই শ্রেষ্ঠ ও সহজ প্রতিপন্ন করিতেছেন এবং যুবক ভক্তদের কেহ কেই উহা নির্বিবাদে ভনিতেছেন দেখিয়া নরেজ্রনাথের সহ্থ হইল না। তিনি তর্কের অবতারণা করিয়া মহিমাচরণের কথা খণ্ডন করিতে লাগিলেন এবং তাঁহাকে প্রশ্বাণে এরপ বিদ্ধ করিতে থাকিলেন যে, গতিক স্থ্বিধা নয় দেখিয়া তিনি সেদিনকার মতো পৃষ্ঠভঙ্গ দিলেন।

চক্রবর্তী মহাশয়ের প্রতি প্রয়োজনবাধে এরপ ব্যবহার করিলেও, ঠাকুরের উপদিষ্ট "যত মত তত পথ" এই কথা দর্বাংশে মানিয়া লইয়া নরেন্দ্রনাথ অপর ধর্মাবলম্বীর প্রতি উপযুক্ত ক্ষেত্রে যথেষ্ট সম্মান দেখাইতেন। প্রভুদয়াল মিশ্র নামক একজন খৃষ্টীয়ান ধর্মযাজক ঠাকুরকে দেখিবার জন্ম ভামপুকুরে আসিয়াছিলেন। তিনি ব্রাহ্মণবংশীয় হইলেও খৃষ্টধর্ম অবলম্বপূর্বক ধর্মযাজকের কার্যে রত ছিলেন এবং গেরুয়া-পরিধান, যোগসাধনা ও অপাকভোজন করিতেন। প্রশ্নের পর প্রশ্ন করিয়া নরেন্দ্রনাথ যথন তাঁহার সমন্ত মর্মকথা জানিয়া লইলেন এবং বৃঝিতে পারিলেন, তিনি থাটি লোক, তথন তাঁহার প্রতি বিশেষ শ্রদ্ধা প্রকাশ করিলেন; এবং নরেন্দ্রনাথেরই শিক্ষাগুণে অনেক যুবক মিশ্রমহাশয়কে পাদস্পর্শপূর্বক প্রণাম করিলেন ও একত্রে ঠাকুরের প্রসাদী মিষ্টায়াদি ভোজন করিলেন। ঠাকুরকে ইনি সাক্ষাৎ ঈশা বলিয়া জানিয়াছিলেন।

একদিকে নরেন্দ্রনাথ ধেমন অবিরাম চেষ্টা করিতেছিলেন যুবক ভক্তদিগকে ঈশ্বরাভিম্পে পরিচালিত করিতে এবং সকলকে সক্তাবদ্ধ করিতে, অপরদিকে রোগশয়ায় শায়িত শ্রীরামক্বফেরও ঐ বিষয়ে আকুলতা কম ছিল না। এমন কি অনেকের বিশাস ছিল, ভক্তদিগকে প্রেমস্থে সক্তাবদ্ধ দেখিবার জক্তই ঠাকুর শীয় শরীরে ব্যাধি শ্রীকার করিয়াছিলেন। 'কথামৃত' (৪।১৯।১) হইতে এইরূপ আনা বায়—

মণি বলিলেন, "আপনার রোগ পর্যন্ত থেলার মধ্যে। এই রোগ হয়েছে বলে এথানে নৃতন নৃতন ভক্ত আসছে।" শ্রীরামক্রফ সহাক্তে বলিলেন, "ভূপতি বলে, রোগ না হলে শুধু বাড়ী-ভাড়া করলে লোকে কি বলত।"

শুধু নৃতন ভক্ত শাসা নয়। শ্রীরামক্রফের সেবায় নিযুক্ত যুবকদিগের শনেককে সেথানেই থাকিতে হইত, এবং ঠাকুরের কলিকাতায় থাকার স্থযোগে গৃহী ভক্তরাও ঘন ঘন সেথানে শাসিতে পারিতেন, এইরূপ মেলা-মেশার ফলে ভাবগান্তীর্য, চিন্তার পরিশুদ্ধি, পরস্পরের প্রতি প্রীতিবৃদ্ধি প্রভৃতির অবকাশ ঘটিয়া সক্ত্যপ্রতিষ্ঠাকার্য, জ্ঞাতসারে বা অক্সাতসারে হউক, ক্রত অগ্রসর হইয়াছিল, ইহা বলাই বাছলা। এই উদ্দেশ্যসাধনার্থ বিভিন্ন ভক্তের শ্রীবনগঠনে ঠাকুর কতথানি শাগ্রহান্থিত ছিলেন, তাহার প্রতি দৃষ্টি না রাগিয়া নরেক্রন্ধীবনের শাগ্রহান্তি ছিলেন, তাহার প্রতি দৃষ্টি না রাগিয়া নরেক্রন্ধীবনের শাগ্রহান্তি ভিলেন, তাহার প্রতি দৃষ্টি না রাগিয়া নরেক্রন্ধীবনের শাগ্রহান্তি ভিলেন কথাই প্রধানত: উল্লেখ করিয়া আসিতেছি এবং পরেও তাহাই করিব। এখানে 'কথামৃত' হইতে (৪।২৯।১) উদ্ধৃত একটি দৃষ্টান্তে দেখিতে পাই, ঠাকুর তাঁহাকে কিরূপে বৈরাগ্যে উৎসাহিত করিতেন।

"নরেক্রের পিতার পরলোকপ্রাপ্তি হওয়াতে বডই ব্যতিব্যস্ত হইয়াছিলেন।
মা ও ভাইএরা আছেন, তাঁহাদের ভরণপোষণ করিতে হইবে। নরেক্র আইন পরীক্ষার জন্ম প্রস্তুত হইতেছেন। মধ্যে বিদ্যাসাগরের বােবাজ্ঞারের স্থলে কয়েক মাস শিক্ষকতা করিয়াছিলেন। বাটাতে একটা ব্যবস্থা করিয়া দিয়া নিশ্চিম্ভ হইবেন—এই চেষ্টা কেবল করিতেছেন। ঠাকুর সমস্তই অবগত আছেন; নরেক্রকে একদ্ষ্টে সঙ্গ্লেহে দেখিতেছেন।

"শ্রীরামক্রক (মাস্টারকে)— আচ্ছা, কেশব সেনকে বললাম, 'ধদ্চ্ছালাভ'। বে বড় ঘরের ছেলে, তার ধাবার জ্ঞা ভাবনা হয়না—সে মাসে মাসে মাসোহার। পায়। তবে নরেক্রের এত উচু ঘর, তবু হয় না কেন? ভগবানে মন সব সমর্পন করলে তিনি সব জোগাড় করে দিবেন।

"মাস্টার--- আজা, হবে ; এখনও তো সময় যায় নাই।

"শ্রীরামত্বঞ্চ—কিন্ত তীত্র বৈরাগ্য হলে ওসব হিসাব থাকে না। বাড়ীর সব বন্দোবন্ত করে দিব, তারপরে সাধনা করব—তীত্র বৈরাগ্য হলে এরপ মনে হর না। (সহাস্থ্যে) গোঁসাই লেকচার দিয়েছিল; তা বলে—দশ হাজার টাকা হলে ঐ থেকে থাওয়া-দাওয়া এইসব হয়, তথন নিশ্বিস্ত হয়ে ঈশ্বরকে বেশ ভাকা ষেতে পারে। কেশব সেনও ইকিত করেছিল। বলেছিল—মহাশয়, 'য়দি
কেউ ঠিক ঠাক করে ঈশর চিস্তা করে, তা পারে কিনা? তার তাতে কিছু
লোষ হতে পারে কি?' আমি বললাম—'ভীর বৈরাগ্য হলে সংসার পাতকুয়া,
আত্মীয় কালসাপের মতো বোধ হয়। তপন টাকা জ্বমার, বিষয় ঠিকঠাক করব
—এসব হিসাব আসে না। ঈশরই বস্তু আর সব অবস্তু—ঈশরকে ছেডে বিষয়চিস্তা!' একটা মেয়ের ভারী শোক হয়েছিল। আগে নগটা কাপড়ের আঁচলে
বাধলে, তারপরে 'ওগো, আমার কি হলো গো!' বলে আছড়ে পড়ল; কিস্তু
য়ব সাবধানে, নগটা না ভেকে যায়।

"সকলে হাসিতেছেন। নরেক্স এই সকল কথা শুনিয়া বাণবিজ্ঞের স্থায় একটু কাত হইয়া শুইয়া পড়িলেন। মাস্টার তাঁর মনের অবস্থা ব্ঝিয়াছেন।"

দেদিন অপেরাহ্ন ছুইটায় নরেজনাথ যে কয়টি গান গাহিলেন, সবই বৈরাগ্য-পূর্ণ—

"ঘাবে কি হে দিন আমার বিফলে চলিয়ে" – ইত্যাদি

"অম্বরে জাগিছ ওমা অম্বর্যামিনী" —ইত্যাদি

"কি স্থুখ জীবনে মম ওছে নাথ দয়াময় হে,

यनि চরণসরোজে পরাণমধুপ চিরমগন না রয় হে" ইত্যাদি।

আমরা দেখিয়াছি, শ্রীরামরুফের শিক্ষাগুণে নরেন্দ্রনাথের ব্রাহ্মসংহ্বার পরিবভিত হইতেছিল। তিনি প্রতিমাপুজায় বিশাস স্থাপন করিয়াছিলেন। অবতারবাদ সম্বন্ধেও তাঁহার মত পরিবভিত হইতেছিল। শ্রামপুরুরে তিনি স্বমুখে স্বীকার করিয়াছিলেন যে, শ্রীরামরুফ ঈশরোপম মহাপুরুষ। সেদিন (২৭শে অক্টোবর, ১৮৮৫, 'কথায়ত', ১০৮৬) তাক্তার মহেন্দ্রলাল সরকারের সহিত বিচার হইতেছিল। কথাপ্রসঙ্গে নরেন্দ্র বলছিনা, শর্তকে আমরা ঈশরের মতো মনে করি। আমি ঈশর বলছিনা, ঈশরের তুলা ব্যক্তিবলিতেছি। নারলোক ও দেবলোক এই ত্রের মধ্যে একটি স্থান আছে বেখানে বলা কঠিন এ ব্যক্তি মাহুষ না ঈশর।" পাঠক হয়তো লক্ষ্য করিবেন, ইহা পুর্ব ভগবতার স্বীকৃতি নহে। তবু পুর্বের সম্পূর্ণ অস্বীকৃতির স্থলে এই স্বীকৃতিও বড় কম ম্ল্যবান নহে। নরেন্দ্রের এই ক্রমপরিবর্তন ঠাকুরও লক্ষ্য করিয়াছিলেন। তাই তিনি একদিন (২০শে অক্টোবর, ১৮৮৫, 'কথামুত', ৪।২৮।১) মাস্টার মহাশয়কে বলিয়াছিলেন, "নরেন্দ্রকে দেখছ না।"—সব মনটা ওর

স্মামারই উপর স্মাসছে।" স্বদৈতবাদও তিনি স্বীকার করিয়া ঐদিকে ধ্ব ঝুকিয়া পড়িয়াছিলেন। ইহার পরিচয় স্মামরা পরে পাইব।

শ্রামপুকুরে ডাক্তার ও সেবকদের সর্বপ্রকার চেষ্টা সত্ত্বেও ঠাকুরের রোগের উপশম হইল না। ষেসকল ঔষধ পুর্বে স্বল্লাধিক ফলপ্রদ হইয়াছিল, তাহারাও স্মার উপকারে আদিতেছে না দেখিয়া ডাক্তারও চিস্তিত হইলেন এবং ডাবিলেন. কলিকাতার দৃষিত বায়ু হইতে মুক্ত শহরতলীর কোন স্থানে থাকিতে পারিলে উপকার হওয়া সম্ভব; অতএব ঐরূপ বাটীর সন্ধান চলিতে লাগিল এবং শীঘ্রই কাশীপুরে ৺গোপালচন্দ্র ঘোষের উত্যানবাটীটি (বর্তমান ৯৯ নং কাশীপুর রোড) মাসিক ৮০ টাকা ভাড়ায় বন্দোবন্ত লইয়া ১৮৮৫ পুষ্টান্দের ১১ই ডিসেম্বর শ্রীশ্রীঠাকুরকে সেধানে আনা হইল। স্বরহৎ না হইলেও চৌদ্দ বিঘা জমি জুড়িয়া অবস্থিত ও ফলপুষ্পের বৃক্ষাদিতে স্থগোভিত উত্থানবাটীট মনোরম ছিল। উত্যানের উত্তর সীমায় প্রায় মধ্যভাগে তিন-চারিখানি ছোট কুঠরি রন্ধন ও ভাণ্ডারাদির জন্ম নিদিষ্ট ছিল। ঐ ঘরগুলির সম্মুখে ইষ্টকনির্মিত প্রায় গোলাকার উন্থানপথের দারা পরিবৃত একথানি দিতল বাদগৃহ। উহার নীচে চারিখানি ও উপরে তুইখানি ঘর। নীচে উত্তরাংশে তুইখানি ঘর পাশাপাশি পূর্ব ও পশ্চিমে অবস্থিত: উহার পশ্চিমের ঘরখানি অপেক্ষাক্বত বড় এবং উহাতে দোতলায় যাইবার জন্ম কাষ্ঠনির্মিত দোপানশ্রেণী। পুর্বের ছোট ঘরখানিতে শ্রীশ্রীমাতাঠাকুরানী থাকিতেন। নীচের বৃহত্তম হল ঘর্থানি মধ্যভাগে অবস্থিত এবং উহার দক্ষিণে আর একথানি বড় ঘর। ঐ ঘরের পূর্বদিকে একটি কৃত্র বারান্দা। এই হল ঘর ও উহার দক্ষিণের ঘরখানি সেবকদের শয়নাদির জন্ম ব্যবহৃত হইত। নীচের হলদরের উপরে যে তুল্যায়তন ঘর ছিল, উহাতেই ঠাকুর থাকিতেন এবং শ্রীমায়ের উপরিস্থ কুম্র ঘরখানিতে তিনি স্নানাদি করিতেন ও চুই-একজ্বন সেবক অক্ত সময়ে বাস করিতেন। উত্যানের দক্ষিণ-পশ্চিম কোণে পশ্চিমের প্রাচীরের গায়ে দারবানের ঘর ও ঐ ঘরের উত্তরে লোহময় ফটক। ফটক হইতে আরম্ভ করিয়া গাড়ী চলিবার পথ উত্তর-দক্ষিণে প্রায় অর্ধ বুত্তাকারে প্রসারিত হইয়া বাসগৃহের চতুম্পার্থবর্তী গোলাকার পথের সহিত সংযুক্ত ছিল। বসতবাটীর পশ্চিমে একটি কৃত্ত পুকুর, পুকুরের পুর্বনিকে পাকা ঘাট। উভানের উত্তর-পূর্ব প্রান্তে একটি বড় পুরুরিণী এবং পুরুরিণীর উত্তর-পশ্চিম কোণে ত্ই-তিনধানি একতলা ঘর। তদ্তির উত্তানের উত্তর-পশ্চিম কোণে কৃত্র পুদ্ধিনীর পশ্চিমে আন্তাবল ও উত্তানের দক্ষিণ দীমার মধ্যভাগের সমূবে মালীদের জন্ত ত্ইথানি কৃত্র ইইকনির্মিত গৃহ পাশাপাশি অবস্থিত। উত্তানপথের উভয় পার্য পুস্পর্ক শোভিত, অন্তাত্র আম, কাঁটাল, লিচু প্রভৃতি কলের গাছ। মধ্যবর্তী ভূমিধণ্ডগুলি শ্রামল তুণাচ্ছাদিত থাকিয়া উত্তানের শোভা বৃদ্ধি করিতেছে।

ভামপুকুরের বাটীতে ঠাকুর কিঞ্চিদধিক তুইমাস (সম্ভবত: অক্টোবরের আরম্ভ হইতে ১০ই ডিসেম্বর) এবং কাশীপুরের ঐ বাটীতে কিঞাদিধিক আট মান (১১ই ডিনেম্বর—১৫ই আগস্ট) ছিলেন। আপাত-দৃষ্টতে মনে হয়, এই সার্ধ দশ মাসের মধ্যে ঠাকুরের ব্যাধিকে অবলম্বন করিয়া তাঁহার ভাবী সভ্য যেন আপনা-আপনি গড়িয়া উঠিয়াছিল। বলা যাইতে পাবে, দক্ষিণেশ্বরে যে বীজ প্রোথিত হইয়াছিল, খ্যামপুকুরে তাহা অঙ্কুরিত ও কাশীপুরে পুর্ণ বুকে পরিণত হইল। ইহা অংশত: সত্য হইলেও একট লক্ষ্য করিলেই বুঝা যাইবে যে, ভামপুকুরে আমরা ষেমন দেখিয়া আদিয়াছি, তেমনি কাশীপুরেও শ্রীশ্রীঠাকুর এই সম্বাপনকার্যে নির্লিপ্ত সাক্ষী মাত্র ছিলেন না; প্রত্যুত জগদমার নিমন্ত্রণাধীনে তিনি ঐ বিষয়ে সক্রিয় ছিলেন এবং ভক্তদিলের মনও ঐভাবে প্রস্তুত করিয়াছিলেন। নরেন্দ্রনাথ সম্বন্ধে তিনি বিভিন্ন সময়ে বলিয়াছিলেন, "মা তোকে তাঁর কাঞ্চ করিবার জন্য সংসারে টানিয়া আনিয়াছেন"— "আমার পশ্চাতে তোকে ফিরিতেই হইবে। তুই যাইবি কোথায় ?"---"এরা সব (বালক ভক্তগণ) যেন হোমা পাখীর শাবকের ক্রায় ; হোমা পাখী আকাশে বহু উচ্চে উঠিয়া অগুপ্রস্ব করে, স্বতরাং প্রস্বের পরে উহার অগু-সকল সবেগে পৃথিবীর দিকে নামিতে থাকে—ভয় হয় মাটিতে পড়িয়া চূর্ণ-বিচূর্ণ হইয়া ষাইবে ; কিন্তু তাহা হয় না, ভূমি স্পর্ণ করিবার পূর্বে অণ্ড বিদীর্ণ করিয়া শাবক নিৰ্গত হয়, এবং পক্ষ প্ৰসারিত করিয়া পুনরায় উর্দেষ আকাশে উড়িয়া ষায়। ইহারাও দেইরূপ সংসারে আবদ্ধ হইবার পূর্বেই সংসার ছাড়িয়া ঈবরের দিকে অগ্রসর হইবে।" "তদ্ভিন্ন নরেক্সনাথের জীবন গঠনপূর্বক তাঁহার উপরে নিজ ভক্তমগুলীর, বিশেষতঃ বালক ভক্তসকলের, ভারার্পণ করা এবং তাহা-

 [।] বর্ণনাটি 'নীলাপ্রদক্ষ' হইতে গৃহীত। সম্প্রতি বসতবাটাটি টিক পূর্বেরই মত পুনর্নিমিত

ইইরাছে; কিন্তু চতুস্পার্বের উদ্ধানভূমি ও গৃহাদি পরিবর্তিত হইরাছে।

দিগকে কিরপে পরিচালনা করিতে হইবে তদ্বিষয়ে শিক্ষা দেওয়া ঠাকুর এই স্থানেই করিয়াছিলেন। স্থতরাং কাশীপুরের উচ্চানে সংসাধিত ঠাকুরের কার্য-সকলের যে বিশেষ গুরুত্ব ছিল তাহা বলিতে হইবে না" ('লীলাপ্রসরু', €।৩২০)।

উল্লানবাটীতে আসিয়াও উহার সৌন্দর্য ও কোলাহলমুক্ত পরিবেশ দেখিয়া ঠাকুর বেশ প্রীত হইলেন। ভক্তগণও তাঁহার দেবার দর্বপ্রকার ব্যবস্থায় ব্যাপৃত হইলেন। বয়স্ক ভক্তগণ স্বভাবতই বাড়ীভাড়া ও অক্সান্ত ব্যয়ভার গ্রহণ করিলেন: কিন্তু নরেন্দ্রনাথ দেখিলেন, নগর হইতে দুরবর্তী এই স্থানে উপযুক্ত-ক্লপ সেবার ব্যবস্থা করিতে হইলে লোকবল আবশুক এবং শ্রামপুকুরে যেমন কেহ কেহ স্বগৃহে আহারাদি সারিয়া শুধু সেবার জ্বন্ত সেধানে থাকিতেন, কাশীপুরে তাহা চলিবে না; এথানে অধিক সেবককে দিবারাত্র বাস করিতে हरेटर এবং এই বিষয়ে নেতারূপে তাঁহাকেই আদর্শ স্থাপন করিতে হইবে। নরেন্দ্র তথন বি. এল. পরীক্ষার জন্ম প্রস্তুত হইতেছিলেন; তাছাড়া পৈত্রিক গুহের বিভাগ লইয়া জ্ঞাতি-শত্রুদের সহিত হাইকোর্টে মকদমা চলিতেছিল। এই উভয় কারণে তাঁহার কলিকাতায় থাকা অত্যাবশুক হইলেও তিনি ঠাকুরের **म्यात अद्योक्टन वित कत्रिलन, कामीशूरत्रहे थाकिर्यन এवः मिथानहे व्यवस्त्र** মত পরীক্ষার পাঠ প্রস্তুত করিবেন। ফলতঃ তথন পর্যন্ত এই সঙ্কল্পই স্থির ছিল যে তিনি ঐ বংসর আইন পরীক্ষা দিবেন; কারণ অন্ত কোন উপায় না দেখিয়া তিনি ঠিক করিয়াছিলেন, আইন ব্যবসায় অবলম্বনে কয়েকটি বৎসরের মধ্যে মাতা ও প্রাতাদের জন্ম মোটামূটি গ্রাদাচ্ছাদনের ব্যবস্থা করিয়া দিয়াই সংসার ছাড়িয়া ভগবদারাধনায় রত হইবেন। নরেন্দ্রের দৃষ্টান্তে অফুপ্রাণিত আরও কয়েকজ্ঞন যুবক ক্রমে কাশীপুরে আসিয়া জুটিলেন। ঐরপে শেষ পর্যন্ত যাঁহার। কাশীপুরে থাকিয়া সেবাত্রত উদ্যাপন করিয়াছিলেন তাঁহারা সংখ্যায় দ্বাদশ জন ছিলেন; छांशारमत नाम नरतन्त्र, ताथान, वात्त्राम, नित्रश्चन, त्यांशिन्त, नांहे, তারক, বুড়ো গোপাল, কালী, শরং, শশী এবং হুটকো গোপাল। পিতার নির্ঘাতনে মধ্যে মধ্যে আসিয়া হুই-একদিন মাত্র থাকিতে পারিতেন। হরিশের কয়েক দিন আসার পর গৃহে ফিরিয়া মল্ভিছবিকৃতি ঘটে। ইহা পরের কথা; আপাততঃ আমরা প্রথম কয়দিনের কথাই বলিভেচি।

নরেজ্রনাথ সকলের কার্য ভাগ করিয়া দিলেন; কে নিত্য ভাক্তারের বাড়ী

হাইবেন, কে কলিকাতায় বাজার করিবেন, কে বরাহনগরের বাজার করিবেন. কে কে গৃহাদি পরিষ্কার করিবেন, কাহারা পালাক্রমে ঠাকুরের শ্যাপার্শে থাকিবেন ইত্যাদি সমস্ত কাজের ব্যবস্থা তাঁহাকে ভাবিয়া চিস্তিয়া করিতে হইল। দকল কার্যের স্থবন্দোবন্ত না হওয়া পর্যন্ত বালক ভক্তদের কেহই স্কল্পকালের জন্যও ষগৃহে গেলেন না। একান্ত প্রয়োজনীয় স্থলে তাঁহারা কোনও প্রকারে বাটীতে ভুধু একটু সংবাদ পাঠাইয়া দিলেন যে, ঠাকুর স্কৃত্ব না হওয়া পর্যন্ত তাঁহারা নিয়মিত-ভাবে বাড়ীতে আসিতে বা থাকিতে পারিবেন না। এইভাবে গৃহী ও বন্ধচারী ভক্তেরা যথন একযোগে সেবায় বিভিন্ন দিকের দায়িত্ব লওয়ায় উহা স্বশৃত্যলভাবে আপনা আপনি চলিতে লাগিল তথন নরেক্রনাথ স্থির করিলেন, তুই-এক দিনের জন্ম নিজ বাটীতে যাইবেন। ব্যাত্রিকালে ঐ কথা জানাইয়া তিনি শয়ন করিলেন, কিন্তু নিল্রা হইল না। কিছুক্ষণ পরেই উঠিয়া পড়িয়া গোপাল, শরৎ প্রমুথ হুই-একজনকে বলিলেন, "চল, বাহিরে উভানপথে পাদচারণ ও তামাকু শেবন করি।" বেড়াইতে বেড়াইতে তিনি বলিলেন, "ঠাকুরের যে ভীষণ ব্যাধি, তিনি দেহরক্ষার সম্বল্প করিয়াছেন কি না, কে বলিতে পারে ? সময় থাকিতে তাঁহার সেবা ও ধ্যান-ভঙ্গন করিয়া যে যতটা পারিস আধ্যাত্মিক উন্নতি করিয়া নে, নতুবা তিনি সরিয়া যাইলে পশ্চান্তাপের অবধি থাকিবে না। এটা করিবার পরে ভগবানকে ডাকিব, ওটা করা হইয়া যাইলে সাধন-ভল্পনে লাগিব, ঐ রূপেই তো দিনগুলো যাইতেছে এবং বাসনাজালে জড়াইয়া পড়িতেছি। ঐ বাসনাতেই সর্বনাশ, মৃত্যু। বাসনা ত্যাগ কর, ত্যাগ কর।"

তথন পৌষ মাদের রাত্রি; চারিদিক নীরব নিজক, যেন সারা পৃথিবী ধ্যানমগ্ন! বৃক্ষতলগুলি তথন শুক্ষ ও পরিকার। ভ্রমণ করিতে করিতে নরেন্দ্রনাথ একটি বৃক্ষতলে উপবেশন করিলেন এবং ভগ্নশাথাসমূহের একটি শুক্ষ শুপুনিকটেই রহিয়াছে দেখিয়া বলিলেন, "দে উহাতে অগ্নি লাগাইয়া; সাধুরা এই সময়ে বৃক্ষতলে ধুনি জ্ঞালাইয়া থাকে, আর আমরাও ঐরপ ধুনি জ্ঞালাইয়া শস্তরের নিভ্ত বাসনাসকল দয়্ম করি।" অগ্নি প্রজ্ঞালিত হইল এবং চারিদিকের শৃষ্ক শাথাগুলি টানিয়া আনিয়া, অন্তরের বাসনারাশিকে আছতি দেওয়া ইইতেছে, এইরপ চিস্তা করিয়া সকলে ঐগুলিকে ঐ আগুনে হোম করিতে লাগিলেন। ইহাতে তাঁহারা এক দিব্য আনন্দ অস্কুত্ব করিলেন। মনে ইইল, যেন তাঁহারা এই প্রকারে শৃষ্কিতি হইয়া ঐভিগ্রানের নিকটবর্তী

হইতেছেন। এমনি করিয়া তই-তিন ঘণ্টা কাটিয়া গেলে এবং ইন্ধন শেষ হইয়া গেলে তাঁহারা শয়নগৃহে ফিরিলেন। রাত্রি তথন চারিটা বাজিয়া গিয়াছে। পরদিন প্রভাতে সব শুনিয়া অপর ব্রহ্মচারীরা, তাঁহাদিগকে কেন ডাকা হয় নাই, এই বলিয়া তঃপ করিতে লাগিলেন। নরেন্দ্র তথন সাস্থনা দিয়া বলিলেন, "আমরা তো পূর্ব হইতে অভিপ্রায় করিয়া ঐ কার্য করি নাই, এবং এত আনন্দ পাইব তাহাও জানিতাম না। এখন হইতে অবসর পাইলেই সকলে মিলিয়া ধুনি জালাইব, ভাবনা কি ?" ('লীলাপ্রসঙ্ক', ৫।৩৩২-৩৩)। এই প্রস্তাবায়-বায়ী পরেও অনেকবার ধুনি জালাইয়া ধ্যানাদি হইয়াছিল।

পূর্বাভিপ্রায় অমুসারে নরেন্দ্র ঐ দিন প্রাতেই কলিকাতায় গেলেন এবং একদিন পরে কয়েকথানি আইন-এর পুন্তকসহ উচ্চানবাটীতে ফিরিলেন। কিন্তু আমরা একটু পরেই দেখিব, আইন-পড়া তাঁহার আর হয় নাই।

এইকালে শ্রীরামক্ষের সহিত নরেন্দ্রনাথের কথাবার্তার যে বিবরণ 'কথামুতে' লিপিবদ্ধ হইয়াছে, তাহা হইতে যেসব তথ্য জানা বায়, তন্মধ্যে জন্মতম জম লক্ষণীয় বিষয় এই যে, তথন নরেন্দ্রজীবনে অধ্যাত্ম উন্নতির জন্ম তীব্র আকাজ্রমা ও ভচ্চিত ত্যাগ-তপস্থার ভাব অতি স্পষ্টরূপে অভিব্যক্ত হইয়াছিল। হরা জাত্ময়ারি ধ্যানকালে তাঁহার কুণ্ডলিনী-জাগরণের আভাস পাওয়া যায়। ৪ঠা জাত্ময়ারি সোমবারে উত্থানবাটীর নীচে বিসিয়া মাস্টার মহাশয়ের সহিত আলাপনকালে তিনি বলিয়াছিলেন, "গত শনিবার এথানে ধ্যান কচ্ছিলাম; হঠাৎ বুকের ভিতর কিরকম করে এল।" মাস্টার মহাশয় অহুমান করিয়া বলিলেন, "কুণ্ডলিনী-জাগরণ?" নরেন্দ্র অহুমোদন করিলেন, "তাই হবে। বেশ বোধ হল—ইডা-পিঙ্গলা। হাজরাকে বললাম, বুকে হাত দিয়ে দেখতে।" তিনি আরও বলিয়া যাইতে লাগিলেন, "কাল, রবিবার উপরে গিয়ে এঁর সঙ্গে দেখা করলাম; ওঁকে সব বললাম। আমি বললাম, 'সব্বাইএর হল, আমার হবে না?'···তিনি বললেন, 'তুই বাড়ীর একটা ঠিক করে আয় না—সব হবে। তুই কি চাস?' আমি বললাম, 'আমার ইছ্যা, অমনি তিন-চার দিন সমাধিত্ব

শশক্ষ ব্যা প্রীপ্রত্ব নরেক্র এখানে।
 গোটা রাত্রি ধ্নি-পাশে রহেন ধিয়ানে।
 ভদ্মনাধা গোটা অকে কৌশীনধারণ।
 পাতা আছে বাবছাল বাহাতে আসন।* (প্রি)

হয়ে থাকব। কথন কথনও এক একবার থেতে উঠব।' তিনি বললেন, 'তৃই তো বড় হীনবৃদ্ধি! ও অবস্থার উচ্ অবস্থা আছে।" তৃই তো গান গাদ
— যো কুছ হাঁায় সো তৃঁহী হাঁায়।'…তিনি বলিলেন, "তৃই বাড়ীর একটা ঠিক
করে আয়, সমাধিলাভের অবস্থার চেয়েও উচ্ অবস্থা হতে পারবে।" (৩২৩।২)।
সে কথা মান্ত করিয়া নরেন্দ্রনাথ বাড়ী গিয়াছিলেন। উহার ফল কি হইয়াছিল,
তাহা আমরা অচিরেই দেখিব। আপাততঃ নির্বিকল্প সমাধি না-পাওয়ার বিষয়টিই
আর একট্ আলোচনা করিব: কেন না ইহা গুরু নরেক্সন্তীবনের ধারা-পরিবর্তনকারী অন্তত্ম প্রধান ঘটনা নহে, আধুনিক যুগের পক্ষেও ইহা সবিশেষ গুরুত্বপূর্ব।

আলোচ্য কালেরই কোন একদিন নির্বিকল্প সমাধিলাভের ইচ্ছা অভান্ত প্রবল হওয়ায় নরেন্দ্রনাথ শ্রীরামকুফকে এক্ষন্ত ধরিয়। বসিলেন। সাকর জাঁহাকে নিরন্ত করিবার জন্ম প্রথমে বলিলেন, "আমি ভাল হলে তুই যা চাইবি দেব।" নরেন্দ্র তাহাতেও নিরুত্ত না হইয়। বলিলেন, "কিছু আপনি যদি আর ভাল না হন, তাহলে আমার কি হবে ১" তখন ঠাকুর কতকটা অক্সমনস্ক ও স্থগতভাবে विनातन, "भाना वरन कि १" जातभत्र भीत्रजार किकामा कतिरानन, "चाक्रा, তই কি চাস বল।" নরেক্স জানাইলেন, "আমার ইচ্ছা হয়, শুকদেবের মতো পাচ-ছয় দিন ক্রমাগত একেবারে সমাধিতে ভূবে থাকি, ভারপর ভগু শরীর-রকার জন্ম থানিকটা নীচে নেমে এসে আবার সমাধিতে চলে যাই।" খ্রীরাম-ক্ষম তথন কতকটা উত্তেজিতকণ্ঠে তিবস্বার করিয়া বলিলেন, "ছি ছি, তুই এতবড আধার, তোর মুথে এই কথা। আমি ভেবেছিলাম, কোপায় তুই একটা বিশাল বটগাছের মতো হবি, তোর ছায়ায় হাজার হাজার লোক আশ্রয় পাবে, তানাহয়ে তুই কিনাও ধুনিজের মৃক্তি চাদ! এ তো অতি তুচ্ছ হীন কথা! নারে, এত ছোট নজর করিস নি । আমি বাপু সব ভালবাসি। মাছ ধাব তো ভাজাও খাব, সিদ্ধও খাব, ঝোলেও খাব, অম্বলেও খাব। তাঁকে সমাধি **অবস্থায় নিগুণ ভাবেও উপলব্ধি করি, আবার নানা মৃতির ভেতর ঐহিক সম্বন্ধ**-

৩। "মণি—'হা উনি সর্বদাই বলেন যে, সমাধি খেকে নেমে এসে দেখে—তিনিই জীব জগৎ এই সমত হয়েছেন। ঈশ্বরকোটির এই অবহা হতে পারে। উনি বলেন, জীবকোটি সমাধি-অবহা যদিও লাভ করে, আর নামতে পারে না।" (ঐ)।

বোধেও ভোগ করি। একঘেয়ে ভাল লাগে না। তুইও তাই কর—একাধারে জ্ঞানীও ভক্ত তই হ।"⁸

প্রাচীন চিস্তাধারায় চলিতে চলিতে নরেক্স আজ অকমাৎ যুগাবতারের নবীন বাণী স্বমুধে স্পষ্টতমরূপে শুনিলেন—বুঝিলেন, কেবল নিজমুক্তির জন্ত লালায়িত থাকাও এক প্রকার স্বার্থপরতা; আজ মনে হইল, পরমহংসদেব ধে বলিয়া থাকেন, 'চোধ বু জিলেই ভগবান আছেন, আর চোধ চাহিলে কি তিনি নাই ?'-একথার একটা গভীর তাৎপর্য আছে। কিন্তু বৃদ্ধিতে এই নবালোক প্রতিফলিত হইলেও, হুদ্ম দিয়া ইহা গ্রহণ করিতে বেশ কিছু সময় লাগিয়াছিল: এই নবতত্ব লাভ করিলেও হৃদয়ের আকাজ্জা তথনও অতৃপ্ত রহিয়া গেল ; তাই ঠাকুরের ধিকারবচনে নরেন্দ্রনাথের চক্ষে অজন্র অঞ্চ বিগলিত হইলেও তাঁহার প্রাণ তথনও নির্বিকল্প-সমাধির জন্ম পুর্বেরই ক্যায় লালায়িত রহিল। অবশেষে ঘটনাক্রমে একদিন সন্ধাার পরে তিনি চিরবাঞ্চিত নির্বিকল্পভূমিতে আর্ঢ় হইলেন। সেখানে তথন ছিলেন কেবল তিনি ও বুড়ো গোপালদা, বাকী সেবকরা তথন হয় ঠাকুরের সেবায় ব্যন্ত, নতুবা সন্ধায় তিমিত আলোকে প্রকৃতির নিতক্তার সহিত হৃদয়ের সামঞ্জক্ত স্থাপনপূর্বক কোন নিভূত স্থানে ভগবচ্চিস্তায় নিমগ্ল কিংবা দূরে বৃক্ষতলে ভগবৎ-দঙ্গীতে নিরত। এমন দময় ধ্যানমগ্ন নরেক্সনাথের বোধ হইল যেন তাঁহার মন্তকের পশ্চান্তাগে উজ্জ্বল আলোকরাশি প্রজলিত হইয়াছে। দেখিতে দেখিতে উহার ক্রমবর্ধমান জ্যোতিঃ যেন চন্দ্র, সূর্য, আকাশ প্রভৃতিকে দূরে সরাইয়া দিয়া স্বয়ং সর্বত্ত পরি-व्याश इहेर जरह — जथन विश्व मात्र हेन हेना यभान थवः मन वाक क्र श हा ज़िया এক অথও জ্যোতিঃসমূত্রে নিমজ্জিত হইতে চলিয়াছে। দেশ-কাল-পাত্রের বোধ আর রহিল না-রহিল ওধু অথও সচ্চিদানন ত্রহ্মসতা। নরেক্রনাথ বলিয়াছিলেন, "সেদিন দেহাদি-বুদ্ধির এককালে অভাব হয়েছিল, প্রায় লীন হয়ে গিয়েছিলুম, আর কি ? একটু অহং ছিল, তাই সেই সমাধি থেকে ফিরেছিলুম। ঐরপ সমাধিকালেই আমি আর ত্রক্ষের ভেদ চলে ধায়—সব এক হয়ে ধায়— ষেন মহাসমূত্রে জল, জল, আর কিছুই নাই। ভাব আর ভাষা সব ফুরিয়ে ষায়।" সমাধি হইতে ব্যুত্থানের পর তাঁহার মনে হইল বেন মন্তক ব্যুতীত সমস্ত

৪। 'কথামৃতে'র পূর্বোক্ত ঘটনা ও এই ঘটনা বিভিন্ন বলিরাই মনে হয়, কেন না উভয় ছলের
 উপদেশাদি সম্পূর্ণ পৃথক। 'কথামৃতে'র ঘটনা পূর্ববর্তী ও ইহা পরক্তী।

অঙ্গ-প্রত্যঙ্গ একেবারে শৃত্যে মিশাইয়া গিয়াছে। এই বোধের সঙ্গে সংক্ষ
নরেক্রনাথ কাতর চীৎকার করিয়া উঠিলেন। এই আকম্মিক শব্দে গোপালদা
দড়মড় করিয়া উঠিয়া দাঁড়াইলেন; কর্ণে গেল, নরেক্র বলিতেছেন, "গোপালদা,
গোপালদা, আমার শরীর কোথায় গেল ?" গোপালদা ব্যন্তসমন্ত হইয়া তাঁহার
দেহের বিভিন্ন স্থান টিপিয়া বলিতে লাগিলেন, "কেন নরেন, এই ষে ?" তব্
নরেক্রের মনে হইতে লাগিল, শুর্ ম্থথানি আছে, আর কিছু নাই। অগত্যা
কিংকতব্যবিম্ট গোপালদা অপরদের ডাকিয়া আনিলেন; কিছু কেহই কিছু
ব্বিতে পারিলেন না। অবশেষে উপরে ঠাকুরকে সংবাদ দেওয়া হইলে তিনি
ঈষৎ ভ্রুভিন্ন সহকারে বলিলেন, "বেশ হয়েছে, থাক থানিকক্ষণ ঐ রকম হয়ে।
গুরই জন্ম যে আমায় জ্ঞালাতন করে তুলেছিল।"

রাত্রি এক প্রহর পরে অনেকটা সহজাবস্থাপ্রাপ্ত নরেক্রনাথ শ্রীগুরুর পদপ্রাপ্ত উপনীত হইলেন। তথনও তিনি সম্পূর্ণ প্রকৃতিস্থ হন নাই, ধীরপদক্ষেপে সোপানারোহণ-কালে মনে হইতেছিল, চরণদ্ব দেন চলিতেছে না। শ্রীরামকৃষ্ণ তাঁহাকে দেখিয়া বলিলেন, "কেমন, মা তো আজ তোকে সব দেখিয়ে দিলেন? চাবি কিন্তু আমার হাতে রইল। এখন তোকে কাজ করতে হবে। যখন আমার কাজ শেষ হবে তখন আবার চাবি খুলব।" তারপর তিনি তাঁহাকে শরীরের প্রতি যত্ন লইতে এবং সঙ্গি-নিবাচন-বিষয়ে অধিকতর সাবধান হইতে বলিয়া দিলেন।

এইকালে সাধনপ্রভাবে নরেন্দ্র এক অন্তুত রকমের দর্শন পাইতেন—ধ্যানের পর দেখিতেন যেন ঠিক তাঁহারই মতো আর একজন সেখানে রহিয়াছে; তাহার আকার প্রকার গঠনাদি সমন্ত তাঁহারই অন্তর্মণ। তিনি আশ্চর্ষ হইয়া ভাবিতেন, "এ আবার কে?" ঐ প্রতিকৃতিটি অনেক সময় এক ঘণ্টারও অধিককাল থাকিত এবং তাঁহার সহিত কথা কহিত—তাঁহার চলন-বলন, কথাবার্তা ইত্যাদি সমন্তই অবিকল অন্তর্মণ করিত। এমন কি, তিনি মৃথ ভেঙচাইলে ঐ

^{ে। &#}x27;'সেই অবহার বোধ হল যেন আমার শরীর নাই, শুধু মুখটি দেখতে পাছিছ । ঠাকুর উপরের ঘরে ছিলেন, আমার নীচে ঐ অবহাটি হল । আমি সেই অবহাতে কাগতোন, বলতে লাগলাম, বলাজে লাগলাম, 'আমার কি হল ?' বুড়োগোপাল উপরে গিরে ঠাকুরকে বললেন, 'নরেন্দ্র কাছছে।' তার সলে দেখা হলে তিনি বললেন, 'এখন টের পেলি, চাবি আমার কাছে রইল।' আমি বললাম, 'আমার কি হল ?' তিনি অক্ত ভক্তদের দিকে চেয়ে বললেন, 'ও আপনাকে আনতে পারলে দেহ রাখবে না; আমি ভুলিরে রেখেছি।' ('ক্থামৃত', তর ভাগ, পরিশিষ্ট)।

প্রতিমৃতিটি তাহাই করিত। প্রথম প্রথম এইরপ দর্শনের পর ঠাকুরকে উহা জানাইলে তিনি ঐ বিষয়ে কোন গুরুত্ব আরোপ না করিয়া বলিয়াছিলেন, "ইহা ধ্যানের উচ্চাবস্থার লক্ষ্ণ।"

যাহা হউক, আমরা কাশীপুরের প্রথমবস্থার দিনগুলিতেই ফিরিয়া ঘাই। নবেক্স তথনও আইন পড়াব ইচ্ছা ত্যাগ করেন নাই। এদিকে ঐকালে তাঁহাব বৈরাগ্য ও সাধনম্পুহা এত বর্দিত হইয়াছিল যে, আইন-এর পুস্তক নিকটে থাকিলেও উহা পডিবার প্রবৃত্তিই হইত না; বস্তুত: গৃহ হইতে পুস্তুক আনিয়া রাখিলেও মোটেই পাতা উল্টাইয়াছিলেন কিনা সন্দেহ। মনে রাখিতে হইবে. ১১ই ডিসেম্বর সকলে কাশীপুরে আদেন। অতঃপর ৪ঠা জামুয়ারি সন্ধ্যায় মান্টার মহাশয়ের সহিত নরেন্দ্রনাথের যে আলাপের বিবরণ কথামৃতে (৩।২৩)২) লিপিবন্ধ হইয়াছে, তাহাতে মনে হয়, নরেক্সনাথের মনে তথন পডিবার মতো ইচ্ছা জাগিতেই পারে না। তিনি মাস্টার মহাশয়কে ঐ সন্ধ্যায় বলিয়াছিলেন. "আজ সকালে বাডী গেলাম। সকলে বকতে লাগল, আর বললে—'কি হো হো করে বেড়াচ্ছিদ ? আইন একজামিন (পরীক্ষা) এত নিকটে, পড়ান্তনা নাই, হো হো করে বেড়াচ্ছ !' মান্টার মহাশয় জিজ্ঞাসা করিলেন, "তোমার মা किছু বললেন ?" নরেন্দ্র উত্তর দিলেন, "না, তিনি খাওয়াবার জন্ম ব্যস্ত। হরিণের মাংস ছিল, খেলুম, কিন্তু খেতে ইচ্ছা ছিল না।" তিনি আরও বলিয়া ঘাইতে লাগিলেন. "দিদিমার বাডীতে সেই পডবার ঘরে পডতে গেলাম। পডতে গিয়ে পড়াতে একটা ভয়ানক আতম্ব এল—পড়াটা যেন কী ভয়ের জিনিস। ৰুক আটু-পাট্ করতে লাগল। অমন কালা কখনও কাঁদি নাই। তারপর বই-টই ফেলে দৌড়। রান্তা দিয়ে ছুট ! জুতো-টুতো রান্তায় কোথায় একদিকে পড়ে রইল। খড়ের গাদার কাছ দিয়ে যাচ্ছিলাম, গাময় খড়। আমি मिज़िक्कि—कामीशूरतत त्राखात्र ! 'विरवक-कृज़ामिन' खत्न जात्रथ मन थात्राथ হয়েছে ! শহরাচার্য বলেন, এই তিনটি জিনিস অনেক তপস্থায়, অনেক ভাগ্যে মেলে—'মমুন্তবং, মুমুক্ষবং মহাপুরুষসংশ্রয়ং'। ভাবলাম, আমার তিনটিই হয়েছে—অনেক তপস্থার ফলে মাকুষজন্ম হয়েছে, অনেক তপস্থার ফলে মুক্তির ইচ্ছা হয়েছে, আর অনেক তপস্তার ফলে এরপ মহাপুরুষের সদলাভ হয়েছে।… সংসার আর ভাল লাগে না, সংসারে যারা আছে ডাদেরও ভাল লাগে না, ছই-একজন ভক্ত ছাডা।"

ঐ ৪ঠা জাহুয়ারিই অপরাত্ন চারিটার সময় নরেক্স আসিয়া শ্রীরামরুক্ষের নিকট বসিয়াছিলেন, তথন ঠাকুর মাস্টার মহাশরের দৃষ্টি নরেক্রের প্রতি আরুষ্ট করিয়া সক্ষেতে বলিয়াছিলেন, "কেঁদেছিল…কাঁদতে কাঁদতে বাড়ী থেকে এসেছিল।" কিয়ংক্ষণ পরে নরেক্স জানাইলেন, তিনি সেই রাজে দক্ষিণেশরে বেলতলায় ধুনি জালাইয়া তপস্থা কবিতে য়াইবেন। ঠাকুর বলিয়া দিলেন, বেলতলায় আগুন জালাইলে নিকটবর্তী বারুদ্দখানার কর্তৃপক্ষ বাধা দিবেন; পঞ্চবটীই ভাল, কিছু বড় শীত, আর অন্ধকার। আবার তিনি জিজ্ঞাসা করিলেন, "পড়বি না ?" নরেক্র উত্তব দিলেন, "একটা ঔষধ পেলে বাঁচি, য়াতে পড়া-টড়া য়া হয়েছে সব ভূলে য়াই।" শ্রীমুক্ত কালীপদ ঘোষ আন্থর আনিয়াছিলেন। ঠাকুর নরেক্রকে প্রথম দিয়া ভক্তদের মধ্যে হরিলুটের মতো ছড়াইয়া দিলেন ('কথামৃত', ৩৷২৩৷১)। নরেক্র ত্ই-একজন ভক্তসহ সে রাজে দক্ষিণেশরে চলিয়া গেলেন। ঐ কালে তিনি প্রায়ই দক্ষিণেশরে ঐভাবে তপস্থা করিতে য়াইতেন। 'কথামৃতে' (২৷২৬৷১) ইহার আরও উল্লেখ আছে।

আমরা এই বিবরণে একদিকে যেমন পাই নরেক্সের তীব্রবৈরাগ্য এবং ঈশ্বরলাভের ব্যাকুল আগ্রহ, তথানি অন্তদিকে দেখি তাঁহার অত্যাশ্র্য মাতৃভক্তি। এই হৃদয়বিদারক হৃদ্য তাঁহার জীবনে দীর্ঘকাল, হয়তো শেষ পর্যন্ত চলিয়াছিল। তবে এইকালে উহা চরম অবস্থায় পৌছাইয়াছিল। ফলত: তাঁহার মাতৃভক্তির পটভূমিকায় ঈশ্বরভক্তি আমাদের নিকট আরও জাজলামান হয়, এবং আমরা ব্রিতে পারি, নরেক্সনাথের লায় বীর ও হৃদিমান সন্মাদীই এইরূপ কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন।

পরদিন (৫ই জান্তয়ারি) বিকালে নরেক্স জানাইলেন, তিনি আবার বাড়ী বাইবেন—এক বন্ধু তাঁহাকে একশত টাকা ধার দিতে রাজী ছিলেন, আর নরেক্স আশা করিতেছিলেন যে, ঐ অর্থে তিন মালের মতো বাড়ীর বাবন্ধা হইয়া বাইবে, এবং তথন তিনি নিশ্চিন্তমনে সাধনা করিবেন ('কথামৃত',

৬। "নরেক্রের ভারী সুণা কামিনী-কাঞ্নে ।… প্রবল বাদনা মনে সাধ উগ্রভর । বিবেক-বৈরাপা কিসে হইবে প্রথর ।… অনুরাপ একমাত্র ক্রন্ধ নিরাকারে অরূপ অঞ্চণ বিনি মারার গুণারে ।" (পুঁথি) ।

তাংতাত)। ইহারও পরে আমরা আবার দেখি, তিনি বলিতেছেন, বিদ্যাসাগ্র মহাশয়ের নৃতন বিভালয়ে কাজ না করিয়া বরং গয়াতে গিয়া একটা জমিদারির ম্যানেজারের কাজ করিবেন ('কথামৃত', ৪।২৩।২)। বাড়ীর চুর্দশা মনে জাগরক থাকিয়া দর্বদা অশান্তি উৎপাদন করিতেছিল বলিয়া এই প্রকার আরও জন্ধন। কল্পনা হয়তো সময় সময় উদিত হইত ; কিন্তু ইহা সত্ত্বে ভগবানের আকর্ষণের চিরবর্ধমান প্রাবল্য সে-সব অভিপ্রায়কে ভাসাইয়া দিতেছিল—ইহাই হইল তাহার তথনকার মানসিক অবস্থা। সত্য বলিতে গেলে, তিনি তথন ত্যাগের হত্তে আত্মদমর্পণ করিয়াছেন। ১৫ই মার্চের কথাবার্তা ইহাই প্রতিপন্ন করে। সেদিন নরেন্দ্র বলিলেন, "কেউ কেউ রাগে আমার উপর, ত্যাগ কর-বার কথায়।" অমনি ঠাকুর কহিলেন, "ত্যাগ দরকার : ...একটা না সরালে কি আর একটা পাওয়া যায় ?" নরেন্দ্র সায় দিলেন, "আজ্ঞা হাঁ।" ঠাকুর আবার कहिरलन, "रमहे-भग्न रामशाल जात किছू कि रामशा यात्र ?" नरतस्त श्रे कि तिरलन, "দংদার ত্যাগ করতে হবেই ?" ঠাকুর উত্তর দিলেন, "যা বললুম, দেই-ময় দেখলে কি আর কিছু দেখা যায় ? সংসার-ফংসার আর কিছু দেখা যায় ?" একটু পরেই ঠাকুর সম্নেহে নরেক্সকে দেখিতে দেখিতে ভক্তদের দিকে তাকাইয়া कहिरनन, "थ्र !" नरतक महारच कानिए চाहिरनन, "थ्र कि ?" ठाकूत উত্তর দিলেন, "থুব ত্যাগ হয়ে আসছে।" (ঐ, ৩।২৪।৩)।

ইহারই কয়দিন মাত্র পরের কথা। এপ্রিলের গোড়াতে বৈরাগ্যের আকর্ষণে নরেন্দ্রনাথ শ্রীরামকৃষ্ণকে বা অপর কাহাকেও না জানাইয়া একদিন তারক ও কালীর সঙ্গে নৌকাষোগে গলা পার হইয়া ও বালী স্টেশনে ট্রেন ধরিয়া বৃদ্ধগয়া দর্শনে গেলেন। তথন কাশীপুরে বৃদ্ধের জীবন ও মতবাদ সম্বন্ধে নরেন্দ্রনাথের নেতৃত্বে খ্ব আলোচনা হইত এবং 'ললিতবিন্তর' ও 'ত্তিপিটকা'দি পঠিত হইত। স্থতরাং তিন জনেরই মন এইরূপ অভিজ্ঞতার জন্ম প্রস্তুত্ত ছিল। গমনকালে তাহাদের প্রত্যেকের সম্বল ছিল একথানি গেরুয়া বহির্বাস ও স্কল্কে একথানি কম্বল। গয়ায় পৌছিয়া তাহারা তথা হইতে পদরক্ষে বৃদ্ধগয়ায় গেলেন এবং সেবানে বোধগয়ার মঠে মহান্ত মহারাজের আতিথ্য স্বীকার করিলেন। তারপর ফল্কেনদীতে স্থানান্তে মন্দিরাদি দর্শন করিলেন ও পরিশেষে যে বোধিক্রমতলে ধ্যানমন্ন তথাগত বৃদ্ধহলাভ করিয়াছিলেন, সকলে তাহার নিয়ে ধ্যানে রত হইলেন। যে বজ্ঞাসনে শাক্যসিংহ উপবেশন করিয়াছিলেন,

নরেক্স তাহাতে উপবিষ্ট হইলেন। তিন জন পাশাপাশি ধ্যানে রত আছেন, এমন সময় নরেক্স অকস্মাৎ ভাবাবস্থায় কাঁদিতে কাঁদিতে তারকনাথকে জডাইয়া ধরিলেন এবং মৃহুর্তমধ্যে আবার সহজাবস্থা প্রাপ্ত হইয়া ধ্যানে বসিলেন। পরে তারকনাথ-কর্তৃক জিজ্ঞাসিত হইয়া নরেক্স বলিয়াছিলেন, "মনে একটা গভীর বেদনা অমূভব করেছিলাম।…সবই তো রয়েছে, কিন্তু তিনি কোথায় ?…বৃদ্ধ-দেবের বিরহ এত তীত্র বোধ হতে লাগল যে আর সামলাতে পারলাম না—কেঁদে উঠে আপনাকে জডিয়ে ধরলাম।" সেই রাত্রি ধ্যানেই কাটিয়া গেল। তাঁহাদের ইচ্ছা ছিল, বৃদ্ধগ্রায় কিছুদিন থাকেন; কিন্তু ভিক্ষালন্ধ মৃদ্রায় রুটিনরেক্রের পেটে সহ্ হইল না। আবার শীতবন্ত্রেব অভাবে রাত্রে নিদ্রারপ্ত বাাঘাত হইতে লাগিল। কাজেই তিন-চারিদিন পরেই তাঁহারা গয়া হইয়া কাশীপুরে ফরিয়া আসিলেন। গয়ায় একদিন উপেনবাব্র বাডীতে নরেক্সনাথ মৃদক্ষের সঙ্গের প্রপদ ইত্যাদি গাহিয়াছিলেন।

নরেন্দ্রের অজ্ঞাত স্থানে গমনের সংবাদ শ্রীরামরুষ্ণের কর্ণগোচর হইলে তিনি নীরবে শুধ মৃত্যাশ্য করিয়াছিলেন এবং কিছু পরে বলিয়াছিলেন, "সে কোথাও

যাবে না, তাকে এখানে আসতেই হবে।" এই বলিয়া একটি গল্প ভনাইলেন, "দেখ, একটা ময়্ব একজনের বাগানে বোজ আসত; সে লোকটা খাবাবের সঙ্গে একটু আফিও মিশিয়ে ময়্বটাকে রোজ খেতে দিত। দিন কতক পরে ময়্বটার এমনি অভ্যাস হয়ে গেল যে, বাগানে না এসে আর থাকতে পারত না। নরেনেরও জানবি সেই অবস্থা। এদিক ওদিক যাচ্চে বটে, কিছু এখানে যে রস পেয়েছে, সে রস ছেডে যাবে কোথায় ?" তবু তিন দিন পরেও যখন । বামী অভেদানজের (কালীর) বিবরণ একটু অভরূপ। তাহার মতে এই ঘটনা ঘটনাছিল, বৃদ্ধগরার পোঁছার ঘিতীর দিন (৮ই বা ৯ই এপ্রিল, ১৮৮৬) প্রত্বাবে—যখন তিন জনে সারার্টার বোধিক্রম-তলে থানে কাটাইয়া প্নর্বার উবাকালে মন্দিরমধ্যে থানে বিদ্যাছিলেন। নরেক্রের বামে ছিলেন কালী ও কালীর বামে তারক (বামী দিবানজ)। এই ঘটনা সম্বন্ধে নরেক্র পরে ফালীকে বলিরাছিলেন, "বৃদ্ধপৃতি থেকে তোমার পালে তারকদার দিক দিয়ে একটা জ্যোতি পাস্করে (বের হয়ে) গেল।" ('বামী অভেদানজের জীবনক্ষা')। সভবতঃ এই বিবরণ শুনিরাই বামী অভ্যানজ্য (লাট্) বলিরাছিলেন, "সেথানে (বৃদ্ধগরার) তো লোবেন (নরেন) ভাই তারকদার দেহে একটা জ্যোতি প্রবেশ করতে দেখেছিল।" এই বিবরণে বৃদ্ধগরার ৮ই বা ৯ই এপ্রিল উক্র

'ক্ৰায়ড'(৩।২৫)১) ১ই এপ্ৰিলে বলা হইডেছে, "নৱেন্দ্ৰ বৃদ্ধগন্না হইডে সবে কিরিয়াছেন।"

তাঁহারা ফিরিলেন না, তখন সকলেরই খুব উবেগ বাড়িয়া গেল। ঠাকুর কিন্তু মেঝেতে একটি দাগ কাটিয়া বলিলেন, "এর বেশী তাদের ধাবার ক্ষমতা নেই।" অবশেষে তাঁহারা ফিরিয়া আসিলে তিনি একটি অঙ্গুলি চারিদিকে ঘুরাইয়া সকৌতুকে বলিলেন, "এবার সব এখানে; আর যেখানেই যাওনা কেন কোথাও কিছু পাবে না। এখানকার সব দোর খোলা।"

কাশীপুরে প্রত্যাবর্তনের পর শ্রীশ্রীঠাকুরের সমুখে ৯ই এপ্রিল রাজে বৃদ্ধদেবের মতবাদ সম্বন্ধে দীর্ঘ আলোচনাহয়। উহাতে ঠাকুর ও নরেন্দ্র উভয়ে যোগ
দেন। ঠাকুর বলিয়াছিলেন, বৃদ্ধদেব "নান্তিক নয়; তবে মুখে বলতে পারে নাই।
বৃদ্ধ কী জান ? বোধস্বরূপকে চিন্তা করে করে তাই হওয়া—বোধস্বরূপ হওয়া।"
তিনি আরও বলিয়াছিলেন, "এ অন্তি নান্তি প্রকৃতির গুণ। যেথানে ঠিক ঠিক,
সেথানে অন্তি নান্তি ছাড়া।" বৃদ্ধের মতাবলম্বনে এইরূপ বিচার পরেও কিছু দিন
ধরিয়া চলিয়াছিল বলিয়া মনে হয়; কারণ ৫ই বৈশাধ এবং ৯ই বৈশাধও ঐ
জাতীয় বিচারের কথা 'কথামুতে' উল্লিখিত আছে। ঠাকুর এইসব বিচারের
বিরোধিতা না করিলেও নরেক্রের মনকে ভক্তির দিকেই আকর্ষণ করিতেন।

'কথামুতে' আছে (৪।০২।১) ঠাকুর বলিতেছেন, "ব্রহ্ম আর মায়া। জ্ঞানী মায়া ফেলে দেয়।…ভক্ত কিন্তু মায়া ছেড়ে দেয় না, মহামায়ার পূজা করে। শরণাগত হয়ে বলে, 'মা পথ ছেড়ে দাও, তুমি পথ ছেড়ে দিলে তবে ব্রহ্মজ্ঞান হবে।" তারপর নরেন্দ্রকে বলিলেন, "মায়াবাদ শুকনো। কি বললাম বল দেখি?" নরেন্দ্র বলিলেন, "শুকনো।" তথন ঠাকুর নরেন্দ্রের হাতমুথ স্পর্শ করিতে করিতে আবার বলিলেন, "এসব ভক্তের লক্ষণ। জ্ঞানীর সে আলাদা লক্ষণ—মুথ চেহারা শুকনো হয়।" বৃদ্ধ ও বৃদ্ধের চিন্তায় নিরত থাকিয়া নরেন্দ্রনাথ তথন জ্ঞানের কথা খুবই বলিতেন। তাহার মূথে এমন কথাও শোনা বাইত, "আমি চাই শান্তি, আমি ঈশ্বর পর্যন্ত চাই না;—সত্যম্ জ্ঞানম্ অনন্তম্।" (ঐ ৩।২৬।২)। আবার ঠাকুর যথন বলিতেন, "আমাকে কেউ কেউ ঈশ্বর বলে," তখন নরেন্দ্র উত্তর দিতেন, "হাজার লোকে ঈশ্বর বলুক, আমার মতক্ষণ সত্য বলে না বোধ হয়, ততক্ষণ বলব না।" (ঐ ৪।০৩।৩)। ঠাকুর জানিতেন, এইসব শুক্ত জ্ঞানের কথা নরেন্দ্রের প্রকৃত স্বরূপের পরিচায়ক নহে—ঠাকুর বে জ্ঞানমিশ্রা ভক্তির কথা বলিতেন, তিনি সেই উপাদানেই নিমিত। মাস্টার মহাশয়ও ইহা জানিতেন; তাই নরেন্দ্র বধন একদিন (১৭ই এপ্রিল, ঐ

৪।০০।০) বলিলেন, "ঈশর-টীশর নাই", তথন মাসীর মহাশয় সহাত্মে কহিলেন, "দে তুমি এখন বলছ; পরে বলবে না।" এইরপ বিচারপ্রবণতা যে কালে চলিতেছে, সেই সময়েই একদিন (২২শে এপ্রিল) দির্দেশীয় ভক্ত হীরানন্দ কাশীপুরে উপস্থিত হইলেন। ঠাকুরের আহ্বানে নরেক্র আদিয়া হীরানন্দের সহিত আলোচনাপ্রসঙ্গে জ্ঞানের কথা তুলিলেন। শঙ্করাচার্য-রচিত 'নির্বাণষ্ট্কম্' এবং 'কৌপীনপঞ্চকম্' আর্ত্তি করিলেন। কিন্তু ঠাকুরের আদেশে গাহিলেন— 'তুঝসে হ্যামনে দিল কো লাগায়া, যো কুছ হ্যায় সো তুহী হ্যায়।' ইত্যাদি। হারানন্দ বলিলেন, "সব তুহী হ্যায়, এখন তুহু তুহু। আমি নয়; তুমি।" নরেক্র তবু বলিলেন, "তুমি ও আমি, আমি ও তুমি। আমি বই আর কিছু নাই।" নরেক্রের সম্বন্ধে ঠাকুর বলিলেন, "যেন খাপ-খোলা তরোয়াল নিয়ে বেড়াছে।" আর হীরানন্দ সম্বন্ধে বলিলেন, "কি শাস্ত! রোজার কাছে জাত-সাপ যেনন ফণা ধরে চুপ করে থাকে।" কী স্থলর হইথানি চিত্র, অথচ কেমন পরম্পরবিরোধী! এই বিরোধের সমাধানই তিনি চাহিয়াছিলেন।

কেবল পরে কেন? ঐ কালেও আমরা নরেক্রের ভক্তি-বিশ্বাসের পরিচয় পাই। রাথাল জানিভেন, নরেক্র অবতারবাদ সম্বন্ধে তথনও দন্দিহান। রাথাল, নরেক্র প্রভৃতি ভক্তগণ সেদিন (১৫ই মার্চ) ঠাকুরের পদপ্রাস্তে বসিয়া অবতারবাদ, ত্যাগ, বৈরাগ্য, বিভামায়া, অবিভামায়া, ব্রশ্বাতত্ব ইত্যাদি সম্বন্ধে বছ কথা ভনিতেছেন। ঠাকুর বলিলেন, "দেখছি, এর ভেতর থেকেই যা কিছু।" নরেক্রকে ইন্ধিত করিয়া জিল্লাসা করিলেন, "কি ব্র্মালি?" নরেক্র উত্তর দিলেন, "যত দৃষ্ট পদার্থ সব আপনার ভিতর থেকে।" অমনি রাখালের মনোবোগ আকর্ষণ করিয়া ঠাকুর সানন্দে বলিলেন, "দেখছিস!" ঠাকুর নরেক্রকে গান গাহিতে আদেশ করিলেন। নরেক্র গাহিলেন, "নলিনীদলগত জনমতিভরলং তদ্বক্লীবনম্ অভিশয়চপলম্" ইত্যাদি বৈরাগ্যের গান। ছই-এক চরণ পরেই ঠাকুর বাধা দিয়া বলিলেন, "ওকি ? ওসব অভি সামাস্ত। অমনি নরেক্র গাহিলেন সন্ধীভাবের গান—

কাঁহে দই, জিয়ত মরত কি বিধান।
বজকে কিশোর দই, কাঁহা গেল ভাগই, বজজন টুটায়ল পরাণ। ইত্যাদি
তিনি আবার গাহিলেন—

তুমি আমার আমার বঁধু, (কি বলি, তোমায় বলি নাথ)।
(কি জানি, কি বলি আমি, অভাগিনী নারী জাতি)
তুমি হাথো কে দর্পণ, মাথা কে ফুল (তোমায় ফুল করে কেশে
পরব বঁধু)। ইত্যাদি

ঐ দিনেরই আর একটি ঘটনায় শ্রীরামক্লফের ভাগবতী সন্তার প্রতি নরেন্দ্রের বিশাসের পরিচয় পাই। ঠাকুর তথন অচিরে নিজ দেহত্যাগের আভাস দিতেছিলেন। অমনি রাথাল অফুনয় করিলেন, "আপনি বলুন, যাহাতে আপনার দেহ থাকে।" ঠাকুর উত্তর দিলেন, "সে ঈশবের ইচ্ছা।" নরেন্দ্র ভাহাতেও নিরন্থ না হইয়া বলিলেন, "আপনার ইচ্ছা আর ঈশবের ইচ্ছা এক হয়ে গেছে।" ঠাকুর চুপ করিয়া যেন কি ভাবিতে লাগিলেন; পরে বলিলেন, "আর বললে কই হয় ? এখন দেখছি, এক হয়ে গেছে।" (ঐ তা২৪।২)।

আমরা বলিয়াছি, নরেক্সনাথ ঐ সময়ে কাশীপুরের উন্থানবাটী হইতে দক্ষিণেশ্বরে যাইয়া পঞ্চবটিমূলে ধূনি জ্ঞালাইয়া সাধনা করিতেন। তিনি ধ্যান করিতে করিতে অনেক সময় ললাটের অভ্যস্তরে একটা ত্রিকোণাকার জ্যোতিঃ দেখিতে পাইতেন; উহাকে ঠাকুর ব্রহ্মযোনি বলিয়া নির্দেশ করিয়াছিলেন। অনেক সময় আবার দেখিতেন ধূনির পার্শ্বে বহু দেবদেবীর সমাগম হইয়াছে। আমরা দেখিয়াছি, কাশীপুরেও এইরপ সাধনা চলিত। অধিকস্ক সেধানে নরেন্দ্রনাথের প্রেরণায় শাত্রপাঠ ও বিচারাদি অবিরাম চলিত। বাসগৃহের প্রাচীরে তিনি 'ললিতবিস্তরে'র শ্লোক লিখিয়া রাখিয়াছিলেন—

ইহাসনে গুয়তু মে শরীরং স্বগন্থিমাংসং প্রলয়ঞ্চ যাতু। স্মপ্রাণ্য বোধিং বন্ধকল্পতুর্লভাং নৈবাসনাৎ কায়মতন্দলিয়তে॥

এই সম্বাট কেবল শ্লোকমধ্যে নিবদ্ধ না রাখিয়া কাশীপুরে সমবেত ব্রহ্মচারিবৃন্দ তখন তাঁহাদের অবসরকাল তত্তালোচনায় মুখরিত করিতেন আর ধ্যানমগ্ন
তাঁহাদের সমূথে প্রজ্ঞালিত ধুনির অগ্নিতে নৈশ অন্ধকার উদ্ভাদিত হইত।

বৃদ্ধগন্নায় গমনের পূর্ববর্তী হুইটি ঘটনা বিশেষ উল্লেখযোগ্য ও গুরুজপূর্ব। নরেক্রকে একলা পাইয়া ঠাকুর একদিন গোপনে বলিলেন, "আমার তো সিদ্ধাই করবার জো নাই, ভোর ভেতর দিয়ে করব, কি বলিস ?" নরেক্র উত্তর দিলেন, "না, ভা ছবে না।" ('কথায়ত', ৩৷ পরিশিষ্ট)। তথাপি ঠাকুর তাঁহার মধ্যে শক্তিস্কার করিয়াছিলেন এবং নরেক্র একদিন পরীক্ষা করিয়া ঐ শক্তিস

পরিচয়ও পাইয়াছিলেন। 'কথামৃতে' আছে "নরেক্স-'কাশীপুরে তিনি শক্তি-সঞ্চার করে দিলেন।' মাস্টার—'যে সময়ে কাশীপুরের বাগানে গাছতলায় ধুনি (काटन वनराज-नम्र ?' नात्रक्क-'दा, कानीरक वननाम, चामात हाज धत रावि, কালী বললে — কি একটা শক্ (ধান্ধা) তোমার গা ধরাতে আমার গায়ে লাগল।* (এ)। ঘটনাট 'লীলাপ্রদক্ষে' এইরূপ বিবৃত হইয়াছে —"আজ ফাল্কনী শিবরাত্তি। বালক ভক্তদিগের তিন-চারি জন স্বামীজীর (নরেন্দ্রের) সহিত স্বেচ্ছায় ব্রভোপবাস করিয়াছে। - - দশটার পর প্রথম প্রহরের পূজা, জ্বপ ও ধ্যান সাঙ্গ করিয়া স্বামীজী পুজার আসনে বসিয়াই বিশ্রাম ও কথোপকথন করিতে লাগিলেন। সঙ্গীদিগের মধ্যে একজন তাঁহার তামাক দাজিতে বাহিরে গমন করিল এবং অপর একজন কোন প্রয়োজন সারিয়া আসিতে বসতবাটীর দিকে চলিয়া গেল। এমন সময় স্বামীক্ষীর ভিতর সহসা পূর্বোক্ত দিব্য বিভৃতির তীব্র অমূভবের উদয় হইল এবং তিনিও উহা অন্ত কার্যে পরিণত করিয়া উহার ফলাফল পরীক্ষা করিয়া দেখিবার বাদনায় সমুখোপবিষ্ট স্বামী অভেদানন্দকে (কালীকে) বলিলেন, 'আমাকে ধানিককণ ছুঁয়ে থাকতো!' ইতিমধ্যে তামাক লইয়া গৃহে প্রবেশ করিয়া পূর্বোক্ত বালক দেখিল, স্বামীজী স্থিরভাবে ধ্যানস্থ রহিয়াছেন এবং অভেদানন্দ চকু মুদ্রিত করিয়া নিজ দক্ষিণ হস্তবারা তাঁহার দক্ষিণজায় স্পর্ণ করিয়া রহিয়াছে ও তাহার ঐ হন্ত ঘন ঘন কম্পিত হইতেছে। ত্ই-এক মিনিট কাল ঐভাবে ষতীত হইবার পর স্বামীন্ধী চক্ষ্ উন্মীলন করিয়া বলিলেন, 'বাস, হয়েছে। কিরূপ অফুভব করলি ?' অভেদানন্দ, 'ব্যাটারি ধরলে যেমন কি-একটা ভিতরে আসছে জ্বানতে পারা যায় ও হাত কাঁপে ঐ সময়ে তোমাকে ছুয়ে ঐরপ অহভব रुक्त नानन ।'--- भरत नकरन पृष्टे खरुरात्र भूषा ७ धारन मरनानिरवन कतिरनन । মতেদানন একালে গভীর ধ্যানম্ব হইল। এরপ গভীরভাবে ধ্যান করিডে আমরা তাঁহাকে ইত:পূর্বে আর কখনও দেখি নাই। তাহার সর্বশরীর আড় হইয়া গ্রীবা ও মন্তক বাঁকিয়া গেল এবং কিছুক্সণের জ্বন্ত বহির্জগতের সংজ্ঞা এককালে লুগু হইল।" নরেক্রও উহা লক্ষ্য করিয়া উপস্থিত একজনকে লডেডে দেখাইলেন। "রাজি চারিটার চতুর্থ প্রহরের পুজা শেব হইবার পরে স্বামী রামকুর্ব্ধ क्रेस (শনী)পুলাগুহে আসিয়া বামীলাকে বলিলেন, ঠাকুর ডাকিতেছেন। অনিষাই সামীলী বগতবাটার বিতল গৃহে ঠাকুরের নিকট চলিয়া গেলেন। चामीबोदे (स्थिम ठाकूत विलितन, 'किरत, এक्ट्रे बमरल ना बमरल्डे बन्ह ।

আংগ নিজের ভেতর ভাল করে জমতে দে, তথন কোথায় কিভাবে ধরচ করতে হবে তা বুঝতে পারবি—মাই বুঝিয়ে দেবেন। ওর ভেতর তোর ভাব চুকিয়ে ওর কি অপকারটা করলি বল দেখি? ও এতদিন এক ভাব দিয়ে বাচ্ছিল, সেটা সব নই হয়ে পেল, ছয় মাসের গর্ভ যেন নই হল। য়া হবার হয়েছে, এখন হতে আর অমনটা করিস নি। য়া হোক, ছোঁড়াটার অদেই ভাল। । । ফলে দেখা গেল, অভেদানন্দ যে ভাবসহায়ে পুর্বে ধর্মজীবনে অগ্রসর হইতেছিল, তাহার তো একেবারে উচ্ছেদ হইয়া যাইলই আবার অবৈভজাব ঠিক ঠিক ধরা ও বুঝা কালসাপেক হওয়ায় বেদাজের দোহাই দিয়া সে কথন কথন সদাচার-বিরোধী অম্প্রান সকল করিয়া ফেলিতে লাগিল। । তাহার তা একেবার করিয়া ফেলিতে লাগিল।

এরামকৃষ্ণ তাঁহার বালক ভক্তদিগকে সন্মাদের জন্ম প্রস্তুত করিতেছিলেন, ইহা আমরা পূর্বেই বলিয়া আসিয়াছি। কাশীপুরের হুই-একটি ঘটনাদৃষ্টে এই বিষয়ে বিন্দুমাত্র সন্দেহের অবকাশ থাকে না। ঠাকুর ঐ ভক্তদিগকে মাঝে মাঝে নিকটবর্তী গ্রামে ভিক্ষার জন্ম পাঠাইতেন। তিনি বলিতেন মাধকরীর আম পবিত্র। ভক্তগণ ডিক্লায়েষণে বাহির হইয়া অনেক অভিজ্ঞতা লাভ করিতেন, কোন গৃহস্থ সাদরে ভিক্ষা দিতেন, কেহবা কটু কথা গুনাইতেন। ভক্তেরা ঠাকুরের নিকট ফিরিয়া সব নিবেদন করিতেন। ঠাকুর ভিক্কান্ন হইতে ক্লাচিৎ চুই-এক কণা গ্রহণ করিতেন। অতঃপর একদিন তিনি তাঁহাদিগকে গেরুয়া বস্ত্র অর্পণ করিলেন। দেবারে বুড়ো গোপালনার মনে আকাজ্জা জাগে ষে, তিনি কলিকাতায় সমাগত গঙ্গাসাগর্যাত্রী সাধুদিগকে গেরুয়া বন্ত্র, রুত্রাক্ষের মালা ও চন্দন দান করিবেন। ঠাকুর উহা জানিতে পারিয়া তাঁহাকে বুঝাইলেন বে, কাশীপুরে সমবেত ত্যাগী ভক্তদের অপেকা উচ্চন্তরের সাধুর অপ্তরণ রুথা; हैहामिश्रां के नकन वच्च मिलारे वार्षह भूगानां रहेरत । जमस्मारत भागानमा ৰাদশখানি গেৰুয়া বস্ত্ৰ ও সমসংখ্যক ৰুজাক্ষের মালা আনিয়া ঠাকুরের হতে অর্পণ করিলেন এবং তিনিও উহা যুবক ভক্তদিগকে ভাকিয়া তাঁহাদের মধ্যে স্বহন্তে বিতরণ করিলেন। শ্রীরামক্লফের সজ্জের ইহাই স্বাস্থ্রচানিক স্তর্গাত বলিতে পারা বায়। এই ত্যাগীদের নাম —নরেন্দ্র, রাধাল, বাবুরাম, নিরঞ্জন,

৮। 'ৰামী অভেদানশ্বের জীবন-কথা' এছে (৪৭ পূঃ) মূল ঘটনা খীকৃত হইলেও ভাৰসঞ্চার খীকৃত হয় নাই; প্রত্যুত বলা হইয়াছে, খানীলীর কুওলিনী-জাসরপের ফলে ঐক্লপ কম্পন ঘটনেও ভাষসঞ্চারণ-শক্তি খানীলী তখনও অর্জন করেন নাই।

বোগীক্স, ভারক, শরৎ, শলী, কালী, লাটু ও বুড়োগোপাল। অবশিষ্ট বন্ধথানি কাহারও কাহারও মতে ছোট গোপাল পাইয়াছিলেন, কাহারও বা মতে গিরিশচক্র ঘোষ। অবশ্য শেবোক্ত তুইজনের কেহই সয়াাসী হন নাই, যদিও গিরিশচক্রকে অনেকে ভৈরবাংশে জাত বলিয়া মনে করিতেন; স্বামীঞী ঠাহাকে এক শিবরাত্রিতে শিব সাজাইয়াছিলেন।

নরেক্রাদি ভব্তগণ ঠাকুরের সেবায় আত্মনিয়োগ করিয়াছিলেন; গৃহী ভব্ত-গণ প্রয়োজনীয় অর্থ বিধাহীন চিত্তে ব্যয় করিতেছিলেন, ডাক্তারের চেষ্টার ক্রটি ভিল না, শ্রীম। পধ্যাদি যথায়ও প্রস্তুত করিয়া খাওয়াইতেছিলেন, কিছু রোগের উপশম না হইয়া বুদ্ধিই হইতেছে দেখিয়া নিরুপায় ভক্তদের প্রাণ কাঁদিয়া উঠিল। রাখাল ও নরেন্দ্র ঠাকুরকে অফুরোধ করিয়াছিলেন, যাহাতে তিনি মা কালীকে বলিয়া রোগ সারাইয়া লন ; কিন্তু ঠাকুর তাহাতে সমত হন নাই। স্বর্ণেষে হতাশাচ্ছন্ন নরেন্দ্রনাথ কি ভাবিয়া, হয়তো বা দৈব সাহাঘ্য লাভের আশায়, একদিন সন্ধার পর হইতেই উচৈচ:ম্বরে "রাম" "রাম" শব্দে চারিদিক মুধ্রিত করিয়া বাগানের ইতন্তত: ছুটাছুটি করিতে লাগিলেন। তথন প্রবল মানসিক আবেণে তাঁহার বাহজান লুপুপ্রায় হইয়াছিল, অথচ অন্তরে দারুণ অশান্তির অগ্নি ন্দলিতেছিল। সমস্ত রাত্রি ঐভাবেই কাটিল, এবং রাত্রি যতই গভীরতর হইতে লাগিল, কণ্ঠধ্বনিও তত্তই উচ্চ হইতে উচ্চতর হইতে লাগিল। রন্ধনীর শেষভাগে ঐ রাম রামধ্বনিতে আরুট হইয়া শ্রীরামরুষ্ণ একজনকে বলিলেন, "যা, নরেন্দ্রকে শীঘ ডেকে নিয়ে আয়।" কিন্তু নরেন্দ্রকে নিরন্ত করা সহজ হইল না। তথন জন ক্ষেক মিলিয়া প্রায় জ্বোর করিয়াই তাঁহাকে ঠাকুরের নিকট উপস্থিত করিলে তিনি স্নেহ-বিগ্লিত কঠে বলিলেন, "হাাবে, তৃই ওরক্ম করছিল কেন? ওতে কি হবে ?" একটু থামিয়া আবার বলিলেন, "ভাগ, তুই এখন যেমন করছিল, এমনি বারটা বছর (আমার) মাধার উপর দিয়ে বডের মতন বয়ে গেছে। তুই আর এক রান্তিরে কি করবি, বাবা ?" (বাঙলা জীবনী)।

>। সতান্তরে ঠাকুর নরেন্দ্রকে রামমত্রে দীকিত করিয়া বলেন, "এ মন্ত্রটি আমি আমার গুরুর কাছে পেরেছিলাম।" কথাটি গুনিবামাত্র নরেন্দ্রের মনে এক তীব্র আধান্ত প্রেরণা আত্মত চইল এবং তিনি সন্ধ্যা হইতে উদ্মাদপ্রার "রাম রাম" বলিতে বলিতে বাটার চারি পার্বে ভ্রিতে নাসিলেন। ঠাকুর ঐ ববর পাইরা বলিরাছিলেন, "থাক থানিকক্ষণ গুডাবে; ও আপনা-আপনি তিক হলে বাবে।" কিছু পরে নরেন্দ্র প্রকৃতিত্ব হইরাছিলেন। (ইংরেন্সী জীবনী, ১০০ গৃঃ)।

এই কালে নরেক্সনাথের ধ্যানপরায়ণতা কতটা পরিপক্ক হইয়াছিল, তাহা একটি ঘটনা হইতে উপলক্ষ হয়। একদিন গিরিশ ঘোষ ও নরেক্সনাথ এক বৃক্ষতলে ধ্যানে বিদলেন, কিন্তু মশকের উৎপাতে গিরিশবাব্র চিন্ত ছির করা অসম্ভব হইয়া পড়িল এবং অনেক চেষ্টার পরও ঐ বিষয়ে ব্যর্থমনোরথ হইয়া তিনি চক্ষ্ উন্মীলিত করিলেন। তথন নরেক্সের প্রতি দৃষ্টিপাত করিয়া তাঁহার বিশ্বয়ের অবিধি রহিল না—দেখিলেন, নরেক্স স্থমেক্রবং নিশ্চল, যদিও তাঁহার দেহে এত মশা বিদ্যাছে যে মনে হয়, তাঁহার সর্বাক্ষ কৃষ্ণ কম্বলে আর্ত! ইছা দেখিয়া গিরিশবাব্ তাহাকে পুনঃ পুনং ভাকিতে লাগিলেন; কিন্তু সাড়া পাইলেন না, অবশেষে উদ্বিগ্ন হইয়া যথন তিনি নরেক্সের আসন ধরিয়া টানিলেন, তথন নরেক্সের সংজ্ঞাহীন দেহ ভূতলে পড়িয়া গেল, এবং ইছারও অনেকক্ষণ পরে তিনি চৈত্রলাভ করিলেন।

এখানে কাশীপুরের একটি অপ্রিয়্ন ঘটনার উত্থাপন করিতেছি —ঘটনাটির গুরুত্ব বিবেচনায় নহে, প্রত্যুত তদবলম্বনে নরেক্রের প্রতি ঠাকুরের ধে অবস্থা প্রকাশিত হইয়াছিল, তাহাই বলিবার জ্ঞা। গৃহী ভক্তবৃন্দ প্রয়োজনাম্বরূপ অর্থ দিতেন এবং যুবকগণ উহা বয়়য় করিতেন। ব্যয়ের হিসাব রাখা উচিত ভাবিয়া রামবাব্, কালীপদবাব্ ও স্বরেক্রবাব্ হুটকো গোপালকে ঐ কার্বের ভার দিলেন। গোপালের বাড়ীর অবস্থা ভাল ছিল না, তাই স্বরেক্র বলিলেন, গোপালের বাড়ীর বাবস্থা তিনিই করিবেন, গোপাল বেন কাশীপুরে বোল আনা মন দিয়া ঠাকুরের দেবা করেন। রামবাব্রা মাঝে মাঝে হিসাব দেখিতেন। একবার খরচ অত্যধিক হইয়াছে ভাবিয়া তাঁহারা হুলমুল লাগাইয়া দিলেন। ক্রমে অবস্থা এমন দাড়াইল বে, নরেক্র বাধ্য হইয়া উহা প্রীরামরুক্ষের সমীপে নিবেদন করিলেন। তথন ঠাকুর নরেক্রকে বলিলেন, "তুই আমাকে কাঁধে করে বেখানে নিয়ে যাবি, আমি সেখানেই থাকব।"

"নরেক্রে দেখিয়া ক্র্র কন প্রভ্রায়।
চল আমি বাব তোরা ঘাইবি বেথায়॥
বেখানে থাকিবি তোরা দেইখানে রব।
বেমন রাখিবি মোরে তেমতি থাকিব॥
নরেক্র বলেন, স্কল্পে তোমায় লইয়া।
রাখিব খাওয়াব ভিক্ষা হ্যারে মাগিয়া॥

এত তানি গুণমণি কন বার বার। গৃহীদের টাকাকড়ি লইওনা আর ॥" (পু'থি)

রামবাবৃদের টাকা লওয়া হইবে না; তবে থরচ চলিবে কি করিয়া? ঠাকুর বিভিন্ন ব্যক্তির কথা ভাবিতে লাগিলেন। লক্ষ্মীনারায়ণ মাড়োয়ারী মহাশয়ও সংবাদ পাইয়া টাকা আনিয়া রাথয়া গেলেন; কিন্তু ঠাকুর তাহা লইলেন না। অতঃপর ভাবিয়া-চিন্তিয়া গিরিশবাবৃকে ডাকাইলেন। গিরিশচক্র সব শুনিয়া য়থেই সামর্থ্য না থাকিলেও বীর ভক্তেরই য়ায় বলিলেন য়ে, তিনি ভিটামাটি বিক্রয় করিয়াও কাশীপুরের বায়নির্বাহের জয় প্রস্তত। অমনি য়্বক-ভক্তগণ অপর অত্যন্ত-হিসাবী গৃহীদের শ্রীরামক্রফগৃহে প্রবেশ নিষেধ করিয়া দিলেন। অত্রব স্থরেক্র, রাম ইত্যাদি সকলেই শ্রীশ্রীঠাকুরের দর্শনে বঞ্চিত হইলেন। অবশেষে ঠাকুর তাঁহাদিগকে ডাকাইয়া আনিয়া এই বিবাদ মিটাইয়া দিলেন।

আমরা এ পর্যন্ত বার বার বলিয়া আসিয়াছি যে, কাশীপুরে ঠাকুর তথন অপরের হল্তে কার্যভার অর্পণপূর্বক লীলা-সংবরণে উন্নত হইতেছিলেন। ইহা শত্য হইলেও এখানে স্বতই মনে হইবে, আমরা যে অর্থে সভ্যগঠনের **উল্লেখ** করিয়া থাকি, তিনি সেই অর্থে কিছু করিয়াছিলেন বলিয়া অকাট্য প্রমাণ খাছে কি? বরং শ্রীশ্রীমাতাঠাকুরানী এক সময়ে বলিয়াছিলেন, শ্রীশ্রীঠাকুর মতলব করিয়া কিছু করিয়াছিলেন, এইরূপ তাঁহার কথনও মনে হয় নাই। শ্রীমায়ের এই উক্তি দর্বতোভাবে শিরোধার্য; কেন না লোকাতীত পুরুষ কথনও মানবীয় মতিগতি লইয়া অহমারপূর্বক কার্যে ত্রতী হন না; শ্রীশ্রীঞ্চগদম্বার বিরাট শামিত্বের সহিত শ্রীরামক্লফের আমিত্ব একীভৃত হইয়া বাওয়ায় তাঁহার পক্ষে পদীম মানবস্থলভ বৌদ্ধিক সিদ্ধান্তমাত্র অবলম্বনে কোন কিছু করা সম্ভব ছিল না। তবে ইহাও শ্বীকার্থ বে, জগদশারই অচিন্তা বিধানে শ্রীশ্রীঠাকুরের দেহমন অবলম্বনে নবীন যুগের বাণী ও কার্যধারা মূর্তিপরিগ্রহ করিতেছিল, এবং ডাই লোকদৃষ্টিতে বলা চলে যে, ঠাকুরের উৎসাহ, উদ্দীপনা, ইন্দিত ও কার্বাবলীর ফলম্বরূপে তাঁহার ভক্তসভ্য গড়িয়া উঠিতেছিল। নির্বিকল্প সমাধিলাভের পর क्रशम्मा छाँहारक क्रश्यकागन-नाधनार्थ छारमृत्थ थाकिए वनिग्राहित्नन। ভগবৎ-প্রসঙ্গে কাল কাটাইবার জ্বন্ত জগদ্ধার নিকট ভক্তসমাগমের প্রার্থনা জানাইলে, নে প্রার্থনাপুরণের আখাস পাইয়া তিনি কুটির ছালে উঠিয়া ভক্ত-

দিগকে আকুলহাদয়ে আহ্বান করিলেন, ভক্তগণ আসিলে তাঁহাদিগকে চিনিতে পারিয়া সাদরে গ্রহণ করিলেন এবং তদবধি উপদেশ দিয়া, ভক্তগৃহে উৎস্বাদিতে যোগ দিয়া ও বিবিধ-রূপে ভক্তদের জীবন নিয়মিত করিয়া তিনি সকলকে এক আছেও প্রেমস্ত্রে বাঁধিলেন। তিনি অন্তর্গ যুবকভক্তদের সম্বন্ধ বলিয়াছিলেন, "আমার পাঁচফুলের সাজি", আর শ্রীমায়ের সাক্ষাতে বলিয়াছিলেন, "ওদের বেঁধে এক করতে পারভাম।" এইপ্রকার বিবিধ উক্তি ও প্রচেষ্টাতে আমরা ভক্তসক্তর-স্থাপনেরই আভাস পাই।

ইহারই মধ্যে আবার ভক্তদিগকে বিভিন্ন শ্রেণীভুক্ত করার ইন্দিডও পাই। ১৮৮৫ খুষ্টাব্দের ১ই আগদ্ট ঠাকুর বলিভেছেন. "আশ্চর্ষ সব দর্শন হয়েছে—অথণ্ড সচ্চিদানন্দ-দর্শন। তার ভিতর দেখছি, মাঝে বেডা দেওয়া হুই থাক। এক-धारत रक्नांत, हुनी, आत अरनक माकांत्रवामी छक्त। रवड़ांत्र आत এक धारत টকটকে লালস্করকির কাঁডির মতো জাোতি: - তার মধ্যে বদে নরেন্দ্র সমাধিস্থ। धानक (मृत्य वननाम, 'अ नत्त्रलः ।' अकृ (ठाथ ठाइटन-वृद्यनाम, अहे अक-রূপে দিমলেতে কায়েতের ছেলে হয়ে আছে। তথন বললাম, 'মা, ওকে মায়ায় বন্ধ কর, তা না হলে সমাধিত্ব হয়ে দেহত্যাগ করবে।' কেদার সাকার-বাদী, উকি মেরে দেখে শিউরে উঠে পালাল।" ('কথামুত', ৪।২৪।৩)। ঠাকুর স্মারও বলিয়াছিলেন, "এর (নিজের) ভিতর মা স্বয়ং ভক্ত হয়ে লীলা করছেন।" উক্ত লীলায় ভগবতীর প্রভা যাহাতে খদেহাবলম্বনে অতাধিক প্রকাশ না পায় ভাহার প্রয়োজন দেখাইতে গিয়া তিনি বলিয়াছিলেন, "এতে খাগাচা পালায়। যারা শুদ্ধভক্ত তারাই কেবল থাকবে। এই বাারাম হয়েছে কেন ? এর মানে ঐ। বাদের সকাম ভক্তি, তারা ব্যারাম অবস্থা দেখে চলে ষাবে। সাধ ছিল-মাকে বলেছিলাম--'মা ভক্তের রাজা হব।'…এর ভিতর তিনি নিজে রয়েছেন—যেন নিজ থেকে এই সব ভক্ত লয়ে কাজ করছেন।" 'কথামতে' এই জাতীয় কথা আরও বহু আছে : আমরা সেসব ছাড়িয়া নরেন্দ্রের কথাতেই ফিরিয়া যাই। নরেক্রকে তিনি সঙ্খনেতারূপেই গডিতেছিলেন।

শ্রীশীঠাকুরের শ্রীমৃথেই প্রকাশ, তাঁহারই আহ্বানে নরেন্দ্র জগদখার কার্য-সাধনার্থ জগতে আসিয়াছিলেন; ঐ উদ্দেশ্য-সাধন-মানসে ঠাকুর তাঁহার সমাধির চাবি স্বহন্তে রাখিয়াছিলেন; এবং ঐ প্রয়োজনসিদ্ধির অন্তকূল রূপেই তিনি নরেন্দ্রের জীবনধারা উপযুক্ত থাতে প্রবাহিত করিতেছিলেন। আমাদের

ইহাও শ্বরণ আছে, দক্ষিণেশবে প্রথম সাক্ষাংকার দিবসেই ঠাকুর নরেক্রের সম্পূথে করজোড়ে দাঁড়াইয়া তত্ত্ব করিতেছিলেন, "নারায়ণ, তুমি আমার জন্ত क्रथभावन करत এरिमह।" जिनि आवश करियाहिस्सन, "मारक वरमहिसाम, 'মা, আমি কি ষেতে পারি! গেলে কার দক্ষে কথা কব ৷ মা, কামিনী-কাঞ্চন-ত্যাণী শুদ্ধ ভব্ধ না পেলে কেমন করে পৃথিবীতে থাকব ?'---তুই রাজে এনে আমায় তুললি আর বললি, 'আমি এসেছি।' "কাশীপুরেই একদিন তিনি একথানি কাগজে লিখিয়া দিয়াছিলেন. "নরেন শিক্ষে দিবে।" নরেন্দ্র তাহাতে বলিয়াছিলেন, "আমি ওদব পারব না", তবু ঠাকুর উত্তর দিয়াছিলেন, "তোর হাড় করবে।" শরতের (স্বামী সারদানন্দের) ভার তিনি নরেক্রের হাতে অর্পণ করিয়াছিলেন। অথণ্ডের ঘর হইতে আগত নরেপ্রের অমিত শক্তি ষাহাতে সাধারণ মানবের হিতসাধনে নিয়োজিত হয়, সেই জ্বলু নরেজের বিচারপ্রবণ মনকে ভক্তিরদসিঞ্চনে স্থকোমন্স করিতে তিনি যত্নপর ছিলেন। তাই যে নরেক্স স্বীয় অবস্থা সম্বন্ধে একদিন বলিয়াভিলেন, "এক একবার খুব অবিশাদ আদে। বাবুরামদের বাড়ীতে 'কিছু নাই' বোধ হল-यन क्रेयत-गैयत किहूरे नारे"—स्पर्ट नारुखरे ठीकूरतत निकाछल भारत कानी (স্বামী অভেদানন্দ) সম্বন্ধে আক্ষেপ করিয়াছিলেন, "কালী 'জ্ঞান জ্ঞান' করে; আমি বকি। জ্ঞান কততে হয় ? আগে ভক্তি পাকুক। আবার তারকবাবুকে (ঠাকুর) দক্ষিণেখরে বলেছিলেন 'ভাবভক্তি কিছু শেষ নয়'।" ('কথামৃত', ৩। পরিশিষ্ট)।

ঠাকুর বেমন নরেন্দ্রকে শিশ্বমধ্যে সর্বোচ্চ আসন দিতেন, নরেন্দ্রনাথেরও গুরুভ কি ছিল তেমনি অতুলনীয়। ক্যান্সার রোগের প্রকৃতি সম্বন্ধে তথন কেইই বিশেষ পরিচিত ছিলেন না; এবং অধুনা যদিও ইহা স্থবিদিত যে, ক্যান্সার ছোঁয়াচে রোগ নহে, তথাপি সেকালে উহা অবিসংবাদিত সত্য ছিল না। ইহার ফলে দেখা যাইত যে, ঠাকুরের বথন রোগরুদ্ধি হইল, তথন অনেকেই এই বিষয় লইয়া জল্পনা-কল্পনা করিতেন এবং তাঁহাদের ভাবভিদতে একটা আত্মরক্ষা করিয়া চলার চেষ্টা লক্ষিত হইত। এই মনোরুদ্ধি দমন করিবার জ্বস্থা বিশাসের প্রতিমৃতি জ্বলম্ভ পাবকসদৃশ নরেন্দ্রনাথ একদিন ঠাকুরের পথ্যগ্রহণের পর তাঁহার নিষ্ঠীবনমিশ্রিত পথ্যের পাত্রটি হত্তে লইয়া অন্নানবদনে পথাবশিষ্ট পান করিলেন। সেদিন হইতে সকলের সন্দেহ চিরতরে নিজ্জ হইল। এইরূপ কভভাবেই

না সীয় শক্তিবলে এবং ঠাকুরের শিক্ষাগুণে নরেন্দ্রনাথ গড়িয়া উঠিতেছিলেন। ক্রমে কাশীপুরের দিন ফুরাইয়া আসিতে লাগিল। আগস্ট মাসের মাঝা-মাঝি ভক্তদের মনে এই আশহা বন্ধমূল হইয়া গেল যে, শ্রীরামকৃষ্ণ দেহত্যাগে কৃতসকল। তথনও তাঁহার কর্তবা শেষ হয় নাই। মহাসমাধির আগে হইতেই তিনি প্রতি সন্ধ্যায় নরেন্দ্রনাথকে নিজ সকাশে আহ্বানান্তে অন্ত শিশুদের বাহিরে ঘাইতে বলিয়া চুই-তিন ঘণ্টাকাল কল্পদার কক্ষে ভবিয়াৎ কর্মাদি সম্বন্ধে নানাবিধ উপদেশ দিতেন। ক্রমে মহাসমাধির আর তিন-চারি দিন মাত্র বাকী আছে জানিয়া তিনি একদিন নরেন্দ্রকে ডাকিয়া সম্মুখে বসাইলেন এবং একদৃষ্টে তাঁহার দিকে চাহিয়া সমাধিত্ব হইয়া পড়িলেন। নরেক্রনাথ পরে বলিতেন. তথন তাঁহার অমুভব হইয়াছিল যেন, ঠাকুরের দেহ হইতে তড়িৎকম্পনের মতো একটা স্বন্ধ তেজোরশ্মি তাঁহার দেহমধ্যে প্রবেশ করিতেছে। পরিশেষে তিনিও বাছজ্ঞান হারাইয়াছিলেন। কতক্ষণ এইভাবে কাটিয়াছিল, তাহা তিনি বুঝিতে পারেন নাই। চেতনালাভ করিয়া তিনি দেখিলেন, ঠাকুরের চক্ষে অশ্রুবর্ষণ হইতেছে। ইহাতে অভিমাত্র চমৎকৃত হইয়া এইরূপ করার কারণ किळामा कतिरल ठोकूत तलिरलन, "चाक श्थामर्वच राजारक मिरव कित इल्मा। তুই এই শক্তিতে জগতের কাজ করবি। কাজ শেষ হলে পরে ফিরে যাবি।" ভনিয়া নরেন্দ্রনাথও বালকের ক্রায় কাঁদিতে লাগিলেন—উদ্বেলিত ভাবাবেগে কণ্ঠকত্ম হওয়ায় তাঁহার বাক্যক্তি হইল না।

লীলাবদানের তুইদিন পূর্বে নরেন্দ্রকে আবার বলিলেন, "দেখ নরেন, তোর হাতে এদের সকলকে দিয়ে বাছি, কারণ তুই সবচেয়ে বুদ্ধিমান ও শক্তিশালী। এদের খুব ভালবেসে, যাতে আর ঘরে ফিরে না গিয়ে একস্থানে থেকে খুব দাধনভন্ধনে মন দের, তার ব্যবস্থা করবি।" ঠাকুরের স্থাবস্থায় এরপ ক্ষেত্রে বেশ জাের করিয়াই নরেন্দ্রনাথ অনিচ্ছা জানাইতে পারিভেন, কিন্তু মহাসমাধি যখন প্রত্যাসন্ধ তথন কে বুথা কট দিতে সাহস পায় ? রোগে শীর্ণকায়, ক্ষীণকণ্ঠ ঠাকুরের এই শেষ আদেশের বিক্লে বাঙ্নিশান্তি অসন্ভব ছিল। তথন নরেন্দ্রের দারা হৃদয় তৃঃখভারাক্রান্ত ও এই প্রশ্নে ব্যাকুলিত, সতা সতাই কি প্রভূর শীলাবসান আগতপ্রায় ? এতদিনে কি সব শেষ হইতে চলিল ?

ঠাকুরের লীলাসংবরণের আর মাত্র ছই দিন বাকী আছে; তথনও নরেক্রের বিচারপ্রবণ অথচ সত্যাহ্নস্থিৎস্থ মন অবতারবাদ সম্বন্ধে নিঃসন্দিশ্ব হইডে পারে নাই; অথবা অজ্ঞাত কোন দৈব উদ্দেশ্য সাধনের জন্য তথন তাঁহার অতি পবিজ্ঞ মনে এক অত্ত জিজ্ঞাসার উদয় হইল— শ্রীরামক্ষের শয্যাপার্শে দণ্ডায়মান থাকিয়া তিনি ভাবিতে লাগিলেন, "আচ্ছা, তিনি তো অনেক সময় নিজেকে ভগবানের অবতার বলে পরিচয় দিয়েছেন; এখন, এই সময় যদি বলতে পারেন, 'আমি ভগবান্', তবেই বিশ্বাস করি।" কি অপূর্ব লীলা! যেই চিন্তা উদিত হওয়া, অমনি সেই নিদারুল রোগষন্ত্রণার মধ্যেও ঠাকুর তাঁহার ম্থের দিকে মৃধ্ ফিরাইয়া বলিলেন, "এখনও তোর জ্ঞান হল না? সত্যি সভ্যি বলছি, যে রাম, যে রুষ্ণ, সেই ইদানীং এই শরীরে রামক্ষয়—তবে ভোর বেদান্তের দিক দিয়ে নয়।" ঠাকুরের এই অপ্রত্যাশিত অতি পরিছার নিরাবরণ আত্মপ্রকাশে নরেক্রনাথ এমন বিন্মিত হইলেন যে, অক্রমাৎ সেখানে বজ্পাত হইলেও তিনি তেমন চমকিত হইতেন না। তাঁহার সন্দেহ চিরতরে বিদ্বিত হইল এবং এরুপ যুগাবতারের পুন:পুন: আত্মপরিচয়প্রদানের পরও এতদিন ধরিয়া সন্দেহ পোষণ করিয়া শেষকালেও তাঁহাকে কট্ট দিলেন, এই আত্মমানিপূর্ণ চিন্তায় ও অন্তত্যপে কর্জরিত হইয়া তিনি নীরবে অঞ্চবিদর্জন করিতে লাগিলেন।

তারপর আসিল শেষদিন—শ্রাবণ সংক্রান্তি, ঝুলন পুর্ণিমা (৩১শে প্রাবণ)।
ঠাকুর পাচ-ছয়ট বালিশে ঠেদ দিয়া বসিয়া আছেন, এমন সময় শ্রীমা সেধানে
আসিয়া অপ্রতিষর্জন করিতে থাকিলে ঠাকুর সান্তনা দিয়া বলিলেন, "তোমার
ভাবনা কি ? বেমন ছিলে তেমনি থাকবে। আর এরা (নরেন্তাদি) আমার
বেমন করেছে, তোমারও তেমনি করবে।" ক্রমে আসিল মহানিশা।
ঠাকুর নরেক্রের সহিত কিসফিস করিয়া ছই-চারিটি কথা বলিলেন; অতঃপর
তিনবার মা কালীর নাম করিয়া মহাসমাধিতে লীন হইলেন—একটা আনন্দশিহরণে তাঁহার রোমাঞ্চ হইল, মাথার কেশগুলি পর্যন্ত থাড়া হইয়া উঠিল এবং
সমন্ত ম্থথানি দিব্য-হাস্তে সম্ক্রেল হইল। তথন রাজি ১টা ২মিনিট (ইংরেক্রী
মতে ১৬ই আগস্ট ১৮৮৬)।

পরদিন কাশীপুরের শ্মশানে শেষকৃত্য সমাপনাস্তে শ্রীশীঠাকুরের পুতাশ্বিপূর্ণ পাজটি মন্তকে করিয়া আনিয়া উন্থানবাটিতে তাঁহারই শয়নকক্ষে রাখা হইল এবং নিত্য-পূজাদির ব্যবস্থা হইল। ভক্তদের মুখে সমন্বরে উচ্চারিত হইল "জর রামকৃষ্ণ", "জর রামকৃষ্ণ", "জর রামকৃষ্ণ",

প্রথম শ্রীরামকুষ্ণমঠ

এরামক্লফের অন্তর্ধানের পরে প্রবীণ ভক্তদের দৃষ্টিতে উচ্চানবাটী ধরিয়া রাখার আর কোন সার্থকতা ছিল না। ৩১শে আগস্ট পর্যন্ত ভাড়া দেওয়া ছিল: স্থতরাং মাদের বাকী ঐ কয়দিনের মধ্যে শ্রীমা ও দেবকরুন অক্সজ চলিয়া যাইবেন, এরামক্লফের পুত ভন্মান্থির সহিত তাঁহার ব্যবহৃত প্রবাদি কাঁহুড়-गाहित (रात्नाकारन नहेता यां श्वा इहेरव अवः मात्मत्र त्नर वां पे हा फित्रा দেওয়া হইবে--তাঁহাদের বিচারে এইরূপই স্থির হইল। স্ববশ্ব শ্রীশ্রীঠাকুরের শ্বতিবিজড়িত এই পুণাভূমি পরিত্যাগের কথা ভাবিতেও যুবক ব্রহ্মচারীদের কট্ট হইতেছিল: কিন্তু নি:সম্বল তাঁহারা কিই বা করিতে পারেন? অতএব বাকী যে কয়দিন হাতে ছিল, শুধু সেই সময়ের জ্বন্ত অহুরক্ত ভক্তদের কেহ কেহ দিবারাত্র দেখানে থাকিয়া ঠাকুরের স্বতিগুলির রক্ষণাবেক্ষণে ষত্মপর হইলেন; তাঁহার পুতান্থিও শঘাার উপর স্থাপিত হইয়া ভব্তি-অর্ঘ্য পাইতে থাকিল। অবশিষ্ট ব্রন্ধচারীরা দিনে অস্ততঃ একবার দেখানে মিলিত হইতেন এবং অনেক সময় রাত্রিবাসও করিতেন। তুইজন একত্র মিলিত হইলেই ঠাকুরের অপুর্ব লীলা ও বাণী আলোচিত হইত: আর সন্ধ্যাসমাগমে সকলে ধ্যানে বসিতেন। পুজা, পাঠ, ধাান ও সদালোচনায় দিন যেন কোন দিক দিয়া কাটিয়া ষাইত। ঞীগুরুর অদর্শনে তাঁহাদের মনে যে বেদনা অহর্নিশ জাগরুক ছিল, তাহার হন্ত হইতে নিস্তার পাইবার জ্বন্ত তাঁহারা উন্মত্তের ক্যায় ঠাকুরেরই প্রদর্শিত সাধন-ধারায় গা ভাসাইয়া দিতেন। গৃহী শিশুদেরও কেহ কেহ যাঝে মাঝে তাঁহাদের সহিত মিলিত হইতেন—দেখানকার প্রতি ধূলিকণা যে তাঁহাদের নিকট পবিত্র, প্রতিটি দ্রব্য কত ভভ মুহুর্তের স্বৃতি বহন করিত !

ঠাকুরের তিরোধানের এক সপ্তাহের মধ্যেই এক আশ্চর্য ব্যাপার ঘটিল। সেদিন রাত্রি প্রায় আটটার সময় ঠাকুরের ভক্ত হরীশের সহিত নরেন্দ্রনাথ উন্থানবাটীর সম্থাস্থ (পশ্চিমের) পুকুরধারে দাঁড়াইয়া কথা কহিতেছিলেন; এমন সময় দেখিলেন, ফটকের দিক হইতে রান্থা ধরিয়া ঠাকুরেরই মতো এক শুদ্র বস্ত্রাবৃত উজ্জ্বল মৃতি তাঁহাদেরই অভিমূথে ধীরে ধীরে অগ্রসর হইতেছে। নরেন্দ্রের মনে প্রশ্ন জাগিল, "ঠাকুর নাকি ?" দিন কয়েক পূর্বে শ্রীমা ধ্বন হাতের বালা খ্লিতে উন্থাত হইয়াছিলেন, তথন ঠাকুর সশরীরে আবিভূতি

হইয়া তাঁহাকে এরপ করিতে নিষেধ করিয়াছিলেন, কারণ ঠাকুর তো জগৎ বলিয়াছিলেন. "আমি কি মরেছি যে তুমি এয়োল্লীর জিনিস হাত থেকে খুলে ফেলছ ?" অতএব মা সধবার চিহ্ন রাথিয়া দিয়াছিলেন। মাসিয়াছিলেন, তিনি মাবারও তো মাসিয়া ভক্তদিগকে শোকমুক্ত করিতে পারেন। অতএব নরেন্দ্রাদির সন্মুধে তাঁহার পুনরাবির্ভাব অসম্ভব নহে। যুক্তিবাদী নরেন্দ্র তবু চুপ করিয়া রহিলেন, এবং ভাবিলেন, তিনি কাল্পনিক কিছু দেখিতেছেন না তো? এমন সময় হরীশও শ্রীরামক্ষণদৃশ সেই মৃতি দেখিয়া ঈষৎ কম্পিতকণ্ঠে ফিসফিস করিয়া বলিলেন, "ও কি? নরেন, দেখ দেখ।" তথন নরেন্দ্র স্পষ্টবরে ডাকিলেন, "কে ওখানে ?" তাঁহার গলার তীব্র আওয়াজ শুনিয়া অপর সকলে ক্রতপদে সেখানে আসিলেন, কিন্তু কিছুই দেখিতে পাইলেন না। ঐ মৃতি নরেক্ত ও হরীশ যেখানে দাঁডাইয়াছিলেন উহার দশ হাত দূরে এক যুঁই ফুলের ঝোপ পর্যন্ত আদিয়া মিলাইয়া গেল। তথন লগ্ঠন আনিয়া চারিদিক তন্ন তন্ন করিয়া খোঁজা হইল, তবু কিছুই পাওয়া গেল না। এই দর্শনটি নরেন্দ্রের অস্তরে গভীর রেখাপাত করিয়াছিল এবং উপস্থিত সকলেরই বিশ্বাস জ্বিয়াছিল যে ঠাকুর স্ক্রদেহে চিরবিভাষান রহিয়াছেন। ইহারও পরে শ্রীমা ও ঠাকুরের কোন কোন ভক্ত তাঁহার দর্শনলাভে কুডার্থ হইয়াছিলেন এবং অনেকে এখনও হইয়া থাকেন।

কালীপুরের উন্থানবাটী ছাড়িয়া যাইতে হইবে। ৬ই ভাদ্র শ্রীযুক্ত বলরাম বস্থ আদিয়া মাতাঠাকুরানীকে স্বগৃহে লইয়া গেলেন। রামচন্দ্রাদি প্রবীণ ভক্তবৃন্দ যুবকদিগকে পরামর্শ দিলেন, ঠাকুরই যথন চলিয়া গিয়াছেন, তথন আর রথা সময় নই না করিয়া স্বগৃহে ফিরিয়া পাঠাদিতে মনোনিবেশ করাই বিধেয়। আনেকে করিলেনও তাহাই। কিন্তু লাটু, তারক, কালী, বুড়োগোপাল প্রভৃতি হয় গৃহহীন ছিলেন, অথবা গৃহে ফিরিবার সঙ্কল ত্যাগ করিয়াছিলেন; স্ক্তরাং তারক কালীপুর ছাড়িয়া বৃন্দাবনে বলরামবাবুদের 'কালাবাবুর কুঞ্জে' গিয়া তপস্থায় নিরত হইলেন। অতঃপর শ্রীমা যথন ১৫ই ভাদ্র বৃন্দাবন যাত্রা করিলেন, তথন কালী, লাটু ও যোগীনও তাঁহার সহিত তথায় যাইয়া ঐ একই বাড়ীতে উঠিলেন।

ইতিমধ্যে শ্রীশ্রীঠাকুরের ভন্মাবশেষ লইয়া একটু মতভেদ উপস্থিত হইয়াছিল। প্রাচীন উপার্জনক্ষম ভক্তদের মতে বাড়ী-ভাড়ার মেয়াদ কুরাইয়া গেলে ভন্মান্ধি কাকুড়গাছির বোগোভানে সমাহিত করার সিদ্ধান্ত গৃহীত হইল। ইহাতে কিন্ত युवकरमत्र मचि छिन ना, कादन "ठाक्रवद मह्मामी ও গৃহস্থ ভক্ত मकरन मिनिष्ठ হইয়া প্রথমে পরামর্শ স্থির হইয়াছিল, পুত ভাগীরখীতীরে একখণ্ড জমি ক্রয় করিয়া উক্ত (ভাম) কলদ তথায় যথানিয়নে দমাহিত করা হইবে। কিন্তু ঐব্ধপ করিতে বিশুর অর্থের প্রয়োজন দেখিয়া এবং অক্ত নানা কারণে: ঠাকুরের গৃহী ভক্তগণের অনেকে কিছুদিন পরে ঐ সম্বন্ধ পরিত্যাগ করেন। তাঁহাদিগের ঐরপ মত পরিবর্তন ঠাকুরের সন্ন্যাসী ভক্তদের মনঃপুত না হওয়ায় তাঁহার। পুর্বোক্ত তাত্রকলস হইতে অর্ধেকেরও উপর ভস্মাবশেষ ও অন্থিনিচয় বাহির করিয়া লইয়া ভিন্ন এক পাত্তে উহা রক্ষণপুর্বক তাঁহাদিগের প্রদান্সাদ গুরুলাতা বাগবান্ধার-নিবাসী শ্রীযুক্ত বলরাম বহু মহাশয়ের ভবনে নিতাপুন্দাদির জন্ত প্রেরণ করিয়াছিলেন" ('উদোধন', ১৭শ বর্ষ, ৪৪০ পৃ:)। পরে প্রথমোক্ত কলসটি কাঁকুড়গাছির বোগোভানে ২৩শে আগস্ট (জ্ব্লাষ্টমী দিবসে) ষ্ণানিম্বমে নীত ও সমাহিত হয়। বলা বাছল্য, নরেন্দ্রনাথ তাঁহার উদার শান্তিপ্রবণ वृत्रमृष्टि नहेशा এই विवारम अफ़िज इन नारे वतः श्ववीन ज्वरूरमत्र मरधा त्रामठखा লভ, দেবেজ্ঞনাথ মজুমদার ও নিত্যগোপাল অগ্রণী হইয়া যথন যুবকদের কথা অগ্রাফ করিলেন, তথন তিনি সমবয়ম্বদিগকে শাস্ত রাখিবার জন্ত বলিয়াছিলেন, "आभारतत এक हे विरवहना करत हना छेहिछ; शरत सन लारक ना वल स রামক্ষের চেলারা চিতাভন্ম নিম্নে মারামারি করেছিল। ও ভন্ম তাদেরই নিম্নে যেতে দাও; আমরা যেন ঠাকুর যেমন বলে গেছেন তেমনি ভাবে জীবন গড়তে পারি। আমরা যদি আদর্শ মেনে চলতে পারি, ভাহলেই তো ওপব चिकिहिरूद भूरकात रहरा चानक वर्ष काक हरा वारव।" कारकहे कनम অর্পণের দিন স্থির হইয়া গেল। কিন্তু নিরঞ্জন অত সহজে ছাড়িতে প্রস্তুত ছিলেন না; শশীও তাহার সহিত সহমত ছিলেন। ইহারা ত্ইজনে রাত্রি-কালে অতি গোপনে চিতাভন্ম পূর্বোক্তরণে ভাগাভাগি করিয়াছিলেন। নরেন্ত পরে ইহা জানিয়া সমবয়ন্তদের কার্যের অহুমোদনই করিলেন, আবার কাঁকুড়-গাছির দলের সহিতও শোভাষাত্রা করিয়া গেলেন এবং ঐ অবশিষ্টাংশের সমাধি-কালে সকলের সহিত পূর্ণ সহযোগিত। করিলেন।

আগস্ট মাদ শেব হওয়ার দকে দকে কালীপুরের উত্যানবাটী ছাড়িয়া দেওয়া হইল। বে কয়জন যুবক শ্রীমায়ের পুর্বে বা দকে বুলাবনে গিয়াছিলেন, তাঁহারা ছাড়া আর সকলে বাড়ী ফিরিয়া পূর্ববং পড়াগুনায় বা অন্ত কাজে মন দিলেন। ঠাকুর কয়েকজনকে গেরুয়া বস্ত্র দিয়াছিলেন এবং সকলকে ভাাগের মহিমা শুনাইয়া তাঁহাদিগকে সভ্যবদ্ধ করিবার ভার নরেন্দ্রনাথের হত্তে অর্পণ করিয়া-ছিলেন। কিন্তু এইরূপ পরিস্থিতিতে শ্রীশ্রীঠাকুরের দেহতাাগের ঠিক পরেই (मठे चाल्टिन क्रिशास्त्र मछाचना (मथा (शंक ना । युवकत्तर मक्क द्यग्रतन्त्र সহামুভতি পাইল না। প্রবীণ ও নবীনদের মধ্যে যে মতানৈক্য কাশীপুর হইতে चात्रच कतिया कि कृपिन यावर চलिया किल এवर यात्रा कामी भूटतत वाया भिका. চিতাভন্ম সমাহিত করা প্রভৃতি ঘটনাবলম্বনে আত্মপ্রকাশ করিতেছিল, তাহার ममाधारनत উপায় তথনও युवकरमत आयखाधीन हिल ना। शाहीनरमत अ সহামুভ্তিশৃক্ততার উল্লেখ করিয়া স্বামী বিবেকানন্দ পরবর্তী কালে (১৮৯৫ খু:) স্বামী ব্রহ্মানন্দকে এক পত্তে লিথিয়াছিলেন, "রাখাল, ঠাকুরের দেহত্যাগের পরে মনে আছে, সকলে আমাদের ত্যাগ করে দিলে—হাবাতে (গরীব ছোঁডা গুলো) মনে করে। কেবল বলরাম, স্পরেন (স্থরেন্দ্র মিত্র), মান্টার ও চনী বাবু এঁরা সকলে বিপদে আমাদের বন্ধ। অতএব এঁদের ঋণ আমরা কথন পরিশোধ করতে পারব না।" আরও পরে আমেরিকায় 'আমার জীবন ও ব্রত' विषया वकु जाकारन जिनि विनाहितन, "बामारमत वनुवासव विराग दक्ष हिल ना। ... একবার ভাবিয়া দেখুন, বারোটি বালক মান্তবের কাছে বড বড় আদর্শের কথা বলিতেছে, সেই আদর্শ জীবনে পরিণত করিতে দুঢ়দকল ! সকলেই হাসিত। হাসি হইতে ক্রমে গুরুতর পরিণতি ঘটল --রীতিমত ষত্যাচার আরম্ভ হইল। - বালকের কল্পনার প্রতি কে সহামুভূতি দেখাইবে ১ বে কল্পনার ফলে অপরকে (অর্থাৎ আত্মীয়বর্গকে) এত কট্ট পাইতে হয়, দেই কল্পনার প্রতিই বা কে সহামুভৃতি জানাইবে ? এক**জ**ন ছাড়া কেহই সহাফুড়ডি জানাইল না।" ('বাণী ও রচনা', ১০।১৬৪-৬৫)। সেই একজন শ্ৰীশ্ৰীমাতাঠাকুৱানী; তাঁহার কথা পরে বলিব।

শুধু অল্পবয়স্ক বলিয়াই যে বয়স্কদের নেতৃত্বানীয় ব্যক্তিরা নরেন্দ্রাদির কথা উড়াইয়া দিয়াছিলেন, ভাহা নহে, একটা আদর্শগত বিরোধও ছিল। আমরা পূর্বেই উল্লেখ করিয়াছি, প্রবীণদের কাহারও কাহারও মতে সন্ন্যাসগ্রহণ শ্রীরামক্ষকের অহ্নমোদিত ছিল না; স্বভরাং মঠন্থাপনও নিরর্থক। 'কথামৃতে'র একস্থানে (১১১৩৫) আছে: "আজ মহিমাচরণের সহিত ঠাকুরের কথাবার্ডা ভানিয়া কোন ভক্ত ভাবছেন, 'ঠাকুর তো সংসার ত্যাগ করতে বললেন না, বরং বলেছেন, সংসার কেলাবরূপ; এই কেলার থেকে কাম ক্রোধ ইত্যাদির সঙ্গে ফুরু করতে পারা বায়। তেজতএব এক রকমে বলা হলো, জীবনুক সংসারে থাকতে পারে। আদর্শ—কেশব সেন ?" 'ক্থামৃতে' আরও আছে (২, পরিশিষ্ট ১): "ঠাকুর কাহাকেও সন্ন্যাসীর বাছ্চিছ্ণ (গেরুয়া বন্ধ ইত্যাদি) ধারণ করিতে অথবা গৃহীর উপাধি ত্যাগ করিতে অহুরোধ করেন নাই। তিজ্ঞ ঠাকুর তাহাদের অন্তরে ত্যাগী করিয়া গিয়াছিলেন।" রামচক্রাদি ভক্তগণ ইহাও বলিতেন যে, যাহারা জীরামক্রফকে দেখিয়াছে, তাহাদের পক্ষে অভিরিক্ত সাধনা নিশুয়োজন।

মঠকে কেন্দ্র করিয়া যুগবার্তা প্রচারের প্রয়োজন তথনও স্পষ্ট প্রতীয়মান হয় নাই—নারায়ণজ্ঞানে বিবিধ পদ্মাবলম্বনে জীবদেবার কথা তো তথন কল্পনাতীত। কিন্তু শুদ্ধ চিন্তা হিসাবে ঐসব বিষয়ে অস্পষ্ট বিচার তথনও চলিত এবং দেখা যাইত যে ইহাতে মতানৈক্য আছে। 'কথামৃত' (২, পরিশিষ্ট ১) হইতেই উদ্ধৃতি দিই: "ধর্মপ্রচারের কথা পড়িল। মান্টার (নরেন্দ্রের প্রতি)—'বিভাসাগর বলেন—…আমি নিজে ঈশরের বিষয় কিছু বুঝি না, আবার পরকে কি লেকচার দেব ?'

"নরেক্স—'যে এটা বুঝেনি, সে আর পাঁচটা ব্ঝবে কেমন করে ?' "মাস্টার—আর পাঁচটা কি ?'

"নরেন্দ্র—'ষে এটা বোঝে নাই, সে দয়া, পরোপকার ব্ঝলে কেমন করে? স্থল করে ছেলেদের বিছা শিখাতে হবে, আর সংসারে প্রবেশ করে বিয়ে করে, ছেলে-মেয়ের বাপ হওয়াই ঠিক, এটাই বা ব্ঝলে কেমন করে? বে একটা ঠিক বোঝে, সে সব বোঝে।'

"মাস্টার (স্থগত)—'ঠাকুর বলতেন বটে, বে ঈশ্বরকে জেনেছে, সে সব বোঝে। আর সংসার করা, স্থল করা সম্বন্ধে বিভাসাগরকে বলেছিলেন বে, এসব রজোগুণে হয়। বিভাসাগরের দয়া আছে বলে বলেছিলেন—এ রজো-গুণের সন্ধ, এ রজোগুণে দোব নাই।'"

মাস্টার মহাশয় নরেক্রাদির ঘণাসাধ্য সাহাধ্যার্থ সর্বদা প্রস্তুত থাকিলেও এবং অক্তান্ত ভক্তদের ক্যায় তিনিও ঈবরলাভের পর ধর্মপ্রচার ও নিমাম কর্মদশাদনের সম্ভাবনা স্বীকার করিলেও স্পষ্টতঃ বলিতেন, ঈশ্বরলাতের সাধনরূপে দেবাব্রত উদ্যাপনের কথা ঠাকুর বলেন নাই। 'কথামূতে'র পঞ্চম ভাগে
তিনি লিখিয়াছেন, "গুরুদেবের মহামন্ত্র—আগে ঈশ্বরলাভ, তাহার পর অন্ত
কথা। নারাজনীতি প্রথম হইতে বলিলে চলিবে না। আগে অন্তামন হইয়া
ভগবানের ধ্যানিচিন্তা কর, হৃদয়মধ্যে তাহার অপরপ রূপ দর্শন কর। তাহাকে লাভ
করিয়া তথন স্থদেশের মঙ্গলসাধন করিবে।" (পরিশিষ্ট ২০-২১ পৃষ্টা)। অপর দিকে
স্বামীজীর শিক্ষা ছিল নারায়ণবৃদ্ধিতে বিভিন্ন কেরে। বিচিত্র রূপে জীবদেবা
করিয়া ভদ্ধচিত্ত হওয়া এবং ভ্রুচিত্তে ভগবদ্ধন করা।

আরও দেখা যায়, শ্রীশ্রীঠাকুরের আগমনের দারা জগতে স্থমহৎ কল্যাণ সাধিত হইবে, এই বিশাস ভক্তমাত্রেরই হৃদয়ে পূর্ণরূপে বিরাজ্ঞিত থাকিলেও, তাঁহার বাণীতে এমন একটা অভিনবত্ব আছে ধাহার ফলে নব্যুগের স্ত্রপাত হইবে এবং সে নবযুগের সহিত প্রাচীনের অবিচ্ছেম্ম সমন্ধ থাকিলেও ইহা প্রাচীনের পুনরাবৃত্তি বা অমুক্তিমাত্র না হইয়া অভিনব সংস্কৃতির প্রেরণা আনিয়া দিবে ও বিশ্বমানবকে সমস্থতে গাঁথিবে—এইরূপ বুঝিবার মতো স্ক্রদৃষ্টি ছিল অতি অল্প কয়জনের। জনকয়েক ভাগ্যবান মাত্র ইহার আভাগ পাইয়াছিলেন, এবং তদপেক্ষাও অল্পতর কয়েকজন ইহার বান্তব রূপায়ণে জীবনপাত করিতে প্রস্তুত ছিলেন। বলা বাহুলা, এই শেষোক্ত দলের অগ্রণী ছিলেন নরেক্সনাথ এবং তাঁহারই স্বীক্বতি হইতে পাওয়া যায়, শ্রীমাও এই সত্যের সন্ধান জানিতেন, তাই তাঁহার সমন্ত শক্তি লইয়া তিনি স্বীয় যুবক সন্তানদের পশ্চাতে দাড়াইয়া-ছিলেন। তিনি এক সময়ে ঠাকুরের নিকট প্রার্থনা করিয়াছিলেন, "ঠাকুর, তুমি এলে, এই কয়ড়নকে নিয়ে লীলা করে আনন্দ করে চলে গেলে; আর অমনি সব শেষ হয়ে গেল ? তাহলে আর এত কট করে আসার কি দরকার ছিল ? কাশী বুন্দাবনে দেখেছি, অনেক সাধু ভিক্ষা করে বায়, আর গাছতলায় ঘুরে ঘুরে বেড়ায়। দেরকম সাধুর তো অভাব নাই। তোমার নাম করে, সব ছেড়ে বেরিয়ে আমার ছেলেরা বে হুটি অল্লের জন্ম ঘূরে ঘূরে বেড়াবে, ভা আমি দেখতে পারবো না। আমার প্রার্থনা, তোমার নামে বারা বেকবে তাদের মোটা ভাতকাপড়ের অভাব যেন না হয় ৷ ওরা সব তোমাকে আর তোমার ভাব-উপদেশ নিম্নে একজে থাকবে, আর এই সংসারতাপদগ্ধ লোকের। তাৰের কাছে এসে তোমার কথা শুনে শান্তি পাবে। এই ৰক্তই তো তোমার আসা। ওদের ঘুরে ঘুরে বেড়ানো দেখে আমার প্রাণ আকুল হয়ে ওঠে।" ('শ্রীমা সারদাদেবী', ৪২৬-২৭ পৃঃ)। অবশ্য এই প্রার্থনা উচ্চারিত হইয়াছিল ১৮৯০ পৃষ্টাব্দে; কিন্তু অন্তর্নিহিত ভাবটি সর্বকালিক বলিয়া আমরা এখানেই উদ্ধৃত করিলাম।

শ্রীশ্রীসাকুরের মহাসমাধির ঠিক পরবর্তী দিনগুলি লোকদৃষ্টিতে বিষাদব্যাকুল, বিফলতাময় ও নৈরাশ্রপূর্ণ হইলেও ঠাকুর স্বয়ং অলক্ষ্যে নিজ উদ্দৈশ্রসাধনের উপায় স্থির করিতেছিলেন। তাঁহার ভক্ত ও 'রদদ-দার' স্থরেক্সনাথ মিত্র (বাঁহাকে অনেকে স্থরেশ বলিয়া ডাকিতেন) একদিন আফিদ হইতে ফিরিয়া পুজাগৃহে ঠাকুরের ধ্যানে মগ্ন আছেন, এমন সময় এক দিব্যদর্শন পাইলেন। অকস্মাৎ দেখিলেন, শ্রীরামক্লফ তাঁহার সমূধে আবিভূতি হইয়া বলিতেছেন, "তুই করছিল কি ? আমার ছেলেরা দব পথে পথে মুরে বেড়াছে —তার স্মাগে একটা ব্যবস্থা কর।" ভনিয়াই স্থবেক্স উন্মন্তবৎ সমপল্লীবাসী নরেক্সনাথের গতে জ্রুত উপনীত হইলেন এবং সমগ্র বুত্তান্তের পুনরাবৃত্তি করিয়া অঞ্চসিক্ত-কণ্ঠে সকাতরে বলিলেন, "ভাই, একটা আন্তানা করো, যেখানে ঠাকুরের ছবি ভন্মাদি আর তাঁর ব্যবহৃত জিনিসগুলি রেখে রীতিমত পুজার্চনা চলতে পারে, ষেধানে তোমরা কামকাঞ্চনত্যাগী ভক্তেবা এক জায়গায় থাকতে পার। মাঝে মাঝে আমরা দেখানে গিয়ে জুডুতে পারব। আমি কাশীপুরে মাদে মাদে যে **ोका फिलाम, এখনও लाहे (फर।" नरित्र এই फारने कथा खनिया जानत्म** षाञ्चशत्रा इहेत्नन এवः वाजीत महात्न फितिएज नागितन । वृत्नावत्न श्वकत्राजा তারকনাথকেও পত্র লিথিলেন, তিনি যেন প্রস্তুত থাকেন; বাড়ী পাইলেই जात कता रहेरत এবং তাঁহাকে তৎকণাৎ चामिया नृजन मर्छत कार्यजात नहेरज হইবে। তারকনাথও তদমুসারে কাশীধাম পর্যন্ত আসিয়া বিতীয় নির্দেশের অপেকায় রহিলেন।

এদিকে নরেন্দ্রনাথের ও তাঁহার বরাহনগর-নিবাসী বন্ধু ভবনাথের অদম্য চেটার বরাহনগরের গকাতীরের নিকটে ভ্বন দত্তের একটি জীর্ণ উন্থানবাটী মাসিক এগার টাকা ভাড়ার পাওয়। গেল। "ভ্বন দত্তের বাড়ীটি ছিল আসলে টাকীর জমিদার মূলীবাব্দের। ঐ বাড়ীটি ছিল জীর্ণ ও পরিত্যক্ত। এই ক্ষক্ত উহাকে সকলে 'পোড়ো বাড়ী' বলিত। ঐ জীর্ণ পোড়ো বাড়ীতে ছয়্বধানি মাত্র বর ছিল, ('আমার জীবনকথা' ১৩৫ পৃঃ)। ইহা ১৮৮৬ খুটাকের

আখিন মাসের (সম্ভবতঃ) প্রথমভাগের কথা। বাড়ীভা্ড়া ও টাাক্সের জক্ত ধার্য এগার টাকা ছাড়াও পাচক ব্রাহ্মণের বেতন মাসিক ছয় টাকা এবং মঠনাসীদের অন্তান্ত থরচের টাকাও স্থরেক্সনাথ দিতেন। এইরপে তাঁহার মাসিক দানের পরিমাণ লোকর্দ্ধির সঙ্গে সঙ্গের বর্ধিত হইয়া একশত টাকা পর্যন্ত উঠিয়াছিল। তাঁহার এই সহ্বদয়ভার কথা শ্বরণ করিয়া 'কথায়ত'-কার লিথিয়াছেন, "ধন্ত স্থরেক্স! এই প্রথম মঠ তোমারই হাতের গড়া! তোমার সাপুইচ্ছায় এই আশ্রম হইল! তোমাকে য়য়য়য়প করিয়া ঠাকুর শ্রীরাময়য়্বফ তাঁহার মূলমন্ত্র কামিনী-কাঞ্চন-ত্যাগ মৃতিমান করিলেন। ভাই, তোমার গুণ কে ভ্লবে ? মঠের ভাইরা মাতৃহীন বালকের স্থায় থাকিতেন—তোমার অপেক্ষা করিতেন, তুমি কথন আদিবে। আজ বাডী-ভাড়া দিতে সব টাকা গিয়াছে—আজ থাবার কিছু নাই—কথন তুমি আদিবে, আসিয়া ভাইদের বন্দোবস্ত করিয়া দিবে।" (ঐ ২, পরিশিষ্ট ১)। স্বামী বিবেকানন্দ বলিয়াছিলেন, "স্থরেশবাব্র নাম শুনেছিস তো? তিনিই এই মঠের একরকম প্রতিষ্ঠাতা। তিনিই বরাহনগর মঠের সব থরচপত্র বহন করতেন। ঐ স্থরেশ মিত্তিরই আমাদের জন্ত তথন বেশী ভাবত।" ('বাণী ও রচনা', ১)২০৮)।

বাড়ী ভাড়া হইয়া গেলে স্থরেক্সবাব্র নির্দেশাম্প্রদাবে ছোট গোপাল ঠাকুরের জিনিসপত্র সহ ঐ বাড়ীতে বাস করিতে গেলেন, আর জাঁহার সঙ্গে রহিলেন শশী নামক এক পাচক ব্রাহ্মণ। রাত্রে শরৎও আসিয়া থাকিলেন। এদিকে নরেক্সের তার পাইয়া তারকনাথ সত্তর ফিরিয়া আসিয়া বলরাম-ভবনে নরেক্সের সহিত সাক্ষাৎ করিলেন এবং তিনি স্টেশন হইতে যে ঘোড়াগাড়ীতে আসিয়া-

১। সেপ্টেম্বরের শেষে বা অক্টোবরের গোডাতে বাড়ী লওয়া হয়; কারণ 'কথামৃত'-কার ২০শে কেব্রুয়ারি তারিপে লিথিয়াছেন, "বরাহনগর-মঠ সবেপাঁচ মাস দ্বাপিত হইয়ছে।"(কথামৃত' ৪, পরিলিষ্ট ৩)। অতএব যদিও 'কথামৃত'-কারেরই মতে ছোটগোপাল কালীপুর হইতে ঠাকুরের বাবহৃত জিনিসগুলি লইয়া আসেন (২, পরিলিষ্ট ১), তথাপি আমাদের মনে হয়, বলয়াম-ভবন হইতেই ঐসব আনা হয়; কারণ কালীপুরের উল্লানবাটী আগস্টের শেষে ছাড়িয়া দেওয়া হয়।
"'১৮৮৬ খুষ্টাব্লের আখিন মাসে বরাহনগর মঠের গোড়াপত্তন হয়।" ('আমার জীবনকথা'—য়ামীঅভেদানন্দ, ১০৫ পৃ:)। তবে বাড়ীর মালিককে বলিয়া আপসে ছই-চারিটি জিনিস কালীপুরে
কিছদিন রাথাও অসম্ভব ছিল না।

ছিলেন, সেই গাড়ীতেই তৎক্ষণাৎ নরেন্দ্র ও রাখালের বসহিত বরাহনগর মঠে উপস্থিত হইলেন। তারক পুর্বেই গৃহত্যাগ করিয়াছিলেন; স্থতরাং তিনিই হইলেন উক্ত মঠের প্রথম স্থায়ী ত্যাগী অধিবাসী। বুড়ো গোপাল ইহারই কোন এক সময়ে মঠে আসিলেন। কালীও একমাস পরে বুন্দাবন হইতে ফিরিয়া মঠবাসী হইলেন। নরেন্দ্র, শশী, রাথাল, শরৎ, বাবুরাম এবং নিরঞ্জন প্রভৃতিরও মঠে যাতায়াত চলিতে লাগিল। লাটু ও যোগীক্ত তথনও বুন্দাবনে। এইরূপে আশ্রয়হীন ও সহায়সম্বনশূত কালী, লাটু, তারক ও বুড়ো গোপালের বাসোপ-যোগী স্থানের ব্যবস্থা করা মঠস্থাপনের অন্ততম উদ্দেশ্য হইলেও ক্রমে উহার অধিবাসীর সংখ্যা বাডিতে লাগিল।° এইভাবে সকলকে সমবেত করার পশ্চাতে নরেজনাথের একান্তিকতা ও অধাবসায় অনেকথানি ছিল: বস্তুত: এইজন্মই ইহা সম্ভব হইয়াছিল। বাড়ীর বৈষ্মিক ব্যাপারে বিব্রত থাকিলেও তিনি প্রায়ই মঠে আসিতেন ও কর্মপরিদর্শন করিতেন; ক্রমে এইরূপ দাঁড়াইল যে, কার্যবাপদেশে তিনি কলিকাতায় গেলেও রাজিবাস প্রায়শ: মঠেই হইত এবং দিবসেরও বহুলাংশ সেখানেই যাপিত হইত। যুবক ভক্তদের বাড়ী বাড়ী যাইয়া তিনি তাঁহাদের সহিত শ্রীরামক্বফের প্রদর্শিত ত্যাগমূলক সাধনাদি সম্বন্ধে প্রোথিত ছিল, তাহাকে ক্রত অঙ্কুরিত করিতে সচেষ্ট থাকিতেন।

এখানে বরাহনগরের মঠ-বাড়ীটির একটু বর্ণনা⁸ দেওয়া আবশুক: "মঠ বরাহনগরে পরামাণিক ঘাট রোডে টাকীর মুন্সীদের ঠাকুরবাড়ীর পশ্চাৎ (পশ্চিম) ভাগের ভগ্ন জীর্ণ বাড়ীর উপরতলার ভিতরের অংশে ছিল। রাস্তার উপর একটা দরজা দিয়ে চুকে একটু খোলা জমি পার হলে সিঁড়ি দিয়ে উঠে কাঠের রেলিং ও থামওয়ালা বারান্দার দক্ষিণ দিকের সামনের বড় ঘরটায় আমি

২। এথানে 'স্বামী ব্ৰহ্মানন্দ' গ্ৰন্থের মত গৃহীত হইল। অবৈতাশ্ৰমের ইংরেজী-জীবনীর মতে রাখাল তথন মুক্লেরে। মঠে তিনি যোগদান করেন অনেক পরে।

৩। "গোপাল দাদা, লাটু প্রভৃতির নিজেদের ঠিক গৃহ না থাকার প্রথমে বরাহনগর মঠের নৃতন ভাড়াবাড়ীতেই বাস করিতে লাগিল। তারকদাও সেই মঠে থাকিতে লাগিলেন। নরেন্দ্রনাধ, শরৎ, শশী প্রভৃতি তথন নিজের বাড়ীতে থাকিত এবং মধ্যে মধ্যে আসিয়া আমাদের সহিত বরাহ-নগর মঠে বাস করিত।" ('আমার জীবনক্থা', ১৩৬ পৃঃ)।

প্রথম বর্ণনাটি স্বামী বিরজানন্দের 'অতীতের স্বৃতি' (৩০-৩৭ পৃ:) হইতে গৃহীত।

(অর্থাৎ স্বামী বিরক্তানন্দ) আসার আগে (১৮৯১) ভাড়া ছিল; পরে এমনি ধোলা পড়ে থাকত। ভিতরের মঠের অংশ বাহির রান্তা হতে দেখা যেত না। থ্ব নির্জন ছিল। এখন সমন্ত বাড়ীটি ভূমিসাং হয়েছে — বাহিরের অংশটি ছাড়া। ভিতরের মঠের অংশটার কোন ফটো পাওয়া ষায় না। পেছনের দিকে শাকসবজির বাগান, সজনে গাছ, একটি বেলগাছ ও কয়েকটি নারিকেল ও আমের গাছ। একটি পুষ্করিণীও ছিল। বাগানে শাকসবজি বড় বিশেষ কিছু হত না—ডেক্বো ভাটা, ছচারটা কুমড়ো, শশা, কলা ইত্যাদি। এক উড়ে মালী ছিল, তাকে কেলো বলে ভাকত। তরকারি কিছু না থাকলে শশী মহারাজ মাঝে মাঝে বাগানে চুকে ডেকো, কুমড়ো শাক, সক্তনে ভাটা বা পাতা ফুল যা পেতেন নিমেষের মধ্যে ছিঁ ড়ে বা বঁটি দিয়ে কেটে আনতেন। আর কেলো মালী উড়ে ভাষায়, 'আরে আরে কি কর, কি কর, ওসব থা দিল, নিও না, নিও না' বলে পিছু পিছু তাড়া করত। কথন গাল পাড়ত, চেঁচাত; কিন্তু শশী মহারাজ কিছুই ভ্রক্ষেপ করতেন না, গোঁ-ভরে আপনার মনে চলে আসতেন। এই নিয়ে সকলে মিলে থ্ব হাসি ফুতি হত। যাহোক, মঠের সকলের সক্তে কেলো মালীর বেশ প্রীতির ভাব ছিল; যথন স্থবিধা হত তাকে প্রসাদ-মিষ্টায়াদি দেওয়। হত।

"নীচের তলাটার ভিতর বাড়ীর দিকে বহু কালের আবর্জনায় ও ক্লবলে এমন ভরে গেছল যে, তা শেষালের ও সাপের বাসা হয়েছিল। কেউ ভয়ে সেদিকে যেত না। প্রবাদ আছে, বহুকাল পূর্বে টাকীর হুদান্ত জমিদারদের আমলে সেথানে কত নরহত্যা হয়েছে। সেজ্ঞ ওকে ভূতের বাড়ী বলত ও কেউ ভাড়া নিত না। মঠের এরা তাই দশ টাকায় ভাড়া পেয়েছিলেন। উপরতলায় সিঁড়ি দিয়ে উঠে বাম দিকে 'কালী তপস্বীর ঘর', পরে ছোট ধাপ দিয়ে উঠে ও নেমে ভিতরের দিকে পূজার যোগাড়ের ঘর (যার মধ্যে মেঝেতে একটি ১ হাত × হাত পরিমিত চৌকো মাটির হোমকৃও ছিল), তার ভিতর দিয়ে ঠাকুর ঘরে বেতে হত। সোজা গিয়ে দালান ঘর দিয়ে সামনে রাল্লার, বাম হাতে লম্বা হলঘর (যাকে 'দানাদের ঘর' বলা হত), তারপরে পাশে থাবার ও মৃথ হাত পা ধোবার ঘর, তারপর একটু অভ্নতার গলি পার হয়ে পায়থানা, নীচে সিড়ি নেমে বাগানের ভিতর দিয়ে পূক্রে যাবার পথ। হলঘরে দেওবালে নানা দেবদেবীর, অবতারদের, ও ক্র্শবিদ্ধ যীশুর ছবি টালানো ছিল। ঠাকুর-ঘরে ধুনো দিয়ে সেগুলির সন্মুবে শনী মহারাজ সন্ধ্যার সময় একহাতে ধুনচিতে

ধুনো জেলে ও অপর হাতে একটি আলো নিয়ে 'জয় গুরুদেব, জয় গুরুদেব, এই জিলেব, এই জিলেব, এই জিলেব, বল ধুনো দেপিয়ে ফিরতেন। তল্যারের একধারে একটি কাঠের তক্তাপোশের উপর পানিকটায় সংস্কৃত, বাঙ্গলা ও কিছু ইংরেজী বই উপর উপর সারি করে রাথা ছিল। বাকীটায় বাঁয়াতবলা, মৃদঙ্গ, থোল, করতাল থাকত। কাছের দেওয়ালে পেরেকে টাঙ্গানো তানপুরা। হলঘরই সাধুদের শয়নঘর ছিল, দর্শক ও ভক্তেরা এলে বসে কথাবার্তা হত, পরস্ক উহা সব কাজেই ব্যবহার হত। বিছানার মধ্যে মাত্র ও একটি করে ছোট বালিশ, এক এক জনের সারি সারি পাতা থাকত। আগস্কুকদের জন্ম বা অন্মত্র বিছাবার জন্ম ত্রচারখানি মাত্র ছিল, বা তাঁরা মেঝেতেই বসতেন।

"ঠাকুরঘরে মাঝখানে ঠাকুরের বিছানা—ভূমির উপর মাত্র, গদি, বালিশ, ठामत मिरम कता छिल ७ ठाकूरतत करते। छिल। विछानात भामरमर्ग ठाकूरतत অন্থির তামকোটা ও পাত্রকা চৌকিতে রাথা ছিল। কোষাকুষি ও তামকুণ্ডের সামনে বদে শশী মহারাজ নিত্য পূজাদি করতেন। শশী মহারাজের সন্ধ্যায় আরতি করা একটা অপূর্ব ব্যাপার ও দেথবার জিনিস ছিল। যথন তিনি ধৃপ ধুনা, থোল করতাল বাত্তের মধ্যে আরতির শেষ ভাগে চামর ব্যন্তন করতে করতে ভাবে উন্মন্ত হয়ে 'জয় গুরুদেব, শ্রীগুরুদেব' বলে ভীষণ হুস্কার দিয়ে তালে তালে উদাম নৃত্য করে একদিক থেকে অক্তদিক পর্যন্ত নেচে নেচে ঘুরে ফিরতেন তথন সকলের মধ্যে কি এক অপুর্ব ভক্তিভাবের আবেশ হত তা কথায় প্রকাশ করা যায় না। সমস্ত বাড়ীটি মনে হত যেন কাঁপছে। ... দর্শকরা পাশে ঠাকুরের ভাঁড়ার ঘর হতে তাঁর সঙ্গে সমন্বরে 'ব্নয় গুরুদেব, শ্রীগুরুদেব' উচ্চারণ করতে করতে আবেগে নৃত্য করতেন। পরে সকলে ভূমির্চ প্রণাম করে 'গুরুগীতা' হতে 'অজ্ঞান-তিমিরাদ্বস্ত জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষ্কুমীলিতং যেন তলৈ এগুরবে নম:।' ইত্যাদি কয়েকটি শ্লোক ও শেষে পূজনীয় স্বামী অভেদানলজী বিরচিত একটি স্তবের শেষ অংশ 'নিরঞ্জনং নিতামনম্ভর্নপং ভক্তামুকম্পাধৃত বিগ্রহং বৈ। ঈশাবতারং প্রমেশমীডাং তং রামকৃষ্ণং শিরদ। নমাম:'--- স্বাবৃত্তি করতেন ও 'জয় শ্রীগুরুমহারাজজীকী জয়' বলে শেষ করতেন। প্রথম প্রথম ৺কাশীর বিশ্বনাথের আরতির 'ভজ শিব ওঙ্কার' ইত্যাদি স্তবটি সকলে স্থর করে খোলকরতাল সহকারে গাইতেন, চামর ব্যঞ্জনের সময় থেকে 'জন্ম গুরুদেব, প্রীগুরুদেব' বলে মাতামাতি হত।"

'কথামতে'ও আমরা অহরূপ আর একটি বর্ণনা পাই; কিন্তু পুনরারুত্তির পরিবর্তে আমরা উহা হইতে শুধু নৃতন অংশগুলি উদ্ধৃত করিব। "মঠের ভাইরা আপনাদের দানা দৈত্য বলিতেন। যাঁরা নির্জনে ধ্যানধারণা ও পাঠাদি করিতেন, স্বদক্ষিণের ঘরটিতে তাঁহারাই থাকিতেন। দ্বার রুদ্ধ করিয়া কালী ঐ ঘরে অধিকাংশ সময় থাকিতেন বলিয়া মঠের ভাইরা বলিতেন 'কালী তপস্বীর ঘর'। কালী তপন্থীর ঘরের উত্তরেই ঠাকুরঘর, তাহার উত্তরে ঠাকুরদের নৈবেতের ঘর। ঐ ঘরে দাঁডাইয়া আরতি দেখা ঘাইত ও ভক্তেরা আসিয়া ঠাকুর প্রণাম করিতেন। নৈবেত্যের ঘরের উত্তরে দানাদের ঘর। ... দানাদের ঘরের উত্তরে একটি ছোট ঘর—ভাইরা পানের ঘর বলিতেন। এথানে ভক্তেরা আহার क्तिर्णन। मानारम्त्र घरत्र भूर्वरकार्य मानान। छेरम्य इटेरन এই मानारन খাওয়া-দাওয়া হইত। দালানের ঠিক উত্তরে রামাঘর। ঠাকুর-ঘরের ও কালী তপস্বীর ঘরের পূর্বে বারান্দা। বারান্দার দক্ষিণে পশ্চিমকোণে বরাহনগরের একটি সমিতির লাইত্রেরী ঘর। এ সমস্ত ঘর দোতালার উপর। কালী তপস্থীর ঘর ও সমিতির লাইত্রেরী ঘরের মাঝগানে একতলা হইতে দোতলা উঠিবার সিঁড়ি। ভক্তদের আহাবের ঘরের উত্তরদিকে দোতলার ছাদে উঠিবার সিঁডি। নরেন্দ্রাদি মঠের ভাইরা ঐ সিঁডি দিয়া সন্ধ্যার সময় মাঝে মাঝে ছাদে উঠিতেন। দেখানে উপবেশন করিয়া তাঁহারা ঈশ্বর সম্বন্ধে নানা বিষয়ে কথা কহিতেন। কথনও ঠাকুর শ্রীরামক্লফের কথা, কথনও বা শঙ্করাচার্ফের, রামাস্থভের বা যীভথুটের কথা; ক্থনত বা হিন্দুদর্শনের কথা; কথনত বা ইউরোপীয় দর্শনশান্ত্রের কথা, বেদ, পুরাণ, তদ্তের কথা।" (২, পরিশিষ্ট)।

দানাদের ঘরই ছিল তাঁহাদের সাধন-ভজন ও আলাপ-আলোচনাদির প্রধান কেন্দ্র। এখানে নরেন্দ্রনাথের দেবত্লভ কঠে সঙ্গীত শুনিয়া অপরেরা মৃশ্ব হইতেন, ভাবে বিভোর হইতেন। হরিনাম-কীর্তনাদিও এখানে হইত। আবার সঙ্গীত-শিক্ষা, শাস্ত্রপাঠ, ভক্তদের সহিত সদালাপ ইত্যাদিতেও ঐ গৃহথানি মৃথর থাকিত। আর এই সর্বকার্যের মধ্যমণি ছিলেন স্বয়ং নরেন্দ্রনাথ। স্থশর ফ্গঠিত তাঁহার সম্য়ত ও সবল শরীর, উজ্জ্বল তাঁহার দেহকান্থি, প্রশন্ত ললাটে প্রতিভার চিহ্ন, প্রশাস্ত বদনে বীরত্ব ও দৃঢ়সঙ্কল্প অন্ধিত, আয়ত নয়নম্বমে অপূর্ব মোহিনী শক্তি, চলন-বলনে একটা স্বাচ্ছেন্য ও আস্ববিশাস পরিক্ট, অথচ বেশভ্রায় বৈরাগ্যের স্থশাস্ট ছাপ, এবং আচার-ব্যবহারে অকপটতা, সৌহার্দ্য ও অপরের প্রতি শ্রদ্ধা চিরপ্রকটিত; চিস্তায় তাঁহার অভ্ত সাহস, গান্তীর্য ও ভূয়েদর্শনের সমাবেশ, কার্যে মহাবীরসদৃশ ক্লান্তিহীনতা ও গুরুভক্তি। সমস্ত মিলিয়া এই নবীন যুবককে স্বতই ঈশ্বর-নির্দিষ্ট নেতা বলিয়া মনে হইত এবং কেহ না বলিয়া দিলেও তাঁহাকে চিনিতে বিলম্ব হইত না। বলা বাহলা, ঠাকুরের নির্দেশ অন্তসারে, নরেক্রের প্রতি অগাধ ভালবাসার ফলে এবং নরেক্রের বাক্তিত্বের প্রভাবে যুবক ভক্তগণ তাঁহাকে নির্বিচারে ও অবিসংঘাদিতরূপে অগ্রাসন ছাড়িয়া দিয়াছিলেন। শ্রীমংস্বামী অভেদানন্দ লিথিয়াছেন, "আমাদের সকলেরই মনে ছিল, মহাসমাধির পূর্বে একদিন রাত্রে শ্রীশ্রীঠাকুর নরেক্রনাথকে কাছে ডাকিয়া বলিয়াছিলেন, 'তুই ছেলেদের একত্রে রাথিয়া দেখাশোনা করিস।' আমরা ঠাকুরের সেই নির্দেশ শ্বরণ করাইয়া নরেক্রনাথকেই সকলের প্রধান করিয়া তাঁহার নির্দেশ অন্তসারে চলিতাম এবং মঠে নিয়মিতভাবে ধ্যান-ধারণা, পূজাপাঠ, কীর্তনাদি করিয়া দিন অতিবাহিত করিতাম। প্রকৃতপক্ষে নরেক্রনাথই ছিল আমাদের সকল সময়ের আশা-ভরসা, স্থ-সান্তনার স্থল।" ('আমার জীবনকথা', ১৬৭ পঃ:)।

বরাহনগর মঠের তথনও সবে প্রাথমিক অবস্থা চলিতেছে এবং ত্যাগী ভক্তদের মধ্যে সম্ভবতঃ তারক, বৃড়ো গোপাল, কালী ও শশী সেথানে স্থায়িভাবে আছেন, এমন সময়ে শ্রীযুক্ত বাব্রামের বাড়ী আঁটপুর হইতে নিমন্ত্রণ আসিল, বড়দিনে সেথানে যাইতে হইবে। প্রথমে কথা ছিল—নরেন্দ্র, বাব্রাম° প্রভৃতি ছ-চারিজ্ঞন যাইবেন; কিন্তু ক্রমে জানাজানি হইয়া বেশ একটি বড় দল জমিয়া গেল—নরেন্দ্র, বাব্রাম, শরৎ, শশী, তারক, কালী, নিরপ্তন, গঙ্গাধর ও সারদা ট্রেনে চড়িয়া সেথানে চলিলেন এবং সঙ্গে বাঁয়া-তবলা ও তানপুরা লইতে ভূলিলেন না। হাওড়া স্টেশন হইতে তারকেশ্বরগামী গাড়ীতে উঠিয়াই নরেন্দ্রনাথ গান ধরিলেন, "শিব শহর ব্যাম ব্যাম ভোলা" ইত্যাদি। এইভাবে সমন্ত পথটি গীতবাছ ও আমোদ-আহ্লাদে নিনাদিত করিয়া তাঁহারা হরিপাল স্টেশনে নামিলেন এবং সেথান হইতে আট মাইল পথ ঘোড়ার গাড়ীতে চড়িয়া সন্ধ্যার পুর্বে আঁটপুরে পৌছিলেন। তাঁহাদিগকে পাইয়া বাব্রামের মাডা

বাব্রাম তথন কলিকাতায় ছিলেন। ('আঁটপুরে ভগবান শ্রীরামকৃকদেব ও তদীয় সালোগাল'— শ্রীর্বেরাম বোব প্রকাশিত)।

৬। তথন হাওড়া ময়দান হইতে ছোট লাইন নিৰ্মিত হয় নাই। (ঐ)।

श्रीयुका माठिनिनी दिनी जानत्म जाजाशात्रा इहेतन ७ मकनदि भुत्रदेश श्रह्मभूर्वक আহার ও শয়নাদির স্থব্যবস্থা করিয়া দিলেন। জমিদার-গৃহে লোকজনের অভাব न। शांकित्व धेरात्मत जामत-यर्जन जात जिनि सरस्य ज्वामा नरतन। भन्नीत শ্যামল নির্জনতার মধ্যে এই শ্রীরামক্লফ-ভক্তপরিবারে স্বচ্ছন্দে স্বাহার-বিহারের স্থযোগ পাইয়া ত্যাগী যুবকরন্দ ভগবদারাধনা ও ভগবচ্চিন্তায় প্রাণ ঢালিয়া দিলেন। শ্রীরামক্লফের ভালবাসা, উপদেশ, আদর্শ, জীবন ও তাঁহার অর্পিত দায় ইত্যাদিই তাহাদের অবিরাম আলোচনার বিষয় হইল। আর দঙ্গে দঙ্গে শাস্ত্রব্যাথ্যা, স্তব-স্তৃতি, ভন্দন-সঙ্গীত-কীর্তন ও জ্বপধ্যান তো চলিতেই থাকিল। এইরূপ একটা জমাট ভাবের আকর্ষণে তাঁহারা যেন নিজ নিজ পুথক অস্থিত্ব হারাইয়া নরেব্রুনাথের পরিচালনায় এক অথও চৈত্রস্ত্রায় পরিণত হইলেন। ইহারই মধ্যে ২৪শে ডিদেম্বর (১০ই পৌষ, শুক্রবার) এক অচিন্তনীয় ঘটনার ফলে আঁটপুর শ্রীরামক্লফ্ল-সজ্খের ইতিহাসে অবিশারণীয় হইয়া উঠিল। সন্ধার অনেক পরে বাহিরে ধুনি জালিয়া নক্ষত্রপচিত উজ্জল মুক্তাকাশের নিয়ে ত্যাগী শ্রীরামক্ষণ্থ-সম্ভানবুন্দ ধ্যানে নিমগ্ন হইলেন। ধ্যানান্তে তাঁহার। ঈশ্বালোচনায় রত আছেন এমন সময় নরেন্দ্রনাথ ক্রমে যীশুখুষ্টের ত্যাগ-তপস্থাপুত অপূর্ব জীবন-কথা প্রাণম্পর্শী ভাষায় আছোপান্ত অনর্গল বলিয়া ঘাইতে লাগিলেন। তারপর দেণ্ট-পল হইতে আরম্ভ করিয়া বিভিন্ন ত্যাগী শিয়াদের অক্লান্ত পরিশ্রম ও আত্মবিসর্জনের ফলে কিরণে খুষ্টধর্ম ও খুষ্টসম্প্রদায় প্রচারিত ও প্রসারিত হইল তাহার ইতিহাস বর্ণনা করিয়া তিনি গুরুভাতাদিগকে এক ত্যাগৈশ্র্যমণ্ডিত প্রেরণাময় নবীন রাস্ক্রো লইয়া গেলেন এবং সকলের নিকট সাগ্রহ আবেদন জানাইলেন, তাঁহারাও যেন যীশুখুষ্ট ও তদীয় শিশুবুন্দের ভায় পবিত্র জীবন গঠনপূর্বক উহা জ্বগৎ-কল্যাণে উৎসার্গিত করিতে পারেন। সে প্রাণপ্রদ বাগ্মিতার প্রভাবে গুরুত্রাতার। উঠিয়া দাঁডাইলেন ও পরস্পরের সম্মুথে ধুনির লেলিহান অগ্নিশিখাকে দাকী রাপিয়া শ্রীভগবানের পাদপদ্মে স্বীয় অটুট সঙ্কল্প জানাইলেন—ঠাহারা সংসার ত্যাগ করিবেন। সন্মুখস্থ অগ্নিশিখা তাঁহাদের ভাবোজ্জ্বল বদনোপরি প্রতিফলিত হইয়া সে আবেগময় প্রতিজ্ঞাকে ভাস্বরতর করিল, সমস্ত বায়ুমণ্ডল যেন অপূর্ব ভগবৎ-প্রেরণায় শিহরিয়া উঠিল, আর নীলাকাশ নয়ন বিক্ষারিত করিয়া সে অমুপম দৃশ্র প্রাণ ভরিষা দেখিয়া লইল। পুনর্বার সাধারণ ভূমিতে তাঁহাদের মন নামিয়া আসিলে তাঁহারা ভাবিয়া আশুর্ব হইলেন যে, সে সন্থ্যাটি ছিল যীও

থৃষ্টের 'আবির্ভাবের প্রাক্কণ'। পরবর্তী কালে সজ্ঞাসঠনে আঁটপুরের অবদানের কথা স্মরণপূর্বক পূজ্যপাদ স্বামী শিবানন্দ (তারকনাথ) বলিয়াছিলেন, "আঁটপুরেই আমাদের সজ্ঞবদ্ধ হওয়ার সঙ্কল্প দৃঢ় হল। ঠাকুর তো আমাদের সল্লাসী করে দিয়েছিলেনই—ঐ ভাব আরও পাকা হল আঁটপুরে।" এইভাবে আঁটপুরে এক সপ্তাহ কাটাইয়া তাঁহারা মঠে বা কলিকাতায় স্ব স্ব স্থানে ফিরিলেন।

নরেন্দ্রনাথের এখন প্রথম কর্তব্য হইল, আঁটপুরে গৃহীত প্রতিজ্ঞা কার্যে পরিণত করিতে সকলকে সাহায্য করা। এজন্য আর তাঁহাকে বেশী পরিশ্রম করিতে হইল না, যদিও পূর্বে অবস্থা অন্তর্মপ ছিল। অবৈতাশ্রম হইতে প্রকাশিত ইংরেজী জীবনী (পু: ১৫৭-৫৮) এবং প্রমথনাথ বস্থু রচিত বাঙ্গলা জীবনী (পৃ: ১৫৪-৫৫) হইতে আমরা জানিতে পারি, পূর্বে তিনি গুরুল্রাতাদিগকে সয়াস অবলম্বন করাইবার জন্ম কতই না যত্ন করিয়াছিলেন। নরেন্দ্র প্রথম দিকে বাডীর বৈষ্মিক ব্যাপারে অতিমাত্র ব্যক্ত ছিলেন। উহা হইতে ষেমনি তিনি একটু অব্যাহতি পাইলেন, এবং সন্ন্যাসের আদর্শ পালন বিষয়ে নিজেকে মুক্ত বোধ করিলেন, অমনি যে-সকল যুবক-ভক্ত স্বগৃহে ফিরিয়া পাঠাভ্যাদে নিরত হইয়াছিলেন, তাঁহাদিগকে বরাহনগরে লইয়া আদিবার জন্ম তাঁহাদের মনে বৈরাগ্যের তৃফান বহাইতে বন্ধপরিকর হইলেন। ঘণ্টার পর ঘণ্টা তিনি তাঁহাদের দহিত যুক্তিবিচারে রত থাকিয়া স্বীয় অভিপ্রায় দিদ্ধ করিতে চাহিতেন। নরেক্রের উদীপনাময়ী বক্তৃতায় গুরুভাইদের মনে পূর্বকথা দপ্করিয়া জলিয়া উঠিত এবং তৎকালের মতো সংসারবাসনা হীনপ্রভ হইত। কেহ কেহ নরেন্দ্রের আহ্বানে পাঠাদি ত্যাগ করিয়া বরাহনগরে যাইতেন; কিন্তু অভিভাবকের উৎপীড়নে তুই এক দিন পরেই আবার গ্রহে ফিরিতেন। নরেক্সও দমিবার পাত্র ছিলেন না। গুহে ফিরিয়া নরেন্দ্রের পুনরাগমন-ভয়ে যথন তাঁহার। ক্ষম্বারকক্ষে পাঠাভ্যাদে নিরত থাকিতেন, তথন নরেন্দ্রনাথ হঠাৎ ঝড়ের মতো উপস্থিত হইয়া গৃহদ্বারে উপযুপিরি করাঘাত করিয়া দ্বার উদ্ঘাটন করাইতেন এবং গুরুভাতাকে রাজপথে টানিয়া লইয়া গিয়া অভিভাবকের অসাক্ষাতে অগ্নিময়ী বাণীর উৎস খুলিয়া দিতেন। তিনি কথন যে কাহার বাড়ীতে উপস্থিত হইতেন, তাহার কিছুই ঠিক ছিল না। ইহা পুর্বের কথা। আঁটপুরের পরে ত্যাগাকাজ্ঞ। ত্বান্তিত হইয়া অবস্থা অন্তর্রপ ধারণ করিল। ক্রমে শশী, বাবুরাম, নিরঞ্জন, রাখাল, শরং, সার্ভ্রা ও হ্রবোধ মঠেই বাদ করিতে থাকিলেন। কয়েক মাদ

পরেই বৃন্দাবন হইতে প্রত্যাগত লাটু যোগদান করিলেন; হরিরও আসিতে বিলম্ব হইল না। শ্রীমা বংসরাস্থে বৃন্দাবন হইতে ফিরিয়া আসিলে যোগীস্কেরও মঠজীবন আরম্ভ হইল। গঙ্গাধর ১৮৮৭ খৃষ্টান্দের ফেব্রুয়ার মাসে গৃহত্যাগ করিয়া হিমালয় ও তিবত ভ্রমণে বাহির হইয়াছিলেন, স্কৃতরাং তিনি স্থায়িভাবে মঠে আসিলেন ১৮৯০ খৃষ্টান্দের মধ্যভাগে। আর সর্বশেষে অনেক পরে স্বামী বিবেকানন্দের আমেরিকা হইতে প্রত্যাবতনের পরে আসিয়াছিলেন হরিপ্রসন্ম। আর এক জনের নাম করা আবশ্রক। তিনি তুলসী। ইনি শ্রীরামকৃষ্ণকে একাধিকবার দেখিয়া থাকিলেও ঘনিষ্ঠভাবে মিশেন নাই এবং এই জন্ম নিজেকে শ্রীরামকৃষ্ণের শিশ্র না বলিয়া বরং স্বামী বিবেকানন্দের শিশ্ররূপে পরিচয় দিতেই গর্ব অক্ষত্তব করিতেন। অবশ্র শেষ বয়সে তিনি এই মত পরিবতন করিয়া শ্রীরামকৃষ্ণের শিশ্রক্রপেই আত্মপরিচয় দিতেন। যাহা হউক, এখন প্রশ্ন এই—ত্যাগী ভক্তবৃন্দ আয়ুষ্ঠানিকরূপে সন্ধ্যাস লইলেন কবে এবং কিরপে গৃ

মঠের আদিজীবনের কয়েকথানি চিত্র 'কথামৃত'কারের লেখনীমুখে অন্ধিত হইয়াছে। তাহা হইতে আমরা জানিতে পারি, অস্ততঃ ১৮৮৭ খুটান্দের ২১শে ফেব্রুয়ারি শিবচতুর্দ শী দিনে মঠের ত্যাগী যুবকর্নের পরিধানে গেরুয়া-বস্ত্র ছিল; ঐ বংসর ৮ই মে তারিখেও গেরুয়া-বস্ত্রের উল্লেখ আছে। ২১শে ফেব্রুয়ারির পূর্বের কোন বিবরণ 'কথামূতে' নাই। তবু আমরা অমুমান করিতে পারি যে, শ্রীশ্রীঠাকুরের প্রদত্ত গেরুয়া-বস্ত্র অন্ততঃ ধ্যান।দিকালে মঠবাদীরা প্রথমাবধি ব্যবহার করিতেন। অতঃপর পুজাপাদ স্বামী অভেদানন্দের 'আমার জীবনকথা' হইতে জানা যায় (১৪০ পঃ), এরামক্লফের লালাকালে তিনি একবার গয়ার নিকটবর্তী 'বরাবর' পাহাড়ে হঠযোগ শিক্ষা করিতে যান এবং ঐ অবসরে পাহাডের পাদদেশে বাসকারী জনৈক প্রমহংসের নিক্ট হইতে সন্মাসের মন্ত্রাদি निथिया जात्म । मर्कत अथमावस्थाय मरतन्त्राथ এक दिन मन्नामश्रह एव वामना वाक कैतिरा चार्डमानम के कथा श्रकांग करतन धवः नरत्रसामिरक यथाविधि বিরঞা-হোম করিয়া আহুষ্ঠানিকভাবে সন্ন্যাসগ্রহণের পরামর্শ দেন। তদম্সারে নরেন্দ্র, নিরঞ্জন, শশী, শরৎ, রাথাল, সারদা, লাটু ও কালী প্রজ্ঞলিত হোমকুতে বিরজা-হোম সম্পাদনপূর্বক সন্নাস গ্রহণ করেন। ইহা ১২৯৩ বন্ধান্দের মাঘ মাদের প্রথম দিকের (১৮৮৭ খুটান্বের, জাতুয়ারি মাদের তৃতীয় দপ্তাহের) কথা। এই বিবরণে আরও উল্লেখ আছে যে, নরেক্র ব্যতীত অপর সকলে ঐ দিনই তাঁহাদের অধুনাপ্রসিদ্ধ সন্ন্যাস-নামগুলি গ্রহণ করেন; কিন্তু নরেন্দ্রনাথের নাম হয় বিবিদিষানন্দ। দ্বিতীয় আর একটি বিবরণ আমরা পাই স্বামী শিবানন্দের একথানি পত্তে। ১৮৯০ খৃষ্টাব্বের ৪ঠা জাতুয়ারি তিনি গঙ্গাধরের প্রশ্নের উত্তরে জানাইতেছেন যে, তাঁহারা সন্ন্যাসগ্রহণপূর্বক নাম পরিবর্তন করিয়াছেন। পত্তে এইরূপ একটি তালিকা দেওয়া হইয়াছে—

নিরঞ্জন — নিরঞ্জনানন্দ স্বামী
বোরোম— বোগানন্দ স্বামী
বারুরাম— প্রেমানন্দ স্বামী
লাটু — অভুতানন্দ স্বামী
শশী— রামক্রফানন্দ স্বামী
হরিবাবু— তুরীয়ানন্দ স্বামী
তুলদী— নির্মলানন্দ স্বামী
কালী— অভেদানন্দ স্বামী
বোপাল দাদা— অবৈতানন্দ স্বামী

পত্রের নীচে লেখক তারকনাথের নিজ সহি আছে শিবানন্দ এই নামে। আশ্চর্যের বিষয়, এই তালিকায় স্বামী বিবেকানন্দের উল্লেখ নাই। আর একটি বিবরণ পাই স্বামী অথগুনন্দের 'শ্বভিকথা'য়। তাঁহার মতে সন্ন্যাসীরা মঠে অবস্থানকালে গেরুয়াবস্ত্রধারণ করিলেও বহির্গমনকালে শ্বভবস্থ পরিধান করিতেন। স্বামী শিবানন্দের পত্রেও দেখা যায় তিনি গঙ্গাধরকে সাবধান করিতেছেন, পত্রের ঠিকানায় যেন সন্ন্যাস-নাম না লিখিয়া বসেন। মনে হয় গেরুয়াবস্ত্রের স্থায় সন্ন্যাস-নামও তথন ব্যবহার করিতে বিশেষ বিদ্ন ছিল; হয়তো বঙ্গসমাজের অনভিজ্ঞতাই ইহার কারণ। সন্ন্যাসের প্রতি সামাজিক বিরোধের আভাস আমরা পরে পাইব। স্বামী অথগুনন্দ আরও উল্লেখ করিয়াছেন যে, শ্রীরামরুক্ষের দেহত্যাগের তুই বংসরের মধ্যে নরেন্দ্র, রাখাল, বাব্রাম, শরৎ, শশী, স্থবোধ, লাটু, গোপাল (দাদা), তারক ও কালী বিরজা-হোম সম্পাদনপূর্বক সন্ন্যাস গ্রহণ করেন। অবশ্র ঐকালে গঙ্গাধর তিব্বত-ভ্রমণে ব্যাপৃত ছিলেন এবং তিনি সন্ন্যাস-নামগুলিরও উল্লেখ করেন নাই। যাহা হউক, বিবরণত্রয়ের মধ্যে কঞ্চিৎ বিরোধ থাকিলেও—(স্থাচীন কালের কথা শ্বরণ করিয়া লিখিতে গেলে

এইরূপ সামান্ত অসামঞ্জন্ত ঘটা থুবই স্বাভাবিক)-কালী ও গঙ্গাধরের বিবরণম্বয় হইতে জানা যায়, নরেন্দ্রনাথ ইহারই কোন এক সময়ে পরিব্রজ্যা অবলম্বন করিয়াছিলেন। তিনি সম্ভবত: ১৮৮৭ খৃষ্টাব্দের জুন মাদের পূর্ব হইতেই স্থায়িভাবে মঠে বাদ করিতে থাকেন, কেন না তাঁহার কনিষ্ঠ ভ্রাতা ভূপেন্দ্রনাথের মতে "নরেজনাথ সংসারত্যাগ করিয়া সাধু হইলে আমাদের মাতামহী রঘুমণি দেবী ছিলেন আমাদের প্রধান ভরদাস্থল, তাঁহার সহিত আমরা ১৯০৩ খুষ্টাব্দ প্রশন্ত বাস করি।" এই বিষয়ে তাঁহাদেব মধ্যম ভ্রাতা মহেন্দ্রনাথ লিখিয়াছেন. "আমরা ১৮৮৭ খুষ্টাব্দের জুন মাদে আমাদের মাতামহীর ৭ নং রামতত্ব বহু লেনের বাড়ীতে যাইয়া বাস করিতে থাকি।" অবশ্য নরেন্দ্রনাথের সন্ন্যাস-গ্রহণই এই গৃহপরিবর্তনের কারণ ছিল না। বিশ্বনাথবাবৃব জীবনকালেই পারিবারিক কলহের ফলে তিনি ভাডা-বাডীতে চলিয়া যান সম্ভবত: সেই একই কারণে এবং সম্পত্তি লইয়া মকদ্মা চলিতে থাকায় ভূবনেশ্বী দেবী সামীর দেহত্যাগের পরও বাহিরে থাকা শ্রেয়: মনে করেন। ('বাণী ও রচনা' ৬। २৮৮ দ্রষ্টবা)। নরেন্দ্রনাথের ৪। ৭।৮৯ তারিখের পত্তে প্রকাশ, ঐ মকদমা মিটিয়াছিল ১৮৮৯ খুষ্টাব্দে এবং উহাতে দূরপরিবার সর্বস্বাস্থ হইয়াছিলেন। বরাহনগর-মঠে বাদ করিতে থাকিলেও বিশ্বনাথের জ্যেষ্ঠপুত্র ও দম্পত্তির দাবালক নালিক হিসাবে নরেন্দ্রনাথকেই হাইকোর্টে যাইয়া নকদ্দনার তদ্বির করিতে হইত। এই কার্যের স্থবিধার জন্ম, অপবের বুথা ঔংস্কা ও প্রশ্লাদি এডাইবার অভিপ্রায়ে এবং সন্নাদগ্রহণের ফলে তিনি পৈতক সম্পত্তি হইতে বঞ্চিত হইয়াছেন শত্রুদের এইরূপ যক্তি হইতে রক্ষা পাইবার উদ্দেশ্যে তাঁহার পক্ষে তথন গেরুয়া পরিধান না করা বা সন্ন্যাস-নাম ব্যবহাব না করার একটা বিশেষ যুক্তি ছিল। আরও একটা যুক্তি ছিল-দশনামি-সম্প্রদায়ভুক্ত সন্ন্যাসীদের সম্বন্ধে বঙ্গদেশের অজ্ঞতা। হয়তো বা ইংরেজ সরকারও শিক্ষিত যুবকদের এইরূপ আচরণের বিরোধী ছিলেন।

বাঙ্গলা সমাজ তথনকার দিনে শঙ্করাচার্যাসুমোদিত বৈদিক সন্ন্যাস ও অবৈত বেদাস্তমতের সহিত তেমন পরিচিত ছিল না। মহাপ্রভূ মুঠিচতত্ত্বর প্রবর্তিত খেতবস্ত্রপরিহিত বৈরাগিসম্প্রদায়কে তাহারা চিনিত। গঙ্গাসাগ্রহাত্রী বা জগন্নাথযাত্রী জটাজুট্ধারী নাগাদের অথবা সামান্ত গেরুয়াবস্তাচ্ছাদিত তুই-চারিজন সন্মাসীকে তাহারা দেখিয়াছে, চড়কের সন্মাসী ও বিরল মৃষ্টিমেয় কৌক সন্মাসীকেও তাহারা চিনিত, কিন্তু শিক্ষিত মধ্যবিত্ত পরিবারের যুবকরা দলে দলে मा-वावादक काँमाहेशा ७ मारमाविक मञ्चलजादक भारत किंगा मञ्चवद्वजाद মঠজীবন যাপন করিবে এবং গুরুপুজারপ বাহু অহুষ্ঠানমাত্র অবলম্বনে বেদাস্ত-সম্মত সাধনমার্গে অগ্রসর হইবে—ইহা এক নবীন অভিজ্ঞতা। এই ধারার পুষ্টিতে সমাজের কল্যাণ না হইয়া বরং অকল্যাণ হওয়ার আশক্ষা ছিল। স্থতরাং শ্রীরামক্ষের প্রথম মঠ জনপ্রিয় হয় নাই—ইহা আমরা সহজেই বৃঝিতে পারি। স্বামী বিরজানন্দ তাঁহার 'অতীতের স্বৃতি'তে (৩৯ পু:) লিথিয়াছেন, "পাড়ার লোকেরা তথন মঠের বিরুদ্ধে ছিল ও নানা মিছে অপবাদ রটনা করত। যথন শাধুরা গঙ্গান্ধান করতে যেতেন, ছষ্টু ছেলেরা বক দেখাত ও বলত, 'ওরে দব রাজহংস যাচেছ', আর পাাক পাাক করত।" পাড়ার লোকের সন্দেহ কত প্রবল ও কুংসিত ছিল তাহার পরিচয় একটি ঘটনায় পাওয়া যায়। স্বামী সারদানন্দের (শর্থ এর) গলার স্থর নারীজনোচিত কোমল ছিল; তিনি যথন গাহিতেন তথন দূর হইতে সহসা বামাকণ্ঠ বলিয়া ভ্রম হইত। এক রাত্রে তিনি মঠে গান ধরিয়াছেন, এমন সময় পল্লীর কেহ কেহ সিদ্ধান্ত করিয়া বসিল, মঠে নিশ্চয় নারীসমাগম হইয়াছে। এহেন ভ্রষ্টাচার হাতেনাতে প্রমাণ করিয়া ভণ্ড সাধুদিগকে সমুচিত শান্তি দিবার প্রলোভন সামলাইতে না পারিয়া জন কয়েক দেই প্রচেষ্টায় অগ্রসর হইলেন এবং বহিছবির রুদ্ধ থাকায় প্রাচীর ডিঙ্গাইয়া সঙ্গীত-সভায় অকমাৎ আবিভৃতি হইলেন। কিন্তু দেখিলেন, এতো নারী নহে, এযে পুরুষ! অতঃপর নিজেরাই জব্দ হইয়া অধোবদনে ক্রটিম্বীকার ও ক্ষমাপ্রার্থনা করিলেন। বলা বাছলা, সাধুরা বিন্দুমাত্র ক্রোধ বা বিরক্তি না দেখাইয়া ভাহাদিগকে সহাস্তে বিদায় দিলেন।

ইহার পর আমরা 'ক্থামৃত'-কারের বিবৃতি অবলম্বনে মঠের প্রাথমিক জীবন সম্বন্ধে কিঞ্চিৎ প্রত্যক্ষ পরিচয়লাভে যত্নপর হইব। ২১শে ফেব্রুয়ারির (১৮৮৭) শিবরাত্রি ব্রতের কথা পূর্বেই উল্লিখিত হইয়াছে ('ক্থামৃত', ৪, পরিশিষ্ট)। দেদিন সকাল নয়টার সময় মাস্টার মহাশয় মঠে দানাদের ঘরে উপস্থিত হইলে তাঁহাকে দেখিয়াই স্কৃষ্ঠ গায়ক তারকনাথ নরেজ্ঞের সভোরচিত গান ধরিলেন—

তাথৈয়া তাথৈয়া নাচে ভোলা, বববম্ বাজে গাল। ডিমি ডিমি ডিমি ডমক্ল বাজে, ছলিছে কপাল মাল। গরজে গকা জটামাঝে, উগরে অনল-ত্রিশ্ল রাজে। ধক্ ধক্ ধক্ মৌলিবন্ধ, জলে শশাক্ষভাল।

মাস্টার মহাশয় দেখিলেন, ঘরে উপস্থিত আছেন নরেন্দ্র, রাথাল, নিবঞ্চন, শরং, শশী, কালী, বাবুরাম, তারক, হরীশ, দিঁথীর গোপাল ও সারদা। নরেন্দ্র থেন বাড়ীর মকদ্দমায় ব্যস্ত, সেদিনও কলিকাভায় গিয়াছিলেন; সবেমাক্র মঠে ফিরিয়াছেন। এমন সময় কালী উাহাকে উংস্ক্রাভরে জিজ্ঞাসা করিলেন. "মকদ্দমার থবর কি ?" নরেন্দ্রনাথ কিন্তু জানিতেন, ইহা তাঁহার সম্পূর্ণ ব্যক্তিগত ব্যাপার এবং বাধ্য হইয়াই তাঁহাকে ইহাতে জড়াইয়া পভিতে হইয়াছে, অপর সয়্লামীদের এই ব্যাপারে না থাকাই ভাল। অভএব তিনি বিরক্তিভরে উত্তর দিলেন, "ভোদের ওসব কথায় কাজ কি ?" রাত্রে বেলতলায় চারি প্রহরে চারি বার পূজা হইল; অবসরকালে গীতাপাঠাদি ও নৃত্যগীতও হইল। পূজান্তে পরদিবস প্রভাতে গঙ্গালান করিয়া নরেন্দ্রনাথ নৃতন গৈরিকবন্ধ পরিলে দেখা গেল "বসনের সৌন্দর্যের সঙ্গে তাঁহার ম্থের ও দেহের তপস্থাসম্ভূত অপুর্ফ ফর্গীয় পবিত্র জ্যোতি মিশিয়াছে। বদনমণ্ডল তেজঃপরিপূর্ণ, আবার প্রেমায়্মরিজ—যেন অথও সচিদানন্দ-সাগরের একটি ফুট জ্ঞানভক্তি শিথাইবার জন্ম দেবদেহ ধারণ করিয়াছেন, অবতারলীলায় সহায়তার জন্ম।" তারপর ভক্তগণ পারণের জন্ম বলরামবাবুর প্রেরিত ফল-মিষ্টায়াদি গ্রহণ করিলেন।

দ্বিতীয় চিত্র পাই ২৫শে মার্চ তারিখে ('কথামৃত', ৩। পরিশিষ্ট)। মান্টার মহাশয় আসিয়া আরতি দর্শন করিলেন এবং শুবপাঠে যোগ দিলেন। "জয় শিক ওকার! ব্রহ্মাবিষ্ণু সদাশিব। হর হর মহাদেব!"—বিশ্বনাথের এই শুবটি গঙ্গাধর কাশীধাম হইতে আনিয়া দিয়াছিলেন। তিনি তথন সর্বদা মঠে যাতায়াত করিতেন। ঐদিন মান্টার মহাশয় নরেজ্রনাথের সহিত তাঁহার পূর্বজ্ঞীবন সম্বন্ধে, বিশেষত: শ্রীরামক্কফের সহিত ব্যক্তিগত সম্পর্ক বিষয়ে স্থদীর্ঘ আলোচনা করেন। এই আলোচনাট অতি গুরুত্বপূর্ণ এবং ইহা হইতে অনেক উদ্ধৃতি আমরা পূর্বেই দিয়া আসিয়াছি।

তৃতীয় চিত্রটি পাই ৭ই মে, ১৮৮৭ খৃষ্টাব্দে ('কথামৃত', ২। পরিশিষ্ট)। সেদিনও নরেন্দ্রনাথের সহিত মান্টার মহাশদ্রের পূর্বদিনেরই ন্থায় আলোচনা হয়; কিন্তু উহা বরাহনগর-মঠে না হইয়া গুরুপ্রসাদ চৌধুরী লেনে মান্টার মহাশদ্বের বাড়ীর নীচ তলায় হইয়াছিল। একটু পরেই সাতকড়িবারু গাড়ী করিয়া

দেখানে উপস্থিত হইলেন। তিনি নরেক্রনাথের সমবয়য়, আফিসে কাজ করেন, বাড়ী বরাহনগরে এবং মঠবাদীদিগকে বড় ভালবাদেন। নরেক্র ও মান্টার মহাশয় সেই গাড়ীতেই উঠিয়া বরাহনগর-মঠে চলিলেন। নরেক্র তখন মঠের নেতা। মঠে ফিরিয়া খবর পাইলেন, তাহার অহুপদ্থিতির স্থযোগে সারদা কোথায় চলিয়া গিয়াছেন। শুনিয়া নরেক্র অতি বিত্রতভাবে মান্টার মহাশয়কে বলিলেন, "দেখুন আমার বিষম মৃশকিল। এখানেও এক মায়ার সংসারে পড়েছি। আবার ছোড়াটা কোথায় গেল!" রাখাল দক্ষিণেশরে কালীবাড়ীতে গিয়াছিলেন। তিনি ফিরিয়া আদিলে নরেক্রনাথ জানিতে পারিলেন, সারদা এক পত্র রাথিয়া গিয়াছেন, তাহার মর্ম এই—বাড়ীর লোকে উৎপাত করে বলিয়া এবং মনে নানা বিপরীত চিন্তা উঠে বলিয়া তিনি বৃন্দাবন যাইতেছেন। আবার ম্থেও বলিয়া গিয়াছেন—নরেক্রনাথ বাড়ীর মকদমায় জড়াইয়া পড়িয়াছেন দেখিয়া তাহারও ভয় হয়, পাছে তাহাকেও ঐভাবে বাড়ী ফিরিতে হয়। শুনিয়া নরেক্র গভাঁর হইয়া রহিলেন।

মান্টার মহাশয় সেবারে পাচ দিন মঠে ছিলেন। তখন দেখিয়াছিলেন, 'যোগবাশিষ্ঠ' প্রায়ই পড়া হইত এবং অন্তর্মপ সদালোচনাও হইত। মঠবাসীরা সকলেই গেরুয়া কাপড় পরিতেন। শশী নিতাপুদ্ধা করিতেন, সকলে গদাসান করিতেন, ঠাকুরকে পুস্পাঞ্জলি প্রদান করিতেন এবং আরতিতে যোগ দিতেন।

এদিকে একদিন পরেই সারদা ফিরিয়া আসিলেন; তিনি কোয়গরের বেশী যাইতে পারেন নাই। সেই দিনই আবার শশীর বাবা আসিয়া শশীকে বাড়ীতে লইয়া যাইবার চেটা করিলেন; তিনি গেলেন না। তারপর নরেন্দ্র কালী-তপস্বীর ঘরে বাসয়া সারদার সহিত অনেক সদালোচনা করিলেন এবং মাঝে মাঝে গান গাহিয়া, শাস্ত্রবাক্য ভানাইয়া এবং পাশ্চান্ত্য দর্শন-বিজ্ঞান হইতে যুক্তির অবতারণা করিয়া তাঁহার মনে ভগবান-লাভের আকাজ্রা দৃঢ়তর করিয়া দিলেন, বৈরাগ্য-ভাবও বিশেষভাবে উদ্বোধিত করিলেন।

সর্বশেষ চিত্রটি ৯ই মে (১৮৮৭) তারিখের ('কথামৃত, ১। পরিশিষ্ট)।
সেদিনের বিশেষ ঘটনা—রবীক্স নামক একটি ছেলে মঠে আসিলে তাহাকে
থাকিতে দেওয়া হয় এবং নরেক্স তাঁহাকে বৈরাগ্যের উপদেশ দেন; কিন্তু সে
শেষ পর্যন্ত বাড়ী ফিরিয়া যায়। অপর ঘটনা 'চৈতক্সচরিত'-পাঠ। গিরিশচক্রের
রচিত 'বুদ্ধচরিত' ও 'চৈতক্সচরিত' নৃতন আসিয়াছে এবং মঠের একজন স্বর্

করিয়া একটু ব্যক্ষভাবে 'চৈতক্সচরিত' পড়িতেছেন দেখিয়া নরেন্দ্র বইখানি কাড়িয়া লইলেন এবং বলিলেন, "এইরকম করে ভাল জিনিসটা মাটি করে ?" তিনি নিজে চৈতক্সদেবের প্রেমবিতরণের কথা পড়িয়া শুনাইলেন।

এই চিত্রাবলী হইতে আমরা প্রাথমিক মঠদ্রীবন সম্বন্ধে প্রত্যক্ষদ্রষ্টার লেখনী-প্রস্ত কিঞ্চিৎ নিথুত বিবরণ পাইলাম। এখন সাধারণভাবে ঐ কালের বিভিন্ন দিকের আলোচনায় অগ্রসর হই। প্রথমে গ্রাসাচ্ছাদনের কথাই ধরি। খ্রীযুক্ত স্থরেন্দ্র মিত্র ত্রিশ টাকা হইতে আরম্ভ করিয়া একশত টাকা পর্যন্ত মাসিক দিতেন। এতদ্বাতীত শ্রীযুক্ত বলরামবাবু, মান্টার মহাশয় প্রভৃতি কেহ কেছ কিছু সাহায্য করিতেন। কিন্তু কোন কালেই বায়ের অমুপাতে যথেষ্ট অর্থাগম হইত বলিয়া মনে হয় না। পুজাপাদ স্বামী অভেদানন্দের 'আমার জীবনকথা' হইতে জানা যায়, "তারকদাদা, আমি, লাটু, গোপালদাদা প্রভৃতি সকলে ভিক্ষায় বাহির হইয়া সামান্সভাবে যে চাউল প্রভৃতি পাইতাম তাহাই পালা করিয়া রাল্লা কবিয়া ক্ষুদ্রবৃত্তি করিতাম। ে অবশ্য আহার একবেলাই জুটিত।"(১৩০ পঃ)। ইহা ঠিক কোন কালের ঘটনা জানি না; তবে অবস্থার ইতরবিশেষ হইলেও মোটামৃটি সকলকে অতি দ্রিজাবস্থায়ই দিন কাটাইতে হইত, ইহা নি:সন্দেহ। বিশেষতঃ ১৮৯০ খৃষ্টাব্দের ১৩ই এপ্রিল বলরামবাবু ও ২৫শে মে স্থরেক্সবাবু দেহত্যাগ করিলে অবস্থা যে অতীব সম্বটজনক হইয়াছিল, ইহা নি:সন্দেহ। এমন কি. এক সময়ে মঠের বায়নির্বাহের জন্ম শশীকে শিক্ষকতাকার্য স্বীকার क्तिरा इट्डेग्नाहिल -- यनि ७ উटा स्वत्नकालकाग्री इट्डेग्नाहिल। त्मटे पूर्वभाव नित्न গিরিশবার অকাতরে দান করিয়াছিলেন। সময় হিসাবে এই তুরবন্থার ক্রমিক বিবরণ দেওয়া অসম্ভব ; আমরা জ্ঞাত ঘটনাগুলি সাধারণভাবে বলিয়া ষাইব মাত্র।

বরাহনগরের দারিন্তার বর্ণনা করিতে গিয়া স্থানী বিবেকানন্দ বহু পরে একদিন বলিয়াছিলেন, "থরচপত্তের অনটনের জন্ম কথন কথন মঠ তুলে দিতে লাঠালাঠি করতুম। শলীকে কিন্তু ঐ বিষয়ে কিছুতেই রাজী করাতে পারতুম না। শলীকে আমাদের মঠের কেন্দ্রস্বরপ বলে জানবি। এক এক দিন মঠে এমন অভাব হয়েছে যে, কিছুই নেই। ভিকা করে চাল আনা হল, ভো স্থন নেই। এক একদিন তুপু স্থনভাতই চলেছে। তবু কারও জ্রক্ষেপ নেই। জপধানের প্রবল ভোড়ে আমরা তথন সব ভাসছি। তেলাকুচো পাতা সেদ্ধ,

ম্বন-ভাত—এই মাদাবধি চলেছে। আহা সেদব কি দিনই গেছে! দে কঠোরতা দেখলে ভূত পালিয়ে যেত, মাম্বরে কথা কি ?" ('বাণী ও রচনা', ৯০২০৯)। স্বামী প্রেমানন্দও একসময়ে বলিয়াছিলেন, "একবেলা ভাত কোন দিন স্কৃতিত, কোন দিন স্কৃতিত না। থালা-বাদন তো কিছু নেই! বাড়ীর সংলয় বাগানে লাউগাছ, কলাগাছ ঢের ছিল। ছটো লাউপাতা কি একথানা কলাপাতা আনতে গেলে উড়ে মালী যা-তা বলে গাল দিত। শেষে মানকচ্র পাতায় ভাত ঢেলে তাই থেতে হত। তেলাকুচো পাতা দিদ্ধ আর ভাত—তা আবার মানপাতায় ঢালা! কিছু থেলেই গলা কুট কুট করত। এত যে কট্ট, জক্ষেপ ছিল না—পুন্ধা, ধাান, জপ, কীর্তন সর্বক্ষণ চলেছে।"

স্থরেন্দ্রনাথ যতদিন ছিলেন, ততদিন তিনি যে মঠের থবর রাখিতেন না, এমন কথা বলা চলে না। আদল কথা এই—ত্যাগীরা সকলেই ছিলেন ভদ্রসম্ভান: নিজের অভাবের কথা অপরকে বলা ছিল তাঁহাদের পক্ষে মহা লজ্জার কথা। আর ঠাকুরের নামে যাঁহারা গৃহত্যাগ করিয়াছেন, তাঁহারা কি এতটুকু তাঁহার উপর নির্ভর করিতে পারেন না ? ভগবান স্বয়ংই তো গীতামুথে প্রতিজ্ঞা করিয়াছেন, "যোগকেমং বহামাহম।" তবু স্থরেক্সনাথ সাধ্যমত থবর রাখিতেন এবং সাধ্যমত ব্যবস্থাও করিতেন। দূরে থাকিতেন বলিয়া সর্বদা যাতায়াত তাঁহার পক্ষে সম্ভব ছিল না ; শেষ দিকে রোগশ্যা গ্রহণ করিলে উহা অসম্ভব হইয়া পডিল। সব ভাবিয়া তিনি ছোট গোপালকে এই বলিয়া মঠে থাকিতে রাজী করাইয়াছিলেন, "আমি তোমার সংসারের সব থরচ নিজের ঘাড়ে লইলাম; তুমি মঠে থাকিয়া মঠের গৃহকর্মাদি করিবে এবং প্রত্যহ বা একদিন অন্তর আমার নিকট আসিয়া মঠের ভাইদের খবর দিবে। বিশেষ করিয়া এইটি মনে রাখিও যে, যথনই তাহাদিগের খাতাদির অভাব দেখিবে তথনই যেন তাহা আমার কর্ণগোচর হয়।" গোপাল পরমহংসদেবের সালিধালাভ করিয়াছিলেন; এবং সল্লাসগ্রহণেরও ইচ্ছা পোষণ করিতেন, কিন্ত ছুইটি **অল্লবয়স্ক ভ্রাতা ও বিধবা মাতার গ্রাসাচ্ছাদনের দায়িত্ব স্কল্পে আরোপিত থাকায়** তাহা হইয়া উঠে নাই। এখন পোয়াদের অন্তভাবে বন্দোবন্ত হইবে এবং তিনিও माधुजारत प्रवेतारमत ऋषाण भारेरवन मिथिया लाभान ऋतस्त्रवातृत श्रेष्ठारव দশত হইয়াছিলেন। মঠে যথনই অন্টন-অনাহার ঘটিত অমনি তিনি হুরেল্র-বাবুকে ধবর দিভেন এবং স্থরেক্রবাবুও তাঁহাকে তৎক্ষণাৎ প্রয়োজনীয় দ্রব্যাদি

याः चित्रश्याच्यः, मात्रश्यमः, त्रम्थामः धतः चत्रम्यस

रेकर्पत्रह

さい とぎてる とないる माउषाच्या सारा प्राप्ता कितासम्म, द्वाधककार्यसम्म, विदिक्तसम्म, , अवस्थिम, दमद्वम মজুমদাব, মতেক ওও ব্রিম, ব্রিডণভীত নন্দ, মুস্তাকী

५७७० महान ददक्षात्र घट



কিনিবার অর্থ দিতেন; সঙ্গে সঙ্গে সাবধান করিয়া দিতেন, তাঁহার নাম ধেন প্রকাণ না পায়। কারণ তিনি জানিতেন, কথাটা ছড়াইয়া পড়িলে মঠের ভাইরা তাঁহার সাহায্য লইতে সঙ্কৃচিত হইবেন। গোপাল তাই দ্রবাসম্ভার লইয়া মঠে আসিয়া সাধুদের প্রশ্নের উত্তরে বলিতেন, "ও এসব একজন ভদ্রলোক পাঠিয়ে দিলেন। আমি তো কিছুতেই নেব না, কিছু তিনি ভারী পীড়াপীড়ি করতে লাগলেন— কি করি ? কাজেই নিয়ে আসতে হল।"

আর ছিলেন সহায়ক শ্রীযুক্ত বলরাম বস্থ। তিনি একদিন অকস্মাৎ মঠে আসিয়া স্বচক্ষে সাধুদের অনাহারের চিত্র দেখিয়া এমন মর্মাহত হউলেন যে, বাডী ফিরিয়া গৃহিণীকে জানাইলেন, তিনি সেদিন ভাত ও তেলাকুচো পাতার হকো ছাড়া আর কিছু থাইবেন না। গৃহিণী ভাবিলেন, "এমনি পেটরোগালোক; হয়তো সেদিন অস্থুখ বাডিয়াছে।" কিন্তু পরে প্রকাশ পাইল, মঠের ভাইদের ত্রবস্থা দেখার পর তাঁহার আর আহারে ক্ষচি নাই। বলা বাহুলা, অতঃপর বলরামবাবু স্থবিধামত মাঝে মাঝে কিছু তরিতরকারি ও খাছাদি মঠে পাঠাইয়া দিতেন।

ঐ অভাবের দিনে তৃতীয় একজন বন্ধুর আবির্ভাব হইয়াছিল—তাঁহার নাম যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়। স্বামী বিরজ্ঞানল লিখিয়াছেন, "মঠের প্রায় গোড়া থেকেই পাড়ার যোগেন চাটুয়েয় বলে বয়োজ্যেষ্ঠ ও কিছু পৈতৃক-বিষয়সম্পন্ন এক ভদ্রলোক আসতেন। তিনি থ্ব ফুর্তিবান্ধ ছিলেন, থ্ব গল্প জ্ঞানতেন। স্বভাব বেশ উদার ছিল। থেতে ও খাওয়াতে ভালবাসতেন। লোকে বলত তিনি থেয়ে খেয়ে ফতুর হয়েছিলেন। মঠের সকলকে ভালবাসতেন। আগে যখন অনেক সময় মঠে খাবার কিছুই বড় থাকত না, জ্ঞানতে পেরে বাজ্ঞার থেকে জ্ঞানিস্ত্র নিজে কিনে এনে দিতেন। তিন । তান স্বামী পাশ্চান্ত্য দেশ থেকে ফিরলে তাঁর কাছে সন্ম্যাসদীক্ষা নিয়েছিলেন, নাম হয়েছিল—স্বামী নিত্যানন্দ।" ('অতীতের স্বৃতি', ৪১-৪২ প্র:)।

মঠের বস্তাদিও অতীব দরিদ্রোচিত ছিল—পরিধানের ব্রক্ত প্রত্যেকের কৌপীন ও একথও গেরুয়া বহির্বাস। বাহিরে ঘাইবার কালে আবশ্রক হইবে বলিয়া সকলের ক্ষন্ত একথানি সাদা কাপড় ও একথানি সাদা চাদর দেওয়ালের গায়ে টান্ধানো থাকিত; বাহার যথন প্রয়োজন হইড, তিনি উহা লইয়া ঘাইতেন। গৃহসজ্জার উপকরণের মধ্যে ছিল প্রত্যেকের ক্ষন্ত এক একথানি

চাদর-ঢাকা মাত্র, গুটিকতক জপের মালা, দেওয়ালের গায়ে থান কয়েক ঠাকুর-দেবতার ছবি ও বন্ধুদের দেওয়া প্রায় শত থানেক বাঙ্গালা, সংস্কৃত ও ইংরেজই পুত্তক। এই অবস্থা দীর্ঘকাল স্থায়ী ছিল বলিয়াই বোধ হয়, কেননা ১৮৯১ খৃষ্টান্ধ ও পরবর্তী কালের বর্ণনা দিতে গিয়া স্থামী বিরজ্ঞানন্দ লিথিয়াছেন: "মঠে অনেকেই বহুসময় কৌপীনমাত্র পরতেন, বাইরে গেলে বহির্বাস। মাদে একবার মাথা, গৌফ, দাড়ি মুগুন করতেন। সকলের য়ৎসামান্ত কাপড়-চোপড দড়ির আলনায় ঝোলানো থাকত—অন্ত কোন বাক্স ছিল না।" (এ, ৪৩ পঃ)।

তারপর সাধনের কথা। স্বামী বিবেকানন্দের উক্তি হইতেই আরম্ভ করি: "ঠাকুরের দেহ যাবার পর আমরা বরাহনগরের মঠে কত জ্বপধ্যান করতুম! তিনটার সময় সব সজাগ হতুম। শৌচাস্তে কেউ চান করে, কেউ না করে—ঠাকুরঘরে গিয়ে বসে জপধ্যানে ভূবে ষেতুম। তথন আমাদের ভেতর কি বৈরাগ্যের ভাব! ছনিয়াটা আছে কি নেই, তার হুঁশ ছিল না। শশী চব্বিশ ঘণ্টা ঠাকুরসেবা নিয়েই থাকত এবং বাড়ীর গিন্ধীর মতো ছিল। ভিক্ষা-শিক্ষা করে ঠাকুরের ভোগরাগের ও আমাদের খাওয়ানো-দাওয়ানোর যোগাড় ওই সব করত। এমন দিনও গেছে যথন সকাল থেকে বেলা চারটা পাঁচটা পর্যন্ত জ্বপধ্যান চলেছে। শশী খাবার নিয়ে অনেকক্ষণ বসে থেকে শেষে কোনরূপে টেনে হিঁচড়ে আমাদের জ্বপধ্যান থেকে তুলে দিত। আহা শশীর কি নিষ্ঠাই দেখেছি! ('বাণী ও রচনা', ৯।২০৮ পৃঃ)।

আমরা স্বামী বিবেকানন্দের জীবনী লিখিতে বিদয়াছি, অতএব প্রসঙ্গক্রমে
লপর গুরুলাতাদের কথা আসিয়া পড়িলেও তাঁহাদের সম্বন্ধ অধিক কিছু বলার
স্থান ইহা নহে। একথা অবশ্য স্থীকার্য যে, শ্রীরামকৃষ্ণ-সজ্ব-প্রতিষ্ঠার পশ্চাতে
গুরুলাতাদের সমবেত চেষ্টা তো ছিলই, প্রত্যেকের ব্যক্তিগত অবদানও ছিল ,
কিন্তু আমরা বরাহনগর মঠের সম্পূর্ণ পুঝাস্থপুঝ চিত্র না আঁকিয়া নেতার কথাই
বিশেষ করিয়া বলিতে বাধ্য। তবু সেই প্রারম্ভিক দিনগুলিতে শশীর বিষয়ে
আর একটু বলিলে মন্দ হইবে না; কারণ ইহাতে একদিকে যেমন শশীর মহয়
প্রকাশ পায়, অপরদিকে তেমনি বরাহনগরের প্রাথমিক দিনগুলি স্থম্পন্ট রূপ
ধারণ করে। সেই প্রারম্ভাবস্থায় শশীর ক্কতিত্ব অপূর্ব। আমরা দেখিয়াছি,
নরেক্রপ্ত ইহা স্বীকার করিয়াছেন। আর একবার তিনি আমেরিকা হইতে
লিখিয়াছিলেন, শশী কেমন স্থান জ্ঞাগিয়ে বসে থাকে! তাহার দূঢ়নিষ্ঠা একটা

মহাভিত্তিস্কপ।" মঠের ভাইরা যখন ভগবান লাভের আকুল আকাল্পা এদিক-দেদিক তীর্থদর্শনে বাইতেন বা দ্রদ্রাস্থরে তপস্তায় মগ্ন থাকিতেন, তথন শ্বীই মঠের ঠাকুর-পূজা ইত্যাদি লইয়া অটল অচল স্থমেকবৎ বরাহনগরে অবস্থান করিতেন। একদিনের জ্ঞাও তাঁহার বাহিরে যাইবার প্রবৃত্তি হইড না। অভাবের দিনে সন্মাসীরা ভিক্ষায় বাহির হইতেন; কোন দিন 🖦 অল্প অল লইয়া ফিরিতেন, কোন দিন বারিক্তহত্তে আদিতেন। এমনি একদিন চারিজন সাধু ফিরিয়া যথন ঠাকুরের ভোগের জন্ম কিছুই দিতে পারিলেন না, ত্থন সিদ্ধান্ত হইল, অনাহারে থাকিয়া সেদিন সারাক্ষণ ভল্লন করা চইবে। যেমন কথা, তেমনি কাজ। কিন্তু ঠাকুরের ভোগের ব্যবস্থা না করিয়া শশীর তো শান্তি নাই। তিনি অপরের অজ্ঞাতসারে এক পরিচিত প্রতিবেশীর বাডীতে গেলেন। বাটীর অপর সকলেই মঠের বিরোধী; অতএব ঐ প্রতিবেশী বন্ধ শুনার বিবরণ শুনিয়া জানালা গলাইয়া পোয়াটাক চাল, গোটা কয়েক আলু ও একট ঘত দিলেন। উহাতেই সেদিন ঠাকুরের ভোগ হইল। অবশেষে প্রসাদের কয়েকটি পিণ্ড পাকাইয়া শশী দানাদের ঘরে প্রবেশ করিলেন এবং ভঙ্গন নির্ভ মাবুদের প্রত্যেকের মূপে এক একটি পিণ্ড গুঁজিয়া দিলেন। সাধুরা খাইয়া সানন্দে জিজ্ঞাদা করিলেন, "ভাই শশী, এ অমৃত কোথায় পেলে ভাই?" তিনি ছিলেন যেন মঠের মা। সকলের স্থপবাচ্ছন্দা দেখা, সর্ববিষয়ে তন্তাবধান কবা ও সব জিনিসপত্র ঠিক ঠাক রাখা ছিল তাঁহার বেচ্ছায় স্বীকৃত কর্তব্য। আর ঠাকুরসেবার প্রতিটি অঙ্গ যাহাতে নিথুঁতভাবে সম্পন্ন হয়, সেদিকে ছিল তাহার **স্থতীক্ষ দৃষ্টি।**

অর্থাভাবে লোক রাথা সন্তব হইত না বলিয়া গৃহস্থালীব সব কাজই তাহাদিগকে স্বহন্তে করিতে হইত। ঝাঁট দেওয়া, পায়থানা সাফ করা, বাসনমাজা, জল-ভোলা—এমনকি, মাঝে মাঝে রন্ধনাদিও করিতে হইত। নরেন্ধনাথের তথন কাজের উভ্তম অফুরস্ক—সারাদিন যেন কাজই করিয়া চলিয়াছেন। ব্যঃ ব্রাক্ষমূহুর্তে উঠিয়া অপরদের জাগাইবার জন্ম গান ধরিতেন "জাগো সকলে অমৃতের অধিকারী। নয়ন মেলিয়া দেথ ককলা-নিধান পাপভাপহারী।" ইত্যাদি। তারপর বিপ্রহর পর্যন্ত দৈনিক কার্য অপধ্যান ও সংপ্রসলাদিতে কাটিয়া গেলে তৃতীয় প্রহরে শলী তাঁহাদিগকে টানিয়া আহারে ব্লাইতেন। কিঞিৎ বিশ্রামান্তে আবার সন্ধ্যা পর্যন্ত প্রক্রপ চলিবার পর সন্ধ্যায় তৃই ঘণ্টাব্যাপী

শ্রীরামকৃষ্ণারাত্রিকাদি আরম্ভ হইত এবং সকলে তাহাতে যোগ দিতেন। আরাত্রিকান্তে ছাদে বসিয়া 'সীতারাম'-নাম-গান বা অগু প্রকার ভন্ধনাদি চলিত গভীর রাত্রি পর্যন্ত। অবশ্র সকলেই যে সমভাবে সব কার্যে যোগ দিতেন, এমন বলা চলে না। একজন অধ্যয়নাদিতেই প্রায় সমস্ত সময় কাটাইতেছেন ও গৃহকর্মের অস্থবিধা হইতেছে দেখিয়া যখন সমালোচনা খ্ব ম্থর হইয়া উঠিল, তখন নরেন্দ্রনাথ একদিন বিরক্তিভরে বলিলেন, "তোদের একটা ভাই যদি ভুগু পড়াশুনা নিয়েই থাকে তো এত গাত্রদাহ কেন? নিয়ে আয় তোদের কত হাণ্ডা বাসন আছে; আমি একাই মেজে দেব।" বলার সঙ্গে সঙ্গে তিনি কাজে নামিয়া পড়িলেন এবং অভঃপর ঐ জাতীয় সমালোচনাও থামিয়া গেল।

নবেন্দ্রনাথের সঙ্গীতপ্রীতির কথা আমরা পুর্বেই বলিয়া আসিয়াছি, তাঁহাব উৎসাহ অপরেও সঞ্চারিত হইত। শরং তাঁহার নিকট সঙ্গীত শিথিতেন। কালী শিথিতেন বাছা। আর তাঁহার সঙ্গীতের ও সঙ্গতের সাথী হইতেন অপব অনেকে, বিশেষতঃ বুড়োগোপাল ও তারকনাথ। গোপালদাদা বাঁয়া-তবলা বাজাইতেন; পাথোয়াজীর অভাব মিটাইবার জন্ম কালী ওয়াদের সাহায়ে ঐ বিছা কিঞ্চিৎ আয়ত্ত করেন। মধ্যে মধ্যে ভক্তগৃহেও নরেন্দ্রের গ্রুপদগানের আসর বসিত। অভেদানক্ষী উল্লেখ করিয়াছেন—রামবার্, গিরিশবার্ ও বলরামবার্র গৃহে ঐরূপ সভায় নরেন্দ্রনাথের সহিত তিনিও উপস্থিত ছিলেন। ('আমার জীবনকথা', ১৪৩ পঃ)।

এইভাবে ভক্তদের আমন্ত্রণে মঠের বাহিরে গিয়া মাঝে মাঝে ভগবংসঙ্গীতাদি করিলেও কিংবা ভক্তগৃহে উৎসবাদিতে যোগ দিলেও তথনকার দিনে
নরেক্সনাথের জীবন ছিল প্রধানতঃ মঠকেক্সিক। দেখানে থাকিয়া আপনার
অস্তরতম প্রদেশে তুবিয়া যাওয়াই ছিল তাঁহার সেইসব দিনের সর্বপ্রথম ও প্রধান
কর্তব্য। কতদিন যে তিনি সন্ধ্যায় ধ্যানে বসিয়া প্রভাতে গাজোখান করিয়াছেন,
তাহার হিসাব কে রাথে? এই স্ফার্য একাগ্রতার ফলে তথন তাঁহার বিশাল
নয়নদ্ম সর্বদা রক্তোৎপলবৎ প্রতিভাত হইত এবং মৃথমণ্ডলে এক দিব্যভাব ও
প্রোণে অপূর্ব অস্থপম আনন্দ চিরবিরাজিত থাকিত। সমাগত ভক্তবৃন্দ ও অক্সান্ত
সাধ্রাও তাঁহার দৃষ্টান্তে অস্থাণিত হইতেন এবং শ্রীয়ামক্তক্ষের ত্যাগ-তপস্থার
কথা শ্রবণ করিয়া নিক্ষদিগকে ধিকার দিয়া বলিতেন, "ওঃ! ঠাকুরের কি
অন্তুত বৈরাগ্য ও ব্যাকুলতা ছিল। তিনি বা দেখাইয়াছেন আমরা তার এক

আনাও করিতে পারিতেছি না। হায়, হায়, আমাদের কি তুর্ভাগ্য!" আবার নরেক্রনাথ যথন দেখিতেন, কঠোর তপস্থার ফলে গুরুত্রাতাদের স্বাস্থ্য ভালিয়া গুডার সম্ভাবনা হইতেছে, তথন নেতার কর্তব্য সম্পাদনে উন্থত হইয়া বলিতেন, "তোরা কি মনে করেছিস, সকলেই রামক্রম্ব পরমহংস হবি ।" তা হয় না রে ? বামক্রম্ব পরমহংস পৃথিবীতে একটাই জন্মায়—একবারই আসে।" অন্য সময়ে বলিতেন, "তার মুথে পিঁপড়ে আর চিনির পাহাড়ের কথা শুনেছিস তো? তোরা হচ্ছিস সেই পিঁপড়ে, আর ভগবান চিনির পাহাড়। তোদের এক একটা দানা পেলেই পেট ভরে যায়; কিন্তু মনে কচ্ছিস পাহাড়টাস্থদ্ধ টেনে নিয়ে যাবি!"

দানাদের ঘর কথন কথনও জমজমাট হইত দেশ-বিদেশের নানা চিস্তাধারায়— খালোচনা, বিশ্লেষণ, গ্রহণ, বর্জন, তুলনা ইত্যাদিতে। কাণ্ট, হেগেল, স্পেন্সার ইত্যাদি দার্শনিকর্গণ, এমন কি নান্তিক, জড়বাদী ও অজ্ঞেয়বাদীরাও এই বাদামবাদ হইতে বাদ পড়িতেন না। গীতা, উপনিষদ, তন্ত্র, পুরাণ, রামায়ণ, মহাভারত, বৌদ্ধ মতবাদ, বৈষ্ণবমত, শৈবমত—ইত্যাদি বহু বিষয় এই আসবে খালোচনাপ্রসঙ্গে খাসিয়া পড়িত। বস্তুতঃ সে গৃহথানি যেন এক শিকাকেন্দ্রে ব। মহাবিদ্যালয়ে পরিণত হইয়াছিল। আর এই কেন্দ্রের মধ্যমণি ছিলেন নরেক্রনাথ। আলোচনা আরম্ভ করিতে গিয়া তিনি এমন একটা কিছুর দিকে ঝোক দেখাইতেন, যাহাতে প্রায় অপর সকলে তাঁহার প্রতিপক্ষ অবলম্বন করিতে বাধ্য হইতেন। তিনিও তর্কের অবতারণা করিয়া তাঁহাদের মত খওন করিতেন। আবার তাঁহারা যথন যুক্তি খুঁজিয়া পাইতেন না, তথন তাহাদেরই পক্ষ গ্রহণপূর্বক স্বীয় মতকে ছিন্নভিন্ন করিয়া দিতেন। যদি প্রশ্ন উঠিত ঈশ্বর আছেন কিনা, নরেন্দ্র পূর্বপক্ষ গ্রহণ করিয়া বলিতেন, ঈশ্বর নাই; উহা মনের কল্পনা মাত্র। স্থাবার তিনিই পরে প্রমাণ করিতেন, ঈশ্বরই একমাত্র শত্যবস্তু। এমনিভাবে শক্ষরের দর্শন কথনও নরেন্দ্রের পূর্বপক্ষের আঘাতে ধ্লিসাৎ হইত এবং পরমূহুর্তে তাঁহারই উত্তরপক্ষের যুক্তিবলে অটুট সৌধরূপে মাথা তুলিয়া দাঁড়াইত। সাংখ্য, যোগ, ত্থায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত— এই বড়্দর্শনেই নরেক্র অভুত পাণ্ডিত্য দেখাইতেন, এবং সঙ্গে সঙ্গে অপরের জ্ঞানভাগুার সমৃদ্ধ করিতেন। আবার হিন্দুধর্মের বিভিন্ন শাধার আচার-বিচার, পুজা-দাধনা ইত্যাদিও সে বিচারের খোরাক জোগাইত। দর্বশেষে শ্রীরামক্তফের কথা আসিয়া পড়িত। এইসব আলোচনাপ্রসক্ষে নিত্যনৃতন চিস্তাধারায় ও আধুনিক গবেষণায় প্রবেশ করিয়া নরেন্দ্রনাথ দেখাইয়া দিতেন, সমন্ত ক্ষেত্রেই ঠাকুরের জীবন ও বাণী কিরপ অভূত আলোকসম্পাত করিয়াছে। কোন দিন ভিন্ন সম্প্রদায়ের কোন কথা আদিয়া পড়িলে হয়তো উপর্পরি কয়েক দিন তাহারই আলোচনা চলিত। এইরপে 'ললিতবিস্তর' গ্রন্থখানি তয় তয় করিয় অধীত হইল। হীন্যান মহাযান সম্প্রদায়বয়ের নবপ্রকাশিত বছ গ্রন্থ সেপাঠাগারে পঠিত ও আলোচিত হইল। ভারতীয় মধ্যযুগের ধর্মনেতাদের জীবন ও বাণীর সহিত সেখানে ঘনিষ্ঠ পরিচয়লাভ ঘটিল। পরেই আবাব যীত্রপৃষ্ট তাঁহাদের চিত্ত আকর্ষণ করিলেন। সঙ্গে সঙ্গে বাইবেল, 'ঈশাকুসর্ম' প্রভৃতি গ্রন্থ তাঁহাদের আয়ত্ত হইয়া গেল। আমুষ্তিকভাবে পৃষ্টধর্মের বিভিন্ন সম্প্রদায়ের প্রবর্তক সেন্ট্ ফ্র্যান্সিম, ইয়েসিয়াম্ লায়লা প্রভৃতি সাধুদের সহিত ঘনিষ্ঠ পরিচয়লাভও হইল। নরেন্দ্রনাথ ঐকালে প্রমদাদাস বাবুকে ষেসব পত্র লিথিয়াছিলেন, তাহা হইতে জানা যায় যে, সংস্কৃতভাষা, বিশেষতঃ বৈদিক সংস্কৃত শিক্ষার প্রতিও তথন তাহাদের সবিশেষ আগ্রহ ছিল।

নবেন্দ্রনাথ কখনও বা ভারতীয় ইতিহাস বা সমাজ-ব্যবস্থার আলোচনায় মাতিয়া উঠিতেন। ভারতীয় সভ্যতার ঐক্য কোথায়, শ্রীরামচন্দ্র হইতে সম্রাট আকবর পর্যন্ত ভারতসম্ভানগণ কিভাবে ভারতীয় সংস্কৃতির পৃষ্টিসাধন করিয়াছেন ইত্যাদি বিষয়ের বিচারে তিনি দিনের পর দিন নিরত থাকিতেন। বিদেশের ইতিহাস—যথা গিবনের রোমসাম্রাজ্যের অধঃপতনের কাহিনী, কার্লাইলের ফরাসী-বিপ্লবের ইতিবৃত্ত—তাঁহার আলোচনায় একটি বিশিষ্ট স্থান পাইত। জোয়ান অব আর্ক-এর জীবনী তিনি আলোচনা করিতেন, আবার ভারতীয় বীরান্ধনা—বাঁসীর রাণী—তাঁহার নিক্ট প্রচুর সম্মান পাইতেন।

এই সময়ে বিভিন্ন ধর্মের বড় বড় পর্বগুলি সাদরে পরিপালিত চইত। ধথা বড়দিনের রাত্রে ধুনির চতুম্পার্ঘে অর্ধশায়িতাবস্থায় খুটের আবির্ভাব ও বার্তা-প্রচারের প্রসন্ধ চলিত। একদিন গুড্ফাইডে উপলক্ষে তাঁহারা সমস্ত দিবস উপবাসে কাটাইয়াছেন, এমন সময় ঘারে একজন ইউরোপীয় অভ্যাগতের কণ্ঠধনি শোনা গেল, "কে আছ, খুটের দোহাই, ঘার ধোল।" অমনি ঘার খুলিয়া সকলে তাঁহাকে ঘিরিয়া বসিলেন—এই শুভদিনে একজন খুটানের মূখে খুটের কথা শুনিবেন। কিন্তু লোকটি বলিল, সে স্থাল্ভেশন আর্মির সভ্য এবং ভাহারা ছুইটি মাত্র পর্ব পালন করে—ষীশুর ও জেনারেল বুথের জন্মদিন।

গুড্ফাইডে ইত্যাদি সম্বন্ধে সে কিছু বলিতে পারিবে না। সন্মাসীরা অবাক হুইয়া বলিলেন, "সে কি ? যেদিন আপনাদের প্রভু কুশবিদ্ধ হয়ে দেহত্যাগ কবিলেন, সেদিনের কথাও আপনি জানেন না ?" সে বেচারী অপ্রস্তুত হুইয়া জ্রুতপদে স্থানত্যাগ করিয়া চলিয়া গেল।

শ্রীযুক্ত নগেক্রনাথ গুপ্ত তাঁহার স্মৃতিকথায় এমন একটি ঘটনা লিপিবদ্ধ করিয়াছেন, যাহার স্থান কাল নির্ণয় করা স্থকটিন। হয়তো উহা এই কালেরই घटेना, এই ভাবিয়া আমরা যথাসম্ভব গুপু মহাশয়েব ইংরেজী বর্ণনামুষায়ী উহা এখানে উপস্থিত করিলাম। নরেন্দ্রনাথ তথন তাঁহার জনকয়েক গুরুত্রাতার সহিত কলিকাতার উপকণ্ঠে বাস করিয়া অধ্যয়নাদি করেন এবং স্থাবােস স্থবিদা অনুযায়ী জনকল্যাণসাধনে ব্ৰতী হন। একদিন এক বান্ধালী পুলিস কৰ্মচারী তাহাকে নিজবাটীতে দ্বিপ্রহরে আহারের জন্ম নিমন্ত্রণ করিলেন। এই ব্যক্তির সহিত পূর্বেই নরেন্দ্রনাথের বাটীর লোকদের আলাপ-পরিচয় ছিল। কর্মচারীটি ইংরেজ সরকারের গোয়েন্দা-বিভাগের স্থারিন্টেণ্ডেন্ ছিলেন। নরেক্স দেগানে যাইয়া দেখিলেন, আরও অনেকে উপস্থিত; ভদ্রলোক খুবই ব্যস্ত। ক্রমে সকলে চলিয়া গেলেও ভোজনের কোন লক্ষ্ণ দেখা গেল না; প্রত্যুত ভদ্রলোক নরেক্রের নিকট জানিতে চাহিলেন, কেন তাঁহার। ঐ আড্ডা জ্মাইয়াছেন, কারণ বাহিরে ধর্মভাব দেখাইলেও নরেন্দ্রের ঐ দলটি প্রক্নতপক্ষে সরকারের বিরুদ্ধে ষ্ডেষ্ট্রে লিপ্ত আরু নরেক্সই উহাদের দলপতি। মনে রাখিতে হইবে. ব্হিমচন্দ্রের 'আনন্দ মঠ' তথ্ন ইংরেজ সরকারকে এইরূপ মঠকেন্দ্রিক রাজন্মোহ সম্বন্ধে অবহিত করাইয়াছে। অতএব সরকারী কর্মচারীর নিকট নরেন্দ্রাদি সম্বন্ধে এই সন্দেহ অন্তত না ঠেকিলেও নরেক্স প্রথমে এই প্রশ্নের তাৎপর্য বৃঝিতেই পারিলেন না ; তিনি ভদ্রভাবে ষড়যন্ত্রাদির কথা অস্বীকার করিলেন মাত্র। কিন্ত কর্মচারী সেমব কথায় কর্ণপাত না করিয়া বলিলেন, তাঁহার নিকট অকাটা প্রমাণ খাছে; তবে নরেন্দ্র সব ৰুপা খুলিয়া বলিলে তিনি তাঁহাকে শান্তি না দিয়া রাজ্বসাক্ষী করিবেন। অমনি নরেন্দ্রনাথ ক্রোধভরে দাঁড়াইয়া উঠিলেন এবং তাঁহার সবল স্থগঠিত দেহ সমুন্নতত্ত্ব করিয়া দুপ্তকণ্ঠে বলিলেন, "মিথ্যা অছিলায় আমায় ভেকে এনে আপনি আমার ও আমার সাধীদের বিরুদ্ধে ভূয়ো অভিযোগ করছেন, এই আপনার পেশা। তবু অপমান সহু করাই আমার শিক্ষা। আমি যদি অপরাধী ও ষড়ষন্ত্রী হতুম তো কোন সাহাষ্য আসার আগেই আমি আপনার ঘাড মটকে দিলে কেউ কিছু করতে পারত না। সেসব কথা থাক; আদি আপনাকে নির্বিবাদে ছেড়ে যাছি।" সঙ্গে দক্ষে দরক্ষা খুলিয়া তিনি বিদার লইলেন। সেই ক্রুদ্ধ বীরম্তি দর্শনে জাদরেল পুলিস কর্মচারী কিংকর্তব্যবিমৃত্ হইয়া বিসিয়া রহিলেন। ('রেমিনিসেন্সেস অব স্বামী বিবেকানন্দ', ৯-১০ পঃ)।

নগেল্রবাব্র শ্বতিলিপিতে যে জনকল্যাণ-দাধনের উল্লেখ আছে, উহার দমর্থন শ্রীযুক্ত প্রমথনাথ বস্থ বিরচিত বাঙ্গালা জীবনীতেও পাওয়া যায়। তিনি লিখিয়াছেন: "সয়্যাসীদের কর্মশীলতা শুধু পঠন-পাঠন, তর্ক-আলোচনাতেই নিবদ ছিল না। আর একটি জিনিদের অঙ্গ্র এখন হইতে দেখা দিয়াছিল—দেটা হইতেছে দেবাধর্ম।…তখনও স্বামীজীর উপদেশে এই দকল সয়্যাসীরা নিজেরা না খাইয়াও ক্ৎকাতর দরিদ্র ও অভ্যাগত ব্যক্তিবর্গকে আহার করাইতেন এবং গৃহী গুরুল্লাতাদিগের পীড়া বা বিপদের সময় প্রাণপণে দেবাশুশ্রমা ও সাহায় করিতেন। তাঁহাদিগের মধ্যে কেহ কেহ এমন কি কুর্গরোগীর পর্যন্ত শুশ্রমা করিতেন না।" (১৭৫ পৃঃ)।

মঠের গুরুগন্তীর পরিবেশ ও ঐকান্তিক অধ্যাত্মসাধনার মধ্যেও প্রাণখোলা ও নির্দোষ হাস্তকৌতুকের যথেষ্ট অবকাশ ছিল। শ্রীরামক্রফ স্বয়ং ছিলেন আনন্দময় মহাপুরুষ; স্থতরাং অমৃতের সম্ভানগণ কেন অমৃতের অধিকারী হইবেন না? রঙ্গরসপ্রিয় নরেন্দ্রনাথ অন্যান্ত ক্ষেত্রের ন্যায় এথানেও ছিলেন সকলের পথপ্রদর্শক। এতদ্বাতীত তারকনাথ, ষোগীক্র এবং অপর কেহ কেহ বিচিত্র কথাবার্তা, এবং অভুত ভাবভঙ্গী ও কার্যকলাপের মাধ্যমে হাসির ফোয়ারা ছুটাইতেন। লাটু সেসকল দিনের কথা স্মরণ করিয়া ভক্তদের বলিয়াছিলেন, "হামাদের মধ্যে তারকদা ছিল ভারী আমৃদে। …কেবল লোকদের নকল করত আর বলত, 'তোদের নিয়ে একটু হাসি-ঠাটা করি বলে ভোরা রাগ করিস নি ভাই।'"

মানবজীবনের এই সকল অত্যাবশুক ও অবর্জনীয় বিভিন্ন দিকের সহিত বরাহনগর-মঠের মূলধারা—আধ্যাত্মিকতা—চিরকাল শুধু গতাহুগতিকভাবে অব্যাহত ছিল না, প্রতিদিন বাড়িয়াই চলিয়াছিল। হু:খ, দারিদ্র্য, অপমান, অত্যাচার, অনাহার, রোগযন্ত্রণা ইত্যাদি সত্ত্বেও মঠবাসীরা সেসব দিনে যে আধ্যাত্মিকতার স্রোত প্রবাহিত করিয়াছিলেন, তাহা শতশত বংসর নির্বিবাদে বছ সহত্র জীবনকে ফুলফলায়িত করিবে—ইহা স্থনিশ্চিত। তাহাদের সে

কুচ্ছতাও রামকৃষ্ণ-সজ্যের ইতিহাদে স্বর্ণাক্ষরে মৃদ্রিত থাকিবে। কি উৎসাহ ও উল্লমের দিনই না ছিল সেগুলি। আর তথাকার চিন্তা ছিল কতই না উদার ও সর্বতোমুখী! সব দেখিয়া শুনিয়া মনে হয়, ঠাকুরের ভাবরাশি সমাজের বিস্তৃতত্ব ক্ষেত্রে মূর্তিপরিগ্রহের পূর্বে যে পরিবেশমধ্যে ঐকান্থিকভাবে লালিড-পালিত হওয়ার প্রয়োজন ছিল, নরেন্দ্রনাথের নেতৃত্বে ভাহা বরাহনগরমঠে পূর্ণমাত্রায় স্ষ্ট হইয়াছিল। ঠাকুরের প্রত্যেকটি সম্ভান সেধানে সমবেত প্রচেষ্টা ও নিজস্ব উভ্তমের ফলে প্রীশ্রীচাকুরের সর্বজনীন ভাবাবলম্বনে অথচ নিজস্ব ব্যক্তিত্বের ভিত্তিতে ভাবী বিরাট কার্যের জন্ম প্রস্তুত হইতেছিলেন। সে প্রস্তৃতির মধ্যে একটা সাবিক উত্তম স্থপরিফুট ছিল—আধ্যাত্মিক, মানসিক, বৌদ্ধিক সর্বপ্রকার উন্নতির প্রতিই তাঁহাদের দৃষ্টি ছিল। পারিপাখিক অবস্থা অবশ্য সর্ববিষয়ে অফুকুল ছিল না; এই ক্রটি তাঁহারা কট্টসহিফুতা ও যত্নাদিক্যের দারা পুরণ করিতে চাহিয়াছিলেন – যদিও ইহার ফলে অনেকেরই স্বাস্থ্যভঙ্গ रहेशाहिन এবং काराटक काराटक अञ्चत्राटमरे त्मरुगांगंध कतिए रहेशाहिन। কিন্তু দেসৰ পরের কথা। মঠজীবনের প্রথমাবস্থায় এই গভীরতার দঙ্গে ছিল সমগ্র বিষের জন্ম সামৃহিক চিন্তা। শ্রীরামক্ষের ভাব ও সাধনা যেমন ছিল দিগন্ত-প্রসারী, ইহাদেরও প্রস্তুতির ক্ষেত্র ছিল তেমনি স্থবিশাল—প্রাচ্য ও পাশ্চান্ত্য সর্বদেশের চিন্তাজগতে পরিব্যাপ্ত। তাঁহারা যেন তথনই বুঝিতে পারিয়াছিলেন, শ্রীরামক্বফের আগমন শুধু ভারতের জন্ম নহে, পরস্ক বিশ্বমানবের জন্ম।

উত্তর ভারত পর্যটন

ষামী অভেদানন্দের মতে ১৮৮৭ খুটাব্দের জান্ন্যারি মাসে নরেক্সনাথ সন্ন্যাসাবলম্বনপূর্বক স্বামী বিবিদিষানন্দ নাম গ্রহণ করিয়াছিলেন। তবে আফুটানিকভাবে নাম পরিবর্তন হইলেও নৃতন নাম তথন ব্যাপকভাবে ব্যবহৃত হইয়াছিল বলিয়া কোন প্রমাণ নাই। আমরা বরং জানি য়ে, পরিব্রাজকরণে ভারত-পরিভ্রমণকালে তিনি আত্মপরিচয় গোপন রাখিবার জন্ম বিভিন্ন নামের আশ্রম লইতেন এবং ইহাও জানা যায় য়ে, কিছুদিন বিবিদিষানন্দ নামটি ব্যবহারের পর উহা বর্জনপূর্বক স্বামী সচ্চিদানন্দ নাম গ্রহণ করেন; সর্বশেষে আমেরিকা গমনের প্রাক্রণালে তাঁহার নাম হয় স্বামী বিবেকানন্দ, এবং এই নামেই তিনি জগছরেণ্য হন। বন্ধুবাদ্ধর ও অফুগতরা কিন্তু তাঁহাকে স্বামীজী বলিয়া ডাকিতেন। আমরাও অতঃপর তাঁহাকে স্বামীজী, স্বামী বিবেকানন্দ বা ভার্ম বিবেকানন্দ নামে উল্লেখ করিব। তাঁহার গুরুভাতারাও এখন সন্ধ্যাসী। অতএব অতঃপর তাঁহাদেরও সন্ধ্যাস নামই ব্যবহার করিব।

ভাগনী নিবেদিতার মতে গুরু, গাঁতা ও গঙ্গা—অথবা শ্রীরামরুঞ্চ, হিন্দুশাস্ত্র ও পুণাভূমি ভারত—এই ত্রিধারার সন্মিলনে স্বামীজীর ব্যক্তিত্ব সংগঠিত হইয়াছিল। দক্ষিণেশ্বরে ও কাশীপুরে তিনি শ্রীরামরুঞ্চের পাদমূলে বসিয়া অধ্যাত্ম রাজ্যের প্রেরণা ও অমুভূতি-সম্পদ লাভ করিয়াছিলেন। স্বীয় জীবনে যে পথামুসরণে তাঁহার আত্মসাক্ষাৎকার ঘটিয়াছিল, তাহার সমর্থন ও সাক্ষ্য এবং তাহার পক্ষ-প্রতিপক্ষাদিবিষয়ক প্রত্যক্ষ পরিচয় তিনি পাইয়াছিলেন অতীত যুগের মুনি ঋষি ও পুর্বস্থরিদিগের দ্বারা প্রচারিত শাস্ত্রগ্রেছ। আর অধ্যাত্মবিষয়ে মননের সহায়করপে তিনি লাভ করিয়াছিলেন শুরুলাতা, বরুবাদ্ধব ও অতিথি-অভ্যাগতদিগকে। অতঃপর গুরুমুধে শ্রুত ও শাস্ত্রে লব্ধ তথ্যসমূহের চাক্ষ্য রূপায়ণ তিনি দেখিয়াছিলেন জন্মভূমি ভারতের বান্তব জীবনে—তীর্থবাত্রাকালে মঠ-মন্দির আশ্রমে, সাধু ও পণ্ডিতবর্গের সহিত আলোচনাপ্রসঙ্গে, অগণিত জনসাধারণের দৈনন্দিন কার্যকলাপ ও আলাপ-ব্যবহারের মাধ্যমে। স্বামীজীর প্রথম সন্মাদী শিক্ষ স্বামী সদানন্দ প্রশ্ববিদ্যাহলের কথা উল্লেখ করিয়া বলিয়াছিলেন,

১ স্বামী নির্মলানন্দ প্রথমে এই দাবি করিতেন, পরে প্রকারান্তরে অস্বীকারও করিতেন।

"সেসব কি শুলজারের দিনই গিয়াছে, এক মিনিট হাঁফ ছাড়িবার জো ছিল না, দিনরাত বাইরের লোক স্থাসা-যাওয়া করিতেছে। পণ্ডিতেরা স্থাসায়ছেন— ঘোর তর্ক-বিতর্ক চলিয়াছে; কিন্তু স্থামীজী এক মৃহুর্ভও তাহাতে কাতরতা, বিরক্তি বা প্রদাসীল্য প্রকাশ করিতেন না। কি স্থাগাত্মিক বিল্ঞা, কি সাধারণ বিল্ঞা—তিনি সর্বদা সকল বিষয় স্থালোচনার জল্য প্রস্তুত থাকিতেন। বড় বড় পণ্ডিত ও বিদ্বান ব্যক্তির স্থাগমন হইয়াছে—তাঁহারা সন্ন্যাসীদের সহিত ধর্ম বা দর্শনাদি বিষয়ে স্থালোচনা করিতেছেন, প্রকাণ্ড প্রকাণ্ড সংস্কৃত বচন ও শ্লোকাদি উদ্ধৃত করিয়া গোঁড়ামির ভিত্তি পাকা করিবার চেটা করিতেছেন, এমনি সময়ে স্থামীজী প্রবল যুক্তির স্বতারণা করিয়া তাঁহাদের মতসমূহ ছিন্ন ভিন্ন করিয়া দিতেন। তিনি দেখাইতেন যে, সংস্কৃতবিল্ঞা বা শাস্ত্রের মূলসকল এ দেশীয় লোকের শিক্ষালীক্ষা ও জীবনের উন্নতি ও স্থাবনতির সহিত ঘনিষ্ঠভাবে সম্পন্ধ। দেশকে উপেক্ষা করিয়া দেশবাসীর প্রাণের নিকট হইতে বিযুক্ত বা বিচ্ছিন্ন করিয়া শাস্ত্রকে দেখিলে শাস্ত্রের প্রকৃত মর্মবোধ হওয়া হু:সাধ্য। শাস্ত্র কতকগুলি মনগড়া কান্ধনিক নিয়ম মাত্র নহে; কিন্তু জ্বাতির গঠন ও পরিপ্রাইই তাহার মুখ্যতম উদ্দেশ্য।

"আবার যখন খৃষ্টীয়ান পাদরী আসিয়া হিন্দুধর্মের অসারত্ব প্রতিপাদন মানসে তর্ক জুড়িতেন, তথন তাহাদের উৎপাত নিবারণের জক্তও তাঁহাকে তর্কযুদ্ধে প্রবৃত্ত হইতে হইত। কিন্তু সে ক্রধার বৃদ্ধির নিকট উহারা অগ্রসর হইতে পারিবে কিরুপে? তাহাদের সকল বিততা থণ্ড থণ্ড হইয়া কোথায় ভাসিয়া যাইত। অবশেষে যখন ভাহারা তর্কে বিধ্বন্ত হইয়া পরাজয় স্বীকারের উপক্রম করিত, তথন আবার স্বামীক্রী তাহাদের দিকে ফিরিয়া দাঁড়াইতেন এবং তাঁহার স্বভাবসিদ্ধ প্রাঞ্জল ভাষায় খুই-হুদ্যের অন্তত প্রেমের অপূর্ব ব্যাখ্যা করিতেন।"

খদেশকে শাস্ত্রের রূপায়ণ-ক্ষেত্ররূপে উল্লেখ করিয়া স্বামী সদানন্দ ভগিনী নিবেদিতার কথিত তৃতীয় উপাদানের গুরুত্ব-বিষয়েই আমাদের দৃষ্টি আকর্ষণ করিলেন। গঙ্গা বলিতে নিবেদিতা স্বামীজীর স্বদেশ পুণ্যভূমি ভারতকেই ব্রিয়াছিলেন; আর স্বামীজীর দৃষ্টিতেও পুতসলিলা জাহুবীর দানস্বরূপ প্রাপ্ত স্কল স্কল স্বদেশ ছিল ভাগীর্থীরই স্থায় পবিত্র মৃক্তিক্ষেত্র অথবা বিরাট মহামায়ারই কায়াবিশেষ—গলারই মতো জাগ্রতা দেবতা। গুরু ও শাস্ত্রের পর তাহার বিশেষ দৃষ্টি এখন ভারতেরই দিকে আরুই হইল। আমরা বলিতে চাহি

না যে, পূর্বে তিনি কথনও ভারতের কথা ভাবেন নাই। প্রকৃতপক্ষে তাঁহার জীবনে এই ত্রিধারা সদ্মিলিতভাবে সদা প্রবাহিত থাকিলেও ঐতিহাসিক ক্রমবিশ্লেষের দিক হইতে দেখিতে গেলে মনে হয় সময়বিশেষে এক একটি ধারা প্রবলতা লাভ করিয়াছিল। শ্রীরামকৃষ্ণ স্বয়ং চাহিয়াছিলেন, ভাব্জগৎ ও মর্তাজগৎকে হই অতিবিচ্ছিয় দৃষ্টিমধ্যে সীমায়িত না রাখিয়া ঐ দৃষ্টিদ্বয়ের মধ্যে সময়য় স্ত্রে দেখাইতে—অতীক্রিয় অফভ্তিকে ধ্লিসাৎ করিয়া নহে, প্রত্যুত য়ে ঈশ্রর সাধারণতঃ জগদতীতরূপে প্রতিভাত হন, তাঁহাকে নিখিল বিশ্রের আধার ও সর্বায়্ত্যতরূপে অভ্তব করিয়া। এইজগ্রই তিনি নরেক্রকে নির্বিক্র সমাধিতে ড্বিয়া থাকিতে দেন নাই, এইজগ্রই নরেক্র শক্তি স্বীকার করিয়াছেন দেখিয়া তিনি আনন্দে উৎজ্ল হইয়াছিলেন, এইজগ্রই তিনি সকলকে উপদেশ দিয়াছিলেন—চোধ বুজলে তিনি আছেন, চোথ চাইলে কি নাই ? অতএব এখন বিধিনির্দেশেই স্বামীজীর ভারত প্রতিন আরম্ভ হইল।

পর্যটনস্পৃহা ভারতের পরিব্রাজকদের মজ্জাগত। কথায় বলে—"রমতা সাধু বহতা পানি"—সাধু যদি প্রবহমানা নদীর মতো অবিরাম চলিতে থাকেন, তবে শ্রোতশ্বতীতে যেমন ময়লা জমে না, সাধুর জীবনও তেমনি নিম্কল্ক থাকে। ষ্মার বিভিন্ন তীর্থে ভগবান কত বিবিধভাবে বিরাঞ্চিত থাকিয়া ভক্তের পুক্তা গ্রহণ করিতেছেন এবং নির্বিচারে কুপা বিতরণ করিতেছেন, তাহা দেখিতে কোন ব্যক্তির না হৃদয়ে উৎসাহ জাগে ? বিশেষত: যাহারা ভগবান লাভের জ্ঞা গৃহ ত্যাপ করিয়াছেন, তাঁহারা যে তাঁহাকে সমন্ত সম্ভব স্থলে খুঁজিয়া বেড়াইবেন, ইহা তো অতি স্বাভাবিক। নবপ্রতিষ্ঠিত বরাহনগর মঠের সাধুদের জীবনেও এই নিয়মের ব্যতিক্রম হয় নাই। মঠপ্রতিষ্ঠার পর হইতেই কেহ না কেহ প্রায়ই বাহিরে যাইতেন, কথন কখনও স্বামী রামক্ষণানন্দ (শনী) এবং স্মারও ছই-একজন ছাড়া মঠ শূল্যপ্রায় হইয়া যাইত। কেহ যাইতেন স্মন্ন কালের জন্ম, কেহ যাইতেন স্থদীর্ঘ তীর্থযাত্রা ও তপস্তায়। এদিকে স্বামীজী চাহিতেন, তাঁহার গুরুস্রাতারা সঙ্ঘবদ্ধ হইয়া থাকুন এবং শ্রীরামক্কক্ষের ভাবে গড়িয়া উঠুন। সেই প্রথমবারে যথন স্বামী ত্রিগুণাতীত (সারদাপ্রসন্ধ) পদত্রকে বৃন্দাবনের উদ্দেশে বাহির হইয়া কোল্লগর হইতে ফিরিয়া আদেন, তথন কথাচ্ছলে স্বামী ব্রন্ধানন্দ (রাখাল) ষেই বলিলেন, "আমি নিজেও মনে কচ্ছি একবার তীর্থ स्मार (वकरता", अमिन शामीकी छर्मना कतिरामन, "हा, छा शास्त वह कि!

ঐ রকম ভবস্বের মতো বেড়ালেই ভগবান সশরীরে দেখা দেবেন আর কি!"
অপরকেও তিনি প্রয়োজনস্থলে ঐরপ বলিতেন। কিন্তু সন্থাসীর চিরস্তন ধারা,
দৈব নির্দেশ এবং তৎকালীন পরিবেশ হইতে উদ্ভূত এই আগ্রহ প্রতিহত করা
তথন সম্ভব হয় নাই—কারণ ঐ ধারার স্থান গ্রহণ করিতে পারে এমন কোন
পরিকল্পনা তথনও রূপ পরিগ্রহ করে নাই। বিশেষতঃ এক মহাস্থদ্রের অস্পট্ট
আহ্বান স্থামীজীর নিজের হদয়-কোণকেও ক্ষণে ক্ষণে আলোডিত করিত বলিয়া
মনে হয়। কারণ, প্রথম প্রথম মঠিট ভাঙ্গিয়া যাওয়ার ভয়ে এই ভাব চাপিয়া
রাখিলেও তাঁহার কথাবার্তায় হদয়ের উচ্ছাস ফুটিয়া বাহির হইয়া অপর সন্থাসীদের
মনকেও পরিব্রাজক-জীবনের জন্ম চঞ্চল করিয়া তুলিত, অচঞ্চল থাকিতেন শুর্
স্থামী রামক্ষ্ণানন্দ (শশী)। তাঁহার সম্বন্ধে স্থামীজী নিজে বলিয়াছিলেন,
"আমি সকলের মনে আগুন জালিয়েছিল্ম, সকলকে মঠ ছাড়িয়ে ভিক্ষাবলমী
সন্থাসী করেছিল্ম, পারিনি শুর্ শশীকে। শশীকে জানবি মঠের মেকদণ্ডস্বরূপ।"

বরাহনগরের প্রথমাবস্থায়, অর্থাৎ ১৮৮৮ খুষ্টাব্দের প্রথম ভাগ পর্যন্ত স্বামীজী বড় একটা বাহিরে যাইতেন না—মঠেই থাকিতেন। তপন স্বাস্থ্য উদ্ধারাদির জন্ত অল্প কয়েক দিন হুই-তিনটি জায়গায় মুরিয়া আসিয়াছিলেন মাত্র। ১৮৮৭ थृष्टोत्मत প্রারম্ভে তিনি জ্বর-বিকারে ভূগিয়াছিলেন এবং রোগমুক্ত হইয়া বৈশ্বনাথ ও শিমূলতলায় বার কয়েক গিয়াছিলেন। তাঁহার পত্রাবলী হইতে काना यात्र ১৮৮৮ थुष्टात्कत व्यागर्क मात्म जिनि व्यत्याधा इटेबा वृत्मावतन গিয়াছিলেন। ঐ স্তত্তে আরও জানা যায়, ১৮৮৯ খুষ্টাব্দে তিনি কামারপুকুরে গিয়াছিলেন। এইসব কথা আমরা পরে বিস্তারিত আলোচনা করিব। প্রথম প্রথম এইরূপই চলিয়াছিল, কিন্তু পরে পরিব্রাক্তকজীবনের আকর্ষণ প্রবলতর হইয়া উঠিল। প্রারম্ভাবস্থায় বাহিরে ঘাইবার পূর্বে প্রত্যেকবারই বলিয়া ষাইতেন, "এই শেষ, আর ফিরছি না।" কিন্তু প্রতিবারই কোনও না কোন কারণে অনিচ্ছাদত্ত্বেও মঠে ফিরিতে হইয়াছিল। অতঃপর ১৮৯১ খুটাব্দে जिनि त स्मीर्घ जमत् वाहित हन जाहा इटेटज कितिया जामा मध्य इटेबाहिन, ১৮৯৭ খুটানে, অর্থাৎ ছয় বৎসর পরে। তন্মধ্যে ১৮৮৭ হইতে ১৮৯৩ খুটান পর্যন্ত ভারতভ্রমণের বৃত্তান্ত সম্পূর্ণ জ্ঞাত নহে। ঐ সময়ে কড ঘটনা ঘটিয়াছে, বাহা অপরে জানে না অথবা এমন কত আধ্যাত্মিক অমুভূতি হইয়াছে, বাহা খামীজী ব্যতীত আর কাহারও জানার সম্ভাবনা ছিল না। তবে অনেক ক্ষেত্রেই তাঁহার দহিত তাঁহার কোনও গুরুলাতা বা শিশ্ব থাকিতেন বলিয়া আমরা কিছু কিছু জানিতে পারি। ঐ কালমধ্যে স্বামী রামরুফানন্দ ও স্বামী অঙ্তানন্দ (লাটু) ব্যতীত অপর গুরুলাতাদের সকলেরই সহিত তাঁহার মিলন ঘটিয়াছিল এবং ইহাদের জীবনী ও বাণীতে ও প্রাবলী ইত্যাদিতে স্বামীজী সম্বন্ধে অনেক তথ্য পাওয়া যায়। বিশেষতঃ স্বামী অথগুনন্দের 'শ্বতিকথা' খ্বই ম্ল্যবান। এতথ্যতীত স্বামীজীর নিজের বক্তৃতা ও বার্তালাপে কিছু কিছু তথ্য প্রকাশিত হইয়াছে, যদিও সেগুলি অস্পষ্ট ও তাহাদের স্থানকালাদি নির্দেশ করা তৃঃসাধ্য। এই সকল অবলম্বনে পূর্ণাক্ষ না হইলেও মোটাম্টি একটা ধারাবাহিক বৃত্তান্ত উপস্থিত করা একান্ত অসম্ভব নহে।

মঠ ছাড়িয়া দূরবর্তী তীর্থ দর্শনের সঙ্কল লইয়া তিনি প্রথম গমন করেন বারাণসীধামে। তাঁহার সঙ্গে ছিলেন স্বামী প্রেমানন্দ এবং ঠাকুরের ভক্ত বলরামবাবুর পুত্র রামবাবুর গৃহশিক্ষক ও তাঁহাদেরই গুরুবংশীয় শ্রীযজ্ঞেশব ভট্টাচার্য (বা ফকির)। ৺বিশ্বনাথের ক্ষেত্রে তিনি এক সপ্তাহ বাস করিয়াছিলেন এবং পুতদলিলা স্থরধুনী, পুজা-ধ্যানাদিনিরত সহত্র নরনারী, অগণিত মন্দির এবং ৺বিশ্বনাথ, অন্নপূর্ণা ও দূর্গাদেবীর বিগ্রহ দর্শনে তাঁহার মনপ্রাণ আনন্দে ভরিয়া উঠিয়াছিল। আর এই পবিত্র ধামে ভগবান বৃদ্ধ ও শঙ্করাচার্যের কীতিকলাপ শ্বরণে তাঁহার ঐতিহাসিক চেতনা অতিশয় প্রোজ্জন হইয়াছিল। একদিন ৺তুর্গামন্দির হইতে প্রত্যাবর্তনকালে একপাল বানর তাঁহার অফুসরণ করিল। তাঁহার ভয় হইল, বানররা তাঁহার অনিষ্ট করিতে পারে; স্থতরাং তিনি দ্রুত পলাইতে লাগিলেন, কিন্তু বানররাও পিছনে त्निण्डिट नाशिन। **এমন সময় একজন বৃদ্ধ সন্ন্যাসী** ভাকিয়া বলিলেন, "থামো, জানোয়ারদের সমুখে কথিয়া দাঁড়াও।" তদমুসারে স্বামীজী নির্ভয়ে ফিরিয়া দাড়াইলেন, এবং তাঁহাকে বিগতভয় দেখিয়া বানরগুলি এক মুহুর্ত থমকিয়া **काँ**। के प्राप्त प्रमायन कतिन। প्रतर्की कीवान चारमित्रकां व्यक्तिकां প্রদানকালে ভিনি এই ঘটনার উল্লেখ করিয়া ইহার মর্মকথা শ্রোভাদিগকে বুঝাইয়া বলিতেন, "অতএব, প্রকৃতির সমূথে কবিয়া দাঁড়াও; অবিভার সমূধে

২ বাঙ্গালা জীবনীর মতে প্রভাতে মন্দিরে বাইবার কালে।

কৃথিয়া দাঁড়াও; মায়ার সমূথে কৃথিয়া দাঁড়াও! কথনও পলায়ন করিও না।" তিনি বৃদ্ধদেবের কীর্তিস্থল সারনাথ দেখিতেও গিয়াছিলেন; কিন্তু তথন ঐ স্থানের তগ্ন স্থাপ ও মঠাদি জঙ্গলাকীর্ণ ছিল।

কাশীতে তিনি শ্রীযুক্ত দারকাদাসের আশ্রমে আশ্রম পাইয়াছিলেন। ইনি যামীজীকে বঙ্গের ক্রতিসন্তান পণ্ডিত শ্রীযুক্ত ভূদেবচন্দ্র মুখোপাধ্যায়ের সহিত আলাপ করাইয়া দেন এবং স্বামীজী তাঁহার সহিত স্থুদীর্ঘ আলোচনা করেন। বিদায়ের পর ভূদেববাবু মস্তব্য করিয়াছিলেন, "আশ্চর্য বটে! এই অল্প বয়সেই এত অভিজ্ঞতা ও স্বাদৃষ্টি! আমি বলিতে পারি, ইনি ভবিয়তে নিশ্চয়ই একজন খ্যাতনামা ব্যক্তি হইবেন।" স্বামীজী স্বনামধন্ত পুজাপাদ ত্রৈলক স্বামীকেও দেখিতে গিয়াছিলেন। ইনি তথন মৌনাবলম্বনে স্বাত্মধ্যানে মগ্ন থাকিতেন। স্বামীঙ্গী তাঁহাকে প্রণাম করিয়া পদ্ধূলি গ্রহণ করিলেন। শ্রীরামক্লফ এককালে এই মহাপুরুষের সমীপে উপস্থিত হইয়া প্রশ্ন করিয়াছিলেন, জীব ও ব্রহ্মে কোন ट्रिक चारक किना ? त्योन मशाश्रुक्ष देवित् त्यादेश विश्राकितन, देवज्याध থাকিলে ভেদ আছে, নতুবা এক। অতঃপর স্বামীন্সী ভারতবিশ্রত বিদ্বান সাধু স্বামী ভাস্করানন্দকে দর্শন করিতে গেলে কথায় কথায় কাম-কাঞ্চন-জয়ের প্রসঙ্গ আসিয়া পড়িল। ভাস্করানন্দের বক্তব্য ছিল, "কোন ব্যক্তি সম্পূর্ণরূপে কাম-কাঞ্চন ত্যাগ করিতে পারে কিনা সন্দেহ।" এদিকে শ্রীরামক্লফ ছিলেন কাম-কাঞ্চন-ত্যানের মূর্ত বিগ্রহ এবং তাঁহার শিক্ষা এই বে, কামকাঞ্চনত্যাগ ব্যতীত ঈশ্বরদর্শন স্থাদ্র পরাহত ; তিনি তাঁহার ত্যাগী সম্ভানদিগকে এই সত্য নিজ জীবনে দেখাইয়াছিলেন ও অতি ষত্বসহকারে শিখাইয়াছিলেন। অতএব স্বামীজী আপত্তি জানাইয়া বলিলেন, "কি বলেন মহাশয়, সন্ন্যাসধর্মের মূল ভিত্তিই যে धरे!" ভाষরানন্দ ইহাতে বিদ্রূপের হাসি হাসিয়া বলিলেন, "তুমি ছেলেমামুর, তুমি কি জান ?" স্বামীজী তথনও দৃঢ়ম্বরে বলিলেন, "আমি নিজে এরপ ব্যক্তি দেখিয়াছি।" একদিকে স্বামীজীর প্রত্যক্ষ, অন্তদিকে ভাস্করানন্দের বহুল অভিজ্ঞতাজনিত বন্ধমূল ধারণা। এরপ বিরোধস্থলে সিদ্ধান্ত না হইয়া বিতণ্ডার উদ্ভব হয়; অতএব স্বামীজী দে স্থান পরিত্যাগ করিলেন। ইহার বহু বৎসর পরে স্বামী ভদ্ধানন্দ ও স্বামী নিরঞ্জনানন্দের সহিত ভাস্করানন্দ স্বামীর সাক্ষাৎ হইলে তিনি তাঁহাদিগকে ষ্থাক্রমে স্বামী বিবেকানন্দের শিশু ও গুরুভাতা জানিয়া বিশেষ সমাদর করেন ও স্বামীন্দীর সহিত সাক্ষাতের আগ্রহ দেখান।

কিন্ধ অস্ত্রতাবশতঃ স্বামীজীর যাওয়া সম্ভব হয় নাই; শুধু সংস্কৃতে একখানি পত্র লিথিয়া পাঠাইয়াছিলেন। ভাস্করানন্দ কোন কালেই জানিতে পারেন নাই, তাঁহার সেই পুর্বদৃষ্ট যুবকই স্বামী বিবেকানন্দ।

কাশী হইতে বরাহনগরে ফিরিয়া স্বামীন্সী অভ্যাসাহরূপ ধ্যান-ধারণা, আলাপ-আলোচনা ও শাস্ত্রপাঠাদিতে ডুবিয়া গেলেন। পার্থক্যের মধ্যে কেবল এই যে, এই তীর্থদর্শনকালে তিনি ভারতাত্মার যংকিঞ্চিং পরিচয় পাইয়াছিলেন ও বছ বিচিত্র মতবাদেরও সন্ধান পাইয়াছিলেন। তাঁহার দৃষ্টি পুর্বাপেক। প্রসারিত হওয়ায় এখন তিনি চাহিতেন যে, গুরুলাতাদের চিস্তারাজ্যও অহরপ বিস্তারলাভ করুক। চকিতে তাঁহার মনে ধর্মপ্রচারের সম্বল্প উঠিত এবং হুঃস্থ ও নিপীড়িতদের ত্বঃথমোচনার্থ কর্মক্ষত্রে ঝাঁপাইয়া পড়িতে অভিলাষ জাগিত। বেদান্ততত্তকে কার্যে পরিণত করার চিন্তায় তাঁহার মন উদ্বেলিত হইত। গুরুত্রাতাদের মধ্যেও তিনি ধর্মের এই নবীন ধারণা অমুসংক্রামিত করিতে সচেট থাকিতেন। সেই আদিযুগেও তিনি তাহাদিগকে অস্পুখ্যদের গৃহে ধর্মপ্রচারের জন্ম যাইতে বলিতেন; কিন্তু সাধুরা তথন প্রচারবিরোধী—তাঁহাদের মতে জীবনের মুখ্য উদ্দেশ্য, গুরুপ্রদর্শিত পথে চলিয়া ঈশ্বরলাভ। স্বামীজীও তো পূর্বে এই মতই পোষণ করিতেন। সকলের প্রবক্তরূপে স্বামীজীও বলিতেন—ঈশ্বর-লাভই মুখ্য উদ্দেশ্য; জীবন গঠিত হইয়া গেলে প্রচারকার্য পরোক্ষভাবে আপনা-আপনি হইতে থাকে, যেমন হইতেছিল মৌনী মহাত্মা ত্রৈলক স্বামীর বেলায়। তীর্থ হইতে ফিরিয়া তিনি এখন বলিতেন—"সকলেই প্রচারকার্যে রত; কিস্ক তারা দেটা অজ্ঞাতসারে করে। আমি সেটা জেনেন্ডনে করব, এমন কি, তোরা ষে আমার গুরুভাই, তোরাও যদি তার প্রতিবন্ধক হোদ, তবু আমি ছাড়ব না— দীনহীন চণ্ডালের কুটীরে পর্যন্ত গিয়ে প্রচার করে আসব। প্রচার মানে ভাবের বহি:প্রকাশ। ত্রৈলঙ্গ স্বামী মৌন আছেন এবং কথা বলেন না বলে কি প্রচার করছেন না ? তাঁর মৌনই বে তাঁর ভাষণ। এমন কি গাছপালাও প্রচার क्त्रइ-- शिका मिरम्छ।"

প্রাচীন চিন্তাধারায় অভ্যন্ত মন অকস্মাৎ নৃতন ধারায় চলে না; বুদ্ধি নবীনপথের ধৌক্তিকতা স্বীকার করিলেও প্রাণ সহজে সাড়া দেয় না—প্রাচীনকে নবীন পথে পরিচালিত করিতে প্রয়াসাধিক্যের প্রয়োজন হয়, জাগতিক অভিজ্ঞতার প্রাচুর্বের জন্তও অপেকা করিতে হয়। স্বামীজীর মনে গণনারায়ণের

দেবার আকৃতি জাগিতেছিল; কিন্তু উহা তথনও তাঁহার হৃদয়ে তেমন এক অনিবার্য শক্তিরূপে আত্মপ্রকাশ করে নাই যাহাসর্বপ্রকার বাধাবিদ্ধকে তাচ্ছিল্যের দৃষ্টিতে দেখিয়া আপন পথ করিয়া লইতে প্রস্তুত। তথনও স্বামীজীর প্রস্তুতির সময় পূর্ণ হয় নাই, আর সে প্রস্তুতি ঘটিতেছিল প্রধানতঃ বরাহনগরেরই আবহাওয়ার মধ্যে। স্বামীজী ছিলেন ভগবানেরই চিহ্নিত ধর্মবক্তা, যাহার জ্ঞালামমী ভাষণ মৃত প্রাণে অমৃত সিঞ্চন করিবে, নিরাশ হৃদয়ে আশার স্বোত প্রবাহিত করিবে, আর সে সব সচেতন বাণীর প্রথম শ্রোতা ছিলেন বরাহনগরেরই ল্রাতৃবৃক্ষ ও মৃষ্টিমেয় ভক্তগণ। ভাবী বিবেকানক্ষ এই ভাবেই রূপ পরিগ্রহ করিতেছিলেন।

এই বাবে স্বামীজীর বরাহনগরে অতি অল্প দিনই অবস্থিতি ঘটিয়াছিল; কারণ সন্মাসীর নির্জন তপস্থার আকাজ্জা সর্বদাই মনে জাগিতেছিল। অতএব শীঘ্রই আবার উত্তর ভারতের তীর্থদর্শনে নির্গত হইলেন। তাঁহার প্রথম গন্তব্য হল ছিল বারাণসী। সেখানে শী্রুক প্রমদাদাস মিত্র মহাশয়ের সহিত তাঁহার পরিচয় হয়। মিত্র মহাশয় ধনবান এবং সংস্কৃত ভাষায় স্পণ্ডিত ছিলেন। স্বামী অথণ্ডানন্দের (গঙ্গাধরের) সহিত তাঁহার পূর্বেই পরিচয় ছিল। প্রমদাবার্র সহিত স্বামীজীর এই পরিচয় ক্রমে বন্ধুত্বে পরিণত হয় এবং উভয়ের মধ্যে অতঃপর বছ পত্রবিনিময় হইতে থাকে। তাঁহাকে লিখিত স্বামীজীর পত্রসমূহ স্বামীজীর গ্রন্থাবলীতে মুদ্রিত হইয়াছে।

কাশী হইতে শ্রীরামচন্দ্রের গুণগানে মৃথরিত অধোধ্যায় উপস্থিত হইয়া তিনি শ্রীরামচন্দ্রের চরণপুত দ্রষ্টব্য স্থানগুলি দর্শন করিলেন। রামায়ণের সহিত স্থপরিচিত তাঁহার মনে তথন অতীতের কত অপূর্ব স্থাতিই না ভাসিয়া উঠিয়াছিল! অধোধ্যার পর লক্ষ্ণে উপস্থিত হইয়া তিনি অধোধ্যা-রাজ্যের নবাবগণের কীতির সাক্ষ্যস্থরূপ উভান, প্রাসাদ ও মসজিদ প্রভৃতি দেখিয়া আনন্দিত হইলেন। লক্ষ্ণে ইইতে আগ্রায় উপস্থিত হইলে মোগল সম্রাটদের অক্ষয় কীতি তাজ্ঞমহল, আগ্রা চুর্গ প্রভৃতির অপূর্ব ভাস্কর্ম তাঁহাকে আত্মহারা করিল। তাজকে বিভিন্ন দিক হইতে, আলোছায়ার বিভিন্ন পরিবেশমধ্যে এবং ঐতিহাসিক বিবিধ পরিপ্রেক্ষিতে পৃত্যাহ্মপুত্তরপে নিরীক্ষণ করিয়া এবং উহার শিল্প-কুশলতার মূল্যায়ন করিয়া বেন তাঁহার তৃথ্যি হইতেছিল না; বছ বার সেধানে গিয়া এবং বছ ভাবে দেখিয়া কেবলই ভাবিতেছিলেন—ভারতীয় শিল্প এককালে কি অন্তৃত উৎকর্মই না লাভ করিয়াছিল! তিনি বলিতেন,

"এই অত্যাশ্চর্য সৌধের প্রতি বর্গ ইঞ্চি স্থান ধৈর্যসহকারে সারাদিন ধরিয়া দেখিতে হয় এবং সম্পূর্ণরূপে ইহার সৌন্দর্য উপভোগ করিতে হইলে অস্ততঃ ছয় মাস দরকার।" আগ্রার তুর্গের কক্ষগুলি, মন্ত্রণাগৃহ, মসজিদ ইত্যাদি একের পর এক দেখিতে দেখিতে তিনি মোগল গৌরবের শ্বতিতে ভূবিয়া গিয়াছিলেন।

আগ্রা হইতে যাত্রা করিয়া তিনি আগস্ট মাসের প্রারম্ভে বুন্দাবনে উপস্থিত হইলেন। দীর্ঘ ত্রিশ মাইল পথ তিনি দণ্ড-কমণ্ডলু-হন্তে এবং ঘুই একখানি গ্রন্থ মাত্র সম্বল করিয়া পদত্রজে অতিবাহিত করিলেন। বুন্দাবন পৌছিবার ছই মাইল পুর্বে দেখিলেন, একব্যক্তি পথের ধারে বসিয়া ধুমপান করিতেছে। স্বামীজী তথন শ্রান্ত ও ক্লান্ত এবং ভাবিলেন একটু ধুমপান করিলে নিজেকে অধিকতর সতেজ বোধ করিবেন। অতএব ধুমসেবীর নিকট ঘাইয়া তাহার ছিলিমে হুই একটা টান দিবার আগ্রহ জানাইলে সে অতি সঙ্কুচিডভাবে পশ্চাতে সরিয়া গিয়া বলিল, "মহারাজ, আপনি সাধু, আর আমি ভঙ্গী (মেথর)।" স্বামীজীরও মনে তথন অক্সাৎ দৃঢ়মূল জাত্যাভিমান এবং আভিজাত্যের সংস্কার মন্তকোত্তলন করায় তিনি পশ্চাৎপদ হইলেন এবং আপন গস্তব্য পথে অগ্রসর হইলেন। কিন্তু বেশী দূর যাইতে না যাইতেই তিনি ভাবিলেন: "আমি না সন্ন্যাসী হইয়াছি এবং জাতিবোধ, পারিবারিক সম্বন্ধ এবং এই জাতীয় অপর সব কিছুই ত্যাগ করিয়াছি! অথচ আমিই তাঁহার ছোঁয়া ছিলিমে তামাক খাইতে পারিলাম না! এ সবই ভগু দীর্ঘ সংস্কারের ফল।" এরূপ চলিতে পারে না। অতএব তিনি আবার সেই ভলীর সন্ধানে ফিরিলেন, ফিরিয়া দেখিলেন, তাহাকে যেথানে ফেলিয়া গিয়াছিলেন সেথানে বসিয়াই সে তথনও ধৃম্পানে নিরত। স্বামীজী তাহাকে বলিলেন, "বাবা, এক ছিলিম তামাক সেজে দে না।" ভন্নী এবারেও পূর্বকথা স্মরণ করাইয়া দিল; কিন্তু স্বামীন্ত্ৰী কোন আপত্তি শুনিলেন না, তিনি অবশ্ৰই তামাক থাইবেন। অগত্যা লোকটি ঐ ছিলিমেই তামাক দাজিয়া দিল এবং উহা পান করিয়া স্বামীজী পুনর্বার বুন্দাবনের পথে অগ্রসর হইলেন। এীযুক্ত গিরিশচক্র ঘোষ স্বামীজীর মুখে এই কাহিনী ভনিয়া বলিয়াছিলেন, "তুমি গাঁজাখোর, তাই নেশার ঝোঁকে মেথবের কলকে টেনেছিলে।" তত্ত্তবে স্বামীন্দী বলিয়াছিলেন, "না, জি. সি., সভাই আমার নিজেকে পরীক্ষা করে দেখার ইচ্ছা হয়েছিল। সন্ন্যাস নিয়ে পুর্ব সংস্কার দূর হয়েছে কিনা, জাতিবর্ণের পারে চলে গেছি কিনা, পরীকা করে দেখতে হয়। ঠিক ঠিক সন্ধাসত্রত রক্ষা করা মহা কঠিন—কথায় ও কাজে একচুল এদিক ওদিক হবার জো নেই।" জনৈক শিশুকে তিনি পরে বিলয়াছিলেন, "বাবা, তুই কি ভাবিস জীবনে সন্ধাসের আদর্শ পালন করা এতই সহজ! জীবনে আর কোন পথ এত কষ্টসাধ্য ও কঠিন নয়, থাড়া পাহাড়ের কিনারে দাঁড়িয়ে এতটুকু পা ফসকালে সোজা নীচে গিয়ে পড়বি। সন্ধাসত্রত গ্রহণ করলে প্রতিম্হুর্তে নিজেকে পরীক্ষা করে দেখতে হয়, জাতিবর্ণ, প্রভৃতির বন্ধন থেকে মৃক্তি হয়েছে কিনা। সেদিন আমার এই শিক্ষা হয়েছিল ধে, কাউকে খ্বা করা চলবে না; বরং ভাবতে হবে যে, সকলেই ভগবানের সন্থান।"

वृत्मावरन পৌছিয়া তিনি বলরামবাবুদের ঠাকুরবাড়ী 'কালাবাবুর কুঞ্জে' আশ্রয় লইলেন। এথানে আসিয়া তিনি যেন রাধারুফের অলৌকিক লীলা-নিজেকে সামলানো তক্ত হইয়া পড়িল। খ্রীক্লফের জীবনের ঘটনাবলী তখন তাঁহার নিকট জীবস্ত বলিয়া মনে হইল এবং বুন্দাবনে কয়েকদিন (১২ই হইতে ২০শে আগস্ট) কাটিবার পর ঐ ভগবল্লীলার নিবিড়তম পরিচয়লাভের জন্ত পার্থবর্তী অন্যান্ত লীলাকেত্র-দর্শনে চলিলেন। তাই আমরা তাঁহাকে একদা গোবর্ধনিগিরিতে দেখিতে পাই। গোবর্ধন-পরিক্রমাকালে তিনি এই সঙ্কর করিলেন যে, অপ্রার্থিত ভাবে যে ভিক্ষা মিলিবে তাহাতেই তিনি কুন্নির্তিত করিবেন, এতদ্বাতীত কাহারও নিকট কিছু চাহিবেন না। প্রথম দিন দ্বিপ্রহরে শ্বার তাড়না অসম হইয়া উঠিল, আবার তথন বৃষ্টপাতও হইতে থাকিলে তাঁহার কষ্ট যেন দীমাতিক্রম করিয়া চলিল। কুধা ও পথশ্রমে হীনবল হইয়া তিনি কোন প্রকারে পথ বাহিয়া চলিয়াছেন, এমন সময় অক্সাৎ ভনিলেন, কে বেন তাঁহাকে পশ্চাং হইতে আহ্বান করিতেছে; কিন্তু তিনি ক্রক্ষেপ क्तिरानन ना। लाकि छथाि कराये छांदात निकर्षे वर्जी दहेरा नातिन এবং ডাকিয়া বলিল, সে তাঁহার জন্ম খাগুলুব্য আনিয়াছে। ইহা দৈব-প্রেরিত ব্লিয়া মনে হইলেও, ইহাতে সভাই ভগবানের ইন্দিত আছে কিনা পরীকা করিবার জন্ম স্বামীজী দৌড়িয়া পলাইতে চাহিলেন। তথন লোকটিও ছুটিল এবং বছ দূরে গিয়া তাঁহাকে ধরিয়া কেলিয়া ঐ ভোজ্যদ্রব্য স্বীকার করিছে भरदांश कानाहेन। चामौकी यथन व्यवस्था उहा গ্রহণ করিলেন **उधन औ**

ব্যক্তি আর কিছুই না বলিয়া চলিয়া গেল। জনহীন প্রদেশে ভগবানের এই কৃষ্ণার প্রমাণ পাইয়া স্বামীজীর চক্ষে জল আসিল।

গোবর্ধন হইতে তিনি রাধাকুত্তে গমন করিলেন। এথানে কৌপীন ব্যতীত তাঁহার কোন বহিবাদ ছিল না। অতএব স্নানের পূর্বে উহা থুলিয়া এবং ধৌত করিয়া শুকাইতে দিলেন এবং স্নানের জন্ম কুণ্ডে অবতরণ করিলেন । স্নানাস্তে छीदा छिष्ठा (मध्यन कोशीन नारे। अमिक (मिक क् कितारेग्रां (मधितन. এক বৃক্ষশাখায় একটি বানর তাঁহার কৌপীন লইয়া বসিয়া আছে। অনেক চেষ্টাম্বও বানর যথন কৌপীন ছাড়িতে প্রস্তুত হইল না, তথন রাধারাণীর প্রতি অভিমানভরে স্বামীজী স্থির করিলেন, লজ্জানিবারণার্থ গভীর অরণ্যে প্রবেশ করিবেন এবং দেখানে অনাহারে দেহত্যাগ করিবেন। তিনি যখন এরপ **অভিপ্রায়ে ঐদিকে চলিয়াছেন, তথন একব্যক্তি একথানি নৃতন গেরুয়া বস্ত্র** ও কিছু খাত লইয়া তাঁহার নিকট আসিল এবং তাঁহাকে ঐসকল গ্রহণের জন্ত অহুরোধ করিল। ঐ ব্যক্তি হয়তো সমস্ত ঘটনাটি দুর হইতে লক্ষ্য করিয়া পাকিবে। যাহা হউক, ইহাও রাধারাণীরই আশীর্বাদ মনে করিয়া স্বামীজ্ঞী ঐ উপহার গ্রহণ করিলেন। ভারপর তিনি যথন কুণ্ডপার্ম্বে ফিরিয়া আদিলেন, তথন আশ্র্যান্বিত হইয়া দেখিলেন, যেখানে কৌপীন শুকাইতে দিয়াছিলেন, ঠিক সেধানেই উহা পড়িয়া আছে।° এই সকল ঘটনা হইতে তাঁহার দৃঢ় বিশাস জন্মিল যে, ভগবানের মঞ্চলহন্ত তাহাকে সর্বদা রক্ষা করিতেছে।

অতঃপর আমরা স্বামীজীর সাক্ষাৎ পাই বৃন্দাবন হইতে হরিছার যাইবার পথে হাতরাস রেল স্টেশনে। স্টেশনের সহকারী স্টেশন মাস্টার প্রীযুক্ত শরচ্দ্র গুপু শিক্ষাবস্থায় মুসলমান প্রভাবসম্পন্ন জৌনপুর শহরে থাকার ফলে নিজ মাতৃভাষা বাংলা অপেকা হিন্দী ও উর্ত্ব সহিত অধিক পরিচিত ছিলেন, আর যেন ছিলেন অমায়িকতা, সারল্য ও পুরুষোচিত তেজের প্রতিমূর্তি। ভিনি কার্যবাপদেশে সেদিকে যাইবার সময় দেখিলেন, একজন সাধু প্লাটকর্মে

ও। ঘটনাটি ইংরেজী জীবনী অমুথায়ী (১৭৫ পৃ:) বিপিবদ্ধ হইল। বাঙ্গলা জীবনীর বিবরণ একটু অন্তর্গর (১৮৫ পৃ:)। ঐ মতে বানরটি কৌপীন ছিড়িয়া অব্যবহার্থ করিরাছে দেখিয়া ডিনি বনাভিম্থে চলিলেন। অমনি ঐলোকটি ভাঁহাকে ডাকিতে লাগিলে, কিন্তু তিনি লোড়িয়া পলাইতে লাগিলেন। লোকটিও ভাঁহার পল্টাদ্ধাবন করিল এবং ভাঁহাকে ধরিয়া কেলিয়া নিজ বাড়ীতে আনিল ও ভোজা জব্য ও নববন্ত লান করিল।

মাটির উপর বসিয়া আছেন। যুবক সন্ন্যাসীর মৃথে এমন একটা সৌমাভাব বিজমান ছিল, ষাহাতে আরুষ্ট হইয়া শরচ্চক্র ভাবিলেন, সাধুর জন্ম কিছু করিতে পারিলে ভাল। অতএব নিকটে গিয়া প্রাথমিক অভিবাদন ও কুশলপ্রশ্লাদির পব জিজ্ঞাসা করিলেন, "স্বামীজী আপনি কি কুধিত ?" সাধু উত্তর দিলেন, "है।।" শরৎ বলিলেন, "তবে দয়া করে আমার ঘরে আহ্ন।" স্বামীক্ষী বালকোচিত সারলার সহিত জিজ্ঞাসা করিলেন, "কিন্তু কি থেতে দেবেন ?" শ্বচ্চন্দ্র এক পারস্থ-দেশীয় কবির ভাষায় বলিলেন, "হে প্রিয়, তুমি আমার ঘরে এনেছ, আমি হৃন্দর মদলা সহ আমার কলিজাটা রেধে তোমায় থাওয়াব।" স্থানীজী আতিথ্যগ্রহণে স্বীকৃত হইলে শরচন্দ্র তাহাকে স্বগৃহে লইয়া গেলেন এবং দৈনিক কার্য সমাপনাত্তে সাধুটিকে ভাল করিয়া দেথিবার ও তাঁহার সহিত থালাপ করিবার স্থযোগ পাইলেন। স্বামীজীর চকুই বিশেষভাবে তাঁহাকে আকর্ষণ করিয়াছিল এবং প্রথম দর্শনেই শ্রন্ধা ও অফ্রাগে মনপ্রাণ ভরিয়া গিয়াছিল। তিনি পরে বলিতেন, "আমি স্বামীজীর সেই ভয়ন্বর চক্ষু তুইটিরই পিছু লইলাম।" স্বামীজীর গুণমৃগ্ধ হইয়া তিনি তাঁহাকে দিনকতক হাতরাসে থাকিয়া ঘাইতে অমুরোধ করিলেন আর বলিলেন, "আমায় কিঞ্চিৎ উপদেশ দিন।" উত্তরচ্ছলে 'বিভাস্থন্দর' কাব্য হইতে স্থন্দরের প্রতি মালিনীর উক্তিটি স্বামীজী স্থর করিয়া গাহিলেন-

> বিভা যদি লভিতে চাও, চাদম্থে ছাই মাথ, নইলে এই বেলা পথ দেখ।

শরচন্দ্র তথনই বলিলেন, "স্বামীজী, আপনি যা বলবেন আমি তাই করতে রাজী আছি; আমি সর্বস্ব ত্যাগ করে আপনার সঙ্গে যেতে প্রস্তুত।" তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা অধরচন্দ্র গুপ্ত অনেক পূর্বেই সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন, স্থতরাং শরচন্দ্রের নিকট ইহা নৃতন নহে। স্বামীজী তথনই কিছু বলিলেন না।

কথায় কথায় স্বামীজী শুনিতে পাইলেন, ব্রজেনবাবু নামক এক ভন্তলোক নিকটেই থাকেন। যতটুকু শুনিলেন, তাহাতে স্বামীজীর মনে হইল ইনি বেন তাহার পরিচিত; অভএব ঐ ভন্তলোকের বাড়ীতে গিয়া তাঁহার সহিত দেখা করিলেন। উভয়ে উভয়কে দর্শনমাত্র চিনিতে পারিলেন এবং ব্রজেনবাবু স্বামীজীকে কিছুদিন স্বপৃহে থাকিয়া ঘাইতে অম্বরোধ করিলেন। স্বভরাং দিন কয়েক পরে শ্রংবাবুর গৃহে ফিরিয়া ঘাইবেন এই অকীকার জানাইয়া

ষামীজী আপাততঃ দেখানেই থাকিয়া গেলেন। ঐ বাটীতে অবস্থানকালে তাঁহার আকর্ষণে বাঙ্গালীটোলার লোক ষেন দেখানে ভাঙ্গিয়া পড়িল। কিছুদিন পূর্বে ইহাদের মধ্যে বেশ একটু দলাদলি ও মনোমালিয়া চলিতেছিল; স্বামীজীর উপস্থিতিতে উহা বিদ্রিত হইল। সমাগত ব্যক্তিদের সহিত্যতিনি ধর্ম ও স্বদেশ সম্বন্ধে অনেক আলোচনা করিতেন। শরৎবাবু এবং তাঁহার ব্রু নটক্ষণবাবুর গৃহেও তিনি প্রায়ই যাইতেন এবং তাঁহাদের সহিত খুবাই ঘনিষ্ঠতা জামাছিল। ইহাদের আগ্রহে স্বামীজী অতঃপর কিছুদিন ইহাদেরই গৃহে বাস করিতে লাগিলেন এবং পূর্বেরই হ্লায় আগল্ভক ব্যক্তিদের সহিত সদালাপে দিন কাটাইতে লাগিলেন। তাঁহার কণ্ঠসঙ্গীতে আকৃষ্ট হইয়া অনেক গণ্যমায় ও পদস্থ ব্যক্তিও নিত্য তাঁহার আসরে যোগ দিতেন। সন্ধ্যাকালটা সঙ্গীতেই বায়িত হইত।

একদিন শরচন্দ্র স্বামীজীকে বলিলেন, "আপনাকে এমন বিমর্ব দেখাছে কেন ?" মুহুর্তমাত্র নীরব থাকিয়া স্বামীজী বলিলেন, "দেখ বাবা, আমার জীবনে একটা মন্ত বড় ব্রত আছে, অথচ আমার ক্ষমতা এত অল্প যে, আমি ভেবেই আকুল—কি করে এটা উদ্যাপিত হবে। এ ব্রত পরিপূর্ণ করবার আদেশ আমি গুরুর কাছে পেয়েছি—আর সেটা হচ্ছে মাতৃভূমিকে পুনক্ষজীবিত করা। দেশে আধ্যাত্মিকতা অতি মান হয়ে গেছে আর সর্বত্র রয়েছে বৃভূক্ষা। ভারতকে সচেতন ও সক্রিয় হতে হবে এবং আধ্যাত্মিকতার বলে জগৎ জয় করতে হবে।" সে কথার প্রভাবে মন্ত্রম্বপ্রায় শরচন্দ্র হদয়ের পূর্ণ আবেগ লইয়া বলিলেন, "আমি প্রস্তুত আছি স্বামীজী, কি করতে হবে বলুন।" সন্ন্যাসী প্রশ্ন করিলেন, "তুমি কি ভিক্ষাপাত্র ও কমণ্ডলু গ্রহণ করে এই মহাকার্যে বতী হতে রাজী আছ ? তুমি কি দ্বারে দ্বারে ভিক্ষা করতে পারবে ?" শরচন্দ্র ক্রিয়ে উত্তর দিলেন, "পারব" এবং পরীক্ষা দিবার জন্ম ভিক্ষাপাত্রহন্তে স্টেশনের ক্লিদের গৃহে ভিক্ষা করিতে বাহির হইয়া গোলেন। শরচ্চক্রের মনের দৃঢ়তা ও সংসাহস দর্শনে স্বামীজী অতীব প্রীত হইলেন।

শরচ্চক্রের ও স্থানীয় ভদ্রলোকদের দিনগুলি আনন্দেই কাটিতেছিল, কিন্তু একদিন সকালে স্থামীক্রী ঘোষণা করিলেন, তিনি হাতরাস ত্যাগ করিবেন। শরচ্জক্রকে বলিলেন, "আর আ্যার এথানে থাকা চলবে না। আ্যারা সন্থ্যাসী, আ্যানের এক জায়গায় অধিক দিন থাকা উচিত নয়। তা ছাড়া আ্যা

তোমাদের ভালবাদার টানে পডে ষাচ্ছি—এও তো ধর্মজীবনের একটা বন্ধন। আমায় আর পীড়াপীড়ি করে। না।" স্বামীজীকে বিদারের জ্বন্ধ দৃঢ়নিশ্চম্ব দেখিয়া শরৎ ও তাঁহার বন্ধু অতীব ছঃখিত হইলেন। তাঁহারা অহুরোধ করিলেন, তিনি যেন তাঁহাদিগকে তাঁহার শিশ্ব করিয়া লন। স্বামীজী বলিলেন, "কেন? তোমরা কি মনে কর যে, আমার চেলা হলেই ধর্মজীবনে তোমাদের দব পাওয়া হয়ে যাবে? মনে রেখা, ভগবান দর্বব্যাপী। তাহলে তোমরা যাই করো না কেন, তা তোমাদের ধর্মের সহায় হবে। আমি মাঝে মাঝে তোমাদের এখানে ফিরে আসব।" শরচ্চক্র কিন্তু তবু পশ্চাৎপদ হইলেন না, অগত্যা স্বামীজী তাঁহাকে মন্ত্রদীক্ষা দিলেন। তারপর শরৎ তাঁহার কার্যভার অপরকে দিয়া স্বামীজীর সহিত হয়ীকেশ চলিলেন।

কল্পনার চক্ষে সন্মাসীর জীবন যেরূপ প্রতিভাত হইয়াছিল, বাস্তবের সন্মুখীন হইয়া শরচন্দ্র দেখিলেন উহা তদপেকাও কঠিন। গৃহস্থথে অভ্যন্ত তাঁহার দৃষ্টিতে এই সন্ন্যাসজীবন বহু কঠোর সাধনা, অনিশ্চয়তা ও কায়ক্লেশের সমষ্টিস্বরূপ বলিয়া প্রতিভাত হইল; তিনি যেন এই বিপদসঙ্কুল জীবন সন্থ করিতে পারিতেছিলেন না। শরচ্চক্র পরে বলিয়াছিলেন, "একবার হিমালয়ের পাহাড়গুলিতে ভ্রমণকালে আমি কুধা-তৃষ্ণায় অবসর ও মৃচিত হয়ে পড়লে স্বামীকী ভাল্লা করে আমায় নিশ্চিত মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছিলেন। আর একবার এক ভয়াবহ, থরস্রোতা ও পিচ্ছিল-প্রস্তরাকীর্ণ পার্বত্য শ্রোত্বিনী অতিক্রমকালে তিনি সহিদের মতো আমার ঘোডাটিকে ধরে ধরে নিয়ে চলেছিলেন। আমার জীবনরক্ষার জন্ম ডিনি क्छ रात्रहें ना निक कीरन ठूक्ट करत्रिहालन। राक्रुगंग, व्यापि ठाँत कथा कि करत বলব ? ভগু বলতে পারি—তিনি ছিলেন প্রেমময়, প্রেমমূর্তি, প্রেমস্বরূপ ! আমি ষধন এত তুর্বল হয়ে পড়েছি যে, কোন প্রকারে টলে-মলে চলভে পারি, তখন তিনি আমার সব জিনিস এমন কি জুতা পর্যন্ত নিজ স্কল্পে বহন করেছেন।" তাই আমরা দেখিতে পাই, পরে যখন গুরুতর রোগাক্রান্ত শরচন্দ্র একবার নিচ্ছেকে অত্যন্ত অসহায় মনে করিয়া স্বামীজীকে প্রশ্ন করিয়াছিলেন, তিনি তাঁহাকে কি শেষপর্যন্ত পরিত্যাগ করিবেন, তথন স্বামীজী স্নেহপূর্ণ ভংসনার সহিত বলিয়া-

এই সকল ঘটনার বিবরণ বাললা জীবনীতে একটু অক্সরপ (পু: ১৪৩-৪৮, তর সংস্করণ);
 আমরা অবৈতাশ্রমের ইংরেজী জীবনীর অনুসরণ করিলাম (পু: ১৭৫-৭৭)।

ছিলেন, "কি আহামক! তোর কি মনে নেই যে, আমি তোর জুতো পর্যন্ত বয়েছি?" আর একবার ভ্রমণ করিতে করিতে তাঁহারা এক জায়গায় আসিয়া দেখিলেন, মায়্রের কতকগুলি অস্থি ও গেরুয়া বল্লের জীর্ণ থণ্ড ইতন্তত: বিক্ষিপ্ত রহিয়াছে। স্বামীজী ঐ দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া বলিলেন, "দেখ, ওখানে একজন সাধুকে বাঘে থেয়েছে; তোর ভয় হছে কি?" শিয় তৎক্ষণাৎ উত্তর দিলেন, "না স্বামীজী, আপনি কাছে থাকলে কোনো ভয় নেই।" পরবর্তী কালে চিত্তের যে দৃঢ়তা এবং অপরের মনে সাহস সঞ্চারের ক্ষমতা স্বামীজীর জীবনে পরিক্ষ্ট হইয়া উঠিয়াছিল, এই আদিয়্রেও, যথন তিনি একজন অতি সাধারণ সাধু ব্যতীত আর কিছুই ছিলেন না, তথনও তাহা পূর্ণমাত্রায় বিল্লমান ছিল, ইহা শরচ্চন্দ্রের কথা হইতেই প্রমাণিত হয়।

ষ্বীকেশে স্বামীজী শিশুসহ অপর সাধুদেরই ন্থায় বাস করিয়াছিলেন। এখানে সন্ন্যাসীর উপযুক্ত পরিবেশ পাইয়া স্বামীজী বিশেষ প্রফুল্ল ছিলেন এবং সাধনভজনে প্রাণ ঢালিয়া দিয়াছিলেন। গঙ্গার কুলু কুলু ধ্বনি এবং নাতিদ্রবর্তী হিমালয়ের নয়নাভিরাম সৌন্দর্য তাঁহাকে মৃগ্ধ করিত। কিন্তু এমনি সময়ে শিশ্র কঠিন রোগাক্রান্ত হইলেন এবং উপায়ান্তর না দেখিয়া স্বামীজী তাঁহাকে হাতরাসে লইয়া চলিলেন। স্বামীজীর ইচ্ছা ছিল, তিনি হ্ববীকেশে দীর্ঘকাল বাস করিবেন এবং পরে কেদারনাথ ও বদরিকাশ্রমে যাইবেন; কিন্তু আপাততঃ সে বাসনা ভ্যাগ করিতে হইল। অতএব গুরু ও শিশ্র তুই জনই হাতরাসে ফিরিলেন। ইহাতে পুরাতন বন্ধুয়া সকলেই আনন্দিত হইলেন বটে, কিন্তু হ্ববীকেশে থাকাকালে ম্যালেরিয়ার বীজাণু স্বামীজীর দেহে প্রবেশ করিয়াছিল, তাই তিনি প্রবল জরাক্রান্ত হইলেন। তাঁহার অস্কৃত্রার সংবাদ পাইয়া বরাহনগরের সন্ম্যাসিবৃন্দ তাঁহাকে সেখানে ফিরিয়া যাইতে অন্থ্রোধ করিলেন। ইতিমধ্যে স্বামী শিবানন্দ তাঁহাকে সেখানে ফিরিয়া যাইতে অন্থ্রোধ করিলেন। ইতিমধ্যে স্বামী শিবানন্দ

৫। 'স্বামীজীর পদপ্রান্তে' (১৮৯ পৃঃ) একটি ঘটনা বলা হইয়াছে; শরচ্চক্র একদিন উভয়ের জক্ত থিচুড়ি রাখিতেছেন এমন সময় স্বামীজী দওকমগুলুবে গমনোভত হইরা বলিলেন, "তুই দেখছি গুপ্ত, জামার পায়ের বেড়ি হলি। স্বামি সব ছেড়ে একা বেড়াছিছ, তুই এসে এক উৎপাত জুটলি। এবার স্বামি নিজের ভাবে চলল্ম—আর এখানে নয়।" তিনি সতাই চলিয়া গেলেন। শরচক্র কিংকর্তবাবিমৃচ হইয়া স্বনাহারে বিসিয়াই আছেন, এমন সময় তিন-চারি ঘটা পরে স্বামীজী স্বাসিয়া বলিলেন, কুশা পাইয়াছে, তিনি থাইবেন; আর বলিলেন বে, শরচক্র সতাই তাঁহার পায়ের বেড়ি। তাঁহাকে ছাড়িয়া স্ক্রের বাগুরা সক্রব নহে।

(তারক) উত্তরাথণ্ড দর্শনমানসে যাত্রা করিয়া হাতরাসে পৌছিয়া স্বামীক্সীর সংবাদ পাইলেন এবং বিন্দুমাত্র ইতস্ততঃ না করিয়া তীর্থদর্শনের আকাব্রুল পরিত্যাগপুর্বক গুরুত্রাতাকে লইয়া বরাহনগরে ফিরিয়া চলিলেন। যাত্রাকালে স্বামীক্ষী শরচ্চক্রকে বলিয়া গেলেন তিনিও যেন স্কৃত্ব হইয়া বরাহনগরে যান। কয়েক মাস পরে শরচ্চক্র যথন পুনর্বার স্বাস্থালাভ করিলেন, তথন চাকুরি ত্যাগ করিয়া মঠে উপস্থিত হইলেন এবং বিধিমত সয়্লাস অবলম্বনপুর্বক স্বামী সদানন্দ নামে পরিচিত হইলেন।

এবাবে স্বামীজী ১৮৮৮ খৃষ্টাব্দের শেষ দিকে বরাহনগর মঠে পৌছিয়া পূর্ণ একটি বংসর গুরুভাতাদের সহিত আনন্দে কাটাইলেন—গুণু মাঝে একবার ১৮৮৯ খৃষ্টাব্দের গ্রীম্মকালে স্বাস্থ্যোদ্ধার এবং আত্মীয়প্তমনের দহিত সাক্ষাতের জন্ম শিমুলতলায় গিয়াছিলেন। তিনি হাতরাস হইতে ফিরিয়া অবশ্র অধিকাংশ সন্ন্যাসীকেই মঠে দেখিতে পান নাই; কারণ তথন তাহারা তীর্থাদিতে ভ্রমণে বা তপস্থায় নিযুক্ত ছিলেন ; কিন্তু গৃহী ভক্তেরা সকলেই স্বস্থাত্ত অবস্থান করিতে-ছিলেন। পূর্বের ক্রায় এবারেও স্বামীজী অবশিষ্ট গুরুলাতাদের সহিত ধ্যান-ধারণাদিতে ডুবিয়া গেলেন—ভুধু বিশেষ এই যে, শ্রীরামকৃষ্ণ যে ব্রত উদযাপনের গুফভার তাঁহার স্কল্পে গুল্ত করিয়াছিলেন, তাহা স্বামীজী স্পষ্টতর ও অধিকতর তেজাময় ভাষায় গুরুত্রাতাদের সম্মধে প্রকাশ করিতে লাগিলেন। ফলত: ভবিষ্যতে তিনি যে অগ্নিময়ী বাণী উচ্চকণ্ঠে বিধাহীনভাবে জগতের সর্বত্র প্রচার করিয়াছিলেন, তাহার সম্পূর্ণ পূর্বাভাষ এই সময়েই পাওয়া গিয়াছিল—পার্থক্য ছিল প্রকাশের পরিপ্রেক্ষিতে এবং স্পষ্টতায়। তিনি তাঁহাদের দৃষ্টিভঙ্গী প্রসারিত করিয়া অথণ্ড ভারতের কথা ভাবিতে বলিতেন; আর বুঝাইয়া দিতেন যে, হিন্দুধর্ম একটা জীবস্ত ও সক্রিয় বস্তু এবং বিশ্বসংস্কৃতির ক্ষেত্রে ইহার ভাবধারার একটা বিশেষত্ব ও স্থগভীর তাৎপর্য আছে। আবার ওধু ভাবুকের দৃষ্টিতে না **मिरिया मार्कि** वृक्षित्र माहारगा निक धर्मात्र मर्भ উপनिक क्तिराज अवः जाहारक পার্থপর বিরোধীদের ঘাতপ্রতিঘাত হইতে রক্ষা করিতেও তিনি তাঁহাদিগকে শিক্ষা দিতেন। সঙ্গে সঙ্গে হিন্দুর ধর্মশান্ত ব্যাখ্যা করিয়া তিনি উহার মৌলিক তথাগুলি তাঁহাদের সম্মুখে তুলিয়া ধরিতেন। তথন পুত্তক কিনিবার মতো অর্থ তাহাদের ছিল না; অতএব তিনি তাঁহার কানীর বন্ধু প্রমদাদান মিত্র মহাশদের निक्टे इट्रेस्ड किছू द्वारखाइ ও दाम्माठित माहारगत कन्न এकथानि भागिन-

ব্যাকরণ ভিক্ষা চাহিয়া লইলেন। ১৯০১১৮৮ তারিখের একখানি পজে তিনি প্রমদাদাস বাবৃকে লিখিয়াছিলেন, "পাণিনির ব্যাকরণ কেবল আমার নিমিন্ত প্রার্থনা করি নাই, প্রত্যুত এ মঠে সংস্কৃত শাস্ত্রের বহুল চর্চা হইয়া থাকে। বক্দদেশে বেদশাস্ত্রের একেবারে অপ্রচার বলিলেই হয়। এই মঠের অনেকেই সংস্কৃতক্ত এবং তাঁহাদের বেদের সংহিতাদি ভাগ সম্পূর্ণরূপে আয়ভ করিবার একান্ত অভিলাষ। তাঁহাদিগের মত, যাহা করিতে হইবে, তাহা সম্পূর্ণ করিব। অতএব পাণিনিক্নত সর্বোৎক্রষ্ট ব্যাকরণ আয়ত্ত না হইলে বৈদিক ভাষায় সম্পূর্ণ ক্তান হওয়া অসম্ভব—এই বিবেচনায় উক্ত ব্যাকরণের আবশুক !…এ মঠে অতি তীক্ষবৃদ্ধি মেধাবী এবং অধ্যবসায়নীল ব্যক্তির অভাব নাই।" ('বাণী ওরচনা', ৬০২৮২)।

এই সময়ে হিন্দের সামাজিক ব্যবস্থাসম্পর্কিত সমস্তাও তাঁহার দৃষ্টি আকর্ষণ করিয়াছিল, এবং শাস্ত্রবাক্যের মধ্যে তিনি বহু অসামঞ্জস্ত লক্ষ্য করিয়াছিলেন। ভারত-ভ্রমণকালেও তিনি দেথিয়াছিলেন, ভারতের জনসাধারণ কিরূপে স্মৃতি-শাল্তের দারা নিপীড়িত হইতেছে। প্রাচীনকালে যুগপ্রয়োজনে সমাজ পরিবর্তিত হইত; কিন্তু সমসাময়িককালে উহা অচলায়তনে পরিণত হইয়াছিল। তথন বেদে শৃদ্রের অধিকার নাই; জাতিবিভাগ মূলত: গুণামূরণ ও ব্যক্তিগত সামর্থ্যের তারতম্যাত্মঘায়ী পরিকল্পিত হইয়া থাকিলেও তদানীস্তন সমাজে উহা বংশগত ও অপরিবর্তনীয় হইয়া দাঁড়াইয়াছিল—এই সমস্ত দেখিয়া স্বামীজীর দৃঢ় ধারণা হইয়াছিল যে, এই পঙ্গুত্বসম্পাদক উৎপীতৃন হইতে সমাজ্ঞকে বাঁচাইবার একমাত্র উপায় হইতেছে, বৈদিক জ্ঞান সর্বস্তরে নির্বিচারে প্রচার করা। ভারতের পুনরভাত্থানের পূর্বে উচ্চাবচ সকলকে বেদ-উপনিষদের মর্মবাণীর সহিত পরিচিত হইতে হইবে। এই সমূদয় প্রশ্ন ও সমস্থা এবং তাহাদের সম্ভাব্য উত্তর ও সমাধান তাঁহার মনে প্রচণ্ড আলোড়ন উপস্থিত করিত এবং তিনি প্রমদাবাবুকে এই সকল বিবিধ বিষয়ে পত্রছারা জিজ্ঞাসা করিতেন। তিনি ধর্ম, আধ্যাত্মিকতা, শুতিশাস্ত্র, সমাজব্যবস্থা ইত্যাদিকে অথও মানবজীবন হইতে বিচ্ছিন্ন করিয়া থওশ: গ্রহণ করিতে পারেন নাই—তাঁহার ষেন কেবলই মনে হইতেছিল জীবনের এই সমুদয় বিভাগের পশ্চাতে অবশুই কোন সমন্বয়-ভিত্তি আছে ধাহা সত্য এবং প্রাচীন ঋষিদের অমুভূতির উপর মুপ্রতিষ্ঠিত। যে দৃষ্টিভদী অবলম্বনে সর্বপ্রকার বিরোধের সামঞ্জন্ম হইতে পারে এবং সকল বিচ্ছেদের মধ্যেও মিলন ঘটানো ষাইতে পারে, তিনি তাহারই অন্বেষণ করিতেছিলেন। প্রমদাবাবৃকে তিনি লিখিয়াছিলেন, "নানাপ্রকার অভিনব মত মন্তিকে ধারণ জক্ত যে সময়ে সময়ে ভূগিতে হয়, ইহা অতি যথার্থ এবং অনেক সময়ে দেখিয়াছি। কিন্তু এবার অন্ত প্রকার রোগ। ঈশবের মঙ্গলহন্তে বিশ্বাস আমার যায় নাই এবং যাইবারও নহে। শাস্তে বিশ্বাসও টলে নাই। কিন্তু ভগবানের ইচ্ছায় গত পাঁচ-সাত বৎসর আমার জীবন ক্রমাগত নানা প্রকার বিদ্ববাধার সহিত সংগ্রামে পরিপূর্ণ। আমি আদর্শ শাস্ত্র পাইয়াছি, আদর্শ মন্ত্রত্ত চক্ষে দেখিয়াছি, অথচ পূর্ণভাবে নিজে কিছু করিয়া উঠিতে পারিতেছি না—ইহাই অত্যন্ত কষ্ট।" (৪।৭৮২ তারিখের পত্র, 'বাণী ও রচনা', ভা২৮৭-৮৮)।

মনের যথন এইরূপ অবস্থা তথন আবার কলিকাতার নিকটে থাকিয়া মাতা ও ভাতাদের অসহনীয় দারিদ্রা নিতা স্বচকে দেখিতে হইতেছে অথবা উহার থবর শুনিতে হইতেছে। ঐ পত্রেই তিনি প্রমদাবাবুকে লিখিয়াছিলেন, "আমার মাতা এবং মুইটি ভ্রাতা কলিকাতায় থাকে। ইহাদের অবস্থা পূর্বে অনেক ভাল ছিল, কিন্তু আমার পিতার মৃত্যু পর্যন্ত বড়ই হুঃস্থ, এমনকি কথন কথন উপবাদে দিন যায়। তাহার উপর জ্ঞাতিরা হুর্বল দেখিয়া পৈতৃক বাসভূমি হইতে তাড়াইয়া দিয়াছিল। হাইকোর্টে মকদ্দমা করিয়া যদিও সেই পৈতৃক বাটীর অংশ পাইয়াছেন, কিন্তু সর্বস্বান্ত হইয়াছেন—যে প্রকার মকদ্মার দল্পর। কথন ক্থন কলিকাতার নিকট থাকিলে তাহাদের হুরবন্থা দেখিয়া রজোগুণের প্রাবল্যে ष्यरुद्धाद्यत विकातस्वक्रभ कार्यकती वामनात छेनग्र रुग्न, त्मरे ममत्य मत्नत्र मत्या ঘোর যুদ্ধ বাধে, তাহাতেই লিথিয়াছিলাম, মনের অবস্থা বড়ই ভয়ন্বর। এবার তাহাদের মকদমা শেষ হইয়াছে। কিছুদিন কলিকাতায় থাকিয়া, তাহাদের সমস্ত মিটাইয়া এদেশ হইতে চিরদিনের মতো বিদার হইতে পারি—স্বাপনি আশীর্বাদ করুন।…কারণ 'আমরা জগতের তুঃধ-কষ্টের ক্রুশ ঘাড়ে লইয়াছি। হে পিতঃ, তুমি উহা আমাদের ক্ষমে অর্পণ করিয়াছ। এক্ষণে আমাদিগকে বল দাও, যেন আমরা উহা আমরণ বহন করিতে পারি।' 🛡 "

মন তথন তাঁহার প্রায়ই দীর্ঘ-তীর্থদর্শনের জন্ম ব্যাকুল হইত; তাই একাধিকবার প্রমদাদাস বাবুকে লিথিয়াছিলেন, তিনি শীঘ্রই কাশী ঘাইবেন।

৩। 'ঈশানুসর্ণ'।

তখন গলাধর তিব্বতে ভ্রমণ করিতেছেন এবং পত্র লিখিয়া অপরের মনেও অফুরুপ প্র্টন-বাসনা জাগাইতেছেন। আরও চারিজন গুরুলাতা তথন হিমালয়ে তপস্থায় নিরত; কাজেই স্বামীজীর পক্ষে চুপ করিয়া থাকা অসম্ভব ছিল। মধ্যে মধ্যে তিনি একটু এদিক-সেদিক ঘুরিয়াও আসিতেছিলেন। ১৮৮৯ খুষ্টাব্দের ফেব্রুয়ারি মাসের প্রারম্ভে তিনি শ্রীমাও অপর অনেক গুরুলাতার সহিত আঁটপুরে গিয়াছিলেন। সেথান হইতে সকলে এরামক্ষের জন্মস্থান कामात्रभूकूरत गमन करतन। প্রত্যাবর্তনকালে পথে ভেদবমি হওয়ায় স্বামীক্রী অফ্রন্থশরীরে বরাহনগর মঠে ফিরিয়া আসেন। । সেথানে আসিয়াও দীর্ঘকাল যাবৎ মাঝে মাঝে জর হইতে থাকে। তাই স্বাস্থ্যোদ্ধারের জন্ম তিনি (সম্ভবত: জুন মাসে) শিমূলতলায় গিয়া কিছুকাল বাদ করেন। "কিন্তু গ্রীত্মের আতিশয্যে অত্যন্ত উদ্রাময় হওয়ায়" পলাইয়া আসেন। ('বাণী ও রচনা', ভা২৮৪-৮৭)। অবশেষে ডিসেম্বর মাসের শেষে তিনি তীর্থদর্শনেচ্ছায় বাহির হইয়া পড়িলেন এবং প্রথম বৈজনাথধামে উপনীত হইয়া দেখানে কিছুদিন বাদের পর ২৬শে ডিলেম্বর এক পত্তে প্রমদাবাবুকে জানাইলেন, "হুই-এক দিনেই ৺কাশীধামে ভবৎ-চরণ সমীপে উপস্থিত হইব। ⋅ ⋅ ইচ্ছা আছে, তথায় কিছুদিন পাকিব এবং আমার মন্দভাগ্যে বিশ্বনাথ এবং অন্নপূর্ণা কি করেন দেখিব। এবার 'শরীরং বা পাত্যামি, মন্ত্রং বা সাধ্যামি' প্রতিজ্ঞা করিয়াছি—কাশীনাধ সহায় হউন।" (ঐ, ২৯৮)।

ষামীজীর অভিপ্রায় যেমনই হউক, বিশ্বনাথের বিধান কিন্তু অগ্যরূপ ছিল। বৈগ্যনাথে সংবাদ আসিল, স্বামী যোগানন্দ (যোগেন্দ্র) এলাহাবাদে জলবসন্তে শ্যাগত; কাজেই স্বামীজী তৎক্ষণাৎ প্রয়াগে উপস্থিত হইলেন। সৌভাগ্যক্রমে দিনকয়েক ভূগিয়াই যোগানন্দ স্কন্থ হইলেন। তখন স্বামীজী স্থানীয় লোকদের সহিত মিশিয়া ধর্মালাপাদি করিবার অবকাশ পাইলেন। ইহারাও তাঁহার পাণ্ডিত্য, ভূরোদর্শন, অমায়িক ব্যবহার, তেজোমন্ধী বাণী, স্থমধুর বাক্যালাপ ও

৭। স্বামীজীর পত্রাবলী পড়িয়া ঠিক বুঝা বার না, কামারপুকুরে যাইবার পথে কিংবা ফিরিবার পথে ভেদবমি হইরাছিল। স্বামী অভেদানন্দ বলেন, তিনিও ঐ দলেছিলেন এবং স্বামীজীদের সহিত ঠাকুরের দেশে ও জয়য়ামবাটিতে গিয়াছিলেন। কিন্তু তিনি অস্থের উল্লেখ করেন নাই। 'আমার জীবন কথা', (১৫০-৫১ পুঃ)। তাই আমরা ফিরিবার সময়েই উহার অসুমান করিলাম।

স্বর্গ সঙ্গীতাদিতে মৃশ্ব হইলেন। আলোচনাকালে তিনি সামাজিক ঘূর্নীতিগুলির আশেষ নিন্দা করিতেন; পরমূহুর্তেই আবার সনাতন ধর্মের মূল তথাবেলীর প্রশংসায় মাতিয়া উঠিতেন। এথানে তিনি এমন একজন ধার্মিক মূসলমানের সহিত পরিচিত হন, বাঁহার "ম্থের প্রতিটি রেখা ব্র্ঝাইয়া দিতেছিল যে, তিনি পরমহংসাবস্থা প্রাপ্ত হইয়াছেন।" এখানে তিনি গাজীপুরের প্রসিদ্ধ মহাআর পওহারী বাবার গুণগ্রামের সবিশেষ সংবাদ পাইলেন। পওহারীজীর নাম তিনি দক্ষিণেখরেই শুনিয়াছিলেন এবং শ্রীরামরুক্ষের মহাসমাধির পর তাঁহার দর্শনাভিলায়ও তাঁহার হৃদয়ে জাগরুক ছিল। এখন স্থ্যোগ পাইয়া তিনি বাবাজীর সহিত সাক্ষাৎ করিবার উদ্দেশ্যে গাজীপুর যাত্রা করিলেন এবং ১৮৯০ খুষ্টাব্দের ২২শে জামুয়ারি তথায় পৌছিলেন। (২৪।১।৯০ এর পত্র প্রত্রৈর)।

গাজীপুরে তিনি শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায় ও রায়বাহাত্র শ্রীগগনচন্দ্র রায় মহাশয়দ্বয়ের গৃহে বিভিন্নকালে অবস্থান করিয়াছিলেন। সতীশবারু ছিলেন তাঁহার কলিকাতার বাল্যসথা। এই গৃহে শহরের বছ বাক্তি তাঁহার সহিভ শাক্ষাৎ করিতে আদিতেন। গগনবাবুব বাড়ীতেও প্রতি রবিবারে ধর্মসভা বসিত এবং রাধারুষ্ণের লীলাবিষয়ক সদীতাদিও হইত। গান্ধীপুরের সকলেই তাঁহাকে "বাবাজী" বলিয়া ভাকিত। সমাগত ভদ্রমহোদয়দের সহিত সামাজিক পাচারব্যবহারেরও আলোচনা হইত। ঐকালে স্বামীন্ত্রীর কেবলই মনে হইত গাজীপুরের শিক্ষিত সমাজ কতখানি স্বধর্মবিমুগ ও পাশ্চান্ত্য জড়বাদে প্রভাবিত হইতেছে। তিনি এক পত্তে (২৪।১।৯০) প্রমদাবাবুকে লিখিলেন, "এ স্থানের সকলই ভাল, বাবুরা অতি ভন্ত, কিন্তু বড় পাশ্চান্তাভাবাপন্ন; আর হঃবের বিষয় যে, আমি পাশ্চান্তা ভাবমাত্রেরই উপর খড়গহন্ত। কেবল আমার বন্ধর ওদকন ভাব বড়ই কম। কি কাপুড়ে সভ্যতাই ফিরিসী আনিয়াছে! কি অড়বাদের ধাঁধাই লাগাইয়াছে। বিশ্বনাথ এইসকল তুৰ্বল হৃদয়কে রক্ষা কক্ষন।…ভগবান ওকের জন্মভূমিতে আজি বৈরাগ্যকে লোকে পাগলামি ওপাপ মনে করে! অহো ভাগ্য !* ('বাণী ও রচনা', ৬।৩০৩-৪)। স্থানীয় সমাজ-সংস্থারকদিগকে ডিনি অপরের निकावारमञ्ज পথ ছाড়িয়া দিয়া গণশিকাবিষয়ে অধিক মনোবোগী হইতে উপদেশ मिशाहित्मन এবং विमशाहित्मन रव, विज्ञान, विवास, शामिवर्वन हे**छा।**सि स्थापका বন্ধুত্ব ও সহাত্মভৃতি অধিকতর ফলপ্রস্ হইয়া থাকে। স্বামীনী কিছ গানীপুরে এইসকল কাজের জন্ম আদেন নাই—এগুলি অবাস্তর মাত্র। তাঁহার প্রধান উদ্দেশ্য চিল পওহারী বাবার সাক্ষাৎকার।

পওহারী বাবা কাশীর নিকটবর্তী এক গ্রামেশ ব্রাহ্মণগৃহে জন্মগ্রহণ করেন। অতঃপর গান্ধীপুরে আসিয়া তাঁহার এক বিঘান থুল্লতাতের শিক্ষাধীনে ব্যাকরণ ও ভায়শাল্পে ব্যুৎপন্ন হন। খুল্লভাত নৈষ্টিক ব্রহ্মচারী ছিলেন। ইহার মৃত্যুর পর তিনি সত্যের অমুসন্ধানে ভারতের বিভিন্ন স্থানে পরিব্রাজকরাণে ভ্রমণ করিতে থাকেন। ইহারই এক সময়ে কাথিয়াওয়াড়ের গীর্ণার গিরির চূড়ায় তিনি ষোগসাধনে দীক্ষিত হন। গীণার হইতে কাশীধানে ফিরিয়া তিনি গঙ্গাতীরে এক গুহাবাদী সন্নাদীর দর্শন পান এবং তাঁহার নিকট অদৈত-বেদান্ত অধ্যয়ন করেন। তারপর দীর্ঘকাল তপস্তা ও তীর্থপর্ঘনে কাটাইয়া তিনি গান্ধীপুরের পুরাতন আবাদে ফিরিয়া আদেন। অতঃপর শীদ্রই কাশীধামের গুরুর আদর্শে শহরের হুই মাইল উত্তরে নদীতীরে একটি গুহা নির্মাণ করাইয়া উহাতে তপস্তায় নিরত হন। স্বামীজী যথন গাজীপুরে যান, তথন গুহাটি চতুর্দিকে উচ্চ প্রাচীরবেষ্টিত থাকায় কেহ দেখানে যাইতে পারিত না। বাবাজী দিনের অনেকটা অংশ গুহামধ্যেই কাটাইতেন এবং রাত্রে নদীর অপর তীরে গিয়া সেখানেও সাধনায় নিযুক্ত থাকিতেন। আহারের মধ্যে ছিল ভগু একমৃষ্টি নিমপাতা অথবা গোটা কয়েক লকা। তিনি সর্বপ্রকার কর্মকেই ভগবানের আরাধনার মর্যাদা দিতেন। ইষ্টদেবতাকে ভোগনিবেদনান্তে তিনি সে প্রসাদ স্বয়ং গ্রহণ না করিয়া সমাগত সাধু ও দরিত্রদিগের মধ্যে বন্টন করিয়া দিতেন। বল্পত: তিনি এতই বল্লাহারী ছিলেন যে, লোকেরা তাঁহার নাম দিয়াছিল 'পওহারী (বা পবন-মাহারী) বাবা'। ক্রমে লোকেরা দেখিল, তিনি গুহার मरधा मित्नद्र भन्नं मिन, अमनिक मानाविध कांनिहेश एमन, भान जाहाना भवाक ছইয়া ভাবিল, "ইনি বাঁচেন কি করিয়া ? মরিয়া যান নাই তো ?" দীর্ঘকাল পরে

৮। সত্যেক্সনাথ মন্ত্ৰ্মণারের 'বিবেকানন্দ-চরিতে'র মতে (১৪৭-৪৯ পৃ:) স্বামীজী হাতরাস
হইতে ব্রাহনগর মঠে ফিরিয়া কিছুদিন পরে গাজীপুরে যাইরা পওহারী বাবার সহিত সাক্ষাৎ করেন
ও সেধানে কিছুদিন বাস করেন। পরে একদিন সহসা বরাহনগরে ফিরিয়া আসেন। ছিতীরবারে
গাজীপুরে পৌছেন ২২শে জামুরারি, ১৮৯০ খঃ। আমরা এই বিবরণের কোন প্রমাণ পাই নাই;
বরং স্বামীজীর পত্রাবলী হইতে মনে হয়, ২২শে জামুরারি ১৮৯০ খঃ এর পরে পওহারী বাবার সহিত
ভাহার প্রথম পরিচয় হয়। ঐ প্রস্কের নৃত্ন সংক্রমণে গুধু ছিতীর বারের উল্লেখ আছে।

^{🗦 ।} সভান্ধরে জৌনপুর জেলার প্রেমাপুর গ্রামে ('বাণী ও রচনা', ২র সং, ৮।৩৪৭)।

দেখা গেল, তিনি বাঁচিয়া আছেন ঠিক, এবং ইচ্ছাহ্নদারে আড়ালে থাকিয়া ছইচারিটি কথাও বলেন। জীবনের শেষভাগে তিনি মোটেই বাহির হইতেন না।
অবশেষে একদিন গুহাম্থ হইতে মাংসপোড়ার গদ্ধ ও প্রচুর ধূম বাহির হইতে
দেখিয়া লোকেরা গুহার মধ্যে তাকাইয়া দেখিল, বাবাজী বিরাট হোমাগ্রি
প্রজ্ঞানত করিয়া স্বদেহকে উহাতে আছতি দিয়াছেন—তাঁহার আত্মা ইতিমধ্যেই
দেহপিঞ্জর পরিত্যাগপূর্বক সমাধিমার্গে পরমাত্মায় মিলিত হইয়া গিয়াছে। ইহা
অবশ্য পরের কথা। আমরা ষেকালের কথা বলিতেছি, তথনও পওহারী
বাবার নাম লোকমুথে ফিরিত এবং তাঁহার দর্শনাভিলাষে দ্রদ্রান্তর হইতে
জনসমাগম হইত। অতএব স্বামীজী যে এরপ মহাপুরুষের দর্শনের জন্ম লালাগ্নিত
হইবেন, ইহাতে আর আশ্চর্য কি ?

বাবাজীর দর্শন কিন্তু সহজ্যাধ্য ছিল না। গুহার উপরে একথানি কুঠিয়া ছিল। কথা বলিতে চাহিলে বাবাজী গুহামুখে অবস্থিত ঐ কুঠিয়ায় উঠিয়া আসিয়া রুদ্ধদারের আডাল হইতেই তাহা করিতেন। স্বামীন্দ্রীও তাই সহক্রে দর্শন পান নাই। পরিশেষে বহু চেষ্টার পর সফলকাম হইয়া ৪ঠা ফেব্রুয়ারি প্রমদাবাবুকে লিথিলেন, "বহু ভাগ্যফলে বাবাজীর সাক্ষাৎ হইয়াছে। ইনি অতি মহাপুরুষ,—বিচিত্র ব্যাপার, এবং এই নান্তিকতার দিনে ভক্তি এবং যোগের অত্যাশ্চর্য ক্ষমতার অভত নিদর্শন। আমি ইহার শরণাগত হইয়াছি, আমাকে भाशांत्र प्रियोह्मि, नकरनत जार्गा घर्ट ना । वावास्त्रीत हेस्स्ना—करमक पिवन এখানে থাকি, তিনি উপকার করিবেন। অতএব এই মহাপুরুষের আজ্ঞানুসারে দিন কয়েক এ স্থানে থাকিব।" ('বাণী ও রচনা', ৬।৩০৬)। বাবান্ধীর নিকটেই থাকিবার অভিপ্রায়ে স্বামীজী অতঃপর গগনবাবুর "উচ্চ প্রাচীরবেষ্টিত, উন্থান-সমন্বিত ও চিমনিম্বারা শোভিত" এক বাগান-বাড়ীতে থাকার সম্বন্ধ করিলেন এবং স্বামী অথগুনন্দকে প্রযোগে জানাইলেন: "এখানে একটি বাবুর একটি ছোট্ট বাগানে একটি ছোট্ট বাঙ্গলা-ঘর আছে, ঐ ঘরে থাকিব এবং উক্ত বাগান বাবান্ধীর কুটিরের অতি নিকটে। বাবান্ধীর একজন দাদা এখানে শাধুদের সংকারের জন্ম থাকে, সেই স্থানেই ভিকা করিব।" (ঐ, ৩১৮ পৃ:)। বাবাজী উন্থানবাটীর সমীপে গন্ধার কিনারে এবং দীর্ঘ হুড়ব্দের ভিতর শ্মাধীস্থ হইয়া পড়িয়া থাকিতেন। স্বামীন্সী তথন ছই মাস ধরিয়া কোমরের ব্যথায় ভূগিতেছেন। তাই নিকটে থাকিলেও বাবালীর সহিত নিয়মিত সাক্ষাৎকার সম্ভব হইত না, বাবাজী কিন্তু লোক পাঠাইয়া তাঁহার থোঁজ খবর লইতেন। স্বামীজীর আর এক অস্থবিধা এই ছিল যে, তিনি এইকালে পেটের অস্থথে ভূগিতেছিলেন; ভিক্ষালব্ধ থাছত্রব্য তাঁহার সহু হইত না। তথাপি রাজ্যোগী, মিইভাষী, বৈষ্ণবভাবাপন্ন বাবাজীর আখাস পাইয়া তিনি উদ্যানবাটীতে পডিয়া রহিলেন। স্বামীজী জানিতেন, তাঁহার এই উদার জ্ঞানলাভস্পৃহা বরাহনগর মঠের অনেকেই ভালচক্ষে দেখিবেন না; তবু তিনি স্বীয় সকল্লে অটল রহিলেন এবং স্বামী অথগুনন্দকে লিখিলেন, "আমাব মূলমন্ত্র এই যে, যেখানে যাহা কিছু উত্তম পাই, তাহাই শিক্ষা করিব। ইহাতে বরাহনগরের অনেকে মনে করে বে, গুরুভক্তির লাঘ্য হইবে। আমি ঐ কথা পাগল ও গোঁডার কথা বলিয়া মনে করি, কারণ সকল গুরুই এক এবং জগদগুরুর অংশ ও আভাসস্বরূপ।" আর অথগুনন্দকে সাবদান করিয়া দিলেন, "আমি গাজীপুরে আছি, একথা বরাহনগরের কাহাকেও লিখিও না।" (ঐ)।

গাজীপুরে অবস্থানকালে স্বামীজীর সহিত অনেক ইউরোপীয় ভদ্রলোকের আলাপ হয়। গগনবার আফিং বিভাগের উচ্চপদস্থ কর্মচারী রস সাহেবের সহিত তাঁহার পরিচয় করাইয়া দেন। রস সাহেবও ঔৎস্ক্রভরে প্রশ্ন করিয়া তাঁহার মুখে হিন্দুধর্মের অনেক তত্ত জানিয়া লন এবং হোলি সম্বন্ধে তাঁহাকে একটি প্রবন্ধ লিখিতে অমুরোধ করেন। স্বামীজী ঐ প্রবন্ধ লিখিয়া দেন। এইরপে স্বামীজীর বিভাবতায় আনন্দিত হইয়া রস সাহেব স্থানীয় জেলা জ্ঞ পেলিংটন সাহেবের সহিত তাঁহার আলাপ করাইয়া দেন। জজ সাহেব স্বামীজীর মুখে হিন্দুধর্মের ব্যাখ্যা শুনিয়া এরূপ আরুষ্ট হন যে, তিনি তাঁহাকে ইংলণ্ডে যাইয়া উহা প্রচার করিতে অহুরোধ করেন। কর্ণেল রিভেট কার্ণাক নামক আর একজন ইংরেজ ভদ্রলোকের সহিতও বেদাস্ত সম্বন্ধে স্বামীজীর স্থদীর্ঘ আলোচনা হয়। বস্তুত: তথন যেন স্বামীন্ধী আচার্যের ভাবে ভাবিত ছিলেন এবং অতি উচ্চ আধ্যাত্মিক শুরে বিরাজমান থাকিয়া স্বীয় প্রভাবে অপরের হান্য আলোকি করিতেচিলেন। অথচ তিনি তথন শিক্ষার্থী হিসাবে পওহারী বাবার নিকট ষাইতেন। ইহার তাৎপর্ষ কি ? আমাদের মনে হয়, রাজযোগের ক্রিয়া ও ডিনি পুর্বেই শ্রীরামক্কঞের নিকট পাইয়াছিলেন—ঐ বস্তু অন্তত্ত্ব যাওয়া অনাবশুক ছিল। সে যাহা হউক, আমরা পূর্ববুতাত্তেরই অমুসরণ করি।

ৰামী অধণ্ডানন্দকে ৰীয় অভিপ্ৰায় গোপন রাধার জন্ত অহুরোধ করিলেও স্বামীজী স্বয়ং ঐ বিষয়ে গোপনতার আশ্রয় লন নাই ; কারণ ঐ কালেই তিনি গাজীপুর হইতে অনেককে পত্র লিখিয়াছিলেন এবং কাহাকে কাহাকেও বাবাজীর সংবাদও দিয়াছিলেন। আরও ড্রষ্টব্য এই যে, গাজীপুরে প্রথমাগমন-কালে বাবাজীর সম্বন্ধে তাঁহার যেরূপ ধারণাই থাকুক না কেন, ক্রমে উহার পরিবর্তন ঘটিয়াছিল। আর ঐ কালে তাঁহার মনে অক্সান্ত চিস্তাও চলিতেছিল। পত্রযোগে তিনি স্বামী অথগুানন্দের সহিত বৃদ্ধ, বৌদ্ধর্ম ও তন্ত্র ইত্যাদি বিষয়ে খালোচনা করিয়াছিলেন এবং তাঁহার সহিত তিব্বত ভ্রমণের ইচ্ছা জানাইয়া তাঁহাকে গান্ধীপুরে আসিতে লিখিয়াছিলেন। মঠের অপর গুরুভাতাদের সংবাদও তিনি রাথিতেন। স্বামী অভেদানন্দ (কালী), সারদানন্দ (শরং) প্রভৃতি তথন হ্বধীকেশে তপস্থা করিতেছিলেন। অক্সাং স্বামী অভেদানন্দের অম্বথের থবর পাইয়া স্বামীজী উদ্বিগ্ন হইলেন এবং স্বামী সারদানলের নিকট তার ও টাকা পাঠাইলেন ও অভেদানন্দকে কাশী চলিয়া যাইতে লিখিলেন, কাশীতে প্রমদাদাসবাবুকেও অত্নরোধ জানাইলেন যাহাতে অভেদানন্দের থাকার স্বব্যবস্থা হয়। ঐ সময়ে গিরিশবাবুর এক পত্র হইতে স্বামীজী জানিতে পারেন যে, শ্রীমাকে কলিকাতায় আনানো সম্বন্ধে বলরামবাবুর সহিত গিরিশচন্দ্রের মতানৈক্য ঘটিয়াছে। প্রতিকারকল্পে তিনি বলরামবাবুকে লিখিলেন: "मार्जार्ज्यक्रानीत य श्रकात हेन्छ। इहेर्रा, त्महे श्रकातहे कतिरवन। श्रामि কোন নরাধম, তাঁহার সম্বন্ধে কোন বিষয়ে কথা কহি?" (ঐ, ৩০৯)। গান্ধীপুরে থাকাকালে তিনি শ্রীশ্রীঠাকুরের পূজার জন্ম একবার (১২ই মার্চ) বরাহনগরে গোলাপফুল পাঠাইয়াছিলেন। অর্থাৎ স্বীয় উদ্দেশ্য সাধনার্থ গাঞ্জীপুরে অবস্থান করিলেও তিনি ঠিক পূর্বেরই ক্রায় বহির্জগতের সহিত প্রীতিপূর্ণ ব্যবহার বজায় রাথিয়াছিলেন। গাজীপুরের জলবায়্র ভণে তাঁহার বাস্থোরতি, বিশেষতঃ ম্যালেরিয়া হইতে মুক্তিলাভ ঘটিয়াছিল। তবে কোমরের বাধা मराज मारत नारे, উरा नीर्यकान सात्री हिन ; कात्रन क्रिक्साति रहेरा आतर করিয়া এপ্রিল পর্যন্ত তিনি গান্ধীপুর হইতে যত চিঠি লিখিয়াছিলেন, তাহার প্রত্যেকটিতেই ইহার উল্লেখ আছে। এক সময়ে পেটের অমুখও হইয়াছিল। তথন বাসস্থানে প্রচর লেবু গাছ থাকায় তিনি যথেষ্ট লেবু থাইডেন।

এই সব কথা না ভাবিয়া স্বামীন্সীর তংকালীন মনোভাবের দিকে তাকাইলে

মনে হয়, চরম অধ্যাত্মজ্ঞানের ক্ষেত্রে ধাহাই ঘটুক, নিম্নভূমির বিভিন্ন স্তরে আত্মবিষয়ক সত্যলাভের জন্ম তিনি তথন ছটফট করিতেছিলেন এবং যেখানে উহা পাইবার সম্ভাবনা দেখিতেছিলেন দেখানেই ছুটিয়া গিয়া অদম্য উৎসাহে উহার আহরণে রত হইতেছিলেন। ৩১শে মার্চ গান্ধীপুর হইতে তিনি প্রমদাদাস বাবুকে লিথিয়াছিলেন, "আমার মানসিক অবস্থা আপনাকে কি বলিব ? মনের মধ্যে নরক দিবারাত্তি জলিতেছে — কিছুই হইল না, এজন্ম বৃঝি বিফলে গোলমাল করিয়া গেল; কি করি, কিছুই বুঝিতে পারিতেছি না।" (ঐ, ৩২৫-২৬ পঃ)। বড় আশা করিয়া তিনি পওহারী বাবার নিকট আসিয়াছিলেন এবং প্রায় তিন মাদ দেখানে কাটাইয়াছিলেন; কিন্তু আশা পুর্ণ হওয়ার কোন লক্ষণ দেখা গেল না। তিনি সন্ন্যাসী এবং মাম্বাবরণ ছিন্ন করিতে ক্রতসঙ্কল্ল হইলেও বন্ধু-বান্ধবের প্রতি কঠোর হইতে পারিতেন না। গুরুলাতাদের প্রতি তিনি যেমন সর্বদা অতীব স্বেহপরায়ণ ছিলেন, বন্ধু বা গুরুজনের প্রতিও তেমনি প্রীতি বা শ্রদ্ধা-প্রায়ণ ছিলেন — অকমাৎ তাঁহাদের ইচ্ছার বিরুদ্ধে কিছু করা সম্ভব হইত না। তাই তিনি প্রমদাবাবকে লিখিয়াছিলেন, "আপনি জানেন না। — কঠোর বৈদান্তিক মত সত্ত্বেও আমি অত্যন্ত নরম প্রকৃতির লোক। উহাই আমার সর্বনাশ করিতেছে। একটুতেই এলাইয়া ঘাই। কত চেষ্টা করি যে, খালি আপনার ভাবনা ভাবি। কিন্তু বারংবার পরের ভাবনা ভাবিয়া ফেলি।" (ঐ, ৩১৯ প্র:)। অতএব প্রহারী বাবার নিকট কিছু পাইবার আশা নাই, এইরূপ বিশ্বাস জন্মিবার পরও যে তিনি গাজীপুরে আরও প্রায় এক মাস থাকিয়া গেলেন ইহাতে আশুর্ব হইবার কিছুই নাই। এইভাবে দেখিলে তাঁহার ৩রা মার্চ তারিখের এই পত্রাংশের মর্ম বুঝিতে পারি—"পওহারীন্দীর দক্ষে আর দেখা করিতে কয়েক দিন ঘাইতে পারি নাই; কিন্তু তাঁহার বড় দয়া, প্রত্যাহ লোক পাঠাইয়া খবর নেন। কিন্তু এখন দেখিতেছি, 'উলটা সমঝলি রাম !'—কোথায় আমি তাঁহার বাবে ভিথারী, তিনি আমার কাছে শিথিতে চাহেন! বোধ হয় ইনি এখনও পূর্ণ হয়েন নাই, কর্ম এবং ব্রত এবং আচার অত্যন্ত এবং বড় গুপ্ত-ভাব। সমৃদ্র পূর্ব হইলে কথনও বেলাবদ্ধ থাকিতে পারে না, নিশ্চিত। অতএব धानर्थक हैहारक উদ্বেজিত করা ঠিক নহে স্থির করিয়াছি; এবং বিদায় नहेंग्रा শীঘ্রই প্রস্থান করিব। কি করি, বিধাতা নরম করিয়া যে কাল করিয়াছেন ! বাবান্ত্রী ছাড়েন না, আবার গগনবাবু ছাড়েন না।" (ঐ, ৩১৯ পৃ:)। ফলত: ঠাহার তথনই যাওয়া হইল না—যদিও পওহারীজী সহজে তাঁহার উদ্ধৃত মত অপরিবর্তিতই রহিল এবং গাজীপুর হইতেই পুনবার লিখিলেন, "বাবাজী মিষ্টি বুলি বলেন, আর আটকাইয়া রাখেন।" (ঐ, ৩২৬ পৃ:)। এইরূপ বিফলতা সত্ত্বেও হয়তো তিনি আরও কিছুদিন গাজীপুরেই থাকিয়া ঘাইতেন: কিন্তু আর একটি স্লেহের টান ঠাহাকে কলিকাভায় লইয়া গেল। সে কথায় আমরা ফিরিয়া আসিব; আপাততঃ গাজাপুর-প্রসঙ্গে আরও কিছু বলিতে হইবে।

স্বামীজীর ৩১শে মার্চের পত্র হইতে জানা হায়, ঠিক ঐ তারিখের পূর্বে "কয়েক দিবস" তিনি ঐ উত্থানবাটীতে ছিলেন না ; এবং সেই দিবসই পুনবার চলিয়া যাইবেন। কে জানে এই অজ্ঞাতবাদের সহিত স্বামী প্রেমানন্দের গাজীপুরে অবাঞ্চিত আগমনের সম্পর্ক ছিল কিনা। বরাহনগরের সাধুরা স্বামীজীর দীর্ঘামুপস্থিতি ও বাবাজীর সহিত ঘনিষ্ঠতার ফলে বেশ উদ্বিশ্ন হইয়া-ছিলেন বলিয়াই মনে হয়। তাই স্বামী প্রেমানন্দ ঐ সময়ে গাজীপুর স্বাসিয়। তাঁহাকে বরাহনগরে লইয়া ঘাইবার চেষ্টা করেন। কিন্তু স্বামীক্সী ইহাতে কট হইয়া সম্ভবত: আত্মগোপনের জন্ম অন্তত্ত চলিয়া ধান। তাই পুর্বোক্ত ১৫ই মার্চের পত্রেই তিনি বলরামবাবুকে জানাইয়াছিলেন, "বাবুরাম হঠাৎ এম্বানে আদিয়াছে, তাহার জ্বর হইয়াছে; এমন অবস্থায় বাহির হওয়া ভাল হয় নাই। . . . আমি কলা এস্থান হইতে চলিলাম। । । আর পত্র লিখিবেন না, কারণ আমি এস্থান ইইতে চলিলাম। বাবুরাম ভাল হইয়া ঘাহা ইচ্ছা করিবেন।" মনে রাণিতে হইবে, এই পত্রেই অভেদাননকে টাকা পাঠাইবার উল্লেখণ্ড আছে এবং অপর পত্রে বারুরামের (প্রেমানন্দের) প্রতি কঠোর ব্যবহারের জন্ত অহুশোচনাও দেখা যায়। অতএব স্বামীজীর গুরুলাতৃপ্রীতির অভাব ছিল না; কিন্তু তিনি সীয স্বাধীনতায় কাহারও হন্তক্ষেপ বরদান্ত করিতে পারিতেন না। ৩১শে মার্চের পত্রে প্রমদাবাবুকে তিনি প্রেমানন্দ সম্বন্ধে লিখিয়াছিলেন, "ঠাঁহার সহিত স্থামি অতি নিষ্ঠুর ব্যবহার করিয়াছি। অর্থাৎ আমার সঙ্গ ত্যাগ করিবার জন্ত তাঁহাকে অত্যন্ত বিরক্ত করিয়াছি, ... আমার গুরুলাতার। আমাকে অতি নির্দয় ও স্বার্থপর বোধ করিতেছেন। কি করি ? মনের মধ্যে কে দেখিবে? স্বামি দিবা-রাত্রি কি যাতনা ভূগিতেছি, কে জানিবে ?" ঐ পত্তে ঘিতীয় বার মঞ্জাতবাসে शास्त्रात कथा এই ভাবে উল্লেখ করিয়াছেন, "কতকগুলি বিশেষ কারণবশত:

এছানের কিয়দুরে এক গ্রামে গুপ্তভাবে কিছুদিন থাকিব; সেন্থান হইতে পত্র লিখিবার কোন স্থবিধা নাই।" এই ইচ্ছা কার্যে পরিণত হইয়ছিল কিনা তাহা নির্ণয় করা এখন অসম্ভব। সম্ভবতঃ বাওয়া হয় নাই; কেন না, ২রা এপ্রিলও তিনি গাজীপুরে ছিলেন এবং অভেদানন্দের পীড়ার সংবাদ পাইয়া ও বলরাম বাবু ১৩ই এপ্রিল দেহত্যাগ করিয়াছেন জানিয়া কলিকাতায় ক্রত ফিরিয়া ঘাইবার পুর্বে হাতে সময়ও খ্ব বেনী ছিল না। ৬ই জুলাইএর পত্রে তিনি ছঃখ করিয়া লিখিয়াছেন, "এবারে আমার গাজীপুর পরিত্যাগ করিবার ইচ্ছা ছিল না, অথবা কলিকাতায় আসিবার মোটেই ইচ্ছা ছিল না; কিন্তু কালীর পীড়ার সংবাদে আমাকে কালী আসিতে হইল এবং বলরামবাবুর আকম্মিক মৃত্যু আমায় কলিকাতায় টানিয়া আনিল।"

এই কালের ঘটনাবলীর অন্ধ্যান করিলে এই অন্থ্যান আসিয়া পড়ে যে, কালীপুরে স্বামীজীর মনে নির্বিকল্প সমাধিলাভের যে আকৃতি জাগিয়াছিল, উহা যেন গাজীপুরে উপযুক্ত পরিবেশ পাইয়া হঠাং পূর্ণবেগে পুনকজ্জীবিত হইল এবং তাঁহাকে আত্মান্থসন্ধানে প্রোৎদাহিত করিয়া আর সব ভূলাইয়া দিতে উন্থত হইল। অপর দিকে ঠাকুর যেমন তাঁহাকে বলিয়া রাখিয়াছিলেন যে তাঁহার নির্বিকল্পের ন্বার অবক্ষম থাকিবে এবং তাঁহাকে ঠাকুরের কাজ করিতে হইবে—তদম্পারে দেই দ্বিতীয় নিয়োগাধীনে তিনি সাধনার সম্বন্ধ থাকা সত্ত্বেও মাঝে মাঝে পরকল্যাণসাধনেও আত্মহারা হইতেছিলেন। তাই ইখরাভিম্থ ও ভগবদর্শিতজ্ঞীবন লাভ করিয়াও স্বামীজী অপরকেও সেই পথে অন্ধ্রাণিত করিতে কিংবা অপরের স্বাচ্ছন্দ্যবিধান করিতে সত্ত উন্মুথ ছিলেন। এই উভয় ধারার, কিংবা মৌলিক একই ধারার সমান্তরাল দ্বিবিধ বিকাশ লইয়াই যেন স্বামীজীর জীবন।

গাজীপুরে কিঞ্চিদধিক তুই মাস থাকাকালে আরও একটি অপুর্ব ঘটনা ঘটিয়াছিল, যাহাতে শ্রীশ্রীসাকুরের সহিত স্বামীজীর অলোকিক সম্বন্ধ ক্টেতররূপে
প্রকটিত হইয়াছিল এবং উহার ফলে গাজীপুরে থাকার মূল প্রয়োজন—অর্থাৎ
বাবাজীর নিকট সাধনমার্গের উপদেশলাভ অকিঞ্চিৎকর প্রমাণিত হইয়াছিল।
ঘটনাটি প্রাণস্পাশী ও অতীব গুরুত্বপূর্ণ। বাবাজী যথন স্বামীজীকে রাজযোগ
শিক্ষা দিতে এবং স্বীয় জ্ঞানভাণ্ডার তাঁহার সম্মুধে খুলিয়া ধরিতে সম্মৃত হইতেছিলেন না, তথন একদা স্বামীজী ভাবিলেন, হয়তো বা বাবাজীর নিকট দীক্ষা

লইলে পথ স্থাম হইতে পারে। পূর্ণতর জ্ঞানলাভের আকাজ্ঞা তথন তাঁহার মনে এতই প্রবল যে, এজন্ত তাহার নিকট কিছুই অসাধ্য ছিল না। সঙ্কল্প যথন স্থির হইয়া গেল এবং পরদিনই দীক্ষাগ্রহণের জন্ম তিনি প্রস্তুত হইলেন, তথন ঐ রাত্রে উভানবাটীতে একাকী এক থাটিয়ায় ভইয়া এইদৰ কথাই ভাবিতেছেন, এমন সময় সহসা তাঁহার কক্ষ এক দিব্য জ্যোতিতে উদ্ধাসিত হইল, আর তিনি চাহিয়া দেখিলেন, শ্রীরামক্রফ দেখানে স্পরীরে উপদ্বিত—তাহার সম্বেহ অথচবেদনাভরা ছল ছল চক্ষ তুইটি তাঁহারই নয়নোপরি নিবন্ধ। স্বামীজী আর শ্বির থাকতে পারিলেন না—তাঁহার দর্বাঙ্গ ঘর্মাক্ত ও ঘন ঘন কম্পিত হইতে লাগিল, আর তাঁহার বাকফুর্তি হইল না। মন তথন আত্মগানিতে পূর্ণ ও নয়নযুগল অঞা-ভারাক্রাস্ত। অতএব দীক্ষার দিন আপাততঃ স্থগিত রহিল। তবু মনের ধন্দ দূর হইল না। তুই-একদিন পরেই আবার দেই সঙ্কল্প উদিত হইল ; কিন্তু পুনবার শ্রীরামক্বফের আবির্ভাবের সঙ্গে সঙ্গে আরও কিছু ঘটিল যাহা স্বামীজী কোনদিন প্রকাশ করেন নাই। এইরূপ পাঁচ-ছয় বার ১৫ ঘটিবার পর স্বামীজীর মন হইতে ঐ ইচ্ছা সম্পূর্ণ মুছিয়া গেল—আর খ্রীশ্রীঠাকুর যেরূপ সবদাই তাঁহার হ্বদয় জুড়িয়া পূর্ণমহিমায় বিরাজিত ছিলেন, পরবর্তী কালের জন্ম তেমনি চিরবিরাজমান রহিয়া গেলেন, সেথানে আর কাহারও প্রবেশের অবকাশ ঘটিল না। স্বামীক্ষী অনেক দিন পরে 'গাই গীত শুনাতে তোমায়' এই কবিতা রচনা করিয়। উক্ত ঘটনাটি জনসমাজে প্রকাশ করেন। কবিতাটির ('বাণী ও রচনা,' ৬।২৭২ পৃঃ) একাংশে আছে---

ছেলে থেলা করি তব সনে,
কভু ক্রোধ করি তোমা' পরে,
যেতে চাই দুরে পলাইয়ে;
শিয়রে দাঁড়ায়ে তুমি রেতে;
নির্বাক আনন, ছল ছল আঁপি,
চাহ মম মুখপানে।

১০। 'বাণী ও রচনা' (৯।২০১-০২)তে একুশ দিন দর্শনলান্ডের কথা ও হঠযোগে পারদর্শী পাওহারী বাবার শিক্ষাধানে শরীর শক্ত করার অভিপ্রার উল্লিখিত হইয়াছে। আমরা জীবনী-গ্রন্থের অফুসরণ করিয়াছি।

অমনি যে ফিরি, তব পারে ধরি,
কিন্তু কমা নাহি মাগি।
তুমি নাহি কর রোষ—
পুত্র তব, অহা কে সহিবে প্রগল্ভতা?

আর ঐ কবিতায়ই আছে—

দাস তোমা দোঁহাকার, সশক্তিক নমি তব পায়। ···তব বাণী

— শুনি সমন্ত্রমে, দাস তব প্রস্তুত সতত সাধিতে তোমার কাজ।

আমাদের বিশ্বাদ শ্রীরামক্লফের এই দিব্যাবির্ভাব তরা মার্চের পূর্বেই হইয়াছিল; কারণ ঐ দিনই স্বামীজী প্রমদাবাবুকে লিখিয়াছিলেন, "বাবাজীর তিতিক্ষা
অন্ত্ত, তাই কিছু ভিক্ষা করিতেছি; কিন্তু উপুড হল্ডের নামটি নাই, খালি
গ্রহণ। খালি গ্রহণ! অতএব আমিও প্রস্থান।" পুনশ্চ দিয়া আবার লিখিতেছেন
—"আর কোন মিঞার কাছে যাইব না।…এখন দিদ্ধান্ত এই যে, রামক্লফের
ভূড়ি আর নাই; সে অপূর্ব দিদ্ধি, আর সে অপূর্ব অহেতৃকী দয়া, সে প্রগাঢ়
সহামভূতি বন্ধ-জীবনের জন্ত—এ জগতে আর নাই। হয়, তিনি অবতার—
যেমন তিনি নিজে বলিতেন, অথবা বেদান্তদর্শনে যাঁহাকে নিত্যদিদ্ধ মহাপুরুষ
'লোকহিতায় মুক্তোহপি শরীরগ্রহণকারী' বলা হইয়াছে, নিশ্চিত নিশ্চিত ইতি
মে মতিঃ, এবং তাঁহার উপাদনাই পাতঞ্জলোক্ত 'মহাপুরুষ-প্রণিধানাদ্বা'"
(ঐ, ৩২০-১ পঃ)।

সব জানিয়া-শুনিয়াও স্বামীজী যে গাজীপুরে আরও একমাস রহিলেন তাহার বাাথ্যা তিনি নিজেই দিয়াছেন—তাঁহার হৃদয়ের কোমলতা, স্নেহপ্রবণতা, বা সৌজন্য। অথবা তিনি আচার্য, আচার্যের প্রতিটি বাক্যের পশ্চাতে অভিজ্ঞতা থাকিলে উহা শ্রোতার নিকট অধিকতর গ্রহণীয় হয়; হয়তো বা এই জন্তই অভিজ্ঞতার ভিতর দিয়া শ্রীরামকৃষ্ণ স্বামীজীর মুথে এই বাণী প্রচার করাইলেন যে, তাঁহাকে ছাড়িয়া আর অন্তত্ত্ব যাওয়া নিস্প্রয়োজন। যাহা হউক, অনধিকার চর্চা ছাডিয়া আমরা স্বামীজীর জীবনের ঘটনাবলীতে ফিরিয়া যাই।

স্বামীজী গাজীপুর ত্যাগ করিবার পরও বাবাজীকে ভূলেন নাই; তাঁহার

বক্তাদিতে তিনি বছবার এই মহাপুক্ষের কথা সম্রদ্ধভাবে উল্লেখ করিয়াছেন এবং তাঁহার উপদেশও উদ্ধৃত করিয়াছেন। বাবান্ধীর নিকট তিনি শিথিয়াছিলেন, "যন্ সাধন তন্ সিদ্ধি"—সাধন অন্থায়ী যথন সিদ্ধি, তথন সিদ্ধির জন্ত ব্যাক্ল না হইয়া সাধনা পুর্পপ্রয়ত্ত্ব করা আবশুক। আর শিথিয়াছিলেন, "গুরুকে ঘরমে গৌ কা মাফিক পড়ে রহো"—গুরুর আশ্রয়ে তাঁহার অন্থগত হইয়া পড়িয়া থাকাই কর্তব্য; সেরপ করিলে রূপা হইবেই। বাবান্ধীর গুহাতে শ্রীরামরুঞ্চের একথানি ফটো ছিল, আর তিনি বলিয়াছিলেন, "ইনি সাক্ষাং ভগবানের অবতার।" এইসব শুনিয়াও বাবান্ধীর প্রতি স্বামীন্ধীর শ্রন্ধা বর্ধিত হইয়া থাকিবে। বাবান্ধীর দেহত্যাগের পর স্বামীন্ধী তাঁহার সন্থন্ধে 'বন্ধবাদিন' পত্রিকায় ১৮৯৯ খুটান্দে একটি স্থন্দর ইংরাজী প্রবন্ধ লিথেন। উহার সমাপ্তিবাক্য এই—"বর্তমান লেথক এই পরলোকগত মহাত্মার নিকট গভীরভাবে ঋণী; সেজন্ত তাঁহার (লেথকের) প্রেমাম্পদ ও তৎসেবিত শ্রেষ্ঠ আচার্যদিগের অন্তত্মে (এই) মহাত্মার উদ্দেশ্তে— এই কয়েকটি পঙ্ক্তি অযোগ্য হইলেও উৎসর্গীকৃত হইল" ('বাণী ও রচনা,' ৮। ৩৭৫)।

গাজীপুরে প্রথম গমনকালে কিংবা গাজীপুর ত্যাগ করিয়া যাইবার কালে'' যে একটি আশ্চর্য ঘটনার বিবরণ আমরা পাই, তাহার সঠিক কাল নির্ণয় করিতে না পারিলেও এখানে বলিয়া রাখা মন্দ হইবে না। তিনি যখন ট্রেন হইতে গাজীপুরের অপর পারে তাড়িঘাট স্টেশনে নামিলেন, তখন মধ্যাক্ষকাল। স্বামীজীর সম্বলের মধ্যে ছিল হল্তে একথানি তৃতীয় শ্রেণীর টিকেট, একখানি কম্বল এবং পরিধানে গেরুয়া আলখালা। সঙ্গে আর কিছু—এমন কি জলপাত্র পর্যন্ত নাই। চৌকিদাব তাঁহাকে স্টেশনের প্ল্যাটফর্মে ছায়ায় বসিতে দিল না, বাহির করিয়া দিল। তিনি অগত্যা কম্বলখানি ভূমিতে পাতিয়া বিশ্রামাগারের বাহিরে একটি খুঁটিতে হেলান দিয়া বসিলেন। আশে পাশে অনেক লোক ছিল; তাহাদের মধ্যে উত্তর ভারতীয় একজন বেনে স্বামীজীর ঠিক সম্মুখে ছাউনির নীচে শতরঞ্জিতে আরামে বসিয়া ছিল এবং স্বামীজীকে ক্লান্ত ও বিশুক্ত-

১১। ইংরেজী জীবনী ও বাঙ্গলা জীবনীতে ট্রেন হইতে অবতরণের কথা থাকায় মনে হয়, ইছা গাজীপুরে যাইবার কালের ঘটনা; কিন্তু বাঙ্গলা জীবনীতে আবার শ্রীমকালীন মধ্যাক্ষের উল্লেখ দেখিয়া মনে হয়, গাজীপুর হইতে ফিরিবার কালের (এপ্রিলের) ঘটনাও হইতে পারে, কারণ তিনি গাজীপুরে আদিরাছিলেন জামুয়ারির শেষে ও চলিয়া গিয়াছিলেন এপ্রিলের গোড়াতে।

বদন দেখিয়া নানারপ বিজ্ঞপ করিতেছিল। ঐ ব্যক্তি ও তাহার কয়েকজন সহচর স্বামীজীর সহিত রেল গাড়ীর একই কামরাতে বদিয়া আদিয়াছিল এবং পথেও ঐরপ করিতে ছাড়ে নাই। স্বামীন্দীর সঙ্গে প্রসা না থাকায় তাঁহার পক্ষে কোন স্টেশনে পানীয় জল সংগ্রহ করা সম্ভব হয় নাই, এদিকে উক্ত বেনে পানি-পাঁডেদিগকে পয়সা দিয়া অনায়াদে এসব দেটশনে জল লইয়াছে এবং তামাসাচ্চলে স্বামীজীকে দেখাইয়া দেখাইয়া উহা পান করিয়াছে, আর সঙ্গে সঙ্গে শুনাইয়া দিয়াছে, "প্ৰহে দেখছ, কেমন ঠাণ্ডা জল! তুমি তো সন্ন্যাসী হয়ে সর্বস্ব ত্যাগ করেছ, সঙ্গে একটা পয়সাও নেই যে জল কিনে খাবে। তা দেখ মজা! তার চেমে যদি আমার মতো রোজগারের চেষ্টা করতে তো এমন হুর্দশা ভোগ করতে হত না।" এমন ভাবে দারা রান্তা দে স্বামীজীকে বাক্যবাণে বিশ্ব করিয়াছে, অথচ একফোঁটা জল দেয় নাই। এখানে আসিয়াও বিজ্রপের বিরাম নাই। প্ল্যাটফরমের ছায়ায় আরামে বসিয়া সে আবার উপ-দেশ ঝাড়িতে লাগিল, "দেখ হে পয়সার কি ক্ষমতা। তুমি তো পয়সা-কড়ির ধার ধার না; তার ফলও দেথ; আর আমি পয়সা-কড়ি রোজগার করি, তার ফলও দেথ।" এই বলিয়া সে তাহার সংগৃহীত থাবার খুলিয়া থাইতে লাগিল এবং স্বামীজীকে উহা দেখাইয়া বলিয়া ঘাইতে লাগিল, "এসব পুরি, কচরি, পেঁড়া, মিঠাই কি আর বিনা প্রসায় হয় ?" স্বামীজী সবই দেখিতেছিলেন ও ভনিতেছিলেন এবং বাঙ্নিম্পত্তি না করিয়া সমস্ত অপমান সহ্য করিতেছিলেন। ইতিমধ্যে আর একজন লোক সহসা দেখানে উপস্থিত হইল—তাহার দক্ষিণ হত্তে ছিল একটি পুঁটলি ও লোটা এবং বাম হত্তে এক কুঁজা জল ও একখানি শতরঞ্জি। সে স্টেশনের এদিক-সেদিক বার কয়েক ঘূরিয়া স্বামীজীর নিকটে আসিয়া বলিল, "বাবাজী আপনি রৌলে বসে আছেন কেন? ছায়ায় চলুন; আমি আপনার জন্ম কিছু খাবার নিয়ে এসেছি, দয়া করে গ্রহণ করুন।" এ কি रेमव-नीना। स्वामीकी व्यवस्थार विद्यानहे कतिए পातिरनन ना। अपकाती বেনেও তথন বিশ্বয়ে অবাক! নবাগত লোকটি স্বামীজীকে আহারের জন্ম বার বার অমুরোধ করিতে থাকিলে, "ভাই, আমার মনে হয় তুমি ভূল করেছ; হয়তো আর কাকে দিতে এসে আমার কাছে ভূলে এসে পড়েছ"—এই বলিয়া স্বামীজী পূর্ববৎ বসিয়া রহিলেন। লোকটি তবু বলিল, "না না, আপনিই তো সেই বাবান্ধী, যাকে আমি দেখেছি।" স্বামীন্ধী কৌতৃহলবশে জিজ্ঞাদা

করিলেন, "তার মানে? তুমি আমায় দেখলে কখন?" তখন দে ব্ঝাইয়া विनन, "चामि এक জन शानूरेकत अवः चामात मिष्टोज्ञानित त्नाकान चाट्छ। তুপুরে আহারাদির পর ঘুমাইতেছিলাম, এমন সময় স্বপ্নে দেখি, রামজী এদে আমায় বলছেন, 'আমার সাধু স্টেশনে পড়ে অনাহারে কট্ট পাচ্ছে; কাল থেকে তার খাওয়া দাওয়া হয়নি। তুই শীগ্গির গিয়ে তার সেবা কর।' আমার ঘুম ভেঙ্গে গেলেও পর মৃ্হূর্তে মনের থেয়াল ভেবে পাশ ফিরে শুয়ে রইলাম। কিন্তু শ্রীরামজী রূপা করে আবার এলেন এবং আমাকে সত্যি সভ্যি ধাকা মেরে তুলে যেমন বলেছেন তেমনি করতে আদেশ করলেন। আমি তথন বিছান। ছেডে উঠলাম এবং তৎক্ষণাৎ কিছু পুরি তরকারি প্রস্তুত করলাম। ঐ সব এবং সকালের তৈরী কিছু মিঠাই, জল ও তামাক নিয়ে তাভাতাড়ি স্টেশনে ছুটে এলাম।" স্বামীন্সী তবু ন্সানিতে চাহিলেন, "আমিই যে সেই সাধু তা তুমি ন্সানলে কি করে ?" হালুইকর বলিল, "আমারও প্রথমে দে সন্দেহ হয়েছিল, তাই এখানে এসেই একবার চারিদিক ঘূরে দেখে নিলাম, কিন্তু দ্বিতীয় সাধুর দর্শন ন। পেয়ে বুঝতে পারলাম, ঐ সাধু আপনি ছাডা আর কেউ হতে পারেন না।" অত:পর দে স্বামীজীকে ছায়ায় বদাইয়া আহার করাইল, আহারাস্তে জল ঢালিয়া দিল এবং তামাক দাজিয়া দিল। স্বামীন্সী ভাহাকে ধক্তবাদ দিতে গেলে रम विनन, "ना ना श्वामीकी, जामाय श्रायाम रमरवन ना ; मवर द्रामकी द्र नीना।" বেনেটি এতক্ষণ অবাক হইয়া সমস্ত ব্যাপার দেশিতেছিল ও উৎকর্ণ হইয়া সব শুনিতেছিল। অবশেষে তাহার আর মন্দেহের অবকাশ রহিল না যে, স্বামীজী একজন উচ্চাবস্থাপন্ন মহাত্মা এবং ভয়ও হইল, ইহাকে অপমান করার ফলে তাহার সমূহ অনিষ্ট অবশ্রস্তাবী। তথন সে অমৃতপ্ত হৃদয়ে প্রণামান্তে কুতাপরাদের জন্ম স্বামীজীর নিকট ক্ষমা প্রার্থনা করিল।

আমরা দেখিয়াছি, স্বামী অভেদানন্দের অস্কৃত্তার সংবাদ পাইয়া স্বামীক্ষী তাঁহার জন্ম টাকা পাঠাইয়াছিলেন ও কাশীতে থাকার ব্যবস্থা করিয়াছিলেন। তদস্সারে অভেদানন্দ কাশীর সোনারপুরা অঞ্চলে শ্রীযুক্ত প্রিয় ভাক্তারের গৃহে আশ্রম পাইয়াছিলেন। স্বামী প্রেমানন্দ অস্কৃত্বনীরে গান্ধীপুর ত্যাগ করিয়া কাশীতে যান ও অভেদানন্দের সহিত মিলিত হন। স্বামীক্ষীও অনতিবিলম্বে কাশীতে উপস্থিত হইয়া প্রমদাদাস বাবুর বাগানে তপস্থায় নিরত হইলেন। সেখানে আবার বলরামবাবুর দেহত্যাগের সংবাদ পাইয়া ফ্রত বরাহনগরে

প্রত্যাবর্তন করিলেন। বলরামবাবৃর মৃত্যুসংবাদে তাঁহার চক্ষে অপ্রবিদর্জন হইতে দেখিয়া প্রমদাবাবৃ বলিয়াছিলেন, "আপনি সন্ন্যাসী হয়েও এত শোকাকুল কেন? সন্ন্যাসীর পক্ষে শোক প্রকাশ করা অস্তুচিত।" স্বামীক্সী ইহাতে উত্তর দিয়াছিলেন, "বলেন কি? সন্ন্যাসী হয়েছি বলে হৃদয়টা বিসর্জন দেব? প্রকৃত সন্ন্যাসীর হৃদয় সাধারণ লোকের হৃদয় অপেক্ষা বরং আরও অধিক কোমল হওয়া উচিত। হাজার হোক, আমরা মান্ত্র তো বটে! আর তাছাড়া তিনি যে আমার গুরুভাই ছিলেন। যে সন্ন্যাসে হৃদয় পাষাণ করতে শিক্ষা দেয়, আমি সেসন্ন্যাস গ্রাহ্ম করি না।"

স্বামীজী একটি নবীন আদর্শস্থাপনের গুরুদায়িত্ব লইয়াছিলেন; কিন্তু পারি-পার্ষিক অবস্থা তথন অতীব প্রতিকৃল। প্রাচীন চিম্ভাধারার বিরোধ তো ছিলই, অর্থাভাবও তথন তাঁহাদিগকে এক কঠিন পরীক্ষায় ফেলিয়াছিল। ১৩ই এপ্রিল বলরামবাবুর দেহত্যাগের অব্যবহিত পরে ২৫শে মে তারিথে যথন স্থরেন্দ্রবাবুও চলিয়া গেলেন, তথন মঠের ভবিশুৎ অন্ধকারাচ্ছন্ন হইয়া উঠিল—কে মঠের ব্যয়নির্বাহ করিবেন, আর সন্মাসীরা কোথায় দাঁডাইবেন! অথবা মঠ ধদি উঠিয়াই যায় এবং সাধুরা পরিব্রাজকরূপে ইতস্ততঃ ঘুরিতে থাকেন, তাহাতেও হয়তো তেমন ক্ষতি ছিল না; কিন্তু শ্রীরামক্লফের পুত ভস্মাবশেষ কোথায় সংরক্ষিত হইবে ৷ এই কঠিন সমস্তার সম্মুখীন হইয়া স্বামীজী ইতন্তত: সাহায্যভিক্ষা করিতে লাগিলেন। অবশ্য কলিকাতার বন্ধরা ক্রমে অগ্রসর হুইয়া মঠের কিঞ্চিৎ ব্যবস্থা করিলেন। এই সময়ে গিরিশবাবু, মাস্টার মহাশয় প্রভৃতির সহদয়তা বিশেষ উল্লেখযোগ্য। কিন্তু ইহারা তো ধনী ছিলেন না; আর ঠাকুরের শ্বতিরক্ষার জন্ম অর্থপ্রদানের সামর্থ্য ইহাদের মোটেই ছিল না। বিশেষতঃ স্থরেক্সবাবুর দেহত্যাগের পরই ভবিশ্বৎ অত্যন্ত সন্দেহাকুল বোধ হওয়ায় স্বামীজী ঠাকুরের স্মৃতিরক্ষাকল্পে এক স্থদীর্ঘ পত্তে প্রমদাদাসবাবুর সাহাঘ্যভিক্ষা করিলেন। পত্রথানি অতি গুরুত্বপূর্ণ; কারণ উহাতে ঠাকুরের প্রতি স্বামীক্ষীর ঐকান্তিক ভক্তি, স্বামীক্ষীর নিজের জীবনের ব্রত, মঠস্থাপনের প্রয়োজন, মঠের তথনকার অবস্থা ইত্যাদি স্পষ্ট প্রকাশ পাইয়াছে। পত্তের স্থানে স্থানে তিনি লিখিয়াছিলেন—

"বহু বিপদ ঘটনার আবর্ত এবং মনের আন্দোলনের মধ্যে পড়িয়া আপনাকে এই পত্র লিখিতেছি।···প্রথমেই আপনাকে বলিয়াছি যে আমি রামক্তফের গোলাম—তাঁহাকে 'দেই তুলদী তিল দেহ দমপিয়া' করিয়াছি। তাঁহার নির্দেশ লক্ষ্মন করিতে পারি না। অমার উপর তাঁহার নির্দেশ এই ষে, তাঁহার দ্বারা স্থাপিত এই ত্যাগিমগুলীর দাসত্ব আমি করিব—ইহাতে যাহা হইবার হইবে, এবং স্বর্গ বা নরক বা মৃক্তি যাহাই আফ্রক, লইতে রাজী আছি। তাঁহার আদেশ এই যে, তাঁহার ত্যাগী দেবকমগুলী যেন একত্রিত থাকে এবং তজ্জ্ব আমি ভার-প্রাপ্ত। অবশ্র কেহ কেহ এদিক সেদিকে বেড়াইতে গেল, সে আলাহিদা কথা; কিন্তু দে বেড়ানো মাত্র, তাঁহার মত এই ছিল যে, এক পূর্ণ সিদ্ধ—তাঁহার ইতন্ততঃ বিচরণ সাজে। তা যতক্ষণ না হয়, এক জায়গায় বসিয়া সাধনে নিমগ্র হওয়া উচিত। অতএব উক্ত নির্দেশক্রমে তাঁহার সন্ধ্যাসমগুলী বরাহনগরে একটি পুরাতন জীর্ণ বাটীতে একত্রিত আছেন এবং স্বরেশচন্দ্র মিত্র এবং বলরাম বস্থ নামক তাঁহার ঘুইটি গৃহস্থ শিয় তাঁহাদের আহাবাদি নির্বাহ এবং বাটীভাড়া দিতেন।

"ভগবান রামরুষ্ণের শরীর নানা কারণে (অর্থাৎ খৃষ্টিয়ান্ রাজার অত্যুত্ত আইনের জালায়) অগ্নিসমর্পণ করা হইয়াছিল। এই কার্য যে অতি গহিত তাহার আর সন্দেহ নাই। এক্ষণে তাঁহার ভন্মাবশেষ অন্ধি সঞ্চিত আছে, উহা গঙ্গাতীরে কোনও স্থানে সমাহিত করিয়া দিতে পারিলে উক্ত মহাপাপ হইতে কথঞ্চিৎ বোধ হয় মৃক্ত হইব। উক্ত অবশেষ এবং তাঁহার গদির এবং প্রতিকৃতির যথানিয়মে আমাদিগের মঠে প্রত্যুহ পূজা হইয়া থাকে এবং আমার এক ব্রাহ্মণ-কুলোন্তব গুরুত্রাতা উক্ত কার্যে দিবারাত্র লাগিয়া আছেন, ইহা আপনার অক্ষাত নহে। উক্ত পূজাদির বায়ও উক্ত হই মহাত্মা করিতেন।

"যাহার জন্মে আমাদিগের বান্ধালীকুল পবিত্র ও বন্ধভূমি পবিত্র হইয়াছে—
বিনি এই পাশ্চান্তা বাক্ছটায় মোহিত ভারতবাসীর পুনরুদ্ধারের জন্ম অবতীর্ণ
হইয়াছিলেন, যিনি সেই জন্মই অধিকাংশ ত্যাগী শিক্সমণ্ডলী বিশ্ববিভালয়ের
ছাত্রগণ হইতেই সংগ্রহ করিয়াছিলেন, এই বন্ধদেশে তাঁহার সাধনভূমির
সন্ধিকটে তাঁহার কোন স্মরণচিহ্ন হইল না, ইহার পর আরে আক্ষেপের কথা
কি আছে?

"পূর্বোক্ত হই মহাত্মার নিতান্ত ইচ্ছা ছিল যে, গলাতীরে একটি জমি ক্রম করিয়া তাঁহার অন্থি সমাহিত করা হয় এবং তাঁহার শিশুবৃন্দও তথায় বাদ করেন এবং স্থরেশবার্ (স্থরেন্দ্রবার্) তজ্জন্ত ১০০০ টাকা দিয়াছিলেন এবং আরও অর্থ দিবেন বলিয়াছিলেন; কিন্তু ঈশবের গৃঢ় অভিপ্রায়ে তিনি কল্য রাজ্ঞে ইহলোক ত্যাগ করিয়াছেন। বলরামবাব্র মৃত্যুসংবাদ আপনি পূর্ব হইতেই জানেন। এক্ষণে তাঁহার শিয়েরা তাঁহার এই গদি ও অন্থি লইয়া কোথায় যায়, কিছুই স্থিরতা নাই।…তাঁহারা সন্ন্যাসী; তাঁহারা এই ক্ষণেই যথা ইচ্ছা যাইতে প্রস্তুত; কিন্তু তাঁহাদিগের এই দাস মর্মাস্তিক বেদনা পাইতেছে, এবং ভগবান রামক্রফের অন্থি সমাহিত করিবার জন্ম গঞ্চাতীরে একটু স্থান হইল না, ইহা মনে করিয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে। ১০০০, টাকায় কলিকাতার সন্নিকটে গঙ্গাতীরে জমি এবং মন্দির হওয়া অসম্ভব, অন্যন পাচ সাত হাজার টাকার কমে জমি হয় না।

"আপনি একণে রামক্লফের শিশুদিগের একমাত্র বন্ধু এবং আশ্রয় আছেন। পশ্চিম দেশে আপনার মান এবং সন্ত্রম এবং আলাপও যথেষ্ট; আমি প্রার্থনা করিতেছি যে যদি আপনার অভিকৃতি হয়, উক্ত প্রদেশের আপনার আলাপী ধার্মিক ধনবানদিগের নিকট চাঁদা করিয়া এই কার্য নির্বাহ হওয়ানো আপনার উচিত কিনা, বিবেচনা করিবেন। আমি আপনার অমুমতি পাইলেই ভবংসকাশে উপস্থিত হইব এবং ঐ কার্যের জন্ম, আমার প্রভুর জন্ম এবং প্রভুর সম্ভানদিগের জন্ম দারে দারে ভিক্ষা করিতে কিছুমাত্র কৃত্তিত নহি।" ('বাণী ওরচনা' ৬।৩২৮-৩০)

এই পত্তে তিনি ইহাও জানাইয়াছিলেন যে, বঙ্গদেশে অর্থপ্রাপ্তির আশা নাই, কারণ "বঙ্গদেশের লোকের কথা অনেক, কাজে এগোয় না। ... এবং বঙ্গভূমির অবস্থা বড়ই শোচনীয়। ত্যাগ কাহাকে বলে, এদেশের লোক স্বপ্লেও ভাবে না—কেবল বিলাস, ইন্দ্রিয়পরতা এবং স্বার্থপরতা এদেশের অস্থিমজ্জা ভক্ষণ করিতেছে।" প্রমদাবাবৃকে লিখিত এই পত্র ফলপ্রস্থ হয় নাই, ইহা আমরা ধরিয়া লইতে পারি, কারণ ২৬শে মে উক্ত পত্র লিখিবার পর ৪ঠা জুন প্রমদাবাবৃর পত্রের উত্তরে স্বামীজী পুনর্বার লিখিতেছেন—"আপনার পরামর্শ অতি বৃদ্ধিমানের পরামর্শ, তিছিদ্বে সন্দেহ কি ? তাঁহার যাহা ইচ্ছা তাহাই হইবে—বড় ঠিক কথা। আমরাও এম্বানে ওস্থানে তুই চারিজন করিয়া ছড়াইতেছি।" (ঐ ৩৩১ পৃ:)। শেষ কথাগুলির তাৎপর্য বড়ই মর্যান্তিক। তুই প্রধান অবলম্বনের অন্তর্ধানের পর মঠের ব্যয়সঙ্কুলান অসাধ্য বা কট্টসাধ্য হইয়া পড়ায় অনেককেই মঠ ছাড়িয়া পর্যটক সাঞ্জিতে হইল। মঠের ভবিন্তং তথন অনিশ্বিত।

হিমালয়ো নাম নগাধিরাজঃ

অরূপের ঘরে যথন শ্রীশ্রীঠাকুর নরেন্দ্রনাথকে দেথিয়াছিলেন, তথন নরেন্দ্রনাথ অথণ্ডের মধ্যে ডুবিয়া থাকিয়াও স্বীয় ব্যক্তিত্ব অট্ট রাথিয়াছিলেন—একই সময়ে তিনি ছিলেন দ্বৈত-অদ্বৈত উভয়ভূমিতে অধিরুত। নর-ঋষি স্বামী বিবেকানন্দের জীবনের অনেকটাই যেন চুই আপাতবিরোধী ধারার সংঘর্ষে পরিপূর্ণ। উচ্চ প্রক্লতিসম্পন্ন ঈশ্বর-কোটিরই সমুচিতরূপে তিনি সর্বদা জগংবিশ্বত হইয়া থাকিতে সচেষ্ট : আবার শ্রীরামক্ষের বার্তাকে লোককল্যাণার্থ নিয়োগ করার গুরু-দায়িত্বও সর্বদাই তাঁহার হৃদয়ে জাগরক থাকিয়া প্রতিমূহুর্তে তাঁহার অন্তমূর্থ মনকে বহির্জগতের হু:খ-দারিস্রা প্রভৃতির বাস্তবতার প্রতি আরুষ্ট করিতেছিল এবং অমনি তাঁহার করুণাবিগলিত হান্য প্রতিকারের উপায় আবিষ্কারের জন্ম ব্যাকুল হইতেছিল। এই ধারাদ্বয়ের সমন্বয় কিভাবে সাধিত হইবে তাহার ইন্দিত শ্রীরামক্সফের জীবন ও বাণীতে বহু প্রকারে প্রদত্ত হইয়া থাকিলেও উহার কার্যে পরিণত পরিপূর্ণ রূপটি তথনও স্বামীজীর দৃষ্টিতে জাজলামান হয় নাই, তথনও "আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ" এই মহামন্ত্র তাঁহার কম্বৃক্তে নিনাদিত হয় নাই এবং মানবের প্রতিটি ক্রিয়াকে ভগবদভিম্প করিয়া সমগ্র জীবনকে এক অবিরাম ও অথও সাধনায় পরিণত করার উপায় তথনও তাঁহার বাণীতে স্কুম্পষ্ট আকার ধারণ করে নাই। এই ছন্দ্রসঙ্কলিত মুহূর্তেই বরাহনগর-মঠের স্মার্থিক সমস্যা জটিলরপে তাঁহার সন্মথে উপস্থিত হইয়াছিল। তবু তিনি বিশ্বাস হারান নাই যে শীশীভগবানের অবতারগ্রহণের নিগত অভিপ্রায় অবশ্রই অচিন্তনীয়ন্ত্রপে স্থাসিদ্ধ হইবে। অথচ তদানীন্তন পরিস্থিতিতে মঠকে তথনই স্মপ্রতিষ্ঠিত করার কোন ফলপ্রস্থ উত্তম উপায় অকমাৎ প্রতিভাত হইল না। তাঁহার জীবনের মহাত্রত পরিপালনের জন্ম ভগবন্নির্দেশে হয়তো আরও বান্তব অভিজ্ঞতাসঞ্চয়, আরও নিরালম্ব সাধনার প্রয়োজন ছিল; হয়তো হুই-চারিজ্ঞন বন্ধুর সহায়তামাত্রের উপর মঠের ভিত্তি স্থাপিত না হইয়া বিরাট বিশ্বমানবের শুভেচ্ছার উপর উহার প্রতিষ্ঠা হওয়া আবশ্রক ছিল। আর জাগতিক দৃষ্টিতেও বোধ হইয়াছিল, অভাবের দিনে মঠে লোকসংখ্যা না বাড়াইয়া স্থদিনের অপেক্ষায় আপাতত: অধিকাংশ মঠবাদীর পক্ষে ভিকাবৃত্তি অবলম্বনপূর্বক বাহিরে চলিয়া যাওয়াই শ্রেয়:। এইসব চিন্তা স্বামীন্ধীর মনে উদিত হওয়া অস্বাভাবিক ছিল না। আর তিনি ব্ঝিয়াছিলেন, স্বামী রামকৃষ্ণানন্দের ঐকান্তিক নিষ্ঠা, কার্থ-ক্ষমতা ও চরিত্রবলে এবং মৃষ্টিমেয় উদারপ্রাণ গুরুভক্তিপরায়ণ ভক্তের অর্থ-সাহায্যে মঠের কাঠামো কিছুকাল অবশ্রই অব্যাহত থাকিবে—অথচ এই উপায়ে উহার সমধিক উন্নতির সম্ভাবনা নাই; তাই উপায়ান্তর অন্থেষণ অত্যা-বশ্রুক। হয়তো এইজাতীয় কোন পরিকল্পনা লইয়া তিনি স্থদীর্ঘ ভারতভ্রমণে নির্গত হওয়াই উচিত মনে করিলেন।

এতদ্বাতীত আত্মজ্ঞানলাভের জ্বন্ত নির্জন, নীরব এবং অবিরাম সাধনার আকর্ষণ তো তাঁহার জীবনে দর্বদাই ছিল। গাজীপুর ত্যাগের প্রাকৃক্ষণে (২রা এপ্রিল) তিনি স্বামী অভেদানন্দকে লিখিয়াছিলেন, "তোমার আমাকে দেখিবার ইচ্ছা হইয়াছে, আমারও বড একপ হয়—দেই ভয়েই যাইতে পারিতেছি না। তার উপর বাবাজী বারণ করেন। इंहे চারিদিনের বিদায় লইয়া যাইতে চেষ্টা করিব; কিন্তু ভয় এই—তাহা হইলে একেবারে হ্বমীকেশী টানে পাহাড়ে টেনে তুলবে—আবার ছাড়ানো বড় কঠিন হইবে, বিশেষ আমার মতো হুর্বলের পক্ষে।" ('বাণী ও রচনা', ৬।৩২৬)। ইহারই সমকালে হিমালয় ও তিবত ভ্রমণে অভিজ্ঞ স্বামী অথণ্ডানন্দের সহিত পত্রযোগে এক পরিকল্পনা রচিত इटेट छिन—श्रामी की द करिनक वसु ज्थन तिशालात ताकात **छ** ताकात स्टूलत শিক্ষক; সেই বন্ধুর সহায়তায় তিনি নেপালে ঘাইবার ও নেপাল হইয়া তিব্বতে প্রবেশ করিবার অমুমতিপত্ত সংগ্রহ করিবেন, আর সে ভ্রমণের সঙ্গী হইবেন স্বামী অথগুনন্দ। এই পরিকল্পনা কার্যে পরিণত করিবার জন্ম তিনি অথগুনন্দকে অবিলম্বে গান্ধীপুরে চলিয়া আসিতে বলিলেন। অথণ্ডানন্দ সে আহ্বানে সাড়া দিয়া গাজীপুরে পৌছিলেন; কিন্তু স্বামীজী তথন কলিকাতায় চলিয়া গিয়াছেন। এই স্বয়েগে অথণ্ডানন্দ পওহারী বাবাজীকে দর্শন করিতে গেলেন এবং দর্শনাস্থে প্রমদাদান বাবুকে লিখিলেন, "বাবাজী এ দানের প্রতি বিশেষ রুপা করিয়াছেন। তাঁহার 'দাস' ও 'সরকার' ভিন্ন অন্ত কোন সম্ভাষণ নাই। আমাদের নরেন্দ্র-স্বামীর বছ প্রশংসা করিলেন" ('স্বামী অথগুনন্দ', পৃ: ৬১)। সেথানে আবার তাঁহার জ্বর হইল। স্বস্থ হইলে তিনি বরাহনগর যাত্রা করিলেন; কিন্তু ১ই জ্বন (১৮৯০) বালি স্টেশনে পৌছিলে এক বিভ্রাট উপস্থিত হইল। সন্দেহ-পরায়ণ জনৈক পুলিস কর্মচারী তাঁহাকে ধরিয়া প্রথমে থানায় লইয়া ও পরে বরাহনগর মঠে আনিয়া স্বামীজীকে বলিল, "আপনি লিখে দিন ইনি আপনাদেরই একজন গুরুভাই" ইত্যাদি। স্বামীজীর আদেশে স্বামী শিবানন্দ লিখিতে
আরম্ভ করিবেন বলিয়া কলম ধরিয়াছেন, এমন সময় স্বামীজী কাগজখানি
ছিনাইয়া লইয়া তেজোদৃপ্তকণ্ঠে বলিলেন, "লিখে আবার দেব কি ?" তাঁহার
করাল ক্রকুটি দেখিয়া বেগতিক বুঝিয়া কর্মচারিটি চলিয়া গেল (এ, ৬২)।

অথগুনন্দকে কেন্দ্র করিয়া মঠে কয়েক দিন খুব আনন্দ চলিল। তিব্বতের ও হিমালয়ের রোমহর্ষকর কাহিনীগুলি ভনিয়া যেন তৃপ্তি হয় না। ভনিয়া স্বামীজী উৎসাহভরে বলিলেন, "হাঁ, তোর মতন লোকই আমি চাচ্ছি যে আমার হিমালয়ভ্রমণের সাথী হবে।" স্বামীজী যাত্রার আয়োজন করিতে লাগিলেন এবং ৬ই জুলাই আলমোড়ায় পত্র লিখিয়া স্বামী সারদানন্দকে জানাইলেন, "আমি শীঘ্রই (অর্থাৎ ভাড়ার টাকাটা যোগাড় হইলেই) আলমোড়া ঘাইবার সঙ্কল্প করিয়াছি। সেখান হইতে গঙ্গাতীরে গাড়োয়ালের কোন এক স্থানে গিয়া দীর্ঘকাল ধ্যানে মল হইবার ইচ্ছা; গ্লাধর (অথগুনন্দ) আমার সঙ্গে যাইতেছে। বলিতে কি, আমি শুধু এই বিশেষ উদ্দেশ্মেই তাহাকে কাশ্মীর হইতে নামাইয়া আনিয়াছি। ... আমি এখানে যেন কতকটা ভীমকলের চাকের মধ্যে রহিয়াছি। এক দৌড়ে আমি হিমালয়ে ঘাইবার জভা ব্যস্ত হইয়াছি। এবার আর পওহারী বাবা ইত্যাদি কাহারও কাছে নহে; তাহারা কেবল লোককে নিজ উদ্দেশ্য হইতে ভ্রষ্ট করিয়া দেয়। একেবারে উপরে যাইতেছি।" ('বাণী ও রচনা' ৬।৩৩৩-৩৪)। স্বামীক্ষী পূর্বে নেপাল হইয়া যাওয়ার কথা ভাবিয়া থাকিলেও সম্ভবতঃ ঐ বিষয়ে স্থযোগ না পাইয়া আলমোড়ার দিকে याहेवात्रहे मुक्क श्रह्म करत्रन ।

স্থির হইল, জুলাই মালের মধ্য ভাগে তীর্থদর্শনে যাইবেন। শ্রীশ্রীমাতাঠাকুরানী তথন বেলুড়ের কাছে গৃষ্ডিতে শালানের ধারে এক ভাড়াবাড়ীতে
ছিলেন। তাঁহার আশীর্বাদ লইয়া যাত্রা করা আবশ্রক জানিয়া স্বামীজী ও
অথগুনন্দ সেই বাড়ীতে গেলেন। স্বামীজী ভক্তিবিনম্রহদয়ে শ্রীমায়ের পাদপদ্মে
প্রণাম করিলেন এবং তাঁহার তৃষ্টি বিধানের জন্ম ভক্তিরসাপ্পৃত সনীত ভনাইলেন।
তারপর অস্তবের আকাজ্ঞা জানাইলেন, "মা, যদি মাহ্য হয়ে ফিরতে পারি
তবেই ফিরব; নতুবা এই-ই!" শ্রীমা সচকিতে বলিলেন, "সে কি ?" স্বামীজী
অমনি ভধরাইয়া লইলেন, "না না, আপনার আশীর্বাদে শীদ্রই আসব।" শ্রীমা

আবার তাঁহাকে প্রশ্ন করিলেন, "বাবা, ভোমার মাকে দেখে বাবে না?" স্বামীন্ধী উত্তর দিলেন, "মা, আপনিই আমার একমাত্র মা!" শ্রীমা আর কিছু বলিলেন না; প্রত্যুত তাঁহার অদম্য আগ্রহ দেখিয়া প্রাণ খুলিয়া আশীর্বাদ করিলেন এবং শীদ্র ফিরিয়া আদিতে বলিয়া দিলেন। স্বামী অখণ্ডানন্দকেও তিনি অহরপ আশীর্বাদ করিয়া বলিলেন, "বাবা, তোমার হাতে আমাদের সর্বস্ব দিলাম; তুমি পাহাড়ের সকল অবস্বা জ্ঞান—দেণো যেন নরেনের খাওয়ার কষ্ট না হয়।" মঠের দিকে ফিরিবার পথে স্বামীক্তী অথণ্ডানন্দকে বলিলেন, "তাথ্ গ্যাঞ্জেদ, কোথাও আর নাবা-টাবা হবে না—একেবারে উত্তরাথণ্ডে যেতে হবে।" স্বামীক্তী গঙ্গাধ্বকে আদর করিয়া গঙ্গানদীর ইংরেজী নামে গ্যাঞ্জেদ বলিয়া ভাকিতেন। যাত্রার প্রাক্কালে তিনি মঠের ভাইদের বলিলেন, "এবার আর স্পর্শমাত্র লোককে বদলে ফেলতে পারার ক্ষমতালাভ না করে ফির্চি না।"

একটানা যাওয়া হইল না। শনৈ: শনৈ: অগ্রসর হইয়া তাঁহারা কিছুদিন ভাগলপুরে বিশ্রাম করিলেন। মধ্যাহ্নে দেখানে পৌছিয়া তাঁহারা কুমার নিত্যানন্দ সিংহ নামক এক ভদ্রলোকের বাড়ীর সন্নিকটে গঙ্গাতীরে আশ্রয় লইলেন। তাঁহারা তথন অক্যাস্ত সাধুর তায় ছিন্ন-মলিন-বন্ধ-পরিহিত ও দওক্মওল্ধারী। সিংহ মহাশয় প্রথম দৃষ্টিতে ইহাদিগকে সাধারণ সাধু বলিয়া মনে করিলেও পরে ব্ঝিতে পারিলেন, ইহারা বিদ্বান ও বৃদ্ধিমান, বিশেষতঃ ইহাদের একজন প্রতিভাবান। সেথানে রাত্রিযাপনান্তে পরদিবস সকালে তাঁহারা কুমার সাহেবের অভিভাবক ও গৃহশিক্ষক শ্রীষ্ক মন্নথ চৌধুরী মহাশয়ের গৃহে উপস্থিত হইলেন। কুমার সাহেব তথন পাঠাভাাস করিতেন; মন্নথবাবু

১। সকল জীবনীতেই জুলাই মাদে (হয়তো মাঝামাঝি) বরাহনগরতাগের উল্লেখ আছে। অথচ ভাগলপুরের মন্মথবাবু বলেন, স্থামীজীরা তাঁহার বাড়ীতে গিয়াছিলেন আগস্ট মাদে। তবে কি তাঁহারা পদত্রকে গিয়াছিলেন ? হয়তো তাহাই। কিংবা পথে নদীয়া, শান্তিপুর ইত্যাদি দেখিয়া যাওয়াও অসম্ভব নহে। অবহা ইহা উত্তরাগতে যাওয়ার সোজা পথ নহে। তবু কোনও কারণে তাঁহারা এই দীর্ঘপথই ধরিয়াছিলেন এবং বৈচ্ছনাথেও গিয়াছিলেন।

২। ইংরেজী জীবনীর মতে তাঁহারা সিংহ মহাশয়ের আতিথা গ্রহণ করেন। মন্মথবাবুর বিবরণ হইতে মনে হয়, কুমার সাহেবের সহিত প্রথম পরিচয় না হইয়া তাঁহারই সহিত হইয়াছিল। হয়তো কুমার সাহেব সম্বন্ধে বেসব কপা বলা হইয়াছে, তাহা ময়্মথবাবুরই জীবনের ঘটনা। তিনিই তথন জমিদারপুত্রের অভিভাবক।

তাঁহাকে পড়াইবার জন্ম শ্রীযুক্ত মথ্রানাথ সিংহ নামক এক ভদ্রলোককে রাধিয়া-ছিলেন; ইনি মন্মথবাব্র গৃহেই থাকিতেন। স্বামীন্ত্রীর ভাগলপুরে আগমন ও অবস্থান সম্বন্ধে মন্মথবাব্ ১৯০৬ খৃষ্টাব্দের জুন মাসে স্বামীন্ত্রীর জনৈক শিশ্বকে লিখিয়াছিলেন:

"১৮৯০ খৃষ্টাব্দের আগস্ট মাসের এক সকালে স্বামী বিবেকানন্দ স্বামী অথগুনন্দের সহিত অপ্রত্যাশিতভাবে আমার বাড়ীতে উপস্থিত হন। তাঁহা-দিগকে প্রথমত: সাধারণ সাধু মনে করিয়া আমি তাঁহাদের প্রতি বিশেষ মনোযোগ দিই নাই। আমরা তথন মধ্যাহ্ন-ভোজন শেষ করিয়া একসঙ্গে বিসায়ছিলাম এবং তাঁহাদিগকে অশিক্ষিত মনে করিয়া কথা বলিতেও প্রবৃত্তি হইতেছিল না; প্রত্যুত বৌদ্ধর্য সম্বাদ্ধ একথানি গ্রন্থের ইংরেজী অমুবাদ পড়িতেছিলাম। একটু পরে স্বামীজী আমাকে প্রশ্ন করিলেন, আমি কি বই পড়িতেছি। উত্তরে আমি বইখানির নাম বলিলাম এবং ক্সিক্সাসা করিলাম, তিনি ইংরেজী জানেন কিনা। তিনি উত্তর দিলেন, 'হাঁ একটু-আগটু।' অতংপর আমি তাঁহার সহিত বৌদ্ধর্য সম্বন্ধ আলোচনা আরম্ভ করিলাম এবং বৃঝিতে পারিলাম যে, তিনি আমা অপেক্ষা শতগুণ পণ্ডিত। তিনি বহু ইংরেজী গ্রন্থ ইইতে উদ্ধৃতি দিতে লাগিলেন এবং দানাপুরের শ্রীযুক্ত মপুরানাথ সিংহ ও আমি তাঁহার বিভাবত্তায় অবাক হইয়া মৃশ্বচিত্তে তাঁহার বাগ্বৈত্ব উপভোগ করিতে লাগিলাম।

"একদিন স্বামীজী আমাকে জিজ্ঞাসা করিলেন, আমি কোন বিশেষ
সাধনপ্রণালী অন্থসরণ করি কিনা। তথন আমরা অনেকক্ষণ ধরিয়া সোগসাধন
সম্বন্ধে আলাপ করিলাম। ইহা হইতে আমার ধারণা হইল যে, ইনি সাধারণ
ব্যক্তি নহেন; কারণ তিনি যোগ সম্বন্ধে যাহা যাহা বলিলেন তাহা আমি স্বামী
দয়ানন্দ সরস্বতীর নিকট ষেরূপ ভানিয়াছিলাম তাহার সহিত হবছ মিলিয়া গেল।
অধিকস্ক তিনি ঐ বিষয়ে আরও বহু অশ্রুতপূর্ব তথ্যের সন্ধান দিলেন।

"তারপর তাঁহার সংস্কৃতজ্ঞান পরীক্ষা করিয়া দেখিবার জন্য আমার নিকট বে কয়খানি উপনিষদ ছিল তাহা লইয়া আদিলাম এবং ঐগুলি হইতে বাছিয়া বাছিয়া বহু কঠিন স্থানের ব্যাখ্যা ভানিতে চাহিলাম। তাঁহার প্রাঞ্চল ব্যাখ্যা শ্রবণে আমি ব্ঝিতে পারিলাম যে, শাস্ত্রে তাঁহার অসাধারণ বৃংপত্তি আছে। অধিকস্কু তিনি যেরপ স্থললিত কঠে উপনিষদবাক্যসমূহ উচ্চারণ করিলেন, তাহা বান্তবিক্ই মনোমুগ্ধকর। এইরূপে ইংরেজী, সংস্কৃত ও যোগ বিষয়ে তাঁহার সমপ্রকার অত্যাশ্র্য পাণ্ডিত্যের পরিচয় পাইয়া আমি তাঁহার প্রতি বিশেষ আরুষ্ট হইলাম। যদিও তিনি আমার গৃহে মাত্র সাত দিন ছিলেন, তথাপি আমি তাঁহার এমনই অন্থব্ধ হইয়া পড়িলাম যে, আমি মনে মনে স্থির করিলাম, তাঁহাকে কিছুভেই অন্থত্ত দিব না। অতএব তাঁহাকে চিরকাল ভাগলপুরে থাকিয়া যাইবার জন্ম করিতে লাগিলাম।

"একদিন দেখিলাম, তিনি আপন মনে গুনগুন করিয়া গান গাহিতেছেন; তাই জিজ্ঞাস। করিলাম তিনি গান গাহিতে জ্বানেন কিনা। তিনি উত্তর দিলেন, 'থুব সামান্তই।' আমাদের পীড়াপীড়িতে তিনি গান করিতে রাজী হইলেন; তথন আশ্চ্যান্বিত হইয়া দেখিলাম, পাণ্ডিত্যে যেমন, সঙ্গীতেও তিনি তেমনি বিশেষ পারদর্শী। প্রদিন জানিতে চাহিলাম, আমি যদি জনকয়েক গায়ক ও বাদককে নিমন্ত্রণ করিয়া লইয়া আসি তবে তাঁহার আপত্তি আছে কিনা। তিনি সম্মত হইলেন এবং আমি অনেক গায়ককে ডাকিয়া আনিলাম: তাঁহাদের মধ্যে অনেক ওস্তাদও ছিলেন। ভাবিয়াছিলাম (রাত্রি) নয়টা-দশটার মধ্যেই গানের আসর ভাঙ্গিয়া যাইবে। এদিকে স্বামীজী রাত্রি ছুইটা-তিনটা পর্যস্ত অবিরাম গাহিয়া চলিলেন। সকলেই গানে এত মাতিয়া গিয়াছিলেন যে, কুধা-তৃষ্ণা বা সময়ের জ্ঞান ছিল না। কেহই আসন ত্যাগ করিলেন না বা বাড়ী ফিরিবার কথা ভাবিলেন না। কৈলাসবাবু সঙ্গত করিতেছিলেন; কিন্তু অবশেষে তাঁহাকে বাধ্য হইয়া থামিতে হইল; কারণ তাঁহার আঙ্গুল অসাড় ও অচল হইয়া গিয়াছিল। এরপ অলৌকিক শক্তি আমি আর কথনও (पथि नारे, ভবিশ্বতেও দেখার আশা রাখি না। পরদিন সন্ধ্যায় পূর্বরাত্তের সকল অতিথিই অনাহত ভাবে আসিয়া উপস্থিত হইলেন এবং নৃতন অনেকেও আসিলেন। সঙ্গতকারও আসিলেন; কিন্তু স্বামীজী সেদিন গাহিলেন না; कारकरे मकरन थूर नितान रहेरनन।

"আর একদিন আমি প্রস্তাব করিলাম ষে, আমি তাঁহাকে শহরের গণ্যমান্ত ব্যক্তিদের সহিত আলাপ করাইয়া দিব এবং তাঁহার ষাহাতে কোন অস্থবিধা না হয়, এইজন্ম আমি নিজেই তাঁহাকে আমার গাড়ী করিয়া লইয়া যাইব। কিস্তু তিনি এই বলিয়া অস্বীকার করিলেন যে, ধনীদের বাড়ীতে বাড়ীতে ব্রিয়া বেড়ানো সন্ম্যাসীর ধর্ম নহে। তাঁহার জ্ঞান্ত বৈরাগ্য আমার মনের উপর গভীর প্রভাব বিস্তার করিয়াছিল। সত্য কথা বলিতে কি, আমি তাঁহার সঙ্গলান্ডের ফলে এমন অনেক কিছু শিথিয়াছিলাম, যাহা আমার ধর্মজীবনের চিরকালের আদর্শ হইয়া রহিয়াছে।

"বাল্যকাল হইতেই আমার নির্জন সাধনার দিকে ঝোঁক ছিল। স্বামীকীর সাক্ষাৎলাভের পর এই আকাজ্জা আরও বলবতী হইল। আমি স্বামীজীকে প্রায়ই বলিতাম, 'চলুন, হজনে বুন্দাবনে যাই; দেখানে শ্রীগোবিন্দজীর মন্দিরে প্রত্যেকের জন্ম তিন শত টাকা জ্মা দিলেই দারা জীবন গোবিন্দজীর প্রসাদ পাইতে থাকিব। এইরূপে কাহারও নিকট ভারম্বরূপ না হইয়া আমরা যমুনা-তীরে কোন নির্জন স্থানে দিবারাত্র ভব্তিসাধনা করিতে পারিব।' ইহার উত্তরে তিনি বলিলেন, 'হাঁ, এক ধাতের লোকের পক্ষে এইরূপ ব্যবস্থা উত্তম— ইহা নিঃসন্দেহ, কিন্তু সকলের পক্ষে নয়।' অর্থাৎ তিনি বলিতে চাহিয়াছিলেন, যে সর্বত্যাগী তাঁহার জন্ম ইহা ঠিক হইবে না। তিনি যেসকল নৃতন কথা বলিয়াছিলেন, তাহার মধ্যে ছুইট কথা আমার খুব মনে লাগিয়াছিল। 'প্রাচীন আর্যদের জ্ঞান, বৃদ্ধি ও প্রতিভার যেটুকু এখনও অবশিষ্ট আছে, তাহা প্রায়শ: সেসব জায়গায়ই পাওয়া যায় যাহা গঞ্চাতীরের সন্নিকটে অবস্থিত। গঞ্চা হইতে যত দূরে যাওয়া যায় ততই সেগুলি কমিতে থাকে। এই বিষয়টা লক্ষ্য করিলেই প্রাচীন শাল্পে যে গলামাহাত্মা কীতিত হইয়াছে তাহাতে বিশাস জন্ম।' 'नित्री इ हिन्नू- এই कथा हाटक এक है। शालि हिमारत ना धतिया ततः आमारमत চরিত্রের মহত্ত প্রকাশ করিতেছে বলিয়া আমাদের গৌরবধ্যাপক বলিয়াই ধরা উচিত। কারণ স্বার্থসিদ্ধির জন্ত মানবচরিত্রের যে পাশবিক শক্তি মাচ্ছকে তাহার ভাতুসদশ অপর মামুষের সর্বনাশ ও প্রাণনাশে প্রবৃত্ত করে উহা হইতে রক্ষা পাইতে হইলে কতথানি নৈতিক ও আধ্যাত্মিক উন্নতি আবশ্রক এবং প্রেম ও কঙ্গণার কতথানি উৎকর্ষ আবশুক, তাহা একবার ভাবিয়া দেখ দেখি !

"স্বামীজী মনে মনে ঠিক জানিতেন বে, আমি তাঁহাকে স্বেচ্ছায় বা সহজে ভাগলপুর ছাড়িয়া যাইতে দিব না। অতএব একদিন যথন আমি এক গুরুত্বপূর্ব কার্যে বাহিরে চলিয়া গিয়াছি, তথন তিনি সেই স্থবোগে আমার বাড়ীর অপর লোকদের কাছে বিদায় লইয়া চলিয়া গেলেন। ফিরিয়া আদিয়া আমরা তাঁহার জন্ম প্রাণণণ অন্ত্সদ্ধান করিলাম, কিন্তু তিনি কোথায় গিয়াছেন তাহার বিন্দুমাত্র সন্ধান পাইলাম না। অথচ কেমন করিয়াই বা আমি ভাবিতে পারিলাম বে,

এই বিষয়ে আমার ইচ্ছাই পূর্ণ হওয়া উচিত; যে স্বামীন্দীর কার্যক্ষেত্র সমগ্র বিশ্ব হওয়া উচিত তিনি কেন কৃপমণ্ডুকের মতো এথানে পড়িয়া থাকিবেন?

"তিনি আমাকে বলিয়াছিলেন যে, তাঁহার বদরিকাশ্রমে যাইবার ইচ্ছা আছে। স্বতরাং তিনি ভাগলপুর হইতে চলিয়া গেলে আমি তাঁহার সন্ধানে হিমালয়ে আলমোড়া পর্যন্ত গিয়াছিলাম। সেখানে লালা বদ্রী-শা আমাকে জানাইলেন যে, তিনি কিছুদিন পূর্বে আলমোড়া হইতে চলিয়া গিয়াছেন। হিসাব করিয়া দেখিলাম, তিনি ততদিনে উত্তরাখণ্ডাভিম্থে বছদ্র চলিয়া গিয়া থাকিবেন; তাই তাঁহার অম্বসরণ করার সকল্ল ত্যাগ করিতে হইল।

"তাঁহার আমেরিকা হইতে প্রত্যাগমনের পর তাঁহাকে একবার ভাগলপুরে লইয়া আসার আমার বিশেষ ইচ্ছা ছিল; কিন্তু সম্ভবতঃ বিন্দুমাত্র অবকাশ না থাকায় তিনি আসিতে পারেন নাই।"

মন্মথবাব্র গৃহে এক সপ্তাহ থাকাকালে স্বামীজী একদিন বরারীর পবিত্রচেতা মহাত্মা পার্বতীচরণ মুখোপাধ্যায়কে দেখিতে যান। আর একদিন তিনি নাথনগরের জৈনদিগের মন্দির দেখিয়া আসেন। অন্ত এক সময়ে জৈন আচার্যদিগের সহিত জৈনধর্ম সম্বন্ধে তাঁহার অনেক আলাপ হয় এবং তাঁহাদের ধর্মতে স্বামীজীর অধিকার দেখিয়া আচার্যগণ বিশেষ সম্ভন্ত হন। এই আলাপের কলে স্বামীজীও জৈনধর্ম সম্বন্ধ একটি স্ব্যক্তিপূর্ণ ধারণা হৃদয়ক্ষম করেন এবং তাঁহার এই বিশ্বাস জন্মে যে, ঐ ধর্ম হিন্দুধর্মেরই একটি শাখা মাত্র, আর বৌদ্ধর্মের সহিত উহার ঘনিষ্ঠ সম্পর্ক আছে।

প্রমণবাব্র মতে ('স্বামী বিবেকানন্দ', ২০২ পৃ:) মন্মথবাবু আন্ধ ছিলেন; কিন্তু স্বামীন্দীর সহিত আলাপ পরিচয়ের ফলে তিনি পুনরায় হিন্দুধর্ম মানিতে আরম্ভ করেন, এমন কি রাধারুষ্ণ-লীলা পর্যন্ত স্বীকার করিয়া লন। 'স্বামী অথগানন্দ' (৬৬ পৃ:) গ্রন্থের মতে স্বামীন্ধী মন্মথবাব্র বাটীতে প্রথম দিনের গানের মন্ধলিসে তানপুরা লইয়া গাহিয়াছিলেন,

এলো না এলো না খ্রাম, কুঞ্জে তো এলো না। রজনী পোহায়ে যায়, তবুও সে এলো না॥

ভাগলপুরে স্বামীজীর ও স্বামী অথগুনন্দের সহিত মথুরানাথ সিংহ মহাশয়েরও আলাপ হয়। ইনি তথন কুমার সাহেবের গৃহশিক্ষক ছিলেন, পরে পাটনায় ওকালতি ব্যপ্দেশে স্থনাম অর্জন করেন। সিংহ মহাশয় প্রাচীন দিনের কথা শ্বরণ করিয়া লিথিয়াছিলেন, "তাঁহাদের সহিত প্রথম সাক্ষাংকারেই আমি তাঁহাদের প্রতি অহরক হইয়া পড়িলাম। আমার মনে পড়িল, আমি তাঁহাদের একজনকে কলিকাতায় কলেজে অধ্যয়নকালে দেখিয়াছিলাম; তখন তিনি সাধারণ ব্রাহ্মসমাজে প্রার্থনাসন্ধীত পরিচালিত করিতেন—ইনিই পরে স্বামী বিবেকানন্দ নামে খ্যাতিলাভ করেন। তাঁহার সহিত আমার অনেক বিষয়ে — যথা সাহিত্য, দর্শন ও ধর্ম, বিশেষতঃ শেষোক্ত তৃই বিষয়ে — অনেক চর্চা হয়। আমার মনে হইয়াছিল, বিতা ও দর্শন থেন তাঁহার নিঃশাস-প্রশাসের সঙ্গে মিশিয়া আছে। আমি ব্ঝিতে পারিলাম, তাঁহার উপদেশের মূল কথা ছিল এক হৃগভীর স্বার্থলেশশ্রু দেশপ্রেম, এবং উহারই মিশ্রণে তিনি নিজ বক্রবাগুলি জীবস্ত করিয়া তুলিতেন। ইহা ছিল তাঁহার চরিত্রের একটা শাশত রূপ। আমি যথন চিকাগো ধর্মহাসভায় তাঁহার সাফল্যের সংবাদ পাঠ করিলাম, তথন মনে হইল, এতদিনে ভারত তাঁহার প্রকৃত নেতাকে পাইয়াছে।"

স্বামী অথগুনন্দের আগ্রহাম্নসারে স্বামীজী অতঃপর বৈগ্যনাথধামে গেলেন। তাঁহারা রেলপথে কিউল হইয়া ঘূরিয়া গিয়াছিলেন, অথবা হাঁটিয়া নেঠোপথে গিয়াছিলেন, জানা যায় না। হাঁটাপথে তথনও বহু লোক চলাচল করিত, বিশেষতঃ তথন এবং এখনও ঐ পথে অনেকে বৈগ্যনাথের জন্ম ভাস্ত-পূর্ণিমাদিতে গঙ্গাজল আনিত বা লইয়া আসে। বৈগ্যনাথে তাঁহারা একদিন প্রবীণ ও শ্রুক্তে ব্রাহ্ম আচার্য শ্রুষ্ক্ত রাজনারায়ণ বন্ধ মহাশয়ের সহিত তাঁহার 'পুরাণদহ'লিত আবাসে দেখা করিতে গিয়াছিলেন। স্বামীজী ঐকালে লোকসমাজে সাধারণ সাধু হিসাবেই আপনার পরিচয় দিতে চাহিতেন; অতএব পূর্বেই স্বামী অখণ্ডানন্দকে বলিয়া দিয়াছিলেন, রাজনারায়ণবাবু যেন বুঝিতে না পারেন যে, তাঁহারা ইংরেজী জানেন। কথাপ্রসঙ্গে এমন অনেক বিষয় আসিয়া পড়িল যাহাতে ইংরেজী শব্দ প্রয়োগ করা আবশ্রক, যেমন যোগচিহ্ন প্লোস চিহ্ন); কিন্তু স্বামীজী তাঁহার অঙ্গুলিন্বয় প্লাসের আকারে সন্নিবন্ধ করিয়া উহা দেখাইলেন এবং সন্ধট এড়াইয়া গেলেন। একবারও বৃদ্ধ রাজনারায়ণবাবু বুঝিতে পারিলেন

৩ ইহা ইংরেজী জীবনীর মতে। বাঙ্গালা জীবনীর মতে রাজনারাফণবাবু হঠাৎ প্লাস কথাটা ব্যবহার করিরা উহা স্বামীজীকে বুঝাইবার জন্ত ঐক্লপ সংকেতের সাহায্য গ্রহণ করেন (২০৩ পৃঃ)। বিতীয় মৃত্ই অধিকত্র যুক্তিসমত।

না বে, যুবক সাধৃটি সীয় মাতৃভাষারই স্থায় অনর্গল ইংরেজী বলিতে অভ্যন্ত। স্থলীর্থকাল পরে যথন স্থামীজীর নাম সারা ভারতে স্থপরিচিত হইয়া পড়িল, রাজনারায়ণবার তথন ব্ঝিতে পারিলেন, উক্ত সাধৃই কয়েক বৎসর পূর্বে তাঁহার সহিত দেখা করিতে আসিয়াছিলেন; উক্ত সাক্ষাৎকারের ঘটনাটি তথন তাঁহার স্থতিপটে স্পষ্ট উদিত হইল এবং তিনি আস্টর্বের সহিত বলিলেন, "আমি ভেবেছিলাম, তিনি ইংরেজী জানেন না।" বৈখনাথে রাত্রিয়াপন করিয়া সাধুষয় পরদিন কাশীধাম অভিমুখে যাত্রা করিলেন।

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়ের স্মৃতিকথা হইতে আমরা স্বামীজীর বিহার-ভ্রমণ-সম্পর্কিত একটি ঘটনা জানিতে পারি। উহা ঠিক কোন্ কালের বা কোন স্থানের জানা না থাকিলেও আমরা এথানেই উহার সন্নিবেশ করিলাম। ঐ সময় বিহারপ্রদেশের বহু আম গাছের গায়ে কাদা সিঁদুর ও শস্তবীজের এক-একটি তাল ঘুঁটের মতো লাগানো রহিয়াছে দেখিয়া সরকারী মহলে এক মহা চাঞ্চল্যের উদ্ভব হয়। ঐ প্রাদেশের অনেক জেলার গাছেই এই কাণ্ড দেখা (शन। সরকারের গোয়েন। বিভাগ অমনি আবিদ্ধার করিয়া ফেলিল যে. সিপাহী বিলোহের ঠিক প্রাক্কালে যে জাতীয় চাপাটির প্রচলন হইয়াছিল, এই সকল ঘুঁটে-সদৃশ বস্তুর সহিত উহাদের অন্তত মিল রহিয়াছে। ইহার ফলে অক্সাৎ গ্রামাঞ্চলে দিপাহী সান্ত্রীর আবির্ভাব দেখিয়া গ্রাম্য লোক ভয়ে বলিতে লাগিল, ঐ সকল কাদার ঘুঁটের সহিত তাহাদের কোন সমন্ধ নাই ও কে উহা লাগাইয়াছে, তাহাও তাহারা জানে না। অতএব পরিবাজক সাধুদের উপরই **मत्मर প** फ़िन এবং দলে দলে তাহাদের ধর-পাকড় আরম্ভ হইল—यদিও পরে আবিদ্ধুত হইল যে, সাধুরা নিরপরাধ এবং আম গাছে ঐ ঘুঁটে লাগানো হইয়াছে কেবল স্থফলের আশায়। পুলিস এই সত্যের সন্ধান পাইবার পূর্বে ঐ কালে স্বামীন্দ্রী প্রত্যুবে নিদ্রাত্যাগ করিয়া গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড বা কোন গ্রাম্য পথ ধরিয়া চলিতে থাকিতেন, ষতক্ষণ না তিনি ক্লান্ত হইয়া পড়েন অথবা কেহ ভিক্ষাগ্রহণের জন্ম আহ্বান করে। একদিন চলিতে চলিতে শুনিতে পাইলেন, কে যেন পিছন इटेट छाकिट एहं। कितिया पिथिएन चनादारी এक भूनिम कर्यठाउँ পুলিসবাহিনীসহ তাঁহার দিকে আসিতেছেন। কর্মচারী কর্কশন্বরে তাঁহার পরিচয় চাহিলে তিনি বলিলেন, "দেখছেনই তো থাঁ সাহেব, আমি সাধু।" পুলিসের দারোগা প্রত্যুত্তর দিলেন, "সব সাধুই বদমাস, আমার সঙ্গে চলে এসো,

তোমার শ্রীঘরের ব্যবস্থা করে দিছিছ।" "কত দিনের জক্ত ?" মৃহভাবে প্রশ্ন করিলেন স্বামীজী। উত্তর আদিল, "হু'দপ্তাহ হতে পারে, একমাদও হতে পারে।" স্বামীজী আরও নিকটে গিয়া অন্থনমন্তরে বলিলেন, "শুধু একমাদ থাঁ দাহেব ? হু' মাদের ব্যবস্থা করতে পারেন না, অস্ততঃ তিন-চার মাদ ?" অন্থত আবদারে কর্মচারীর মেজাজ নরম হইল; তিনি বলিলেন, "এক মাদের বেশী জেলে থাকতে চাও কেন ?" স্বামীজী পূর্বেরই ভাায় ধীরভাবে বলিলেন, "কারাজীবন এর চেয়ে আনেক সহজ। সকাল থেকে সদ্ধ্যা পর্যন্ত এই অবিরাম হাঁটার তুলনায় জেলের পরিশ্রম কিছুই নয়। ভোজনই পাই না রোজ, আর উপোদ থাকতে হয় প্রায়ই। জেলে হু' বেলা পেটভরে থেতে পাব। আপনি যদি আমায় বেশ কয়েক মাদ জেলে পুরে রাথেন তো সত্যি আমার উপকার হয়।" শুনিতে শুনিতে থা দাহেবের ম্থ নৈরাশ্র ও বিরক্তিতে ভরিয়া উঠিল; তিনি হসাৎ স্বামীক্রীর প্রতি আদেশ দিলেন "ভাগো"।

নগেক্সবাবু ঐ পরিব্রাঙ্গক-জীবনের আর একটি কাহিনী লিপিবদ্ধ করিয়াছেন। একবার স্বামীজী স্থির করেন, থাখা ভিক্ষা করিবেন না, অ্যাচিতভাবে কেহ किছ मिट्छ जामित्नरे माळ नरेट्य । रेरात कटन मात्य मात्य छेपयारम कां हो हो उन्हों के कां कि कां এমন সময় এক বড়লোকের অখুশালার পার্য দিয়া গমনকালে এক সহিস ডাকিয়া विनन, "माध वावा, किছ ভোজন হয়েছে कि?" चामीकी विनटनन, "ना।" তथन महिम ठाँहाटक व्यवसानाम नहेमा निमा किছू ऋषि ও बान-ठाउँनि शाइटड দিল। স্বামীজী লক্ষা থাইতে থুবই অভান্ত ছিলেন, এমন কি তথু তথু কাঁচা লঙ্কাও চিবাইয়া থাইতে পারিতেন। কিন্তু এই চাটনি এত ঝাল ছিল যে, ছুই দিন উপবাসের পর উহা খাইয়াই তিনি পেটের ষম্রণায় ছটফট করিতে লাগিলেন। সহিসেরও তথন বিষম মন:কষ্ট। এমন সময় এক ব্যক্তি মাথায় একটি ঝুড়ি नरेयां के पिटक यारेटिक । शानमान अनिया रम थामिन। उथन वामी औ জানিতে চাহিলেন, তাহার ঝুড়িতে কি আছে। সে বলিন, "তেঁতুন"। স্বামীজী বলিলেন, "ঐ তো চাই।" ঐ তেঁতুলজ্ঞল থাইয়া তাঁহার ষত্রণার নিরুত্তি হইল। স্বামীকী ও স্বামী অথণ্ডানন্দের এই কালের ভ্রমণের ক্রমিক ও সম্পূর্ণ বৃত্তান্ত পাওয়া অসম্ভব বলিয়াই মনে হয়; স্বামীন্দীর বিভিন্ন উক্তি, নগেন্দ্রবাবুর বিবরণ

ইত্যাদি হইতে অমুমান করা চলে যে, ইহারা উত্তর ভারতের সমভূমিতে অনেক

পথ পদরক্তে অভিবাহিত করেন, যদিও কোন জীবনীতে বা অথগুনন্দের 'শ্বতিকথায়' ইহার উল্লেখ নাই। 'শ্বতিকথা'য় শুধু এইটুকু পাই, "ক্রমে ভাগলপুর, বৈখনাথ, গাজীপুর, কাশী, অযোধ্যা, নৈনীতাল ও আলমোড়া" (পৃঃ ৫৭)। গাজীপুরের কথা কিন্তু স্বামীজীর কোন জীবনীগ্রন্থে নাই। আরও ত্র্তাগ্যের বিষয় এই বে, স্বামীজী যদিও বহু চিঠি লিখিয়াছেন এবং উহার অনেকগুলিই আবিষ্কৃত হইয়াছে, তথাপি ১৮৯০ খুটান্দের ৬ই জুলাই-এর পর হইতে ১৮৯১ খুটান্দের ১০ই এপ্রিল পর্যন্ত কোন লিপি এ যাবৎ পাওয়া যায় নাই। সেইজন্ম অনেক ঘটনাই অজ্ঞাত রহিয়া গেল। বৈখ্যনাথের পর তাঁহাদের সঠিক খবর পাই কাশীধামে।

বারাণসী ক্ষেত্রে উপস্থিত হইয়া স্বামীজী প্রমদাদাস বাব্র গৃহে (বা উত্থান-বাটীতে) আশ্রয় লইলেন। প্রমদাবাবুর সঙ্গে তাঁহার নিতাই স্থদীর্ঘ শাস্ত্রালোচনা হইত: কিন্তু এখানে অধিক দিন থাকার ইচ্ছা ছিল না. কারণ তথন তিনি হিমালয়ের শাস্ত ক্রোড়ে দাধনায় নিমগ্ন হইতে ব্যাকুল, আর অন্তরে একটা শক্তির অফুট আলোড়ন তাঁহাকে চঞ্চল করিয়া তুলিয়াছিল—তিনি যেন অস্পষ্ট আভাস পাইতেছিলেন, তাঁহার দেহ-মন অবলম্বনে ঐ দৈবশক্তি এক অম্বৃত কার্য করিতে উদ্গ্রীব। তাই কথাপ্রসঙ্গে একদিন প্রমদাবাবুকে বলিয়া ফেলিয়াছিলেন, "আবার ষ্থন এখানে ফিরব, তথ্ন আমি সমাজের উপর একটা বোমার মতো ফেটে পড়ব, আর সমাজ আমাকে কুকুরের তায় অন্তুসরণ করবে।" স্বামীজী হঠাৎ কেন এরূপ একটা শক্ত, অথচ ভবিশ্বতের দৃষ্টিতে অতীব সত্য, কথা বলিলেন এবং প্রমদাবার উহা কিরূপে গ্রহণ করিলেন, জানা নাই। এতদিন পরে আমরা ওধু আন্দাজ করিতে পারি। প্রমদাবার ছিলেন থিয়োজফিস্টদের অমুরাগী অথচ সামার্জিক ক্ষেত্রে রক্ষণশীল। আর স্বামীন্ধী ছিলেন আধ্যাত্মিক ক্ষেত্রে সনাতন-পন্থী; কিন্তু সমাজের ন্তরে প্রগতিশীল। তিনি একদিকে যেমন আজগুবী জিনিস পছন্দ করিতেন না, অপর দিকে তেমনি প্রাণহীন আচার-বিচারে আস্থা রাখিতেন না। পুর্বেই আমরা দেখিয়াছি, পত্রের মাধ্যমে উভয়ের মধ্যে এইসব বিষয়ে বাদ-বিচার চলিত ; বর্তমানে উহা আরও তুমুলাকার ধারণ করিয়াছিল

৪ "নানাপ্রকার অভিনব মত মন্তিকে ধারণজন্ত বে সময়ে সময়ে ভূগিতে হয়।" ('বাণী ও
রচনা', ৬।২৮৭); "বৈরাগ্যাদি সক্কে আমাকে বে আজা করিয়াছেন, আমি তাহা কোখায় পাইব ?"
(ঐ, ৬।২২৭) ইত্যাদি দ্রবা।

নিশ্চয়। আমরা অস্থমান করিতে পারি, স্বামীক্ষী তাঁহার অপূর্ব ও মৌলিক সামাজিক দৃষ্টিভলী খুলিয়া ধরিতেছিলেন, আর প্রমদাবাবৃ ভাহার কার্যকারিতা সম্বন্ধে অবিশাস বা শ্লেষ প্রকাশ করিতেছিলেন। অতএব চিম্বাধারায় বাধাপ্রাপ্ত হইয়া অকমাৎ উত্তেজিতকঠে স্বামীক্ষীর পক্ষে ঐরূপ বলিয়া ফেলা আশ্রুষ নহে। অথচ উহা কত সতা! কাশীধামে তিনি ফিরিয়াছিলেন আমেরিকা বিজয়ের পরে—য়থন সারা ভারত বিবেকানন্দের নামে মৃথরিত। আরও একটি কথা দ্রষ্টব্য। এ পর্যন্ত স্বামীক্ষী যদিও প্রমদাবাবৃকে নিয়্মিত পত্র লিখিতেন, এই বিদায়ের পর আর কোন পত্র লিখেন নাই বলিলেই চলে—অনেক পরে শুরু একখানি শেষ চিঠিতে উভয়ের গভার মতপার্থকার কথা উল্লেখ করিয়াছিলেন। যাহা হউক, ইহাদের বন্ধুত্ব চিরস্থায়ী না হইলেও রামকৃষ্ণ-সক্তেবর প্রথমাবস্থায় কাশীধামে আগত রামকৃষ্ণ-মঠের সন্ন্যাশীদের দেবার জন্ত প্রমদাবাবৃ যাহা করিয়াছেন, তাহা কোন জীবনীকার ভূলিতে পারেন না, কিংবা অন্ত কথা তুলিয়া প্রমদাবাবৃর গৌরবকে ক্রম করাও চলে না। এই শেষবারেও তিনি স্বামীক্ষীর প্রতি বিশেষ অন্তরাগ দেখাইয়াছিলেন এবং তাহাদের স্বথ-স্থবিধার জন্ত সর্বপ্রকার চেষ্টা করিয়াছিলেন।

হিমালয়ে শীঘ্র পৌছিবার প্রবল আকাক্ষা স্বামীদ্বার ছিল। কিন্তু স্বামী
অথপ্তানন্দ পূর্বে অ্যোধান দর্শন করিয়া বিশেষ আনন্দ পাইয়াছিলেন, অতএব
স্বামীদ্বাকিও সে আনন্দ সন্তোগ করাইতে বদ্ধপরিকর হইলেন, তিনি স্বামীদ্বার
কোন কথা না শুনিয়া অ্যোধার হুইখানি টিকিট কিনিয়া আনিলেন। নিরুপায়
স্বামীদ্বা গল্পীরপদক্ষেপে গাড়ীতে উঠিয়া বসিলেন এবং অ্যোধার স্টেশনে
নামিয়া নীরবে একায় চড়িলেন—শুধু যেন অথগ্রানন্দেরই সন্তোযবিধানের জন্তু
চলিয়াছেন। অথগ্রানন্দের ইচ্ছা ছিল, স্বামীদ্বাকে মহান্ত মহারাদ্ধ জানকীবর
শরণের সহিত সাক্ষাং করাইবেন। ইনি ছিলেন ভগ্রন্তক ও সংস্কৃত এবং
পারস্ত ভাষায় স্থপণ্ডিত। বৈষ্ণব হইলেও তাহার তিলকাদি বাহ্যাড্যর ছিল
না। মঠে অর্থপ্রাচুর্য থাকিলেও তিনি থ্র ত্যাগী ছিলেন এবং অতিথিদের
সহিত এক পঙ্জিতে বিদয়া শালপত্রে আহার করিতেন ও সহকারীর উপর
কার্যভার দিয়া সাধনভদ্ধনে কালাতিপাত করিতেন। প্রথম দিন সন্ধ্যাসমাগ্রম
সর্যুতীরে লছ্মন ঘাটের সন্ধিকটে সীতারাম-মন্দিরে পৌছিয়া মহান্ত মহারাদ্ধের
সহিত আলাপের স্থ্যোগ না হওয়ায় পর্যদিন সকালে তাহারা ত্ইজনে পূন্র্বার

নেখানে উপস্থিত হইলেন এবং মহাস্কজীর সহিত ত্যাগ, বৈরাগ্য, ভক্তি ইত্যাদি সম্বন্ধে দীর্ঘ আলোচনা করিলেন। স্বামীজী ইহাতে থ্বই আনন্দিত হইয়া অখণ্ডানন্দকে বলিয়াছিলেন, "তুই যে এখানে আমায় এনেছিলি, এতে বড় খ্লী হয়েছি; আজ প্রকৃতই একজন সাধু প্ণ্যাত্মার দর্শনলাভ ঘটল।"

অতঃপর আমরা ইহাদের দর্শন পাই নৈনীতালে শ্রীযুক্ত রমাপ্রসন্ধ ভট্টাচার্বের গৈছে। এখানে তাঁহারা ছয়দিন ছিলেন। স্থানীয় তালের ঠাণ্ডা জলে স্থান করিয়া অথণ্ডানন্দের বৃকে একটা বেদনা হইল; কিন্তু তখন বদরীনারায়ণ দর্শনের সক্তর এক প্রবল যে, ঐ-বিষয়ে জ্রাক্ষেপ না করিয়া উভয়ে আলমোডায় চলিলেন।

আমাদের ধারণা নৈনীতাল হইতে আলমোড়া পর্যন্ত অধিকাংশ রাস্তায় উভয়ে পৃথক্ পৃথক্ চলিয়াছিলেন, কারণ পর পর ঘই দিন স্বামীজী তাঁহার সহযাত্রীকে বলিয়াছিলেন, "তুই রাস্তা দিয়ে বা, আমি একটু বনের ভিতর দিয়ে পিয়ে ওধারে তোর দঙ্গে মিলব।" ('স্বামী অথগুনন্দ', পৃঃ ৬৮)। কে জানে অশু সময়েও এইরপ হইত কিনা? আমাদের ধারণা, এইরপই হইত, কারণ স্বামীজীর তথন নির্জনতার দিকেই ঝোঁক ছিল এবং তাঁহার জীবনের ঐ কালের যে ঘটনাবলী লিপিবদ্ধ হইয়াছে, বা তিনি নিজে অশুপ্রসঙ্গে যাহা বলিয়াছেন, তাহার সহিত নিঃসঙ্গ ভ্রমণেরই সামঞ্জশু অধিক। আরও লক্ষ্য করিবার বিষয় এই বে, ঐ সব ঘটনার কোন কোনটি চমকপ্রদ বা রোমহর্ষক হইলেও স্বামী অথগুনন্দের 'শ্বতিকথায়' তাহাদের আভাসমাত্র নাই, কিংবা 'শ্বতিকথা'র বিবরণ স্ত্রোকারে বা তদপেক্ষাও সংক্রেপে লিপিবদ্ধ। যাহা হউক, এইভাবে চলিয়া তাঁহারা আলমোড়ায় পৌছিলেন; কিন্তু ইতিমধ্যে স্বামীজীর জীবনে কয়েকটি বিশেষ অমুভতি ঘটিল।

একদিন স্বামীন্দী তাঁহার সহযাত্রীকে বলিলেন, তিনি স্বর্ণোজ্জল অক্ষরে মন্ত্র দর্শন করিয়াছেন। বিভিন্ন দেবতার মন্ত্র কি এবং ঐ সকলের অর্থ কি, তাহাও তিনি বুঝাইয়া দিলেন। এই প্রসঙ্গে নিবেদিতাকে কথিত একটি ঘটনা মনে পড়ে। উহার স্থান বা কাল জানা নাই; হয়তো এই সময়েরও হইতে পারে। নিবেদিতা লিখিয়াছেন: "স্বামীন্ধী আমাদিগকে তাঁহার সেই বছদিন পুর্বের অপুর্ব দর্শনের কথা বলিলেন। তিনি তখন সবেমাত্র সয়্ল্যাসজীবনে পদার্পণ করিয়াছেন এবং পরে তাঁহার বরাবর এই বিশ্বাস ছিল য়ে, সংস্কৃতে মন্ত্র আরুন্তি

इर्रातको कोवनीएउ त्रामधमद्र छहाठाई नाम आहि ।

করিবার প্রাচীন রীতি তিনি এই ঘটনা হইতেই পুন:প্রাপ্ত হইয়াছিলেন। তিনি বলিলেন, "সন্ধ্যা হইয়াছে; আর্বগণ সবেমাত্র সিন্ধুনদতীরে পদার্পণ করিয়াছেন, ইহা সেই যুগের সন্ধ্যা। দেখিলাম, বিশাল নদের তীরে বসিয়া এক বৃদ্ধ। অন্ধনার তরকের পর অন্ধনার তরক আসিয়া তাঁহার উপর পড়িতেছে, আর তিনি অবদে হইতে আর্ত্তি করিতেছেন। তারপর আমি সহক অবদ্বাপ্রাপ্ত হইলাম এবং আর্ত্তি করিয়া য়াইতে লাগিলাম। বহু প্রাচীনকালে আমরা যে স্বর ব্যবহার করিতাম, ইহা সেই স্বর।" ('বাণী ও রচনা', ১।২৮৮ পঃ)

আলমোড়ার পথে তৃতীয় দিবস তাঁহারা রাত্রিবাসের জন্ম আলমোড়ারই অনতিদ্বে এক নির্বারিণীর ধাবে পান-চাকির কাছে আশ্রয় লইলেন। পরে স্নান সারিয়া এক প্রকাণ্ড অশ্বথ বৃক্ষেব নিমে ধানে বসিলেন। এক ঘণ্টা কাল এইভাবে অতীত হইলে স্বামীজী তাঁহার সন্ধীকে বলিলেন, "আথ্ গন্ধার, এই বৃক্ষতলে একটা মহা শুভ মূহূর্ত কেটে গেল; আজ একটা বড সমস্থার সমাধান হয়ে গেল! বৃঝলাম সমষ্টি ও ব্যষ্টি (বিশ্ব-ব্রহ্মাণ্ড ও অণু-ব্রহ্মাণ্ড) একই নিয়মে পরিচালিত।" স্বামী অথপ্তানন্দের নিকট রক্ষিত একথানি নোটবৃকে স্বামীজী সেদিনের অন্তভ্তির কথা লিখিয়া রাখেন। তিনি বান্ধালতেই লিখিয়াছিলেন। ইংরেজী জীবনীতে মৃদ্রিত উহার ইংরেজী অন্ববাদের বন্ধান্থবাদ এই, (উহার মূল হারাইয়া গিয়াছে):

" 'সৃষ্টির আদিতে ছিলেন শব্দবন্ধ' ইত্যাদি।

"বিশ্ব-ব্রহ্মাণ্ড ও অণ্-ব্রহ্মাণ্ড একই নিয়মে সংগঠিত। বাষ্টি জীবাত্মা বেমন একটি চেতন দেহের দ্বারা আবৃত্ত, বিশাত্মাও তেমনি চেতনাময়ী প্রকৃতির মধ্যে বা দৃষ্টা জগতের মধ্যে অবস্থিত। শিবা শিবকে আলিঙ্গন করিয়া আছেন। ইহা কল্পনা নয়। এই একের দ্বারা অপরের আলিঙ্গন ষেন শব্দ ও অর্থের সহদ্দের সদৃশ—তাহারা উভয়ে অভিল্ল এবং শুধু মানসিক বিল্লেখণ সাহায্যেই উহাদিগকে পৃথক করা চলে। শব্দ ভিন্ন চিন্তা অসম্ভব। অতএব 'স্ষ্টির আদিতে ছিলেন শব্দব্রহ্ম' ইত্যাদি।

"বিশ্বাদ্মার এই বিবিধ প্রকাশ অনাদি। অতএব আমরা যাহা কিছু দেখি বা অমুভব করি সবই সাকার ও নিরাকারের মিলনে সংগঠিত।"

ক্রমে আলমোড়ার উপকণ্ঠে উপন্থিত হইয়া স্বামীন্সী কৃষা ও পথল্রমে এমন অবসন্ন হইয়া পড়িলেন যে, আর চলিতে না পারিয়া ভূমিশয়া গ্রহণ করিলেন।

নিরুপায় অথগুনন্দ জলের সন্ধানে গেলেন। সম্মুথেই মুসলমানদের গোরস্থান ছিল এবং নিকটেই একজন ফ্রির পর্ণকূটীরে বাদ করিতেন। স্বামীজীর অবস্থা तिथिया ठाँकात नयात छेत्यक ठ्रेन ववः छिनि वक कानि मना चानिया স্বামীন্ত্রীকে থাইতে দিলেন। ইহা থাইয়া তিনি অনেকটা হুস্থ বোধ করিলেন। আমেরিকা হইতে প্রত্যাবর্তনের পর আলমোড়ায় এক বক্তৃতা-সভায় ঐ ফকিরকে উপস্থিত দেখিয়া স্বামীজী কৃতজ্ঞহদয়ে তাঁহাকে ডাকিয়া আনিয়া সকলের সন্মধে এই বলিয়া পরিচয় করাইয়া দেন যে, ইনিই তাঁহার প্রাণরক্ষক। ফ্রির অবশ্য স্বামীজীকে চিনিতে পারেন নাই, কিন্তু স্বামীজী ঠিক চিনিয়াছিলেন এবং প্রতিদানম্বরূপ তাঁহাকে কিছু অর্থও দিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন, "লোকটি বাস্তবিক দেদিন আমার প্রাণরকা করেছিল, কারণ আমি আরু কথনও কুধায় অতটা কাতর হইনি।" হিমালয়ভ্রমণ স্বামীন্ধীর পক্ষে দর্বদাই শারীরিক ক্লান্তিপ্রদ ছিল; পথশ্রম তো ছিলই, তাহার উপর ছিল আহার-নিদ্রার সম্পূর্ণ অনিশ্চয়তা বা অভাব। কিন্তু অভভেদী তৃষারমণ্ডিত হিমালয়ের গাছীর্ সৌন্দর্য ও শান্তসমাহিত ভাবদর্শনে তাঁহার মন ছিল সর্বদা প্রফুল্ল এবং অনস্তের সঙ্গে নিবিড সম্বন্ধে গ্রথিত—যেন মায়াবরণ স্তবে স্থবে থুলিয়া গিয়া চিরবিরাজমান অসীম শান্তিতে তিনি নিমজ্জিত হইতেছিলেন। সার্থক হইয়াছিল তাঁহার সেই তিতিকাও তপস্যা।

আলমোড়া শহরে পৌছিয়া স্বামী অথগুনন্দ তাঁহাকে অম্বাদত্তের বাগানে লইয়া গেলেন এবং তাঁহাকে দেখানে রাথিয়া আলমোড়ার অক্তর তপস্থারত স্বামী দারদানন্দ ও রূপানন্দ (বৈকুঠনাথ দায়্যাল) নামক অপর তুই গুরুলাতাকে সংবাদ দিতে গেলেন। সংবাদ পাইবামাত্র শেষোক্ত তুইজন অম্বাদত্তের বাগানে চলিলেন। তাঁহারা কিয়্দুরে গিয়া দেখেন স্বামীজী নিজেই তাঁহাদের দিকে আদিতেছেন। তথন সকলে মিলিয়া তাঁহাদের আল্রম্বাতা লালা বন্দ্রী-শার গৃহে উপস্থিত হইলেন। শাজী তাঁহাদিগকে সাদরে গ্রহণ করিলেন। এই গৃহে শ্রীরুক্ষ যোশী নামক একজন সেরেন্তাদারের সহিত সয়্ব্যাসগ্রহণের আবশ্রকতা সম্বদ্ধে স্বামীজীর স্থদীর্ঘ তর্কবিতর্ক হয়। স্বামীজী স্বীয় অয়্ভৃতিপুট অকাট্য যুক্তিদারা বিষয়টি এমনভাবে বুঝাইয়া দেন যে, যোশীজী স্বীকার করিতে বাধ্য হন—ত্যাগই ভারতের সর্বশ্রেষ্ঠ আদর্শ।

শান্ধীর বাড়ীতে স্বামীন্ধী থব আনন্দেই ছিলেন এবং তাঁহার শ্রদ্ধাভক্তি ও

অতিথিপরায়ণতা দেখিয়া বলিয়াছিলেন, এমন ভক্ত জগতে বিরল। শাজীর গৃহে দিন কয়েক কাটাইয়া গুরুত্রাতারা গাড়োয়াল বাইবার জক্ত প্রস্তুত হইতেছেন এমন সময় কলিকাতা হইতে তারযোগে সংবাদ আসিল, স্বামীজীর এক ভগিনী আত্মহত্যা করিয়াছেন। যথাকালে এই নিদারুল ঘটনার সবিশেষ সংবাদসহ এক পত্রপ্ত আসিল। বলা বাহুল্য, এই মর্মাস্তিক বুব্রান্ত পাঠ করিয়া স্বামীজীর স্বভাবতঃ স্নেহপ্রবণ মন হুংথে অবসন্ত হইয়া পভিল। আবার এই অতি বিবাদময় বিবরণের মাধ্যমে ভারতীয় নারীজীবনের বেদনাপূর্ণ দিকটার একটা প্রত্যক্ষ প্রমাণপ্ত তিনি পাইলেন এবং ইহার প্রতিকারের জক্ত তাঁহার প্রাণ কাঁদিয়া উঠিল। কিন্তু আপাততঃ তিনি কর্মক্ষেরে নামিবার জক্ত প্রস্তুত ছিলেন না; হৃদয়ের অসন্ত হুংথ তাঁহাকে এখন হিমালয়ের নির্জনতর প্রস্তুত্র ছিলেন না; হৃদয়ের অসন্ত হুংথ তাঁহাকে এখন হিমালয়ের নির্জনতর প্রস্তুত্র বির্যা বদরীনারায়ণ অভিমূপে যাত্রা করিলেন। সঙ্গে চলিলেন সারদানন্দ, অস্বপ্রভাবন্দ ও কুপানন্দ এবং মালবাহী একজন কুলি।

পথে স্বামী অপণ্ডানন্দের কফবুদ্ধি হইলেও তিনি কাশিতে কাশিতেই চলিলেন। কর্ণপ্রয়াগে তাঁহাদিগকে তিন দিন অপেক্ষা করিতে হইল, কারণ ঐ অঞ্চলে তুর্ভিক্ষের প্রকোপ হওয়ায় সরকার কেদার ও বদরিকাশ্রমের পথ যাত্রীদের জন্ম বন্ধ করিয়া দিয়াছিলেন। তিন দিন পরেও ঐ পথ খোলার আশা নাই দেখিয়া তাঁহারা অবশেষে ঐ তীর্থছয় দর্শনের চেষ্টা পরিত্যাগপুর্বক অন্ত পথ ধরিলেন। কর্ণপ্রয়াগ ছাড়িয়াই স্বামীজীর জর হইল; অথগুানন্দের বকের রোগও বৃদ্ধি পাইল। অতএব সলড়কাড় চটিতে আশ্রয় লইয়া তাঁহারা শ্যাত্রিত্ব করিলেন এবং পুনর্বার প্রচলার মতো স্বল না হওয়া পুর্যন্ত দিন ক্ষেক সেখানেই কাটাইলেন। অতঃপর তাঁহারা ক্রমে ক্রপ্রয়াগে উপস্থিত হইলেন। স্থানটির প্রাকৃতিক সৌন্দর্য অতীব মনোরম। চতুর্দিক জনহীন এবং সৰ্বত্ৰ নিস্তৰ শাস্তি বিবাজিত—কেবল মাঝে মাঝে বিচন্দকাৰলী ও ঝিলীবৰ. चात्र हित्रश्चवरुमाना निर्वितिगीत कनकनश्वनि । तक्क उच्छ हित्ररियत चानग्र হিমগিরির অপূর্ব শোভাদর্শনে স্বামীজীর আবাল্য স্বপ্ন দার্থক হইল। তাঁহার মন খেন তথন প্রকৃতির সহিত সমস্থরে বাঁধা হইয়া গেল। নদীর কুলুকুলুরব তাঁহার কর্ণে বিচিত্র স্করলহরীর পরিচয় দিত এবং গুরুত্রাতাদিগকে তিনি উহা ৰুঝাইয়া দিতেন। অলকানন্দার কুলুধ্বনি ভনিয়া তিনি বলিয়াছিলেন, "উহা এখন কেদারা রাগে প্রবাহিত হচ্ছে।" রুজপ্রয়াগে পূর্ণানন্দ নামক একজন সন্ধানীর সহিত তাঁহাদের সাক্ষাং হয়; ইনি বাঙ্গালী ছিলেন; ইহারই আশ্রমে সকলে প্রথম রাত্রি ষাপন করিলেন। পরদিন নিকটবতী ধর্মশালায় আশ্রয় লইবার পর স্বামীজা ও অথগুনন্দ পূন্বার জরাক্রান্ত হইলেন—সে জর পূর্বা-পেক্ষাও প্রবল। সোভাগ্যক্রমে সেখানে গাড়োয়ালের সদর আমিন শ্রীযুক্ত বজাদেব ঘোণীর সহিত সাক্ষাং হইলে তিনি দয়াপরবশ হইয়া সয়্যাসীদয়কে কিছু কবিরাজা ঔষধ দিলেন ও তাঁহারা কিঞ্চিং স্কন্ত হইলে তাগুলী করিয়া নয় মাইল দূরবর্তী শহর শ্রীনগরে পাঠাইয়া দিলেন। সাধুরা তথন আলমোড়া হইতে ১২০ মাইল এবং কাঠগোদাম হইতে ১৬০ মাইল পথ অতিক্রম করিয়াছেন। জিক্ষা, ধ্যান ও ধর্মালোচনাদি করিতে করিতে এবং অস্কৃত্তানিবন্ধন কিঞ্চিং মন্থরগতিতে চলিলেও কাঠগোদাম হইতে শ্রীনগর পৌছিতে তাঁহাদের কেবল কিঞ্চিদ্ধিক তিন সপ্তাহ লাগিয়াছিল।

শ্রীনগরে তাঁহারা অলকানন্দার তীরে এক কুটীরে আশ্রম পাইলেন এবং জানিতে পারিলেন স্বামী তুরীয়ানন্দ পূর্বে এই কুটীরেই বাস করিতেন। ভ্রমণকালে, বিশেষতঃ শ্রীনগরে, স্বামীজী গুরুভ্রাতাদের সহিত উপনিষদালোচনাম দীর্ঘকাল কাটাইতেন। দিনের পর দিন প্রাচীন ঋষিদিগের দৃষ্ট মন্ত্রসমূহে নিহিত আত্মস্থা পান করিতে করিতে এবং উহার সৌন্দর্য গুরুভ্রাতাদিগের সমক্ষেত্রলিয়া ধরিতে ধরিতে তিনি দেশ-কাল ও শারীরিক অবস্থাদির উর্ধ্বে চলিয়া যাইতেন। এইভাবে মাধুকরী মাত্র অবলম্বনে জীবনধারণপূর্বক ইহারা এখানে প্রাম্ন মাসাবধি বাস করিয়াছিলেন। এখানে বৈশ্রজাতীয় একজন শিক্ষকের সহিত স্বামীজীর আলাপ হইয়াছিল। শিক্ষক সাময়িক ভ্রমবশে গুরুধর্ম গ্রহণ করিয়া পরিশেষে অস্থতপ্ত হইয়াছিলেন। স্বামীজীর নিকট সদালাপের স্বধােগ পাইয়া এবং সন্তুদ্ধ ব্যহার লাভ করিয়া ঐ ব্যক্তি তাহার প্রতি বিশেষ অমুরক্ত হন এবং অবশেষে সনাতন ধর্ম পুনগ্রহণ করেন।

স্বামীজীকে তথন ভাগীরথী দর্শনের জন্ম ব্যাকুল দেখিয়া সকলে অতঃপর টিহিরি অভিমূখে ধাত্রা করিলেন। পথে ডিক্ষা মিলিল না; কারণ পথ জন-মানবহীন বনাকীর। সন্ধ্যায় ক্লান্তদেহে এক গ্রামে পৌছিয়া তাঁহারা চত্তরে আসন পাতিলেন এবং স্বামীজীর ধ্যপানের জন্ম অথণ্ডানন্দ আগুন আনিতে গোলেন। কিন্তু গ্রামবাসী কেহই আগুন দিল না। সাধুরা ভাবিতে লাগিলেন,

সামান্ত আগুন বেধানে মিলে না, তেমন অতিথিবিম্ধ গ্রামে ভিক্ষার কি হইবে? তথন সাধুদের মধ্যে প্রচলিত ঐ অঞ্চলের একটি প্রবাদবাক্য তাঁহাদের মনে পড়িল—

গাড়োয়াল সরীখা লাভা নহী। লাঠ্ঠা বগৈর দেতা নহী।

অমনি কৌতৃহলপরবশ হইয়া গন্তীরবাক্যে স্বামী অথগুনন্দ হাঁক দিতে লাগিলেন, "ইয়ে পাধান (প্রধান) রোটা লে আও, লকড়ীলে আও।" আশ্চম এই, তথনই গ্রামবাদীরা সম্রদ্ধভাবে তও্লাদি লইয়া উপস্থিত হইল; কিছে সাধুরা বলিলেন, তাঁহারা রালা করিতে পারিবেন না; তৈরী রুটা প্রভৃতি চাই। অমনি গ্রামবাদীরা সানন্দে খাত্য প্রস্তুত করিয়া দিল এবং অনেক রাত্রি পর্যন্ত বাদিয়া সাধুদের সহিত গ্রামাঞ্চলের রীতিনীতি ও স্থতঃখাদির কথা আলোচনা করিল। সাধুরাও তাঁহাদের সরল ব্যবহার ও সেবাপরায়ণতায় মৃয় হইলেন।

টিহিরি পৌছিয়া নিজন গঙ্গাতীরে সাধুদের জ্ঞা নিমিত হুইথানি ঘর মিলিল। শ্রীনগরের আয় এথানেও তাঁহার। মাধুকরী ভিক্ষায় জাঁবনধারণ করিতেন এবং শাস্তালোচনা ও ধ্যান্ধারণায় দিন কাটাইতেন। এগানে স্থনামধ্য হরপ্রসাদ শান্ত্রী মহাশয়ের অগ্রজ শ্রীযুক্ত রঘুনাথ ভট্টাচার্য মহাশয়ের সহিত স্বামীন্দ্রীর আলাপ হয়। ভট্টাচার্য মহাশয় টিহিরি-রান্তের দেওয়ান ছিলেন। দেওয়ানজী গঙ্গা ও ভিলান্ধনা নদীঘ্রের সন্ধ্যস্থল গণেশপ্রয়াগে স্বামীজীর সাধনার স্থান ঠিক করিয়া দিয়াছিলেন, কিন্তু স্বামীল্লী সে স্থায়েগ গ্রহণ করিতে পারিলেন না। অথণ্ডানন্দজী কিছুদিন যাবৎ সর্দি, জর, কাশি ইত্যাদিতে ভূগিতেছিলেন। এখন স্থানীয় ডাক্তার বলিলেন, তাঁহার ব্রহাইটিস হওয়ার সম্ভাবনা, পাহাড়ের শীতল জলবায়ুতে উহা বৃদ্ধি পাইবে; বিশেষতঃ সমূথেই শীত ঋতু। এইজান্ত তাঁহারা যত শীঘ্র নীচে নামিয়া যাইতে পারেন ততই মকল। এই সকল শন্ধাজনক কথা শুনিয়া ও গুরুলাতার মঙ্গল চিম্বা করিয়া স্বামীন্দী স্বীয় তপস্থার সম্বন্ধ পরিত্যাগপুর্বক প্রায় পনর কুড়ি দিন টিহিরিতে অবস্থানের পর দেরাত্বন যাওয়া স্থির করিলেন। যাত্রার পূর্বে স্বামীজী দেওয়ানজীর সহিত দেখা করিয়া সমস্ত ব্যাপারটা ব্রাইয়া দিলেন এবং জানাইলেন বে, ভবিশ্বতে পুনর্বার অবকাশ ঘটিলে তিনি তাঁহার স্থাবস্থার স্থাবাগ গ্রহণ করিবেন। দেওয়ানজী সব ভনিয়া অথগুনন্দের চিকিৎসার জন্ত দেরাত্নের সিভিল সার্জনকে একথানি পত্র লিথিয়া দিলেন এবং স্বামীজী ও অথগুনন্দ স্বামীকে মুস্বী পর্যন্ত বহন করিবার জন্ম হইটি ঘোড়ার ব্যবস্থা করিলেন। অধিকস্ক তাঁহাদের পাথেয়ের অন্যান্থ করিলেন। তারপর সকলে দেরাহ্ন চলিলেন। এখানেও স্বামীজীর জীবনের সেই পুরাতন কথারই পুনরার্ত্তি দেখিতে পাই—তপস্থায় তিনি যখনই ডুবিয়া যাইতে চান, তখনই বিদ্ধ উপন্থিত হয়। স্বামী অথগুনন্দ তাই এক সময়ে লিথিয়াছিলেন—"আমি স্বামীজীকে অসংখ্যবার বলতে শুনেছি যে, যখনই তিনি নির্জন নীরব সাধনায় ডুবে যেতে চেষ্টা করেছেন, তখনই ঘটনাপরক্ষরার চাপে পড়ে তাঁকে তা ছাড়তে হয়েছে।" তিনি জানিতেন, ঠাকুর তাঁহার উপর গুরুভাতাদের যে রক্ষণভার অর্পণ করিয়াছিলেন, সে দায়িত্বপালনের তুলনায় নিজের তপস্থাও তুছে!

মূক্রী হইতে নামিয়। যথন তাঁহারা রাজপুরের মধ্য দিয়া যাইতেছিলেন, তথন দ্বে একজন সাধুকে দেখিয়া মনে হইল ইনি তাঁহাদেরই গুরুভাতা স্বামী তুরীয়ানন্দ (হরি) হইবেন। ভরসা করিয়া তাঁহারা তাঁহাকে উচ্চৈ: স্বরে নাম ধরিয়া ভাকিলেন এবং তিনি নিকটে আসিলে দেখিলেন, সভাই তো স্বামী তুরীয়ানন্দ। ইনি তথন রাজপুরে তপস্তায় নিরত ছিলেন। অপ্রত্যাশিত ভাবে দীর্ঘকাল পরে সাক্ষাৎ হওয়ায় সকলেই আনন্দিত হইলেন এবং কুশল প্রশ্লাদির পর নানাবিধ আলাপে নিরত হইলেন। তথন নবরাত্তির একদিন মাত্র বাকী (সম্ভবতঃ ১৩ই অক্টোবর, ১৮৯০ থঃ)।

ইহার পর স্বামী তুরীয়ানন্দ সহ সকলে যথাসম্ভব সত্তর দেরাত্রনে উপস্থিত হইয়া প্রথমেই সিভিল সার্জেন শ্রীযুক্ত মাাকলারেনের সহিত সাক্ষাৎ করিয়া রঘুনাথবাবুর প্রদন্ত তাঁহার নামীয় পরিচয় পত্রগানি তাঁহাকে দিলেন। ডাক্তার পত্র পড়িয়া ও স্বামীজীর সহিত ধর্মবিষয়ে আলাপ করিয়া বিশেষ আনন্দিত হইলেন এবং অতি যত্রসহকারে স্বামী অথগুনন্দের বক্ষ পরীক্ষা করিয়া বলিলেন, "আর কিছুতেই উপরে উঠবেন না। দীর্ঘকাল সমতল প্রদেশে থেকে ভাল করে চিকিৎসা করান।" তথন সমস্তা দাঁড়াইল, দেরাত্বনে থাকিবেন কোথায় ? পরিচিত কেহ তো সেথানে নাই। স্বামীজী নিজে দ্বারে ঘাইয় আশ্রয় ভিক্ষা করিতে লাগিলেন, কিছু কোথাও স্থান মিলিল না, অথচ অফুসদ্ধান হইতে বিরত হইতেও পারিলেন না। বহু চেষ্টার পর অবশেষে সাধ্রা এক বণিকের নবনির্মিত এবং অসম্পূর্ণ গৃহে আশ্রয় পাইলেন, কিছু মাটির মেজে, শয়নের

অমুপযুক্ত এবং আহারেরও ব্যবস্থা নাই; কাজেই তাঁহারা ধাটিয়ায় শয়ন ও ভিক্ষায়মাজে জীবনধারণের সিদ্ধান্ত গ্রহণ করিলেন। কিন্তু ঘরধানি এত সাঁতিসাঁতে যে রোগীর পক্ষে সেথানে থাকা হানিকর; অন্ততঃ তাঁহার জন্ম অন্ত আশ্রেয় চাই। এইরপ বিকট সমস্তার সম্মুখীন হইয়া স্বামীজী ইতন্ততঃ স্থ্রিতেছেন, এমন সময় দৈবক্রমে তাঁহার জেনারেল এসেম্ব্রিজ কলেছের সহপাঠী জ্বন্মবাব্ নামক এক খৃষ্টান ভদ্রলাকের সহিত সাক্ষাং হইল। তিনি স্থানীয় বিভালয়ের শিক্ষক ছিলেন এবং স্বামী অথওানন্দের ভার লইতে সম্মত হইলেন। তদমুসারে অথওানন্দ সেথানে গেলেও, আবাল্য অন্তর্রুপ পরিবেশে লালিত-পালিত তাঁহার পক্ষে খৃষ্টান-গৃহের অভিনব আচারাদি অসক্ষ হওয়ায় তিনি পূর্বাবাসেই ফিরিয়া আসিলেন। স্বামীজী সকল কথা শুনিয়া বলিলেন, "বেশ করেছিল।" কিন্তু সেথানে তো রোগীকে রাগা চলে না। অতএব তিনি পুনর্বার অমুসন্ধানে নির্গত হইয়া পণ্ডিত আনন্দ নারায়ণ নামক একজন কাশ্মীরী ব্রাহ্মণ ও স্থানীয় উকিলের সাহায়্য লাভে সমর্থ হইলেন। ইনি একথানি ক্ষুম্ম ভাড়াঘরে অগণ্ডানন্দকে থাকিতে দিলেন এবং তাঁহার জন্ম গ্রম

দেরাতনে একজন জাত-বেনের সহিত স্বামীজীর দেখা হয়; তাহার লোক-প্রসিদ্ধ নাম ছিল "নন্দ গাঁটা"—অর্থাং গাঁইট বন্ধনে পট় রূপণ নন্দ। কথাবাতায় সে ছিল খুব চতুর। সে ভাবিত, সে একজন পাকা বৈদাস্থিক; আর বলিত, "পাঁচ মিনটমে তত্ত্ব থিঁচ লিয়া হায়; জগং তিন কালমে হায়হী নহীঁ" ইত্যাদি। স্বামীজী তাঁহার কথায় কোতৃক অফুভব করিতেন এবং মাঝে মাঝে আলাপ করিয়া সময় কাটাইতেন। ইহার পুত্রের সহিত্ত স্বামীজীর আলাপ হইয়াছিল। এবং সে পিতার অজ্ঞাতসারে একদিন সাধুদের নিমন্ত্রণ করিয়া খাওয়াইয়াছিল। নন্দ গাঁটা যথন বাড়ীতে ফিরিয়া দেখিল সাধুরা খাইতেছেন, তথন বিশ্বিত হইলেও ছেলের বিফুদ্ধে কিছু বলিল না।

একদিন খৃষ্টান বন্ধু হাদয়বাব্র গৃহে সমাগত খৃষ্টার্ম-প্রচারকদিগের সহিত স্থামীজীর ঘোর তর্ক বাধিয়া গেল। কিন্তু স্থামীজীর সহিত তাঁহার। আঁটিয়া উঠিতে পারিলেন না। বিজ্ঞানসমত বিচারধারা অবলম্বনে পাশ্চান্তাদেশে তথন বাইবেলের ঘটনাবলী সম্বন্ধে যেসব আপত্তি উঠিয়াছিল ও মারাত্মক ঐতিহাসিক গ্রেষণা চলিতেছিল (হায়ার ক্রিটিসিজ্ম্) সেসব তথ্য তুলিয়া স্থামীজী বধন

খুষ্টান গোঁড়ামির মৃলোচ্ছেদে উভত হইলেন, তথন প্রচারকরা ব্ঝিলেন, ইনি তাঁহাদের নাগালের বাহিরে—কারণ তাঁহারা ঐসব কথা পূর্বে ভনেনও নাই। তাঁহারা নিরস্ত হইলে স্বামীজী হাদয়বাব্র বাটীতে বসিয়া তাঁহারই ধর্মের সমালোচনা করিয়াছেন বলিয়া তৃঃধপ্রকাশ করিলেন।

দেরাছনে এইভাবে তিন সপ্তাহ কাটিয়া গেলে এবং অথপ্তানন্দের রোগের উপশম হইলে, স্বামীজী তাঁহাকে এলাহাবাদে এক বন্ধুর গৃহে চলিয়া যাইতে পরামর্শ দিলেন এবং রূপানন্দের উপর তাঁহার সেবার ভার দিয়া অপর তুইজন শুক্রভাতার (সারদানন্দ ও তুরীয়ানন্দের) সহিত হুষীকেশ যাত্রা করিলেন। কিছুদিন পরে অথপ্তানন্দও দেরাছন ত্যাগ করিয়া প্রথমে সাহারানপুরে শ্রীযুক্ত বঙ্গুবিহারী চট্টোপাধ্যায় নামক এক উকিল ভদ্রলোকের বাটীতে উপস্থিত হুইলেন। তারপর উকিল বাবুর পরামর্শে এলাহাবাদ যাপ্তয়ার সঙ্কল্ল পরিত্যাগপুর্বক উকিল বাবুরই আলাপী বন্ধু মীরাটের ডাক্তার শ্রীযুক্ত ত্রেলোক্যনাথ ঘোষের বাটীতে চলিয়া গেলেন। এদিকে ক্নপানন্দও দেরাছন ছাড়িয়া হ্যীকেশে অপর শুক্রভাতাদের সহিত মিলিত হুইলেন।

হৃষীকেশে চণ্ডেশ্বর মহাদেবের মন্দিরের সন্নিকটে পর্ণকৃটীরে আশ্রেয় লইয়া, ভিক্ষারে উদরপালন ওগঙ্গাবারিতে তৃষ্ণানিবারণপূর্বক সাধুরা হিমালয়ের পাদদেশ-বর্তী এই স্প্রাচীন তপস্থাভূমিতে ভগবচ্চিস্তায় নিরত হইলেন—স্বামীজীর তপস্থাবাসনা যেন তৃপ্তির পথ খুঁজিয়া পাইল। প্রকৃতির লীলাভূমি, সৌন্দর্ধনিলয়, পর্বত-পরিবেষ্টিত এই তো সেই পুণ্যক্ষেত্র যেথানে যুগ্যুগাস্তর ধরিয়া সাধু মহাত্মারা তপস্থাবলম্বনে সিদ্ধিপ্রাপ্ত হইয়াছেন। এথানে ত্যাগ-বৈরাগ্য যেন সর্বত্র আকাশে-বাতাসে অস্থ্যুত রহিয়াছে, আর সর্বত্র উঠিতেছে শাস্ত্রপাঠধান। সংসার হইতে দ্রে নীরব গঙ্গাতীরবর্তী এই তীর্থক্ষেত্রটি যেন সাক্ষাৎ শ্রীভগবানেরই পাদপীঠ। নবীন নগর হৃষীকেশের অগ্রগতিতে প্রাচীন-তপোভূমির যে পরিবর্তন ঘটিয়াছে,—স্বামীজীর সময়েও সে পরিবর্তন ধীরপাদবিক্ষেপে অগ্রসর হইতে থাকিলেও ঐ ক্ষেত্রের মূল পরিবেশ অক্ষত ছিল। সেথানে তথন শঙ্করগিরি নামক একজন প্রাচীন সাধুর সহিত স্বামীজীর আলাপ হয়। গিরি মহারাজ স্বামীজীর সহিত কথা কহিয়া বিশেষ আনন্দ পাইতেন আর বলিতেন, "পাণ্ডিত্যের কথা ছেড়ে দাও, কথা বোঝে এমন লোক কোথা—বাত সমঝে এ্যাইসা আদমী মিলে কহাঁ?" তিনি হ্যীকেশের অনেক প্রাচীন গল্প ভনাইতেন, বলিতেন:

তথন ব্রবীকেশ ছিল রীতিমত অরণ্য, আর পালে পালে হাতী আসিত। এখন কি আর সে হ্বরীকেশ আছে? এখন হইয়াছে রোটি-কেশ। এখন সত্তে সহজে রোটি পাওয়া বায় এবং সাধুও থাকেন অনেক ইত্যাদি। ইনিই য়মীজীকে এক জ্ঞানী সাধুর কথা শুনাইয়াছিলেন, বাঁহাকে ব্যাদ্রে লইয়া যাইবার সময়ও মুখ হইতে ক্রমাগত ধ্বনি উথিত হইয়াছিল, "শিবোহহম্ শিবোহহম্"। এখানে গুক্লাতারা চিরাভ্যাসাম্বায়ী ধ্যানজ্প ইত্যাদির সহিত সর্বদা শাস্ত্রচা করিতেন, বিশেষতঃ এই কালে 'ব্লক্ষত্র' গ্রন্থখানি তাঁহারা বিশেষ মনোযোগ সহকারে অধ্যয়ন করেন।

পরিবেশ সর্ববিষয়ে অমুকৃল হইলেও হৃষীকেশ তথন ছিল মাালেরিয়াদি রোগের অবাধ বিচরণক্ষেত্র এবং নিকটে চিকিৎসার বাবস্থাও ছিল না। অতএব দীৰ্ঘকাল সেখানে থাকিয়া তপস্থা করিবেন—স্বামীজী এইরপ্রে আকাজ্ঞাপোষণ করিতেন তাহা অচিরে বাধাপ্রাপ্ত হইল; তিনি শীঘ্রই জ্বরেরাগে আক্রাস্ত হইলেন এবং উহা বুদ্ধি পাইয়া বিকারে পরিণত হইল। তর্বলতা বধিত হওয়ায় তিনি চলচ্ছক্তিহীনও হইলেন; এমন কি ভূমিতে শিষ্কত একখানি কমলের উপর সংজ্ঞাশূত অবস্থায় পড়িয়া রহিলেন। উপায়হীন গুরুলাতাদের মন তথন **অতীব বিষাদময় ও নৈরাশ্রপূর্ণ—বহু ক্রোশের মধ্যেও কোন চিকিৎদক নাই,** যাহার সাহায্য প্রার্থনা করা চলে; আর এমন রোগীকে দূরে লইয়া যাওয়ার প্রশ্নই উঠিতে পারে না। তাই চিকিংসার অভাবে একদিন জীবনসংশয় উপস্থিত হইল ; সেদিন ক্রমাগত ঘর্ম নিঃসরণের পর শরীর হিম হইয়া নাড়ী ছাড়িয়া গেল—যেন অন্তিমকাল উপস্থিত। এমন বিপদকালে যথন সকলে অনস্তমনে বিপদ্ভপ্তন মধুস্থদনের নাম স্বরণ করিতেছেন, তথন পর্ণকুটীরের খারে रुठा९ थीत अनत्क्र छनिया माधुता ठिकट्ड ठारिया प्रियत्नन, এक माधु मधायभान। সাধু তাঁহাদের সাদর আহ্বানে গৃহমধ্যে প্রবেশ করিয়াই অবস্থা বুঝিয়া লইলেন এবং থলি হইতে কিঞ্চিং মধু ও পিপ্পলচূর্ণ লইয়া উহা একত্রে মাড়িয়া স্বামীক্ষীকে धीरत धीरत शाख्यादेश मिरलन। अमनि आम्हर्य कन कलिन, सामीकी कनकान মধ্যে চক্ষু মেলিয়া অস্পষ্টম্বরে কি যেন বলিতে চাহিলেন। জনৈক গুরুলাতা তাঁহার মুথের কাছে কান পাতিয়া তাঁহার অর্পোচ্চারিত হই একটি কথা ভনিলেন, কিছ কিছু বুঝিতে পারিলেন না। যাহা হউক, তিনি ক্রমে বললাভ করিতে লাগিলেন। পরে তিনি গুরুত্রাতাদের নিকট বলিয়াছিলেন, অজ্ঞান

ষ্ববন্ধায় তাঁহার বোধ হইতেছিল, তাঁহাকে যেন বিধাতার নির্দেশে কোন একটা বিশেষ কার্য করিতে হইবে; উহার সমাপ্তির পূর্বে তাঁহার বিশ্রাম নাই, শান্তি নাই। ঐ সমন্ন হইতেই তাঁহার গুরুত্রাতাদের স্পষ্ট বোধ হইত, স্বামীজীর দেহ-মন স্ববন্ধনে যেন এক বিপুল অব্যক্ত শক্তি আত্মপ্রকাশের জন্ম আকুল—যেন কোন সীমার মধ্যে উহা স্বার আবন্ধ থাকিতে পারিতেছে না—উপযুক্ত ক্ষেত্র লাভের জন্ম অন্থির, চঞ্চল।

খামীজীর প্রাণরক্ষা হইলেও তথনই অন্যত্র যাওয়া অসম্ভব জানিয়া গুরুত্রাতারা তাঁহাকে লইয়া আরও কিছুদিন হ্ববীকেশেই থাকিয়া গেলেন। তারপর যথন মনে হইল তিনি পথশ্রম সহা করিতে পারিবেন, তথন তাঁহাকে হরিষারে লইয়া গেলেন। সেথানে আসিয়া খামী সারদানন্দ ষে ঝোপড়ীতে থাকিয়া পূর্বে তপস্থা করিতেন উহাতেই উঠিলেন। ইতিমধ্যে টিহিরির দেওয়ান পূর্বপরিচিত রখুনাথ ভট্টাচার্য মহাশয় ঐ রাজ্যের রাজার সহিত আজমীরের 'মেও কলেজে' বাইবার পথে হরিষারে আসিয়া সন্ধান পাইলেন, একজন বিহান সাধু সেথানে পীড়িত আছেন। দর্শন করিতে আসিয়া তিনি চিনিতে পারিলেন, ইনিই তাঁহার পূর্বদৃষ্ট স্বামীজী। তিনি ঝোপড়ীর সংস্কারের জন্ম কিছু অর্থ দিলেন এবং দিলীতে গিয়া এক হাকিমের নিকট চিকিৎসা করাইবার জন্ম পরিচয়পত্রও দিলেন। ফলে ঝোপড়ীর সংস্কার হইল। স্বামী ব্রহ্ষানন্দ তথন কনথলে তপস্থায় নিরত ছিলেন; তাহারও সহিত সকলের সাক্ষাৎকার হইল।

হরিষার হইতে ইহারা সকলে সাহারানপুর গেলেন এবং সেখানে শ্রীযুক্ত বঙ্ক্বিহারী চট্টোপাধ্যায় মহাশয়ের সহিত সাক্ষাৎ করিলেন। চট্টোপাধ্যায় মহাশয় পরামর্শ দিলেন যে, স্বামীন্ধী মীরাটে গেলে সর্ববিষয়ে স্থবিধা পাইতে পারেন। এদিকে স্বামী ক্রন্ধানন্দ দীর্ঘকাল স্বামী অথগুনন্দকে দেখেন নাই বলিয়া মীরাটে গিয়া তাঁহাকে দেখিবার জন্ম বিশেষ উৎস্ক হইলেন। তাই উভয় টানে পড়িয়া স্বামীন্ধী অপর সকলের সহিত মীরাট যাওয়াই শ্রেয়: মনে ক্রিলেন। আমেরিকা গ্মনের পূর্বে স্বামীন্ধীর হিমালয়বাস এই প্রকারে

৬। এই পৰম্পরা বিষয়ে বিভিন্ন গ্রন্থে মতভেদ আছে। ইংরেজী জীবনীতে আছে — স্বনীকেশে সুস্থ হইরা স্বামীজী হরিছারে যান। বাঙ্গালা জীবনীর ও স্বামী অথওানন্দের মতে তিনি স্বনীকেশেই থাকিয়া যান; পরে সাহারানপুর ঘাইবার পথে কনখলে স্বামী ব্রন্ধানন্দের সহিত মিলন ঘটে। বাহা ইউক, সাহারানপুর যাইবার কালে চিকিৎসার স্বস্থা কিছুদিন হরিছারে থাকা অসম্ভব নহে।

হ্ববীকেশ ছাড়ার দকে দকেই সমাপ্ত হইল। তাঁহার হিমালয়-বাদকালের দকল ঘটনা আমরা অবগত নহি। যেদব ঘটনা পুর্বে লিপিবদ্ধ হইয়াছে, তাহা ছাড়া আরও তুই-চারিটি কথা বিচ্ছিন্নভাবে জানা যায়; ঐগুলির স্থান-কাল নির্ণয় করা তুঃদাধ্য। তাই আমরাও ঐভাবেই সময়াদি-নিরপেক্ষভাবেই বলিয়া যাইব।

স্বামীজীর সহিত হিমালয়-ভ্রমণের কাহিনী বর্ণনাপ্রসঙ্গে স্বামী অথগুানন্দ লিথিয়াছেন, "স্বামীজী ও আমি চলেছি। এক জায়গায় দেখি এক সাধুধাান করতে বসেছে—বেশ কাপড়-চোপড মুড়ি দিয়ে মাথা পথন্ত, আর সজোরে নাক ডাকছে। স্বামীজী বলে উঠলেন, 'ওরে, এখানে এসে বেটা বসে বসে ঘুম্ছে, কম নয় তো ? দে বেটার কাঁধে লাঙ্গল জুড়ে—তবে যদি ওর কোন কালে কিছু হয়।" ('স্বামী অথগুানন্দ', ৭০ পঃ)।

আর একবারের কথা সামীজী স্বয়ং বক্তৃতাকালে এইরপ বলিয়াছিলেন, "আমি এক সময় হিমালয়ে ভ্রমণ করিতেছিলাম, আর সম্মুথে প্রসারিত ছিল স্থলীর্ঘ পথ। আমাদের মতো সরীব সাধুদের তো আর কোন বাহন জোটে না; কাজেই সারাটা পথ আমাদিগকে ইাটিয়াই চলিতে হয়; আমাদের মঙ্গে ছিলেন এক বৃদ্ধ। পথটি চড়াই উত্তরাই করিয়া শত মাইল ধরিয়া চলিয়াছে। বৃদ্ধটি এক চড়াই উঠিতে সিয়া যথন দেখিলেন, সম্মুথে তথনও আনেকগানি উঠিতে হইবে, তথন হতাশভাবে বলিয়া উঠিলেন, 'মহারাদ্ধ, এত পথ যাব কি করে পূ আমি তো আর চলতেই পারছি না—আমার ছাতি ফেটে যাবে।' আমি তাঁহাকে বলিলাম, 'নিজের পায়ের দিকে তাকান তো!' তিনি তাহাই করিলে আমি বলিলাম, 'পেছনে আপনার পায়ের তলায় যে পথ পড়ে আছে, আপনি তা মাড়িয়ে এসেছেন, আর সামনে যে পথ দেখছেন, তাও তো সেই একই পথ —ও পথটুকুও শীঘ্রই আপনার পদতলে দলিত হবে।'" স্বামীক্ষীর কথায় রুদ্ধের নৈরাশ্র কাটিয়া সেল এবং তিনি পুনরায় পথ বাহিয়া চলিলেন।

হ্বীকেশ প্রভৃতি স্থানে স্বামীজী থেদব দর্বত্যাগী দাধুর দর্শন পাইয়াছিলেন, তিনি শতমুথে তাঁহাদের প্রশংসা করিতেন। একজনের দর্মন্ধ তিনি বলিয়াছিলেন, "হ্বীকেশে আমি অনেক মহাপুক্ষের দর্শন পাইয়াছিলাম; একজনের কথা মনে আছে—তিনি উন্মাদভাবে থাকিতেন। রাস্তা দিয়া উলক্ষ্ হইয়া চলিয়াছেন, আর ছোঁড়ারা পশ্চাতে দৌড়াইতেছে, টিল ছুঁড়িতেছে, স্বাক্ষ্ কত-বিক্ষত হইয়া দরদর ধারায় রক্ত পড়িতেছে, তথাপি ভ্রক্ষেপ নাই—বরং

হাসিয়াই থুন। আমি তাঁহাকে ধরিয়া লইয়া গিয়া আহত স্থানগুলি ধোয়াইয়া
দিই ও একটু স্থাকড়া পুড়াইয়া তাহার ছাই সেই সব স্থানে লাগাইয়া দিই, তবে
রক্ত থামে। তিনি কিন্তু ক্রমাগত হাসিয়া লুটোপুটি ধাইতে লাগিলেন, আর
বলিতে লাগিলেন, 'কিয়া মজেদার ধেল ইয়ায়! বিলকুল বাবাকা থেল! কিয়া
আনন্দ'! এই রক্তারক্তিতেও তিনি ঈশরের লীলার আহ্বাদ পাইয়াছিলেন।"

স্বামীজী আরও অনেক সাধু দেখিয়াছিলেন, যাঁহারা লোকজনের সদ্ধালবাসেন না—লুকাইয়া থাকিতে চাহেন। তাঁহাদের আত্মগোপনের কৌশলও অভ্ত—কেহবা গুহার চতুর্দিকে মন্তন্ত্য-কদ্ধাল ছড়াইয়া রাখিয়াছেন; তাহা দেখিয়া লোকে ভাবিবে তিনি সর্বভূক এবং ভয়ে ঐ দিক মাড়াইবে না। কেহ বা লোক দেখিলেই প্রস্তর নিক্ষেপ করেন। এই রকম সব। এইসব সন্ধ্যাসীদের সম্বন্ধে স্বামীজী বলিতেন, "ইহাদের তপস্তা, তীর্থযাত্রা বা পূজাদির কোন প্রয়োজন নাই; তবে যে ইহারা তীর্থে তীর্থে ঘূরিয়া বেড়ান ও তপস্তাদি কঠোর অন্তর্গন করেন, সে শুধু নিজ নিজ পুণাবলে লোক-কল্যাণ সাধনের জন্ত।"

হিমালয়-ভ্রমণকালে একদিন তিনি এক শীতার্ত বৃদ্ধ সাধুকে দেখিতে পান।
স্মানি তাঁহার মনে শ্রাদ্ধা ও সেবাবৃত্তি স্বতঃই উদিত হইল। সাধুটির কট
নিবারণের জন্ম তিনি নিজ স্কন্ধ হইতে কম্বলখানি লইয়া উক্ত সাধুর গায়ে
জড়াইয়া দিলেন। বৃদ্ধ সাধু এই সেবায় সম্ভট্ট হইয়া মৃত্হাম্ম সহকারে তাঁহার
দিকে চাহিয়া বলিলেন, "নারায়ণ তোমার মঙ্গল করুন।"

আর এক সাধুর তিনি দর্শন পাইয়াছিলেন, যাঁহার সৌমামৃতি ও পবিত্র আচার-ব্যবহার দেখিয়াই তিনি ব্ঝিতে পারিয়াছিলেন, ইনি অহুভৃতি-ক্ষেত্রে সভাই অতি উর্ধের উন্নীত হইয়াছেন। কিন্তু তাঁহার সহিত কথাবার্তায় অগ্রসর হইয়া তিনি যে তথাের সন্ধান পাইলেন তাহাতে তাঁহার বিশ্বয়ের সীমা রহিল না। তিনি জানিলেন, এই ব্যক্তিই এক সময়ে পওহারী বাবার জিনিসপত্র চুরি করিয়া পলাইবার কালে পওহারীজী জাগিয়া উঠেন এবং চাের জিনিস ফেলিয়া ভয়ে পলাইতে থাকে। তথন পওহারী বাবা ঐ জিনিসগুলি লইয়া তাহার পশ্চাজাবন করেন এবং অনেক দ্রে তাহাকে ধরিয়া ফেলিয়া তাহার হত্তে জিনিসগুলি অর্পা করিয়া প্রত্যাবর্তন করেন। স্বামীজী পুর্বেই গাজীপুরে ঘটনাটি শুনিয়াছিলেন। এক্ষণে সন্মুধস্থ সাধুর স্বমুধে ঐ বৃত্তান্ত শুনিয়া এবং মহাপুরুষের সংস্পর্শে মানবমন কিরূপ পরিবর্তিত হয়, চাের কেমন করিয়া মহাপুরুষে পরিণত

হয় তাহার প্রত্যক্ষ প্রমাণ পাইয়া তাঁহার চিত্ত একই কালে মহাপুক্ষের মাহাজ্যের প্রতি ও মানব-মনের অন্তর্নিহিত দেবত্বের প্রতি শ্রদ্ধায় পরিপূর্ণ হইল। সাধ্ বলিলেন, "তিনি (বাবাজী) যখন আমায় নারায়ণ-জ্ঞানে অকুষ্ঠিতচিত্তে সর্বস্ব অর্পণ করিলেন, তখন আমি আমার নিজের ভ্রম ও হীনতা ব্রিতে পারিলাম এবং তদবধি ঐহিক অর্থ ত্যাগ করিয়া পারমার্থিক অর্থের সন্ধানে ঘূরিতে লাগিলাম।" বহু রাত্রি পর্যন্ত এই সাধুর সহিত স্বামীজীর আলাপ হইল এবং তিনি স্থির ব্রিলেন যে, এই ব্যক্তির সত্যলাভ হইয়াছে। তারপরও কয়েক দিন ধরিয়া তাঁহার মনে এই আশ্রুর্য ঘটনা বারংবার উদিত হইয়াছিল; বস্তুতঃ আজীবন তিনি ইহা মনে রাথিয়াছিলেন। তিনি যথন বলিতেন, "পাপীদিগের মধ্যেও সাধুত্বের বীজ লুকায়িত আছে", তথন তিনি কেবল বাগ্যিতার আশ্রয় না লইয়া এই প্রত্যক্ষ ঘটনা শ্রবণ করিয়াই এইরূপ বলিতেন—ইহা স্থনিশ্বিত।

হিমালয়-ভ্রমণের কোন এককালে স্বামীজী এক তিব্বতী পরিবারে বাদ করিয়াছিলেন। দেশের নিয়মালুদারে তাহাদের নাবীরা একই সময়ে অনেক স্বামীর পত্নী হইতে পারে। দেই প্রথান্থ্যায়ী উক্ত পরিবারের ছয়জন ভ্রাভার মাত্র একজন দ্রী ছিল। স্বামীজী স্বভাবতঃই এই বীভংদ আচারের নিন্দা করিয়াছিলেন এবং ইহার বিরুদ্ধে যুক্তিও দেগাইয়াছিলেন। কিন্ধ যে ভ্রাভার সহিত আলাপ হইতেছিল, দে বিরক্ত হইয়া প্রতিপ্রশ্ন করিল, "স্বামীজী, আপনি সাধু হইয়াও অপরকে কি করিয়া এমন স্বার্থপর হইতে বলিতে পারেন ? 'এমন জিনিসটি শুধু আমিই ভোগ করিব, অপর কেহ নয়'—এই রকম মতলব কি নিন্দনীয় নয় ? আমরা কেন এমন স্বার্থপর হইতে যাইব যে প্রত্যেকেই একজন করিয়া স্বী রাখিব ? ভ্রাভারা সব জিনিস সমভাবে পাইবে—এমন কি স্বী পর্যন্ত । এইরূপ যুক্তি অতি অসার জানিয়াও স্থামীজী এই সরলতা দেখিয়া মৃগ্ধ হইলেন এবং তিনি বুঝিলেন যে, প্রত্যেক ব্যাপারেরই ভালমন্দ তুইটি দিক আছে। সরল পাহাড়ীর কথার ফলে তিনি অতঃপর প্রত্যেকটি সামাজিক আছার-ব্যবহারকে বহু দিক হইতে যাচাই করিয়া দেখার প্রয়োজন হদয়ক্ষম করিয়াছিলেন।

হিমালয় পরিত্যাগাস্তে সাধুর্ক হরিদার ও সাহারানপুর হইয়া মীরাটে উপস্থিত হইলেন এবং ডাব্রুনর শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ ঘোষ মহাশয়ের গৃহে স্বামী অধ্যণ্ডানন্দকে দেখিতে গেলেন। স্বামীকী তথন অত্যন্ত কুশ হইয়া গিয়াছেন। তাই অপণ্ডানন্দ যদিও তাঁহাকে দেখিবার জন্ম ব্যাকুল ছিলেন, তথাপি তাঁহার রোগজীর্গ দেহ দেখিয়া চমকিয়া উঠিলেন। তিনি লিখিয়াছেন, "স্বামীজীকে এত কয় আমি কখনও দেখিনি, ঠিক যেন একখানি ছায়াম্তিতে পরিণত হয়েছিলেন। মনে হয়েছিল তিনি যেন তখনও হয়িকেশের সাংঘাতিক পীড়া থেকে উদ্ধার পাননি।" ঠিক হইল, স্বামীজীও ডাক্তারবাবুর বাড়ীতেই থাকিয়া চিকিৎসা করাইবেন এবং তদমুসারে তিনি পনর দিন সেখানেই রহিলেন। অপর সকলে য়জ্জেয়রবাবুর বাটীতে আশ্রেয় পাইলেন। ইনি পরে সয়াস অবলম্বনপূর্বক স্বামী জ্ঞানানন্দ নামে এবং ভারতধর্ম-মহামণ্ডলের অন্ততম নেতারূপে প্রসিদ্ধি লাভ করেন। ইহারও পরে সকল গুরুত্রাতা মিলিয়া শেঠজীর বাগান নামে প্রসিদ্ধ য়জ্জেয়রবাবুরই এক বয়ুর বাগানে বাদ করেন। জরের প্রতিক্রিয়া ও পুনরাবির্ভাব প্রতিরোধের জন্ম স্বামীজী তখনও ঔষধ দেবন করিতেন। য়য় তত্র বাস এবং অয়ত্বলম্ধ আয় য়েন তেন প্রকারে উদরপুরণ ইত্যাদির ফলে স্বামীজীর শরীর একেবারে ভাঙ্গিয়া পড়িয়াছিল। অতএব মীরাটে একটু দীর্ঘকাল থাকার প্রয়োজন হইয়াছিল এবং ইহাতে তাঁহার স্বাস্থ্যের উম্লিত হইয়াছিল।

এই সময় তীর্থদর্শননিরত স্বামী অবৈতানন্দও (গোপালদা) সেথানে আসিয়া পড়ায়, সাতজন গুরুলাতার মিলনে শেঠজীর বাগান যেন দিতীয় বরাহনগর-মঠে পরিণত হইল। সাধুয়া এখানে নিয়মিত ধ্যান-ধারণা ও জপাদি করিতেন; সঙ্গীতাদিও প্রচুর হইত। প্রতিদিন মধ্যাহ্ন-ভোজনের পর স্বামীজী সকলকে লইয়া সংস্কৃত গ্রন্থ পাঠ করিতেন এবং ব্র্ঝাইয়া দিতেন। এইরপে একে একে 'মৃচ্ছকটিকম্', 'অভিজ্ঞান-শর্কুতলম্', 'ক্মার-সম্ভবম্', 'মেঘদ্ত' এবং 'বিষ্ণু প্রাণ' পড়া হইয়া গেল। অপরাহ্নে তাঁহায়া ল্রমণে বাহির হইতেন এবং স্থানীয় প্যারেড গ্রাউণ্ডে সৈগুদের নানাপ্রকার ক্রীড়া দর্শনে আমোদ পাইতেন। স্বামীজীর অভিপ্রায়াহ্মারে ঐ সময়ে স্বামী অবগুনন্দ প্রতিদিন স্থানীয় প্রক্রাগার হইতে স্থার জন্ লাবকের গ্রন্থাবলীর এক এক ধণ্ড লইয়া আসিতেন; এবং পরদিবসই ফেরত দিয়া বলিতেন যে, ঐ গ্রন্থ স্বামীজীর পড়া হইয়া গিয়াছে। গ্রন্থাগারিক ইহা বিশ্বাস করিতেন না এবং ভাবিতেন ইহা লোক-দেখানো পড়ার ভানমাত্র। ইহা জানিতে পারিয়া স্বামীজী স্বন্ধং একদিন প্রকাগারে উপস্থিত হইয়া গ্রন্থাগারিককে বলিলেন, "মহাশয়, আমি সব কয়থানি বইই আয়ত্ত

করেছি। আপনার সন্দেহ হলে আপনি যে কোন বই থেকে বে কোন প্রশ্ন করে দেখতে পারেন।" তথন কয়েকটি প্রশ্ন করিয়া এবং সম্চিত উত্তর পাইয়া গ্রন্থাগারিক ব্ঝিলেন, তিনি ভূল করিয়াছিলেন। ইহাতে তাহার আশ্চধের সীমা রহিল না—ইহাও কি সম্ভব? পরে অথগ্রানন্দন্ধী এই বিষয়ে প্রশ্ন করিয়াছিলেন, "স্বামীন্ধী, এ আপনি কি করে করলেন?" তাহাতে স্বামীন্ধী উত্তর দিয়াছিলেন, "আমি কথনও কোন বই প্রতিটি শব্দ ধরে পড়ি না, আমি গোটা এক একটা বাক্য ধরে পড়ি, এমন কি, এক একটা প্যারা ধরেও পড়ে যাই — যেমন নাকি ছবির কলের সামনে একসঙ্গে একথানি বছ বর্ণের চিত্র

ঐ কালে অথণ্ডানন্দ স্বামী তাঁহার একজন পূর্বপরিচিত আফগান ভদ্র-লোককে স্বামীজীর নিকট লইয়া আসেন। তিনি ছিলেন আফগানিস্থানের আমির আন্ধার রহমানের আত্মীয় এবং সরদার শ্রেণীর একজন অভিজাতবংশীয় ব্যক্তি। স্বদেশ ত্যাগ করিয়া তিনি শরণাণী রূপে ভারতে বাস করিতেছিলেন। সাধুদর্শনে আসিবার পূর্বে তিনি হিন্দুদিগের ক্যায় হস্তপদাদি প্রক্ষালন করিতেন এবং হিন্দু বাহকের সাহায্যে ফল-মিষ্টান্নাদি সাধুদের জন্ম আসিতেন। স্বামীজী তাঁহার সহিত স্বাতের স্থপ্রসিদ্ধ ম্সলমান ফকির আম্দের সম্বন্ধ অনেক আলোচনা করিয়াছিলেন। এই ভদ্রলোক ব্যতীত আরপ্র অনেক হিন্দু বাঙ্গালী ও অক্যান্ত প্রদেশীয় ভদ্রলোক স্বামীজীর সহিত ধর্মপ্রসন্ধ করিতে শেঠজীর বাগানে সমবেত হইতেন। এইরূপে মীরাটের দিনগুলি খুবই আনন্দে কাটিয়াছিল।

স্বামী তুরীয়ানন্দের ১৯।১২।১৫ তারিথের একথানি পত্তে, স্বামীজীর মীরাটে অবস্থান সম্বন্ধে এইরপ লিখিত আছে: "স্বামীজী আমাদের জুতা সেলাই হতে চন্ডীপাঠ পর্যন্ত সব শিক্ষা সেই সময় দিতেন। এদিকে বেদান্ত, উপনিষদ্, সংস্কৃত নাটকসকল পাঠ ও ব্যাখ্যা করিতেন, ওদিকে…রায়া শিখাইতেন। আরও কত কি যে করিতেন তাহা তুমি অহমানই করিতে পারিতেছ। এই সময়ের একদিনের ঘটনা চিরদিনের মতো হাদয়ে অঙ্কিত আছে।…একদিন পোলাও প্রভৃতি রায়া করিয়াছেন।…দে যে কি উপাদেয় হল তা আর কি বলব? আমরা ভাল হয়েছে বলায় সব আমাদের খাইয়ে দিলেন, নিজে দাতে কাটিলেন না। আমরা বলায় বলিলেন, 'আমি ওসব তের থেয়েছি—তোমাদের খাইয়ে আমার

বড় স্থা হচ্ছে, সব খেরে ফেল। বোঝো! ঘটনা সামান্ত; কিন্তু চিরতরে হাদয়ে গাঁথা আছে। কেত যে যতু, কত যে ভালবাসা, কত গল্প, কত বেড়ান—সব স্মৃতিপটে জ্বল জ্বল করছে। "

হ্যবিকেশে স্বামীন্দ্রীর কঠিন পীড়া ও জীবন সংশয়কালে গুরুল্রাতারা আরও প্রাণে প্রাণে অমুভব করিয়াছিলেন, তিনি তাঁহাদের কতথানি প্রিয়পাত্র। তথন তাঁহাদের প্রতি মুহুর্তেই বোধ হইতেছিল, গুরুদেবের অদর্শনের পর যিনি তাঁহারই নির্দেশে এবং স্বীয় প্রতিভাবলে ও আধ্যাত্মিক অমুভৃতি-প্রভাবে তাঁহাদের নেতা ও পথিক্লৎ রূপে সকলকে ভবিশ্বৎ পরিপূর্তির অভিমুখে পরিচালিত করিতেছিলেন, তথনই তাঁহারও শরীরবিয়োগ হইলে তাঁহারা দিতীয়বার কর্ণধারহীন হইবেন। তারপর মীরাটের এই আনন্দ-প্রাচুর্যময়, ভগবদ্ভাবপূর্ণ ও শিক্ষাপ্রদ দিনগুলি তাঁহাদের প্রীতির সম্বন্ধকে আরও প্রীতিময়, সজীব ও নিবিড় করিয়া তুলিতেছিল—যেন তাঁহাদের পক্ষে পরস্পরকে ছাড়িয়া বিচ্ছিন্ন জীবনযাপন অতঃপর একেবারে অসম্ভব। তাঁহারা যথন এই প্রকারে স্বামীজীর উপর অত্যন্ত নির্ভরশীল হইয়া পড়িয়াছেন, তথনই কিন্তু স্বামীজীর মনে বিপরীত চিন্তার উদয় হইল। তিনি ভাবিলেন ইহাদিগকে আত্মনির্ভরশীল করিতে হইবে, ইহারা প্রতিক্ষেত্রে তাঁহার মুখাপেক্ষী হইয়া থাকিলে শ্রীরামক্লফের कार्य मण्पूर्ण ममाथा इटेरव ना। अधिक छ छाटात अन्तर्धामी छाटारक विनिष्ठा দিতেছিলেন—জাঁহার ব্রত উদ্যাপন করিতে হইলে আপাতত: জাঁহাকে নি:সক জীবনষাপন করিতে হইবে—যাহাতে তিনি ভাবী মহৎ কার্ষের উপযুক্ত ভুয়োদর্শনাদির অধিকারী হইতে পারেন এবং বিবিধরূপে আপনাকে ঐ জন্ত প্রস্তুত করিতে পারেন। হয়তো তিনি নিজ ইষ্টদেবতার কোনরূপ আদেশও পাইয়াছিলেন। অতএব অকম্মাৎ একদিন সকলকে ডাকিয়া বলিলেন, "আমার জীবনত্রত শ্বির হইয়া গিয়াছে। এখন হইতে আমি একাকী অবস্থান করিব; তোমরা আমায় ত্যাগ কর।" স্বামী অথগুানন্দ অনেক অমুনয়-সহকারে তাঁহার সহিত থাকিবার অনুমতি প্রার্থনা করিলেন; কিন্তু অটল স্বামীজী দৃঢ়ভাবে विमालन, "अक्नाहेरानत भाषा भाषा वतः चात्र श्रवन। এ भाषात भारक পড়িলে কার্যসাধনে বছ বিদ্ব ঘটিবে। আমি আর কোন মায়ার বেড়ি রাখিতে চাহি না।" এই সকল্প শীঘ্রই কার্যে পরিণত হইল—১৮৯১ খুষ্টাব্দের জাত্ময়ারির শেষ ভাগে একদিন প্রাতঃকালে স্বামীজী একাকী দিল্লী অভিমূবে যাত্রা

করিলেন। গ গঙ্গাধর অভিযোগ করিয়াছিলেন, "তোমারই অমুরোধে আমি মধ্য-এশিয়া দেখা বন্ধ রাথিয়া বরাহনগরে ফিরিয়া গিয়াছিলাম; এখন তুমি আমাকে ত্যাগ করিয়া ঘাইতেছ ?" স্বামীজী তবু বলিলেন, "যখনই তপস্থা করব মনে করি, তখনই ঠাকুর একটা বাগড়া দেন। আমি এবার একলা বেরুব। কোথায় থাকব, কাউকে সন্ধান দেব না।" অখণ্ডানন্দও বলিয়া রাখিলেন, "তুমি যদি পাতালেও যাও, সেখান থেকে যদি খুঁজে তোমায় বার করতে না পারি, আমার নাম গঙ্গাধর নয়।"

৭। মীরাটে ইংহারা কতদিন ছিলেন, তাহা নির্ণয় করা স্থকটিন। ইংরেজী জীবনীর মতে প্রায় পাঁচ মাস (২০৩ পুঃ)। বাঙ্গলা জীবনীর মতে "তিন মাদেরও অধিক কাল" (২২০ পুঃ)। বাঙ্গলা জীবনীর মতে "তিন মাদেরও অধিক কাল" (২২০ পুঃ)। বাঙ্গী অথগুনন্দের "স্তিকথা'র মতে "সকলে চার-পাঁচ মাস তথায় অবস্থান করেন" (৬২ পুঃ)। কিন্তু 'বামী অথগুনন্দে' গ্রন্থের মতে ইংহাদের অবস্থান আরম্ভ হয় ডিসেম্বরে (৭২ পুঃ)। বাঙ্গলা জীবনীর মতে "সে সময়টা কালীপূজার পর, শরতের শেষ" (২০৮ পুঃ)। আমরা দেখিয়া আসিয়াছি, স্থামীজীরা অক্টোবরের মাঝামাঝি দেরাছনে পৌছেন। ঐ বৎসর ৺কালীপূজা সম্ভবতঃ নভেন্বরের দ্বিতীয় সপ্তাহে হয়। এদিকে স্থামীজী মীরাট ছাড়েন ১৮৯০ খুট্টাদের জামুগারির শেষে (ইংরেজী জীবনী, ২০৪ পুঃ)। বাঙ্গলা জীবনীর মতও প্রায় অমুক্রপ (২২১ পুঃ)। মোটের উপর অমুমান হয়, তুই মাসের প্রব বেশী মীরাটে থাকা হয় নাই।

রাজপুতানায়

মীরাটের পর দামাক্ত বস্ত্রাদিতে দাধারণভাবে ভূষিত স্বামীজী স্বামী বিবিদিয়ানন্দ এই ছদ্মনামে আত্মপরিচয় দিয়া হিন্দু-মুদলমান-যুগের বহু স্মৃতি-জড়িত ইতিহাসপ্রসিদ্ধ মহানগরী দিল্লীতে পদার্পণ করিলেন। কিন্তু পরিচয়-গোপনে অতিমাত্র তৎপর হইলেও স্বামীজীর প্রতিভাদীপ্ত তরুণ মুখমণ্ডল, আয়ত নম্মন্থ্রাল, স্থাঠিত লাবণ্যময় শরীর, রাজোচিত চলনভঙ্গী এবং অতি ভদোচিত অমায়িক ব্যবহারের প্রভাবে তাহার সংস্পর্শে আগত ব্যক্তিমাত্রই তাঁহার সহিত নিকট-আত্মীয়তা বোধ করিতেন ও তাঁহাকে ভাল না বাসিয়া পারিতেন না। এইভাবেই তিনি শেঠ শ্রীযুক্ত শ্রামল দাসের গৃহে সাদরে গৃহীত হইলেন। তারপর ঐ গৃহকে কেন্দ্র করিয়া তিনি অতীত যুগের রাজ-প্রাসাদ, হুর্গ, সমাধিস্থান পরিত্যক্ত রাজধানীর ভগ্নন্ত,পারত ও গুলাচ্ছাদিত অবস্থিতিম্বল ও অন্তান্ত প্রাচীন গৌরবের নিশ্চিহ্নপ্রায় নিদর্শন ইত্যাদি দেখিয়া বেড়াইতে লাগিলেন। তাঁহার আধ্যাত্মাহুভৃতিপুষ্ট ঐতিহাসিক চেতনা তাঁহাকে জানাইয়া দিল, ভারতীয় সভাতা কত পুরাতন, ভারতের সংস্কৃতি কিরূপ অবিনশ্বর ও বিভিন্ন ধারার মিলনে কভ বিচিত্র অথচ ক্রমবর্ধমান। পৌরাণিক ও ঐতিহাসিক ঘটনাবলীর এই অপুর্ব লীলাক্ষেত্র কতশত লুপ্ত মহিমার সাক্ষ্য বক্ষে ধারণ করিয়া তাঁহার বৈরাগ্যপ্রবণ মনকে সহজেই বুঝাইয়া দিল—জাগতিক ঐশ্বৰ্ষ ক্ষণভঙ্গুর হইলেও তাহারই মধ্য দিয়া আত্মার মহিমা কেমন চির-উজ্জ্বল দীপ্তিতে ও বিবিধ ভঙ্গীতে আপনাকে বিকাশ করিয়া চলিয়াছে। মন ছিল তথন তাঁহার বেশ সতেজ এবং দিল্লীর শীতকালের পরিষ্কার জলবায়ুর গুণে তাঁহার শরীর ছিল হুন্থ ও সবল।

এদিকে মীরাটে অবস্থিত গুরুত্রাতারা দিন দশেক পরে দিল্লীতে আসিয়া স্বমহিমায় ভাস্বর স্বামীজীকে সহজেই আবিষ্কার করিয়া ফেলিলেন ও তাঁহার সহিত মিলিত হইলেন। স্বামীজী তাঁহাদিগকে পাইয়া অস্তরে আনন্দিত হইলেও স্বাভিলাষপূর্তির পথ বিদ্বায়িত হইবে ভাবিয়াক্কজিমকোপভরে দৃঢ়ম্বরে তাঁহাদিগকে

খামী অভেদানন্দের মতে ইহা ছল্মনামে নহে, প্রত্যুত ইহাই তাঁহার ১৮৮৭ খৃষ্টান্দের প্রারম্ভে
গৃহীত সন্নাস-নাম। ইহার পরের ছল্মনাম স্চিদানন্দ।

বলিলেন, "দেখ ভাই, আমি ভোমাদের আগেই বলিয়াছি, আমি নি:দক্ক থাকিতে চাই, আমি তোমাদের বলিয়াই রাথিয়াছি, আমার অন্থদরণ করিও না। সেই কথাই আবার বলি—আমি চাই না বে, কেহ আমার সঙ্গে থাকে। আমি এখনই দিল্লী ছাড়িয়া যাইতেছি। কেহ যেন আমার অন্থদরণে উন্থভ না হয়, কেহ যেন আমাকে খুঁজিয়া বাহির করিতে প্রয়াদী না হয়। আমি চাই যে, তোমরা আমার কথা রাথ। আমি সমন্ত অভীত সম্বন্ধ ছিল্ল করিতে চাই। আমি আপন-মনে ঘুরিয়া বেড়াইব—পাহাড, জকল, মরুভ্মি অথবা নগর—যাহাই হউক না কেন, যায় আসে না। আমি চলিলাম। প্রত্যেকে নিজের নিজের বৃদ্ধি-বিবেচনা অন্থয়ায়ী সাধনে রত হউক, ইহাই আমি চাই।" গুরুলাভারা তাঁহাকে বৃঝাইয়া বলিলেন, "তৃমি যে এখানে আছ আমরা ভাহা জানিভামই না; আমরা আসিয়াছিলাম শুধু দিল্লী শহর দেখিতে। এখানে আসিয়া স্বামী বিবিদিষানন্দ নামক একজন ইংরেজী-জান্। দাধুর থবর পাইলাম, তখন তাঁহাকে দেখিতে আসিলাম। কাজেই ভোমার সঙ্গে যে দেখা হইয়া গেল, ইহা এক আক্ষিক ঘটনামাত্ত।"

যেমন করিয়াই হউক, স্বামীজী তগনকার মত শাস্ত হইলেন এবং তংকণাং দিল্লী ত্যাগ না করিয়া আরও কিছুদিন পূর্বাবাদেই থাকিয়া গেলেন। গুরুল্লাতারা অবশ্য অন্তত্ত আশ্রেয় লইলেন, কিন্তু দকলের আহার স্বামীজীর সঙ্গে শেঠজীর গৃহেই হইতে লাগিল। ক্রমে গুরুল্লাতারা বিভিন্ন স্থানে চলিয়াখাইতে লাগিলেন। স্বামী সারদানন্দের শরীর অস্ত্রু হওয়ার তিনি রূপানন্দের সহিত এটোয়ায় গেলেন, আর স্বামী ব্রন্ধানন্দ স্বামী তুরীয়ানন্দের সহিত পাঞ্জাব অভিমুখে থাত্রা করিলেন। বাকী রহিলেন স্বামীজী, স্বামী অপণ্ডানন্দ ও স্বামী অইন্থতানন্দ। এই কালের একটি ঘটনা এই: স্বামীজী একবার স্থানীয় প্রসিদ্ধ ভাকার শ্রীষ্কু হেমচন্দ্র দেনকে গলা দেখাইতে গিয়াছিলেন—তাঁহার গলায় তথন টন্সিল ছিল। ঐ দিনের সাক্ষাতের ফলে ভাকার বাব্ স্বামীজীর গুণাবলীর কোন পরিচয় পান নাই—সাধারণ রোগীর দৃষ্টিভেই পরীক্ষা করিয়াছিলেন মাত্র। কথাপ্রসক্ষে তিনি স্বামী অথণ্ডানন্দকে জানান যে, তিনি স্বামীজীর সহত্তে কোন উচ্চ ধারণা পোষণের কারণ দেখেন নাই, তব্ তিনি তাঁহার সহিত ঘনিষ্ঠ আলাপের জন্ত উৎস্ক্র। তদকুসারে ভাকারবাব্ একদিন স্বগৃহে মহাবিদ্যালয়ের অনেক অধ্যাপককে ভাকিয়া আনিলেন এবং স্বামীজীও গুরুল্লাভ্রম্বের বহিত সেই

আসরে উপস্থিত হইলেন। বৈঠকে অবিরাম বিচার চলিতে লাগিল এবং স্থামীজীর তীক্ষ বৃদ্ধি ও অগাধ পাণ্ডিত্য দর্শনে সকলেই চমৎক্ষত হইলেন। ইহার পরে ডাক্ডারবাবু একদিন সাধুদিগকে স্বগৃহে আমন্ত্রপূর্বক ভোজন করাইয়া-ছিলেন। অচিরেই স্থামীজী দিল্লী ছাড়িয়া চলিলেন, অপর হইজন গুফ্লাতাও বৃক্ষাবনে গেলেন। স্থামীজীর রাজস্থানভ্রমণ আরম্ভ হইল।

স্বামীজী তথন জীবনের উদ্দেশ্য দিদ্ধির জন্ম অতিমাত্র ব্যাকুল, হয়তো তিনি জানিতেন, তাঁহার জীবনের শুভ বিজয়মূহুর্ত অতি দল্লিকটে, আর তাই তাঁহার প্রস্তুতির জন্ম সময় আছে খুবই অল্প। সে বিরাট অজ্ঞানা কার্যের জন্ম তাঁহার হৃদয়দেবতা শ্রীরামক্লফ এখন তাঁহাকে সহায়-সম্বলহীন একক-জীবন্যাপনে অফ্প্রাণিত করিলেন; আর স্বামীজীও সে আহ্বানে সাড়া দিলেন ও স্বীয় প্রিয় শুক্রভাতাদের—একমাত্র শেষ বন্ধনের হস্ত হইতে মৃক্তিপাইয়া যেন স্বন্ধির নি:শাস ফেলিলেন। এখন তিনি স্কচ্ছেল্বিহারী, স্বাধীন, মৃক্ত। তাঁহার মনে পড়িল ধর্মপদের বাক্য—

নো চ লভেত নিপকং সহায়ং
সদ্ধিং চরং সাধুবিহারি ধীরং,
রাজাব রাট্ঠং বিজিতং পহায়
একো চরে মাতঙ্গহরঞ্ঞেব নাগো।
একস্স চরিতং সেয়ো
নহথি বালে সহায়িতা
একো চরে ন পাপানি ক্যিরা
অপ্পোস্থকো মাতঙ্গহরঞ্ঞেব নাগো।
২

২। 'ধর্মপদ, নাগবগ গো', ১০-১১।

''(যমন রাজা বিজিত রাষ্ট্র পরিত্যাগ করিয়া (প্রব্রজ্যা অবলম্থনপূর্বক) অরণ্যে বাস করেন, কিংবা যেমন মাতজহত্তী বনমধ্যে একাকী বিচরণ করে, তদ্রুপ মনুষ্য যদি প্রজ্ঞাবান্, সদাচারী এবং প্রতিত সজী না পায়, তাহা হইলে তাহার একাকী বাস করা উচিত।

"একাকী বাস করা শ্রেমশ্বর, কেননা মূর্থের সহিত বাসে সহায়তা লাভ হয় না। একাকী বাস করিবে ও কোন প্রকারে পাপ আচরণ করিবে না। যেমন মাতঙ্গ হন্তী বনে একাকী বিচরণ করে, তক্ষপ অল্প উৎস্ক (অর্থাৎ উৎস্ক্রাহীন বা নিরাস্ক্র) ইইয়া বাস করিবে।"

ত্যাগী সন্মাসী স্বামীজী একাকী বিচরণের প্রয়োজনবোধে নিধিল বন্ধন ছিল করিয়া, সকল সম্বন্ধ ত্যাগ করিয়া, সমস্ত সসীমতা অস্বীকার করিয়া, অথিল ভয় অপসারিত করিয়া দিল্লী ও উত্তর ভারত পশ্চাতে ফেলিয়া ইতিহাদের ক্রীড়াভূমি, সৌন্দর্যলীলাক্ষেত্র রাণা প্রতাপের ফদেশ, সতীর রক্তে সমুজ্জল, বীরপ্রস্বিনী রাজপুতানার দিকে অগ্রসর হইলেন এবং ১৮৯১ খৃষ্টাব্দের ফেব্রুয়ারি মাদের প্রথম ভাগে এক সকালে ট্রেন হইতে আলোয়ার নগরে অবতীর্ণ হইলেন। উভয় পার্ষে উত্থান ও খ্যামল ক্ষেত্রে স্থশোভিত রাজপথ বাহিয়া ক্রমে মনোরম হ্ম্যশ্রেণী অতিক্রমপূর্বক তিনি অবশেষে একটি রাজকীয় দাতব্য চিকিৎসালয়ের সম্মথে উপস্থিত হইলেন ও সেথানে একজন বাদালী ভদলোককে দণ্ডায়মান দেথিয়া বঙ্গভাষায় জিজ্ঞানা করিলেন, "নাধু-সন্ন্যাসীদের থাকার কোন স্থান এদিকে আছে কি ' ভদ্রলোকের নাম শ্রিগুরুচরণ লম্কর এবং তিনিই ঐ ঔষধালয়ের চিকিৎসক। ডাক্তারবাবু দীর্ঘকাল বান্ধলার বাহিরে আছেন, তাই কমনীয়বদন তরুণ সন্ন্যাসীর মুখে মাতৃভাষ। ভানিয়া বিশেষ আনন্দিত হইলেন ও সমন্মানে অভিবাদনপুরক সাগ্রহে বলিলেন, "নিশ্চয়, আগতে আজ্ঞা হয়, আম্বন", এবং তাঁহাকে সঙ্গে লইয়া গিয়া চিকিৎসালয়ের অনতিদরে বাজারের একথানি দ্বিতল গৃহ দেখাইয়া বলিলেন, "এ ঘরখানি সাধুদের জ্বন্ত, এখানে থাকতে কষ্ট হবে কি ?" স্বামীজী সম্মিতবদনে বলিলেন, "কিছু না।" ডাক্তার-বাবু তথনই তাঁহার জন্ম প্রয়োজনীয় দ্রবাদি আনাইয়া দিলেন, কারণ স্বানীজীর সঙ্গে তথন একথানি গেরুয়া বস্ত্র, দণ্ড, কমণ্ডলু ও কম্বলে-জড়ানো হুই-চারিথানি পুত্তক ভিন্ন আর কিছুই ছিল না। প্রাথমিক ব্যবস্থা হইয়া গেলে গুরুচরণ বার তাঁহার একজন মুসলমান বন্ধুর নিকট উপস্থিত হইয়া বলিলেন, "মৌলবী সাহেব, এইমাত্র একজন বান্ধালী দরবেশ এখানে এদেছেন, দেখবেন তো এখনি চলুন। এমন মহাত্মা আমি আগে আর কথনও দেখিনি। আপনি তাঁর সঙ্গে কথা বলুন, আমি ততক্ষণে আমার কাজ সেরে এদে আপনার দঙ্গে যোগ দেব।" মৌলবী সাহেব স্থানীয় উচ্চ ইংরেজী বিভালয়ের উহ'ও ফারদীর শিক্ষক ছিলেন। তিনি বন্ধুর কথা ভ্রনিয়া তৎক্ষণাৎ তাঁহার সহিত স্বামীজীর নিকট উপস্থিত হইলেন এবং নগ্নপদে গৃহে প্রবেশ করিয়া দেলাম করিলেন। স্বামীন্ধী জাঁহাকে সহত্তে আপন সকাশে উপবেশন করাইয়া কথাপ্রসঙ্গে বলিলেন, "কোরানের সম্বন্ধে এই একটা আন্তর্ধ বিশেষত্ব দেখা বার বে, এগার শত বংসর পূর্বে উহা বেমন ছিল.

এখনও ঠিক তাই আছে, এর স্থপ্রাচীন বিশুদ্ধতা রক্ষিত হয়েছে, এবং কেউ এর উপর কলম চালাডে পারেনি।"

এদিকে গুরুচরণ বাব্ চিকিৎসালয়ে ফিরিয়া সমাগত সকলকে স্বামীক্সীর আগমনবার্তা জানাইতে লাগিলেন এবং তাঁহার উচ্চ প্রশংসা করিতেও তুলিলেন না। ডাক্তারবাব্র উৎসাহ-উদ্দীপনা শ্রোতাদেরও মনে গভীর অমুসন্ধিংসা জাগাইল ও তাঁহারা স্বামীক্সীকে দেখিতে চলিল। স্বামীক্সীর স্থমিষ্ট ভাষণে মৃশ্ব মৌলবী সাহেবও তাঁহার মুসলমান বন্ধুদিগকে এই শুভ বার্তা জানাইলেন। ইহার ফলে স্বামীক্সীর গৃহে ক্রমে এত লোকসমাগম হইতে লাগিল যে, গৃহ পরিপূর্ণ হইয়া বারান্দাতেও স্থানসকুলান হইত না। স্বামীক্সী তাঁহাদের সহিত্ব ধর্মপ্রসক্ষ করিতেন এবং মধ্যে মধ্যে উর্তু ও হিন্দী গান এমন কি বাঙ্গলা কীর্তনও গাহিতেন; বিভাপতি, চণ্ডীদাস, রামপ্রসাদ, স্থরদাস ইত্যাদি অনেকের গানই তাঁহার মৃথে শুনিয়া শ্রোতারা মন্ত্রমৃশ্ধ হইয়া বিস্যা থাকিতেন। কথনও কথনও বা তিনি বেদ, উপনিষদ, বাইবেল ও প্রাণের বাণী উদ্ধৃত করিয়া স্বীয় বক্তব্য প্রমাণ করিতেন অথবা বৃদ্ধ, শঙ্করাচার্য, রামান্ত্রজ, গুরু নানক, কবীর, চৈতন্ত্র, তুলসীদাস, শ্রীরামক্ষণ ইত্যাদির জীবনের ঘটনাবলী বিরত করিয়া শ্রোতাদের মনে ধর্মপ্রেরণা জাগাইতেন। এইভাবেই তাঁহার আলোয়ারের দিনগুলি কাটিতে লাগিল।

দিন কয়েকের মধ্যে স্বামীজীর অন্থরাগীর সংখ্যা অত্যন্ত বৃদ্ধি পাইলে, আলোয়ারবাসী জন কয়েক গণামাত ব্যক্তি স্থির করিলেন যে, তাঁহাকে অতংশর আলোয়ার রাজ্যের অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার পণ্ডিত শস্ত্নাথজীর গৃহে রাখা হইবে। এখানে স্বামীজী নিয়মিত জীবন্যাপনের ও সাধনার অধিক স্থযোগ পাইলেন। এখানে আসার পর তিনি সকাল নয়টা পর্যন্ত ধ্যান্ধারণাদিতে কাটাইয়া বৈঠকখানায় সমাগত ব্যক্তিদের সহিত আলাপের জত্ত বাহির হইতেন। ততক্ষণে জাতিবর্ণ-নির্বিশেষে বিশ-ত্রিশ জন ভক্ত সেধানে আসিয়া পড়িতেন। তাঁহাদের কেহ কেহ হয়তো শিয়া ও স্থন্নী উভয় সম্প্রদায়ের মৃসলমান এবং অপরেরা শৈব-বৈষ্ণবাদি সম্প্রদায়ের হিন্দু। ধনী ও দরিদ্র সেথানে মিশিয়া এক হইয়া যাইতেন। স্বামীজী বিপ্রহর পর্যন্ত তাঁহাদের মধ্যে বিদিয়া সকলের সহিত সমভাবে সদালাপ করিতেন এবং ধর্মসম্বন্ধীয় বিবিধ সমস্তার সমাধান করিয়া দিতেন। সকলেই নিঃসঙ্কোচে কথা বলিতেন। ইহার ফলে স্বামীজীর

ইচ্ছানা থাকিলেও অবাস্তর বিষয় মাঝে মাঝে আসিয়া পড়িত। স্বামীজী তবু বিরক্ত না হইয়া সম্চিত উত্তরদানে প্রশ্নকর্তাদের ঔৎস্কা মিটাইতেন। এমন হইত যে, কোন আধ্যাত্মিক প্রসঙ্গ চলিতেছে, ইহারই মধ্যে অবিবেচক কেহ প্রশ্ন করিয়া বসিলেন, "মহারাজ, আপনার কোন্ শরীর ?" এরপ ক্ষেত্রে উত্যক্ত হওয়া স্বাভাবিক, অথবা অপর কেহ হয়তো সোজা উত্তর না দিয়া এমনভাবে প্রশ্নটি এড়াইয়া যাইতেন যাহাতে সতা প্রকাশিত না হইয়া শ্রোতার মনে মিলা ধারণা জন্মিবার অবকাশ ঘটিতে পারিত যে, "ইনি সম্ভবতঃ ব্রাহ্মণ।" স্বামীজীর মনে কিন্তু জাত্যভিমান ছিল না, আপনাকে থাটো কবিয়া ফেলার ভয়ও ছিল না, অতএব তিনি উক্ত প্রশ্নকর্তাকে অমানবদনে উত্তর দিলেন, "কায়স্ত"। অপর এক সময় হয়তো কেহ জিজ্ঞাসা করিলেন, "মহারাজ, আপনি গেরুয়া পরেন কেন " স্বামীজী অমনি উত্তর দিলেন, "কারণ এটি ভিগারীর বেশ। সাদা কাপড় পরে থাকলে গরীবরা ভিক্ষা চাইবে, কিন্তু আমি নিজে ভিপারী, প্রায়শ: কপদকশ্রু থাকি; অথচ চাইলে যদি দিতে না পারি, তবে বেজায় কট হয়। গ্রেক্যা-পরা দেখলে তারা বুঝতে পারে যে, আমি তাদেবই মতো গরীব, কাছেই ভিগারীর কাছে ভিক্ষা চাইবার কথাই মনে আদে না।" গেরুয়া সম্বন্ধে ইহা ছিল স্বামীজীর নিজস্ব অভিনব মত। কথনও বা আলোচনার বিষয় হইত শক্তিপুজার অপুধ মহিমা। তথন জগজ্জননীর মাহাত্ম্য বর্ণনা কবিতে করিতে ক্রমে ভাববিহ্বল হইয়া তিনি কেবল "মা", "মা" ছাড়া আর কিছুই উচ্চারণ করিতে পারিতেন না। প্রথমে তিনি উচ্চৈঃম্বরে মাতনামকীর্তন আবস্তু করিয়া পরে অক্টম্বরে ভাব-গন্তীরকর্চে ধীরে ধীরে মাকে ডাকিতে ডাকিতে পরিশেষে অন্থরের অন্তরতম व्यक्तिक छित्रा गाइराजन এवः कश्चत्र भीरत भीरत कीगजत इन्हेगा এक्तारत মিলাইয়া যাইত। তথন নীরব স্বামীন্সীর গণ্ডন্ম বাহিয়া পুলকাঞ্চ বিগলিত হইত এবং দর্শকগণের স্পষ্ট মনে হইত, তিনি জগজ্জননীর পাদপােদা মিলিড হইয়াছেন। সে ভাবগান্তীর্য তাঁহাদেরও মধ্যে সংক্রামিত হট্যা ক্ষণিকের জন্ত তাঁহাদের মনে অভতপুর্ব অধ্যাত্মামুভূতি জন্মাইত।

অপরাত্নে স্বামীজী ভ্রমণে নির্গত হইলে, অনেকে তাহার সঙ্গে দলে চলিতেন।
দিবাশেষে কর্মসমাপনাস্থে আরও অনেকে ভগবংপ্রদঙ্গ শুনিবার জক্ত তাঁহার
আবাদস্থলে সমবেত হইতেন। তথন আবার দেই প্রার্থনা, ধ্যান ও ভাব-ভক্তির
স্রোত চলিত, আবার সকলে অধ্যাত্মরস আস্থাদন করিতেন। কপনও বা স্বামীজী

মধুরকঠে ভগবদ্গুণগান করিতেন এবং কেহ কেহ তাঁহার দহিত কঠ মিলাইয়া কীর্তনে মন্ত হইতেন। কতদিনই না এইভাবে দীর্ঘকাল কাটিয়া যাইত—কাহারও হঁশই থাকিত না। কোন দিন গভীর রাত্রি পর্যন্ত এইরূপ চলিত, হয়তো রাত্রি চারিটা বাজিয়া যাইত। মধ্যে মধ্যে নৃত্যপ্ত হইত—স্বামীজী পুর্ণোছ্যমে উহাতে যোগ দিতেন। বস্ততঃ তিনি তথন এক অপূর্ব ভগবস্তাবে মাতোয়ারা।

স্বামীজী মাঝে মাঝে বাঙ্গলা গানও গাহিতেন, তথন গাহিবার পূর্বে হিন্দীতে অম্বাদ করিয়া উহার অর্থ সকলকে ব্ঝাইয়া দিতেন। অনেকে আবার শিথিয়া লইয়া স্বামীজীর সহিত হ্বর মিলাইয়া এই সকল বাঙ্গলা গানও গাহিতেন। ভূলিয়া যাইবার ভয়ে কেহ কেহ।গানগুলি লিথিয়াও রাথিতেন। রাজপুতানা বৈষ্ণব-প্রধান স্থান বলিয়া স্বামীজী প্রায়শঃ শ্রীকৃষ্ণবিষয়ক সঙ্গীত গাহিতেন। একদিন তিনি গাহিলেন—

(আমি) গেরুয়া বসন অক্ষেত্তে পরিয়ে শদ্খের কুণ্ডল পরি।
যোগিনীর বেশে যাব সেইদেশে যেথায় নিঠুর হরি॥
(আমি) মথুরা নগরে প্রতি ঘরে ঘরে
খুঁজিব যোগিনী হয়ে,
যদি কোন ঘরে মিলে প্রাণবঁধু
বাঁধিব অঞ্চল দিয়ে।
আমি আপন বঁধুয়া আপনি বাঁধিব,
রাখিতে নারিবে কেউরে।
যদি রাখে কেউ ত্যজিব এ জীউ,
নারীবধ দিব তারে॥

ভাবে গদগদ কর্পে গাহিতে গাহিতে স্বামীজীর চক্ষে অশ্রুধারা দেখা দিল, সেই মহাপুক্ষেরে প্রতি নিবন্ধদৃষ্টি সমপ্রাণ ভক্তদেরও গণ্ড বাহিয়া নয়নবারি প্রবাহিত হইতে থাকিল। কেহ কেহ ভাবিতে লাগিলেন, "বাবাজী নিশ্চয় বৃন্দাবন-চন্দ্রের দর্শন পেয়েছেন, তাই এত প্রেমবিভোর, নতুবা আমরাও তো তাঁকে ডাকি, কিন্তু কই, আমাদের তো এরপ তন্মতা আদে না।" কেহবা ভাবিলেন, "এ তো সব ঈশরেরই বিভৃতি! ইনি নিশ্চয় ঈশরলাভ করেছেন।" দেদিন গাহিতে গাহিতে স্বামীজীর কণ্ঠস্বর ক্রমে করুণ হইতে করুণতর হইয়া অবশেষে হৃদয়ের আবেগে কণ্ঠ রুদ্ধ ও দেহ প্রস্তরবং কঠিন হইয়া গেল এবং মুখঞ্জী প্রাণবঁধুর স্পর্শে বিহ্বলা ও উৎফুল্লমুখী গোপিকার ন্তায় প্রেমরাগে রঞ্জিত হইয়া দৈবঞ্জী ধারণ করিল।

এইভাবে কতদিন কাটিয়া গেল। বহু রাত্রি পর্যন্ত স্থামীন্ধীকে ছাডিয়া যাইতে কাহারও প্রাণ চাহিত না। রাত্রে স্থাহে ফিরিয়াও স্থামীন্ধীরই আলোচনা চলিত। সকলেই ভাবিতেন আবার কতক্ষণে ফিরিবেন। কেহ কেহ বলিতেন, "বাবান্ধীর হৃদয় আনন্দে ভরপুর, মুথে হাসি লেগেই আছে।" অপরেরা বলিতেন "মশায়, এমন স্থন্দর স্লোকপাঠ কথনও শুনিনি, কর্চে যেন রূপায় তার বাজে।" কেহ আবার বলিতেন, "হাঁ, তাঁর কর্চে নাদ আছে।" অমনি আর একজন সংশোধন করিয়া দিতেন, "শুধু তাই নয়, এমন একটা বৈয়াতিক শক্তি আছে যে, শুনলেই মুগ্ধ হতে হয়।" অমনি আর একজন যোগ দিয়া বলিতেন, "আর দেখেছেন প্রকৃতিটি কি মধুর। এত লোক এত বিরক্ত করে, আহামকের মতো যা-তা জিজ্ঞাসা করে, তা রাগ নেই, সব কথায় উত্তব দিচ্ছেন।" অপরে সায় দিয়া বলিতেন, "রাগ-টাগ নেই, সিদ্ধ মহাপুক্ষ, নইলে দেখুন না—কেবল মনে হয় কতক্ষণে তাঁর কাছে যাব, ইচ্ছা হয় দিনরাত তার কাছে বসে থাকি।"

স্বামীন্ত্রীর অন্থরক্ত বন্ধুদের মধ্যে পূর্বোক্ত মৌলবী সাহেব ছিলেন অন্ততম। তাঁহার মনে প্রবল আকাজ্জা ছিল যে স্বামীন্ত্রীকে স্বগৃহে লইয়া গিয়া ভিক্ষা গ্রহণ করাইবেন। তিনি ভাবিতেন স্বামীন্ত্রীতা দরবেশ, তিনি ন্ধাতিভেদের অতীত; কিন্তু যে পণ্ডিতজীর গৃহে তিনি আছেন, তাঁহার তো আপত্তি থাকিতে পারে। যাহা হউক, তিনি একদিন সকলের সম্মুথে করজোড়ে পণ্ডিতজীকে বলিলেন, "দয়া করে অন্থমতি দিন যাতে বাবান্ত্রী কাল আমার বাদ্যীতে ভিক্ষা পেতে পারেন। আপনাদের সকলের মনস্তুত্তির ক্ত আমি আদ্ধা দিয়ে আমার বৈঠকখানার সব জিনিসপত্র ধুইয়ে দেব, এবং স্বামীন্ত্রী যা থাবেন তা আদ্ধণেরা বাজার থেকে তাঁদেরই পাত্রে নিয়ে আসবেন কিংবা তাঁদেরই পাত্রে রাধ্বেন। আর এ যবন যদি শুধু দূর থেকে দেখবার সৌভাগ্য পায় যে, স্বামীন্ত্রী তার ভিক্ষা গ্রহণ করছেন, তাহলেই সে কতার্থ হবে।" মৌলবী সাহেব এরূপ বিনয় ও সারলোর সহিত এই কথাগুলি উচ্চারণ করিলেন যে, উপস্থিত সকলেই ইহাতে মৃশ্ব হইলেন এবং পণ্ডিতজী বন্ধুভাবে তাঁহার হন্তম্বয় ধরিয়া বলিলেন, "ভাই," স্বামীন্ত্রী তো দরবেশ, তাঁর কাছে জাতিভেদের মৃশ্য কি ? অতটা কই করতে

হবে না। আমার দিক থেকে কোন আপত্তি নেই। আপনি বেমন ব্যবস্থা করবেন আমরা তাতেই সন্তুই হব। আর আপনি বেরূপ ব্যবস্থার কথা বলছেন, গুরূপ হলে তো আপনার বাড়ীতে থেতে আমারও বিবেকে বাধবে না; স্বামীজীর আর কথা কি? তিনি তো মৃক্ত পুরুষ!" কাজেই মোলবী সাহেব স্বামীজীকে স্বগৃহে আহার করাইয়া বিশেষ তৃপ্তিলাভ করিলেন। মৌলবী সাহেবের অফুকরণে আরও অনেক ম্ললমান ভদ্রলোক স্বামীজীকে সাগ্রহে স্বগৃহে আমন্ত্রণ করিয়া আহার করাইয়াছিলেন।

এইভাবে কত ব্যক্তিই না স্বামীজীর দর্শন, সাগ্লিধ্য, উপদেশ ও ভাবসঞ্চারে কৃতার্থ হইলেন—কত পণ্ডিত, কত অজ্ঞ, কত বৃদ্ধ, যুবক, বালক, কত বিভিন্ন ধর্মের, বিভিন্ন ক্রচির, ধনী, দরিন্ত্র,—সকলে আসিলেন, সকলে নবজীবনের আস্বাদ পাইলেন। এই সময়ে স্বামীজী বিশেষ ভাগ্যবান কাহাকে কাহাকেও মন্ত্রদীক্ষাও দিয়াছিলেন।

ক্রমে ক্রমে আলোয়ারের মহারাজের দেওয়ান মেজর রামচন্দ্রজীর কর্ণে এই সংবাদ পৌছিল যে, নগরে একজন বিশিষ্ট মহাত্মার আবিভাব হইয়াছে। শ্রবণমাত্র তিনি সাদরে স্বামীজীকে নিজালয়ে লইয়া গিয়া তাঁহার সহিত **মালাপ করিলেন** এবং মচিরে বৃঝিতে পারিলেন, এই স্থবিদ্বান, মেধাবী ও অফুভৃতিসম্পন্ন মহাযোগীর কুপাদৃষ্টি পড়িলে ইংরেজী ভাবাপন্ন আলোয়ার-মহারাজের মতিগতির পরিবর্তন হইতে পারে। এই ভাবিয়া তিনি মহারাজের নিকট সংবাদ পাঠাইলেন—"একজন সাধু আসিয়াছেন, তিনি ইংরাজীতে মহা-পণ্ডিত।" মহারাজ তথন ছুই-তিন মাইল দূরে এক নিভৃত প্রাসাদে বাস করিতেছিলেন। দেওয়ানজীর পত্র পাইয়া তিনি পরদিনই আলোয়ারে ফিরিলেন এবং সোজা দেওয়ানজীর বাটীতে গিয়া স্বামীজীকে শ্রন্ধাসহকারে দর্শন করিলেন ও প্রণামান্তে তাঁহার সম্মুথে আসন গ্রহণ করিলেন। তাঁহার স্হিত সমাগত সভাসদসুন্দও সেথানে যথায়থ স্থানে উপবেশন করিলেন। মহারাজ প্রথমেই প্রশ্ন করিলেন, "আচ্ছা স্বামীজী মহারাজ, তনছি আপনি অদিতীয় পণ্ডিত; তা আপনি তো সহজেই অনেক অর্থ উপার্জন করতে পারেন, তা না করে ভিক্ষা করে বেডান কেন?" কিঞ্চিন্নাত্র ইতন্ততঃ না করিয়া স্বামীন্দ্রীর সপ্রতিভ প্রতিপ্রশ্ন আসিল, "মহারাজ, আপনি বলতে পারেন, আপনি রাজকার্য অবহেলা করে দিনরাত সাহেবদের সঙ্গে খানা খেয়ে শিকার করে বেড়ান কেন ?" সভাসদগণ স্বামীজীর কথার ভঙ্গীতে চঞ্চল হইয়া উঠিলেন—"এ কি ছু:সাহস! হয়তো আৰু এঁর কপালে কি আছে!" কিন্তু স্বামীজীর কথা মহারাজ ধীর ভাবেই শুনিলেন, শুনিয়া একটু চিন্তা করিলেন এবং পরে বলিলেন, "কেন আমি ওরূপ করি বলতে পারি না; তবে হাা, ওতে আমার ভাল লাগে।" স্বামীজীও অমনি সহর্ষে বলিলেন, "বেশ, আমারও তেমনি ফ্কিরি করে ঘুরে বেড়াতে ভাল লাগে।" এ যেন সমানে সমানে প্রশ্ন ও প্রত্যুত্তর, বিন্দুমাত্ত সংহাচ নাই!

মহারাজ মঙ্গল সিংহ আবার জানিতে চাহিলেন, "আচ্ছা বাবাজী মহারাজ, এই যে সকলে মৃতিপুজা করে, আমার ওতে মোটে বিশাদ নেই: তা আমার দশা কি হবে ?" কথাটা একটু বাঙ্গস্বরেই উচ্চারিত হইল এবং বলিয়া ফেলিয়া মহারাজ একটু মৃত্হাস্ত করিতেও ভূলিলেন না। স্বামীজী তব্ প্রথমেই এ কথাটা অত তাচ্ছিল্যার্থে লইতে পারিলেন না - হিন্দু হইয়া এভাবে কি কেহ কথা বলিতে পারে? তাই তিনি অবিখাদের ভদীতেই বলিলেন, "মহারাজ বোধ হয় রহস্ত করছেন ?" মহারাজ তথন সাধারণ ভাবেই উত্তর দিলেন, "না, স্বামীজী, মোটেই নয়। দেখুন বাস্তবিকট আমি অন্ত লোকের মতে। কাঠ, মাটি, পাথর, ধাতৃ—এ সকলের পূজা করতে পারি না। এতে কি পর জন্মে আমার অধোগতি হবে ?" প্রথমে স্বামীল্লী যেন কতকটা উদাসভাবেই বলিলেন, "যার যেমন বিখাস।" তথন ভক্তরা ক্ষুত্র হইয়া ভাবিতেছেন, "এ আবার কি হল ?" মহারাজের কথায় স্বামীন্ধী শেষটা এমনি উত্তর দিলেন। এতে তো তাঁর শ্রন্ধাহীনতার প্রশ্রেয় দেওয়া হল। আর এমন মন রাধার মতো উত্তরই বা তিনি কি করে দিলেন? এ তো স্বামীক্ষীর নিক্ষের ভাব নয়।" সকলেই স্বামীজীর ক্লফভক্তির কথা জানিতেন; ক্লফ-কথা বলিতে বলিতে বা গাহিতে গাহিতে তাঁহাকে তাঁহারা গদগদ হইয়া অশ্রুবিদর্জন করিতে, এমন কি ভূমিতে গড়াগড়ি দিতে স্বচক্ষে দেখিয়াছেন। অতএব স্বামীজীর এই ব্যবহারে যথেষ্ট সন্দেহের অবকাশ ছিল।

সেই মুহুর্তে স্বামীজী অক্সাৎ এমন কিছু করিয়া বদিলেন, যাহাতে দকলেই প্রমাদ গণিলেন। এদিক-দেদিক তাকাইয়া দেওয়ালে টাঙ্গানো আলোরার-মহারাজের একথানি ছবির উপর স্বামীজীর দৃষ্টি পড়িলে তিনি একজনকে বিলয়। উহা নামাইয়া আনিলেন এবং উহা হাতে লইয়া জিজ্ঞানা করিলেন, "এখানিকার ছবি ?" দেওয়ানজী উত্তর দিলেন, "এ আমাদের মহারাজের প্রতিকৃতি।"

ছবির পরিচয় লইয়া স্বামীজী যথন দেওয়ানজীকে বলিলেন, "এর উপর থুথু ফেলুন," তথন সকলে ভয়সন্ত্ৰন্ত হইয়া পড়িলেন। স্বামীজী কিন্তু বলিয়া যাইতে লাগিলেন, "আপনাদের যে কেউ এখানির উপর থ্থু ফেলতে পারেন; কাগজ ছাড়া তো এটা স্থার কিছু নয়? এ করতে স্থাপনাদের স্থাপন্তিটা কি?" তখন দেওয়ানজীর নয়ন ভয় ও বিশ্বয়ে বিস্ফারিত; তিনি একবার করিয়া মহারাজের দিকে এবং একবার করিয়া স্বামীজীর দিকে তাকাইতেছেন। এদিকে কেহ অগ্রসর হইতেছে না দেখিয়া স্বামীজী বারংবার বলিতে লাগিলেন. "ফেলুন এতে থুথু, ফেলুন !" পরিশেষে কিংকর্তব্যবিমৃত্ দেওয়ানজী বলিলেন, "কি বলছেন, স্বামীজী! এ যে আমাদের মহারাজের প্রতিকৃতি! এমন কাজ আমি কেমন করে করতে পারি ?" স্বামীজী তবু বলিলেন, "হলোই বা তাই: কিন্তু মহারাজ তো আর দশরীরে এ ছবির ভেতর নেই! এর ভেতর তো আর মহারাজের হাড়-মাদ বা রক্ত নেই। মহারাজের মতো এ নড়ে-চড়ে না. কথাও কয় না। তবু আপনারা কেউ এতে থুথু ফেলতে রাজী নন এই জন্ত ষে, আপনারা এর মধ্যে মহারাজের কায়ার ছায়া দেখতে পান। সত্যি কথা বলতে কি, এর উপর থুথু ফেলিতে গেলে আপনাদের মনে হয়, আপনাদের প্রভুকে, স্বয়ং মহারাজকেই অপমান করা হচ্ছে।" অতঃপর মহারাজ মঙ্গল সিংহজীর দিকে ফিরিয়া তিনি বলিলেন, "দেখুন মহারাজ, একদিক থেকে যদিও আপনি এ ছবি নন, আর এক দিক থেকে কিন্তু আপনি তাই। তাই আমি ষথন ওতে থুথু ফেলতে বলেছিলাম, তথন আপনার একান্ত অহুরাগী কর্মচারীরা হতভম্ব হয়ে গেছিলেন। এতে আপনার প্রতিবিদ্ধ আছে, এথানি তাঁদের কাছে আপনাকে মনে করিয়ে দেয়। এর দিকে তাকালেই তাঁরা স্বয়ং আপনাকে দেখতে পান। তাই আপনাকে ব্যক্তিগ্তভাবে তাঁরা ঘতটা সম্মান করেন, এই ছবিকেও ঠিক তেমনি সম্মান করেন। যেসব ভক্তেরা পাথর বা ধাতুতে নির্মিত প্রতিমাতে দেবদেবীর পূজা করেন, তাঁদের সম্বন্ধেও ঠিক এই একই কথা খাটে —ভক্তেরা এই জন্ম ভগবানকে প্রতিমাতে পুজো করেন যে, ঐ প্রতিমা काँ मिश्रा कें। एत केंद्रित कथा वा केटिय अवस्था किया तथा व्यवस्था किया विश्व प्राप्त এবং তাঁদের ধ্যান ধারণার সহায় হয়। তারা তো আর ঐ পাথর বা ধাতুকেই পুজো করে না। আমি কত জায়গায় বেড়িয়েছি; কিন্তু কোথাও তো কাউকে এই বলে প্রতিমাপুজো করতে দেখিনি যে 'হে পাথর, আমি তোমার পুজো করছি! হে ধাতু, তুমি আমায় ফ্লপা কর।' সকলে ভধু সেই এক অন্বিভীয় চৈতভাষরণ পরমাত্মারই পুজো করে থাকে; এবং ভগবানকে যে যে-ভাবে বুঝে বা যেরূপে চিন্তা করে, তিনিও তার কাছে সেভাবেই দেখা দেন। মহারাজ, আমি আমার নিজের ভাবের কথা বলছি; আপনার ভাব আমি জানি না।" মঙ্গল সিংহজী এতক্ষণ নিবিষ্ট মনে সব দেখিতেছিলেন ও ভনিতেছিলেন; এখন করজোড়ে বলিলেন, "স্বামীজী, আপনি এই মাত্র যেভাবে মৃতিপুজার ব্যাখ্যা করলেন, দে অর্থে আমি এ যাবং কাউকে পাথর, কাঠ বা ধাতু পুজো করতে দেখিনি। আমি এ তত্ত্ব জানতুম না; আপনি আমার চোখ খুলে দিলেন। কিন্তু আমার কি হবে ? আপনি আমায় ক্লপা করুন।" স্বামীজী উত্তর দিলেন, "মহারাজ, ক্লপা করতে পারেন একমাত্র ভগবান, আর কেউ নয়। আর তিনি তে। সদাই ক্লপায়য়। তাঁর কাছে প্রার্থনা করুন, তিনি অবশ্য আপনাকে ক্লপা করবেন।"

স্বামীজী বিদায় লইয়া চলিয়া গেলে মহারাজ অনেকক্ষণ নীরবে বিদয়া ভাবিলেন এবং পরে দেওয়ানজীকে বলিলেন, "এরূপ মহায়া আমি আর কথনও দেখিনি; আপনি এঁকে কিছু দিন আপনাদের এখানে ধরে রাধ্ন না।" দেওয়ানজী সম্মতি জানাইলেন, পরস্ক ইহাও বলিলেন, "আমি যথাসাধ্য চেষ্টা করব, তবে সফল হব কিনা জানি না। ইনি বছই তেজস্বী ও স্বাধীনচেতা ব্যক্তি।" অনেক অন্থনয়-বিনয়ের পর স্বামীজী দেওয়ানজীর গৃহে এই সতে বাস করিতে সম্মত হইলেন যে, ঘেসকল গরীব ও সাধারণ ব্যক্তিরা তাহার দর্শনের জন্ম আসিয়া থাকে, তাহাদের জন্মও ধনী ও মানী ব্যক্তিদেরই তায় এ গৃহের স্বার স্বামীজী তাহার গৃহেই অবস্থান করিতে লাগিলেন।

স্বামীজীর দৃষ্টান্ত, উপদেশ ও উদ্দীপনায় আলোয়ারবাদী অনেকেই ধর্ম-জীবনের এক অপূর্ব আস্বাদ পাইয়া উহাতে অধিকতর আরুই হইয়াছিলেন। এক বৃদ্ধও স্বামীজীর নিকট নিত্য আদিতেন, প্রশ্নের পর প্রশ্ন করিতেন এবং স্বামীজীর আশীর্বাদ ভিক্ষা করিতেন। স্বামীজীও তাঁহাকে কিছু কিছু দাধন প্রণালী শিথাইয়াছিলেন, কিন্তু বৃদ্ধ তাহা অভ্যাদ করিতেন না। অবশেষে স্বামীজীর ধৈর্দের দীমা অতিক্রান্ত হইলে তিনি ঐ ব্যক্তির কাছে নিদ্ধৃতিলাভের জন্ম একদিন তাহাকে দ্র হইতে আদিতে দেখিয়াই মৌন অবলম্বন করিলেন। তিনি ঐ বৃদ্ধের কোন প্রশ্নের উত্তর তো দিলেনই না; অপর বৃদ্ধুবাদ্ধবের অভি-

বাদনাদিতেও কোন সাড়া দিলেন না। কেহই বুঝিতে পারিলেন না ব্যাপারটা কি। এইভাবে ঘণ্টা দেড়েক কাটিয়া গেলেও স্বামীজী যথন দারুম্ভিবৎ বসিয়া রহিলেন, তথন জুদ্ধ ও বিরক্ত হইয়া বৃদ্ধটি আপনমনে বকিতে বকিতে চলিয়া গেল। অমনি স্বামীজী বালকবৎ হাসিতে ফাটিয়া পড়িলেন এবং অপর সকলেও সেই হাসিতে যোগ দিলেন। অবশেষে একজন যুবক প্রশ্ন করিল, "স্বামীজী, আপনি ঐ বুদ্ধের উপর এত বিরূপ হলেন কেন?" তথন স্বামীজী অতি সরল ও মৃত্ভাবে বলিলেন, "দেখ বাবারা, আমি তোমাদের জন্ম জীবন-পাত করতেও রাজী আছি, কেননা তোমরা আমার উপদেশ পালন করতে চাও, এবং করারও সামর্থ্য আছে। কিন্তু দেখ না, এই বুড়ো জীবনের দশভাগের নয়ভাগ ইন্দ্রিয়ভোগে কাটিয়ে এখন ঐহিক ও পারমার্থিক উভয়পথভ্রষ্ট হয়ে ভাবছে, চাওয়া মাত্র ভগবান পেয়ে যাবে। সত্যলাভের জন্ম চাই পুরুষকার। যে খাটতে পারে না, তার উপর ভগবানের দয়া হবে কেমন করে? যার পুরুষকার নেই সে তো তমসাচ্ছন্ন। অজুন নিজের পুরুষকার বিদর্জন দিতে যাচ্ছিলেন বলেই তো ভগবান তাঁকে স্বধর্মপালনের আদেশ দিয়েছিলেন, যাতে করে তিনি নিম্বামভাবে স্বীয় কর্তব্য পালনের দ্বারা সম্বন্তণ, চিত্ত দ্ধি, কর্মত্যাগ এবং আত্মসমর্পণের যোগ্য হতে পারেন। শক্তিমান হও, বীর্য অবলম্বন কর। মাত্রষ যদি বীর্যবান ও শক্তিমান হয়, তবে সে হন্ধর্ম করলেও আমি তাকে শ্রন্ধা করি, কেননা তার সাহস ও বীরত্বই একদিন তাকে কুপথত্যাগের প্রেরণা দেবে: এবং দে স্বার্থসিদ্ধির জন্ম আর কখনও কর্ম করবে না এবং এই ভাবে ক্রমে সত্যলাভে সক্ষম হবে।"

স্বামীজীর উপদেশাস্থ্যারে আলোয়ারের অনেক যুবক সংস্কৃত-শিক্ষায় মনোযোগী হয়। সময়ে সময়ে স্বামীজীই তাহাদিগকে শিথাইতেন। তিনি বলিতেন, "সংস্কৃত পড় এবং সঙ্গে পাশ্চান্তা বিজ্ঞানের চর্চা কর; আর সব জিনিসটা যথাযথ ভাবে দেখতে ও বলতে শিথ। পড় আর থাট, যাতে করে আমাদের দেশের ইতিহাসকে বিজ্ঞানসমত ভিত্তিতে ন্তন করে গড়তে পার। এখন তো আমাদের ইতিহাসের কোন মাথা-মুঞ্ নেই; এতে কোন ঘটনা-পারস্পর্যও স্থবিশ্রন্ত হয় নাই। ইংরেজেরা আমাদের দেশের যে ইতিহাস লিখেছে, তাতে আমাদের মনে ছুর্বলতা না এসে যায় না; কেন না তারা শুধু আমাদের অবনতির কথাই বলে। যে সব বিদেশীরা আমাদের রীতিনীতির,

আমাদের ধর্ম ও দর্শনের সঙ্গে অভি অল্পই পরিচিত, তারা কেমন করে বিশ্বস্ত ও নিরপেক্ষভাবে ভারতের ইতিহাস লিখবে ? কাঙ্কেই স্বভাবত:ই বহু ভ্রাস্ত ধারণা ও অপসিদ্ধান্ত এসে পড়েছে। তবে একথাও মানতে হবে বে, বিদেশীরাই দেখিয়েছে, কেমন করে আমাদের প্রাচীন ইতিহাস সম্বন্ধে গবেষণা করতে হবে। এখন বেদ, পুরাণ এবং ভারতের প্রাচীন ইতিবত্ত অধায়নের জন্ম কি করে ভারতীয় ইতিহাসের গবেষণাক্ষেত্রে আমাদের একটা নিজম্ব স্থাগীন পথ গড়ে তুলতে হবে, এবং সেগুলিকে অবলম্বন করে সহামুভ্ডিসম্পন্ন অ্থচ উদ্দীপনাময় ভাষায় এই ভূমির ইতিহাস-সঙ্গলনকে নিজ জীবনের সাধনা-রূপে গ্রহণ করতে হবে—দেসব হচ্ছে আমাদের নিজেদের দায়িত। ভারতের ইতিহাস ভারতীয়গণকেই রচনা করতে হবে। অতএব বিশ্বতি-দাগর থেকে আমাদের লুপ্ত ও গুপ্ত রত্নরাজি উদ্ধারের জন্ম বদ্ধপরিকর হও। কারো ছেলে হারিছে গেলে সে যেমন তাকে না পাওয়া প্রস্থ শান্ত হতে পারে না, তেমনি ষতক্ষণ ভারতের গৌরবময় অতীতকে জনমনে পুনরুজ্জীবিত না করতে পাচ্চ ততক্ষণ তোমরা থেমোনা। তাই হবে প্রকৃত জাতীয় শিক্ষা এবং এ শিক্ষার সঙ্গে সঙ্গে প্রকৃত জাতীয়তাবোধ জেগে উঠবে।" স্বামীজী দেশের স্বাঙ্গীন উন্নতিই চাহিতেন—তিনি জানিতেন, স্বাঙ্গীন উন্নতি ব্যতীত ধর্মকে রক্ষা করা স্থকঠিন ও ধর্মভাবের জাগরণে ইতিহাসের অবদান প্রচুর।

স্বামীজী আলোয়ারবাসীদের হৃদয় জয় করিয়াছিলেন। একটি রাজণ বালক তাঁহার নিকট আসিত, এবং শিশু যেমন গুরুকে ভালবাসে তেমনি ভালবাসিত। তাহার উপনয়নের সময় সমাগত হইলেও অর্থাভাবে উপনয়ন হয় নাই। স্বামীজী ইহা জানিতে পারিয়া ইহার প্রতিকারকল্পে চরুল হইয়া উঠিলেন। এবং তাঁহার বিত্তশালী ভক্তদিগকে বলিলেন, "তোমাদের কাছে আমার একটি ভিক্ষা আছে: এই রাজ্মণ-বালকটির উপনয়ন-সংস্কারের উপয়ুক্ত অর্থ নাই; গৃহস্থ হিসাবে একে সাহায্য করা তোমাদের কর্তব্য; অতএব তার জন্ম চাদা তোল। এর বয়সের রাজ্মণ ছেলে স্বর্ণোচিত নিত্য-নৈমিত্তিক ক্রিয়াকলাপ জানবে না, এটা বড় অশোভন। তার উপর যদি তোমরা এর লেখা-পড়ার ব্যবস্থা করে দিতে পার তো বড় উত্তম হয়।" ভক্তেরা অমনি এই কার্যে অগ্রসর হইলেন এবং স্বামীজী এই বিষয়ে নিশ্চিত হইলেন। আলোয়ার-ত্যাগের পরও বালকটির কথা তিনি ভূলেন নাই, সংস্কৃতশিক্ষার প্রয়োজনও

বিশ্বত হন নাই; তাই আলোয়ার ত্যাগের এক মাস পরে তিনি বীয় ভক্ত গোবিন্দ সহায়কে আবু পাহাড় হইতে ৩০শে এপ্রিলের এক পত্তে লিখিয়া-ছিলেন, "তুমি কি সেই ব্রাহ্মণ বালকটির উপনয়ন সম্পন্ন করিয়াছ? তুমি সংস্কৃত পড়িতেছ কি ? কতদূর অগ্রসর হইলে ?" ('বাণী ও রচনা', ৬।৩০৫)।

একদিন স্বামীজী জিজ্ঞাসা করিলেন, "নিকটে কোন সাধু আছেন কি ?" উত্তরে একজন জানাইলেন, "কিছু দূরে এক বৃদ্ধ ব্রহ্মচারী বাস করেন।" স্বামীজী অমনি ঐ ব্যক্তির সহিত ব্রন্ধচারিদর্শনে চলিলেন। ব্রন্ধচারী ছিলেন সম্ভবত: বৈষ্ণব ও সন্মাসবিরোধী। দূর হইতে গেরুয়াধারী সন্মাসীকে দেথিয়াই তিনি ক্রুদ্ধকণ্ঠে গেরুয়ার নিন্দা ও সন্ন্যাসীদের উপর গালিবর্ধণ আরম্ভ করিলেন। স্বামীজী ঐ সবে জ্রক্ষেপ না করিয়া সন্মুথে উপস্থিত হইলে ব্রহ্মচারী অভ্যতাবে বলিলেন, "তুই গেরুয়া পরেছিদ কেন? আমি গেরুয়া-পরা সন্ন্যাদীকে চুচক্ষে দেখতে পারি না।" স্বামীজী তবু বাদপ্রতিবাদ না করিয়া বিনীতভাবে তাঁহার নিকট ঈশ্বর ও ধর্মবিষয়ে উপদেশ প্রার্থনা করিলেন। ইহাতে ব্রন্ধচারী কিঞ্চিৎ শাস্ত হইয়া বলিলেন, "আচ্ছা যাক, তোর উপর আমার আর রাগ নেই। তুই কিছু থাবি ?" স্বামীজী জানাইলেন যে, তিনি পূৰ্বেই ভিক্ষা পাইয়াছেন, অতএব আর ভিক্ষার প্রয়োজন নাই; তিনি তত্ত্বকথার ভিথারী। কোধানল পুনরায় উদ্দীপিত হইল ; তিনি রুড়ম্বরে বলিলেন, "তবে যা, দূর হ; তুই থাবি না তো দুর হ।" অগত্যা প্রণাম করিয়া স্বামীন্ধী বিদায় লইলেন। সঙ্গী তথন ভাবিতেছেন, স্বামীজী এইরূপ অপুমানিত হইয়া তাঁহার প্রতি অতিশয় বিরক্ত হইবেন। কিন্তু প্রকৃতপক্ষে ব্রন্ধচারীর রক্ম দেখিয়া তিনি মনে মনে থুব আমোদ পাইতেছিলেন এবং কটে হাসি চাপিয়া ছিলেন। রান্তায় আসিয়া তিনি প্রাণ খুলিয়া হাসিতে লাগিলেন, এবং বলিলেন, "আচ্ছা সাধু দেখালে বাবা, কি তিরিকে মেজাজ আর কি গালাগালির চোট রে বাপ !" বলিয়া তিনি ত্রন্ধচারীর কথা ও ভঙ্গীর নকল করিয়া আবার হাসিতে এবং সঙ্গীকেও হাসাইতে লাগিলেন।

এইপ্রকারে দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাহও কাটিয়া যথন সাত সপ্তাহ পূর্ণ হইয়া পেল, তথন স্বামীজী বলিলেন, "আর এথানে থাকা ষায় না, সন্ন্যাসীর পক্ষে স্থির হয়ে না থাকাই ভাল। ইহা শুনিয়া জনৈক মন্ত্রশিশ্ব তাঁহাকে নিজা-লয়ে ভিক্ষার জন্ম নিমন্ত্রণ করিলেন। স্বামীজী যথন শিশ্বসূহে উপস্থিত হইলেন, শিশ্ব তথন তৈলমর্দন করিতেছিলেন। শিশ্ব তাঁহাকে ব্রিজ্ঞাস। করিলেন, "স্বামীজী, তেল মাথার কি কোন উপকার আছে ?" স্বামীজী বলিলেন, "আছে বই কি ? এক ছটাক তেল ভাল করে মাধলে এক পোয়া যি খাওয়ার কাজ করে।"

আহারাদির পর কথাপ্রদকে শিশু জানাইলেন যে, স্বামীক্ষী যদিও স্তানিষ্ঠা. অকপটতা, সাহস, উভাম, নিজামকর্ম, চিত্তভদ্ধি ইত্যাদি বিষয়ে উপদেশ দেন. কিছ চাকরি করা তো দাসত্ব। তাতে এসব ভাব বজায় থাকে না : আর ব্যবসাতে সত্য ও সরলতা বিষর্জন দিতে হয়। শিয়া তাই বলিলেন, "তা মহারাজ, কোন কাজ করলে সবদিক বজায় থাকে ?" স্বামী জী উত্তর দিলেন, "দেশ, এ বিষয়ে আমিও অনেক ভেবেছি ; কিন্তু দেখতে পাই, চরিত্র বন্ধায় রেপে অর্থ উপার্জন করতে কেউ বড চায় না . এ বিষয়টা নিয়ে কেউ ভাবে না, কারুর মনে সমস্তাও ওঠে না। আমাদের শিক্ষার দোষেই এমনটি দাঁডিয়েছে। যা হোক, আমি তো ভেবে চিন্তে চাষ্বাদ করাটাই ভাল মনে করছি। চাষ্বাদেব কথা বললেই এখন মনে হয়, তবে লেপাপড়া কেন শিখলাম 🖰 চাষ্বাদের কথা বললেই প্রথমে মনে হয়, দেশস্ক লোককে কি আবার চাষা হয়ে দাঁড়াতে হবে ? দেশস্ত্র লোক তো চাষা আছেই, তাই না আমাদের এত দুর্গতি! তা নয়, শাস্ত্র পড়ে দেখ, জনক ঋষি এক হাতে লাঙ্গল দিচ্ছেন, আরে এক হাতে বেদ অধ্যয়ন করছেন। আমাদের দেশের ঋষিরা সকলেই ঐ কাক্ত করেছেন: আবার আজকাল দেখ, আমেরিকা চাষবাদ করেই এত বড় হয়েছে! নেহাত চাষাড়ে বুদ্ধিতে চাষ নয়, বিশ্বান বুদ্ধিনানের বুদ্ধিতে করতে হবে। পলীগ্রামের ছেলের। তুপাতা ইংরেজী পড়ে শহরে পালিয়ে আদে, গ্রামে হয়তো অনেক জায়গা ক্ষমি আছে, তাতে তাদের পেট ভরে না—মনের তৃপ্তি হয় না; শহরে হতে হবে, চাকরি করতে হবে। অত্যাত্ত জাতের মতো আমাদের হিন্দু জাতটা তাই বেড়ে উঠতে পারছে না। আমাদের মৃত্যুসংখ্যা এত বেশী যে, যদি এরকম ভাবে জন্ম মৃত্যু চলতে থাকে, তাহলে তো আমরা মরতে বদেছি। এর একটা **কারণ,** উৎপাদন ঠিক পরিমাণে হচ্ছে না। শহরে বাদ করার ঝোঁক বেনী, আর একটু পড়ান্তনো করলেই চাষার ছেলে স্বধর্ম ত্যাগ করে গোরার গোলামি করতে দৌড়ায়। পল্লীগ্রামে বাস করলে পরমায়ু বাড়ে, রোগ তো প্রায় হয় না; ছোট-খাটো খারাপ গ্রামগুলো ভাল হয়ে ওঠে, লেখাপড়া-জানা লোক পলীগ্রামে বাস করলে আর চাষবাসটা বিজ্ঞান সাহায্যে করলে উৎপাদন বেশী হয়—চাষাদের চোথ খুলে যায়; তাদেরও একটু আধটু বুদ্ধি থোলে, লেখা-পড়া করতে ইচ্ছা হয়, আর যেটা আমাদের দেশে সর্বাপেকা বেশী আবশ্যক তাও হয়।"

শিশু দাগ্রহে জিজ্ঞাদা করিল, "দেটা কি স্বামীজী।" স্বামীজী আবার বলিতে লাগিলেন, "এই ছোট জাত আর বড় জাতের মধ্যে একটা ভাই ভাই ভাবে মেশামেশি হয়। ধনি তোমাদের মতো লোকেরা কিছু লেখা-পড়া শিখে পদ্ধীগ্রামে থেকে চাষবাদ করে, আর চাষাদের দক্ষে আপনার মতো ব্যবহার করে, ঘুণা না করে, তাহলে দেখবে, তারা এতই বশীভূত হয়ে পড়বৈ যে, তোমার জত্যে প্রাণ দিতে প্রস্তুত হবে। যেটা আমাদের এখন অত্যাবশ্রক— জনসাধারণকে শিক্ষা দেওয়া, ছোট জাতের মধ্যে ধর্মের উচ্চ উচ্চ ভাব দেওয়া, পরস্পর সহাস্কৃতি, ভালবাদা, উপকার করতে শেখানো—তাও অতি অল্প আয়াসেই আয়ত্ত হবে।"

শিশু আবার প্রশ্ন করিলেন, "সে কেমন করে হবে ?" স্বামীজী বলিলেন, "জ্ঞানপিপাসা সকল মাস্কুষের ভেতরই রয়েছে। তাই না তারা একজন ভদ্র-লোক পেলে তাঁকে ঘিরে বসে, আর তাঁর কথা গিলতে থাকে। তাঁরা সেই স্কুষোগে যদি নিজের বাড়ীতে ঐ রকম তাদের সব জড় করে সন্ধ্যার সময় সন্ধান্ধলে শিক্ষা দিতে আরম্ভ করেন, তাহলে রাজনৈতিক আন্দোলন করে হাজার বৎসরে যা না করতে পারা যাবে, তার শতগুণ বেশী ফল দশ বৎসরে হয়ে পড়বে।"

পরদিন ২৮শে মার্চ স্বামীক্ষী আলোয়ারের ভক্তমগুলীর নিকট বিদায় গ্রহণ করিলেন।

আলোয়ারে আমরা স্বামীজীকে পুর্ণ আচার্যরূপে পাই। ভাব, ভক্তি, জ্ঞান, তিনি তথন অকাতরে হই হত্তে বিতরণ করিতেছেন, কথনও ভাবে ভাসিতেছেন, গাহিতেছেন, কথনও কর্মের রহস্ত উদ্ঘাটন করিতেছেন; আবার কথনও গল্ভীর আলোচনার আলোকে সকলের জ্ঞানচক্ষ্ থূলিয়া দিতেছেন। স্বটাই ষেন প্রাচীনপদ্বী সাধুদের হবহু অহরূপ। কিন্তু ইহারই মধ্যে আমরা একটা নবীন স্থরও শুনিতে পাই। দেশের, দশের, সমাজের মঙ্গলচিন্তায় তিনি অতিমাত্র ব্যন্ত। ধর্ম, সংস্কৃতি ও সমাজদেবার প্রকৃত মিলনভূমি তিনি যেন তথনই আবিষ্কার করিয়া ফেলিয়াছেন, যদিও উহার স্পষ্ট রূপায়ণের দিন তথনও আদে নাই।

তাঁহার সামাজিক অর্থ নৈতিক ও শিক্ষাবিষয়ক চিন্তাধারাও তথনই প্রায় পূর্ণাবয়ৰ লাভ করিয়াছে এবং গণজ্ঞাগরণের বাণী ও "ছোট লোক ও বড় লোককে" মিলানোর আকৃতি তথনই আত্মপ্রকাশ করিতেছে। গোবিন্দ সহায়কে লিখিত পত্তে এই ভাবগুলির সংক্ষিপ্ত অথচ উল্লেখযোগ্য পূর্বাভাস পাওয়া যায়। তিনি লিবিয়াছেন, "তুমি শিবপুজা স্যত্তে করিতেছ তো ?…ভগবানকে অঞ্সরণ করিলেই তুমি যাহা কিছু চাও পাইবে।…বৎসগণ, ধর্মের রহক্ত ভধু মতবাদে নহে, পরস্ক সাধনার মধ্যে নিহিত। 'যে ভগু প্রভূ প্রভূ বলিয়া চীংকার করে সে নহে, কিন্তু যে সেই প্রমপিতার ইচ্ছামুসারে কার্য করে, সেই ধামিক।' ভোমরা আলোয়ারবাসী যে কয়জন যুবক আছ, তোমরা সকলেই চমংকার লোক, এবং আশা করি যে, অচিরেই তোমাদের অনেকেই সমাজের অলহারশ্বরূপ এবং জন্মভূমির কল্যাণের হেতুভূত হইয়া উঠিবে। পবিত্র এবং নি:স্বার্থ হইতে চেষ্টা করিও, উহাতেই সমগ্র ধর্ম নিহিত।" (ঐ)। বস্তুত: স্বামীজীর জীবনে গুরু-ভাবের বিকাশ আমরা পুর্বেও দেখিয়াছি: কিন্তু আলোয়ারে উচাকে যেরূপ পূর্ণতররূপে লাভ করি, পূর্বে আর কথনও সেরূপ পাই নাই। অধিকশ্ব জীবনের যে সকল অসমঞ্জন সমস্থার সমাধান করিয়া এবং বাগ্মিতা ও চরিত্রগত উৎকর্ষ (मथाইয়। তিনি জগদ্বেণা হইয়াছিলেন, তাহারও উজ্জ্লল উয়ায়াগ আময়া আলোয়ারে লাভ করি। আলোয়ারবাদী সতাই ধন্ত।

আলোয়ার হইতে তিনি আঠার মাইল দ্ববর্তী পাণ্ডুপোল অভিমুখে চলিলেন। তাঁহার ইচ্ছা ছিল পদব্রজে যাইবেন; কিন্তু স্থেরে উত্তাপ ও নি:দক্ষতা এড়াইবার জন্ম ধথন বন্ধুগণ অন্থরোধ করিলেন যে, 'রথ' নামক একপ্রকার আবৃত গোয়ানে চড়িয়া যাওয়া উচিত, তথন তিনি তাঁহাদের কথা প্রত্যাখ্যান করিতে পারিলেন না। কেবল তাহাই নহে, আলোয়ারের ঐসকল অন্থরাগী ভক্তবৃন্দ অন্ততঃ পঞ্চাশ-ষাট মাইল রান্তা তাঁহারই সহিত যাইবার অন্থমতি চাহিলেন। তাঁহাদিগকে নিবৃত্ত করিতে পারিলেই স্বামীজা স্থথী হইতেন; কিন্তু সকলের আগ্রহ দেখিয়া এবং 'না' বলিলে ক্ষোভ হইবে জানিয়া তিনি দম্মত হইলেন। পাণ্ডুপোলে পৌছিয়া তাঁহারা দে রাত্রিটা স্থানীয় হন্থমানজীর মন্দিরপ্রান্ধণে যাপন করিলেন। পরদিন 'রথ' ত্যাগ করিয়া তাঁহারা পদব্রজে যোল মাইল দ্রবর্তী টাহলা গ্রামে চলিলেন। এ পার্বত্য পথটি অরণ্যাবৃত এবং খাপদ-সন্থল হইলেও স্বামীজীর কথনও রিসকতাপূর্ণ স্থমিষ্ট আলাপ এবং স্থমধুর সন্ধীতে মৃধ্ব

হইয়া সকলে সানন্দে পথ অতিক্রম করিয়া চলিলেন। টাহলায় নীলকণ্ঠ মহাদেবের প্রাচীন-মন্দির-পার্ষে তাঁহারা দে রাত্তির মতো আশ্রয় লইলেন। বিশ্রামাবসরে सामीकी छांशां मिश्रत्क मभूजभन्दन, त्मवास्त्रत-मः धाम, वित्याः পछि, मशां मित्रत्र বিষপাণ করিয়া মৃত্যুঞ্জয় আখ্যালাভ—ইত্যাদি বিষয়ে এক নবীন ব্যাখ্যা দিলেন। তিনি বলিলেন, "সমুদ্রটা হচ্ছে মায়াসমুদ্র—এই রূপ-রুস-গন্ধাদিময় মায়ারচিত বিচিত্র সংসার। এখানে ইন্দ্রিয়ভোগপ্রদ নানারপ ভোগ্যবস্ত আছে। সে সকল যত ভোগ করা যায়, পরিণামে তা থেকে ততই বিষ উদ্গীর্ণ হয়। সে বিষ আত্মজ্ঞানের পরিপম্বী; অথচ দর্বত্যাগী সন্ন্যাসীর কাছে তা ব্যর্থ, নিস্তেজ। ব্রহ্মানন্দে মগ্ল সন্মাসী মায়ার কুহকে পতিত না হইয়া বরং দেবাদিদেব মহাদেবের মতো ইন্দ্রিয়ভোগপরায়ণ জীবকুলকে মরণাদি ভয়াবহ পরিস্থিতির মধ্যে সাহায্য করেন, এমন কি তাহাদের উদ্ধারকল্পে স্বীয় প্রাণত্যাগ করেন। তিনি মায়াকে বিনাশ করে মৃত্যুর কবল হতে জগৎকে রক্ষা করেন, সকলকে দেখিয়ে দেন— মায়াজয়ী পুরুষ মৃত্যুকেও জয় করেন।"—এই বলিয়া স্বামীজী মৃত্যুঞ্জয় মহাদেবের সন্মথে ধ্যানমগ্ন হইলেন। পরদিন প্রভাতে আবার যাত্রা আরম্ভ হইয়া আঠার মাইল দূরবর্তী নারায়ণী নামক এক দেবীস্থানে সমাপ্ত হইল। নারায়ণীতে প্রতি-বৎসর এক বিশেষ দিনে স্থরহৎ মেলা হয় এবং রাজপুতানার বিভিন্ন স্থান হইতে অসংখ্য নরনারীর সমাবেশ হয়। এখানে রাত্তি-যাপন করিয়া স্বামীজী প্রদিন প্রাতে বন্ধদের নিকট বিদায় লইলেন এবং একাকী যোল মাইল পথ অতিক্রম করিয়া বসওয়া নামক রেল স্টেশনে উপনীত হইলেন। তথা হইতে তিনি জ্মপুর যাত্রা করিলেন। কিছু দূরে বান্দীকুন্দই নামক স্টেশনে আলোয়ারের পূর্বপরিচিত এক ভক্ত অপেকা করিতেছিলেন; তিনিও স্বামীজীর সহিত জয়পুরে যাইবেন বলিয়া ঐ ট্রেনে উঠিলেন। জয়পুরে পৌছিয়া ঐ ভদ্রলোক স্বামীজীর একথানি ফটো উঠাইবার জন্ম পীড়াপীড়ি করায় অনিচ্ছাদত্ত্বেও তাঁহাকে সন্মত হইতে হইল। ইহাই স্বামীজীর পরিবাজকবেশে প্রথম চিত্র। চিত্রথানি সত্যই গভীর ভাবব্যঞ্জক।

জন্মপুরে স্বামীজী তুই সপ্তাহ ছিলেন। ঐ সমন্ন একজন স্থপণ্ডিত বৈদ্যাকরণের সহিত পরিচন্ন হইলে তিনি তাঁহার নিকট পাণিনির অটাধ্যান্নী পড়িতে আরম্ভ করিলেন। কিন্তু পণ্ডিতজীর ঐ শাল্পে অভূত ব্যুৎপত্তি থাকিলেও অধ্যাপন-প্রণালী তেমন সরল ছিল না। ইহার ফলে তিনি ক্রমান্বরে তিন দিন ধরিন্বা

পাতঞ্চলভায়সহ প্রথম স্ত্রটির ব্যাখ্যা করিয়া বাইলেও উহার তাৎপর্য স্বামীকীর বোধগম্য হইল না দেখিয়া চতুর্থ দিবদে তিনি স্বামীজীকে বলিলেন, "স্বামীজী, আমার বোধ হইতেছে, আমি ধখন তিন দিনেও আপনাকে প্রথম স্তেরই অর্থ ব্রুতে পারলাম না, তথন আমা দারা আপনার বিশেষ কোন উপকার হবে না।" এরপ কথাতে স্বামীজী স্বভাবত:ই বিশেষ লচ্ছিত হইয়া দৃঢ় পণ করিলেন, যেমন করিয়াই হউক নিজের চেষ্টায় ভায়্যের মর্ম উপলব্ধি করিবেন এবং ডাছা যতক্ষণ না হইতেছে ততক্ষণ অন্ত কোন দিকে মন দিবেন না। সঙ্কল স্থিৱ করিয়া তিনি নির্জনে উহা আরম্ভ করিতে বদিলেন এবং ঐকান্তিক মন:-সংযোগের প্রভাবে পণ্ডিতজীর সাহায়ে যাহা তিন দিনেও হয় নাই, তাঁহার স্বীয় উল্লমে তাহা তিন ঘণ্টায় অধিগত হইয়া গেল। কিছু পরেই তিনি পণ্ডিতজ্ঞীর নিকট উপস্থিত হইয়া ভাষাটি ব্যাথ্যা করিতে প্রবৃত্ত হইলেন। তথন তাঁহার স্থচিস্তিত, সরল এবং গৃঢ় লক্ষ্যার্থসম্পন্ন যুক্তিপূর্ণ ব্যাখ্যা ভনিয়া পণ্ডিভন্ধী ভঞ্জিত হইলেন। ইহার পর স্বামীজী অনায়াসেই স্তত্তের পর স্তত্ত এবং অধ্যায়ের পর অধ্যায় পড়িয়া ঘাইতে লাগিলেন। এই ঘটনার উল্লেখ করিয়া তিনি পরে বলিতেন, "মনে যদি আকুল আগ্রহ আনে তবে সবই সম্ভব হয়—পাহাড় গুঁডিয়ে धुला करत रमख्या हला।"

জয়পুরে অবস্থানকালে উক্ত রাজ্যের প্রধান দেনাপতি সরদার হরিসিংহ লাজকানীর সঙ্গে ভাঁহার ঘনিষ্ঠ পরিচয় হয়। তিনি বহুদিন সরদারজীর গৃহে ধর্মতত্ত্ব ও শাস্ত্রাদির আলোচনায় কাটাইয়াছিলেন। একদিনের বিচায় বিয়য় ছিল প্রতিমাপুজা। সরদারজী ছিলেন ঘোর নিরাকারবাদী বেদাস্থী; তিনি প্রতিমাদিতে বিশ্বাস করিতেন না। তাই ঘণ্টার পর ঘণ্টা বিচার চলিতে থাকিলেও তিনি স্বমত পরিত্যাগ করিলেন না। সদ্ধ্যায় য়খন তাঁহারা ভ্রমণে বাহির হইয়া ফুটপাথ ধরিয়া চলিয়াছেন, তখন দেখিলেন একদল ভক্ত শ্রীক্লজের প্রতিমালইয়া কীর্তন গাহিতে গাহিতে শোভাষাত্রা করিয়া চলিয়াছেন। এমন সময় স্বামীজী অকস্মাৎ হরিসিংকে স্পর্শ করিয়া বলিলেন, "দেখুন, দেখুন, কেমন চেতন বিগ্রহ!" সেই কথায় আরুষ্ট হরিসিংহ যেমনি বিগ্রহের দিকে তাকাইলেন, অমনি স্থির হইয়া দাড়াইয়া আননাশ্রু বিসর্জন করিতে থাকিলেন। সাধারণ চেতন ভূমিতে নামিয়া আসিয়া তিনি আস্কর্যসহকারে বলিলেন, "বামীজী, আজ্ব আমার চোথ খুলে গেল। যা আমি ঘণ্টার পর ঘণ্টা আলোচনা করেও ব্রুতে

পারিনি, তা আপনার স্পর্নমাত্র হয়ে গেল! আমি বিগ্রহমধ্যে স্বয়ং ভগবানের দর্শন পেয়েছি।"

আর একদিন ভক্তদিগের মধ্যে উপবিষ্ট স্বামীন্ত্রী তাঁহাদিগকে ধর্মোপদেশ দিতেছেন, এমন সময়ে পণ্ডিত স্রক্ষনারায়ণ নামে ঐ অঞ্চলের পণ্ডিত সমাজে প্রখ্যাত ও সর্বন্ধন-সম্মানিত জনৈক সরদার তাঁহাকে দর্শন করিতে আসিলেন। সামীন্ত্রী যে প্রসঙ্গ করিতেছিলেন, তাহারই স্থ্রে ধরিয়া সরদারন্ত্রী বলিলেন, "স্বামীন্ত্রী, আমি বেদান্ত্রী, আমি অবতারপুক্ষেরে বিশেষ ভগবদৈশর্থে বিশাস করি না। আমরা তো সকলেই ব্রহ্ম। অবতারে আর আমাতে তফাত কি १" স্বামীন্ত্রী উত্তর দিলেন, "ঠিক কথা, কিন্তু অবতারদের মধ্যে মংস্থা কৃর্ম এবং বরাহও আছেন, আর আপনি বলছেন যে আপনিও অবতার। কিন্তু এঁদের মধ্যে আপনি কার সঙ্গে নিজেকে এক মনে করেন १" উপস্থিত সকলে উচ্চৈ:শ্বরে হাসিয়া উঠিলেন এবং সরদারন্ত্রীও নীরব হইলেন।

কিন্তু স্বামীজীর পক্ষে এক স্থানে নিশ্চল হইয়া থাকা সন্তব ছিল না; আবার যেন তিনি দ্রদ্রান্তরের আহ্বান শুনিয়া জয়পুর ত্যাগ করিলেন এবং আজমীটে উপস্থিত হইলেন। এই স্থানটি হিন্দু ও মুসলমানদের বহু কীর্তিকলাপের জন্ম প্রসিদ্ধ। স্বামীজী আকবর শাহের প্রাসাদ দেখিলেন এবং প্রদিদ্ধ প্রতিষ্ঠাভাজন মুসলমান ফকির চিন্তি সাহেবের দরগা নামে প্রসিদ্ধ সমাধিক্ষেত্রও দেখিয়া আসিলেন। আজমীটের পুদ্ধরতীর্থ, সাবিত্তী-মন্দির এবং ব্রহ্মার মন্দিরও স্থাসিদ্ধ। তীর্থ ও মন্দিরাদি দর্শনান্তে তিনি আব্-পর্বতাভিম্থে যাত্রা করিলেন।

গ্রীম্মনাগমে ১৪ই এপ্রিল (১৮৯১) তিনি আবু পর্বতে উপস্থিত হইলেন। এই পর্বতের রমণীয় প্রাকৃতিক সৌন্দর্য তো আছেই, তত্পরি রহিয়ছে নয়না-ভিরাম অতুলনীয় দিলওয়ারা জৈন-মন্দির, যাহা এয়েয়দশ শতাব্দীতে প্রায়্ম আট কোটি টাকা ব্যয়ে খেত মর্মরের দ্বারা বিনির্মিত হইয়াছিল। তুইজন বিণক আতা উহার ব্যয়ভার বহন করিয়াছিলেন এবং উহা সমাপ্ত করিতে চৌন্দ বৎসর লাগিয়াছিল। মন্দিরের কারুকার্যদর্শনে যেমন চিত্ত প্রফুল্ল হয়, তেমনি ভারত-গৌরবস্মরণে প্রাণ উল্লসিত হয়। মন্দির দর্শন করিয়া স্বামীজী পর্বতবক্ষে শোভিত বিশাল হ্রদের তীরে ভ্রমণ করিলেন। ত্

। বাঙ্গলা জীবনীর মতে (পৃ: ২৪৭-৪৮) স্বামীজী আবু হইতে আজমীতে ফিরিয়া আদেন
এবং দেখান হইতে আবার আবুতে যান; অর্থাৎ হইবার আজমীত ও হইবার আবু দর্শন করেন।

অস্থান্ত স্থানে ধাহা হইয়াছিল, আব্তেও তাহাই হইল—স্থামীন্ত্রীর গুণে বছ ভক আরু ইইলেন। তিনি ইহাদের সহিত সাদ্ধান্তমণে বাহির হইতেন। একদিন তাঁহারা 'বেইলিজ ওয়াক' নামক সড়ক ধরিয়া বেড়াইতে বেডাইতে ঐ শৈলনিবাসের বিশেষ বিশেষ মনোরম স্থানগুলি সম্বন্ধে মন্তব্য করিতেছিলেন। নীচেই আব্র হ্রদটি বিস্তৃত ছিল। স্থামীন্ত্রী বন্ধুগণসহ পথ ছাডিয়া একটু উপরে প্রস্তুরপগুগুলির মধ্যে গিয়া উপবেশন করিলেন এবং গান ধরিলেন। সে সঙ্গীত আনেকক্ষণ ধরিয়া চলিতে লাগিল। এদিকে কয়েকজন ইউরোপবাসীও ঐ সময়ে ভ্রমণে নির্গত হইয়াছিলেন এবং সঙ্গীতের মিইভায় আরুই হইয়া গায়কের দর্শনের জন্ম রাস্তায় অপেক্ষা করিতেছিলেন। অবশেষে গায়ক নামিয়া আদিলে তাঁহারা তাঁহার স্থমিষ্ট স্বর ও ভাবগান্তীর্বের ভ্রমণী প্রশংসা করিলেন।

স্বামীজী তথন এক নির্জন গুহাতে আশ্রয় লইয়া তপস্থাদিতে নিরত ছিলেন। তাঁহার আসবাবপত্তের মধ্যে ছিল মাত্র হুইথানি কম্বল, একটি কম্ওল ও খান কয়েক পুস্তক। একদিন জনৈক দেশীয় রাজার উকিল এক মৃদলমান ভप्रताक **अ** পথে राहेवात कारल श्वामी श्रीत्क तिश्वित आकृष्टे इंडेलन । पूरे-চারি মিনিটের আলাপেই উকিল সাহেব বুঝিতে পারিলেন সাধুর পাণ্ডিত্য অগাধ। এই আকর্ষণে তিনি প্রায়ই স্বামীজীর দর্শন জন্ম সেথানে আসিতেন। একদিন তিনি জানিতে চাহিলেন, তাঁহার ঘারা স্বামী জীর কোন দেবা হইতে পারে কিনা। স্বামীঙ্গী বলিলেন, "দেখুন উকিল সাহেব, বর্ষা তো এদে পড়ল, কিন্তু এ গুহার দরজা নেই; আপনি ইচ্ছা করলে এক জোড়া কপাট করে দিজে পারেন।" ইহাতে সম্মতি থাকিলেও উকিল সাহেব বলিলেন, "এ গুহাট। বড় খারাপ, আপনি অমুমতি করেন তো একটা কথা বলি। আমি এগানে একা একটা স্থন্দর বাঙ্গলোতে থাকি। আপনি যদি দয়া করে দেথানে থাকতে রাজী হন তো আমি কুতাৰ্থ হব।" স্বামীজী সম্মত হইলে তিনি বলিলেন, "কিস্ক আমি যে মুসলমান। আমি অবশ্র আপনার জন্ত আলাদা আহারের ব্যবস্থা करत राव ।" चामीकी रममव कथाग्र कान ना निग्रा वाक्र लाटक ठानिग्रा चामिरलन । ইহাতে স্পষ্ট প্রমাণিত হয়, স্বামীজী কত উদারম্বভাব ছিলেন এবং লোকনিন্দা প্রভৃতি ভয়ের উর্ধে বিচরণ করিতেন। এই মুদলমান ভদ্রলোকের গৃহে অবস্থানকে অবলম্বন করিয়াই স্বামীজীর জীবনে আর একটি অধিকতর গুরুত্বপূর্ণ সম্বন্ধের স্ত্রপাত হইন—এই স্ত্রেই তিনি খেতড়ীরাঞ্চের দহিত পরিচিত হইলেন।

উকিল সাহেব এবং তাঁহার বন্ধুবান্ধবকে লইয়া আবু পাহাড়ে স্বামীন্ধীর একটি বেশ স্থন্দর অন্মগামীর দল গড়িয়া উঠিল। এইরকমে কোটার উকিল শ্রীযুক্ত মহারাও এবং ঐ রাজ্যেরই মন্ত্রী ঠাকুর ফতে দিংহের সহিত তাঁহার षानाপ হইন। কিছুদিন পরেই থেতড়ী-রাজের প্রাইভেট সেক্রেটারী মুস্সী জগমোহনলাল নিমন্ত্রিত হইয়া উকিল সাহেবের গুহে আসিলেন। ঘটনাক্রমে স্বামীক্ষী তথন শয্যায় শায়িত—তাঁহার পরিধানে শুধু কৌপীন এবং একখণ্ড গেরুয়া বহিবাস। নিদ্রিত সাধুকে দেখিয়া জগমোহন ভাবিলেন, "যেসব সাধারণ সাধু চোর ছেঁচড়ের মতো খুরে বেড়ায়, এও তাদেরই একজন হবে।" শীঘ্রই স্বামীজীর নিদ্রাভঙ্গ হইলে জগুমোহন প্রায় প্রথম কথায়ই তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "আচ্ছা স্বামীজী, আপনি তো হিন্দু সাধু; আপনি মুসলমানের বাড়ীতে আছেন কি করে? আপনার খাল্ত হয়তো কখন-সখন অপরে ছুঁয়েই ফেলে।" ইহাতে জ্ঞালিয়া উঠিয়া স্বামীজী বলিলেন, "আপনি বলছেন কি ? আমি তো সন্মাসী, আমি আপনাদের সমন্ত সামাজিক বিধিনিষেধের উর্ধেন আমি ভঙ্গীর (মেথরের) সঙ্গে পর্যন্ত থেতে পারি। ভগবান অপরাধ নেবেন, সে ভয় আমার নেই; কেননা এটা ভগবানের অনুমোদিত। শান্ত্রের দিক থেকেও আমার ভয় নেই, কেননা শাল্তে এটা অমুমোদিত। তবে আপনাদের এবং আপনাদের সমাজের ভয় আছে বটে। আপনারা তো আর ভগবান বা শাস্ত্রের ধার ধারেন না। আমি দেখি বিশ্বপ্রথঞ্চের সর্বত্র ব্রহ্ম প্রকাশিত আছেন। আমার দৃষ্টিতে উচ্চনীচ নেই। শিব, শিব।" স্বামীজীর কথায় ও ভঙ্গীতে যেন বিহাৎ বিচ্ছুরিত হইতেছিল। জগমোহন নীরব রহিলেন; তাঁহার মনে কেবল এই চিম্ভা জাগিতে লাগিল—থেতড়ী-রাজের দহিত এই সাধুর পরিচয় হওয়া আবশ্রক। তিনি বলিলেন, "দয়া করে রাজার সঙ্গে দেখা করতে রাজগৃহে षामत्वन कि ?" श्रामीको वनित्नन, "ভान कथा, পরভ যাব।"

স্বস্থানে প্রত্যাগত জগমোহন ধাহা ধাহা ঘটিয়াছিল, সবই থেতড়ী-রাজ্ঞ আজত সিংহকে বলিলেন। ইহাতে রাজা স্বামীজীকে দেখিবার জন্ম এত আকুল হইলেন যে, তিনি বলিলেন, "আমি নিজেই তাঁকে দর্শন করতে ধাব।" এই সংবাদ স্বামীজীর কর্ণগোচর হইবামাত্র তিনি রাজা অজিত সিংহের গৃহে উপস্থিত হইলেন এবং রাজা তাঁহাকে সাদরে অভ্যর্থনা করিলেন (৪ঠা জুন, ১৮৯১)। প্রাথমিক অভিবাদন ও কুশলপ্রশ্লাদির পর রাজা জিজ্ঞাসা করিলেন,

"बामीजी, जीवन मारन कि ?" बामीजी উত্তর দিলেন, "প্রতিকৃল পারিপাৰিক অবস্থাগুলি চেষ্টা করছে জীবকে দাবিয়ে রাথতে, আর তাদের গ্রাফ্ না করে অন্ত:শক্তি স্বীয় আবরণোন্মোচন বা ক্রমবিকাশ করে চলেছে-জাকেই বলে क्रीवन।" कथाश्रमि উচ্চারণের সময় স্বামীজীর স্বীয় জীবনের চু:খক্ট ও বৈরাগা ঐ কথাগুলিতে অপরূপ শক্তিসঞ্চার করায় রাজার নিকট উহা থুবই রনযুগ্রাহী হইয়াছিল। তিনি উৎফুল্লমনে আবার প্রশ্ন করিলেন, "স্বামীন্ধী, তাহলে শিক্ষার মানে কি ?" স্বামীজীর উত্তর আদিল, "আমার মতে শিক্ষার মানে হল কতকগুলি ভাবকে অস্থিমজ্জাগত করা।" সঙ্গে সঙ্গে তিনি তাঁহার কথাগুলি ব্যাখ্যা করিয়া দিলেন। তিনি বলিলেন, "যতক্ষণ না কোন চিন্তা বা ভাব মনের মধ্যে এরূপ দৃঢ় সংস্কারের আকার পায় এবং প্রতি স্নায়ু বা শিরায় তার প্রভাব প্রকাশ পেতে থাকে, ততক্ষণ দেই চিন্তা বা ভাবকে প্রকৃতপক্ষে স্বীয় মনের নিজম্ব সম্পত্তি বলে ধরা চলে না।" তারপর তিনি শ্রীরামক্রফজীবনের ঘটনাবলী উদাহরণম্বরূপে উপস্থিত করিয়া স্বীয় বক্তব্য এমন মর্মস্পর্ণী করিয়া তুলিলেন যে অজিত সিংহ প্রতিটি কথা মন্ত্রমুগ্ধবং শুনিতে লাগিলেন — তাঁহার চিত্ত যেন তথন কোন উর্বলোকে বিচরণমান, যেথানে শুগু সত্যা, শিব ও স্কল্পর চির-প্রতিষ্ঠিত। দিনের পর দিন এমনি করিয়া রাজা তাঁহার অমৃতবাণী ভানিলেন। পরে একদিন বলিলেন, "बाभी জী, আপনি আমার সঙ্গে আমার রাজ্যে চলুন।" সামীজী একট় ভাবিয়া বলিলেন, "আচ্ছা, তাই হবে।"

স্থামীজী থেডড়ীতে তিনবার গিয়াছিলেন — আনেরিকা যাইবার পূর্বে ছুইবার ও আনেরিকা হইতে ফিরিয়া একবার। স্থামীজীর সহিত থেডড়ীরাজের মেলামেশা সম্বন্ধে পণ্ডিত বেণীশঙ্কর শর্মা সম্প্রতি (১৯৬০) একথানি পুশুক প্রণয়ন করিয়াছেন (Swami Vivekananda: A Forgotten Chapter)। গ্রন্থকারের মতামতের সহিত আমরা সর্বক্ষেত্রে সহমত না হইলেও গ্রন্থে প্রকাশিত বিষয়বস্ত হইতে স্থামীজীর আবু পর্বতে ও থেডড়ীতে অবস্থানকালের অনেক কথা জানিতে পারি। পরবর্তী গ্রন্থের অনেক স্থলে এই সময়ের ঘটনার বিবৃতিকালে আমরা প্রধানত: স্থামীজীর ইংরেজী জীবনীর উপর নির্ভর করিলেও স্থলবিশেষে বেণীশঙ্করজীর এই গ্রন্থথানিরও সাহায্য লইব। প্রতিপদে ইহার উল্লেখ অনাবশ্রক। আপাতত: আমরা প্রথমবারের থেডড়ী-শ্রমণের রক্তান্ত লিখিতেছি।

উক্ত গ্রন্থে যে দিনপঞ্জিকা মুদ্রিত হইয়াছে, তাহার সারাংশ এই : ৪ঠা জুন স্বাবু পাহাড়ে স্বামীন্দীর সহিত খেতড়ী-রাজগৃহে রাজা স্বন্ধিত দিংহের প্রথম সাক্ষাৎকার হয়। স্বামীজী সকালে সেধানে উপস্থিত হইলে রাজা তাঁহার সহিত অনেককণ আলাপ করিলেন। ঐ সময়ে যোধপুরের হরদয়াল সিংহজীও উপস্থিত ছিলেন। স্বামীষী সেদিন সেথানেই ভোজন করিলেন। ৬ই জুন मकान मनोग्र सामीकी सावात थे गृहर शालन। এই मिरम् हेरदिकी अवर সংস্কৃত ভাষায় আলোচনা হইল। ১১ই জুন সকালে স্বামীজী তৃতীয়বার ঐ বাটীতে আদিলে রাজার সহিত শাস্ত্রীয় বিষয়ে কথাবার্তা হইল এবং সাড়ে দশটায় উভয়ে আহার করিলেন। স্বামীন্সী কয়েকটি গান গাহিলেন এবং निका ও पर्नन मधरक नाना कथा विनया विकारन इंटेगित मगर विपाय नहेंदनन। ১৫ই জুन তারিখেও স্বামীজী সকালে দশটায় সেধানে আসিয়া বিবিধ প্রসঙ্গান্তে আহার कतिराम এবং পুনরায় তিনটা পর্যন্ত বিসিয়া আলাপ করিলেন। ২২শে জুন ঐ গহে পৌছিয়া স্বামীজী বাহিরের একটি কক্ষে বসিলেন। পরে অজিত সিংহ ঐ কক্ষে আসিয়া তাঁহার সহিত শিক্ষা ও শাস্ত্র বিষয়ে কথাবার্তা বলিলেন। পৌনে বারটায় উভয়ে আহার করিলেন। ইহার পর একট বিশ্রামান্তে রাজা পুনর্বার পাঁচটা পর্যন্ত স্বামীজীর সহিত বিবিধ প্রসঙ্গ করিলেন। ২৩শে জুনও অমুরূপ ভোজন ও প্রদঙ্গাদি হইল। ২৪শে জুনের বিবরণটি একটু অমুধাবনযোগ্য। স্বামীজী সকালে উপস্থিত হইয়া পুর্ব পূর্ব দিনের ন্যায় বার্তালাপের পর রাজার সহিত ভোজন করিলেন। অতঃপর বৈঠকথানায় বসিয়া বিশ্রাম করিতেছেন এমন সময় অপরাত্রে পুর্বব্যবস্থামুখায়ী জলেশ্বরবাসী ঠাকুর মুকুন্দ সিংহজী আজমীঢ়ের আর্থসমাজের প্রেসিডেন্ট শ্রীযুক্ত হরবিলাস বি. এ. মহোদয়ের সহিত সেধানে উপস্থিত হইলেন। অজিত সিংহও দেখানে উপস্থিত ছিলেন। সকলে বসিয়া व्यर्थको यादः व्यात्नाहना कतित्नन। উक्त मिनशक्षीरक कुनारे मारमत ४, ७, ৮, ৯, ১১, ১৪, ১৭, ১৮ তারিখেও ঐ গৃহে গমন এবং ভোজন ও আলাপাদির উল্লেখ আছে।

২৪শে জুলাই স্বামীজী অজিত সিংহের সহিত থেতড়ী অভিমুথে যাত্রা করেন। তাঁহারা আজমীত হইয়া ২৫শে জুলাই জ্বয়পুরে পৌছিয়া তথাকার থেতড়ী-হাউসে উঠেন। জ্বপুর হইতে তাঁহারা ৩রা আগস্ট আবার যাত্রা করিয়া অপরাত্নে টেনে থৈরথলে পৌছিয়া সেধানে রাত্রিষাপন করিলেন। পরদিন থৈরথল ত্যাগ করিয়া কোটে পৌছিলেন এবং ৫ই আগস্ট কোট ত্যাগ করিয়া ৭ই আগস্ট সকালে সাড়ে সাতটায় থেতড়ীতে উপস্থিত হইলেন। পথের শেষ অংশটুকু তাঁহারা 'রথে' চড়িয়া আসিয়াছিলেন বলিয়া মনে হয়।

থেতড়ীতে আগমনের স্কল্পনি পরেই রাজা স্বামীজীর নিকট মন্ত্রদীকা গ্রহণ-পূর্বক তাঁহার শিশ্র হইলেন। এই গুরুশিয়ের সম্বন্ধ অতীব ঘনিষ্ঠ এবং মধুর ছিল; অজিত সিংহ স্বামীজীকে প্রাণ দিয়া ভালবাসিতেন ও শ্রদ্ধা করিতেন---স্বামীক্ষীর সম্মুখে তিনি করজোড়ে জামুণাতিয়া অভিবাদন করিতেন এবং তাহার সর্বপ্রকার সেবার জন্ম প্রস্তুত থাকিতেন। স্বামীজীও আশা রাখিতেন— এই শিয়ের দ্বারা ভারতের অশেষ কল্যাণ সাধিত হইবে; তাই তিনি 🖦 তাহার ধর্মজীবনের ভার গ্রহণ করেন নাই, লৌকিক জ্ঞানার্জনেও বিশেষ সাহায্য করিয়াছিলেন। স্বামীজীর খেতড়ীতে প্রায় তিন মাদ (৭ই আগট চইতে ২৭শে অক্টোবর) অবস্থানের স্থযোগে রাজা তাঁহার নিকট পদার্থ-বিভা, রুসায়ন-বিভা এবং নক্ষত্র-বিভা অধ্যয়ন করেন। রাজপ্রাসাদের সর্বোচ্চ গৃহে স্বামীদ্ধী একটি ল্যাবরেটরি স্থাপন করিয়াছিলেন—উহাতে বিজ্ঞান-শিক্ষার উপযোগী যম্বপাতি এবং রাসায়নিক দ্রব্য সংগৃহীত ছিল। একটি দূরবীক্ষণও ঐ উচ্চ গৃহের ছাদে স্থাপিত হইয়াছিল এবং গ্রহ-নক্ষত্রাবলোকনে গুরুলিয় এমনই মাতিয়া যাইতেন যে. সময়ের জ্ঞান থাকিত না। ইহা ছাড়া গীতিবাত্যের চর্চা তো ছিলই। এইসকল চর্চা সব সময় রাজপ্রাসাদেই হইত না, অনেক সময় নিকটবর্তী বিশাল পুন্ধরিণীর (তলাব) তীরবর্তী গ্রহে বসিয়াও হইত। ৪ঠা অক্টোবর স্বামীজী রাজার সহিত অস্বারোহণে নবরাত্রি উপলক্ষে রাজস্থানের প্রসিদ্ধ জিন-মাতার মন্দির দর্শনে চলিলেন। উহা সীকর রাজ্যের অন্তর্গত ছিল। পথে সিগনোরে পৌছিয়া তাঁহারা সেথানে রাত্তিযাপন করিলেন এবং ৫ই অক্টোবর সিগনোর পরিত্যাগ করিয়া বাজোরের পথে ৬ই অক্টোবর দীকরে উপনীত হইয়া স্থানীয় রাজা মাধোসিংহজীর সহিত জিন-মাতার মন্দির দর্শন করিয়া আনিলেন। অতঃপর ১০ই অক্টোবর পুনর্যাত্তা করিয়া তাঁহারা ১১ই অক্টোবর থেতড়ীতে ফিরিলেন। ১২ই অক্টোবর মহাসমারোহে থেতড়ীতে "দশেরা" উৎসব উদযাপিত হইল এবং ঐ উপলক্ষে ভোক্তেরও ন্যবন্ধা হইল।

খেতড়ীতে থাকার সুযোগে স্বামীন্ধী নিব্দের জ্ঞানভাণ্ডারও কিঞ্চিৎ সমৃদ্ধ

[।] ইংরেজী জীবনীর মতে 'ষ্টেট ক্যারেজ-'-এ।

করিতে ষত্মপর হইয়াছিলেন। তথন রাজহানের বৈয়াকরণদের অক্সতম অগ্রণী পণ্ডিত নারায়ণদাসজীর সহিত তাঁহার পরিচয় হইলে তিনি তাঁহার অসমাপ্র পাণিনি-ব্যাকরণের অধ্যয়ন আরম্ভ করিলেন। পতঞ্জলির মহাভায়্যের এইরপ একজন প্রতিভাবান ছাত্র পাইয়া পণ্ডিতজীও বিশেষ আনন্দিত হইলেন। একদিন প্রবিদনে পঠিত এক স্থানীর্ঘ বিষয়ে পণ্ডিতজী ছাত্রকে প্রশ্ন করিলে তিনি সমস্ত পাঠিটর হবছ পুনরার্ভি করিলেন এবং সঙ্গে সঙ্গে স্বীয় মন্তব্যও যোগ করিয়া দিলেন। কিছুদিন পরে পণ্ডিতজী যথন ব্রিলেন যে, স্বামীজীই তাঁহার সমস্তাভিলর সমাধানকর্তা হইয়া দাঁড়াইয়াছেন, তথন তিনি বলিলেন, "স্বামীজী আর তো আপনাকে শিথাবার কিছু নেই; আমি যা কিছু জানি আপনাকে সব শিথিয়েছি, আর আপনিও তা স্থপরিজ্ঞাত হয়েছেন।" তথন স্বামীজী সসম্বানে পণ্ডিতজীকে অভিবাদন করিলেন এবং রূপাপ্রকাশপূর্বক শিক্ষা দিয়াছেন বলিয়া আন্তরিক ধন্তবাদ জানাইলেন।

একদিন রাজা জিজ্ঞাসা করিলেন, "স্বামীজী, (প্রাক্কতিক) নিয়ম মানে কি?" বিন্দুমাত্র ইতস্ততঃ না করিয়া স্বামীজী বাটিতি উত্তর দিলেন, "নিয়ম জিনিসটা সম্পূর্ণ মানসিক; বাইরে এর কোন সত্তা নেই, এটা হচ্ছে বৃদ্ধি এবং ভূয়োদর্শনের ফল। ইন্দ্রিয়প্রত্যক্ষ জিনিসগুলিকে শ্রেণীবদ্ধরণে সাজিয়ে বৃদ্ধিই এগুলিকে নিয়মের আকারে গডে। প্রত্যক্ষ-পরম্পরা কিভাবে ঘটবে তা সম্পূর্ণ মানসিক ব্যাপার। ইন্দ্রিয়ন্বার দিয়ে বহির্বিষয়ের যে ছাপ আসে এবং ঐগুলির সম্বদ্ধে বৃদ্ধিতে যে প্রণালীবদ্ধ ক্রমিক প্রতিক্রিয়া ঘটে তা ছাড়া নিয়ম বলে আলাদা কিছু নেই। বিজ্ঞানবাদীদের মতে বহির্বিষয় বলতে তো শুর্ সমপ্রকারের বস্ত্র বা সমপ্রকারের স্পান্দনকে ব্রায়। এদের অমৃভৃতি এবং শ্রেণীবিভাগ হল মানসিক ব্যাপার। অতএব নিয়ম বলতে বৌদ্ধিক জ্ঞানকে ব্রায় এবং বৃদ্ধিতেই এর উৎপত্তি।" এই বলিয়া স্বামীজী সাংখ্যদর্শনের কথা পাড়িলেন এবং দেখাইয়া দিলেন, জড়বিজ্ঞান কিরপে এই দর্শনের সিদ্ধান্তগুলির সমর্থন করে।

দিন যেমন যাইতে লাগিল, অজিত সিংহের গুরুভক্তি ততই বৃদ্ধি পাইয়া এমন হইল যে, গভীর রজনীতে তিনি শ্যাত্যাগপূর্বক গুরুর পদসেবা করিতেন। প্রথম রাত্রে নিদ্রাভক্তে ইহা লক্ষ্য করিয়া স্বামীজীর বিস্ময়ের অবধি রহিল না। তিনি রাজাকে নিরস্ত হইতে বলিলেন, কিন্তু সফল হইলেন না; রাজা সবিনয়ে বলিলেন, "স্বামীজী, আমি আপনার দাসামুদাস, আপনি আমায় এ সৌভাগ্য থেকে বঞ্চিত করবেন না।" দিবাভাগে প্রকাশ রাজ্ঞসভাতেও রাজা ঐক্প সম্মান দেখাইতে চাহিতেন ; কিন্তু স্বামীজী সেরপ সেবা গ্রহণ করিতে অসমত হইয়া বলিয়াছিলেন, "উহাতে প্রজার চক্ষে রাজার মর্যাদা ক্ষুণ্ণ হয়।"

ষামীজী যথন কোনও পুস্তক পড়িতেন, তথন পুস্তকে দৃষ্টিনিবদ্ধ রাখিয়া দ্রুক্ত পূচা উলটাইয়া ষাইতেন। ইহা দেখিয়া কুতৃহলী রাছা জানিতে চাহিলেন, "ষামীজী, আপনি এত দ্রুত পড়েন কি করে ?" স্বামীজী উত্তর দিতে গিয়া ব্যাইলেন, "বালক যথন প্রথম পড়তে শিথে তথন এক একটি অক্ষর দ্বার তিনবার উচ্চারণ করে তবে শব্দটি পড়তে পারে। তথন তার দৃষ্টি থাকে এক একটি অক্ষরের উপর। আরও শিক্ষার পর তার নজর অক্ষরের উপব না পড়ে এক একটা শব্দের উপর পড়ে—তথন অক্ষরের উপলবিধ না হয়ে শব্দের উপলবিধ হয়। ক্রমে অভ্যাদের ফলে এক একটা বাকোর উপর নজর পচে, আর তাবই উপলবিধ হয়। এই ধারায় ভাবগ্রহণের ক্ষমতা বাভিয়ে গেলে একন্দরের পৃষ্ঠাকে পৃষ্ঠা উপলবিধ হয়। এ শুধু অভ্যাদ, ব্লাচর্য আর একাগ্রতার ফল ছাডা আর কিছুই নয়—যে কেহ চেষ্টা করলেই করতে পারে। তৃমি চেষ্টা কর, ভোমারও হবে।"

থেতড়ী-রাজ অপুত্রক ছিলেন। তাঁহার বিধাস ছিল, গুরুজী মানীর্বাদ করিলে অবশ্র পুত্রলাভ হইবে; তাই একদিন ধরিয়া বসিলেন, "স্বামীজী, আপনি আনীর্বাদ করুন, আমার যেন একটি পুত্রলাভ হয়। আমার স্থির বিশ্বাস, আপনার মুথে শুধু ঐ কথা উচ্চারিত হলেই আমার অভীষ্টপুর্ব হবে।" রাজার ঐকাস্থিক অনুরোধ এড়াইতে না পারিয়া ও তাঁহার অটুট বিশ্বাস দেপিয়া স্বামীজী প্রাণ ভরিয়া আনীর্বাদ করিয়াছিলেন। আমরা দ্বিতীর বার থেতড়ীতে ফিরিয়া দেখিব, এ আনীর্বাদ পূর্ব হইয়াছিল, কিন্তু তাহা আরও দেড বৎসরের পরের কথা।

পূর্বের বিবরণ পড়িয়া যদি কাহারও ধারণা হয় যে, পেতড়ীর দিনগুলি স্বামীন্দী রাজার দক্ষে রাজভবনেই কাটাইয়াছিলেন, তবে একাস্তই ভূল হইবে। তিনি দীন-দরিত্র ভক্ত প্রজাদের গৃহেও প্রায়ই দর্শন দিতেন। পেতড়ীর ভক্তদের মধ্যে অক্সতম অহ্বাগী ভক্ত ছিলেন পণ্ডিত শঙ্করলাল। ইনি দরিত্র আহ্মণ হইলেও স্বামীন্দী বছবার তাঁহার গৃহে ভিক্ষা গ্রহণ করিয়াছিলেন। তাঁহার দৃষ্টিতে রাজাপ্রকা সকলেই সমান স্বেহের পাত্র ছিলেন। তিনি সকলকে সাননে ধর্মকথা ভনাইতেন এবং শ্রীরামক্বফের উপদেশ ও জীবনের ঘটনাবলীর উল্লেখ করিয়া ঐ সকল কথা প্রাঞ্জল ভাবে বুঝাইয়া দিতেন। বস্তুত: তাঁহার সরল ও সরস ব্যবহার এবং সর্বদা ভগবদ্ভাব লক্ষ্য করিয়া ও তাঁহার সহিত তাঁহারই কথিত শ্রীরামকৃষ্ণ জীবনের তুলনা করিয়া তাঁহাদের অহভব হইত, শ্রীরামকৃষ্ণকে না দেথিয়া থাকিলেও তাঁহার হাতে-গড়া স্বামীজীকে দর্শন করিয়া তাঁহারা কৃতার্থ হইয়াছেন।

থেতড়ীতে স্বামীন্ধী আনন্দেই ছিলেন, এবং থেতড়ীবাসীও তাঁহাকে ছাড়িতে প্রস্তুত ছিল না; কিন্তু স্বামীন্ধীর অন্তরাত্মা কখনও তাঁহাকে স্থির হইয়া থাকিতে দিতে প্রস্তুত ছিলেন না; অতএব তিনি ২৭শে অক্টোবর কিংবা তাহার পরদিন থেতড়ী হইতে বিদায় লইলেন। ও থেতড়ী হইতে প্রথমে তিনি আক্ষমীঢ়ে উপস্থিত হন এবং সেধানে চ্ই-একদিন কাটাইয়া ক্রমে আহমেদাবাদে বান। তাঁহার গুজরাট ভ্রমণের বৃত্তান্ত লিপিবদ্ধ করার পূর্বে আরও কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা এখানেই শেষ করিতে চাই। এইগুলির স্থান ও কাল সঠিক জানা নাই।

রাজস্থানের মধ্যে একবার ট্রেনে যাইবার কালে তাঁহার কামরাতে তুইজন ইংরেজ দহযাত্রী ছিলেন। ইহারা ভাবিলেন স্বামীজী একজন সাধারণ ফকির মাত্র; অতএব ইংরাজীতে আলাপ করিতে করিতে তাঁহার প্রসঙ্গ তুলিয়া হাসিঠাট্টায় মাতিয়া গেলেন। স্বামীজী যেন কিছুই বুঝিতেছেন না এমনি ভাবে নীরবে অম্লানবদনে বিদ্যা রহিলেন। একটু পরে ট্রেনটি একটি স্টেশনে থামিলে স্বামীজী স্টেশন মাস্টারের নিকট ইংরাজীতে এক গ্লাস জল চাহিলেন। সহযাত্রী তুইজন যখন দেখিলেন যে, স্বামীজী তাঁহাদের ভাষা জানেন, তখন বিশেষ বিত্রত ও লচ্জিত ও আশ্চর্যান্বিত হইয়া স্বামীজীকে জিজ্ঞাসা করিলেন, তিনি সব বুঝিয়াও কেমন করিয়া বিন্দুমাত্র ক্রোধ না দেখাইয়া বিদিয়া ছিলেন। উত্তরে স্বামীজী বলিলেন, "দেখুন বন্ধুগণ, আহাম্মকদের সংস্পর্শে আসা তো আমার জীবনে এই নতুন নম্ব।" ইহাতে সহযাত্রীন্বের ক্রোধ হইল নিশ্চয়, কিন্তু স্বামীজীর তেজঃপূর্ণ স্বর্গতিত চেহারা দর্শনে তাঁহারা ঐ ক্রোধ চাপিয়া বরং তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিলেন।

ঐ প্রাদেশেই একবার দীর্ঘ ট্রেন-ভ্রমণের সময় এমন এক থিওসফিষ্ট সহযাত্রী জুটলেন যিনি অলৌকিকতায় অতিমাত্র বিশাসী। তিনি বিহান হইলেও ধর্ম-

৬। থেতড়ীর অন্ধিত সিংহের কর্মচারীরা বে দিনলিপি লিখিতেন, উহাতে ২৭শে অক্টোবর
অপরাক্ন পর্যন্ত আমীজীর থেতড়ীতে উপস্থিতি উন্নিথিত আছে, ভাহার পর আর কোন উল্লেখ নাই।

বিষয়ে বড়ই অজ্ঞতার পরিচয় দিয়া স্বামীজীকে নানা মৃখোচিত প্রশ্নে উত্যক্ত করিতেছিলেন। স্বামীজী হিমালয়ে গিয়াছিলেন কিনা, দেখানে অলৌকিক শক্তি-সম্পন্ন মহাত্মাদের সন্ধান পাইয়াছিলেন কিনা, ইত্যাদি প্রশ্নের আরু বিরাম ছিল না। স্বামীজী স্থির করিলেন, এই পণ্ডিতমূর্থকে শিক্ষা দেওয়া আবশ্রক; কাজেই অন্তরের হাস্ত অন্তরেই চাপিয়া রাখিয়া তিনি মহাত্মাদের অত্যাক্ত সিদ্ধাই ও সেই সকলের প্রয়োগ সম্বন্ধে এমন চমকপ্রদ সব কাহিনী বলিতে লাগিলেন যে, ঐ ভদ্রলোক বিক্ষারিতনয়নে তাহার দিকে চাহিয়া এবং ওটাম্বয় খুলিয়া যেন তাঁহার কথাগুলি গিলিতে লাগিলেন। স্বামীন্ধী একটু থামিলেই আবার ভদ্রলোকের প্রশ্ন আদিল, মহাত্মারা বতমান যুগের অবস্থিতিকাল সম্বন্ধে কিছু বলিয়াছেন কিনা। স্বামীজী নিবিকারচিত্তে বলিয়া যাইতে লাগিলেন: মহাত্মাদের সহিত এ বিষয়ে দীর্ঘ আলোচনা হইয়াছিল, মহাত্মারা পরিষ্কার জানাইয়াছেন কবে কিভাবে মহাপ্রলয় আদিবে, এবং প্রলয়ান্তে নবীন সভাযুগের প্রবর্তনের জন্ম তাহারা কেমন করিয়। নৃতন মাহুষের সৃষ্টি করিবেন। ভর্মণোকটি স্বামীজীর সব কথাই নিবিবাদে বিশ্বাস করিলেন এবং এত সহজে, এতটা দিব্য-জ্ঞান লাভ করিয়াছেন তাহার প্রতিদানস্বরূপ স্বামীজীকে তাহার সহিত আহারের আমন্ত্রণ করিলে স্বামীজী সহজেই সমত হইলেন, কেননা তথন প্রস্ত তাহার কিছুই থাওয়া হর নাই। তাহার অমুরাগারা তাহাকে একথানি দিতীয় শ্রেণীর টিকেট কিনিয়া দিয়াছিলেন ; কিন্তু তথন তিনি সঞ্চয়ের বিরোধী ছিলেন, অতএব তাহাদের প্রদত্ত অর্থ গ্রহণ করেন নাই। আহারের পর স্বামীন্ধী উক্ত ব্যক্তিকে আরও একটু ভাল করিয়া দেখিলেন; বুঝিলেন, ইনি হৃদয়বান, সরল ও অলৌকিক ব্যাপারে এত সহজে বিখাসবান যে, বিচারবুদ্ধি হারাইয়া ফেলেন; অতএব মন্তিক্ষের এই তুর্বলতা দূর করিবার জন্ম তথন তিনি দৃঢ়স্বরে আসল কথা খুলিয়া বলিলেন, "আপনি নিজের বিভা ও বুদ্ধি জাহির করতে এতটা উৎস্ক হয়েও কি করে এসব অসম্ভব উদ্ভট কথাগুলি মেনে নিলেন ?" ভদ্রলোক লক্ষায় মধোবদন হইলেন, আর একটি কথাও বলিলেন না। তখন ধর্ম বলিতে कि বুঝায় তাহার ব্যাখ্যাকল্পে এবং সমস্ত আজগুর্বী ধারণা অপসারিত করার উদ্দেশ্তে, স্বামীক্ষী বলিয়া যাইতে লাগিলেন, "বন্ধু, আপনাকে দেখে তো বৃদ্ধিমান বলেই মনে হয়। আপনার মতে। লোকের পক্ষে একটু বুদ্ধিবিবেচনা করে চলা উচিত। সিদ্ধাই-এর সঙ্গে আধ্যাত্মিকতার কোন সম্বন্ধ নেই, কেননা বিচার করে দেখলে এই পাওয়া বায়—বে ব্যক্তি সিন্ধাই দেখায়, সে নিজ বাসনার দাস এবং অভিশয় আছেরী। আধ্যাজ্মিকতার অর্থ হচ্ছে চরিত্রবলরপ ষথার্থপক্তি অর্জন করা, এর অর্থ হচ্ছে রিপুজয় এবং বাসনা নির্মৃত্য করা। এই সকল ভোজবাজী, যাতে মহুয়জীবনের কোন সমস্রারই প্রক্লত সমাধান হয় না, এর পেছনে দৌড়ানো মানে শক্তির অযথা অপব্যয়; এটা একটা হীন স্বার্থপরতা ছাড়া আর কিছুই নয়, আর এর ফলে মন্তিম্ববিকার উৎপয় হয়। এই সব আহাম্মকই তো আমাদের জাতের সর্বনাশ করছে। এখন আমাদের প্রয়োজন হচ্ছে বেশ শক্ত ও সবল সাধারণ বৃদ্ধি, সর্বসাধারণের সহিত সহায়ুভূতি এবং মায়ুয়-গড়ার মতো দর্শন ও ধর্ম।" সব শুনিয়া ভদ্রলোক স্বামীজীর উদ্দেশ্য, ধর্মনিষ্ঠা ও মহাপ্রাণ্তা সম্বন্ধে নিঃসন্দেহ হইলেন এবং প্রতিজ্ঞা করিলেন যে, তিনি অতঃপর স্বামীজীর উপদেশ অমুসরণ করিবেন।

শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষকে একদিন গল্পছলে স্বামীজী আর একটি ঘটনা বলিয়াছিলেন। তিনি একবার কোনও স্থানে যাইবার জন্ম রাজস্থানের এক রেল স্টেশনে অপেক্ষা করিতেছিলেন: কিন্তু কোন কারণে ট্রেনে উঠিতে না পারিয়া তিন দিন দেখানেই থাকিতে হইয়াছিল। দেসময় বহু লোক তাঁহার নিকটে আসিয়াধর্মপ্রসঙ্গ করিত। দিনরাত্রিই লোক আসিত এবং আলাপ করিয়া চলিয়া যাইত, কিন্তু তাঁহার থাওয়া হইয়াছে কিনা, কেহই জিজ্ঞাদা করিত না, আর তিনিও বলিতেন না। তৃতীয় রাত্রে সকলে চলিয়া গেলে এক দীনহীন ব্যক্তি আসিয়া জিজ্ঞাসা করিল, "মহারাজ, আপনি তিন দিন তো অনবরত কথাই বলিয়াছেন, জলপান পর্যন্ত করেন নাই, এতে আমার প্রাণে বড় ব্যথা লেগেছে।" স্বামীজীর তথন মনে হইল, স্বয়ং নারায়ণ বৃঝি দীনবেশে তাঁহার নিকট আসিয়াছেন। তিনি জিজ্ঞাসা করিলেন, "তুমি আমায় কিছু খেতে দেবে ?" সে অতি বিনীত ভাবে বলিল, "আমার প্রাণতো তাই চায়; কিন্তু আমার তৈরী রুটি আপনাকে দেব কি করে ? আজ্ঞা হয় তো আমি আটা ডাল এনে দিই, আপনি ডাল-কটি বানিয়ে নিন।" স্বামীজী তথন নিয়ম করিয়াছেন, অগ্নিম্পর্ল করিবেন না; তাই তাহাকে বলিলেন, "তোমার তৈরী কটি আমায় দাও; আমি তাই থাব।" ভনিয়া সে ভয়ে জড়-সড় হইয়া গেল। সে থেতড়ী-রাজের প্রজা—রাজা যদি জানিতে পারেন যে, সে চামার হইয়াও সর্লাসীকে কটি প্রস্তুত করিয়া দিয়াছে, তাহা হইলে তাহার গুরুতর শান্তি হইবে, চাই কি, সে রাজ্য হইতে বিতাড়িতও

হইতে পারে। স্বামীজী তাহাকে আসাস দিয়া বলিলেন, "ভয় নেই, রা**জা** তোমাকে শান্তি দেবেন না।" ইহাতে সে ভরদা পাইল কিনা জানি না: তবে বলবতী সাধুসেবার আগ্রহে রুটি প্রস্তুত করিয়া আনিল। স্বামীক্সী বলেন, "সে সময় দেবরাজ ইন্দ্র স্বর্ণপাত্তে স্থা এনে দিলেও তেমন তৃথিকর হত কিনা সন্দেহ।" তাহার দয়া দেখিয়া স্বামীক্ষীর চক্ষে ক্সল আসিল এবং তিনি ভাবিলেন এরপ কত শত উচ্চচেতা ব্যক্তি পর্ণকূটীরে বাস করে, কিন্তু স্মামাদের চক্ষে তারা চিরদিন ঘুণ্য, হীন। তাঁহাকে চামারের খান্ত গ্রহণ করিতে দেখিয়া স্টেশনের জন কয়েক ভদুভোণীর লোক বলিলেন, "আপনি যে নীচ বাজিক ছোঁয়া থাবার থেলেন, এটা কি ভাল হল ?" তাহাতে তিনি উত্তর দিলেন, "তোমরা তো এতগুলি লোক আমাকে তিন দিন ধরে বকালে, কিছু আমি কিছু থেলাম কিনা, তার কি থোঁজ নিয়েছিলে ৷ অথচ নিজেরা ভত্ত আর এ ব্যক্তি ছোটলোক বলে বড়াই করছ? ও যে মহন্ত্রত্ব দেখিয়েছে, ভাতে ও নীচ হলো কি করে ?" থেতড়ী-রাজের সহিত পরিচয়ের পর স্বামীষ্কী এই ঘটনাটি রাজাকে শুনাইলে তিনি ঐ ব্যক্তিকে ডাকিয়া পাঠাইলেন। সে তো ভীত-কম্পিত-কলেবরে রাজনকাণে উপস্থিত হইল—মনে আশকা জাগিল, না জানি আল কপালে কি শান্তি আছে। কিন্তু রাজা তাহার সাধুবাদ করিলেন এবং রাক্ষকপায় সেদিন হইতে ভাহার দারিন্যু দুর হইল।°

পরিপ্রাক্তক জীবনের কথা তিনি বড় একটা কিছু বলিতেন না, কেবল কথাপ্রসক্ষে হই-একটি ঘটনা বাহির হইয়। পড়িত। একবার তিনি এক শিশ্বের সাক্ষাতে অন্তমনস্কভাবে বলিয়াছিলেন, "ওঃ কি কষ্টের মধ্য দিয়েই না দিন গিয়েছে! একবার উপর্যুপরি তিন দিন থেতে না পেয়ে রাস্তার উপর মৃ্ছিত হয়ে পড়েছিলাম; যথন জ্ঞান হল, দেখলাম, স্বাঙ্গ বৃষ্টির জলে ভিজে পরীরটা একটু স্কৃত্ব বোধ হয়েছিল। তথন উঠে আত্তে আত্তে আবার পথ হাটি ও এক আশ্রমে পৌছে কিছু মুখে দিই, তবে প্রাণ বাচে।

৭। বাঙ্গলা জীবনীর মতে (পৃ: ৩৪৫) ঘটনাটি রেলস্টেশনে এবং ইংরেজী জীবনীর মতে (পৃ: ২৬০) থেতড়ীতে ঘটে। থেতড়ী শহরে ঘটা কিন্তু অসন্তব, কারণ স্বামীজী নেগানে স্পরিচিত ছিলেন এবং রাজবাটীতে থাকিতেন। থেতড়ী রাজ্যে কোন রেলস্টেশন ছিল না; অতএব রাজামধ্যে ঘটাও কঠিন। ইংরেজী জীবনীতে অবহা রেলস্টেশনের উল্লেখ নাই—তথ্ বলা হইয়াছে "খেতড়ী"। আমাদের মনে হয়, আবু যাইবার পথে, অর্থাৎ থেতড়ীর রাজার সহিত সাক্ষাতের পূর্বে পথে কোধাও এক্সপ ঘটিয়াছিল, আর ঐ মৃটি থেতড়ীর প্রজা হইলেও কর্মবাপ্রেশেল দূরে কোন ষ্টেশনের কাছে বাস করিডেছিল।

পশ্চিম ভারতে

স্বামীন্দীর পর্যটনস্পৃহা তথনও পূর্ণবলবতী—তিনি পুণাভূমি ভারতকে নিবিড়তররপে চিনিবেন, মহামায়ার কায়ারপ জন্মভূমির বৈচিত্রাময় বিপুলতার মধ্যে নিজের বাক্তিতকে একেবারে মিশাইয়া দিবেন সমস্ক দাবি-দাওয়া নিংশেষে পরিত্যাগ করিয়া—তবে যদি তাঁহার উপর ভগবানের রূপাদৃষ্টি প্রসারিত হয়, তবে যদি পথের সন্ধান মিলে। ক্রমে তিনি গুজরাটের প্রধান নগর আহমেদাবাদে উপস্থিত হইলেন। সেধানে দিন কয়েক যদুচ্ছাবস্থান ও আকাশবুজি অবলম্বনে উদরপালনের পর তিনি শ্রীযুক্ত লালশঙ্কর উমীয়াশন্কর নামক একজন সাাব-জজের গৃহে আশ্রম পাইলেন। আহমেদাবাদ ইতিহাদবিশ্রুত স্থান। অতীতে উহার নাম ছিল কর্ণাবতী; পরে উহা গুজরাটের মুসলমান স্থলতানদের রাজ্ধানীর মর্যাদা পায়। একসময়ে ইহা ভারতের অক্সতম হুরমা বুহৎ মহানগর ছিল। টমাস রো ইহাকে লণ্ডনের ন্যায় বিশাল বলিয়া উল্লেখ করিয়াছিলেন। জৈনদিগের अञ्चामग्रकारल देश करग्रकि चन्नत्र देखनमन्तित এवः मुमलमानित्वत्र ताकचकारल কয়েকটি মনোহর মদজিদ ও সমাধিসৌধে স্থশোভিত হয়। স্বামীজী নগরের মধ্যবর্তী ও পার্শ্ববর্তী স্থানে ঐ কীতিনিদর্শনগুলি দর্শন করিলেন। এখানে জৈনপণ্ডিতদিগের সহিত আলোচনার স্বযোগ পাইয়া তিনি ঐ বিষয়ে স্বীয় জ্ঞানভাণ্ডার সমুদ্ধতর করিলেন। এই প্রকারে দিনকয়েক আনন্দে কাটাইয়া অতঃপর কাটিয়াওয়াড়ের অন্তর্গত ওয়াডোয়ান নামক স্থানে উপনীত হইলেন। **দেখানে রণিক-দেবীর মন্দির দর্শনাস্তে লিমড়ী অভিমূখে অগ্রসর হইলেন।**

লিমড়ী-রাজ্য তুলার জন্য প্রশিদ্ধ। রাজ্যের রাজধানীরও নাম লিমড়ী, এবং তথনকার দিনের রাজার নাম ছিল ঠাকুরসাহেব বেহেমিয়াটাদ লিমড়ী। নগর পর্যন্ত পথ তিনি পদবজে অতিক্রম করিয়াছিলেন। দিবসে পথ চলিয়া তিনি অ্যাচিত ভিক্ষারে উদরপুরণ করিতেন এবং সদ্ধ্যাসমাগমে যত্রতক্র আশ্রেয় লইতেন। লিমড়ী শহরে পৌছিয়া অহুসদ্ধানক্রমে জানিতে পারিলেন, নিকটেই সাধুদের এক আশ্রম আছে, সেথানে আশ্রম ও আহার হুইই স্থ্রাপ্য। সাধুদিগের নিকট আদিবামাত্র তাঁহারা তাঁহাকে সাদরে গ্রহণপূর্বক তাঁহার বাসের জন্য একটি নির্কান আলয় দেখাইয়া দিলেন এবং বলিলেন, তিনি যত্তিন খুশি সেধানে

থাকিতে পারেন। স্বামীজী তথন পথশ্রান্ত এবং ক্ধাপ্রপীড়িত; স্বতরাং দ্বানটি যে কিরূপ তাহা বিশেষ পর্যবেক্ষণ করিলেন না, আর সাধুদের আশ্রম সমুদ্ধে সহসা কাহারও মনে সন্দেহ জাগিবেই বা কেন ৷ অতএব তিনি উপশ্বিত সমস্তার সমাধানকল্পে সেপানেই আশ্রয় লইলেন। কিন্তু ছই-একদিন পরেই ঐ দাধুদের যে পরিচয় পাইলেন, তাহাতে তাঁহার মাথা ঘ্রিয়া গেল। দেখিলেন, ঐ ধর্ম-ধ্বজীরা অতি জ্বল্ঞ সাধনপ্রণালীর অহুসরণ করে—ধর্মের নামে কৃংসিত কার্যাস্থ্রচানই তাহাদের নিভ্যক্রিয়া। পার্যের গৃহে তিনি তাঁহাদের প্রার্থনা, মজ্রোচ্চারণ ও বামাকঠের শব্দ ভনিয়া সহজেই ব্ঝিলেন, ইহারা ইন্দ্রিয়পুজ্ঞক। দেখিয়া-ভানিয়া তিনি সকল করিলেন, আভ সে স্থান পরিত্যাগ করিবেন। কিছ কি বিপদ! পলায়নের জন্ম খার খুলিতে গিয়া দেখেন দার বাহির হইতে জ্বর্গল-বন্ধ এবং সেই আড্ডাধারী ভণ্ড সাধুরা তাঁহার উপর তীক্ষ্ণ নম্বর রাখিতেছে। ফল কথা, তিনি তথন তাহাদের হল্ডে বন্দী। অজ্ঞাত পরিবেশমণো এইরূপ হীন ব্যক্তিদের কবলিত হইয়া তিনি যে বিশেষ উদিগ্ন হইয়াছিলেন, ভাহা বলাই বাহুল্য, অধিকন্ত তিনি যথন তাহাদের অভিপ্রায় অবগত হইলেন তথন তাহার স্তায় নির্ভীক বীরের হৃদয়ও কাঁপিয়া উঠিল। ঐ ব্যভিচারী হুবুত্তদের নেতা তাঁহাকে জানাইল, "তুমি একজন অতি উচ্দরের সাধুবলে মনে হচ্ছে; আরু তোমার তেজোময় শরীর দেখে বোধ হয় তুমি দীর্ঘকাল ব্রহ্মচর্য পালন করেছ। তুমি এখন তোমার এই তপস্থার ফল আমাদের দান কর। আমরা একটা বিশেষ শাধনার অফুষ্ঠান করছি: তাতে দিদ্ধিলাভ করার জন্ম তোমার মতো একজনের ব্রহ্মচর্বব্রত ভঙ্গ করা আবশ্রক। অতএব তুমি প্রস্তুত হও।" ভনিয়া বামীকী শিহরিয়া উঠিলেও, বৃদ্ধি হারাইলেন না। তিনি ভনিয়াছিলেন বটে, এমন ব্দনেক গুপ্তাচারী তথাক্থিত সাধু আছে, যাহারা ধর্মের নামে পাপামুষ্ঠান করে, এমনকি নরহত্যা পর্যন্ত করে: কিন্তু দে অভিজ্ঞতা এমন নির্মমভাবে তাঁহারই জীবনে তাঁহাকেই অবলম্বন করিয়া উপলব্ধ হইবে, ইহা তো তিনি কল্পনাই করিতে পারেন নাই। তথাপি বিপদকালে বিমৃত হইলে চলিবে না, পরিত্রাণের উপায় খবশ্রই বাহির করিতে হইবে। তাই বাহিরে কোন চাঞ্চল্য প্রকাশ না করিছ। তিনি তাহাদেরই পরিচালনায় পুন: সেই বন্দীশালায় প্রবেশ করিলেন এবং একাস্তমনে ইষ্টদেবভার নাম জপ করিতে লাগিলেন।

এখানে আসিয়া অবধি একটি বালকের সহিত খামীজীর ধ্ব ভাব জমিয়াছিল।

সে নিতা তাঁহার নিকট আসিত এবং গল্পজ্জব করিত। আড্ডার লোকের। বালকটিকে সম্পেহ করিত না এবং এরূপ যাতায়াতে বাধাও দিত না। পরদিন ষথাকালে বালকটি দেখানে আসিলে স্বামীজী যেন হাতে চাঁদ পাইলেন। তিনি বন্ধুভাবে বালকটিকে নিজের উপস্থিত বিপদের একটা বালকবৃদ্ধিগ্ম্য মোটামুটি ধারণা দিলে, সে অতি মৃত্স্বরে জানিতে চাহিল, সে কিছু করিতে পারে কিনা। স্বামীজী বলিলেন, "হাঁ হাঁ, তোমার দারাই আমার উদ্ধার হবে।" তিনি একগানি খোলামকুচিতে কাঠের কয়লাম্বারা ইংরেজীতে নিজের সমূহ বিপদের পরিচয়দানকল্পে ছই-চারি কথা লিথিয়া উদ্ধারের জ্ঞা সাহাযা চাহিলেন এবং উহা বালকটিকে দিয়া লিমড়ী-রাজের নিকট পৌছাইয়া দিতে বলিলেন। বালকটি উহা কাপড়ে ঢাকিয়া তৎক্ষণাৎ ছুটিতে ছুটিতে লিমড়ী-রাজ ঠাকুরসাহেব বেহেমিয়াটাদের নিকট উপস্থিত হইল এবং থোলামকুচি তাঁহার হল্তে অর্পণ করিয়া নিজে যতটুকু শুনিয়াছিল তাহাও বলিল। ঠাকুরসাহেব কালবিলম্ব না করিয়া কয়েকজন দেহরক্ষীকে স্বামীজীর উদ্ধারের জন্ম পাঠাইলেন এবং আড্ডার চারিদিকে দৈল সমাবেশ করিলেন। এই উপায়ে স্বামীজী অচিরে রাজপ্রাসাদে আসিয়া স্বীয় হঃথকাহিনী ঠাকুরসাহেবের কর্ণগোচর করিলেন। তথন রাজা ক্রোধে জলিয়া উঠিয়া এই ভণ্ডদের সমূহ শান্তিবিধান করিলেন। অতঃপর রাজার অন্নরোধে স্বামীজী রাজগৃহেই থাকিয়া গেলেন, এবং রাজা তাঁহাকে সাবধান করিয়া দিলেন, ভবিশ্বতে বাসস্থান নির্ণয় সম্বন্ধে তিনি যেন আরও সতর্ক হইয়া চলেন। বলা বাছল্য, স্বামীজী নিজেও এই প্রয়োজন বোধ করিয়াছিলেন।

লিমড়ীতে অবস্থানকালে তিনি বহু পণ্ডিতের দহিত দংস্কৃতভাষায় আলোচনা করিয়াছিলেন। পুরীর গোবর্ধন মঠের তদানীস্তন অধ্যক্ষ শ্রীশঙ্করাচার্য এই বিষয়ে সাক্ষ্য দিয়াছিলেন এবং বলিয়াছিলেন ষে, স্বামীন্ধীর পাণ্ডিত্য ও অধ্যবসায় ভাঁহাকে চমৎকৃত করিয়াছিল।

লিমড়ীতে দিনকয়েক কাটাইয়া স্বামীক্ষী লিমড়ী হইতে নাগড় বাজা করিলেন, এবং ঠাকুরসাহেব তাঁহার বিভিন্ন স্থানের বন্ধুদের নামে পরিচয়পত্র লিখিয়া দিলেন। এই সকল পরিচয়পত্রের সাহায়্যে তিনি কুনাগড়ের পথে ভাবনগর ও সিহোর দেখিয়া লইলেন। কুনাগড়ে উপস্থিত হইয়া তিনি ঐ রাজ্যের দেওয়ান শ্রীযুক্ত হরিদাস বিহারীদাস মহাশয়ের গৃহে আতিথ্যগ্রহণ করিলেন। স্বামীকীর আলাপ-ব্যবহারে দেওয়ানকী এতই মুখ্ব হইয়াছিলেন ধে, তিনি প্রতাহ অপরাত্নে রাজ্যের উচ্চপদস্থ কর্মচারীদের সহিত স্বামীক্ষীর সঙ্গে বসিয়া দীর্ঘরাত্তি পর্বন্ত ধর্মপ্রসঙ্গ করিতেন। স্বামীজীও ইহার প্রতি বিশেষ প্রজাবান ছিলেন, এবং উভয়ের মধ্যে এইপ্রকারে যে বন্ধুত্ব স্থাপিত হইয়াছিল তাহা জীবন-ব্যাপী অব্যাহত ছিল। আমেরিকা হইতেও স্বামীন্সী তাঁহাকে নিয়মিতভাবে নানা তথাপুর্ণ পত্র লিখিতেন। জুনাগড়ের এই সকল আলোচনাসভায় কথা-প্রদক্ষে ধর্মের সহিত নানা সাংস্কৃতিক বিষয়ও আসিয়া পড়িত। একদিন তিনি ষীশুখুষ্টের কাহিনী বলিতে বলিতে বহির্জগতে ভারতের অবদানের কথায় আসিয়া পড়িলেন। দেশপ্রেমসভূত জলন্ত ভাষায় তিনি ইতিহাসমীকৃত তথা অবলম্বনে প্রমাণ করিতে লাগিলেন, ভারতীয় চিন্তাধারা কিরপে পাশ্চান্ত্য জগতে প্রসারিত হইয়া উহার ধর্মকে রূপায়িত করিয়াছে। মধ্য ও পশ্চিম এশিয়াই ছিল এই আদানপ্রদানের প্রধান ক্ষেত্র। তিনি দেখাইয়া দিলেন, সনাতন ধর্ম কত প্রাচীন, কত উদার এবং কত শক্তিশালী। কত বিচিত্র সভ্যতাই না এই ভাবধারামুসরণে বিভিন্ন ভূভাগে রূপপরিগ্রহ করিয়াছে ! যীশুখুই ও প্রাচীন খুটান সাধুদিগের প্রশংসা করিলেও তিনি আধুনিক পাদ্রীদিগের উপর তীত্র কটাক্ষ করিতে ছাড়েন নাই। ইহারা সন্ন্যাসী-ঈশার ত্যাগমন্ত্র ভূলিয়া গিয়াছে, এদেশে আগমনান্তে ঈশার উচ্চাদর্শ আমাদের সমুথে স্থাপন না করিয়া ইহারা ভারতীয় ক্লষ্টির নিন্দাবাদে শতমুথ হইয়া উঠে। তিনি দেখাইয়া দিলেন, ভারতীয় অধ্যাত্মধারা এতই প্রবল যে, এই যুগেও শ্রীরামক্ষের ক্যায় মহাপুক্ষরের আবির্ভাব সম্ভব হয়। স্বীয় গুরুদেবের অত্যাশ্চর্য অহভৃতির কথা গুনাইয়া এবং তাঁহার বচনামূতের সহিত তাঁহার স্বীয় জীবনের ও হিন্দু-চিস্তাধারার কিরূপ সামঞ্জত ছিল তাহা দেখাইয়া দিয়া তিনি সকলকে স্বধর্মে পূর্ণ শ্রদ্ধাবান হইতে বলিলেন। ভারতের হৃদ্র পশ্চিমভাগে এইরূপে তিনিই শ্রীরামক্কফের প্রথম বার্তাবহ হইয়াছিলেন। দেওয়ান অকিসের ম্যানেজার শ্রীযুক্ত সি. এইচ. পাণ্ডা মহাশয় এইকালের কথা স্মরণ করিয়া লিথিয়াছিলেন, "জুনাগড়ে আ্মরা সকলেই স্বামীজীর অকপটভাব, আড়ম্বস্মতা, বিবিধ শিল্প-বিজ্ঞানে গভীর জ্ঞান, উদার মতদমূহ, ধর্মপ্রাণতা, প্রাণস্পাশী বাগ্মিতা এবং অভুত আকর্ষণী শক্তিতে বিমৃগ্ধ হইয়াছিলাম। এই সকল গুণ ব্যতীত তাঁহার मकीरक व्यमाधात्रन मक्कला, এवः वह्नविध कात्रकीय कमाविधाय भारतनिका ছিল। এমনকি তিনি রন্ধনাদি কার্যেও স্থপটু ছিলেন এবং স্বতি উত্তম

রসগোলা প্রস্তুত করিতে পারিতেন। আমরা দকলেই তাঁহার অফুরাসী হইয়া প্রভিয়াছিলাম।"

বস্ততঃ জুনাগড়ে তখন স্বামীজীর ব্যক্তিত্বের এমন এক অপূর্ব বিকাশ ঘটিয়াছিল, বাহা মনে হয় আদর্শের দিক হইতে প্রায় পূর্ণাক। অবশ্র তাঁহার বিরাট ব্যক্তিত্ব ইহা অপেক্ষাও বিশাল ও বৈচিত্র্যময়। তবু আমাদের বোধ হয় জুনাগড়ে যেন তাঁহার অসামান্ত প্রতিভা কার্যকরী পূর্ণ বিকাশের পথে জ্রুতবেগে ধাবিত হইতেছিল। বরাহনগরে তাঁহাকে পাইয়াছিলাম অধ্যয়নাদিনিরত এবং তপশ্রাপরায়ণ নেতারূপে। হিমালয়ে তাঁহাকে দেখিয়াছি আত্মজ্ঞাননিষ্ঠ সত্যন্ত্রষ্টা ঋষিরপে। আলোয়াড়ে তাঁহার গুরুভাব সমাক প্রস্থৃটিত হইয়াছিল। খেতড়ীতে তিনি ধর্মজীবনের সহিত পাশ্চাত্তাবিজ্ঞানের সমন্বয় সাধনে তৎপর। জুনাগড়ে সেই সমস্ত তো আছেই, তত্ত্পরি তাঁহাকে আমরা পাই ভারতের সাংস্কৃতিক পুনরুখানের অগ্রদৃতরূপে। প্রাচ্য-পাশ্চান্ত্যের আদান-প্রদানের ইতিহাস উদ্ঘাটিত করিয়া কৃষ্টির বিজয়াভিয়ানের কাহিনী শুনাইয়া তিনি এখন শ্রোতৃবর্গকে বিমুগ্ধ করেন, গুরুদেবের জাজ্জল্যমান জীবনকাহিনী ভুনাইয়া ভারতীয় অধ্যাত্ম-বিভার চিরনবীনত্ব ও অমরত্ব প্রমাণ করেন, স্বয়ং অশেষগুণে ভূষিত থাকিয়াও স্বীয় নিষ্কিঞ্নতা প্রদর্শনে ভারতীয় ত্যাগমন্ত্রের মহিমা খ্যাপন করেন এবং সর্বদা সকলকে উচ্চাদর্শে প্রণোদিত করিয়াও প্রতিদানে কিছুরই আকাজ্ঞা না রাখিয়া সেবাধর্মের আদর্শ স্থাপন করেন। আমরা সহজেই বুঝিতে পারি, অক্যাক্ত স্থলের স্থায় জুনাগড়েও তাঁহার গুণগ্রাহীর সংখ্যা ক্রমেই বর্ধিত হইতেছিল এবং এখানে প্রাচীনপন্থী পণ্ডিত এবং নবীনপন্থী শিক্ষিত সমাজের সকলেই তাঁহার উদার ধর্মভাব, গভীর দেশপ্রেম, অগাধ পাণ্ডিত্য, তেজোময় ভাবপ্রকাশ ইত্যাদিতে আরুষ্ট হইয়া জীবনে একটা নৃতন অহপ্রেরণা লাভ করিয়াছিলেন। কিন্তু সাফল্য সহজেই করতলগত হইলেও তিনি সম্ভষ্ট হইয়া বসিয়া থাকিতে পারিলেন না— স্থাদুরের আহ্বান আবার তাঁহাকে অন্তত্ত লইয়া চলিল।

স্থবিখ্যাত গীর্ণার পর্বত জুনাগড় শহর হইতে কয়েক মাইল দূরে অবস্থিত।
স্থানটি হিন্দু, মুদলমান, বৌদ্ধ, জৈন — সর্বসম্প্রদায়ের বছ প্রাচীন ও পবিত্র স্বতি,

১। স্বামী অভেদানন্দের মতে জুনাগড়ে স্বামীজী সচিচদানন্দ নামে আত্মপরিচর দিতেন। সেধানে এককালে তিনি নবাবের প্রাইভেট সেক্রেটারীর গৃহে বাস করিয়াছিলেন। স্বামী অভেদানন্দের সহিত সেধানেই ভাঁহার মিলন হয় (এই অধ্যায়ের ৭ম পাদটীকা জঃ)।

ও কীতি বা ধ্বংসাবশেষ বক্ষে ধারণ করিয়া সকলেরই নিকট আকর্ষণীয় হইয়া আছে। এখানে স্থানে স্থানে অনেকগুলি স্থলর মন্দির, মসজ্জিদ ও সমাধিস্থান দেখিতে পাওয়া যায়। হিন্দুকীতির স্মারকরণে "খাপড়া-খোদিয়া" নামে কতকগুলি গুহা এখনও বিভয়ান। সাম্প্রদায়িক উত্থানপতনের সঙ্গে সঙ্গে এইগুলি বিভিন্ন ৰুগে বিবিধ সম্প্রদায়ের মঠরূপে বাবহৃত হইয়াছে। স্বামীদ্বী এই সবই সাগ্রহে দর্শন করিলেন। তিনি পর্বতশঙ্কেও আরোহণ করিলেন। ঐ পথের আশে পাশে বছ মন্দির দেখা যায়; যে শিলাখণ্ডে সমাট অশোক তাঁহার চতুর্দশটি অমুশাসন কোদিত করাইয়াছিলেন, তাহাও দৃষ্টিগোচর হয়। ভবনাথ নামে খ্যাত শিবের মন্দিরে সর্বদা বহু সন্ন্যাসীর সমাগ্ম হয়। পথটি উপরে উঠিয়া খুবই সঙ্কীর্ণ হইয়াছে এবং ক্থনও ক্থনও বা দূরতিক্রমণীয় দণ্ডায়মান শিলাখণ্ডের পার্মভাগে আসিয়া পড়িয়াছে। ১৫০০ ফুট উপরে "ভৈরো ঝাম্পা" (বা ভীষণ লক্ষ্) নামে এমন একটি স্থান আছে, যেখান হইতে লক্ষপ্রদানপূর্বক অনেকে সহস্র ফুট নিম্নে পতিত হইয়া স্বেচ্ছায় প্রাণত্যাগ করিয়াছে বলিয়া জনশ্রুতি আছে। আরওউর্ধের. ২৩৭০ ফুট উপরে একটি হুর্গপ্রায় প্রাচীরবেষ্টিত হুর্ভেন্স স্থানে ১৬টি ক্রৈন মন্দির দেখা যায়। এখানে আসিয়া স্বামীজী অনেকক্ষণ অপেক্ষা করিলেন এবং মন্দির-গুলির অপূর্ব ভাস্কর্য ও তীর্থঙ্করদের মণিরত্ববিভূষিত মূর্ডিগুলি নিরীক্ষণ করিলেন। অতঃপর আরও উর্দের, ৩৩৩০ ফুট উচ্চে পর্বতশীর্ষে আরোহণ করিয়া ঐ অঞ্চলের দুর দুরাস্তরের মন্দিরাদি-স্থশোভিত পুণাক্ষেত্রগুলি দেপিয়া তৃপিবোধ করিলেন। তিনি এই শিথর হইতে অবতরণপূর্বক শিথরান্তরে আরোহণ করিয়া অবধৃত मखार खराद अमिक मर्नेन कतिरामन। ये मिथत श्रेटिक निरम वहमूत्रविष्ठक শৈলমাল। দেখিতে পাওয়া যায়। অদুরে ৪ অক্ষরের আরুতিবিশিষ্ট অথবা লোকবিশাসামুষায়ী ত্রন্ধার কমগুলুর আকারযুক্ত একটি হুদও দেখিতে পাওয়া যায়। মোটের উপর গীর্ণার স্বামীজীর নিকট তপস্থার উপযুক্ত মনোরম স্থান বলিয়াই প্রতীত হইল। তিনি ঐজন্য একটি নির্জন গুহাও আবিষ্কার করিলেন এবং কিম্বদ্দিবস তথায় ধ্যানধারণাদিতে অতিবাহিত করিয়া পুনর্বার জুনাগড়ের বন্ধবর্গসমীপে উপস্থিত হইলেন। শীঘ্রই তাঁহাদের নিকট আবার বিদায়গ্রহণ कतिरामन এবং ভূজবাজ্যের উচ্চ কর্মচারীদের নামে জুনাগড়ের দেওয়ানজীর প্রদন্ত পরিচয়পত্র লইয়া তিনি ভূজরাজ্যাভিম্থে বাত্রা করিলেন।

স্বামীজীর জীবনীকারগণ লক্ষ্য করিয়াছেন, স্ক্রাসজীবনের বে সর্বজনবিদিত

ধারণা আছে, তাহার সহিত এই পরিচয়পত্র ব্যবহারের সামঞ্জন্ত পাওয়া কঠিন। সর্বপ্রকার জাগতিক সম্পদ ও স্থাস্বাচ্ছন্দা হইতে স্বেচ্ছায় বিচ্ছিন্ন, ঈশ্বরমুখাপেক্ষী সম্মাসীর আবার পরিচয়পত্তের প্রয়োজন হয় কেন? কে এই প্রশ্নের উত্তর দিবে? স্বামীজী বলিয়াছিলেন, তাঁহার মতো আর একজন থাকিলে তাঁহাকে বুঝিতে পারিত। আমরা তো কোন ছার! শাস্ত্রেও এই জাতীয় ব্যবহারের কুলকিনারা না করিতে পারিয়া বলা হইয়াছে, "নানারপধ্রকৌলা বিচরন্তি মহীতলে", বলা হইয়াছে, যাঁহারা অত্যাশ্রমী তাঁহারা কোন বাঁধাধরা নিয়মের অধীন নহেন. তাঁহারা দিব্যভাবে আরু । থাকিয়া ভগবদিচ্ছায় পরিচালিত হন, ইত্যাদি। মানবীয় বৃদ্ধির অন্থসরণ করিয়া আমরা বৃঝিতে পারি, জুনাগড় ত্যাগের প্রাক্কালেও স্বামীজী নিজের স্থপবাচ্ছলা, এমন্কি জীবন সম্বন্ধে চিন্তাবিহীন ছিলেন। নতুবা দেওয়ানজীর বাসগৃহ ত্যাগ করিয়া খাপদসঙ্কল, অরণ্যপরিবৃত গীর্ণার পর্বতের নির্জন গুহায় একাধিক দিন ব্যয়িত হইবে কেন ্ব তাঁহার পরি-ব্রাজকজীবনের প্রায় সবটাই কি এইরূপ চিস্তাভাবনাহীন ও বিপদসমাকুল নহে ? আমরা আরও লক্ষ্য করিয়াছি যে, লিমড়ীর সেই ভয়াবহ অবস্থা হইতে উদ্ধার করিবার পর লিমড়ী-রাজ স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহাকে পরিচয়পত্র প্রদানপূর্বক ভবিশ্বতের জন্ম সাবধান করিয়া দিয়াছিলেন। কে জানে জুনাগড়ের দেওয়ানজীও সেই সকল কথা শ্বরণ করিয়া অ্যাচিত ভাবেই পরিচয়পত্র লিখিয়াছিলেন কিনা ? षात्र सामीकीत भत्रवर्जी कीवत्मत्र षात्नात्क यनि भूर्ववर्जी कीवम षश्रात्मत সার্থকতা থাকে—আর সার্থকতা নাই, একথাও বলা চলে না, কারণ আমরা পূর্বেই দেখিয়া আদিয়াছি, ইতিমধ্যে স্বামীন্দীর জীবনধারা ভাবী কার্যের অমুরূপে গড়িয়া উঠিতেছিল—ঘদি তাহা সত্য হয়, তবে ভারতের অভিজ্ঞাত ও ধনী-সমাজের সহিত পরিচিত হওয়াও তাঁহার জীবনে আবশুক ছিল, কেন না তাঁহার জीবন ছিল সকলেরই জন্ম। সমাজজীবনের বিভিন্ন স্তরে নৃতন সংঘর্ষ রচনা না করিয়া পুরাতন বিবাদগুলির ভঞ্জন করাই ছিল তাঁহার জীবনের অন্যতম ব্রত। ধনীদিগের সহিত মিশিয়া তাঁহাদের মনে উচ্চভাব ও সেবার আগ্রহ জাগাইতে পারিলে তাহা যে একটা খুবই মূল্যবান কার্য হয়, তাহা কে অস্বীকার করিবে ? পরবর্তী কালে স্বামীন্ধী স্বয়ং বলিয়াছিলেন, একালে ঐ উদ্দেশ্রও তাঁহার মনোরাজ্যে দক্রিয় ছিল। তিনি পূর্ণ দফলকাম হইয়াছিলেন কিনা, দে ভিন্ন कथा। जिनि वनिषाहितन, "बाशाम्बर इत्य कमजा, अवर अवर महत्ववास्त्रित

শাসনদণ্ড রহিয়াছে, তাঁহাদিগকে আমি যদি নিজভাবে ভাবিত করিতে পারি, তাহা হইলে আমার জীবনত্রত আরও জ্রুত সাফল্যমণ্ডিত হইবে। একজন মাত্র মহারাজকে স্বমতে আনিতে পারিলে আমি সহস্র ব্যক্তির উপকার করিতে পারি।"

ভূজে পৌছিয়া স্বামীজী রাজ্যের দেওয়ানজীর স্বাতিথ্য গ্রহণ করিলেন। দেওয়ানজী তাঁহার স্বাগাধ পাণ্ডিতা, চিত্তাকর্ষক ব্যক্তিত্ব এবং স্বতি ত্বরহ বিষয়গুলি সাধারণের স্বধিগম্যরূপে সহজ ভাষায় ব্যক্ত করার ক্ষমতা লক্ষ্য করিয়া তাঁহার প্রতি আরুষ্ট হইলেন। দীর্ঘকাল পরেও এই সকল কথা দেওয়ানজীর স্বরণ ছিল এবং তিনি স্বামীজীর জনৈক শিক্সকে আবেগভরে এইসব স্থনাইয়াছিলেন। জুনাগড়ে যেমন, এখানেও তেমনি দেওয়ানজীর গৃহে স্বামীজীকে কেন্দ্র করিয়া আলোচনা-সভা বসিত; ধর্মপ্রসক্রের সহিত শিল্প, রুষি, স্বার্থনীতিক সমস্থাপ্রভৃতির কথাও আসিয়া পড়িত এবং স্বামীজী সকলকে ব্রাইয়া দিতেন, এইসব দিকেও ভারতের উন্নতির প্রয়োজন আছে এবং উহার উপায়ও ভারতের ক্ষমতাতীত নহে। গুণগ্রাহী দেওয়ানজী কচ্ছের মহারাজের সহিত স্বামীজীর স্বালাপ করাইয়া দিলেন এবং মহারাজও দীর্ঘকালব্যাপী আলোচনার ফলে বিশেষ আনন্দিত হইলেন।

কচ্ছের রাজধানী ভূজ হইতে ফিরিয়া স্বামীজী পুনর্বার জুনাগড়ে উপস্থিত হইলেন। উহাই যেন তথন তাঁহার কাথিয়াওয়ার ল্রমণের প্রধান কেন্দ্র। এই-বারে জুনাগড়ে ফিরিয়া তিনি কিছুদিন দেখানেই কাটাইলেন এবং পরে বিলা-ওয়াল (Verawal) এবং সোমনাথপত্তন বা পাটন সোমনাথে গমন করিলেন। পাটন সোমনাথই পুরাণপ্রথিত প্রভাস-তার্থ। সোমনাথ-মন্দির তিন বার বিধ্মীর হত্তে বিধ্বন্ত এবং ভক্তদের বারা পুননির্মিত হয়। এককালে মন্দিরের বিপুল ঐশর্য ছিল; কথিত আছে, দশসহল গ্রাম দেবোত্তর সম্পত্তিরূপে মন্দিরের ব্যয়নির্বাহার্থ নির্দিষ্ট ছিল, এবং তিনশত গায়ক উহার সহিত সংশ্লিপ্ত ছিল। এই প্রভাসেই গৃহ্যুদ্ধের ফলে যত্বংশ ধ্বংস হয় ও দৈবনির্দেশাস্থায়ী এই ভাগ্য-পরিবর্তনের পর ভগবান শ্রক্তক্ষ এক ব্যাধের তীরবিদ্ধ হইয়া যোগমার্গে দেহত্যাগ করেন। স্বামীজী সোমনাথ-মন্দির দর্শনান্তে স্থ্যন্দির ও রাণী অহল্যাবাদ্ধ-এর নির্মিত নৃত্ন সোমনাথ-মন্দিরও দর্শন করিলেন এবং ত্রিবেণীসক্ষমে স্বান করিলেন। প্রভাসে কছের মহারাজের সহিত তাঁহার আবার সাক্ষাৎ ও

আলাপাদি হইলে স্বামীন্দীর স্বগাধ পাণ্ডিত্য ও বিবিধ বিষয়ে নবীন ও সবল দৃষ্টিভদী লক্ষ্য করিয়া মহারান্ধ বলিলেন, "স্বামীন্ধী, একসঙ্গে অনেক পৃত্তক পড়িতে গেলে বেমন মন্তিন্ধ দিশেহারা হয়ে পড়ে, তেমনি আপনার সঙ্গে কথা বলতে গিয়ে স্থামার মন্তিন্ধ কৃল-কিনারা হারিয়ে ফেলে। এত প্রতিভার প্রয়োগ কোথায় কি ভাবে হবে ? একটা কিছু স্বত্যাক্ষর্ব ব্যাপার না ঘটিয়ে স্থাপনি থামবেন না!

প্রভাস হইতে অল্প কিছু দিন পরেই তিনি জুনাগড়ে ফিরিলেন এবং সেখানে দিন কয়েক বিশ্রামের পর পোরবন্দরে উপস্থিত হইলেন। পুরাণপ্রসিদ্ধ এই স্থদামা-পুরীতে আসিয়া তিনি স্থদামা-মন্দির দর্শন করিলেন। রাজ্যের রাজা তথন অপ্রাপ্তবয়স্ক, কাজেই দেওয়ান এীযুক্ত শঙ্কর পাণ্ডুরক্ষ মহাশয় রাজ্যপরি-চালনা করিতেন। স্বামী অথগুনন্দের 'শ্বতিকথা'র মতে (পৃ: ৮১) "স্বামীজী এখানে শব্বর পাণ্ডুরক্বের বাড়ীতে অতিথি ছিলেন। তিনি পোরবন্দরের (স্থামাপুরীর) শাসনকর্তা ছিলেন। স্বামীন্ধী বলিতেন, তাঁহার ন্যায় বেদের পণ্ডিত ভারতে দেখেন নাই। অথর্ববেদের ভাষ্য সহজ্প্রাপ্য না হওয়ায় ইনি নিজে ভাষ্য প্রকাশিত করেন। স্বামীজী ইহার সহিত সংস্কৃতে কথা কহিতে অভ্যাস করিয়া অল্পদিনেই পরিপক হন।" দেওয়ানজী তথন বেদের অমুবাদে নিযুক্ত। তিনি স্বামীজীর পাণ্ডিত্যের পরিচয় পাইয়া ঐ কার্ষে তাঁহার সাহাযা नहें एक नाशितन এবং এই कार्यंत्रहे महाग्रकां कहन विस्तर चारूरतां स করিয়া তাঁহাকে কয়েক মান বগুহে ধরিয়া রাখিলেন। স্বামীজীও বেদের প্রতি স্বাভাবিক শ্রদ্ধা ও অমুরাগ হেতু স্বতঃই ঐ কার্যে আরুষ্ট হইলেন। এতদ্বাতীত এখানে পাণিনির পাতঞ্জল-ভাষ্য সমাপ্ত করার বিশেষ হুযোগও তিনি পাইলেন। অধিকম্ভ পাণ্ডরক মহাশয়ের পরামর্শে তিনি ফরাসী-ভাষাও অনেকটা আয়ন্ত করিলেন। স্বামীজীর মেধা, উদারতা ও মৌলিক চিস্তাধারার পরিচয় পাইয়া পাণ্ডরকজী বলিয়াছিলেন, "আমার মনে হয়, আপনি এদেশে বিশেষ কিছু করতে পারবেন না। আপনার বরং পশ্চিম দেশে যাওয়া উচিত, সেখানকার লোকেরা

২। ইংরেজী জীবনীর মতে এগার মাস (২২৬ পৃঃ)। কিন্তু স্বামীজী থেতড়ী ছাড়েন ২৮শে অক্টোবর, ১৮৯১। তিনি বরোদার ছিলেন ২৬শে এপ্রিল, ১৮৯২,পুনাতে ছিলেন ১৫ই জুন, ১৮৯২। অতএব এগার মাসের হিসাব মিলানো কঠিন। এগার সপ্তাহ হওরা বরং অধিকতর সম্ভব। তবে বামীজী পোরবন্ধরে একাধিক বার আসিরাছিলেন। প্রথম আগমন হইতে শেষ দিন পর্যন্ত কাল-স্বানা করিলে ঐ সমর্যন্তি এগার সপ্তাহ অপেকা দীর্ঘতর হইতে পারে।

আপনার ভাবরাশির ও আপনার ব্যক্তিত্বের প্রকৃত মর্বাদা ব্রুতে পারবে। সনাতন ধর্ম প্রচার করে আপনি নিশ্চয়ই পাশ্চান্তা কৃষ্টির যাত্রাপথে প্রচুর আলোক সম্পাত করতে পারবেন।" কথাগুলি ভনিয়া স্বামীক্ষী আহ্লাদিত হইলেন, কারণ তাঁহার নিজের মনেও ঐদ্ধপ পরিকল্পনার ফুট উঠিতেছিল এবং এই অক্ট ইচ্ছার আভাস তিনি ইতিপূর্বে কুনাগড়ের পাণ্ডা মহোদয়ের নিকটও দিয়াছিলেন।

এইকালে তিনি এক অন্তত রকমের অন্তশ্চাঞ্চলা অস্থভব করিতেন—মনে হইত, শ্রীরামক্ষণ একদা যে কথা বলিয়াছিলেন, নরেনের ভিতর এমন শক্তি আছে, যাহার বলে সে জগংটাকে উলট পালট করিয়া দিতে পারে, তাহা প্রকৃতই সভ্য। তিনি ভারতের যত জামগাম ভ্রমণ করিয়াছেন, যত রাজ-দরবারে বা বিদয়সমাজে আপনার বক্তব্যাদি প্রকাশ করিয়াছেন, সর্বজ্ঞই লোকের মধ্যে এরপ অহভৃতি জাগিয়াছে যে, এই মহাশক্তিধর মহাপ্রাণ পুরুষ স্বদেশের মঙ্গলার্থ কোনও একস্থানে কোনও এক বিশেষ কর্মসম্পাদনের জন্ম ভগবানের ঘারা মনোনীত হইয়াছেন। আধ্যাত্মিক পুনরভাূথানের কথাই তথন তাঁহার চিম্ভায় প্রথম ও প্রধান স্থান অধিকার করিত। তিনি গোঁড়ামির সমীর্ণতা ও সংস্কারপ্রবণতার ভ্রমপ্রমাদ উভয়ই দেখিয়াছিলেন; আর দেখিয়া-ছিলেন এক সর্বসাধারণ নীচ ঈর্বাপরায়ণতা, বিবাদ-বিচ্ছেদ এবং উদ্দেশ্যের একতানতার অভাব যাহা প্রাধীন জাতির জীবনে প্রবলাকার ধারণ করে। ভারত স্বীয় অন্তর্নিহিত শক্তিবলে এবং দনাতন ধর্ম ও আর্যসংস্কৃতির প্রভাবে অভূতপুর্ব মান ও ঐশর্যের অধিকারী হইতে পারে; অথচ যে সকল তথাকথিত নেতা ও মৃষ্টিমেয় ভ্রাস্ত সমাজ-সংস্থারক—নিজজীবনে নিজেরই উপদেশাবলী প্রতিপালনে বিমূপ হইয়া বুখা বাগাড়ম্বরে দিনাতিপাত করেন ও পাশ্চান্ত্যের গোরবরন্মিতে চকু ঝলসিত হওয়ায় হিতাহিত বিবেচনাশৃক্তচিত্তে বদেশের উত্তম রীতিনীতি কৃষ্টি ধর্ম প্রভৃতিতে জ্বলাঞ্চলি দিয়া গড্ডলিকাপ্রবাহবৎ পরাত্তকরণ, পরাত্তবাদ ও পরম্থাপেকায় জীবনযাপন করেন, তাঁহাদের কাও-জ্ঞানশুম্ম পরিচালনাধীনে দর্বন্ম হারাইয়া দেই ভারত আত্মবিন্মত হইয়াছে, ইহা দেখিয়া স্বামীন্দীর প্রাণ কাঁদিয়া উঠিত। যাহারা তাঁহাকে ভালবাসিতেন ও লক্ষা করিতেন, তিনি তাঁহাদের স্পষ্টই বলিতেন, অবস্থার পরিবর্তন অত্যাবশুক ও অবশ্রস্থাবী। রাজা, মহারাজা ও বিভিন্ন রাজ্যের শাসনকর্তাকে ডিনি তাঁহার এই সিদ্ধান্ত গুনাইতেন এবং তাঁহার মেধা ধর্মাস্থৃতি, ও শক্তিশালী ব্যক্তিষের পরিচয় পাইয়া তাঁহারাও শ্রন্ধাসহকারে তাহা শুনিতেন। কিন্তু তিনি দেখিতে, পাইলেন, এই নববাণীকে রূপপ্রদানের জন্ম তথনও কেহ অগ্রসর হইতেছে না—কোথায় যেন কি একটা অভাব রহিয়া গিয়াছে, যাহার ফলে আদর্শ বাস্তবে পরিণত হইতেছে না। ইহাই ছিল স্বামীজীর ক্ষোভ ও ছন্চিন্তার কারণ। ইহার পর পথ কোন দিকে ? স্বামীজীর চিন্তা এই সমস্থার সমাধানেই ব্যাপ্ত রহিল।

স্বামীজী যথন পোরবন্দরে ছিলেন, তথন একটি মজার ঘটনা ঘটল। স্বামী ত্রিগুণাতীত (সারদা) তথন পদত্রজে তীর্থদর্শন করিতে করিতে পোরবন্দরে আসিরা অপর কয়েকজন সহযাত্রীর সহিত অবস্থান করিতেছিলেন। \সহযাত্রী সাধুদের ইচ্ছা ছিল, তাঁহারা মকতীর্থ হিংলাজ যাইবেন। স্থানটি বহু দুরে; পদ-ব্রজে পথাতিক্রম অসম্ভব না হইলেও সময়সাপেক্ষ ও অতীব কট্টসাধ্য। অতএব করাচী পর্যন্ত জাহাজে যাইয়া উট্রপৃষ্ঠে মরুভূমি অতিক্রম বাঞ্নীয়। কিন্তু এত অর্থ কোথায় ? সকলে চিস্তামগ্ন আছেন, এমন সময় একজন সাধু বলিলেন, "দেওয়ানজীর ভবনে এক বিদ্বান পরমহংদ আছেন; তিনি অনর্গল ইংরেজী বলেন আর পণ্ডিভদমান্তে বিশেষ দমাদৃত। দেই মহাত্মা হয়তো আমাদের জন্ম দেওয়ানজীকে বলে অর্থের ব্যবস্থা করে দিতে পারেন। স্বামী ত্রিগুণাতীত গিয়ে তাঁর সঙ্গে দেখা করুন।" তদমুযায়ী ক্ষুদ্র এক সাধুমগুলীর পুরোভাগে স্বামী ত্রিগুণাতীত রাজবাটী অভিমূখে যাত্রা করিলেন। স্বামীন্ধী তথন প্রাসাদের উপরের বারান্দায় পাদচারণ করিতেছিলেন; তাই দূর হইতেই সাধুমগুলীকে দেখিতে পাইলেন। ঐ দলমধ্যে তিনি গুরুলাতা ত্রিগুণাতীতকে দেখিয়া বিশ্বিত হইলেও অত্যস্ত উদাসীনের স্থায় নিম্নে অবতরণপূর্বক স্বকক্ষে বসিয়া সাধুদের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। দ্বারদেশে নিযুক্ত প্রহরীরা তাঁহাদিগকে প্রথমে ঢুকিতে দেয় নাই। অবশেষে পরমহংসের দর্শনে যাইবেন ইত্যাদি বলিয়া ত্রিগুণাতীত অপর এক সাধুর সহিত প্রবেশাধিকার পাইলেন। তারপর স্বামীজীর কক্ষমধ্যে আদিয়াই গুরুলাতাকে অক্সাৎ এই অপ্রত্যাশিত ন্থলে দেখিতে পাইয়া অতীব আহলাদিত ও আন্চর্যান্বিত হইলেন। এদিকে স্বামীজী দুঢ়কঠে জানাইলেন, এভাবে অপরে তাঁহার অফুসরণ করে ইহা তিনি পছন্দ করেন না। ত্রিগুণাতীত তখন বুঝাইয়া দিলেন, স্বামীজীর পোরবন্দরে অবস্থানের কথা তিনি বিন্দুমাত্র জানিতেন না; হিংলাজ দর্শনার্থ দঙ্গীসাধুদের অহরোধে অর্থভিক্ষা করিতে আসিয়া দৈবক্রমে মিলন ঘটিয়াছে মাত্র। অতঃপর স্বামীক্ষী তাঁহাদের প্রার্থনাপুরণের ব্যবস্থা করিয়া দিলেন এবং স্বামী ত্রিগুণা-তীতকে সাবধান করিয়া দিলেন, তিনি যেন আর কখনও তাঁহার পশ্চাতে না ফিরেন।

ষামীজী স্বকার্যদাধনের জন্ম গুরুলাভাদের প্রতি সময়বিশেষে বাজ্বিক রুঢ়ভা দেখাইলেও তাঁহাদের প্রতি তাঁহার ভালবাসা সর্বদা প্রবল ছিল। তাই প্রাথমিক আলাপ-আলোচনা ও অর্থবাবস্থার পর তিনি ত্রিগুণাভীতের সঙ্গী সাধৃটিকে বিদায় দিয়া রাত্রি দশটা পর্যন্ত ত্রিগুণাভীতের সহিত বহু আলাপ করিলেন। তিনি বলিলেন, "ঠাকুর যে বলতেন, এর ভেতর সব শক্তি আছে; ইচ্ছা করলে এ জ্বপং মাতাতে পারে, একথা এখন কিছু কিছু ব্রুতে পারছি।" ত্রিগুণাভীতকে তিনি আরও ব্র্ঝাইয়া দিলেন, ভিক্ষা না করিয়া তাঁহার মতো অপরিগ্রহ হওয়া উচিত। স্বামীজীর নিকট বিদায় লইয়া ত্রিগুণাভীত স্বীয় আশ্রমন্থল হাটকেশ্বর-মন্দিরে ফিরিয়া আসিলেন। পরদিবস প্রত্যুবে তিনি অন্তত্র গমনার্থ প্র্টিলি-পাটলা বাঁধিতেছেন, এমন সময় স্বামীজী সেথানে আসিয়া তাঁহাকে স্বীয় বাসস্থানে লইয়া গেলেন; ত্রিগুণাভীতের প্র্টিলিটি তিনি নিজেই বহন করিয়া চলিলেন। তথায় তাঁহাকে ত্ই দিন রাথিয়া বিদায়কালে বিদিয়া দিলেন, "আমি যে এখানে রয়েছি, তা মঠে, বিশেষতঃ অথগুনন্দকে কিছুতেই জানাবি না।"

পোরবন্দরে আরও কিছুদিন কাটাইয়া স্বামীজী অবশেষে বন্ধুর্ন্দের নিকট বিদায় লইলেন ও ভগবান শ্রীক্রফের লীলাভূমি ঘারকায় উপনীত হইলেন। প্রাচীন কীর্তির কিছুই বর্তমান ঘারকাক্ষেত্রে দেখা যায় না—ভগবানের প্রাসাদাদিবিমণ্ডিত সে পৌরাণিক পবিত্র নগরের সেই অংশ আজ্ব অতল সম্প্রগর্ডে নিমজ্জিত। সম্ভতীরে উপবিষ্ট স্বামীজীর নয়নদ্ম সেই গৌরবরাশির উপর ক্রীড়মান গর্জনশীল তরক্ষোপরি পরিভ্রমণ করিতে লাগিল, আর মন ভাবিতে লাগিল, ভারতের লুপ্ত অত্যুজ্জল গৌরব কি পুনরুজ্জীবিত হইবে না ? পরিশেষে স্থপ্তোখিতের ন্থায় আসন পরিত্যাগপূর্বক তিনি শ্রীশঙ্করাচার্য-প্রতিষ্ঠিত সারদাদঠের দিকে মন্থ্রপাদবিক্ষেপে চিস্তাকুলচিত্তে চলিলেন। মঠের মোহান্ত তাঁহাকে সাদরে গ্রহণ করিলেন। তথায় প্রাচীন যাদবদিগের অধ্যবিত মহানগরীর অবশিষ্ট একাংশে অবস্থিত এই মঠের এক নিভূত কক্ষে বিষয়া স্বামীজী একান্ত-

মনে ভাবী ভারতের পুনরভ্যুত্থান ও উহার সম্ব্রুল চিত্রের কথাই ভাবিতে লাগিলেন এবং মানসনেত্রে তাহাই দেখিতে থাকিলেন।

স্বামীন্দীর গুলুরাট ও কচ্ছে ভ্রমণের পূর্ণ বিবরণ আমরা অবগত নহি; উহা ভবিশ্বতে কথনও আবিষ্ণুত হইবে কিনা তাহাও বলিতে পারি না। তবে বর্তমানে ইংরেজী ও বাঙ্গলা ভাষায় রচিত তাঁহার প্রামাণিক তুইখানি জীবন-চরিতে যেসকল কথা লিপিবদ্ধ আছে, স্বামী অথগুনন্দ-প্রদত্ত বিবরণে তদপেক্ষা কিঞ্চিৎ অধিক ছই-চারিটি ঘটনা জানিতে পারা যায়। এই 'স্বৃতি কথা'য় প্রদন্ত ভ্রমণ-পঞ্জিকার সহিত পুর্বোক্ত গ্রন্থছয়ের সকলস্থলে মিল নাই। প্রামী অথগুনন্দের মতে গুজরাটে আগমনের পথে স্বামীজী বিয়াওয়ারে গিয়াছিলেন এবং দেখান হইতে আজমীঢ়ে উপস্থিত হইয়াছিলেন (৬৬ পৃ:)। স্বামীজীর অন্বেষণে বিভিন্ন স্থানে ভ্রমণাস্তে স্বামী অথণ্ডানন্দ ওয়াডোয়ানে আসিয়া জানিতে পারিলেন, স্বামীজী দেখানে ছিলেন বটে, কিন্তু তথন জুনাগড়ে বাস করিতেছেন। আবার জুনাগড়ে পৌছিয়া তিনি থবর পাইলেন, স্বামীজী দেখান হইতে পোরবন্দর হইয়া দারকাধামে গিয়াছেন; দারকা **হইতে** তিনি বেট্ছারকায় যাইবেন। এই পথে বেট্ছারকায় আসিয়া অথগুনন্দ ভনিলেন, স্বামীজী পূর্বেই বিলাওয়ালে (Verawal) কচ্ছভূজের রাজার আমন্ত্রণ পাইয়াছিলেন; তদমুসারে মাওবী চলিয়া গিয়াছেন। মাওবী হইতে স্বামীজী রাজকীয় গাড়ীতে রাজারই লোকজনসহ নারায়ণ সরোবরে যান; সেখান হইতে তিনি আশাপুরী গমন করেন। স্বামী অথতানন এতদিন তাঁহাকে ধরিবার জন্ম পশ্চাদমুদরণ করিতে থাকিলেও দফলকাম হন নাই: মাওবীতে আসিয়া স্থির করিলেন, যেমন করিয়াই হউক তাঁহার নিকট পৌছিতেই হইবে। অতএব সকল প্রকার কট্ট বরণ করিয়া তিনি স্বামীঞ্চীর অরেষণে অতি ক্রত

৩। খামী অথখানন্দের মতে কাথিয়াওয়ার-কচ্ছ-ভ্রমণের পরস্পরা এই :—জুনাগড়, বিলাওয়াল, পোরবন্দর, বারকা, বেটবারকা, কচ্ছভূজ, পোরবন্দর। ইংরেজী-জীবনীর মতে ক্রম এই—জুনাগড়, কচ্ছভূজ, জুনাগড়, বিলাওয়াল, প্রভাস, জুনাগড় পোরবন্দর, বারকা, কচ্ছভূজ, মাখবী, পলিটানা, বরোদা। এই মতবরের সামঞ্জ্ঞ করা কঠিন। তবে খামীজী সত্যই হুইবার কচ্ছভূজে গিয়া থাকিলে, অথখানন্দ গুধু বিতীরবারের কথা লিথিয়াছেন, বলিতে হইবে। প্রথম মতে ভূজরাজের সহিত খামীজীর সাকাৎ হয় বিলাওয়ালে, বিতীয় মতে প্রভাসে। আবার কচ্ছ-ভূজের পর পোর-ক্লরে আসার সহিত কচ্ছভূজ হইতে পলিটানা হইরা বরোদায় বাওয়া ঠিক থাপ খার না।

আশাপুরীতে উপস্থিত হইলেন। এখানে আদিয়া কিন্ত জানিতে পারিলেন, স্বামীকী তৎপুর্বেই একশত মাইল দূরবর্তী মাওবী অভিমূখে প্রত্যাবর্তন করি-তেছেন। তথন কালবিলম্ব না করিয়া তিনিও সেই পথ ধরিলেন এবং অবশেষে মাণ্ডবীতে পৌছিয়া সংবাদ পাইলেন, স্বামীন্ত্ৰী এক ভাটিয়া শেঠের বাটীতে আছেন। তিনি অবিলম্বে তথায় ঘাইয়া স্বামীজীকে দেখিতে পাইলেন। ष्यथ्डानम् रिवरलन सामीकी राम उथन এक ष्यवन्न नवकरलवत्र श्राश्च इहिमाहन, "তিনি রপলাবণ্যে ঘর আলো করে বদে আছেন।" স্বামীন্দ্রী তাঁহাকে সানন্দে গ্রহণপূর্বক বলিলেন, "কিরে গন্ধা, তুই এখানে কি করে এলি ?" অখণ্ডানন্দ এ যাবৎ জমপুর হইতে মাণ্ডবী পর্যন্ত স্বামীজীর পশ্চাতে কিরূপে ধাওয়া করিয়াছেন, সবই বলিলেন। শুনিয়া স্বামীজীর খুবই স্বানন্দ হইল। চুইজন একত্তে ঐ বাটীতেই কিছুদিন কাটাইলেন। তবে স্বামীজীর ভয় ছিল, তিনি যদিও একাকী ভ্রমণের পক্ষপাতী, তথাপি অথগুনন্দের হল্তে ত্রাণ পাওয়া ফুক্টিন। অথগুনন্দেরও স্বামীজীর মনোভাব বুঝিতে বিলম্ব হইল না; তাই কিছুদিন পরে যখন স্বামীজী স্পষ্টই তাঁহাকে বলিলেন, "ওরে গদা, আমি একটা মতলব করেছি; তোরা কেউ সঙ্গে থাকলে সেটা কার্যে পরিণত করতে পারব না", এবং নিজ কথায় জোর দিবার জন্ম বলিয়া বসিলেন, "দেখ, আমি অসৎ হয়ে গেছি; আমার সঙ্গ ত্যাগ কর।" তথন অথগ্রানন্দ প্রত্যুত্তর দিলেন, "হলেই বা তুমি অসং! আমি তোমায় ভালবাসি, তোমার চরিত্রের সঙ্গে তার সম্পর্ক কি ? কিন্তু তোমার কাজের বিশ্ব আমি করব না। তোমাকে দেখবার জন্ম ব্যাকুল হয়েছিলাম; সে আকাজ্জা মিটেছে। এখন তুমি একলা যেতে পার।" স্বামীন্সী পরদিনই মাওবী ছাড়িয়া ভূজে চলিয়া গেলেন। এদিকে অথণ্ডানন্দ নিজ প্রতিজ্ঞাপালনার্থ আরও এক-দিন মাণ্ডবীতে থাকিয়া সেখানে গেলেন। ইহাতে স্বামীন্ধীর প্রত্যয় ন্ধানিল যে. অথগুনন্দ তাঁহার স্বাধীনতায় বিল্প ঘটাইবেন না। তাই তুইজ্বনে ভূজে তুইদিন একত্তে কাটাইয়া মাণ্ডবীতে ফিরিলেন এবং এখানে একপক্ষ কাল একসঙ্গে কাটাইলেন।⁸ যথাকালে স্বামীন্সী পোরবন্দর অভিমূথে যাত্রা করিলেন। ইহার পাঁচ-সাত দিন পরে অথগুানন্দও সেখানে তাঁহার সহিত মিলিত ইইলেন। এখানেও কয়েক দিন একসঙ্গে পরমানন্দে কাটিল।

। বাললা জীবনীর মতে ইহারা সাত-আটদিন মাওবীতে এক বৃদ্ধা শেঠার গৃহে ছিলেন,
 এবং মাওবীতে আসার পথে কোটিবর নামক ছান দেখিয়া আসিয়াছিলেন।

স্বামী অথপ্রানন্দের স্বম্থ-ক্থিত বিবরণাবলম্বনে রচিত তাঁহার জীবনীগ্রন্থ 'অথণ্ডানন্দ'-এ বলা হইয়াছে (৮৩ পু:), "নরেন্দ্রনাথ দক্ষিণেশ্বরে একদিন শ্রীগুরুর মহাবাণী 'জীবে দয়া নয়, শিবজ্ঞানে জীবসেবা' প্রবণ করিয়া বলিয়াছিলেন, 'ভগবান যদি কথনও দিন দেন, তবে আজ যাহা ভানিলাম, পণ্ডিত-মূর্থ-ধনী-দরিদ্র-ব্রাহ্মণ-চণ্ডাল সকলকে তাহা শুনাইব।' এই মাণ্ডবীতে স্বামীন্ধীকে দর্শন করিয়া অথণ্ডানন্দ অহুভব করিলেন যে. সেই শুভদিন আজ সমাগত। স্বামীজীর মধ্যে এক অদৃষ্টপূর্ব অলৌকিক মহাশক্তির প্রকাশ প্রত্যক্ষ করিয়া অপণ্ডানন্দের মনপ্রাণ ষ্মানন্দে ভরিয়া উঠিল। মাগুবীতে, ভূজে ও পোরবন্দরে এইকালে স্বামীঙ্কীর সহিত তাঁহার দেশের বর্তমান তুরবন্ধা ও ভবিশ্বৎ উন্নতি সম্বন্ধে আলোচনা হয় 🗸 নব-যুগধর্ম দেবাব্রতে যে বিধিনির্দিষ্ট ভূমিকা অথণ্ডানন্দকে গ্রহণ করিতে হইবে, তাহার আভাস কি তিনি এইথানেই পাইয়াছিলেন ?" এই সেবাব্রতের আভাদের কথা ছাড়িয়া দিলেও আর একটা কথা পরিষ্কার প্রকাশ পায়। জুনা-গড়ে স্বামীজীর চিন্তাধারার যে পরিচয়লাভ ঘটে তাহা যেন তথনও ধর্ম ও সংস্কৃতির ক্ষেত্রে ভারতের পুনরভাূখানের আকুল আগ্রহ ব্যতীত কোন স্বস্পষ্ট পরিকল্পনার আকার ধারণ করে নাই—অধ্যাত্ম-বিকাশ ও ভাববিন্তার প্রভৃতি মৌলিক বিষয়গুলিরই সেথানে প্রাধান্ত। এই দ্বিতীয় স্তরে পোরবন্দরে কিন্ধ সে চিন্তারাশি বান্তবরূপ ধারণ করিতেছিল। এখানে শিল্পোল্লয়ন, রুষিদমুদ্ধি. শিক্ষাবিস্তার, দারিদ্রামোচন ইত্যাদি বিষয়ে কার্যকরী চিস্তা ক্রমেই স্পষ্টতর হইয়া উঠিতেছিল। যাহা হউক, আমরা এখানেই স্বামী অথগুনন্দের বিবৃতি শেষ করিয়া বিষয়ান্তরে প্রবৃত্ত হইব।

কচ্ছদেশ-পরিভ্রমণকালের একটি কাহিনী স্বামীজী বলিয়াছিলেন, একসময় তিনি মক্ত্মির মধ্য দিয়া ধাইতেছেন—স্থাদেব অনল বর্ষণ করিতেছেন, আর পিপাসায় কণ্ঠ শুক্ষ হইয়া লিয়াছে, অথচ কোথাও জল বা মন্থ্যবস্তির চিহ্নমাত্র নাই। এইভাবে কটে চলিতে চলিতে অকস্মাৎ দেখেন পুরোভাগে বৃক্ষ-গুল্ম-শম্পাচ্ছাদিত একথানি হন্দর গ্রাম, আর তন্মধ্যে নির্মলবারি-পরিপূর্ণ জলাশয়! ঘূই-চারি পা ঘাইলেই তৃষ্ণা নিবারিত হইবে—এই আশায় যতই তিনি অগ্রসর হইতে লাগিলেন, সে মক্রতানও ঘেন ততই দুরে সরিয়া ঘাইতে লাগিল, ব্যবধান আর ঘেন কিছুতেই হ্রাস পায় না! সহসা তাঁহার চমক ভাঙ্গিল—এ যে মক্ষ-মরীচিকা। অমনি তাঁহার মনে পড়িল বেদাস্তের সিদ্ধান্ত-সমস্ত জীবনটাই তে

এইরকম প্রহেলিকার পশ্চাদ্ধাবন ব্যতীত আর কিছুই নহে। কি অপূর্ব মায়ার কুহক! ইহার পরও তাঁহার দৃষ্টিসমূথে দেই কুহেলিকার পুন:পুন: আবির্তাব ঘটিয়াছিল; কিন্তু আর তিনি বিভ্রান্ত হন নাই—তথন তাঁহার জ্ঞানচক্ষ্ উন্নী-লিত হইয়াছে, তিনি সত্যের সাক্ষাৎকার পাইয়াছেন।

কচ্ছের পর স্বামীজীর পরবর্তী দর্শনীয় স্থান ছিল পলিটানা। এখানেই জৈনদের পবিত্র স্থান শক্রঞ্জয় পর্বত অবস্থিত। পর্বতোপরি হতুমানজীর একটি মন্দিরও বিরাজমান। এতদ্বাতীত হেঙ্গার নামক এক মুসলমান সাধুর সমাধি-স্থানও দেখিতে পাওয়া ষায়। পর্বতচ্ডা হইতে চতুর্দিকের দৃশ্যাবলী বড়ই মনোরম। নিম্নে বছদূর-প্রসারী সমতলভূমি, পূর্ববিভাগে কাম্বে উপসাগর ও উত্তরে চামর্দী-শিথর-শোভিত সিহোরের শৈলমালা। অদূরে পশ্চিম-ভারতের প্রাচীন কালের রাজধানী বল্লভীপুর, যাহার ঐশর্ষের তুলনায় সমসাময়িক বছ মহানগর তৃচ্ছ প্রতীয়মান হইত, কিন্তু যাহার গৌরব অধুনা অতীতের মৃতিমাত্রে পর্যবসিত হইয়াছে। শত্রুঞ্জয় পর্বত হইতে এইসব চিত্তাকর্ষক চিত্র দর্শন করিয়া এবং পুরাতন ভারতের বিস্ময়কর গৌরব স্মরণ করিয়া স্বামীজীর হানয় এককালে ম্মানন্দ ও গভীর চিস্তায় ভরিয়া উঠিল—এই লুগু গৌরবের পুন: প্রতিষ্ঠার উপায় কি ? চিস্তাক্লিষ্ট-হানয়ে পর্বতশিথর হইতে অবতরণপূর্বক ডিনি পলিটানার অন্তর্গত মন্দিরাদি দর্শন করিতে করিতে গন্তব্যপথে চলিলেন এবং ক্রমে ক্রথনও পদব্রজে, কথনও টেনে চলিয়া নাডিয়াদ স্টেশনে উপস্থিত হইলেন। সেখানে নামিয়া তিনি জুনাগড়ের দেওয়ান হরিদাস বিহারীদাস মহাশয়ের গৃহে পদার্পণ করিলেন ও দেওয়ানজীর সহোদরগণকর্তৃক সাদরে অভার্থিত হইলেন।

নাড়িয়াদ পরিত্যাগান্তে তিনি বরোদায় উপস্থিত হইলেন ও গাইকোয়াড়ের রাজ্যের দেওয়ান শ্রীযুক্ত মণিভাই-এর গৃহে আতিথ্য গ্রহণ করিলেন। বরোদা হইতে স্থামীজী ২৬শে এপ্রিল তারিথে শ্রীযুক্ত হরিদাস বিহারীদাসকে লিধিয়াছিলেন, "আপনার বন্ধু শ্রীযুক্ত মণিভাই আমার সব রকম স্থবিধা করে দিয়েছেন; কিন্তু তাঁর সঙ্গে মেলা-মেশার এইটুকু স্থযোগ হয়েছে যে, আমি তাঁকে মাত্র ত্বার দেখেছি—একবার এক মিনিটের জন্ম, আর একবার খ্ব বেশী হয়তো দশ মিনিটের জন্ম। দ্বিতীয় বারে তিনি এই অঞ্চলের শিক্ষাপ্রণালীর আলোচনা করেছিলেন। তবে আমি পুত্রকালয় ও রবিবর্মার ছবি দেখেছি; আর এখানে দেখবার মতো এই তো আছে! স্থতরাং আজ বিকালে বোম্বে চলে বাচ্ছ।"

প্রাচীন জীবনীকারদের মতে বরোদার পরে স্বামীজীর গম্ভবাস্থল ছিল খাণ্ডোয়া। হয়তো ঐরপ দিদ্ধান্ত গ্রহণকালে পুর্বোদ্ধত পত্রথানি প্রকাশিত হয় নাই, অথবা কোনও কারণে স্বামীন্দীর পত্রোল্লিখিত বোম্বে-গমনের উপর তাঁহারা গুৰুত্ব আবোপ করেন নাই। ইহাদের মতে স্বামীন্ত্রী পাণ্ডোয়া হইতে বোমেতে স্মাদেন জুলাই মাদের শেষ সপ্তাহে। এখন প্রশ্ন এই—দীর্ঘ তিন মাদ তো তিনি খাণ্ডোমায় ছিলেন না। পুর্বস্থারদেরই মতে তিনি সেধানে ছিলেন মাত্র তিন সপ্তাহ। অতএব এই দীর্ঘকালের পুর্তি হইবে কেমন করিয়া? আরও ড্রষ্টব্য थरे: श्वामीकी भावत्क नर्माणीत्वत्र जीर्थश्वन मर्मन कतित्क कतित्क श्वांत्शायाय গিয়াছিলেন এইরূপ কল্পনা না করিলে, অথবা স্থরাট হইয়া টেনে গিয়াছিলেন এইরপ না ধরিলে, বোম্বে হইয়া যাওয়াই সমীচীন। ফলতঃ প্রাচীন জীবনী-কারদের প্রদত্ত এই কালের ভ্রমণবৃত্তান্তের পারস্পর্য সম্বন্ধে নৃতন চিন্তার আবশুক হইয়াছে এবং অধুনা ধেদৰ নৃতন পত্র আবিষ্ণৃত হইয়াছে, তাহার দাহায়ে অধিক তর সঙ্গতিপূর্ণ আর একটি ধারা উপস্থিত করা অসম্ভব নহে। পুনা হইতে লিখিত ঐরপ একথানি পত্তের তারিথ ১৫ই জুন। উহাতে মহাবালেশরগমনের উল্লেখ পাই। । । ক অতঃপর বোম্বে হইতে লিখিত তুইখানি পত্তের তারিখ ২২শে ष्माগস্ট ও ২০শে সেপ্টেম্বর। প্রথম পত্রে ও তৎপুর্বেই মহাবালেশ্বরগমনের পুন-ক্লেৰে আছে। এতএব আমরা ধরিয়া লইলাম বে. স্বামীজীর নিজের মতে যথন তিনি বরোদা হইতে বোম্বেতে আসেন এবং প্রাচীন জীবনীকারদের মতে তিনি খাণ্ডোয়া হইতে জুলাইর শেষে বোম্বেতে আসেন, তথন ইহাই অধিকতর যুক্তি-সম্মত যে, তিনি ঐ কাল মধ্যে বোম্বে হইয়া পুনা ও মহাবালেশ্বর ঘুরিয়া আসেন। পুনা হইতে তিনি পুন: বোম্বে আসিয়া সেখান হইতে খাণ্ডোয়ায় যান এবং খাণ্ডোয়া হ্ইতে পুনবার বোম্বে ফিরিয়া দেখানে মাদ তুই কাটাইবার পর পুনা হইয়া বেলগাঁওয়ের দিকে যান।

২৬শে এপ্রিল বরোদা ত্যাগের পর বোম্বে পৌছিয়া সম্ভবতঃ তিনি দেখানে
অধিক দিন থাকেন নাই। আমাদের বিশ্বাস লিমড়ী-রাজ তথন মহাবালেশবে

৪ক। স্বামী অভেদানন্দের মতে মহাবালেখরে নরোন্তম মুরারকী গোকুলদাস মহাশরের গৃহে আমীজীর সহিত তাঁহার সাকাৎ হর এখং ছুইজনে একত্ত সেখানে তিন দিন থাকেন। স্বামীকী তখনও সচিদানন্দ নামে পরিচিত ছিলেন ('আমার জীবন কথা' ২০২-৩ গুঃ)। চতুর্থ দিন অভেদানন্দ অক্তত্ত্ব তিলিয়া বান। পুনাতে অবস্থান স্বত্তে স্বামীকীর ১৭।২।১৯০১এর পত্তও প্রত্ত্ত্ব ।

ছিলেন এবং স্বামীজী তাঁহারই আমন্ত্রণে সেধানে গিয়াছিলেন। তথন গ্রীম্মকাল আরম্ভ হইয়াছে, আর স্বামীজী গরম সহু করিতে পারিতেন না। পূর্বের গ্রীম্ম ঋতু তিনি আবু পাহাড়ে কাটাইয়াছিলেন। এবারেও বোম্বেতে না ধামিয়া সোজা পুনা হইয়া মহাবালেশ্বরে গিয়াছিলেন।

পুনা ষাইবার পথে টেনে একটি ঘটনার উল্লেখ পাওয়া যায়, যাহার সহিত লোকমান্ত বালগন্ধাধর তিলক মহাশয়ের নাম বিজড়িত হইয়া গিয়াছে। তিলক মহাশয় একবার স্বামীজ্ঞীর সহিত ট্রেনে বোম্বে হইতে পুণা গিয়েছিলেন সত্য, কিন্তু ঐ ভ্রমণের ব্রতান্ত তিনি স্বমুখে যেরূপ প্রকাশ করিয়াছেন, তাহার সঙ্গে এই ঘটনার মিল নাই। বস্ততঃ আলোচ্য ঘটনাটি ভিন্ন বলিয়াই মনে হয়। বস্তুত: ইহাও আর একটি অধিক কারণ ষেজন্য আমাদের অমুমান হয়, স্বামীক্সী অস্ততঃ তুইবার বোম্বে হইতে পুনা পিয়াছিলেন। এইরূপ না মানিলে ঘটনান্ত্রের সঙ্গতি পাওয়া যায় না। ঘটনাটি এই: স্বামীজী ট্রেনের যে কামরাতে ছিলেন, উহাতেই উপস্থিত আরও কয়েকজন ভদ্রলোক স্বামীজীকে অশিক্ষিত ভাবিয়া সন্ম্যাসীদের দারা ভারতের কত অনিষ্ট সাধিত হইয়াছে, ইত্যাদি বিষয়ে ইংরেজী-ভাষায় আলোচনা আরম্ভ করিলেন এবং উহাতে থব মাতিয়া গেলেন। স্বামীজী অনেককণ চুপ করিয়াই ছিলেন, পরে যখন তিনিও ইংরেজী ভাষাবলমনেই আলোচনায় যোগ দিলেন এবং ইতিহাদের নজির দেখাইয়া ও সমাজবিজ্ঞানের যুক্তি অবলম্বন করিয়া স্ম্যাদের মাহাত্ম্য ও সম্মাসীদের অবদানের মূল্য বুঝাইয়া मिलन, তथन थे **उद्य**लाकशन **७**५ रा अश्रिक इटेलन ठाहारे नरह, श्रामीबीत বিভাবতা ও ক্ষমাগুণ দর্শনেও মুগ্ধ হইলেন। তিলক মহাশয়ের বিবরণ আমরা পরে দিব। আপাততঃ পুনা ও মহাবালেখরের বাকী কথা শেষ করি।

পুনা হইতে জুনাগড়ের দেওয়ানজীকে লিখিত ১৫ই জুনের পত্তে আছে:
"আমি ঠাকুর সাহেবের সহিত মহাবালেশ্বর হতে এখানে নেমে এসেছি এবং তাঁহারই বাড়ীতে আছি। এখানে আরও ছই-এক সপ্তাহ থাকবার ইচ্ছা আছে, তারপর হায়দরাবাদ হয়ে রামেশরে যাব।" উল্লেখ থাকে যে, তিনি ঐ সময়ে রামেশরাভিম্বে না যাইয়া আরও কয়েক মাস পরে গিয়াছিলেন—ইহা তাঁহার পত্তাবলী হইতেই প্রমাণিত হয়। স্বামীজীর ২২লে আগস্টের পত্ত হইতে আমরা আরও অবগত হই যে, তিনি মহাবালেশ্বরে লিমড়ীর ঠাকুর সাহেবেক্স সহিত মিলিত হন, ঠাকুর সাহেব তথন সেখানেই ছিলেন। ইংরেজী জীবনীতে

ষদিও উল্লেখ আছে যে, স্বামীজী মহাবালেশ্বরে এক সপ্তাহ ছিলেন, তব্
সপ্তাহাধিক থাকাও অসম্ভব নহে। ঠাকুর সাহেবের সহিত পূর্বে কাথিয়াওয়ার
ভ্রমণকালেই আলাপ হইয়াছিল, তাঁহার সহিত স্বামীজীর বেশ হল্পতা ছিল, আর
তিনি ছিলেন স্বামীজীর দীক্ষিত শিশু। ঠাকুর সাহেব স্বামীজীকে স্বরাজ্যে
লইয়া গিয়া সেধানেই চিরদিন রাখিতে চাহিয়াছিলেন, কিন্তু স্বামীজী এই বলিয়া
অমুরোধ প্রত্যাধ্যান করেন, "না, ঠাকুরসাহেব, এখন নয়, কারণ আমাকে একটা
ব্রত উদ্ধাপন করতে হবে। এখন আমার বিশ্রাম অসম্ভব, তবে যদি কখনও
কর্ম থেকে মৃক্তি পেয়ে বিশ্রামলাভের অবকাশ ঘটে তো আপনার ওখানে বাব।"
স্বামীজীর জীবনে সে অবকাশ আর ঘটে নাই।

অত:পর আমরা স্বামীজীর দর্শন পাই থাণ্ডোয়াতে। দেখানে পরিচিত কেহ না থাকায় ইতন্তত: ঘুরিতে ঘুরিতে তিনি যথন শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় নামক জনৈক উকিল মহাশয়ের গৃহদ্বারে উপস্থিত হইলেন, ঠিক দেই সময়ই উকিলবাবুও কাছারী হইতে স্বগৃহে প্রত্যাবর্তনকালে দেখিলেন দ্বারদেশে একজন সাধু সমাগত। প্রথম দর্শনে অতাত দশজনেরই মতো চট্টোপাধ্যায় মহাশয়ও श्वित कतिरलन, देनि পथाती महाामीरनत्र अक बन। कि ख इहे-छातिछि कथात পরই তাঁহার ব্ঝিতে বিলম্ব হইল না যে, ইনি অনক্তসাধারণ প্রতিভাবান পণ্ডিত। অতএব তিনি ইহাকে নিজ আলয়ে আতিথ্য গ্রহণ করিতে বলিলেন এবং স্বামীজী দমত হইলে তাঁহাকে দেখানে রাখিয়া আত্মীয়বর্গদহ তাঁহার দেবায় নিরত হইলেন। খাণ্ডোয়ায় স্বামীজী প্রায় তিন সপ্তাহ ছিলেন এবং এই সময় মধ্যে একবার ইন্দোর প্রভৃতি স্থান দেখিয়া আদিয়াছিলেন। কোনও জীবনীতে উল্লেখ না থাকিলেও আমরা সহজেই অন্নমান করিতে পারি যে, স্বামীজী ভগু থাণ্ডোয়া ও ইন্দোর দেখিতে ঐ অঞ্চলে আদেন নাই, সম্ভবতঃ শিপ্রাতীরবর্তী উজ্জায়নী এবং নর্মদাতীরবর্তী তীর্থস্থানসমূহের আকর্ষণেই তিনি সেখানে আসিয়াছিলেন এবং ঐসকল দর্শন করিয়াছিলেন। বাঙ্গলা জীবনীর মতে তিনি একবার ইলোরা দেখিতেও গিয়াছিলেন।

থাণ্ডোয়া নিবাসী বাঙ্গালী-সম্প্রদায় স্বামীজীর শাস্ত্রজ্ঞান ও ইংরেজী সাহিত্যে ব্যুৎপত্তি দেখিয়া সহজেই তাঁহার প্রতি আক্কট হইলেন এবং তাঁহার চরিত্রমাধূর্বও তাঁহাকে সর্বজ্ঞনপ্রিয় করিয়া তুলিল। তাঁহার আমন্ত্রণ-কর্তা গৃহস্বামী হরিদাসবাব্ এই সর্বগুণসমন্থিত সন্ধ্যাসীকে শহরবাসীদের নিকট পরিচিত করিয়া দিবার জ্ঞা

বিশেষ আগ্রহায়িত ছিলেন। সকলেরই পক্ষে স্বামীজ্ঞীর ধর্মাফুভ্তির স্পর্শলাভের স্থোগ করিয়া দিবার জন্ম তিনি স্বামীজ্ঞীকে প্রকাশ্য সভায় বক্তৃতাপ্রদানার্থ অম্বরোধ করিলে, স্বামীজ্ঞী এই প্রস্তাবে প্রথমতঃ সম্মত হন নাই, তিনি গুরু-শিশ্যের ক্রায় পরস্পরের সায়িধ্য অবলম্বনে ব্যক্তিগত আলোচনারই পক্ষপাতী ছিলেন। বিশেষতঃ তিনি জানাইলেন মে, বাগ্মিজনস্থলভ স্বরের উচ্চাবচতা-সম্পাদন প্রভৃতি কৌশলে তিনি অভান্ত নহেন। ইহা সম্বেও হরিদাসবাব্ আগ্রহ দেখাইতে থাকিলে তিনি এই সর্ভে রাজী হইলেন যে, উপযুক্ত সংথ্যক প্রোত্-সমাগম হইলে তিনি চেষ্টা করিতে প্রস্তুত আছেন। কিছু হরিদাস বাব্র পক্ষে ঐ ক্ষুদ্র শহরে শ্রোতার সমাবেশ করা সম্ভব না হওয়ায় বক্তৃতাও হইল না।

এই সময় দেওয়ানী আদালতের জজ শ্রীযুক্ত মাধবচন্দ্র বন্দ্যোপাধ্যায় একদিন স্বামীজীর সম্মানার্থ স্থানীয় বাঙ্গালীদিগকে নিজগৃহে এক ভোজে আপ্যায়িত করিলেন। ভোজনের পূর্বে ও পরে সংপ্রসঙ্গে কাটাইবার উদ্দেশ্যে স্বামীজী একথও উপনিষদ সঙ্গে করিয়া লইয়া গিয়াছিলেন। নিমন্ত্রিত সকলে সমবেত হইলে তিনি কয়েকটি তুরুহ স্থান অতি প্রাঞ্জল ভাষায় সকলকে ব্র্ঝাইয়া দিলেন। ইংলাদের ভিতর বাবু পিয়ারীলাল গাঙ্গুলী নামক একজন উকিল সংস্কৃতজ্ঞ বলিয়া পরিচিত ছিলেন। কাজেই তিনি প্রশ্নকর্তার ভূমিকায় অবতীর্ণ হইলেন। স্বামীজী তাঁহার প্রত্যেকটি প্রশ্নের এমন সরল ও স্কুম্পষ্ট উত্তর দিলেন্যে, উকিলবাবু সন্ধ্রই হইয়া আর প্রশ্ন করিলেন না এবং পাঠ শেষ হইয়া গোলে হরিদাসবাবুর কানে কানে বলিলেন, "স্বামীজীকে দেখেই মনে হয়, ইনি কালে একজন বিশ্ববিশ্রুত ব্যক্তি হবেন।" এই কথা যথন স্বামীজীকে জানানো হইল, তপন তাঁহার মৃথ্যতিত এক দিব্য জ্যোতি খেলিয়া গেল এবং তিনি কহিলেন, "আমি নিজে ইহার কিছুই জানি না, তবে আমার গুরুদেব ঠিক এই কথাই বলতেন, যদিও আরও জোরালো ভাষায়।"

চিকাগো-ধর্মসভায় বোগদানের যে অভিপ্রায় স্বামীজীর অন্তঃকরণে জুনাগড় ও পোরবন্দরে অঙ্করাকারে উদ্গত হইয়াছিল, এথানে তাহা আরও বর্ধিতাকারে আত্মপ্রকাশ করিল। তিনি ভনিয়াছিলেন, পরবংসর (১৮৯০ খুটান্কে) ঐ সভার অধিবেশন হইবে এবং বিশ্বের বিবিধ ধর্মের প্রতিনিধি উহাতে সমবেত হইবেন, তাই ঐ বিষয়ের আলোচনাপ্রসলে তিনি হরিদাসবাবৃকে একদিন

বলিলেন, "কেউ বদি আমার যাতায়াতের খরচ দেয় তো দব ঠিক হয়ে যাবে এবং আমি যেতে প্রস্তুত।"

श्वामीकीत পরিব্রাক্তক-জীবনের হৃ: থকষ্ট ও বিপদের কথা আমরা পূর্কে একাধিকবার উল্লেখ করিয়াছি এবং ইহাও বলিয়া আসিয়াছি যে, এরূপ অনেক-শুলি ঘটনার সময় ও পরিবেশ সঠিক নির্ণয় করা কঠিন ৷ এই শ্রেণীর আরও করেকটি ঘটনা আছে, যাহা মধ্যপ্রদেশে ঘটিত বলিয়া আমাদের অনুমান হয়। বাঙ্গলা জীবনীতেও এইরপ সম্ভাবনা অংশতঃ স্বীকৃত হইয়াছে। উহাতে আছে (৩৫০ পু:): "মধ্যভারতে সম্ভবত: থাণ্ডোয়া ছাড়িয়া কিঞ্চিৎ উত্তর দিকে ষাইবার সময়ে তাঁহাকে অনেক কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইয়াছে—ভিন্ন ভিন্ন জ্ঞাতির বিভিন্ন প্রকৃতির লোকের মধ্যে গিয়া পডিয়াছেন—যাহারানিতান্ত অসভ্য ও অতিথি-সংকার-বিমুধ, এক মৃষ্টি ভিক্ষা চাইলে দেয় নাই, আশ্রয় মাগিলে তাড়াইয়া দিয়েছে। অনেক দিন এমন ঘটিয়াছে যে, কয়েক দিবস নিরম্ব উপবাদের পর কোনরূপে জীবনধারণোপযোগী ঘটি দামান্ত কিছু আহার করিয়া শরীরটা রাখিতে হইয়াছে। এই সময়েই তিনি এক মেথর-পরিবারের মধ্যে কয়েক দিন বাস করিয়াছিলেন এবং এই অবহেলিত নীচজাতীয়দিগের হৃদয়ের মহত্ব দেখিয়া আশ্চর্য হইয়াছিলেন। সম্ভবত: এই ঘটনা ও এইরূপ অক্যান্ত কয়েকটি ঘটনায় তিনি উপেক্ষিত জাতিসমূহের মধ্যে মহত্ত্বের অঙ্কুর লক্ষ্য কবিয়া তাহাদের উন্নতিবিধানের জন্ম এত উঠিয়া পডিয়া লাগিয়াছিলেন।"

উপরের বর্ণনাটি পড়িলেই পাঠক ব্ঝিতে পারিবেন, কেন আমরা পরবর্তী ঘটনাটি মধ্যপ্রদেশেই স্থাপন করিতেছি। পরিব্রাজক-জীবনের এক সময়ে স্বামীজীর মনে হইল, যে সিদ্ধিলাভের উদ্দেশ্যে তিনি সংসার ত্যাগ করিয়াছেন, ছারে ছারে ভিক্ষাযাজ্ঞা ও স্থানে ছানে পরিভ্রমণ মাত্রের দ্বারা সে উদ্দেশ্য সফল হইতে পারে না। তাঁহার গুরুভাতাকে লিখিত একখানি পত্রে এই ভাবটিই প্রকাশ পাইয়াছে; তিনি লিখিয়াছিলেন, "আমি নির্লজ্ঞভাবে ঘূরে ঘূরে অপরের বাড়ীতে আহার করছি, আর এতে বিবেকের দংশনও হচ্ছে না—ঠিক যেন একটি কাক! আর ভিক্ষা করব না। আমাকে খাইয়ে গরিবদের লাভ কি? তারা এক মুঠো চাল পেলে বরং নিজের ছেলে-মেয়েদের খাওয়াতে পারে। বিশেষতঃ ভগবানলাভই যদি না হল তো এ শরীর রেখে লাভ ?" একটা গভীর আধ্যান্থিক অসন্তোষ এবং হরতিক্রমণীয় আত্মবিশর্জনের ভাব তাঁহাকে

পাইয়া বসিল। ধর্মকে যাঁহারা সত্য সত্যই জীবনের একমাত্র অবলম্বনরূপে গ্রহণ করেন, তাঁহাদের অনেকের জীবনেই এরপ মৃহুর্ত আসিয়া থাকে এবং এই সম্কট-কালেই অত্যাশ্চর্য অফুভূতির আগমন হয়। স্বামীজীও একদিন দিগন্ত-প্রসারিত এক নিবিড় অরণ্যপথ অতিক্রমকালে ভাবিতেছেন, অনাহার এবং তপস্তাম দেহত্যাগ হইলেই বা ক্ষতি কি ? এমনি চিস্তা লইয়া সারাদিন হাঁটিয়া চলিয়াছেন, পথিমধ্যে একমৃষ্টি অয়ও জ্টিল না। সম্বানস্মাগমে তিনি ক্লান্তদেহে এক বৃক্ষতিলে শুইয়া পড়িলেন। তাঁহার মন রহিল ভগবচিত স্থাম নিবিষ্ট ও চক্ষ্বয় লক্ষাহীনরূপে স্কদ্বরে প্রসারিত।

একট পরে তিনি দেখিলেন, একটি ব্যাঘ্র তাঁহারই দিকে আসিতেছে। ধীরে ধীরে অগ্রসর হইয়া সে অনতিদূরে বসিয়া পড়িল, যেন লক্ষপ্রদানের জয়া প্রস্তুতির পূর্বপ্রক্রিয়া। স্বামীজী তথন ভাবিতেছেন, "বা:, বেশ হয়েছে। আমরা হুজনেই তো কৃধিত। এদিকে আমার এদেহে তো জ্ঞান লাভ হল না এবং এর দারা জগতের কোন কল্যাণ হওয়ারও তো সম্ভাবনা দেখছি না: অতএধ এর দারা যদি অন্তত: এই ক্ষ্ধিত পশুটির খিদে মিটে তো মন্দ কি ?" তিনি বিন্দমাত্র চাঞ্চল্য প্রকাশ না করিয়া তেমনি ভাবে শুইয়া রহিলেন এবং অপেকা করিতে লাগিলেন, কথন ঐ হিংস্র শার্দু লন্দুপ্রদানপুর্বক তাঁহার উপর পতিত হয়। কিন্তু কিয়ৎক্ষণ পরে কোন অজ্ঞাত কারণে ঐ ব্যান্তটি অন্য দিকে ফিরিয়া ক্রত চলিয়া গেল। স্বামীজী তথনও ভাবিতে লাগিলেন, হয়তো দে ফিরিবে। তাই তিনি অপেকা করিতে লাগিলেন; কিন্তু সে ফিরিল না। সে রাত্রি তিনি ভগবচ্চিস্তায় ঐ বৃক্ষতলেই কাটাইলেন। প্রত্যুষে ভগবিষধানের অপর একটা দিকে তাঁহার মন আরুষ্ট হইল ; তিনি তাঁহার অশেষ করুণার কথা ভাবিতে ভাবিতে ক্লতজ্ঞহদয়ে গন্তব্যাভিমুখে অগ্রসর হইলেন। পরবর্তী কালে কথা-প্রসঙ্গে ঘটনাটির উল্লেখ করিলেও ঐ কালের অধ্যাত্মারভৃতির সম্পূর্ণ মর্ম, স্বরূপ বা গান্তীর্থ তাঁহার মুখে কখনও উদ্ঘাটিত হয় নাই।

আর একবার শরীর ক্লাস্ক ও অবসন্ন হইলেও শৃত্য উদর লইয়া দীর্ঘণথে চলিয়াছেন। নিদাঘের সূর্য অগ্নি বর্ষণ করিতেছে, এবং পথচলা ক্রমেই অসম্ভব হুইয়া পড়িতেছে। তবু শেষ চেষ্টা করিয়া তিনি দ্রবর্তী একটা বৃক্ষতলে উপস্থিত

 [।] সম্ভবতঃ ঐ অঞ্লের আদিবাসিরা দরিক ও অনেকেই খৃইধর্মাবলম্বী বলিরা সাধুর প্রতি
 শ্রদ্ধাবান ছিল না। 'রেমিনিসেদ'-এর মতে (৩৬৮ পৃঃ) ইহা হিমালয়ের ঘটনা!

হইলেন এবং দেখানেই শুইয়া পড়িলেন—শরীর তথন অসাড়, আর চলিতেই পারে না। অমনি অন্ধকারে অকম্মাৎ আলোকসম্পাতের ক্রায় তাঁহার মনে এই চিন্তা উদিত হইল, "এ তো অতি সত্য কথা ষে, আত্মার মধ্যে অনন্ত শক্তি নিহিত ৷ দেহ ও ইন্দ্রিয়বর্গ তাঁর উপর আধিপত্য করবে এ আবার কেমন কথা ? আমি বলহীন হতে পারি কি করে?" সঙ্গে সজে তাঁহার দেহে নববলের আবির্ভাব হইল, তাঁহার মনের আচ্ছন্নতা দূরীভূত হইল, ইন্দ্রিয়গণও তথন সাড়া দিল এবং তিনি পুনর্বার পথ চলিতে লাগিলেন এই সক্ষম লইয়া যে, এ ভাবে তুর্বলতার হল্তে আত্মসমর্পণ করা চলিবে না। তাঁহার পরিব্রাক্তকজীবনে:এইরূপ ঘটনা আরও ঘটিয়াছিল এবং ঐ গুলির উল্লেখ করিয়া তিনি ক্যালিফর্নিয়ায় এক বক্তৃতাকালে বলিয়াছিলেন, "কতবার আমি অনাহারে, বিক্ষতচরণে, ক্লাষ্ঠদেহে মৃত্যুর সমুখীন হয়েছি। কতবার দিনের পর দিন একমৃষ্টি আয় না পেয়ে আর পথচলা অসম্ভব হয়ে পড়েছে। তথন অবসন্ন শরীর বুক্ষচ্ছায়ায় লুটিয়ে পড়ত, আর মনে হত প্রাণবায়ু বেরিয়ে যাচ্ছে। কথা বলতে পারতাম না, চিন্তাও অসম্ভব হয়ে পড়ত ; আর অমনি মনে এই ভাব উঠত, 'আমার কোন ভয় নেই, मृञ्रा तरे ; जामात ज्या कथन रमि। मृञ्रा रत ना, जामात क्षा तरे, তৃষ্ণা নেই। সোহহুম, সোহহুম। সারা প্রকৃতির ক্ষমতা নেই যে আমায় পিষে মারে। প্রকৃতি তো আমার দাসী! হে দেবাদিদেব, হে পরমেশ্বর, নিজ মহিমা প্রকাশ কর, স্বারাজ্যে প্রতিষ্ঠিত হও! উত্তিষ্ঠত জাগ্রত! বিরত হয়ে। না।' অমনি আমি পুনর্বল লাভ করে উঠে দাঁড়াতাম; তাই আমি আজও বেঁচে আছি এবং এখানে উপস্থিত হয়েছি।" (C. W. II., P 402)।

নিরালম্ব সন্মাসী একমাত্র ভগবানের উপর নির্ভর করিয়া ভারতীয় জীবনবাত্রার ও মানবসভাতার যে প্রত্যক্ষ অফুভৃতি লাভ করিয়াছিলেন, তাহা তাঁহার ভাবী চিস্তাধারায় ও কার্যপ্রণালীতে একটা বিশেষ অংশ গ্রহণ করিয়াছিল এবং নিজের ব্যক্তিগত জীবনেও গভীর রেখাপাত করিয়াছিল। পিতার মৃত্যুর পর তিনি দারিস্ত্রোর প্রকৃত মৃতি প্রত্যক্ষ করিয়াছিলেন; ভারত-পর্যটনকালে ব্ঝিয়াছিলেন, বিরাট জনরাশির ভাগ্য প্রকৃতপক্ষে তাঁহারই অফুরূপ বটে। আর তিনি ব্ঝিয়াছিলেন, ভারতের জনগণ শ্রহীন হইলেও ধর্মবিম্ব নহে। তবে সেধর্ম জনেক ক্ষেত্রে প্রাণহীন আচারমাত্রে পর্যবিসিত হইয়াছে এবং ধনী ও দরিস্তের, উচ্চ ও নিয়্বজাতির মধ্যে যে বিশাল পার্থক্য রহিয়াছে, তাহার দ্রীকরণে ধর্ম

ক্তভোত্তম হয় নাই, বরং ধর্মের নামে প্রচারিত রীতিনীতি পুরোহিতকুলের হস্তে পড়িয়া ঐ বিভেদ বিচ্ছেদের পরিপোষক হইয়াছে ও উহার স্থায়িত্ব-সম্পাদনের যুক্তি যোগাইয়াছে। এই স্থানীর্ঘ ভ্রমণকালের অনেকথানি সময় তিনি কটিমাত্র বস্তার্ত সন্মাসীর বেশেই কাটাইয়াছিলেন; আর তাঁহার সঙ্গী ছিল তৢয়্ হয়তো একথানি শ্রীরামক্ষকের ছবি এবং একথানি গ্রীতা, আর চিরসাথী ছিল বুভূক্ষা ও অনিক্ষতা; তবু সর্বদা চিত্তে ছিল অদমা ঈশ্বরবিশাস এবং স্থীয় জন্মভূমির প্রতি অসীম ভালবাসা।

থাওোয়া ছাড়িবার পূর্বে হরিদাসবাব্ স্বামীজীকে আরও কিছুদিন থাকিয়া যাইবার জন্ম বিশেষ অন্ধরেধ করিয়ছিলেন, কিন্তু স্বামীজী বলিলেন, "তোমরা সবাই আমার এত যত্ন করছ যে তোমাদের ছেড়ে যেতে ইচ্ছা হয় না; কিন্তু আমার থাকবার জাে নাই। আমি তীর্থপর্যটনে বেরিয়েছি—রামেশ্বর পর্যন্ত যেতেই হবে। আমি যদি এভাবে দীর্ঘকাল সব জায়পাতে কাটাই, তবে আর আমার সঙ্কল্প সিদ্ধ হবে না।" হরিদাসবাব্ যথন ব্ঝিলেন, স্বামীজী কিছুতেই থাকিবেন না, তথন তাঁহার বোলাই-প্রামী এক লাতার নামে একথানি পত্র দিয়া বলিলেন, "আমার ভাই আপনাকে মিঃ ছবিলদাদের সঙ্গে পরিচয় করিয়ে দেবে। বােধ হয়, তিনি আপনাকে সাহায়্য করতে পারবেন। বান্তবিক স্বামীজী, আপনার ভবিষাৎ অতি উজ্জল।" স্বামীজী শুধু কহিলেন, "বলতে পারি না; তবে শুরুজী তো আমার সম্বন্ধে অনেক কথাই বলতেন।" এইভাবে স্বামীজী থাণ্ডোয়াবাসী বন্ধু-বাদ্ধবদের নিকট বিদায় লইয়া বােম্বেণমনে উন্তত হইলে হরিদাসবাব্ বলিলেন, তাঁহার টেনে যাওয়াই উচিত এবং তদম্পারে একথানি টিকেট কিনিয়া দিলেন। স্বামীজী তাঁহাকে আশীর্বাদ করিয়া শীগুরুর পাদপদ্ম শ্বরণপূর্বক নিজ গস্তব্যস্থলে চলিলেন।

বোম্বে পৌছিয়া স্বামীজী ব্যারিস্টার শ্রীযুক্ত রামদাস ছবিলদাস মহাশয়ের গৃহে উঠিলেন ও অক্যান্ত স্থানের ন্যায় এখানেও অচিরে বিশ্বৎসমাজে স্থপরিচিত হইলেন। একদিন তিনি জনৈক রাজনীতিবিদ নেতার গৃহে বেড়াইতে গেলে ঐ ভদ্রলোক তাঁহাকে থবরের কাগজের অংশবিশেষ পড়িতে দিলেন। উহাতে

 [।] ইश বাকলা জাবনীর মত। ইংরেজা জাবনীর মতে থাণোর। ত্যাদের পূর্বেই তিনি হরিদান
বাব্র প্রাতার নিকট হইতে ব্যারিস্তার রামদান ছবিলদাদের নামীর ঐ প্রেণানি পাইয়াছিলেন।

প্রকাশিত হইয়াছিল যে, বালিকাদের সহমতির বয়স নির্ধারণার্থ একটি নৃতন আইন (Age of Consent Bill) প্রস্তাবিত হইয়াছে এবং বাললার শিক্ষিত্ত সমাজ উহার বিরুদ্ধে আন্দোলন চালাইতেছেন। এই সংবাদে স্বামীজী লজ্জায় অথোবদন হইলেন এবং তীত্র ও স্পষ্ট ভাষায় বালাবিবাহের বিরুদ্ধে য়ৃক্তিপরিপৃষ্ট স্বমত প্রকাশ করিলেন। বোদে শহরে থাকা-কালে বরু-বান্ধবের গৃহে গমন ও স্বীয় আবাসস্থলে আলাপ-আলোচনাদির অবসরকালে তিনি সংস্কৃত চর্চা করিতেন। বাললা জীবনীর মতে স্বামীজী তথন অধিক কাল বেদাধ্যয়েনে কাটাইতেন। বোদে হইতে লিখিত তাঁহার ২২শে অগস্টের পত্রে আছে: "আমি এখানে কিছু সংস্কৃত বই পেয়েছি এবং অধ্যয়নের সাহায়্যও জুটেছে। অ্যজ এরপ পাবার আশা নাই; স্থতরাং শেষ ক'রে য়াবার আগ্রহ হয়েছে। হয়তো এই সংস্কৃত-বিজ্ঞার আকর্ষণেই তিনি বোম্বেতে তুই মাস (জুলাইর শেষ হইতে সেপ্টেম্বেরর শেষ পর্যন্ত) কাটাইয়াছিলেন।

বাৰলা জীবনীর মতে বোম্বে নগরে দৈবক্রমে স্বামী অভেদানন্দের (কালীর)
সহিত স্বামীজীর সাক্ষাৎ হয়। স্বামী অভেদানন্দ বলেন, "এসময় স্বামীজীর
হৃদয়টা যেন অগ্নিকুণ্ডের স্থায় হয়েছিল—আর কোন চিস্তা নেই, কেবল কি করে
ভারতের প্রাচীন আধ্যাত্মিকতার পুন:প্রতিষ্ঠা হবে, অহর্নিশ এই ভাবতেন।
তথন স্বামীজীকে দেখলেই একটা প্রকাণ্ড রঞ্জাবাত বলে মনে হত।" তাঁহার
চিত্তের উৎকণ্ঠা দেখিয়া অভেদানন্দও বিচলিত হইয়াছিলেন, আর স্বামীজী
নিজেও তাঁহাকে বলিয়াছিলেন, "কালী, আমার ভেতর এতটা শক্তি জমেছে
যে, ভয় হয় পাছে ফেটে যাই।"

বাঁহারা এইকালে এবং আমেরিকাগমনের প্রাক্কালে স্বামীজীর চিস্তা-বিকাশের গতি লক্ষ্য করিতে চাহেন, তাঁহাদের কাছে তাঁহার ২২শে অগঠ ও ২০শে সেপ্টেম্বরের পত্রমন্ন বিশেষ তাৎপর্বপূর্ণ। প্রথম পত্রের অংশবিশেষে আছে: "একটি বিষয় অতি তৃঃথের সহিত উল্লেখ করছি—এ অঞ্চলে সংস্কৃত এবং

৭। 'আমার জীবন কথা'র মতে খামীজীর বা খামী 'সচিচানন্দের' সহিত খামী অভেদানন্দের দেখা হয় জুনাগড়ে, সেথানকার নবাবের প্রাইভেট সেক্রেটারী মনঃস্থারাম স্থ্রাম ত্রিপাটীর বাড়ীতে। ঐ গৃহে খামীজীর সহিত অভেদানন্দ তিন-চারিদিন বাস করেন। ত্রিপাটীজী সংস্কৃতজ্ঞ পণ্ডিত ছিলেন এবং খামীজীর আদেশে অভেদানন্দ তাহার সহিত বেদাভবিচার করিয়াছিলেন। অভেদানন্দের তথন সকল ছিল, আর বরাহনগরে কিরিবেন না; কিন্তু খামীজীর অনুরোধে ও চক্ষের জল দেখিয়া বরাহনগরে কিরিবা যান (১৯৯-২০১ পৃঃ)।

অক্সান্ত শিক্ষার সম্পূর্ণ অভাব। এতদঞ্চলের লোকদের মধ্যে ধর্মের নামে পানাহার ও শৌচাদি বিষয়ে একরাশ কুসংস্কারপূর্ব দেশাচার আছে—আর এগুলিই যেন তাদের কাছে ধর্মের শেষ কথা। হায় বেচারারা। হুষ্ট ও চতুর পুরুতরা যতদব অর্থহীন আচার ও ভাড়ামিগুলোকেই বেদের ও হিন্দুধর্মের সার বলে তাদের শেখায়। ... কলির ত্রাহ্মণরূপী রাক্ষ্যদের কাছ থেকে ভগবান তাদের বাঁচান।" এই পত্রথানি জুনাগড়ের দেওয়ানজীকে লিখিত। খেতড়ী-নিবাদী পণ্ডিত শঙ্কর লালকে লিখিত দ্বিতীয় পত্রে আছে—"আমাদের দেশে পর্যবেক্ষণ ও সামান্তীকরণ প্রক্রিয়ার ফলস্বরূপ বিজ্ঞানসমূহের অত্যন্ত অভাব দেখিতে পাই। স্তরাং আপনি বুঝিতেছেন, আমাদিগকে ভ্রমণ করিতেই হইবে, चामामिशतक विरामा याहरे इहेरव। चामामिशतक रमिश्र हहेरव, चम्राम দেশে সমাজ-যন্ত্র কিরুপে পরিচালিত হইতেছে। আর **যদি আমাদিগকে য**থার্থ ই পুনরায় একটি জাতিরূপে গঠিত হইতে হয়, তবে অপর জাতির চিম্বার সহিত আমাদের অবাধ সংশ্রব রাখিতে হইবে। --- আমরা এখন কি হাস্তকর অবস্থাতেই না উপনীত হইয়াছি ৷ ভাঙ্গীরূপে যদি কোন ভাঙ্গী কাহারও নিকট উপস্থিত হয়, সংক্রামক রোগের ভায় সকলে তাহার সঙ্গ ত্যাগ করে; কিন্তু যথনই পাশ্রী সাহেব আসিয়া মন্ত্র আওড়াইয়া, তাহার মাথায় থানিকটা জল ছিটাইয়া দেয়, আর সে একটা জামা (যতই ছিল্ল ও জর্জরিত হউক) পরিতে পায়, তথনই দে খুব গোঁড়া হিন্দুর বাড়ীতেও প্রবেশাধিকার পায়। ... এখন এই পান্তীরা দক্ষিণে कि করিতেছে, দেথিবেন—আফ্রন দেখি। উহারা লাখ লাখ নীচ জাতকে এটান করিয়া ফেলিতেছে —আর পৌরোহিত্যের অত্যাচার ভারতের সর্বাপেক্ষা যেখানে বেশী, সেই ত্রিবাঙ্কুরে,...তথাকার সিকিভাগ খ্রীষ্টান হইয়া গিয়াছে।...হে প্রভু, কবে মাতুষ অপর মাতুষকে ভাইয়ের ন্তায় দেখিবে ?"

বোদে হইতে ২২শে অগস্ট তিনি যদিও লিখিয়াছিলেন, "এখানে পনর-কুড়ি দিন খেকে রামেশ্র যাবার বাসনা আছে," তথাপি ২০শে সেপ্টেম্বর পর্যন্ত তিনি বোম্বেতেই ছিলেন, ইহা তাঁহার ঐ তারিখের পত্র দেখিলেই জানা যায়। অতঃপর সেপ্টেম্বরের শেষে কোনও একদিন তিনি লোকমাক্ত বালগদাধর তিলক মহাশয়ের সহিত পুনা যাত্রা করেন। পুনা হইতে তিনি ক্রমে বেলগাঁও-এ উপস্থিত হন। পুনাগমনের ঘটনাদি আমরা অহ্বাদের মাধ্যমে তিলক মহাশয়ের নিজের বিবৃত্তি অহ্বায়ী উপস্থিত করিলাম। তিনি বলিয়াছেন:

"১৮৯২ খৃষ্টাব্দে বা ঐরপ কোন একসময়ে, অর্থাৎ বিখ্যাত চিকাগোর বিশ্বনেলার অন্তর্গত ধর্মমহাসভার পূর্বে আমি একদিন বোম্বে হইতে পুনাতে ফিরিতেছিলাম; ভিক্টোরিয়া টার্মিনাসে একজন সন্ন্যাসী আমি যে কামরায় ছিলাম, তাহাতে প্রবেশ করিলেন। জনকয়েক গুজরাটী ভদ্রলোক তাঁহাকে বিদায় দিতে আসিয়াছিলেন; তাঁহারা আমার সহিত তাঁহাকে যথারীতি পরিচয় করাইয়া দিয়া তাঁহাকে বলিয়া দিলেন, তিনি যেন পুনায় অবস্থানকালে আমার বাড়ীতেই থাকেন। আমরা পুনা পৌছিলে সন্ম্যাসী আমার সহিত আট-দশ দিন বাস করিলেন। তাঁহার নাম জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, তিনি একজন সন্ম্যাসী মাত্র। তিনি এথানে কোন বক্তৃতা প্রদান করেন নাই। গৃহহ তিনি অবৈত-দর্শন ও বেদাস্ত সম্বন্ধে প্রায়ই আলোচনা করিতেন; সর্বসাধারণের সহিত মিশিতে চাহিতেন না। তাঁহার নিকট পয়সা-কড়ি মোটেই ছিল না; সম্পত্তির মধ্যে ছিল একথানি মুগ্রচর্ম, একটি কমগুলুও তুই-একথানি গেকয়া-বস্ত্র। তাঁহার ভ্রমণকালে কেই না কেই গস্তব্য স্টেশন পর্যস্ত টিকেট কিনিয়া দিত।

"স্বামীজী আশা পোষণ করিতেন যে, মহারাষ্ট্রের নারীরা পরদা-মৃক্ত থাকায়
তাঁহাদের মধ্য হইতে উচ্চবর্ণের কোন কোন বিগবা নারী হয়তো প্রাচীন বৌদ্ধযুগের যোগীদের মতো শুধু ধর্ম ও আত্মতত্ত্ব প্রচারেই নিরত হইতে পারিবেন।
স্বামীজী আমার সহিত এই বিষয়ে একমত ছিলেন যে, প্রীমন্তগবদ্গীতায় সন্ন্যাস
প্রচারিত হয় নাই, প্রত্যুত উহাতে সকলকে কর্মফল ত্যাগ করিয়া নিদ্ধাম কর্ম
সাধনের উপদেশ দেওয়া হইয়াছে।

"আমি তথন হীরাবাগে অবস্থিত ভেকান ক্লাবের সভ্য ছিলাম; প্রতি সপ্তাহে উহার অধিবেশন হইত। স্থামীজী একবার ঐরপ এক সভায় আমার সহিত উপস্থিত ছিলেন। সেদিন সন্ধ্যায় ৺পণ্ডিত কাশীনাথ গোবিন্দনাথ একটি দার্শনিক বিষয়ে স্থন্দর বক্তৃতা দেন। ঐ বিষয়ে আর কাহারও কোন বক্তব্য ছিল না। কিন্তু স্থামীজী উঠিয়া প্রাঞ্জল ইংরেজী ভাষায় পরিদ্ধারভাবে উক্ত বিষয়ের অপর দিকটা দেখাইয়া দিলেন। উপস্থিত সকলেই তাঁহার উচ্চ প্রতিভায় মৃশ্ব হইয়াছিলেন। ইহার অল্প পরেই স্থামীজী পুনা ত্যাগ করিয়া যান।

৮। তিলক মহাশর স্বামীজীকে ভূল ব্রিয়াছিলেন বলিয়া মনে হয়; কারণ ইহা স্বামীজীর মত নহে। তাঁহার মতে গীতার সন্ধান এবং কর্মবোগ উভর বিবরেরই উপদেশ স্বাছে।

"ইহার ঘুই বা তিন বৎসর পরে স্বামীজী চিকাগোর সাফল্যে অজিত এবং পরে আমেরিকায় ও ইংলওে লব্ধ তাঁহার বিশ্ববিশ্রত খ্যাতি লইয়া ভারতে প্রত্যানতন করিলেন। তিনি যেখানে গেলেন সেখানেই অভিনন্দনপত্র লাভ করিলেন ও প্রত্যেক স্থলেই মর্মস্পর্শী ভাষায় উপযুক্ত প্রত্যুত্তর দিলেন। আমি কোন কোন সংবাদপত্রে তাঁহার ছবি দেখিলাম এবং আক্বতির সৌসাদৃশ্র-দর্শনে অস্থমান করিলাম, যে স্বামীজী আমার গৃহে অবস্থান করিয়াছিলেন, ইনি নিশ্চয়ই তিনি। আমি তাঁহাকে পত্র লিখিয়া জানিতে চাহিলাম যে, আমার অস্থমান সত্যা কিনা, এবং তাঁহাকে কলিকাতার পথে পুনা হইয়া যাইতে অস্থরোধ করিলাম। আমি একখানি অতি প্রীতিপূর্ণ উত্তর পাইলাম, উহাতে স্বামীজী খোলাখুলিভাবে স্বীকার করিয়াছিলেন যে, তিনিই সেই সাধু এবং ঘৃংখ প্রকাশ করিয়া জানাইয়াছিলেন যে, ঐ সময়ে তাঁহার পক্ষে পুনায় আদা সম্ভব হইবে না। ঐ পত্রখানি এখন আর পাওয়া যায় না; ১৮৯৭ খৃষ্টাব্দে 'কেশরী' মামলার অবসান হইলে যথন ব্যক্তিগত ও সাধারণ বিষয়ক পত্রগুলি পোড়াইয়া ফেলা হয়, তথন উহাও পুড়িয়া গিয়া থাকিবে।

"ইহার পরে একবার কলিকাতায় কংগ্রেসের অধিবেশন উপলক্ষে আমি জন কয়েক বন্ধুর সহিত রামরুঞ্চ মিশনের বেলুড় মঠ দর্শন করিতে যাই। সেথানে স্বামী বিবেকানন্দ আমাদিগকে সাদরে গ্রহণ করেন। আমরা একসঙ্গে চা পান করি। কথাবাতার কালে স্বামীজী কতকটা রহস্তচ্ছলে বলিয়াছিলেন যে, আমি যদি সংসার ত্যাগ করিয়া বাঙ্গলা দেশে তাঁহার প্রবর্তিত কার্যভার গ্রহণ করি এবং তিনি মহারাষ্ট্রে গিয়া অফুরূপ কার্য গ্রহণ করেন, তবে আরও উত্তম হয়। তিনি বলিয়াছিলেন, 'দ্র দেশে মান্ত্র যতথানি প্রভাব বিস্তার করতে পারে, স্বদেশে তা পারে না।'" (রেমিনিসেন্সেদ্ অব্ স্বামী বিবেকানন্দ, ২১-২২ পৃষ্ঠা)।

ইহার পর আমরা জানিতে পারি যে, স্বামীজী ভাবনগরের মহারাজার এক পরিচম্বপত্র সহ কোলহাপুরে গিয়াছিলেন। কোলহাপুরের রাণী তাঁহার প্রতি বিশেষ ভক্তিমতী ছিলেন এবং স্বামীজী তাঁহার প্রদত্ত একথানি গেরুয়া বস্ত্র গ্রহণ করিলে নিজেকে বিশেষ ভাগ্যবতী মনে করিয়াছিলেন। কোলহাপুরের 'থালী করভারী'র উচ্চপদে অধিষ্ঠিত জনৈক রাজকর্মচারী স্বামীজীকে বেলগাঁও-এর একজন মহা-রাষ্ট্রীয় ভদ্রলোকের নামে একথানি পরিচম্বপত্র দিলেন। উহা লইয়া স্বামীজী একদিন প্রাতঃকালে ছয়টার সময় ঐ ভদ্রলোকের গৃহে উপস্থিত হইলেন।
আমরা নিমে উক্ত মহোদয়ের পুত্র শ্রীযুক্ত জি. এস. ভাটে, এম. এ. মহাশয়ের
লিখিত বিবরণটি অন্থবাদ করিয়া দিলাম:

"স্বামীন্সীর আফুতি অনেকটা অন্যুসাধারণ ছিল, এবং প্রথম দর্শনেই মনে হইত ইনি সাধারণ মাত্রুষ অপেক্ষা একট অন্ত ধরনের লোক। কিন্তু পরে चामारनत चिंचिरक चामता य श्रकात वरत्ना भूक्वकार हिनिएक भातिनाम, তাঁহাকে ততটা বড় ভাবিবার জন্ম প্রথমাবস্থায় আমার পিতা বা আমাদের পরিবারের কেহ, এমন কি আমাদের ক্ষুদ্র নগরের অধিবাসী কোন ব্যক্তিই প্রস্তুত ছিলেন না। স্বামীজীর অবস্থানের প্রথম দিন হইতেই এমন সব ঘটনা ঘটিতে नाशिन, याहारक कांहात मन्द्रक आभारतत्र भातना वतनाहरक हहेन। अर्थमकः দেখা গেল, তাঁহার বস্ত্রের বর্ণ অপর সন্ন্যাসীদের বস্ত্রের সদৃশ হইলেও তাঁহার পোশাক বেশ যেন একটু ভিন্ন রকমের। তিনি একটি বানিয়ান পরিতেন। সন্ন্যাসীর দত্তের স্থলে তাঁহার হাতে ছিল একটা লম্বা লাঠি, যাহা অনেকটা বেড়াইবার লাঠির মতো। তাঁহার আসবাবের মধ্যে ছিল অপর সাধুরই মতো একটি কমগুলু, একথানি গীতা এবং আরও হুই-একথানি পুস্তক। . . . কথাবার্তার জন্ম ইংরেজী ভাষা ব্যবহার করেন, দেহ উন্মুক্ত না রাখিয়া গেঞ্জি পরেন, এবং প্রতিভার এরূপ বৈচিত্র্য ও জ্ঞানের এরপ বহুব্যাপিত্ব প্রকাশ করেন, যাহার ফলে অতি স্থানিকত সংসারীও খ্যাতি অর্জন করিতে পারেন—এমন ধরনের সন্ন্যাসী তো আর পূর্বে কথনও দেখি নাই। । প্রথমদিন আহারের পর স্বামীজী পান ও স্থপারি চাহিয়া বসিলেন। তারপর সেই দিন বা তারই পরের দিন দোক্তা চাহিলেন। ষে সন্ন্যাসীর এই প্রকার কৃত্র কৃত্র দৈহিক ভোগের উর্দ্ধে চলিয়া যাওয়া উচিত, তাঁহার মুখে এই জাতীয় চাহিদা ভনিলে অপরের মনে কি ভয়াবহ প্রতিক্রিয়া হয় তাহা সহজেই অমুমেয়। তাঁহার নিজমুথ হইতেই আমরা ভনিলাম যে, তিনি বান্ধণ নহেন। অপচ তিনি সন্ন্যাসী হইয়াছেন! আবার সন্ন্যাসী হইয়া এমন সব জিনিসের জন্ম লালায়িত যাহা ৩৫ গৃহস্থদের শোভা পায়! এই সমস্তই আমাদের পুর্বধারণার ঘোর বিরোধী ছিল, অথচ তিনি আমাদিগকে এই পরিস্থিতিটি মানাইয়া লইলেন এবং আমাদের স্বীকার করিয়া লইতে হইল যে, সাধুর পক্ষে পান-স্থপারি বা তামাক ব্যবহার এমন একটা কিছু খারাপ নয়। তিনি নিজের এই ব্যসনের এমন এক ব্যাখ্যা দিলেন যে, আমাদের আর বলিবার কিছু বহিল না। তিনি ব্ঝাইয়া দিলেন ষে, তিনি পুর্বে ছিলেন কলিকাতার একটি আমোদপ্রিয় ছেলে; কলিকাতা বিশ্ববিহ্যালয় হইতে বি. এ. পাস করিয়াছিলেন এবং শ্রীরামক্রফের পুতসঙ্গ লাভের পূর্বে ঘোর বিষয়ী ছিলেন। গুরুর শিক্ষাগুণে তাঁহার জীবন সম্বন্ধীয় ধারণা পরিবর্ভিত হইয়াছে, কিন্তু কতকগুলি অভ্যাস ত্যাগ করা তাঁহার পক্ষে কঠিন হওয়ায়, তিনি সেগুলিকে তেমন গুরুত্বপূর্ণ নহে মনে করিয়া ঐ বিষয়ে আর মাথা ঘামান নাই। তাঁহাকে য়খন জিজ্ঞাসা করা হইল, তিনি আমিষাশী কিংবা নিরামিষাশী, তিনি উত্তর দিলেন যে, তিনি সাধারণ সয়্যাসী নহেন, পরস্ক পরমহংসশ্রেণীর সয়্যাসী, অতএব ঐ বিষয়ে তাঁহার ইচ্ছা বা অনিচ্ছা কিছুই নাই। পরমহংসদ্রেণীর সয়্যাসী, অতএব ঐ বিষয়ে তাঁহার ইচ্ছা বা অনিচ্ছা কিছুই নাই। পরমহংসদের নিয়মই এই যে, তাঁহাদিগকে অপরে যাহা দেয় তাহাই থাইতে হয়, আবার কেহ কিছু না দিলে উপবাস্ও করিতে হয়। অধিকস্ক ধর্মনির্বিশেষে যে কোন ব্যক্তির নিকট পরমহংস ভিক্ষা গ্রহণ করিতে পারেন। তাঁহাকে যখন প্রশ্ন করা হইল, তিনি অহিন্দুর অয় গ্রহণ করিবেন কিনা, তথন তিনি উত্তর দিলেন, তিনি বছবার মুসলমানের অয় গ্রহণ করিয়াছেন।

"আমার মনে হইয়াছিল, স্বামীজী প্রাচীন রীতিতে সংস্কৃত অধ্যয়নে বেশ অভ্যন্ত। তিনি যথন প্রথম আসেন তথন আমি পাণিনির অষ্টাধ্যায়ী মৃথস্থ করিতে ব্যন্ত। আমি দেখিয়া অত্যন্ত আশ্চর্য হইলাম যে, অষ্টাধ্যায়ীর যে সকল অংশ মৃথস্থ করার জন্ম আমি অশেষ প্রম করিয়াছি, সে-সকল সম্বন্ধেও তাঁহার স্বতিশক্তি আমার তুলনায় অনেক বেশী। আমার যতদ্র মনে পড়ে, আমার বাবা যথন আমাকে আমার অধীত বিষয় বলিয়া ঘাইতে আদেশ করিলেন, তথন বলিতে গিয়া আমার ভূল হইতে লাগিল, আর স্বামীজী ঐগুলির সংশোধন করিয়া আমায় লক্জা দিতে লাগিলেন। ইহাতে তাঁহার প্রতি আমার ধারণা অতি উচ্তত্তরের শ্রন্ধায় পরিণত হইয়াছিল।

"স্বামীজীর আগমনের পর ছই-তিন দিন ধরিয়া আমার পিতা যেন তাঁহাকে সব দিক হইতে পরিমাপ করিতেই ব্যস্ত ছিলেন। লীজই তাঁহার ধারণা জায়ল যে, অতিথি তথু অনক্সমাধারণ নহেন, তিনি অসাধারণ ব্যক্তিষ্পালী। ইহার সম্বন্ধে তাঁহার ঘনিষ্ট বন্ধুদের মতও জানিবার জক্ত তিনি একদিন তাঁহাদিগকে ডাকিয়া আনিলেন। তাঁহারা সিদ্ধান্ত করিলেন, স্বামীজীর সহিত মিলিত হইবার জক্ত এবং তাঁহার সহিত বিচার করিবার জক্ত স্থানীয় গণ্যমাক্ত ও পণ্ডিত ব্যক্তি-

দের একটা সম্মেলন হওয়া বাঞ্চনীয়। স্বামীজীর উপস্থিতি শহরে স্থবিদিত হইবার পর প্রত্যহ তাঁহার নিকট বে প্রচুর লোকসমাগম হইত, তাহাতে এই একটা জিনিস আমাদের কাছে খুবই আশ্চর্য মনে হইত যে, তুমুল বিচারকালেও স্বামীজীর প্রসন্নতা দর্বদা অবিচলিত থাকিত—তিনি কথনও ক্রন্ধ হইতেন না। পান্টা জবাবে তিনি থুবই পটু হইলেও প্রতিপক্ষকে কথনও আঘাত করিতেন না। একদিন বিচারকালে স্বামীজীর যে ধীরতা দেখিয়াছিলাম, তাহাতে আমাদের বেশ আমোদ হইয়াছিল। এ সময় বেলগাঁওয়ে এক্জন একজিকিউটিব ইঞ্জিনিয়ার ছিলেন ; দর্ববিষয়ে স্থপণ্ডিত বলিয়া তাঁহার খ্যাতি ছিল। তথনকার দিনের অনেক হিন্দুর জীবনে বেমন ঘটিয়াছিল, তেমনি ইনিও বাহ্বতঃ থুবই গোঁড়া হইলেও অন্তরে ছিলেন সংশয়বাদী ও পাশ্চান্ত্য বিজ্ঞানের বিশেষ ভক্ত। তাঁহার বিশ্বাস ছিল, ধর্ম বা ধর্মবিশ্বাস একটা সামাজিক রীতি মাত্র, এবং কেবল বহু যুগের অভ্যাদের ফলেই উহা প্রমাণরূপে স্বীকৃতি পাইয়াছে। এই সকল ধারণা মনে থাকায় স্বামীজী তাঁহার দৃষ্টিতে এক অতি প্রবল পুর্বপক্ষরণে উপস্থিত হইলেন ; কারণ অভিজ্ঞতা, দর্শন ও বিজ্ঞান সম্বন্ধে তাঁহার যেটুকু সম্বল ছিল, স্বামীজীর তদপেকা অনেক অধিক ছিল: ইহার ফলে তিনি বিচারকালে ম্বভাবতই মেজাজ খারাপ করিয়া অভদ্রতা দেখাইতে লাগিলেন। এমন কি অনেক সময় স্বামীজীর প্রতি অশিষ্টাচার করিতে লাগিলেন। আমার পিতা আপত্তি জানাইলেন, কিন্তু স্বামীজী মুহহাস্তে বাধা দিয়া বলিলেন, তিনি ইহাতে কিছুই মনে করেন না।…বিচারকালে যদিও স্বামীজীর পক্ষেই যুক্তি অধিক দেখা যাইত, তথাপি জয়লাভই তাঁহার উদ্দেশ ছিল না, তিনি বরং চাহিতেন, সকলে বুঝুক যে, এখন এমন সময় আসিয়াছে, যথন ভারতবাসীদের নিকট এবং বিদেশীয়দিগের নিকট দেখাইয়া দেওয়া উচিত যে, হিন্দুধর্ম মরণোনাথ নহে; এতদ্বাতীত জগতের সম্মুথে বেদাস্কের সত্যসকলও উদেঘাষিত হওয়া আবশ্রক। ... তাঁহার ক্ষোভ ছিল এই ষে, বেদাস্তের পক্ষে যেমন হওয়া উচিত ছিল, ঠিক সে ভাবে উহা সকলের শাশ্বত অমুপ্রেরণার উৎস না হইয়া উহা সম্প্রদায় বিশেষের সম্পত্তিরূপে গণ্য হইতেছে।"

বেলগাঁওয়ে স্বামীজী এীযুক্ত হরিপদ মিত্র মহাশয়ের গৃহেও নয় দিন অবস্থান করিয়াছিলেন। হরিপদবাবু বনবিভাগের সাবডিভিশক্তাল অফিসার ছিলেন। তিনি লিখিয়াছেন ('বাণী ও রচনা', ১০৬০), "১৮৯২ খৃঃ, ১৮ই অক্টোবর, মঙ্গলবার। প্রায় ছই ঘন্টা হইল সন্ধ্যা হইয়াছে। এক সুলকায় প্রসন্ধরদন যুবা সন্ধ্যানী আমার পরিচিত জনৈক দেশীয় উকিলের সহিত আমার বাসায় আসিয়া উপস্থিত হইলেন। উকিল বন্ধুটি বলিলেন, 'ইনি একজন বিছান্ বাঙ্গালী সন্ধ্যামী, আপনার সহিত সাক্ষাং করিতে আসিয়াছেন।' ফিরিয়া দেখিলাম—প্রশান্তযুতি, ছই চক্ষু হইতে যেন বিছ্যতেব আলে৷ বাহির হইতেছে, গোঁফদাড়ি কামানো. অঙ্গে গেরুয়া আলখালা, পায়ে মহারাষ্ট্র দেশীয় বাহানা চটিজুতা, মাথায় গেরুয়া কাপড়েরই পাগড়ি। সন্ধ্যামীর সে অপরূপ মূর্তি শ্বরণ হইলে এখনও খেন তাঁহাকে চোখের সামনে দেখি। কিছুক্ষণ পরে নমস্বার করিয়া জিজ্ঞাসা করিলাম, 'মহাশয় কি তামাক খান ? আমি কায়স্থ, আমার একটি ভিন্ন আরহ কানাই। আপনার যদি আমার হু কায় তামাক খাইতে আপত্তি না থাকে, তাহা হইলে তাহাতে তামাক সাজিয়া দিতে বলি।' তিনি বলিলেন, 'তামাক, চুরুট— যথন বাহা পাই, তথন তাহাই খাইয়া থাকি, আর আপনার হু কায় খাইতে কিছুই আপত্তি নাই।' তামাক সাজাইয়া দিলাম।

"তাঁহাকে আমার বাদায় থাকিতে বলিলাম ও তাঁহার জিনিদপত্র আমার বাদায় আনাইব কি-না জিজ্ঞাদা করিলাম। তিনি বলিলেন, 'আমি উকিল বাব্র বাড়ীতে বেশ আছি। আর বাঙ্গালী দেখিয়াই তাঁহার নিকট হইতে চলিয়া আদিলে তাঁহার মনে তুঃখ হইবে; কারণ তাঁহারা সকলেই অত্যন্ত স্নেহ ও ভক্তি করেন—অতএব আদিবার বিষয় পরে বিবেচনা করা যাইবে।' দেরাত্রে বড় বেশী কথাবার্তা হইল না; কিন্তু তুই-চারি কথা যাহা বলিলেন, তাহাতেই বেশ ব্ঝিলাম, তিনি আমা অপেক্ষা হাজারগুণে বিদ্বান ও বৃদ্ধিমান;ইচ্ছা করিলে অনেক টাকা উপার্জন করিতে পারেন, তথাপি টাকাকড়ি টোন না, এবং স্থ্যী হইবার সমস্ত বিষয়ের অভাব সত্ত্বেও আমা অপেক্ষা সহস্ত্রতা স্থা। আমার বাদায় থাকিবেন না জানিয়া পুনরায় বলিলাম, 'যদি চা থাইবার আপত্তি না থাকে, তাহা হইলে কল্য প্রাত্তে আমার সহিত চা থাইতে আদিলে স্থ্যী হইব।' তিনি আসিতে স্বীকার করিলেন এবং উকিলটির সহিত তাঁহার বাড়ী ফিরিয়া গেলেন। রাত্রে তাঁহার বিষয় অনেক ভাবিলাম; মনে হইল, এমন নিঃস্পৃহ, চির-স্থ্যী, সদা-সন্ত্রই, প্রফুল্লমুথ পুক্ষ তো কথন দেখি নাই।

"পরদিন ১৯শে অক্টোবর। প্রাতে ৬টার সময় উঠিয়া স্বামীন্দীর প্রতীক্ষা করিতে লাগিলাম। দেখিতে দেখিতে ৮টা বাজিয়া গেল, কিন্তু স্বামীন্দীর দেখা নাই। আর অপেক্ষা না করিয়া আমি একটি বন্ধুকে সঙ্গে লইয়া স্বামীক্ষী ষেধানে ছিলেন সেধানে গেলাম। গিয়া দেখি এক মহাসভা; স্বামীক্ষী বিসরা আছেন এবং নিকটে অনেক সন্ত্রাস্ত উকীল ও বিদ্বান লোকের সহিত কথাবার্তা চলিতেছে। স্বামীক্ষী কাহারও সহিত ইংরেজীতে, কাহারও সহিত সংস্কৃতে এবং কাহারও সহিত হিন্দুস্থানীতে তাঁহাদের প্রশ্লের উত্তর একটুমাত্র চিন্তা না করিয়াই একেবারে দিতেছেন। আমার ন্তায় কেহ কেহ হক্লের ফিলছফিকে প্রামাণিক মনে করিয়া তদবলম্বনে স্বামীক্ষীর সহিত তর্ক করিতে উত্তত। তিনি কিন্তু কাহাকেও ঠাট্টাচ্ছলে, কাহাকেও গম্ভীরভাবে যথায়থ উত্তর দিয়া সকলকেই নিরম্ভ করিতেছেন। আমি যাইয়া প্রণাম করিলাম এবং অবাক হইয়া বিসয়া ভানিতে লাগিলাম। ভাবিতে লাগিলাম—ইনি কি মান্থ্য না দেবতা ?

"কোন গণ্যমান্ত বাহ্মণ উকীল প্রশ্ন করিলেন, 'স্বামীন্ধী, সন্ধ্যা-আছিক প্রভৃতির মন্ত্রাদি সংস্কৃতভাষায় রচিত; আমরা সেগুলি বুঝি না। আমাদের ঐসকল মন্ত্রোচ্চারণে কিছু ফল আছে কি ?' স্বামীন্ধী উত্তর করিলেন, 'অবশুই উত্তম ফল আছে; ব্রাহ্মণের সন্তান হইয়া ঐ কয়টি সংস্কৃত মন্ত্রাদি তো ইচ্ছা করিলে আনায়াসে বুঝিয়া লইতে পার, তথাপি লও না। ইহা কাহার দোষ ? আর যদি মন্ত্রের অর্থ নাই বুঝিতে পার, যথন সন্ধ্যা আছিক করিতে বসো, তথন ধর্ম-কর্ম করিতেছি মনে কর, না-কিছু পাপ করিতেছ মনে কর ? যদি ধর্ম-কর্ম করিতেছি মনে করিয়া বসো, তাহা হইলে উত্তম ফল লাভ করিতে উহাই যে যথেঞ্জঃ।'

"অন্ত একজন এই সময়ে সংস্কৃতে বলিলেন, 'ধর্ম সম্বন্ধে কথোপকথন শ্লেচ্ছ-ভাষায় করা উচিত নহে, অমুক পুরাণে এইরূপ লেখা আছে।' স্বামীজী উত্তর করিলেন, 'যে-কোন ভাষাতেই হউক, ধর্মচর্চা করা ষায়' এবং এই বাক্যের সমর্থন শ্রুতি প্রভৃতির বচন প্রমাণস্বরূপ দিয়া বলিলেন, 'হাইকোর্টের নিষ্পত্তি নিম্ন আদালতের ঘারা খণ্ডন হইতে পারে না।'

"এইরপে নয়টা বাজিয়া গেল। বাঁহাদের অফিস বা কোটে মাইতে হইবে তাঁহারা চলিয়া গেলেন, কেহ বা তথনও বিদিয়া রহিলেন। স্বামীজীর দৃষ্টি আমার উপর পড়ায়, পুর্বদিনের চা খাইতে যাবার কথা শ্বরণ হওয়ায় বলিলেন, 'বাবা, অনেক লোকের মন ক্ষ্ম করিয়া যাইতে পারি নাই, মনে কিছু করিও না।' পরে আমি তাঁহাকে আমার বাসায় আসিয়া থাকিবার জন্ত বিশেষ অহুরোধ করায় অবশেষে বলিলেন, 'আমি যাঁহার অতিথি, তাঁহার মত করিতে পারিলে আমি তোমারই নিকট থাকিতে প্রস্তত।' উকিলটিকে বিশেষ ব্রাইয়া স্বামীজীকে সঙ্গে লইয়া আমার বাসায় আসিলাম। সঙ্গে মাত্র একটি কমওল্ ও গেক্ষা কাপড়ে বাঁধা একথানি পুন্তক। স্বামীজী তথন ক্রাজ-দেশের সঙ্গীত সময় চা থাওয়া হইল; তাহার পরেই আবার এক মাস ঠাওা জলও চাহিয়া থাইলেন। আমার নিজের মনে যে-সমন্ত কঠিন সমস্যা ছিল সে-সকল তাঁহাকে জিজ্ঞাসাকরিতে সহসা ভরসা হইতেছে না ব্বিতে পারিয়া তিনি নিজেই আমার বিত্তাবৃদ্ধির পরিচয় তুই কথাতেই বৃঝিয়া লইলেন।

"ইতঃপূর্বে 'টাইম্ন্' সংবাদপত্তে একজন একটি স্থলর কবিতায় ঈশ্বর কি, কোন ধর্ম সত্য, প্রভৃতি তত্ত্ব ব্ঝিয়া উঠা অত্যন্ত কঠিন, লিথিয়াছিলেন। সেই কবিতাটি আমার তথনকার ধর্মবিশ্বাসের সহিত ঠিক মিল হওয়ায় আমি উহা যত্ন করিয়া রাথিয়াছিলাম; তাহাই তাঁহাকে পডিতে দিলাম। পড়িয়া তিনি বলিলেন, 'লোকটা গোলমালে পড়িয়াছে।' আমারও ক্রমে সাহস বাড়িতে লাগিল। 'ঈশ্বর দয়াময় ও তায়বান্—এককালে ছুইই হইতে পারেন না'— খুষ্টান মিশনারীদের সহিত এই তর্কের মীমাংসা হয় নাই; মনে করিলাম, এ সমস্তাপুরণ স্বামীজীও করিতে পারিবেন না। স্বামীজীকে জিজ্ঞাসা করায় তিনি বলিলেন, 'তুমি তো বিজ্ঞান অনেক পড়িয়াছ, দেখিতেছি। প্রত্যোক জড়পদার্থে ছুইটি বিপরীত শক্তি—কেক্সাম্থ্য ও কেক্রাতিগ কি কার্য করের না? যদি ছুইটি বিপরীত শক্তি—কেক্সাম্থ্য ও কেক্রাতিগ কি কার্য করে না? যদি ছুইটি বিপরীত শক্তি—কেক্সাম্থ্য ও কেক্রাতিগ কি কার্য করে না? যদি ছুইটি বিপরীত শক্তি জড়বস্তুতে থাকা সম্ভব হয়, তাহা হুইলে দয়া ও তায় বিপরীত হুইলেও কি ঈশ্বরে থাকা সম্ভব নয়? আমি শুধু এইটুকু বলিতে পারি বে, ঈশ্বর সম্বন্ধে তোমার বে ধারণা আছে, তাহা অতি নিম্ন্তরের।"

এইরূপে হরিপদবাব্র গৃহে ২০শে অক্টোবর পর্যন্ত ঘুইদিন (বা ঐ নগরে চারিদিন) কাটিয়া গেল। এই স্থাবাগে হরিপদবাব্র মনে দীর্ঘকাল যাবং ধর্ম ও দর্শন সম্বন্ধে যত সন্দেহ ছিল, স্বামীজীকে তিনি একে একে সবই নিরসন করিতে অমুরোধ করিলেন এবং স্বামীজীও সানন্দে তাহা করিলেন। এতহাতীত নগরের বহু শিক্ষিত ব্যক্তি প্রতিদিন সেখানে সমবেত হইয়া নানা প্রসন্ধ উত্থাপিত করিতেন এবং স্বামীজীও সর্ববিষয়ে যথায়থ সমাধানের উপায় দেখাইয়া দিতেন ও নৃতন আলোকসম্পাত করিতেন। শহরে অবস্থিতির পঞ্চম দিনে (২১শে) তিনি বলিলেন, "সন্ন্যাসীদের নগরে তিন দিনের বেশী এবং গ্রামে

একদিনের বেশী থাকিতে নাই। আমি শীদ্র ষাইতে ইচ্ছা করিতেছি।" হরিপদ্বাব্ কিন্তু কিছুতেই রাজী হইলেন না; একথা ওকথা বলিয়া ধরিয়া রাখিতে চেটা করিলেন। তখন স্বামীজী বলিলেন, "একস্থানে অনেক দিন থাকিলে মায়া-মমতা বাড়িয়া যায়। আমরা গৃহ ও আত্মীয়বন্ধু ত্যাগ করিয়াছি, সেইরূপ মায়ায় মৃশ্ব হইবার যত উপায় আছে তাহা হইতে দ্বে থাকাই আমাদের পক্ষে ভাল।" পরিশেষে হরিপদ্বাব্র আগ্রহ দেখিয়া আরও ত্ই-চারি দিন থাকিতে সন্মত হইলেন।

হরিপদবাবুর ইচ্ছা জাগিয়াছিল, স্বামীজীর জন্ম একটি বক্তৃতা-সভার আয়োজন করিবেন; কিন্তু স্বামীজীর অহুমতি না পাওয়ায় তাহা হয় নাই।

স্বামীজী একদিন হাস্তরসময় 'পিকউইক পেপার্স' হইতে অনর্গল কয়েক পৃষ্ঠা মুখস্থ বলিয়া গেলে হরিপদবার ভাবিলেন, সন্ন্যাসী হইয়াও ইনি এই দামাজিক গ্রন্থ এত কষ্ট করিয়া বার বার পড়িয়া মুখস্থ করিতে গেলেন কেন ? জিজ্ঞাসা করায় স্বামীজী বলিলেন, "তুইবার পড়িয়াছি—একবার স্কুলে পড়িবার সময়, ও আজ পাঁচ-ছয়মাস হইল আর একবার।" পুনর্বার জিজ্ঞাসিত হইয়া তিনি বুঝাইয়া দিলেন যে, একাগ্রতা ও ব্রহ্মচর্যের ফলে এইরূপ শ্বতিশক্তি সম্ভব হয়। আর একদিন মধ্যাহ্নে বিছানায় শুইয়া একথানি গ্রন্থ পড়িতে পড়িতে স্বামীজী উচ্চৈ:ম্বরে হাসিয়া উঠিলেন। হঠাৎ এইরূপ হওয়ার কারণ নির্দেশের জন্ম হরিপদবাবু ঐ কক্ষের দরজায় चानिया त्रिशित्नन, सामीकी निविष्टेमत्न পড़िट्छिह्न, चन्न द्र्वानित्क पृष्टि नारे। এই ভাবে প্রায় পনর মিনিট কাটিয়া গেলে তিনি হরিপদবাবুকে দেখিতে পাইয়া ভিতরে ডাকিলেন এবং হরিপদবারু অনেকক্ষণ দাঁড়াইয়া আছেন ভনিয়া বলিলেন, "ঘথন যে কাজ করিতে হয়, তথন তাহা একমনে, একপ্রাণে—সমন্ত ক্ষমতার সহিত করিতে হয়। গান্ধীপুরের পওহারী বাবা ধ্যানন্ধপ, পুজাপাঠ, যেমন একমনে করিতেন, তাঁহার পিতলের ঘটিট মাজাও ঠিক তেমনি একমনে করিতেন। এমন মাজিতেন যে, সোনার মতো দেখাইত।"

স্বামীজী তথন সাধারণ ব্যক্তিরই তায় হাসি-ঠাট্টা, গল্প-গুজব করিলেও উহারই মাধ্যমে বছ জটিল সমস্তার সমাধান করিতেন। সেই সঙ্গে তাঁহার দৃষ্টিও ছিল স্থতীক্ষ, প্রত্যেকের মনের অস্তত্তল পর্যন্ত দেখিতে পাইতেন। এই সময় একটি ধনীর ছেলে স্বামীজীর নিকট ঘন ঘন আসিতে থাকে এবং সাধু হইবার ইচ্ছা প্রকাশ করে। উৎস্ক হইয়া হরিপদবার জানিতে চাহিলেন, স্বামীজী ঐ ছেলেটিকে সাধু হইতে উপদেশ দিবেন কিনা। স্বামীজী কিন্তু বলিলেন, "উহার পরীক্ষা কাছে, পরীক্ষা দিবার ভয়ে সাধু হইবার ইচ্ছা। আমি উহাকে বলিয়াছি, এম. এ. পাস করিয়া সাধু হইতে আসিও। বরং এম. এ. পাস করা সহজ, কিন্তু সাধু হওয়া তদপেক্ষা কঠিন।"

হরিপদবাব্র খ্রী পূর্বেই মন্ত্রদীক্ষা লইতে চাহিলে তিনি বলিয়াছিলেন, "এমন লোককে গুরু করিও বাঁহাকে আমিও ভক্তি করিতে পারি।" এখন স্বামীজীকে নিকটে পাইয়া তিনি সহধমিণীকে জিজ্ঞাদা করিলেন, "এই দল্ল্যাদী যদি গুরু হন, তবে তুমি শিয়া হইতে প্রস্তুত আছ কি ?" তিনিও দাগ্রহে বলিলেন, "উনি কি গুরু হইবেন ? হইলে তো আমরা ক্কতার্থ হই।" স্বামীজীর নিকট এই অমুরোধ করা হইলে তিনি প্রথমে, গৃহস্তের পক্ষে গৃহস্ত গুরু হওয়াই উচিত, গুরু হওয়া বড় কঠিন, শিষ্যের সমস্ত দায়িত্ব লইতে হয়, দীক্ষার পূর্বে গুরুশিষ্যের অস্তুতঃ তিনবার মিলন হওয়া আবশ্রুক ইত্যাদি বলিয়া ঐ দম্পতীকে নিরম্ভ করিতে চাহিলেন; কিন্তু তাঁহাদের দনির্বন্ধ অমুরোধ উপেক্ষা করিতে না পারিয়া অবশেষে ২৫শে অক্টোবর তাঁহাদিগকে দীক্ষা প্রদান করিলেন। ইহার পর ২৬শে অক্টোবর তাঁহার অনিচ্ছা সত্ত্বেও হরিপদবার তাঁহার ফটো তুলাইলেন।

একদিন স্বামীজী বলিলেন, "তোমার সহিত জন্পলে তাঁবু থাটাইয়া আমার কিছুদিন থাকিবার ইচ্ছা। কিন্তু চিকাগোয় ধর্মসভা হইবে, যদি তাহাতে ঘাইবার স্থবিধা হয় তো সেথানে যাইব।" হরিপদবাবু অমনি চাদা তুলিবার প্রভাব করিলেন, কিন্তু স্বামীজী একটু ভাবিয়া অসমতি জানাইলেন।

হরিপদবাব্ তথন স্বাস্থ্যের জন্ম অনেক ঔষধপত্র ব্যবহার করিতেন। দেকথা জানিতে পারিয়া স্বামীজী একদিন বলিলেন, "্যথন দেখিবে কোন রোগ এত প্রবল হইয়াছে যে, শয্যাশায়ী করিয়াছে, আর উঠিবার শক্তি নাই, তথনই ঔষধ খাইবে, নতুবা নহে। স্বায়বিক হর্বলতা প্রভৃতি রোগের শতকরা নক্ষইটা কাল্পনিক। শতকিন বাঁচ আনন্দে কাটাও। তবে যে আনন্দে একবার সন্তাপ আসিয়াছে, তাহা আর করিও না। তোমার আমার মতো একটা মরিলে পৃথিবীও আপনার কেন্দ্র হইতে দ্রে যাইবে না, বা জগতের কোন বিষয়ের কোন ব্যাঘাত হইবে না।" ঐ সময় উপর-ওয়ালা সাহেবদের সহিত হরিপদ-

বাব্র প্রায়ই বনি-বনাও হইত না। স্বামীজীকে উহা জানাইলে তিনি ব্ঝাইয়া বলিলেন, "আপ ভালা তো জগৎ ভালা—একথা যে কতদ্র সত্য কেহই জানে না। আজ হইতে মন্দটি দেখা একেবারে ছাড়িয়া দিতে চেষ্টা কর। দেখিবে, যে পরিমাণে তৃমি উহা করিতে পারিবে, সেই পরিমাণে তাহাদের ভিতরের ভাব এবং কার্যন্ত পরিবর্ভিত হইয়াছে।" শুষধ ও লোকবাবহার এই উভয় বিষয়ক উপদেশই কার্যে পরিণত করিয়া হরিপদবাব বিশেষ উপক্লত হইয়াছিলেন। তিনি নিজে লিখিয়াছেন, "সেই দিন হইতে আমার শুষধ খাইবার বাতিক দ্র হইল এবং অপরের উপর দোষদৃষ্টি ত্যাগ করিতে চেষ্টা করায় ক্রমে জীবনের একটা নৃতন প্রা খুলিয়া গেল।"

"আর একদিনের কথা—কলিকাতায় একটা লোক অনাহারে মারা গিয়াছে, থবরের কাগজে এই কথা পড়িয়া স্বামীজী এত হু:খিত হইয়াছিলেন যে, তাহা বলিবার নহে। বার বার বলিতে লাগিলেন, এইবার বা দেশটা উৎসন্ধ যায়! কেন-জিজ্ঞাসা করায় বলিলেন: "দেখিতেছ না, অন্তান্ত দেশে কত 'দরিন্ত নিবাস', 'সাহাষ্য তহবিল' প্রভৃতি সত্ত্বেও শত শত লোক প্রতিবৎসর অনাহারে মরে, থবরের কাগজে দেখিতে পাওয়া যায়। আমাদের দেশে কিন্তু এক মৃষ্টি-ভিক্ষার পদ্ধতি থাকায় অনাহারে লোক মরিতে কথন শোনা যায় নাই। আমি এই প্রথম কাগজে এ কথা পড়িলাম যে, ছুর্ভিক্ষ ভিন্ন অন্ত সময়ে কলিকাতায় অনাহারে লোক মরে।" হরিপদবাবু পাশ্চান্ত্যের অন্তকরণে ভারতেও ভিক্ষা দেওয়ার প্রথা বন্ধ করার সপক্ষে মত প্রকাশ করিলে স্বামীজী **অতি উদার দৃষ্টি লইয়া বলিয়াছিলেন, "দেবে তো তুই-একটি পয়সা; সে জন্ম সে** কিনে খরচ করিবে, সদ্বায় হইবে কি অপব্যয় হইবে, এই সব লইয়া এত মাথা ঘামাইবার দরকার কি ? আর সত্যই যদি সেই পয়সা গাঁজা থাইয়া উড়ায়, তাহা হইলেও তাহাকে দেওয়ায় সমাজের লাভ বই লোকসান নাই। কেন না, তোমার মতো লোকেরা তাহাকে দয়া করিয়া কিছু কিছু না দিলে সে উহা তোমাদের নিকট হইতে চুরি করিয়া লইবে।"

বন্ধত: স্বামীজীর জীবনে এই যে একটি বিশেষত্ব দেখিতে পাওয়া যায়—তিনি কথনও পাশ্চান্ত্যের মোহে মুগ্ধ হইয়া স্থদেশের প্রথামাত্রকে নিন্দা করিতে প্রবৃত্ত হন নাই, পরস্ক প্রত্যেক আচার-বিচারেরই উদ্দেশ্য ও ভাল-মন্দ সবটা দেখিয়া তবে সিদ্ধান্তে উপনীত হইতেন—এইগুণটি এই কালমধ্যে সম্পূর্ণ প্রকটিত হইয়াছিল বলিয়া মনে হয়। তবে স্বদেশের এবং স্বজাতির গুণগ্রাহী এবং অষ্ণা নিন্দাবাদে পরাব্যুপ হইলেও তিনি বাল্যবিবাহের বিরুদ্ধে অতি স্বস্পষ্ট মত পোষণ করিতেন এবং বেলগাঁওয়েও উহা প্রকাশ করিয়াছিলেন। হরিপদবারু লিখিয়াছেন, "প্রথম হইতেই স্বামীন্সীকে বাল্যবিবাহের উপর ভারী চটা দেখিয়াছি। সর্বদাই সকল লোককে, বিশেষতঃ বালকদের সাহস বাঁধিয়া সমাজের এই কলঙ্কের বিপক্ষে দাঁডাইতে এবং উত্যোগী হইতে উপদেশ দিতেন। স্বদেশের প্রতি এরুপ অমুরাগও কোন মামুষের দেখি নাই। পাশ্চান্তা দেশ হইতে ফিরিবার পর যাঁহারা স্বামীজীর প্রথম দর্শন পাইয়াছেন, তাঁহারা জানেন না, দেখানে ঘাইবার পূর্বে তিনি সন্মাসাশ্রমের কঠোর নিয়মাদি পালন করিয়া, কাঞ্চনমাত্র স্পর্শ না করিয়া কতকাল ভারতবর্ষের সমস্ত প্রদেশে ভ্রমণ করিয়া বেডাইতেন। তাঁহার মতো শক্তিমান পুরুষের এত বাঁধাবাঁধি নিয়মাদির আবশুক নাই – কোন লোক একবার এই কথা বলায়, তিনি বলেন, 'দেখ, মন বেটা বড় পাগল—ঘোর মাতাল' हुल करत कथनरे थारक ना, अकहे ममग्र लिलारे जालनात लर्थ टिंग्न निर्म यारव। সেই জন্মই সকলের বাঁধাবাঁধি নিয়মের ভিতরে থাকা আবশ্রক। সন্ন্যাসীরও সেই মনের উপর দখল রাথিবার জন্ম নিয়মে চলিতে হয়। ... মনকে বিশ্বাস করিয়া কথনও নিশ্চিন্ত থাকিও না।"

স্বামীজীর সহিত ইতিপূর্বে বহু দেশীয় রাজা-মহারাজের আলাপ হইয়াছিল। কেহ কেহ বা দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। সন্ন্যাসী কেন এত রাজা-রাজ্ঞার সহিত মেলা-মেশা করিবেন, এই বিষয়ে একদিন স্বামীজীকে জিজ্ঞাসা করিলে তিনি বলিয়াছিলেন, 'গরীব প্রজার ইচ্ছা থাকিলেও সংকার্য করিবার ক্ষমতা কোথায়? কিন্তু রাজার হাতে সহস্র সহস্র প্রজার মঙ্গলবিধানের ক্ষমতা পূর্ব হইতেই রহিয়াছে, কেবল উহা করিবার ইচ্ছা নাই। সেই ইচ্ছা যদি কোন রূপে তাঁহার ভিতর একবার জাগাইয়া দিতে পারি, তাহা হইলে তাহার সঙ্গে শঙ্গেলার অধীন সকল প্রজার অবস্থা ফিরিয়া যাইবে এবং জগতের কত বেশী কল্যাণ হইবে!' অর্থাৎ তিনি সন্ম্যাসী; কোন স্বার্থসিদ্ধির জন্ম ধনী ও শক্তিন্যানের সহিত আত্মীয়তাস্থাপন তাঁহার দিক হইতে সম্পূর্ণ নির্বর্থক হইলেও দরিত্বের জন্ম তাঁহার প্রাণ কাঁদিত এবং তাহাদের কল্যাণের জন্ম তিনি শাসক-সম্প্রদায়ের চিত্তে প্রজারঞ্জনের বীজ উপ্ত করিতে চাহিয়াছিলেন। আমরা পরে দেখিব, অভিক্রতার ফলে স্বামীজী এই পথ ছাড়িয়া জনশিকা ও গণজাগরণের

পথকেই অধিকতর ফলপ্রাদ বলিয়া স্বীকার করিয়াছিলেন, আর ভারতীয় প্রথিত-নামা নেতাদের মধ্যে তিনিই ইহার প্রয়োজন এবং অবশ্রম্ভাবিতা ওজম্বিনী ভাষায় সর্বপ্রথম বিঘোষিত করিয়াছিলেন।

স্বদেশের কল্যাণসাধন তাঁহার জীবনের অন্ততম ব্রত ছিল। কিন্তু তথনকার मित्र महााम ७ ऋत्मारश्चरात्र याथा मामक्षण थूँ किया भा छत्। वर्ष महक हिल ना। ষতএব স্বামীন্দীর ভাবধারা অকমাৎ গ্রহণ করিতে অনেকেরই বাধা ঠেকিড এবং অপরোক্ষভাবে তাঁহারা ঐ চিস্তাধারার সমালোচনায়ও অগ্রসর হইতেন। হরিপদবাব লিখিয়াছেন, "স্বামীন্দীর স্বদেশাসুরাগ অত্যন্ত প্রবল ছিল, একথা পূর্বেই বলিয়াছি। একদিন ঐ সম্বন্ধে কথা উপস্থিত হইলে তাঁহাকে বলা হয় যে, সংসারী লোকের আপনাপন দেশের প্রতি অমুরাগ নিত্যকর্তব্য হইলেও সন্ন্যাসীর পক্ষে নিজের দেশের মায়া ত্যাগ করা এবং সকল দেশের উপর সম-पृष्टि व्यवनम्बन कतिया नकन *प्रता*नत कन्यानिष्ठा श्वनाय त्राथा ভान। ये कथात উত্তরে স্বামীন্দ্রী যে জ্ঞলম্ভ কথাগুলি বলেন, তাহা কথনও ভূলিতে পারিব না। তিনি বলিলেন, 'যে আপনার মাকে ভাত দেয় না, সে অন্তের মাকে আবার কি পুষবে ?' আমাদের প্রচলিত ধর্মে, আচার-ব্যবহারে, সামাজিক প্রথায় যে অনেক দোষ আছে, স্বামীজী এ কথা স্বীকার করিতেন, বলিতেন, 'সে-সকল সংশোধন করিবার চেষ্টা করা আমাদের সর্বতোভাবে কর্তব্য; কিন্তু তাই বলিয়া সংবাদ-পত্তে हेरत्र एक कारह मि-नकन घारणा कतिवात चारणक कि? घरत्र भनन বাহিরে যে দেখায়, তাহার মতো গর্দভ আর কে আছে ?' খ্রীষ্টান মিশনারীগণের সম্বন্ধে একদিন কথাবার্তা হয়। তাঁহারা আমাদের দেশে কত উপকার করিয়াছেন ও করিতেছেন, প্রদক্ষক্রমে আমি এই কথা বলি। ভ্রনিয়া তিনি বলিলেন, 'কিছ অপকারও বড় কম করে নাই। দেশের লোকের মনের প্রদাটি একেবারে গোল্লায় দিবার বিলক্ষণ যোগাড় করিয়াছেন। প্রদানাশের সঙ্গে সঙ্গে মহয়ত্বরও নাশ হয়, এ কথা কেহ কি বোঝে' ?"

হরিপদবাবু নিজে নিজে ভগবদগীতা পড়িতেন; কিন্তু উহার মর্ম গ্রহণ করিতে পারিতেন না। অতএব উহা পাঠের কোন সার্থকতা নাই মনে করিয়া তিনি পাঠ বন্ধ করিয়া দিলেন। কিন্তু স্বামীজী যথন গ্রন্থানি হইতে অংশবিশেষ পাঠ করিয়া ব্যাখ্যা করিতে লাগিলেন, তথন তিনি বুঝিতে পারিলেন, গীতা কি স্পূর্ব গ্রন্থ; তিনি উহার নিজন্থ মূল্য এবং প্রতি ব্যক্তির জীবনের সহিত উহার

ঘনিষ্ঠ সম্বন্ধ উপলব্ধি করিয়া উহার পুনরধায়নে মনোনিবেশ করিলেন এবং খুবই উপকৃত হইলেন। কিন্তু স্বামীদ্ধী তাঁহাকে শুধু গীতার গান্তীর্য আম্বাদন করাইয়াই তৃপ্ত হন নাই, তিনি টমাস কার্লাইল-এর গ্রন্থাবলী এবং কুল্স ভার্নের উপক্যাসরাজ্বির সাহিত্যিক সৌন্দর্য ও চিস্তার বিস্তারের প্রতিও তাঁহার চিত্তকে আকৃষ্ট করিয়াছিলেন।

হরিপদবাবুর গৃহে দেখিতে দেখিতে আট দিন কাটিয়া গেল। নবম দিনে (২৭শে অক্টোবর) স্বামীজী বলিলেন, "আর থাকিব না; রামেশ্বরে ষাইব মনে করিয়া অনেক দিন হইল এই দিকে চলিতেছি। যদি এইভাবে অগ্রসর হই. তাহা হইলে এ জনমে আর রামেশ্বর পৌছানো হইবে না।" হরিপদবাবু অবশ্ব দেরি করিতে অন্থরোধ করিলেন, কিন্তু সফলকাম হইলেন না। স্বামীজী মেলট্রেনে মার্মাগোয়া যাত্রা করিবেন স্থির হইল, এবং হরিপদবাবু টিকেট কিনিয়া তাঁহাকে গাড়ীতে বসাইয়া দিলেন। অতঃপর সাইয়ে প্রণাম করিয়া বলিলেন, "স্বামীজী, জীবনে আজ পর্যন্ত কাহাকেও আন্তরিক ভক্তির সহিত প্রণাম করি নাই; আজ আপনাকে প্রণাম করিয়া রুতার্থ হইলাম।"

পতুর্গীক্ত অধিক্বত গোয়ায় স্বামীক্তা কোন কোন স্থানে গিয়াছিলেন এবং কি কি দেখিয়াছিলেন, তাহা জানা নাই; তবে দ্রষ্টব্য সবই দেখিয়াছিলেন বলিয়া মনে হয়। মাডগাঁও হইতে হরিপদবাবৃকে লিখিত একথানি পত্তে আছে, "আপনার এক পত্র এই মাত্র পাইলাম। আমি এ স্থানে নিরাপদে পৌছি এবং তদনস্তর পঞ্জেম প্রভৃতি কয়েকটি গ্রাম ও দেবালয় দর্শন করিতে বাই। অন্থ ফিরিয়া আসিয়াছি। গোকর্ণ, মহাবালেশর প্রভৃতি দর্শন করিবার ইচ্ছা এক্ষণে পরিত্যাগ করিলাম। কল্য প্রাতঃকালের ট্রেনে ধারবাড় যাত্রা করিব।… এথানকার খৃষ্টানরা অনেকেই কিছু কিছু লেখাপড়া জানে; হিন্দুরা প্রায় সকলেই মূর্থ", ('বাণী ও রচনা', পৃঃ ৬।৩১৩)।

দক্ষিণ ভারতে

ভারতের পশ্চিম-সমুদ্রতীরবর্তী গোয়া অঞ্চল পরিভ্রমণাস্তে স্বামীক্ষী ক্রমে মহীশূরের অন্তর্বর্তী ব্যাঙ্গালোরে উপনীত হইলেন। প্রথম কিছুদিন তিনি এখানে অজ্ঞাতরূপেই কাটাইলেন, কিন্তু অগ্নি যেমন চিরকাল ভম্মাচ্ছাদিত থাকে না, ইন্ধন পাইলেই পূর্ণশক্তিতে জলিয়া উঠে, স্বামীজীর প্রতিভাও তেমনি কোথাও দীর্ঘকাল লোকচক্ষুর অন্তরালে থাকিতে পারিত না, সর্বসাধারণের সহিত আলাপ-পরিচয় জমিয়া উঠার সঙ্গে সঙ্গে উহা স্ব-মহিমায় প্রকটিত হইত। ষ্মতএব ভারতের স্মাত্র যেরূপ দেখা গিয়াছিল, ব্যাঙ্গালোরেও সেইরূপই\ হইল ; শীঘ্রই তাঁহার খ্যাতি প্রচারিত হইয়া রাজ্যের দেওয়ান শ্রীযুক্ত কে. শেষাদ্রি আয়ার মহাশয়ের কর্ণগোচর হইল। যথাসময়ে স্বামীজীর সহিত দাক্ষাৎকারের ক্ষেক মিনিটের মধ্যেই লব্ধকীর্তি আয়ার মহোদ্যের চিত্তে এই অজ্ঞাতপরিচয় সন্ন্যাসীর অত্যুজ্জন ভবিশ্বতের চিত্র ভাসিয়া উঠিল, আর তিনি ভাবিলেন, "এ সন্ন্যাসীর মধ্যে এমন এক অতীব চিত্তাকর্ষক ব্যক্তিত্ব আছে, যাহা স্বদেশের ইতিহাসের পূষ্ঠায় চিহ্ন রাখিয়া যাইবে।" আয়ার মহাশন্ন তাঁহাকে সাদরে অতিথিরূপে গ্রহণ করিলেন এবং স্বামীজী সে-গৃহে তিন-চারি সপ্তাহ অতিবাহিত করিলেন। এই স্থত্তে মহীশূর রাজ্যের বহু গণ্যমান্ত ব্যক্তি এবং রাজদরবারের বছ উচ্চপদস্থ কর্মচারীর সহিত তাঁহার পরিচয় হইল। তিনি যেথানেই ঘাইতেন সেখানেই ধর্মনির্বিশেষে হিন্দু অহিন্দু সকলের গৃহে সাগ্রহে অভ্যথিত হইতেন। তাঁহার ধর্মামুভতি ও সরল ধর্ম-ব্যাখ্যা প্রবণে আয়ার মহোদয় একদিন সবিস্ময়ে বলিয়াছিলেন, "আমরা অনেকেই ধর্ম সম্বন্ধে অনেক কিছু পড়িয়াছি, কিন্তু তাহাতে উপকৃত হইয়াছি কতটুকু? আমাদের সম্মুথে এই যে একজন যুবক উপস্থিত আছেন, তাঁহার অন্তর্গৃষ্টি আমার এ-যাবং পরিচিত সকল ব্যক্তির অপেক্ষা অধিক: এ তো এক অতি আশ্চর্য ব্যাপার! তিনি নিশ্চয়ই ধর্ম-সাক্ষাৎকার লইয়াই জগতে অবতীর্ণ হইয়াছেন, নতুবা আমাদের দৃষ্টিতে এরূপ অপ্রিণতপ্রায় বয়সেই কোথা হইতে তাঁহার এতাদৃশ জ্ঞানরাশির ও चन्न हिंद चाविकार इहेन ?" मही मृत-महात्राक श्वरका এই चाहार्यक शाहरन প্রীত ও উপকৃত হইবেন, এই মনে করিয়া স্থার শেষাদ্রি স্বায়ার তাঁহাকে

মহীশ্রে লইয়া পিয়া মহারাজের দহিত পরিচয় করাইয়া দিতে চাহিলেন। তরুণ দয়াদীর পরিধানে ভিক্কোচিত গেরুয়া বদন থাকিলেও তাঁহার আরুতি ও চলনভঙ্গীতে এমন একটা রাজোচিত গান্ধীর্য ও আত্মপ্রতায়ের ভাব স্থান্ধিত এমন এক দারলা ও প্রতিভার জ্যোতি বিরাজিত ছিল য়ে, তিনি দেওয়ানজীর পরামর্শে রাজদর্শন জন্ম মহারাজ শ্রীচামরাজেল্র উদীয়ারের দভাগৃহে প্রবেশ করিবামাত্র মহারাজের মন আনন্দে ভরিয়া উঠিল। আবার "য়ামীজীর চিন্তারাশির তাদৃশ অভিনবত্ব, ব্যক্তিত্বের তাদৃশ অপুর্ব আকর্ষণ, বিভার তাদৃশ বিপুলতা এবং ধর্মবিষয়ে তাদৃশ ফ্ল অন্তর্দৃষ্টি" মহারাজের চিত্ত জয় করিল। য়ামীজী তথন হইতে রাজকীয় অতিথির মর্যাদা পাইলেন। মহারাজের সহিত অতঃপর তাহার প্রায়ই সাক্ষাৎ হইত এবং দীর্ঘ আলোচনা চলিত। মহারাজ বছ বিষয়েই তাহার মতামত জিজ্ঞাদা করিতেন।

একদিন সভাসদগণেরই সম্মথে মহারাজ জিজ্ঞাসা করিলেন, "স্বামীজী, আমার সভাসদগণকে আপনার কিরূপ মনে হয় ?" নিভীক স্বামীজা স্পইভাষায় উত্তর দিলেন, "আমার মনে হয়, মহারাজ, আপনার হৃদয়টি অতি স্থন্দর, কিন্তু তু:থের কথা এই যে, আপনি সভাসদ-পরিবৃত হয়ে থাকেন; আর সভাসদদের প্রকৃতি সর্বত্রই সমান।" মহারাজ আপত্তি করিয়া বলিলেন, "না না, স্বামীজাঁ, আমার দেওয়ান অন্ততঃ তেমন প্রকৃতির লোক নন।" স্বামীদ্বী তবু বলিলেন, "কিন্ত মহারাজ, দেওয়ানের কাজই হইল রাজার ধন সরিয়ে নিয়ে ইংরেজ সরকারের প্রতিনিধিকে (এজেন্টকে) দেওয়।" মহারাজ কথার ধারা পালটাইয়। দিলেন ও কিছুকাল পরে স্বামীজীকে স্বীয় গোপনকক্ষে আহ্বান করিয়া বলিলেন, "দেখুন স্বামীন্ধী, অত্যধিক স্পষ্টবাদিতা অনেক ক্ষেত্রেই তেমন নিরাপদ নয়। আপনি আমার সভাসদদের সন্মুখে যেভাবে কথা বলছিলেন, এমনিভাবে ভবিষ্যতেও বলতে থাকলে, আমার ভয় হয়, কে কথন আপনার উপর বিষ-প্রয়োগ করে বদে।" স্বামীন্সী ঝটিতি বলিয়া উঠিলেন, "কি বলছেন আপনি? আপনি কি মনে করেন, ঠিক ঠিক যে সন্ন্যাসী দে সত্য বলতে ভয় পায় ? তাতে कीरानद ज्य थाकरल कि वाय जारम ना। এই धक्न महादाक, काम यनि আপনার ছেলে আমাকে জিজ্ঞাসা করে, 'স্বামীঙ্গী, আপনি আমার বাবার সম্বন্ধে কি মনে করেন ?' আমাকে কি তথন আপনার উপর এমন সব গুণাবলী খারোপ করতে হবে, যা আমি ঠিক জানি, আপনার কোন কালে নাই?

আমাকে কি মিথ্যার আশ্রয় নিতে হবে ? কখনও না।" এইরপ স্পট্টবক্তা হইলেও কিন্তু স্বামীজী মহীশ্র-মহারাজের অসাক্ষাতে তাহার সম্বন্ধে কত প্রেম ও শ্রন্ধাপুর্ণ ভাষাই না প্রয়োগ করিতেন ! স্বামীজীর রীতিই এই ছিল যে, কাহারও দোষ দেখিলে, তাহার সম্মুথেই সেজতা ভংসনা করিতেন, কিন্তু অসাক্ষাতে তাহার প্রশংসায় শতম্থ হইতেন, দোষের কথা তথন তাঁহার মনেই উদিত হইত না।

মহীশ্র রাজ্যের রাজসভায় একদিন অব্রিয়া-দেশীয় একজন প্রসিদ্ধ সঙ্গীত-বিশারদের সহিত স্বামীজীর সাক্ষাৎ হয় এবং তাঁহার সহিত ইউরোপীয় সঙ্গীত বিষয়ে এইরূপ পাণ্ডিত্যপূর্ণ আলোচনা হয় যে, ঐ সম্বন্ধে স্বামীজীর গভীর জ্ঞানের পরিচয় পাইয়া সকলে আশ্চর্যান্বিত হন। আর একদিন রাজপ্রাসাদে বিতাৎ-শক্তিপ্রবাহের ব্যবস্থাকার্যে নিযুক্ত একজন বিতাৎশিল্পীর সহিত ঘটনাবশে সাক্ষাৎ হইলে আলোচনাপ্রসঙ্গে বিতাতের কথা উঠিল। তথন দেখা গেল, স্বামীজী যেন ঐ বিতায়ও পারক্ষম। মহীশূরে অবস্থানেরই এককালে স্বামীজীর উদার সার্বভৌমিক ধর্মভাব ও ধর্মায়ভ্তির গভীরতা লক্ষ্য করিয়া শ্রীযুক্ত আন্দূল রহমান সাহেব নামক রাজসভার জনৈক সভাসদ কোরানের কয়েকটি কথা স্বামীজীর সন্মুথে উপস্থিত করিয়া উহাদের সম্বন্ধে তাঁহার মত জানিতে এবং স্বীয় সংশ্বের নিরসন করিতে অগ্রসর হইলেন। স্বামীজী পূর্বেই কোরানের সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত ছিলেন; অতএব ঐ ভদ্রলোকের সমস্থার এমন স্বন্ধর সমাধান করিয়া দিলেন যে, তিনি আপনাকে ক্বতার্থ বোধ করিলেন।

ঐ সময়ে রাজপ্রাসাদে পণ্ডিতবর্গের এক মহতী সভা আহুত হয়, এবং স্বামীজীও নিমন্ত্রিত হইয়া তথায় উপস্থিত হন। প্রধান অমাত্য উহাতে সভাপতির আসন গ্রহণ করেন ও বিচার্য বিষয় হয় বেদাস্ত। পণ্ডিত মহাশয়গণের বক্তব্য শেষ হইলে সভাপতি মহাশয় স্বামীজীকে কিছু বলিতে অহুরোধ করিলেন। তদমুসারে স্বামীজী দণ্ডায়মান হইয়া স্থললিত সংস্কৃত ভাষায় কথনও সংক্ষেপে এবং কথনও বিত্তারিতভাবে স্বীয় বক্তব্য বলিয়া য়াইতে লাগিলেন। গ্রন্থাদির সাহায়্য তিনি লইলেন না, কিছু তাঁহার সহায় ছিল বাগিতা, ভূয়োদর্শন, সারল্য, স্বামুভ্ব ইত্যাদি এবং তিনি বেদাস্তকে শুধু পণ্ডিতদিগের চিস্তারাজ্যের ব্যসনরূপে গ্রহণ না করিয়া মানবজীবনে উহার কার্যকারিতার প্রতি দৃষ্টি আকর্ষণ করিলেন। বেদাস্কৃত্যবিলম্বন কেমন করিয়া ধর্মরাজ্যে শাস্তি ও সাময়শ্য স্থাপিত হইতে

পারে তাহাও বলিতে ভ্লিলেন না। সভাস্থ সকলে তাঁহার চিন্তার মৌলিকতা ও দৃষ্টির প্রসার দেখিয়া চমৎক্ষত হইলেন এবং অজম্র সাধুবাদ বর্বণ করিলেন।

স্বামীব্দীর প্রতি অতিমাত্র সম্ভষ্ট হইয়া প্রধান অমাত্য একদিন তাঁহাকে কোন একটি উপহার গ্রহণ করিতে অমুরোধ জানাইলেন, এবং একজন দেকেটারীকে ডাকিয়া বলিয়া দিলেন, তিনি যেন স্বামীজীকে লইয়া বাজারের দর্বোৎকৃষ্ট দোকানে ধান ও স্বামীজী ধাহা চাহেন তাহাই কিনিয়া দেন। অমাত্যের মানরক্ষার জন্ম স্বামীজী ঐ সেক্রেটারীর সহিত চলিলেন এবং সেক্রেটারী সঙ্গে একথানি চেক বই লইলেন যাহাতে দ্রবামূল্য হিসাবে যে কোনও পরিমাণ অর্থ অনায়াসে দেওয়া চলিতে পারে। শিশুস্থভাব স্বামীজী সানন্দে এদিক-সেদিক দেখিয়া বেডাইলেন. বহু উত্তম উত্তম দ্রব্যের প্রশংসাও করিলেন; কিছু কিছুই লইলেন না। অবশেষে ক্লান্তপ্রায় হইর্মা বিদায়কালে দেকেটারীকে বলিলেন, "বন্ধু, যদি আমার পছনদমত কোন জিনিস লইলেই দেওয়ানজী তৃষ্ট হন, তবে এক কাজ করুন, এখানকার সর্বোৎকৃষ্ট চুরুট আমায় কিনে এনে দিন।" সেক্রেটারী তো অবাক ! কিন্তু তিনি আজ্ঞা পালন করিলেন ও স্বামীজী নির্বিকারচিত্তে বাহিরে আসিয়া প্রায় বার আনা মূল্যের ঐ একটি দিগার জালাইয়া মুখে দিলেন এবং উহা টানিতে টানিতে গাড়ীতে চড়িয়া রাজবাটীতে উপস্থিত হইলেন—যেন এমন অমূল্য সম্পদ আর কাহারও ভাগ্যে জোটে না। দেওয়ানন্ধী সব ভনিয়া প্রথমে হাসিয়া উঠিলেন এবং পরে নিঃম্পৃহ সাধুর বৈরাগ্য দেখিয়া চমৎকৃত হইলেন।

একদিন মহারাজ তাঁহাকে সকক্ষে আহ্বান করিলেন এবং দেওয়ানজীও সঙ্গে চলিলেন। মহারাজ প্রশ্ন করিলেন, "স্বামীজী, আমি আপনার জন্ত কি করতে পারি ?" স্বামীজী সাক্ষাংভাবে কোন উত্তর না দিয়া জলন্ত ভাষায় সীয় জীবনের উদ্দেশ্যের কথা বলিতে লাগিলেন। তিনি ভারতের তংকালীন অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া কহিলেন, যদিও ভারতের বিশেষত্ব বলিতে দর্শন ও ধর্মকেই ব্যায়, তথাপি যুগপ্রয়োজনে তাহাকে পাশ্চান্তা-বিজ্ঞান-অর্জনে ও সামৃহিক সমাজ-সংস্থারে আশু তংপর হইতে হইবে। ভারতকে আজ ইহার বিনিময়ে নিজ বিশেষ সম্পত্তিটি বিশ্বমানবের কল্যাণে বন্টন করিয়া দিতে হইবে এবং উপযুক্ত স্থ্যোগ পাইলে তিনি স্বয়ং আমেরিকায় যাইয়া বেদান্তপ্রচার করিতে পারেন। মহারাজ তথনই জানাইলেন যে, তিনি সম্চিত সাহায্য করিতে প্রস্তৃত। কিন্তু কি একটা ভাবিয়া স্বামীজী তথনই অর্থগ্রহণে সম্মত হইলেন

না। হয়তো তিনি তাঁহার সম্প্লাস্থায়ী রামেশ্রদর্শনের পূর্বে কোন পাকা কথা দিতে প্রস্তুত ছিলেন না, অথবা তিনি সমগ্র হিন্দুসমাজের প্রতিনিধিত্ব করিবার আশা পোষণ করিতেন বলিয়া ব্যক্তিবিশেষের উপর একাস্ত নির্ভর করিতে চাহেন নাই।

স্বামীন্দ্রী যত অধিক দিন মহীশুরে অবস্থান করিতে লাগিলেন, মহারাজ ততই তাঁহার প্রতি আরুষ্ট হইতে থাকিলেন। অতঃপর যেদিন স্বামীন্দ্রী বিদায় চাহিলেন, দেদিন তিনি সত্য সত্যই অতীব তঃথিত হইয়া তাঁহাকে আরও কিছুদিন থাকিতে অমুরোধ করিলেন। তিনি আরও বলিলেন, "স্বামীন্দ্রী, আপনার ব্যক্তিত্বের শ্বতিচিহ্নরূপে আমার কাছে একটা কিছু থাকা আবশ্রক। অতএব আপনার অমুমতি হলে ফনোগ্রামে আপনার কিছু কথা ধরে বাখতে চাই।" ইহাতে স্বামীন্দ্রী সমত হইলেন এবং সেদিন স্বামীন্দ্রীর কণ্ঠস্বরের যে রেকর্ড প্রস্তুত্ত হইয়াছিল তাহা বর্তমানে সম্পূর্ণ অম্পষ্ট হইয়া গেলেও আজও রাজপ্রাসাদে স্বত্বে রক্ষিত আছে। সত্য কথা বলিতে কি, স্বামীন্দ্রীর প্রতি মহারাজ্বের শ্রদ্ধা এতই বর্ধিত হইয়াছিল যে, এককালে তিনি গুরুজ্ঞানে স্বামীন্দ্রীর পাদপুদ্ধা করিতে উন্থত হইয়াছিলেন; কিন্তু স্বামীন্দ্রী তাঁহাকে এইরূপ করিতে দেন নাই।

আরও দিন কয়েক পরেই স্বামীজী বলিলেন, তিনি আর কিছুতেই থাকিবেন
না। মহারাজ তথন তাহাকে কিছু ম্ল্যবান উপহার দিতে চাহিলেন; কিন্তু
সন্ম্যাসীর পক্ষে তেমন জিনিস গ্রহণীয় নহে বলিয়া স্বামীজী অস্বীকার করিলেন!
মহারাজ তথাপি সনির্বন্ধ অন্তরোধ করিতে থাকিলে তিনি অবশেষে বলিলেন,
"আচ্ছা মহারাজ, আমাকে যদি একান্তই একটা কিছু নিতে হয়, তবে ধাতৃ-সম্পর্কহীন একটি হঁকা দিন। ওটা আমার কিছু কাজে লাগবে।" মহারাজ তথন
কাক্ষকার্যথচিত রোজ-উড্ নির্মিত একটি মনোহর হুঁকা প্রদান করিলেন।
স্বামীজীর বিদায়কালে মহারাজ তাঁহার পাদম্পর্শ করিয়া প্রণাম করিলেন।
এদিকে দেওয়ানজী গোপনে তাঁহার পকেটে একতাড়া টাকার নোট গুঁজিয়া
দিতে বারংবার প্রয়াস পাইলেন। স্বামীজী উহা কিছুতেই গ্রহণ করিলেন না;
তবে বলিলেন, "দেখ্ন, যদি আমার জন্ম সত্যি কিছু করতে চান তো ত্তিচুর পর্বন্ধ

আমার জন্ম একখানি রেল-টিকিট কিনে দিন। আমি যাছিছ অবশ্য রামেশর; কিন্তু পথে ছ-চার দিনের জন্ম কোচিন-রাজ্যে থামব।" প্রধান অমাত্য যথন ব্রিলেন যে, স্বামীজী বেশী কিছু করিতে দিবেন না, তথন অগত্যা একখানি দিতীয় শ্রেণীর টিকেট কিনিয়া তাঁহার হস্তে দিলেন এবং কোচিন রাজ্যের অস্বামী দেওয়ান শ্রীযুক্ত শক্ষরিয়ার নামে একথানি পরিচয়পত্রও দিলেন। ত্রিচ্রে অল্প কিছুদিন কাটাইয়া স্বামীজী মালাবারের মধ্য দিয়া ত্রিবাঙ্ক্র-রাজ্যাতিম্থে অগ্রসর হইলেন। মালাবার ও ত্রিবাঙ্ক্ররের প্রাক্তিক সৌন্দর্যে তিনি মৃধ্ব হইলেন। সমুদ্রক্লে অবস্থিত ত্রিবাঙ্ক্র রাজ্যের নদী-পর্বত-শোভিত ও শ্রামল বৃক্ষলতা-গুলাদি-সমাচ্ছাদিত ভূ-ভাগ বড়ই মনোরম; এবং ইহারই মধ্যে মধ্যে অবস্থিত শস্তক্ত্রে ও চিত্রসদৃশ গ্রামগুলি বড়ই নয়নাভিরাম। ক্রমে তিনি রাজ্যের রাজধানী ত্রিবান্ত্রমে উপস্থিত হইলেন।

ত্রিবাস্ত্রমে তিনি অধ্যাপক শ্রীযুক্ত স্থলবরাম আয়ারের গৃহে অতিথি হইলেন।
ইনি তথন ত্রিবাঙ্কর-মহারাজের ভাগিনেয় ও রাজ্যের প্রথম (বা সর্বজ্যেষ্ঠ)
রাজকুমার শ্রীযুক্ত মার্ডণ্ড বর্মার গৃহশিক্ষক ছিলেন। রাজকুমার তথন আয়ার
মহোদয়ের শিক্ষাধীনে বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এম. এ. পরীক্ষার জ্বল্য
প্রস্তুত হইতেছিলেন। ত্রিবাঙ্ক্রের 'মহারাজ মহাবিভালয়ে' তথন মাল্রাজের
থ্যাতনামা পণ্ডিত শ্রীযুক্ত রঙ্গাচারিয়ার রসায়নবিভার অধ্যাপক ছিলেন। তিনি
স্বামীজীর সহিত সাক্ষাৎ করিলেন। ত্রিবাঙ্ক্রের শ্রীযুক্ত এস. কে. নায়ার এই
উভয় বিদ্বানের সহিত স্বামীজীর মিলনের চিত্রটি এইরূপে অঙ্কিত করিয়াছেন,
"এই ভক্রমহোদয়য়য় নিজেরা সংস্কৃত এবং ইংরেজীতে কুত্রবিছ হইলেও স্বামীজার
সহিত সর্বদা আলাপ করিতে বিশেষ প্রীতি অন্থভব করিতেন এবং উপকৃতও
হইতেন। বস্তুতঃ যে কেহ তাঁহার সহিত ঘনিষ্ঠ পরিচিত হইলেই তাঁহার
তেজ্যেময় ব্যক্তিক্রে মুগ্ধ এবং তাঁহার প্রতি আরুষ্ট না হইয়া থাকিতে পারিতেন
না। তাঁহার এই অত্যাশ্র্ম ক্ষমতা ছিল যে, তিনি একই কালে একই সঙ্গে বহ
ব্যক্তির বহু প্রশ্নের উত্তর দিতে পারিতেন। হয়তো কথা উঠিল স্পেলারের

২। ইংরেজী জীবনীর মতে ইনি ছিলেন ফাষ্ট প্রিন্স.। ত্রিবাস্কুরে তথন সম্পত্তির অধিকারী ইইতেন ভাগিনের, আতুম্পুত্রের কোন দাবি ছিল না। স্তরাং বালনা জীবনীতে আতুম্পুত্রের উল্লেখ থাকিলেও আমরা ভাগিনের ধরিয়া লইলাম।

দর্শন, কালিদাস কিংবা শেক্স্পিয়ারের কোন ভাব, ভারউইনের মতবাদ, ইছদিদিগের ইতিবৃত্ত, আর্যসভ্যতার বিকাশ, বেদরাশি, মুসলমান ধর্ম অথবা খৃষ্টীয় ধর্ম সম্বন্ধ—স্বামীজীর নিকট সর্ব বিষয়েই সম্চিত উত্তর প্রস্তুত থাকিত। তাঁহার আরুতিতে গান্তীর্য ও সারল্যের রেথা স্কম্পষ্ট অন্ধিত ছিল। তাঁহার হৃদয় ছিল পবিত্র, জীবন নিম্পাপ ও স্ক্র্যংযত, মন সর্বদা উন্মৃক্ত, চিত্ত সর্ববিষয়ে অসন্ধীর্ণ, দৃষ্টি উদার এবং সহাত্বভূতি সার্বভৌমিক।" ত্রিবাঙ্ক্রে অবস্থানের স্থযোগে ব্যক্তিগত আলাপকালে তিনি সর্বভারতীয় দৃষ্টি অবলম্বনেই কথা বলিতেন এবং বিশাল ভারতের সর্বক্ষেত্রে সমাক্ত-সংস্কার ও গণ-অভ্যুদয়ের প্রয়োজন দেখাইতেন।

ত্তিবান্ত্রমে স্বগৃহে স্বামীন্দ্রীর নবরাত্তি যাপনের কথা শ্রীযুক্তস্থলররাম আয়ার এইভাবে বর্ণনা করিয়াছেন, "স্বামী বিবেকানন্দের সহিত আমার প্রথম সাক্ষাং হয় ত্রিবাক্সমে ১৮৯২ খুষ্টাব্দের ডিদেম্বর মাদে; ঐ সময়ে তাঁহার সম্বন্ধে আনেক কিছু দেখিবার এবং জানিবার সৌভাগ্য আমার ঘটিয়াছিল।

তিনি তাঁহার মুসলমান পথপ্রদর্শকের সহিত আমার সকাশে আসিয়াছিলেন। আমার বাদ্শ-বর্ষীয় ক্ষুদ্র বালক তাঁহাকেও মুসলমান বলিয়াই ধরিয়া লইয়াছিল এবং ঐভাবেই তাঁহার আগমনবার্তা ঘোষণা করিয়াছিল, আর স্বামীজী যেভাবে আলথালাদি পরিয়াছিলেন, তাহাতে ঐ বালকের পক্ষে ঐরপ ভ্রমে পতিত হওয়া কিছু অস্বাভাবিক ছিল না, কারণ দক্ষিণ দেশে হিন্দু সন্ন্যাসীর ঐ প্রকার বেশ অপরিচিত ছিল।

--স্বামীজী আমার সহিত আলাপ করিতে গিয়া প্রায় প্রথম কথাতেই অমুরোধ করিলেন, যাহাতে তাঁহার মুসলমান সঙ্গীটির আহারের ব্যবন্থা হয়। সঙ্গীটি ছিল কোচিন-রাজ্যের কার্যে নিযুক্ত একটি পিয়ন। দেওয়ানের সেক্রেটারী ঐযুক্ত ভব্লিউ. রামাইয়া তাহাকে স্বামীজীর সঙ্গে পাঠাইয়াছিলেন। বিগত হুই দিন স্বামীজী কিঞ্চিৎ হুগ্ধ ব্যতীত কিছুই স্বাহার করেন নাই; কিন্তু যতক্ষণ না ঐ মুসলমান ভূত্যটির আহারের ব্যবস্থা হয় এবং উহা গ্রহণ করিয়া সে চলিয়া যায়, ততক্ষণ তিনি নিজের সম্বন্ধে কিছুই ভাবিতে প্রস্তুত ছিলেন না। কয়েক মিনিট বার্তালাপ করিয়াই আমি বুঝিতে পারিলাম, স্বামীজী এক শক্তিশালী পুরুষ। · · · আমি যথন তাঁহাকে প্রশ্ন করিলাম, 'আপনি কিরূপ খাছা পছন্দ করেন ?' তখন তিনি উত্তর দিলেন, 'আপনার যা কিছু ভাল মনে হয়। चामारमत मन्नामीरमत भडन्म-चभडरमत वानारे नारे।

"স্বামীন্দ্রী বান্ধালী, ইহা জানিতে পারিয়া আমি মস্তব্য করিলাম, 'বান্ধালী

জাতি অনেক কীর্তিমান পুরুষের জন্ম দিয়েছে—আর তাঁদের মধ্যে ব্রাহ্মপ্রচারক কেশবচন্দ্র সেন শ্রেষ্ঠতম।' সেই উপলক্ষেই তিনি আমার নিকট তাঁহার গুরু শ্রীরামরুফের নাম উচ্চারণ করিলেন এবং তাঁহার অতুলনীয় আধ্যাত্মিক গুণরাশির সম্বন্ধে একটা সংক্ষিপ্ত পরিচয় দিয়া বলিলেন, 'শ্রীরামরুফের তুলনায় কেশব তোশিশুমাত্র; শুধু আমি নই, আমাদের সমসাময়িক বহু খ্যাতিমান বালালী তাঁর ঘারা প্রভাবিত হয়েছেন। শেষ বয়সে কেশবচন্দ্রেরও তাঁর আওতায় এসে পড়ার সৌভাগ্য ঘটেছিল, এবং তার ফলে কেশবচন্দ্রের ধর্মজীবনে বহু শুভ পরিবর্তন সাধিত হয়েছিল। অনেক ইউরোপিয়ানও শ্রীরামরুফের সাক্ষাৎকারের জন্ম লালায়িত ছিলেন এবং তাঁকে দেবতার ন্যায় শ্রদ্ধা করতেন। এমন কি বালালা দেশের শিক্ষাবিভাগের পরিচালক শ্রীযুক্ত সি. এইচ. টনি সাহেব উক্ত মহাপুরুষের চরিত্র, প্রতিভা, উদারতা ও অমুপ্রেরণাশক্তির উল্লেখ করে একটি প্রবন্ধ লিথেছেন।' এইসব কথা শুনিয়া আমি তো শুভিত হইয়া গেলাম।…

"ঐ সময়ে ত্রিবাঙ্কুরের প্রথম রাজকুমার স্বর্গত মার্ডণ্ড বর্মা আমার অধীনে পাঠাভ্যাস করিয়া এম. এ. পরীক্ষার জন্ম প্রস্তুত হইতেছিলেন, কিন্তু সেদিন স্বামীন্সীর উপস্থিতি, কণ্ঠস্বর, চক্ষুর দিব্যন্ত্যোতি: এবং বাক্য ও ভাবের প্রবাহের মধ্যে এমন একটা উন্নাদন-শক্তি ছিল যে, আমি ইচ্ছা করিয়াই রাজকুমারের প্রাসাদে গেলাম না। ... সন্ধ্যায় আমরা অধ্যাপক রন্ধাচারিয়ার গৃহে গেলাম, · তিনি ত্রিবান্ত্রম মহাবিভালয়ে রসায়নশান্ত্রের অধ্যাপক ছিলেন এবং তথনও সমগ্র দক্ষিণ দেশে পাণ্ডিত্য ও বিজ্ঞানে ব্যুৎপত্তির জন্ম কীর্তির উচ্চতম শিথরে অধিষ্ঠিত ছিলেন। তিনি গৃহে অমুপস্থিত থাকায় আমরা গাড়ী করিয়া ত্রিবাক্তম্ ক্লাবে চলিলাম। দেখানে যে-সকল ভদ্ৰলোক উপশ্বিত ছিলেন, আমি স্বামীজীকে তাঁহাদের সহিত পরিচয় করাইয়া দিলাম, এবং একটু পরে রঙ্গাচারিয়ার আসিলে তাঁহারও সহিত আলাপ করাইলাম। ইহাদের মধ্যে অধ্যাপক স্থন্দরম্ পিল্লাইও ছিলেন; আমার স্পষ্ট মনে আছে, একজন বর্গত ব্রাহ্মণ দেওয়ান-পেশকার ও আমার বন্ধু নারায়ণ মেননও ছিলেন। কারণ এমন একটা ঘটনা ঘটিয়াছিল, যাহা তুচ্ছ হইলেও স্বামীজীর চরিত্রের একটা বিশেষ দিক চমৎকার ফুটাইয়া তুলিয়াছিল; তাহাতে বুঝা গিয়াছিল, স্বামীজী চারি-দিকের ঘটনাবলীর প্রতি কেমন দৃষ্টি রাখিতেন, আর তাঁহার অতুলনীয় নম্রতা ও মিষ্ট ব্যবহারের সহিত প্রত্যুৎপল্লমতিত্ব ও ঝাটতি প্রত্যুত্তরদানে প্রতিপক্ষকে

নিরন্ত করার ক্ষমতা কিরূপ মিলিয়া মিশিয়া থাকিত। কিছুকাল আগে ক্লাব হইতে বিদায় লইবার সময় নারায়ণ মেনন ঐ ব্রাহ্মণ পেশকারকে অভিবাদন করিলে শৃদ্রের অভিবাদনের প্রত্যুত্তরচ্ছলে প্রাচীনপন্থী ব্রাহ্মণগণ বেমন করিয়া থাকেন, পেশকার মহাশয়ও তেমনি দক্ষিণ হস্তাপেক্ষা বাম হন্তথানি কিঞ্ছিৎ উর্ধে বিদায়ের সময় আসিল, তথন দেওয়ান-পেশকার স্বামীজীকে প্রণাম করিলে सामीकी मधामीत्मत প्राठीन প্রথামুদারে ভর্ব 'নারায়ণ' শব্দ উচ্চারণ করিলেন। ইহাতে পেশকার মহাশয়ের ক্রোধ উদ্দীপিত হইল, এবং তিনি দাবি জানাইলেন তিনি যেভাবে স্বামীজীকে প্রণাম করিয়াছেন, স্বামীজীকেও ঠিক দেইভাবে প্রতিপ্রণাম করিতে হইবে। স্বামীজী তথন পেশকারের দিকে ফিরিয়া বলিলেন, 'আপনি যদি নারায়ণ মেননকে আপনার বান্ধণোচিত প্রাচীন রীতিতে প্রতাভিবাদন করতে পারেন তো আমি আমার সন্ন্যাসিত্বলভ প্রাচীন রীতিতে আপনার অভিবাদন স্বীকার করলে আপনারই বা চটবার কারণ কি?' প্রত্যুত্তরটি कनथा रहेन এবং পর্রদিন পেশকারের ভাতা আমাদের নিকট আসিয়া পূর্ব-রাত্রের অপ্রীতিকর ঘটনার জন্ম ক্রটি স্বীকার করিলেন। ক্লাবে স্বামীজীর অবস্থিতি স্বল্লকালব্যাপী হইলেও সকলের উপর তাঁহার প্রভাব থুবই গভীর হইয়াছিল।

"স্বামীজী পরদিবস রাজকুমার মাতও বর্মার সহিত সাক্ষাৎ করিতে গেলেন; কারণ রাজকুমার আমার নিকট স্বামীজীর অত্যাশ্চর্য মেধা ও চিত্তাকর্যক ব্যক্তিগত গুণগ্রামের কথা শুনিয়া তাঁহাকে দেখিবার আগ্রহ প্রকাশ করিয়াছিলেন। অবশু আমিও স্বামীজীর সঙ্গে গিয়াছিলাম এবং কথাবার্তার সময় উপস্থিত ছিলাম। স্বামীজী কথাপ্রসঙ্গে উল্লেখ করেন যে, দেশীয় অনেক রাজার সহিতই তাঁহার সাক্ষাৎকার হইয়াছিল এবং তিনি অনেক রাজদরবারেও উপস্থিত ছিলেন। ইহাতে আগ্রহায়িত হইয়া রাজকুমার তাঁহাদের সম্বন্ধে তাঁহার অভিজ্ঞতার কথা জানিতে চাহিলে স্বামীজী বলিলেন, তিনি যত হিন্দুরাজ্যে গিয়াছেন, তাহাদের মধ্যে বরোদার গাইকোয়াড়ের রাজ্যশাসন-ক্ষমতা, দেশপ্রীতি, উৎসাহ এবং ভবিয়্যৎ-দৃষ্টি তাঁহাকে স্বাপ্তেকা অধিক আরুষ্ট করিয়াছে, এবং ক্ষে রাজ্য থেতড়ীর রাজার সহিতও তাঁহার পরিচয় ঘটিয়াছে ও রাজার স্বতি মহান গুণাবলী দর্শনে তিনি বিশেষ মৃয় হইয়াছেন। তারপর তিনি ষতই

দক্ষিণাভিম্থে অগ্রসর হইয়াছেন, ততই যেন ভারতীয় রাজা ও সামস্ত রাজাদের গুণাবলীর ও ক্ষমভার অধিকাধিক অবনতি প্রকাশ পাইয়াছে। রাজকুমার অভঃপর জানিতে চাহিলেন, তাঁহার মাতৃল ত্রিবাঙ্ক্রের মহারাজের সহিত বামীজীর সাক্ষাৎ হইয়াছে কিনা। মহারাজের সহিত সাক্ষাংকারের বাবস্থাকরা স্বামীজীর পক্ষে তথনও সম্ভব হয় নাই। এখানে উল্লেখ করিতে পারি যে, দেওয়ান শ্রীযুক্ত শহ্ব স্থবায়ারের সৌজতো তুই দিবস পরে মহারাজের সহিত সাক্ষাংকারের ব্যবস্থা হইয়াছিল। মহারাজ স্বামীজীকে সাদরে গ্রহণ করিয়া তাঁহার কুশল জানিতে চাহিয়াছিলেন ও বলিয়াছিলেন যে, ত্রিবাজ্রমে ও ত্রিবাঙ্ক্রর রাজ্যের অন্তর্তা অবস্থানকালে দেওয়ান তাঁহার সমস্ত স্থব-স্থবিধার বাবস্থা করিয়া দিবেন। এই সাক্ষাংকার মাত্র ত্ই-তিন মিনিটের মধ্যেই সমাপ্ত হওয়ায় স্বামীজী কতকটা নিরাশ হইয়াই ফিরিয়াছিলেন।

"আমরা আবার রাজকুমারের সহিত স্বামীজীর বার্তালাপ-প্রসঞ্জেই ফিরিয়া আসি। স্বামীজী অতঃপর সাগ্রহে জিজ্ঞাসা করিলেন, রাজকুমারের পাঠাদি কিরপ চলিতেছে এবং তিনি ভবিয়তে কি করিতে চাহেন। রাজকুমার বলিলেন, মহারাজের অন্ততম প্রধান ও রাজভক্ত প্রজা এবং শাসক-পরিবারের অন্ততম ব্যক্তিরূপে তিনি ত্রিবাঙ্কর রাজ্যের লোকদিগের জীবনধাত্রার সহিত ঘনিষ্ঠ সম্বন্ধ রাথিতে সমুংক্ত এবং তাহাদের কল্যাণসাধনের জন্ম যথাসাধ্য যত্ন করিতে দৃঢ়সকল্প। স্বামীজীর সংস্পর্শে বাঁহারাই আসিয়াছেন তাঁহাদের সকলেরই স্থায় রাজকুমারও তাঁহার চিত্তাকর্ধক অন্প্রত্যক্ত ও মনোহর আরুতিতে মৃশ্ধ হইয়াছিলেন। তিনি নিজে সথের ফটোগ্রাফার ছিলেন; অতএব ফটো তোলার জন্ম স্বামীজীকে বসিতে বলিলেন।…

"বিজ্ঞান বে অভ্তভাবে মাম্লবের নির্বিচার বিশ্বাসের দাবি করে তাহার বিরুদ্ধে তিনি একদিন ঘোর আপত্তি জানাইলেন। তিনি বলিলেন, 'ধর্মরাজ্যে যদি কুসংস্কার থাকে, তবে বিজ্ঞানের রাজ্যেও যথেষ্ট আছে। জগৎপ্রশক্ষ সম্বদ্ধে र याञ्चिक वाांशा वा क्रमविकारनद वाांशा एन ख्रा इब, तम पृष्टि यथायथ वा সস্ভোবজনক নয় বলে দেখা গেছে; অথচ এমন বহুলোক আছেন, যারা মনে করেন যে, বিশের সব রহস্ত উদ্যাটিত হয়ে গেছে। অজ্ঞেয়বাদও মাতুষের চিস্তাধারার অনেকথানি আত্মসাৎ করেছে; কিন্তু ভারতে চিস্তার নিয়ন্ত্রণবিষয়ে বে বিজ্ঞান প্রতিষ্ঠিত হয়েছে তাকে অবহেলা করে দে ওধু নিজের অজ্ঞতা ও দভেরই পরিচয় দিয়েছে। পাশ্চাত্তা মনোবিজ্ঞান মানবপ্রকৃতির অভীক্রিয় দিকগুলির ও তাদের রীতিনীতির সম্বন্ধে একটও কুলকিনারা করে উঠতে পারে-নি। পাশ্চান্তা বিজ্ঞান বেখানে থেমে গেছে, দেখানে ভারতীয় মনোবিজ্ঞান এগিয়ে এসে বুঝিয়ে দেয়, দেখিয়ে দেয় এবং শিখিয়ে দেয়, মানবসন্তার উচ্চতর অবস্থা ও অমুভৃতির ক্ষেত্রে যে-সকল রীতিনীতি সক্রিয় রয়েছে তাদের কেমন করে বান্তব জীবনে রূপায়িত করতে হয়। ধর্ম এবং বিশেষতঃ ভারতীয় ধর্মই মানবমনের স্বগুপ্ত ও স্থাপুন্ধ ক্রিয়াকলাপের তত্ত্ব বুঝতে পারে এবং তার অসং বাদনাগুলির উপর আদিপত্য স্থাপন করে সার্বভৌম অদ্বিতীয় সত্যের অনুভব জাগাতে পারে এবং অপর সকল বিষয় মায়ারাজ্যের মধ্যেই অবস্থিত ও উহারই স্সীম প্রকাশ বলে বুঝিয়ে দিতে সমর্থ হয়।' অপর যে বিষয় সম্বন্ধে স্বামীজী আলোচনা করিয়াছিলেন তাহা হইতেছে লৌকিক ও অলৌকিকের মধ্যে পার্থকা। স্বামীজী দেখাইয়া দিলেন, এই উভয় জিনিসই মামুষকে ইন্দ্রিয়রাজ্যে আবদ্ধ রাখার কারণ হয়, আর যিনি এই হুইটিকে অতিক্রম করিতে পারেন, কেবল তিনিই মানবজীবনের একমাত্র কাম্য মুক্তির অধিকারী হন এবং তিনিই মানবীয় ও দৈব দৰ্বপ্ৰকার জাগতিক তুচ্ছ বিষয়ের উর্ধে উথিত হন। স্বামীজী জাতিভেদ সম্বন্ধেও আমাকে বলিয়াছিলেন যে, ততদিন পর্যস্তই ব্রাহ্মণরা বাঁচিয়া থাকিবেন, যতদিন তাঁহারা নিঃস্বার্থ কাজ করিতে থাকিবেন এবং নিজের জ্ঞান এবং আর সব কিছু মৃক্তহন্তে দেশের অপর সকলের মধ্যে বন্টন করিতে থাকিবেন। স্বামীজীর স্বমুথের কথাগুলি এখনও আমার কর্ণে বাজিতেছে, 'ব্রাহ্মণেরা ভারতের জন্ম বহু মহৎ কার্য করিয়াছেন ; ভবিশ্বতে তাঁহারা ভারতের জন্ম আরও মহত্তর কার্যের জন্ম বিধাতাকর্তৃক নির্দিষ্ট হইয়াছেন।' নারীদের বিবাহ ও সামাজিক অবস্থা সম্বন্ধে শাল্পে যে-সকল আচার ও বিধি লিপিবদ্ধ আছে. স্বামীকী স্পষ্টতঃ বলিতেন যে, তিনি ঐ সকলের পরিবর্তনসাধনের বিরোধী। নিমুক্তাতীয় ও নিমুশ্রেণীয়দেরই স্থায় নারীদিগকেও সংস্কৃত শিখিতে হইবে, প্রাচীন আধ্যাত্মিক দৃষ্টি স্বায়ন্ত করিতে হইবে, এবং শ্ববিদের সমস্ত আধ্যাত্মিক আদর্শকে জীবনে রূপ দিতে হইবে; এইরূপ হইলে তাহারা তাহাদের সামাজিক অবস্থা সমন্ত্রীয় সমস্ত সমস্তার সমাধানভার স্বহন্তে লইতে পারিবে এবং তথন আধ্যাত্মিক সত্যের স্বাস্থভবন্ধনিত আলোকসহায়ে এবং স্বীয় প্রয়োজন ও উপযোগিতার পরিপ্রেক্ষিতে নিজেরাই এসকল সমস্তার সমাধান করিতে পারিবে।……

"আমার গৃহে স্বামীজীর তৃতীয় এবং চতুর্বদিন অবস্থানকালে আমি আমার শ্রহের বন্ধু এবং ত্রিবাঙ্কুর রাজ্যের দেশীয় ভাষায় পরিচালিত শিক্ষার অধিনায়ক (ডিরেক্টর) শ্রীযুক্ত এস. রাম রাওকে সংবাদ পাঠাইলাম। ... আমার পরিষ্কার মনে আছে. রাম রাও একবার স্বামীজীকে ইন্দ্রিয়নিগ্রহ বুঝাইয়া দিতে বলিয়াছিলেন। উত্তরে স্বামীজী অতি প্রাণস্পর্শী ভাষায় কৃষ্ণকর্ণায়তের রচয়িতা লীলাপ্তকের खीरानत अञ्चल आत এकि कीरनकारिनी खनारेए आतस कतिरानन। के কাহিনীর শেষাংশে আসিয়া যথন তিনি বলিলেন ঐ গল্পের নায়ককে (বিল-মঙ্গলকে) বুন্দাবনে লইয়া আসিলে তৎপুৰ্বে জনৈক শেঠতুহিতাকে কামপ্ৰবৃত্তি লইয়া অনুসরণ করারূপ পাপের প্রায়শ্চিত্তের জন্ম তিনি কিরুপে নিঞ্চ চকুদ্বয় উৎপাটিত করিয়াছিলেন এবং শ্রীক্লফের বালালীলাভূমিতে তপস্থায় দেহপাত করিতে ক্লতসঙ্কল্ল হইয়াছিলেন, তথন আমার সন্মুখে যে চিত্রটি ফুটিয়া উঠিল, উহা আমার মনে আজ একবিংশতি বৎসর পরেও ঠিক তেমনি স্বস্পষ্টাকারে বর্তমান আছে, যেমন নাকি সেই কুম্ভকোনমের দৈবশক্তিসম্পন্ন বংশীবাদক শ্রীযুক্ত শরভ শাল্তিয়ারের তীব্র মর্মস্পর্শী ও অমর ম্বরলহরী চিরকালের মতো হৃদয়ে গাঁথিয়া যায়। স্বামীজীর শেষ কথাগুলি ছিল এই, 'চঞ্চল এবং অনিয়ন্ত্রিত ইব্রিয়গুলির সংযমের পূর্বে এবং ঐ সংযমসহায়ে মনকে ভগবানের দিকে ফিরাবার উদ্দেশ্যে যদি প্রয়োজন হয় তো (চক্ষ উৎপাটন করার মতো) এমন চরম প্রতীকারও অবলম্বনীয়।

"তৃতীয় বা চতুর্ধ দিনের অবস্থানকালে আমি স্বামীন্সীর অন্থরোধে মাপ্রান্ধের সহকারী একাউন্টেন্ট জেনারেল প্রীযুক্ত মন্মথনাথ ভট্টাচার্যের সহক্তে অন্থসন্থান করিলাম। তথন হইতে স্বামীন্সী সকালবেলাটা ভট্টাচার্যের গৃহেই কাটাইজেন এবং সেখানেই আহার করিতেন। একদিন আমি যথন অন্থযোগ করিলাম হে, তিনি সব সময়টা ভট্টাচার্যেরই জন্ম বায় করিতেছেন, তথন তিনি এমন একটি উত্তর দিলেন, যাহা কেবল স্বামীন্সীরই মূথে শোভা পার। তিনি বলিলেন,

'(मथून, जामत्रा वाकानीता निरक्षानत मर्पा ननर्वर्थ थाकरण्डे ज्ञान ।' जिनि আরও কহিলেন বে, ভট্টাচার্য তাঁহার বিভালয় বা মহাবিভালয়ের সহপাঠী ছিলেন. এবং তিনি কলিকাতা সংস্কৃত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ স্বপ্রসিদ্ধ পণ্ডিত শ্রীযুক্ত মহেশচক্র ভায়রত্ব মহাশয়ের পুত্র বলিয়া স্বামীন্সীর উপর তাঁহার অধিকতর দাবি আছে। অধিকন্ক তিনি দীর্ঘকাল মৎস্থাহার করেন নাই, কারণ দক্ষিণদেশে ভ্রমণকালে তাঁহাকে দক্ষিণী ব্রাহ্মণদেরই আতিথ্য স্বীকার করিতে হইয়াছে. এবং ইহারা মংস্থ বা মাংস ভক্ষণ করেন না। কাজেই তাঁহার চিরাভান্ত খাগুগ্রহণের এই স্থযোগ তিনি ছাড়িতে চাহেন না। আমি তথনই মংশ্র-মাংসভক্ষণ বিষয়ে আমার ঘুণা প্রকাশ করিলাম। স্বামীজী বলিলেন, ভারতের প্রাচীন বান্ধণেরা মাংসাশী, এমন কি গোমাংসাশী ছিলেন; এবং শাস্ত্রাফুদারে তাঁহাদিগকে যজ্ঞার্থ বা অতিথির জন্ম মধুপর্করচনার্থ গোবধ ও অন্যান্ত পশুবধ করিতে হইত। তাঁহার মতে বৌদ্ধর্ম প্রচারের ফলে ক্রমে মৎস্থাহার ও মাংসাহার বন্ধ হইয়া যায়। অবশ্য মতবাদ হিসাবে হিন্দুশাস্ত্রে নিরামিষাশীদের অধিক সম্মান দেওয়া হইত। হিন্দুদের উত্তরোত্তর শক্তিহ্রাস এবং অবশেষে সমগ্র হিন্দুজাতির এবং বিভিন্ন হিন্রাজ্যের স্বাধীনতাহীনতার একটা অন্ততম প্রধান কারণ এই মাংসাহারের প্রতি অবজ্ঞা। স্বামীজীর মতে (অন্ততঃ তিনি যেভাবে আমাকে বুঝাইয়াছিলেন তদমুদারে) বর্তমান জগতে শক্তিলাভ ও প্রাধান্তস্থাপনের জন্ম ব্রিটিশ দামাজ্যের অভ্যন্তরে কিংবা তাহার বাহিরে বিভিন্ন জাতির মধ্যে যে প্রতিদ্বন্দ্রিতা চলিতেছে. তাহাতে নিজেদের স্থান অপ্রতিহত রাখিতে হইলে হিন্দুদের পক্ষে নির্বিবাদে মাংসাহার অবশ্রকর্তব্য । . . .

"একবার শ্রীপিরাবী পেঞ্চনল পিল্লাই নামক ত্রিবান্দ্রমের হুজুর অফিসের জনৈক সহকারী দেওয়ান বা পেশকার স্বামীজীকে কথাবার্তায় অনেকক্ষণ আটকাইয়া রাথিয়া তাঁহার বাকালী বন্ধুর বাটীতে যথারীতি বাইতে দেন নাই। তিনি যাচাই করিতে আসিয়াছিলেন স্বামীজী ভারতীয় উপাসনা পদ্ধতি ও ধর্ম সম্বন্ধে কতটা কি অবগত আছেন। তিনি অবৈতবাদের বিরুদ্ধ-পক্ষাবলম্বনে কথা পাড়িলেন; কিন্ধু অচিরেই ব্ঝিতে পারিলেন যে, স্বামীজী একজন আচার্য; অতএব তাঁহার মেধাশক্তি কতদ্র বিভৃত বা কত গভীর, ইহা পরীকা করিবার চেটায় রুথা সময় না কাটাইয়া বরং স্বীয় ধর্মোদ্বীপনার কাজে লাগাইবার জন্ম যে যত্তথানি পারে তত্থানি তাঁহার জ্ঞানভাগ্ডার হইতে আহরণ করিলে ভাল হয়।

আমি এই স্থবোগে স্বামীজীর এমন একটি অসাধারণ ক্ষমতার পরিচয় পাইলাম যাহার বলে তিনি একমুহুর্তে আত্মশ্লাঘী আগস্কুকের বৃদ্ধির দৌড় ধরিতে পারিতেন এবং তাহাকে অজ্ঞাতসারে এমন এক উপযুক্ত চিস্তান্তরে লইয়া আদিতেন যাহাতে তিনি স্বামীন্সীর প্রদর্শিত পথে চলিয়া এবং তাঁহার নিকট প্রেরণালাভ করিয়া জীবনে উপকৃত হইতে পারেন। বর্তমান ক্ষেত্রে স্বামীন্দী 'ললিত বিস্তর' হইতে বুদ্ধের বৈরাগ্য সম্বন্ধে কয়েকটি শ্লোক এমন চিন্তাকর্ষক স্বরে আবুত্তি করিলেন যে আগস্ভকের হৃদয় বিগলিত হইল। স্বামীজী তথন তাঁহার তৎকালীন মনোভাবের স্থয়োগ লইয়া স্থকৌশলে বৃদ্ধের বৈরাগ্য, অদম্য সত্যামুসদ্ধিৎসা, পরিশেষে সত্যলাভ এবং পঁয়তাল্লিশ বৎসর ধরিয়। জ্বাতিবর্ণ নির্বিশেষে স্ত্রীপুরুষের ভেদ ভূলিয়া ঐ সত্যের প্রচার বিষয়ে ঐ ব্যক্তির হাদয়ে একটি স্থায়ী ছাপ রাথিয়া দিলেন। এই প্রদক্ষে প্রায় এক ঘণ্টা কাটিয়া গেল। প্রসদশেষে আগম্ভক ভাবে বিহ্মল হইয়া পড়িলেন এবং স্বীকার করিলেন যে. তিনি অন্ততঃ দেই কালের মতো জাগতিক তৃচ্ছ ও মিথাা বিষয়গুলির উর্ধে উঠিতে পারিয়াছেন। বিদায়কালে তিনি বারংবার ভব্কিভরে সাষ্টাঙ্গ প্রণাম করিলেন এবং বলিয়া গেলেন, তিনি তাঁহার মতো ব্যক্তি জীবনে স্থার কথনও **एमरथन नार्डे, এবং এই উপদেশের कथा कथन ७ ज़्लियन ना** ।...

"একবার আমি তাঁহাকে প্রকাশ্য বক্তৃতা প্রদানের কথা বলি। তাহাতে তিনি বলেন, তিনি পূর্বে কথনও প্রকাশ্য বক্তৃতা দেন নাই, এবং ঐরপ করিতে গেলে নিশ্চয়ই শোচনীয়রপে বিফল ও হাস্থাম্পদ হইবেন। আমি তথন জিজ্ঞাদা করিলাম, তাহাই যদি হয় তবে তিনি কিরপে চিকাপোর ধর্মমহাদভার গণ্যমান্য ব্ধমগুলীর সম্থা দণ্ডায়মান হইবেন? ইতিপূর্বে আমি তাঁহারই মুথে শুনিয়া রাখিয়াছিলাম যে, মহীশ্রের মহারাজ তাঁহাকে হিন্দুধর্মের প্রতিনিধিরপে তথায় উপস্থিত হইতে অহ্বরোধ করিয়াছেন। স্বামীজী আমার প্রশ্নের উত্তর এমনভাবে দিলেন যে, অস্ততঃ তথনকার মতো আমার মনে হইয়াছিল, ইহা এড়াইয়া যাওয়া ছাড়া আর কিছুই নহে। তিনি কহিলেন, "পরমেশ্বের যদি এই অভিপ্রায় হয় যে তাঁকে তাঁর ম্থপাত্ররপে থাড়া করা হবে এবং তাঁকে দিয়েই সত্যের ও পবিত্র জীবন্যাপনের সমর্থনে কোন গুরুত্বপূর্ণ কাজ করিয়ে নেওয়া হবে, তবে পরমেশ্বরই তাঁকে তত্বগ্রুক্ত শক্তি ও গুণাবলীতে বিভূষিত করবেন।" আমি তথনই তাঁহাকে জানাইয়া দিয়াছিলাম যে, আমি এই জাতীয় দৈব সাহায়ের

শস্তাবনায় বিশাসী নহি। অমনি তিনি বেন মৃদ্গরাঘাত করারই মতো তীব্র ভাষায় আমার নিন্দাচ্ছলে বলিয়া উঠিলেন যে, আমি যদিও বাহাতঃ আচার-নিষ্ঠায় ও কথাবার্তায় গোঁড়া হিন্দু, তথাপি আমি অন্তরে সন্দেহবাদী, কারণ অত্যাবান ক্লপাপরবশ হইয়া জগতের কল্যাণসাধনে কতদ্র পর্যন্ত হস্তক্ষেপ করিবেন এ বিষয়ে আমি একটা সীমা টানিয়া দিতে চাই।

"আরও একবার ভারতীয় নৃতন্ত্বরূপ গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মধ্যে মতভেদ দেখা দিয়াছিল। স্বামীজীর মতে যেথানেই কৃষ্ণকায় ব্রাহ্মণ দেখা যাইবে সেথানেই বৃঝিতে হইবে, অধঃপতন হইয়াছে এবং দ্রাবিড় রক্তের সংমিশ্রণ ঘটিয়াছে। ইহার উত্তরে আমি বলিয়াছিলাম, দেহের বর্ণ পরিবর্তিত √হইয়া থাকে এবং এইজয়্ম দেশের শীতাতপ, থাল, জীবিকানির্বাহক কার্যের জয়্ম গৃহাভান্তরে থাকা কিংবা বাহিরে সময় কাটানো ইত্যাদিই প্রধানতঃ দায়ী। স্বামীজী আমার মতের বিরুদ্ধে দাঁড়াইয়া বলিলেন, জগতের অপরাপর ময়য়ৢলসমাজের য়ায় বাহ্মণরাও মিশ্রবর্ণ এবং তাঁহাদের ক্ষেত্রে জাতিসঙ্কর ঘটে নাই, ইহা নিছক কল্পনা মাত্র। আমি তাঁহার বিরুদ্ধে সি. এল. ব্রাইস প্রভৃতি খ্যাতনামা পণ্ডিতদের মত তুলিয়া দেখাইলাম, ভারতীয় জাতিগুলির ক্ষেত্রে বর্ণসঙ্কর ঘটে নাই; কিন্তু স্বামীজী একটুও পশ্চাৎপদ না হইয়া নিজমতেই অবিচলিত রহিলেন।

"তিনি যতক্ষণ আমাদের গৃহে ছিলেন, সবসময়ই আমাদের সকলের হাদয় আপনার করিয়া রাথিয়াছিলেন। প্রত্যেকের প্রতি তাঁহার ব্যবহার ছিল অতি মিষ্ট, হৃততাপূর্ণ ও সৌজন্তময়। আমার ছেলেরা প্রায়ই তাঁহার কাছে কাছে ঘূরিত; একটি তো এখনও কথায় কথায় তাঁহার মত উদ্ধৃত করে এবং আমাদের গৃহে তাঁহার আগমন ও তাঁহার আকর্ষণীয় হাবভাব চলন-বলনের স্মৃতি তাহার নিকট অতীব স্কুম্পাষ্ট। স্বামীজী অনেকগুলি তামিল শব্দ শিথিয়া লইয়াছিলেন এবং আমাদের পাচকের সহিত তামিলে কথা বলিতে আনন্দ পাইতেন। তিনি চলিয়া গেলে আমাদের দীর্ঘকাল মনে হইত, আমাদের ঘরের আলো যেন নিভিয়া গিয়াছে।

"স্বামীজী তাঁহার বান্ধালী সাধী শ্রীযুক্ত ভট্টাচার্যের সহিত ২২শে ডিসেম্বর (১৮৯২) আমার গৃহ ত্যাগ করিতে উন্থত হইয়াছেন এমন সময়ের একটি ঘটনা বলা আবশ্রক। (সংস্কৃত ভাষায় রচিত স্বাপেক্ষা ত্ররহ শাস্ত্র ব্যাকরণে) লব্ধ-

বিছা এবং জনসমাজে ধার্মিক পণ্ডিত ও বিনয়ী বলিয়া সন্মানিত শ্রীযুক্ত বঞ্চীশ্বর শাল্তী মহাশন্ন ত্রিবাঙ্কুরের প্রথম রাজকুমারের বুত্তিভোগী ছিলেন এবং আমার অমুরোধে রাজকুমার তাঁহাকে আমার পুত্রের সংস্কৃতাধ্যাপক করিয়া দিয়াছিলেন। স্বামীজী যে এতদিন আমার গৃহে রহিলেন, ইহার মধ্যে একদিনও শাস্ত্রী মহাশয় সেখানে আসেন নাই। এখন ঠিক যাত্রাকালে আমার নিকট আসিয়া ধরিয়া বসিলেন, স্বামীজীর সহিত অল্পকালের জন্ম হইলেও, এমন কি তুই-চারি মিনিটের জন্তও আলাপ করাইয়া দিতে হইবে। তিনি যদিও সংবাদ পাইয়াছিলেন যে, উত্তর ভারত হইতে একজন স্থবিধান সাধু আসিয়া আমার গৃহে অবস্থান করিতেছেন, তবু অস্কৃত্তানিবন্ধন দেখা করিতে আসিতে পারেন নাই। । সামীজী ও ভট্টাচার্য তথন সিঁড়ি বাহিয়া নামিতেছেন ঘোড়া-গাড়ীতে উঠিবার জন্ম । . . স্বামীজীকে পণ্ডিতের অমুরোধ জানাইবামাত্র তিনি তাঁহার সহিত সাত-আট মিনিট ধরিয়া সংস্কৃতে আলাপ করিলেন। ঐ সময় আমার সংষ্কৃত জ্ঞান ছিল না; অতএব তাঁহাদের আলোচ্য বিষয় ধরিতে পারি নাই। পরে পণ্ডিতজী বলিয়াছিলেন, আলোচ্য বিষয় ছিল, ব্যাকরণের এক জটিল ও তর্কবহুল সমস্তা, কিন্তু সেই অল্প সময়ের মধ্যেও স্বামীজী তাঁহার ব্যাকরণে বাৎপত্তি ও সংস্কৃতভাষায় পারদর্শিতা দেথাইয়াছিলেন।"

প্রচলিত জীবনীগুলির মতে স্বামীজী ত্রিবান্ত্রম্ হইতে রামেশ্বরে যান এবং রামেশ্বর দর্শনাস্তে কলাকুমারীতে আদেন। কিন্তু এই মতের পরিবর্তন আবশ্রক। প্রীযুক্ত ক্ষেন্তরাম আয়ারের পুত্র প্রীযুক্ত কে. এসং রামস্বামী শালী 'প্রবুদ্ধভারত' পত্রিকার এক প্রবন্ধে লিখিয়াছিলেন (সেপ্টেম্বর, ১৯৫৩, ৬৮৫ পৃঃ)ঃ "১৮৯২ খুষ্টান্সের শেষের দিকে স্বামী বিবেকানন্দ ত্রিবান্ত্রম্ হইতে কেইপ্ কোমরিন (কলাকুমারী) যান। সমৃত্র হাঙ্গরে পূর্ণ ছিল; নৌকা করিয়া রকে (রহৎ প্রস্তর থণ্ডে) লইয়া যাইবার জন্ম মাঝি এক আনা চাহিল; কিন্তু স্বামীজী কপদকশ্ন্য ছিলেন। অতএব সাহসভরে সাঁতার কাটিয়া সমৃত্র লজ্মনপূর্বক রকে উপস্থিত হইলেন'ও সেখানে জগ্মাতা কলাকুমারীর আনন্দময় মৃত্রির ধ্যানে ও জন্মভূমি ভারতমাতার গভীর চিস্তায়্র রাত্রিষাপন করিলেন। স্বর্ধাদয়ের পরে

১। ২২শে ডিনেম্বর তিনি ত্রিবাক্রম্ ত্যাগ করেন। হরতো ২৪শে ডিনেম্বর এই রকে উপস্থিত হন ও নেধানে রাত্রিযাপন করেন—সেটি বীশুর জন্মরজনী। স্বামীলীর ত্রিবাক্রম-ত্যাগ-কালে শাল্লী মহাশুর উপস্থিত ছিলেন।

তিনি তীরভ্মিতে ফিরিয়া আদিলেন। কেইপ্ কোমরিন হইতে স্বামীজী পদরক্ষেরামনাদে যান এবং দেখান হইতে পণ্ডিচেরীতে ও পরিশেষে মাদ্রাজে উপস্থিত হন।" সৌভাগ্যক্রমে শাল্রী মহাশয় এখনও (এপ্রিল, ১৯৬৫) জীবিত আছেন; ঠাহাকে পত্র লিখিয়া জানা গিয়াছে যে, স্বামীজী আমেরিকা হইতে ফিরিয়া যখন মাদ্রাজে নয় দিন ছিলেন, তখন স্বামীজীরই মুখে তিনি ক্লাকুমারীর এই বিবরণ ভ্রিয়াছিলেন।

পাঠক লক্ষ্য করিবেন, এই পর্যটনধারা অধিকতর যুক্তিসঙ্গত। শ্রীযুক্ত স্থন্দর রাম আয়ারের বিবৃতি হইতে আমরা অবগত আছি, স্বামীজী মন্নথ ভট্টাচার্যের দহিত ঘোড়ার গাড়ীতে (ক্যারেজে) তাঁহার বাড়ী হইতে যাত্রা করেন। কল্যাকুর্মারীর দ্রত্ব খ্ব বেশী নয়। তথন মোটরগাড়ী প্রচলিত না হইলেও মনে হয় গরুর গাড়ীতে তিন দিনে এবং ঘোড়ার গাড়ীতে তুই দিনে সেধানে যাওয়া সম্ভব ছিল। এত কাছের জায়গা পেছনে ফেলিয়া স্বামীজী কেন হঠাৎ রামেশ্বর চলিয়া গেলেন ও আবার উলটা পথে ফিরিয়া কল্যাকুমারী দর্শন করিলেন, ইহার তাৎপর্য ব্যামীজী একই সঙ্গে কল্যাকুমারীতে গিয়াছিলেন, পরে স্বামীজী একা সেধানে ছিলেন ও পণ্ডিচেরী পর্যন্ত একা ভ্রমণ করিয়াছিলেন। ত্রিবান্ত্রম্ হইতে ইহারা একসঙ্গে যাত্রা করিয়াছিলেন। বাঙ্গলা জীবনীকার প্রমথবাব্র মতে তথন এইরপ জনশ্রুতি ছিল যে, কল্যাকুমারীতে স্বামীজী মন্নথবাব্র অল্পরস্কা কল্যাকে কুমারীরূপে পূজা করিয়াছিলেন। আবার পণ্ডিচেরী হইতে মান্ত্রাজ ক্যাক্রী মন্নথবাব্র সঙ্গেষ্ঠ স্বামীজী মন্নথবাব্র সঙ্গেই গিয়াছিলেন। আবার পণ্ডিচেরী হইতে মান্ত্রাজ পর্যন্ত স্বামীজী মন্নথবাব্র সঙ্গেই গিয়াছিলেন, ইহাও জীবনীগ্রন্থে লিধিত আছে। আমারা উপরের সিল্বান্তাম্বায়ী এইকালের ভ্রমণ বুত্তান্ত লিধিতেছি।

কক্সাকুমারীর মন্দির ভারতের সর্বদক্ষিণপ্রান্তে অবস্থিত; তাহার পরই তিন দিকে উত্তাল সম্দ্র—পূর্বে বঙ্গোপদাগর, পশ্চিমে আরব সাগর ও দক্ষিণে ভারত মহাসাগর। সম্দ্র মধ্যে ক্ষ্ত-বৃহৎ কয়েকটি প্রস্তরময় দ্বীপ (রক)। মন্দিরে মা কুমারী শিবের চিন্তায় নিময়া—অতি ফ্লর সে ম্ভি, দর্শনমাত্র হদয়ে ভক্তির সঞ্চার হয়। স্বামীজী মাতৃদর্শনার্থ বালকবৎ ব্যাকুলচিত্তে মন্দিরপ্রান্ত্রণে প্রবেশ করিলেন এবং দেবী কুমারীর সম্মুথে সাষ্টাকে প্রণিপাত করিলেন। দর্শন ও পূজা শেষ হইয়া গেলে তিনি সেথানে বসিয়া মাতৃভূমির কল্যাণচিন্তা করিলেন। অতঃপর সম্দ্র-তীরে গেলেন ও অক্য উপায় না দেখিয়া সম্ভরণপূর্বক কিঞ্চিৎ দ্বে

সমূত্রমধ্যে অবস্থিত একটি অপেক্ষাকৃত বৃহৎ দ্বীপের শীর্ষস্থানে আরোহণ করিলেন। দেখানে তিনি গভীর ধাানে মগ্ন হইলেন এবং এইভাবেই সমন্ত রাত্রি কাটিয়া গেল। তাঁহার চিস্তার বস্তু ছিল, বছধর্মের জন্মস্থান ও মিলনক্ষেত্র পুণাতীর্থ ভারতবর্ধ—ভারতের গৌরবময় অধ্যাত্ম মহিমোজ্জ্বল অতীত, তৃ:খ-দারিন্তানিমন্ন, হতবীর্ষ, হতগোরব, হতাগাাত্মসম্পদ বর্তমান, এবং তিমিরা**ছের** অনিশ্চিত ভবিষাং। ভারতের এই লুপ্ত গৌরব কি পুনর্বার স্বপ্রতিষ্ঠিত করা সম্ভব ? যদি সম্ভব হয় তবে কি দে উপায় ? পূর্ব হইতে পশ্চিম এবং উত্তর হইতে দক্ষিণ পর্যন্ত সমগ্র ভারতভূমি তিনি পর্যটন করিয়া আসিয়াছেন। তিনি ঋষির অ্দুরপ্রসারী দৃষ্টি লইয়া আবিষ্কার করিয়াছেন, গৌরবের উচ্চশিখরে অধিরত ভারত কেমন করিয়া অবনতির নিম্নতম স্তরে নামিয়া আসিল। অতীতের সেই বিশ্লেষণপূর্ণ স্থতির সঙ্গে সমুদিত হইল বর্তমান ভারতের প্রত্যক্ষ-দৃষ্ট বাস্তব রূপ; আর মন খুঁজিয়া বেড়াইতে লাগিল ভবিষাতের পথ। সেই নির্জন দ্বীপে ধ্যানমগ্ন সন্ন্যাসীর হৃদয়ে জাগরুক রহিল একটি মাত্র চিস্তা—ভারত ও ভারতের ভাগ্যবিধাতার অভিপ্রায়। তিনি ভাবিতে লাগিলেন, এ হেন পরিস্থিতিতে কিরূপ ত্রত তাঁহার পক্ষে গ্রহণীয় হইতে পারে এবং সে ত্রত কেমন করিয়া উদ্যাপিত হইবে। সে চিন্তা পরার্থে উৎসর্গিতপ্রাণ সন্মাদীকে এক আমূল-সংস্কারক, স্থমহান সংগঠক ও শক্তিমান আত্মাত্মভবসম্পন্ন দেশনায়কে রূপাস্তরিত করিল। তিনি তখন বঙ্গদেশ আর্যাবর্ত অথবা দাক্ষিণাত্যের কথা না ভাবিয়া অথও ভারতেরই ভাবনায় মগ্ন রহিলেন। তাঁহার চক্ষের সন্মূথে ভারতেতিহাদের দব পৃষ্ঠাই যেন দমকালে থুলিয়া গেল, আর অন্তরে উদ্ভাদিত আধ্যাত্মিক আলোকসম্পাতে উহা পাঠ করিতে গিয়া তিনি পাইলেন ভারতীয় ধর্ম ও কৃষ্টির ভবিষ্যং-সম্ভাবনার একথানি পূর্ণ ও অত্যুজ্জ্বল চিত্র। স্থদক্ষ ডক্ষকের সম্মুখে যেমন কোন স্থপরিকল্পিত বিরাট প্রাসাদের চিত্র স্বীয় অঙ্গপ্রত্যঙ্গসহ এক হ্ববিশ্বস্ত অথগুাকারে ভাসিয়া উঠে, স্বামীজীও তেমনি ভাবী ভারতকে ধর্ম ও সংষ্কৃতিতে পরিপুষ্ট এবং বৈচিত্তোর মধ্যে একত্বস্লইয়া বিরাজিত অথগু সন্তারূপেই দর্শন করিলেন। তিনি ব্ঝিলেন, ধর্মই অগণিত ভারতসম্ভানের মেক্লকও। তাঁহার শাস্ত সমাহিত বিশুদ্ধ চিত্তে এই বাণীই ধ্বনিত হইল, "বে প্রগাঢ় আধ্যান্মিক অহুভৃতি প্রভাবে ভারতবর্ধ একদিন বিভিন্ন সংস্কৃতির ও বিভিন্ন ধর্মের জন্মভূমি ও মিলনক্ষেত্রে পরিণত হইয়াছিল, একমাত্র সেই অমৃভূতিবলেই পুনর- ভূগখান ও পুন:প্রতিষ্ঠা সম্ভবপর।" তিনি উন্নতি ও অবনতির উভয় চিত্র মিলাইয়া ব্ঝিলেন, ভারতের তুর্গতির কারণ এই যে, যথার্থ ধর্ম কোথাও সর্বন্ধনীনরূপে ও সক্রিয়ভাবে অফুস্তত হয় নাই। ধর্মকে যথাযথ অফুসরণ করিয়া ও জীবনে তাহাকে রূপায়িত করিয়া কোন জাতি কখনও অধঃপতিত হয় নাই, প্রত্যুত ইতিহাসের সাক্ষ্য হইতে জানা যায়, জাতীয় জীবনে যত শক্তি সাফল্য আনয়নে সমর্থ হয়, সক্রিয় ধর্ম তাহার মধ্যে শ্রেষ্ঠত্য।

গভীর বিষাদ ও সমবেদনা লইয়া তাঁহার চিত্ত ভারতের সর্বসাধারণের উন্নতির উপায় উদ্ভাবনের কথাই ভাবিতে লাগিল—জনগণের অভ্যূদয়ের ব্যবস্থা যে ধর্মে স্থান পায় না, সে ধর্মে প্রয়োজন কি ? ইতিহাস বলিয়া দেয়, ভাগ্যপরিবর্জনের ফলে ভারতে যথন যে কোন রাজশক্তির অভ্যাথান হইয়াছে উহাই তথন দারিত্র-দিগকে পদদলিত ও নিম্পেষিত করিয়াছে সাত শত বর্ষ ধরিয়া। পুরোহিত-প্রভাবিত ধর্মের আশ্রয় লইয়াও দরিদ্রগণ এই উৎপীড়ন হইতে রক্ষা পায় নাই। প্রত্যুত সহস্রযুগব্যাপী পুরোহিতকুলের একাধিপত্য জাতিবিভাগোখ উৎপীড়ন এবং এই সকল সমাজ্বিধান অবলম্বনে সমাজদেহের অতিভয়ন্ধর বিখণ্ডীকরণ প্রভৃতির ফলে ধর্মনিষ্ঠ হিন্দুদের অধিকাংশ শুদ্র, অস্পৃষ্ঠ ও বেদবহিভূতি বলিয়া বিবেচিত হইয়াছে। এই সব বিম্ন স্বামীন্দ্রীর দৃষ্টিতে জাতীয় উন্নতির পক্ষে ব্দবশ্য-ব্দপনরণীয় বলিয়াই প্রতিভাত হইল। দরিদ্র জনগণের হুঃথদারিদ্যোর সহিত সমস্থরে বাঁধা তাঁহার হুদয়তন্ত্রী তাহাদেরই ক্রন্দনে কাঁদিয়া উঠিল। এক স্থগভীর মনোবেদনা লইয়া তিনি ভারতের অবহেলিত নিম্ন-জাতির সহিত এক হইয়া গেলেন। তাহাদের ব্যথা তথন তাঁহারই ব্যথা, তাহাদের অপমানে তাঁহারই অপমান, তাহাদের ভাগ্যের সহিত তাঁহারও ভাগ্য অবিচ্ছেগ্য-স্ত্রে গ্রথিত। যাঁহারা আপনাদিগকে ধর্মের সংরক্ষক ভাবিয়া গর্বাহুভব করেন তাঁহারাই আবার যুগ্যুগাস্তর ধরিয়া অসংখ্য জনরাশিকে পদানত করিয়া রাখিতে চাহেন, একথা ভাবিতেও তিনি মর্মাহত হইলেন। ঐ কালের চিস্তা কত ঐকান্তিক ও স্থগভীর ছিল তাহার ক্ষীণ পরিচয় পাওয়া যায় তাঁহার পরবর্তী কালের একখানি পত্তে। তিনি লিখিয়াছেন: "এই লব দেখে—বিশেষ দারিস্র্য আর অজ্ঞতা দেখে আমার মুম হয় না; একটা বৃদ্ধি ঠাওরালুম-কুমারিকা অম্বরীপে মা কুমারীর মন্দিরে বদে, ভারতবর্ষের শেষ পাথর-টুকরার উপর বদে --এই বে আমরা এতজন সন্নাসী আছি, যুরে যুরে বেড়াচ্ছি, লোককে দর্শন-শিক্ষা

দিচ্ছি, এসব পাগলামি। 'থালি পেটে ধর্ম হয় না'—গুরুদেব বলতেন না ? ঐ যে গরীবগুলো পশুর মতো জীবন যাপন করছে, তার কারণ মৃর্খতা; পাক্সী (পুরোহিত) বেটারা চার যুগ ওদের রক্ত চুষে থেয়েছে, আর হ পা দিয়ে দলেছে। ... আমাদের জাতটা নিজের বিশেষত্ব হারিয়ে ফেলেছে, দেইজ্ঞ ভারতের এত তৃ:থ কষ্ট। সেই জাতীয় বিশেষত্বের বিকাশ যাতে হয়, তাই করতে হবে—নীচ জাতিকে তুলতে হবে। হিন্দু, মুসলমান, খৃষ্টান—সকলেই তাদের পায়ে দলেছে। আবার তাদের উঠাবার যে শক্তি তাও আমাদের নিজেদের ভেতর থেকে আনতে হবে—গোড়া হিন্দুদেরই এ কাজ করতে হবে। সব দেশেই যা কিছু দোষ দেখা যায়, তা তাদের ধর্মের দোষ নয়, ধর্ম ঠিক ঠিক পালন না করার দক্ষনই এইসব দোষ দেখা যায়। স্থতরাং ধর্মের কোন দোষ নাই, লোকেরই দোষ। এই করতে গেলে প্রথম চাই লোক, দ্বিতীয় চাই পয়সা। গুরুর রূপায় প্রতি শহরে আমি দশ-পনর জন লোক পাব। পয়সার চেষ্টায় তারপর ঘুরলাম। ভারতবর্ধের লোক পয়সা দেবে !!...তাই আমেরিকায় এসেছি, নিজে রোজগার করব, করে দেশে যাব, আর আমার বাকী জীবন এই এক উদ্দেশ্যসিদ্ধির জন্ম নিয়োজিত করব।" ('বাণী ও রচনা' ---७।**८**১२-১७)।

এই উদ্ধৃতির প্রথমাংশেই স্বামীজীর একটি মহতী বাণী স্কুল্পাই ইইয়াছে—
ভারতের কার্যপন্থা রচিত ইইয়া গিয়াছে—তাগে ও সেবার মাধ্যমে। স্বামীজীর
সমকালে ভারতীয় সন্ন্যাসিবৃন্দ ত্যাগের মহিমাই বিঘোষিত করিতেন; স্বামীজী
এই প্রচারের সঙ্গে সেবাকেও সংযোজিত করিতে চাহিয়াছিলেন। ধর্মকে নিন্দা
না করিয়া তিনি উহাকে জাতির মর্মন্থলে পুনঃপ্রতিষ্ঠিত দেখিতে চাহিয়াছিলেন,
আর চাহিয়াছিলেন শিক্ষার বিস্তার, নীচজাতির অভ্যুত্থান ও দারিদ্রাবিমোচন।
আমরা দেখিয়া আসিয়াছি, কন্তাকুমারিকায় উপস্থিত ইইবার পুর্বেই স্বামীজীর
এই জাতীয় চিস্তাধারা কথাপ্রসঙ্গে বিচ্ছিন্নভাবে আত্মপ্রকাশ করিয়াছে, এবং
ইহাকে কার্যে পরিণত করার উদ্দেশ্যে তিনি রাজদরবারাদিতে দীর্ঘকাল
কাটাইয়াছেন; কিন্তু কৃতকার্য হন নাই। সেই অভিজ্ঞতার ফলই পুর্বোজ্বত
পত্রে প্রকাশ করিয়াছেন, "ভারতবর্ষের লোক পয়সা দেবে!! মৃর্থ, ভীমরতিগ্রন্থ,
ও স্বার্থপিরতার মৃতি—তারা দেবে!" অতএব তাঁহার সিদ্ধান্ত স্থির হইয়া গেল
তাঁহাকে আমেরিকায় যাইতে হইবে, এবং প্রয়োজন হইলে সয়াসীর পক্ষে

নিষিদ্ধ অর্থোপার্জনেও তৎপর হইতে হইবে। পরত্বংথে কাতর মহাপ্রাণ মহাপুক্ষবের কী অভুত আত্মত্যাগ! তিনি পরে যে বছবার বলিতেন—আত্মমুক্তির চেষ্টা পরিত্যাগপূর্বক পরহিতে একাস্তভাবে নিযুক্ত হইলে যদি পাপস্পর্শ হয় এবং সে পাপের প্রায়শ্চিত্ত অরূপ তাঁহাকে পুনংপুনং জন্মগ্রহণ করিতে হয়, তবে তিনি সেজস্ত প্রস্তত—উহা ভুধু কথার কথা নহে।

স্বামী রামক্ষানন্দকে লিখিত উক্ত পত্রখানির যে অংশটি এখানে প্রসঙ্গক্রমে উদ্ধৃত হইল, উহা কন্তাকুমারিকাতে স্বামীজীর চিত্তে উদ্ভাদিত বা উপলব্ধ সমস্ত বিষয়ের সামৃহিক বর্ণনা হিসাবে তাঁহার লেখনীমূথে লিপিবদ্ধ হয় নাই; আবার যে কয়টি কথা তিনি অক্য প্রসঙ্গবাপদেশে তুলিয়াছেন, তাহাও পরিপূর্ণরূপে লিখিয়া গিয়াছেন, এইরূপ মনে করার কোন কারণ নাই। উদাহরণস্বরূপ বলা ঘাইতে পারে, স্বামীন্দী প্রাচ্য ও পাশ্চাত্ত্যের মিলনের জন্ম উৎস্থক ছিলেন। কুমারীতে সে চিন্তার পূর্ণবিকাশ হইয়াছিল কিনা কে জানে? তবে অর্থো-পার্জনের উল্লেখ মধ্যে উহার আভাস হয়তো নিহিত রহিয়াছে। স্বামীজী ভারতের আধ্যাত্মিক সম্পদ পাশ্চাত্ত্যের সর্বত্ত বিতরণ করিয়া উহারই বিনিময়ে অর্থলাভের আশা পোষণ করিতেন। কারণ তাঁহার মতে প্রাচী ও প্রতীচীর মিলন ঘটিবে এইরপ সম্রদ্ধ আদান-প্রদানেরই মাধ্যমে। ইহা ছিল তাঁহার অক্তম পরিকল্পনা। তিনি ইহাও চাহিয়াছিলেন যে, পাশ্চাত্ত্যের কর্মোভ্যমের সঙ্গে প্রাচ্যের ভগবদ্ধ্যানের মিলন ঘটাইতে হইবে। সেদিন সমূদ্রগর্ভে প্রস্তর-ষীপোপরি সমাসীন চিন্তাকুল সন্ন্যাসীর সমুথে যথন উত্তাল তরক প্রবলগর্জনে তটোপরি আঘাত করিয়া যেন ভূভাগ বিদারণে উন্নত ছিল, অথচ এই উর্মি-মালার চাঞ্চল্যের পশ্চাতে কোন মহহুদেশ্রের আভাসমাত্রও ছিল না, আর সেই সন্ন্যাসিপ্রবরের পশ্চাতে পড়িয়া ছিল বিশাল ভারতভূমি, যাহার জনগণের মুখে वियानकानिमा, चछरत माश्मशीनछा, क्षेत्रत्रधारनत महिछ खीवरनत मन्पूर्ग विष्ट्रत, —বেন সমস্ত ভারতভূমি গাঢ় তমসাচ্ছন্ন—তথন কে বলিবে, স্বামীজীর মনে ধর্মকে গতিশীল কর্মে পরিণত করিবার এবং কর্মকে ভগবল্লাভের উপায়ে রূপান্তরিত করিবার তীত্র আকাজ্ঞা উদ্দীপিত হইয়াছিল কিনা? আমাদের বিখাস হইয়াছিল-নতুবা সন্মাসীদিগকে কার্যে ব্রতী করিবার বাসনা কেন তথন তাঁহার মনে জাগিল ?

ষাহা হউক, দেদিন তাঁহার সম্ম স্থির লইয়া গেল—তিনি সাগর অতিক্রম

করিয়া শ্রীরামক্তফের বার্তাবহরূপে আমেরিকায় বাইবেন, তাঁহারই নির্দেশে পরিচালিত হইবেন এবং সাফল্যমণ্ডিত হইয়া ভারতে প্রত্যাবর্তনপূর্বক স্বদেশের
সর্বাঙ্গীণ কল্যাণসাধনে ব্রতী হইবেন। ভগবান তথন তাঁহার নিকট স্থান্তর স্বর্গে
অবস্থিত পিতা, মাতা, ক্যায়াধীশ বা অক্স কোনরূপে অমুভূত না হইয়া সর্বতোব্যাপী
নারায়ণরূপেই প্রতিভাত হইলেন—"সর্বতঃ পাণিপাদং তৎ সর্বতোহক্ষিশিরোমুথম্। সর্বতঃ শ্রুতিমলোকে সর্বমার্ত্য তিষ্ঠতি॥" তাঁহারই পূজায় আত্মোৎসর্গ করিতে তিনি এখন সম্ৎস্ক। এ পূজার তুলনায় আপনার মৃক্তিচেষ্টাও
অকিঞ্ছিৎকর, নিবিকল্প সমাধিও তুচ্ছ।

ধ্যানোত্থিত সন্ন্যাসী অতঃপর পদত্রজে দওকমগুলু-হল্তে রামনাদ অভিমুখে যাত্রা করিলেন। ২ সেথানে উপনীত হইলে রামনাদের রাজা শ্রীযুক্ত ভাস্কর দেতু-পতির সহিত তাঁহার সাক্ষাৎ হইল। স্বামীন্সী তাঁহার নামে একথানি পরিচয় পত্র আনিয়াছিলেন। ভারতীয় রাজ্ঞবর্ণের মধ্যে ইনি অতীব বিদ্বান, বৃদ্ধিমান এবং ধার্মিক ছিলেন। স্বামীজীর গুণগ্রামে মুগ্ধ হইয়া তিনি তাঁহার শিশুত গ্রহণ করিলেন। স্বামীজী এ যাবৎ অনেক রাজা মহারাজার নিকটই জনসাধারণের শিক্ষা, কৃষির উন্নতি, ভারতীয় জীবনের তদানীস্তন সমস্তা ও তাহার সমাধান ইত্যাদি বিষয়ে আলোচনা করিয়া আসিয়াছেন। সেতৃপতির নিকটও সেই সকল প্রসন্ধ তুলিলেন। এতদ্বাতীত ভারতীয় ধর্মজীবন, ভারতীয় ধর্মের মহিমা এবং পাশ্চাত্তাদেশে উহার প্রচারের সম্ভাবনা প্রভৃতির কথাও বলিলেন। সমস্ত ভনিয়া সেতৃপতি তাঁহাকে চিকাগো ধর্মসভায় যোগদানের জন্ম পুন:পুন: অমুরোধ করিলেন এবং ইহাও জানাইলেন যে, তিনি যথাসাধ্য অর্থসাহায্য করিতে প্রস্তুত আছেন। তিনি স্বামীজীকে ইহাও বুঝাইতে চাহিলেন যে, চিকাগো ধর্মসভায় তাঁহার উপস্থিতির ফলে সমগ্র বিশ্বের দৃষ্টি ভারতীয় আধ্যাত্মিকতার প্রতি সমধিক আরুষ্ট হইবে এবং তাহার ফলে তাঁহার ভারতীয় কার্ষেরও পথ স্থাম হইবে। এমন স্থযোগ সহজে আসে না এবং ইহা গ্রহণ করা সর্বভোভাবে অত্যাবশুক। কিন্তু স্বামীজী তথন রামেশ্বর দর্শনে উদ্গ্রীব; স্কুতরাং রাজার निक्र विषाय नहेया पिक्ना जिम्रा किनाव ।"

- ২। রামস্বামী শান্ত্রীর মতে স্বামীজী কম্পাকুমারীতে তিন রাত্রি কাটাইয়াছিলেন।
- ৩। প্রচলিত জীবনীগুলির মতে স্বামীজী ত্রিবান্ত্রম হইতে মাছুরার গমন করেন এবং মাছুরাতেই রামনাদ-রাজের সহিত মিলন হয়। তারপর তিনি রামেশ্বে বান। কিন্তু রামস্বামী শাল্লীর মতে

রামনাদ হইতে স্বামীজী দক্ষিণাভিমুথে চলিয়া রামেশ্বরে উপনীত হইলেন। রামেশ্বর দক্ষিণের বারাণসী—শ্রীরামচক্রের শুভাগমনের ফলে এবং ৺রামেশ্বর শিবের অবস্থিতিপ্রভাবে পুণ্যাতিপুণ্য তীর্থক্ষেত্র। মন্দিরের প্রবেশঘারটি একশত ফুট উচ্চ। চতুর্ভূজাকার মন্দিরপ্রাঙ্গণের চতুষ্পার্যে নির্মিত স্থানীর্য বারান্দাগুলি কার্ককার্যপরিপূর্ণ। ইহার সর্বত্র যে বিশালত্ব পরিকৃট রহিয়াছে উহা বিশ্বযোৎপাদক। লঙ্কাবিজ্বয়ের পর অযোধ্যায় প্রত্যাবর্তনকালে শ্রীরামচক্র এই মন্দির প্রতিষ্ঠা করিয়া তাহাতে দেবাদিদেব মহাদেবের আরাধনা করিয়াছিলেন। দেবদর্শন ও পুজাদি করিয়া স্বামীজীর এক অতিদীর্ঘকালের রাসনা পরিপূর্ণ হইল। অতঃপর তিনি মান্রাজ অভিমুথে যাত্রা করিলেন।

ডিসেম্বরের শেষ সপ্তাতে স্বামীজী কন্তাকুমারীতে ছিলেন। অতএব দক্ষিণের তীর্থদর্শনাস্তে মাদ্রাজের অভিমূথে যাত্রাকালে নববর্ষ (১৮৯৩) আরম্ভ হইয়া গিয়াছে বলিয়াই মনে হয়। উহাই স্বামীজীর জীবনের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৎসর; জগৎপিতা ও জগজ্জননীর আশীর্বাদরূপ রক্ষাক্বচে আবৃত হইয়াই তিনি এই নববর্ষে পদার্পণ করিলেন। প্রায় এই সময়েই তিনি ত্রিংশ বর্ষ বয়স অতিক্রম করিয়া একত্রিংশ বর্ষে প্রবেশ করিতেছেন। ক্রমে পথক্লান্ত পর্যটক রামনাদে আসিলেন এবং ঐ স্থান এবং আরও উত্তরে মাতুরা প্রভৃতি প্রসিদ্ধ তীর্থস্থান দর্শনাস্তে ফরাসী অধিকৃত পণ্ডিচেরীতে উপস্থিত হইলেন। এই পণ্ডিচেরীতেই স্বামীজীর সহিত এক অতি গোঁড়া পণ্ডিতের হিন্দুধর্ম, সমাজ-সংস্কার ইত্যাদি বিষয়ে ঘোর তর্ক বাধিয়া যায়। ('বাণী ও রচনা', ৬।৩৬৪) প্রাচীনপন্থী সন্ধীর্ণমনা পণ্ডিতের প্রতিটি কথা স্বামীজীর কর্ণে শূলবৎ কষ্ট্রলায়ক বোধ হইতেছিল। পাণ্ডিত্য যে তাঁহার খুব অধিক ছিল তাহা নহে, কিন্তু কথায় তিনি বিষোদগার করিতে-ছিলেন এবং স্বামীন্সীর উদার ও শাস্ত বচনরাশি যেন তাঁহার ক্রোধাগ্লিতে ঘুতাছতির কার্য করিতেছিল। ক্রমে সমুদ্রযাত্রার কথা আদিয়া পড়িল। পণ্ডিত যথন স্বামীদ্ধীর সহিত আর তর্কে আঁটিয়া উঠিতে পারিলেন না তথন বিকট মুখভদী করিয়া স্বামীজীর প্রতিকথায় সজোরে সংস্কৃতভাষায় আপত্তি জানাইতে लाशित्नन, "क्लांशि न. क्लांशि न"—(क्थन ७ हाऊ शांद्र ना, क्थन ७ ना)। ভিনি কণ্ডাকুমারী হইতে হাঁটিয়া রামনাদে যান। ইংরেজী জীবনীরও মতে রামেশ্বর দর্শনান্তে তিনি কল্পাকুমারী যান ও কল্পাকুমারী হইতে পদত্রজে রামনাদে উপস্থিত হন। বস্তুত: পদত্রজে আসিলে মান্তরার রাভা দীর্ঘতর। অধিকন্ত আমরা ধরিয়া লইলাম, রামনাদের রাজার সহিত রামনাদে সাক্ষাৎ হওয়াই অধিকতর যুক্তিসন্মত।

অবশেষে স্বামীজী বলিলেন, "বন্ধুবর, আপনি বলছেন কি? প্রভােক ভারত-বাদীরই তাে এটা অবশ্রকর্তব্য যে, ধর্মের তত্ত্বকে পরীক্ষা করে দেধবেন। তা করতে হলে আমাদের অতীতের দঙ্কী গঠ থেকে বেরিয়ে আদতে হবে, এবং জগৎ কিভাবে বর্তমান সময়ে প্রগতির পথে এগিয়ে চলেছে তা দেখতে হবে। আর তাতে করে যদি আমরা দেখি যে, এমন কতকগুলি যুক্তিহীন পরম্পরাগত আচার আছে যা আমাদের দামাজিক জীবনের উন্নতির বা দার্শনিক চিন্তার পরিপন্থী, তাহলে নিশ্চয় সময় এদেছে যখন এগুলিকে বর্জন করবার জন্ম পা বাড়াতে হবে।" জনগণের উন্নতির কথাও স্বামীজী আলোচনা করিয়াছিলেন এবং দাবধান করিয়া দিয়াছিলেন যে, এমন দিন আদিতেছে যখন শৃদ্রা জাগিবে এবং নিজেদের ন্যায় ভোগাধিকার ও বিশেষাধিকারেরও দাবি তুলিবে। তিনি বারবার এই কথাই বুঝাইতে চাহিয়াছিলেন যে, পদদলিত জনসমাজকে শিক্ষাদান করিয়া, দামাজিক সাম্যের বার্তা প্রচার করিয়া, পৌরোহিত্যের নিম্পেষণ দ্রীভৃত করিয়া এবং জাতিপ্রথার কদর্যের ফলে ও ধর্মের উচ্চ তত্ত্বসমূহের বিক্বত প্রয়োগের ফলে জাতীয় জীবনে যে বিশৃদ্ধলা উপস্থিত হইয়াছে, তাহা অপসরণ করিয়া নিম্নজাতিসমূহের উন্নতি বিষয়ে তৎপর হওয়া উচ্চবর্ণের অবশ্র কর্তব্য।

পণ্ডিচেরীতে শ্রীযুক্ত মন্মথ নাথ ভট্টাচার্য মহাশয়ের সহিত তাঁহার পুনর্মিলন ঘটিলে ভট্টাচার্য মহাশয় তাঁহাকে একই সঙ্গে ভ্রমণ করিতে এবং মাল্রাজে তাঁহারই গৃহে অতিথি হইতে আহ্বান করিলে স্বামীজী সন্মত হইলেন এবং একই সঙ্গে মাল্রাজে পৌছিলেন। পৌছিয়া দেখিলেন, নগরের উচ্চশিক্ষাসম্পন্ন ঘাদশ বা ততোধিক যুবক তাঁহার দর্শনের জন্ত সমাগত। ক্রমে ইহারা তাঁহার শিব্যত্ব গ্রহণ করিলেন। এতদ্বাতীত প্রথম দিন হইতেই বহু ব্যক্তি তাঁহার দর্শনের জন্ত নিত্য ভট্টাচার্যগৃহে আসিতে লাগিলেন। এইসব দেখিয়া মনে হইত, স্বামীজী খেন দৈবনির্দেশে জনসমাজে স্থপরিচিত হইবার পথে ক্রন্ত আগাইয়া চলিয়াছেন। শ্রীরামকৃষ্ণ-বিবেকানন্দ প্রচারে মাল্রাজের অবদান অমূল্য। স্বামীজীর অশেষ গুণাবলী প্রথম প্রকাশ্রত্বীকৃতি লাভ করিয়াছিল এই নগরে। মাল্রাজের ভক্তবৃন্দই স্বামীজীর পাশ্চান্ত্যগমনের পরিকল্পনার বান্তব রূপায়ণে অগ্রণী হইয়াছিলেন। বন্দের বাহিরে এখানেই শ্রীরামকৃষ্ণের বাণী ভক্তপণ মধ্যে আবদ্ধ না থাকিয়া সাময়িক পত্রিকাদি অবলম্বনে জনসাধারণে প্রথম প্রচারিত হইয়াছিল। মাল্রাজেই শ্রীরামকৃষ্ণ-বাণীকে ভিত্তি করিয়া অন্তত্ম প্রধান মঠ প্রতিষ্ঠিত হইয়াছিল।

আলোয়ারের ন্যায় মাদ্রাজেও স্বামীন্ত্রীর গুরুশক্তি সমধিক অভিব্যক্ত হইয়া-ছিল : বিশেষ এই যে, আলোয়ারে প্রধানতঃ ধর্ম-বিষয়েই আলোচনা হইত, এবং ধর্মক্ষেত্রেও ভক্তিই সমধিক স্থান পাইত। মাদ্রাক্তে স্বামীঙ্গীর বিরাট ব্যক্তিত্ব আরও বিভিন্ন ক্ষেত্রে বিচিত্ররূপে বিকাশ পাইয়াছিল—মনে হইত তিনি তথন শুধু ধর্মরাজ্ঞাই নহে, প্রত্যুত সামৃহিক অভ্যুদয়েরও অধিনায়কত্ব গ্রহণ করিতে অগ্রসর হইতেছেন। সমাগত সমৃৎস্থক বিদশ্ধ সমাজের সহিত তথন তিনি ধর্ম, মনস্তম্ব, বিজ্ঞান, সাহিত্য, ইতিহাস, সমাজব্যবস্থা ইত্যাদি বহু বিষয়ে খালোচনা করিতেন এবং স্বীয় অভিজ্ঞতা, পাণ্ডিত্য ও অন্তর্গৃষ্টি সহায়ে নিত্য নৃতন তথ্যের ও দৃষ্টিভঙ্গীর সন্ধান দিতেন। অবশ্য আলোচ্য বিষয় নির্ভর্ করিত প্রায়শ: জিজ্ঞাস্থদের উপর। একদিন স্বামীন্দী অত্যুক্ত আধ্যাত্মিক তত্ত্বের আলোচনায় ব্যাপৃত আছেন এমন সময় এক সমুৎস্থক ব্যক্তি প্রশ্ন করিলেন, "খামীজী, হিন্দুরা বেদান্তবাদী হয়েও কি করে মূর্তিপূজা করে ?" খামীজী তাঁহার বিত্যন্বর্যী নয়নন্বয় প্রশ্নকর্তার প্রতি ফিরাইয়া বলিলেন, "যেহেতু আমাদের দেশে হিমালয় আছে।" তিনি বুঝাইতে চাহিয়াছিলেন যে, আমাদের দেশ এমন উদ্দীপনাময় প্রাকৃতিক সৌন্দর্য ও গাম্ভীর্যে পরিপূর্ণযে, ঈশ্বরের সে সব আশ্চর্য স্ষ্টিদর্শনে মুগ্ধ দেশবাসীরা ঐ সকল দৃশ্যমান বস্তুকে ভগবচ্চিস্তার প্রেরণাস্থলরূপে গ্রহণ না করিয়া পারে না। তাঁহার ব্যক্তিত্ব সর্বাবস্থায় সর্ববিজয়িরূপে বিরাজমান থাকিত। তাঁহার হুমিষ্ট কণ্ঠন্বর, হৃদয়োনাদক দঙ্গীত, চিত্তের দৃঢ়তা, বিপুল বুদ্ধিমন্তা, বিদ্যাৎ-ঝলকের ক্যায় ক্রত প্রত্যুত্তর, চমকপুর্ণ শ্লেষ, জ্ঞানগর্ভ সংক্ষেপোক্তি ও বাগ্মিতা বিমুগ্ধ শ্রোতৃবর্গকে অনেকক্ষণ পর্যন্ত ধরিয়া রাখিত। ভট্টাচার্য মহাশয়ের গৃহে আগদ্ধকের সংখ্যা এমনি ভাবে নিত্য বাড়িয়াই চলিল। স্বামীন্দী সর্বদা বিনয়ের প্রতিমূর্তি হইলেও, কেহ বিরুদ্ধ ভাব লইয়া পাণ্ডিত্যাদি প্রকাশে অগ্রসর হইলে তিনি সময়বিশেষে এমন মৃতিও ধারণ করিতেন, যাহাতে মনে হইত, বুঝিবা ইনি যুদ্ধোন্মুথ ও আত্মশাঘী। কিন্তু, প্রায়শ: এই নিয়মেরও ব্যত্যয় হইত ; এমনও দেখা গিয়াছে ষে, কোন পণ্ডিত আসিয়া অষণা তাঁহাকে অপমান করিলেও তিনি বিনয়পুর্বক পণ্ডিতের নিকট ক্ষমা চাহিতেছেন এবং আপনাকে মুখ বিলিয়া পরিচয় দিতেছেন। অপর সময়ে আবার তাঁহার চিম্ভা ও বাক্যরাশি ঝঞ্চাবাতের ক্যায় শ্রোতবর্তের উপর প্রবাহিত হইয়া তাঁহাদিগকে ব্যাকুল করিত এবং তাঁহাদিগকে অন্তরূপ চিন্তা করিবার বিন্দুমাত্র অবকাশ

দিত না। কিন্তু এই সমস্ত মনোভাবই স্বাভাবিক রীতিতে আসিত, উহার ভিতর সামাজিক ক্লত্রিম আদব-কায়দার বা লোক-দেখানোর কোন সংস্পর্শ ছিল না, আত্মন্তরিতারও প্রয়াস ছিল না। তিনি রু কথা বলিয়া কাহাকেও क्षे मिर्छन ना, चारात প্রয়োজন স্থলে छाया मयालाहना कतिरुछ ছाড়িতেন না। একবার এক পণ্ডিত তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, সময়ের **অভাব স্থলে** ত্রিসন্ধ্যা গায়ত্রীজ্প বা সন্ধ্যাবন্দনাদি না করিলেই বা ক্ষতি কি ? অ্মনি ক্ষিপ্তপ্রায় হইয়া স্বামীজী বলিয়া উঠিলেন, "দেই সব বিরাট পুরুষ, দেই সব প্রাচীন ঋষি—থাঁরা এত বড় ছিলেন যে, তাঁরা পায়ে মাটি না মাডিয়ে দেশবিদেশ ডিব্লিয়ে যেতেন বললেই চলে, যাঁদের কণা মুহূর্ত মাত্র চিন্তা করতে গেলে আপনার মতো লোক নিজেকে ক্ষুদ্র কীট পতঙ্গ ছাড়া আর কিছুই ভাবতে পারে না—তাঁদের পর্যন্ত সময় ছিল মশায়, আর আপনার নেই ?" সেই একই সভাতে জনৈক পাশ্চাত্তাভাবাপন্ন হিন্দু যথন বৈদিক ঋষিদের উপদেশাবলীকে নির্ব্বক বলিয়া নস্থাৎ করিতে উন্নত হইলেন, তথন স্বামীজী যেন উন্নত বজ্রসদৃশ ভয়ন্কর-क्रत्प गर्जिया উठितन, "भूर्व भूक्ष्यत्मत्र ज्ञाभिन त्कान् माइत्म এভাবে निन्मा করতে পারেন। অল্পবিদ্যা ভয়ঙ্করী। আপনি কি ঋষিদের আবিষ্কৃত বিজ্ঞানের পরিচয় পেয়েছেন ? আর অত দূর না গিয়েও শুধু পাঠ করেও কি দেখেছেন বেদে কি আছে ? ঋষিরা ওখানে দাঁড়িয়ে সমস্ত বিরোধের সম্মুথীন হতে প্রস্তুত। প্রতিস্পর্ধার সাহস থাকে তো এগিয়ে যান।"

অবিরাম বাদ-বিচার ও আলাপ আলোচনার ক্লান্তি দ্রীকরণার্থ তিনি সম্ভ্রতীরে সান্ধ্যভ্রমণে নির্গত হইতেন। একদিন ভ্রমণকালে যথন দেখিলেন, মংস্থাজীবীদের উপবাসক্লিষ্ট ও নগ্নদেহ শিশুগণ কটি পর্যন্ত জলে নিমজ্জিত থাকিয়া তাহাদের মাতাকে কার্যে সাহায্য করিতেছে, তথন তাঁহার কপোলদ্বয়ে অশ্ররেখা দেখা দিল এবং তিনি সথেদে বলিলেন, "হে ভগবান, এসব হতভাগাদের স্কান করেছ কেন? আমার পক্ষে তো এ দৃশ্য অসহনীয়! হে ভগবান, এ কতদিন চলবে, কত দিন ?"

একদিন তাঁহার সম্মানার্থ এক বৈঠকে মাদ্রাজ্বের অনেক বিধান সমবেত হইলে স্বামীজী আপনাকে অবৈতবাদী বলিয়া ঘোষণা করিলেন এবং এইরূপ সাহসিকতার প্রতিক্রিয়া কতদ্র হইতে পারে লক্ষ্য করিবার জন্ম প্রস্তুত হইয়াই রহিলেন। উপস্থিত পণ্ডিতবর্গের মধ্যে জন কয়েক জটলা করিয়া প্রশ্ন করিলেন, "আপনি বলছেন, আপনি ভগবানের সঙ্গে এক, তাহলে তো আপনি সমস্ত নৈতিক ও সামাজিক দায় থেকে মৃক্ত। অতঃপর আপনি যদি অক্সায় করেন, তো কিসে আপনাকে বাধা দেবে, সত্যপথ-ভ্রষ্ট হলে কেই বা সংশোধন করবে ?" স্বামীজীর প্রতিপক্ষবিধ্বংসী উত্তর আদিল, "আমার যদি সত্যি বিশ্বাস জন্মে যে আমি ভগবানের সঙ্গে এক, তবে আমি তো স্বভাবতই পাপকে ঘুণা করব এবং কোন শৃদ্ধলেরই প্রয়োজন হবে না।"

রামনাদের রাজার প্রাদাদে অহরপ আর একটি অধিবেশনে "অবাঙমনদো-গোচর ব্রহ্মেরও সাক্ষাৎকার সম্ভব", তাঁহার এইরপ উক্তিকে জনৈক পণ্ডিত হাসিয়া উড়াইয়া দিতে চাহিলে তিনি সদর্পে বলিয়া উঠিলেন, "আমি সে জ্ঞজানাকে জেনেছি।"

ট্রিপ্লিকেনের সাহিত্য-সমিতিতে তিনি অনেকগুলি সভায় আলোচনা করিতে গিয়াছিলেন; এই সমিতিই (লিটারেরি সোসাইটি) তাঁহাকে সর্বপ্রথম জনসমাজে পরিচিত করিয়া দেয়। এই সমাজের অনেক যুবক মাল্রাজের সমাজ-সংস্কার আন্দোলনের সহিত সংশ্লিষ্ট ছিলেন। কিন্তু তিনি দেখিলেন, তাঁহারা বিপথে চলিয়াছেন, কারণ প্রচলিত সমস্ত রীতিনীতিকে উড়াইয়া দেওয়াই ছিল তাঁহাদের কার্যধারা। তিনি বিভিন্ন বৈঠকে এই কথাই বারংবার বুঝাইয়া দিতেন যে, বিদেশী আদর্শগুলিকে বিশ্লেষণপূর্বক পরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং ধর্মবিক্ষম বহির্দেশীয় সংস্কৃতি যাহাতে গৃহীত না হয়, সে বিষয়ে সাবধান থাকিতে হইবে। তিনি তাঁহাদিগকে আরও বলিতেন, অতীতে যাহা কিছু মহৎ ও গৌরবময় ছিল, তাহার সাহায় লইতে হইবে, নতুবা জাতীয় সৌধের ভিত্তি পর্যন্ত টলটলায়মান হইবে। তিনি সমাজ-সংস্কারের বিরোধী ছিলেন না, বরং ঐ বিষয়ে আগ্রহশীল ছিলেন; কিন্তু সে সংস্কারস্পৃহা বহির্দেশ হইতে আরোপিত না হইয়া অন্তর্দেশ হইতে স্বতঃ ফুর্ড হওয়া উচিত। আর উহার গতি হওয়া উচিত ধ্বংসাভিমুখ নহে, পরস্তু ক্রমবিকাশাভিমুখ।

সিন্ধারবেলু ম্দালিয়ার নামক এক নান্তিক ভদ্রলোক তাঁহার নিকট আসিয়াছিলেন। তিনি খুষ্টান কলেজের বিজ্ঞান-বিভাগে সহকারী অধ্যাপকের কার্য করিতেন। খুষ্টীয় ধর্মের কার্যকারিতার দিকটা তাঁহার সহামভূতি পাইত; কিন্তু হিন্দুধর্মকে তিনি নিন্দাই করিতেন। তিনি স্বামীজীর সহিত বিচার করিতেই আসিয়াছিলেন; কিন্তু অবশেষে স্বামীজীর চিস্তাধারায় আক্টুই হইয়া তাঁহার

অমুগত ভক্ত হইয়া পড়িলেন। স্বামীজী তাঁহাকে বিশেষ স্নেহ করিতেন এবং নাম দিয়াছিলেন "কিডি"। পরে তিনি "কিডি"-কে ঠাট্টা করিয়া বলিতেন, "সিজার বলেছিলেন, 'এলুম, দেখলুম, জয় করলুম!' কিছু কিডি এল, দেখল, পরাজিত হল!" কিছুকাল পরে কিডি স্বামীজীর কার্যে জীবনোৎসর্গ করিয়াছিলেন এবং অনেক পরে স্বামীজীরই অভিলাষামূসারে মাদ্রাজে যখন 'প্রবৃদ্ধভারত' পত্রিকা প্রকাশিত হয়, তখন কিডি উহার অবৈতনিক কার্যনির্বাহক হইয়াছিলেন। আরও পরে তিনি সংসার ত্যাগ করিয়া তপস্থায় নিময় হন এবং সাধুরূপেই দেহত্যাগ করেন।

শ্রীযুক্ত ভি. স্থবন্ধণ্য আয়ার বলেন, তিনি মজা করার জন্ম সহাধ্যায়ী জ্বন-কম্বেক যুবককে লইয়া ভট্টাচার্য মহাশয়ের গুহে উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা যাইয়া দেখিলেন, স্বামীজী অর্ধনিমীলিত নেত্রে অর্ধস্থপ্ত ব্যক্তির স্থায় ছঁকায় তামাক থাইতেছেন—যেন কোন গভীর চিম্বায় নিমগ্ন। আয়ার মহাশয় তথন খুষ্টান কলেজের ছাত্র এবং খুষ্টধর্মের প্রতি বিশেষ শ্রদ্ধাবান, এমন কি তিনি একসময় খুষ্টধর্ম গ্রহণে অভিলাষী হইয়াছিলেন। স্বামীন্দ্রীর নিকট আসিবার পূর্বেই তাঁহারা কয়েকটি প্রশ্ন ঠিক করিয়া লইয়াছিলেন এবং ঐ গুলির পক্ষে ও বিপক্ষে যাহা কিছু বলা সম্ভব, সমন্ত ভাবিয়া রাখিয়াছিলেন, যাহাতে অকম্মাৎ পরান্ত না হইতে হয়। স্বামীজীকে তদবস্থ দেখিয়া সকলে ইতন্ততঃ করিতেছেন, এমন সময় একজন অপেক্ষাকৃত সাহস দেখাইয়া জিজ্ঞাসা করিয়া বসিলেন, "মহাশয়, ভগবান কাহাকে বলে ?" স্বামীজী যেন কিছুই শুনিতে পান নাই, এমনি ভাবে আপন মনে হঁকা টানিয়া চলিলেন। তারপর যেন উত্তরচ্ছলে চকু তুলিয়া বলিলেন, "ওহে বাপু, বলতে পার শক্তি (এনাজি) জিনিসটা কি ?" যথন প্রশ্নকর্তা বা তাহার সঙ্গীরা কেহই চেষ্টা করিয়াও সহত্তর দিতে পারিলেন না, তখন স্বামীজী উঠিয়া বসিলেন ও বলিলেন, "এ আবার কি রকম কথা? তোমরা যে শক্তি শব্দটা জীবনে অফুক্ষণ ব্যবহার কর, সেই সাধারণ শব্দটার পর্যস্ত সংজ্ঞা নির্দেশ করতে পার না অথচ আমাকে বলছ ভগবানের সংজ্ঞা বলতে ?" তাঁহারা আরও সব প্রশ্ন করিয়াছিলেন; কিন্তু স্বামীজী তাঁহাদিগকে নিক্তর করিলেন। অবশেষে অপর সকলে চলিয়া গেলেও আয়ার মহাশয় স্বামীজীর কাথাবাতায় মৃগ্ধ হইয়া বসিয়া রহিলেন, এবং স্বামীজী যথন সমুস্রতীরে সাদ্ধা ভ্রমণে বাহির হইলেন, আয়ারও দকে চলিলেন। হঠাৎ স্বামীন্ধী আয়ারকে

জিঞ্চাসা করিলেন, "ওহে, তুমি কৃতী লড়তে জান ?" আয়ার স্বীকৃতি জানাইলে স্বামীজী কৌতুকছেলে বলিলেন, "এস, একটু লড়া যাক।" স্বামীজীর ব্যায়াম-কৌশল ও পেশীর দৃঢ়তা লক্ষ্য করিয়া আন্চর্যায়িত আয়ার অতঃপর স্বামীজীর নাম রাথিয়াছিলেন, "পালোয়ান স্বামী।"

স্বামীজী একদিন লক্ষ্য করিলেন, ভট্টাচার্ঘ মহাশয়ের পাচক মহীশূরের মহারাজের প্রদত্ত তাঁহার রোজ উডের হুঁকাটির দিকে সতৃষ্ণনয়নে তাকাইয়া আছে। তিনি অমনি পাচককে জিজ্ঞাসা করিলেন, "তোমার কি এটা চাই?" থতমত খাইয়া পাচক কোন উত্তরই দিতে পারিল না, হাঁ বলা তো দুরের কথা। স্বামীজীর নিকট হুঁকাটি একটি সথের জিনিস ছিল, খুব আদর করিয়াই√তিনি উহা রাখিয়াছিলেন; কিন্তু পাচকের আগ্রহ বুঝিতে পারিয়া তিনি বিশ্বমাত্র ইতস্তত: না করিয়া উহা তাঁহার হাতে তুলিয়া দিলেন। পাচক প্রথমে বিশাসই করিতে পারে নাই যে, ইহাও সম্ভব ; কিন্তু সত্যই যথন উহা হাতে পাইল তথন তাহার সমস্ত চেহারায় কৃতজ্ঞতার ছাপ জল জল করিয়া ফুটিয়া উঠিল। অপর যাঁহারা ইহা শুনিলেন, তাঁহারাও স্বামীজীর ত্যাগের চাকুষদ্টান্ত দেখিয়া চমৎকৃত হইলেন। অথচ স্বামীজীর পক্ষে ইহা ছিল স্বভাবদিদ্ধ। যে কেহ তাঁহার কোন জিনিদের প্রশংসা করিত, অমনি তিনি তাহা তাহাকে দান করিতেন। আমেরিকায় একবার সালেম শহরের শ্রীযুক্ত প্রিন্স উভস্ যথন তাঁহার পরিব্রাক্তকজীবনের দঙ্গী দণ্ডটির জন্ম আগ্রহ জানাইলেন, সামীজী তথনই বিনা বাক্যব্যয়ে উহা তাঁহাকে দান করিলেন। দণ্ডটির সঙ্গে তাঁহার একটা বিশেষ ভালবাসার সম্বন্ধ ছিল বলিয়া তিনি উহা আমেরিকা পর্যন্ত লইয়া গিয়া-ছিলেন, তবু দিধাশুক্তর্পয়ে উহা প্রিন্সকে দিয়া বলিয়াছিলেন, "তুমি ষেটার প্রশংসা করলে সেটা তোমারই হয়ে গেল।" তিনি স্বীয় ট্রান্ক ও পরিব্রাজক-জীবনের কম্বলধানিও প্রিন্সের মাতা শ্রীযুক্তা কেইট টেন্নাট্ উভ্সকে দান করিয়া-ছিলেন। ঐ সময় (দেপ্টেম্বর, ১৮৯৩) তিনি দালেমে তাঁহাদেরই বাড়ীতে থাকিতেন।

মাদ্রাহ্ণ-বাসের কোন এককালে স্বামীন্ধীকে এক অন্তৃত অভিজ্ঞতার সন্মুখীন হইতে হয়। দিন কয়েক যাবৎ তিনি প্রেতাত্মাদের উৎপাত অহভব করিতে লাগিলেন; তাহারা এমন সব থবর গ্রাহাকে দিত, যাহাতে তিনি উদ্বিশ্ন হইতেন, অথচ পরে দেখা যাইত ঐসব তুল। এই ভাবে উৎপীড়িত হইয়া তিনি যথন ভূতদের উপর খুব চটিয়া গেলেন, তথন তাহারা জানাইল যে, তাহারা বড় কটে আছে, স্বামীজী যেন তাহাদের উদ্ধারসাধন করেন। পরিশেষে ভাবিয়া- চিস্তিয়া স্বামীজী তাহাদের উদ্ধারের এক উপায় স্থির করিলেন—তিনি সমূদ্র- তীরে গেলেন ও তণ্ডলাদির অভাবে মুঠো মুঠো বালুকা লইয়া পিওদানছেলে উহাই দান করিলেন। তদবধি ভৌতিক উৎপাত্ত থামিয়া গেল।

মাজাজে মন্মথবাবুর বাটীতে থাকা-কালে তিনি একদিন স্বপ্ন দেখিলেন, তাঁহার জননী দেহত্যাগ করিয়াছেন। ইহাতে তাঁহার মন খুব থারাণ হইয়া গেল। স্বামীজী তথন মঠে বা বাড়ীতে কাহাকেও পত্ৰ লিখিতেন না। মূমথবার তাঁহার বিষাদ দেখিয়া সংবাদের জন্ম কলিকাতায় তার করিলেন. আর বলিলেন যে, শহরের কিছু দূরে একজন পিশাচসিদ্ধ লোক বাস করে; সে জীবের ভূত-ভবিশ্বৎ ভভাভভ সব থবর বলিয়া দিতে পারে। মন্মথবাবুর অমুরোধে ও নিজের মনের উদ্বেগবশতঃ স্বামীজী যাইতে রাজী হইলেন। তাঁহার সঙ্গে চলিলেন মন্মথবাবু, আলাসিঙ্গা ও আরও একজন (সম্ভবত: ইণ্ডিয়া ব্যাঙ্কের ম্যানেজার বালাজি রাও)। তাঁহারা থানিকটা রেলপথে গিয়া ও পরে পায়ে হাঁটিয়া যথাস্থানে পৌছিয়া দেখেন, শ্মশানের পাশে "বিকটাকার, ভাঁটকো ভূষ-কালো" একটা লোক বসিয়া আছে। তাহার অন্ধচরেরা কিডিং মিডিং করিয়া পিশাচসিদ্ধের পরিচয় করাইয়া দিল। আলাসিকা দোভাষীর কাজ করিলেন। পিশাচসিদ্ধ প্রথমে আগন্তুকদিগকে আমলই দিল না। পরে তাঁহারা ফিরিতে উন্থত হইলে, দাঁড়াইতে বলিল। তারপর একটা পেন্সিল লইয়া থানিককণ কি সব দাগ কাটিল ও মন একাগ্র করিয়া একেবারে স্থির হইয়া বসিয়া রহিল। তারপর প্রথমে স্বামীজীর নাম, গোত্র ও "চৌদপুরুষের খবর" দিয়া বলিল যে, ঠাকুর নিয়ত তাঁহার সঙ্গে সঙ্গে ফিরিতেছেন; জননীর মঙ্গল সমাচারও দিল এবং বলিল যে, তাঁহাকে ধর্মপ্রচার করিতে শীঘ্রই বছ দূরে যাইতে হইবে। মাদ্রাব্দে ফিরিয়া তাঁহারা কলিকাতার তারেও মায়ের স্থসংবাদ পাইলেন। ('বাণী ও রচনা', ١ (٩ حاد

স্বামীজীর প্রভাব মাদ্রাজে কিভাবে প্রদারিত হইতেছিল, তাহা ব্ঝাইতে গিয়া শ্রীযুক্ত কে. ব্যাসরাও তথনকার কথা স্মরণপূর্বক লিথিয়াছিলেন, "তিনি একজন সন্ন্যাসী—কলিকাতা বিশ্ববিত্যালয় হইতে বি. এ. পাস করিয়াছেন, তাঁহার মন্তক মুণ্ডিত, চমৎকার চেহারা, পরিধানে ত্যাগচিহ্ন গেক্যা বস্ত্র; তিনি

ইংরেজী ও সংস্কৃত ভাষায় অনর্গল কথা বলেন, বিরুদ্ধ কথার পান্টা জ্ববাব দিবার অসাধারণ ক্ষমতা রাথেন, মৃক্তকণ্ঠে স্থললিত স্বরে যথন গান ধরেন, যেন মনে হয় বিশ্বাত্মার দঙ্গে তিনি এক হইতে চলিয়াছেন, আর তিনি সারা ধরার পর্যটক ! মাহ্রষটি স্বাস্থ্যবান্ ও দীর্ঘাবয়ব, রসিকভায় ভরপুর, আর সিদ্ধাই প্রকাশে যাহার। ব্যগ্র তাহাদের প্রতি তাহার হৃদয় ম্বণাপূর্ণ। স্থপক্ষ খাছে তাঁহার তৃপ্তি আছে, ছঁকার প্রতি ও তামকুট দেবনে তাঁহার বিশেষ প্রীতি, অথচ এমনি দক্ষতা এবং সারল্যের সহিত তিনি বৈরাগ্যের কথা বলেন যে, কেহ মৃগ্ধ এবং শ্রদ্ধাবনত না হইয়া থাকিতে পারে না। এমন অভূত বাস্তবতার সমুথে আসিয়া বি. এ. এবং এম. এ. পাস ব্যক্তিগণ হতভম্ব হইয়া যাইত। তাঁহার মধ্যে তাহারা এমন্ একজন মাহুষের পরিচয় পাইত, যাঁহার কাছে কেহ অধ্যাত্মকেতোচিত মল্লকীড়া বা অসিসঞ্চালনের স্পর্ধা লইয়া আসিলে তিনি বেশ আত্মপক্ষ সমর্থন করিতে পারিতেন। আবার গভীর আলোচনার পর যথন তিনি সাধারণভূমিতে নামিতেন, তথন তাহার৷ দেখিত, তিনি হাস্তকৌতুকে, ব্যঙ্গবিদ্ধপে এবং কোন কিছুকে হাসিয়া উড়াইয়া দিতেও বেশ পটু। কিন্তু অন্য সব কিছু ছাড়িয়া দিলেও তাঁহার যে অবিমিশ্র অত্যুজ্জন দেশপ্রেম ছিল, তাহাই সকলের চিত্ত জয় করিত। যে যুবক সাংসারিক সমস্ত সম্পর্ক ছিন্ন করিয়াছেন এবং বন্ধনমুক্ত হইয়াছেন, তাহার একটি মাত্র ভালবাসার বস্তু ছিল-জাঁহার স্বদেশ, এবং একটি মাত্র বিষাদের কারণ ছিল—সেই স্থদেশের পতন। এই বিষয়ে চিন্তামগ্ন হইয়া তিনি এমন সব কথা বলিতেন, যাহাতে শ্রোতারা মন্ত্রমুগ্ধবৎ বসিয়া থাকিতেন। হুগলী নদী হইতে তাম্রপর্ণী নদী পর্যন্ত পর্যটক মামুষ্টির এই ছিল প্রকৃতি। তিনি মুক্তকণ্ঠে আমাদের যুবকসম্প্রদায়ের নিবীর্ঘতার জন্ম ত্বংপপ্রকাশ করিতেন এবং উহার নিন্দা করিতেন, তাহার বাক্যাবলী বিদ্যুদ্বেগে নি:স্ত হইত এবং ইম্পাতের ক্সায় পথ কাটিয়া চলিত; তিনি সকলেরই প্রাণে সাড়া জাগাইতেন, অনেকেরই চিত্তে স্বীয় উদ্দীপনা সঞ্চারিত করিতেন এবং ভাগ্যবান জন কয়েকের হৃদয়ে অনির্বাণ বিশ্বাদের প্রদীপ প্রজ্ঞলিত করিয়াছিলেন।"

আনেকের দৃষ্টিতে স্বামীন্ধী ছিলেন আবার ভারতীয় দর্শন, আগম ও যোগ-সন্থত সংস্কৃতির মৃত্ত বিগ্রহ। কিন্তু তাহার ব্যক্তিত্বের মধ্যে কেবল হিন্দুর আধ্যাত্মাসূভ্তিই অঙ্গীকৃত হয় নাই, পাশ্চান্ত্যের দর্শন ও বিজ্ঞানের আবিষ্কারও তথায় স্বীকৃতিলাভ করিয়াছিল। জনসমাজে পাণ্ডিত্যের জক্ত খ্যাতিমান জনৈক ব্যক্তি ঐ সময়ে তাঁহার শিশুত্ব গ্রহণান্তে লিখিয়াছিলেন, "স্বামীজীর মনোরাজ্যের প্রসার দেখিয়া আমি স্তস্তিত ও বিমৃদ্ধ হইলাম। 'ঋরেদ' হইতে 'রলুবংশ' পর্যন্ত, বেদান্তের অত্যুক্ত দার্শনিক চিস্তা হইতে আধুনিক কান্ট ও হেগেল পর্যন্ত, প্রাচীন ও আধুনিক সর্বপ্রকার সাহিত্য কলা সন্ধীত নীতিবাদ এবং প্রাচীন বোগশান্তের রহস্তবিভা হইতে আধুনিক গবেষণাগারের জটিলতম বিষয়-শুলি পর্যন্ত —সব কিছুই যেন তাঁহার দৃষ্টির সন্মুধে উন্মৃক্ত ছিল। ইহাই আমাকে চমৎক্তত করিয়াছিল—আমাকে তাঁহার দাস করিয়া লইয়াছিল।"

অপর এক শিষ্য লিখিয়াছিলেন, "তাঁহাকে প্রায়ই জিজ্ঞাম্বর নিজের স্তরে নামিয়া আসিয়া তাহারই বোধগম্য ভাষায় স্বীয় উচ্চ আধ্যাত্মিক ভাবরাশিকে প্রকাশ করিতে হইত। অনেক ক্ষেত্রে তিনি পূর্ব হইতেই অফুগদ্ধিংস্থর ভাষী প্রশ্নগুলি বুঝিয়া লইতেন এবং এমনভাবে সে সবের উত্তর দিতেন যে আর প্রশ্ননা করিয়াই জিজ্ঞান্থর আকাজ্ঞা পরিতৃপ্ত হইয়া যাইত। কেহ যদি জানিতে চাহিত, তিনি কি করিয়া পূর্ব হইতেই বুঝিতে পারেন, তিনি সন্মিতবদনে উত্তর দিতেন, 'সল্লাসীরা মান্তবের চিকিৎসক কিনা, তাই ঔষধপ্রয়োগের আগেই রোগ নির্ণয় করতে পারেন।' কোন কোন সময়ে বছব্যক্তির চিন্তা যুগপৎ তাঁহার মনে প্রতিভাত হইত – তিনি একই সঙ্গে বছ সমস্তার সমাধান করিয়া জিজ্ঞাত্ম-দিগকে সম্ভষ্ট করিতেন। যাঁহাদের প্রতি তিনি রুপাস্থমুধ ছিলেন, তাঁহাদের প্রতি তাঁহার ব্যবহার কোমল ও অদোষদর্শী হইলেও অপরের পক্ষে তাঁহার সাল্লিধ্যে থাকা যেন কতকটা বিস্ফোরক স্রব্যের কাছে থাকার মতোই বোধ হইত। যথনই কাহারও মনে কুচিন্তা উঠিত, উহার ছায়াষেন তাঁহারও চিত্তমুকুরে প্রতিফলিত হইত; আর তথন তাঁহার ওঠছয়ে যে অদ্ভত রকমের মৃহহাস্ত ফুটিয়া উঠিত এবং কথাপ্রদঙ্গে যে হুই-চারিট শব্দ তাঁহার শ্রীমূথ হইতে নির্গত হইত, তাহা হইতেই ঐ ব্যক্তি উহার প্রমাণ পাইত !"

উল্যোগ ও আয়োজন

মাদ্রাজে স্বামীজী তিন সপ্তাহ রহিলেন; ইহার মধ্যে কথাপ্রসঙ্গে তিনি কতবারই না বলিয়া ফেলিলেন, তিনি সনাতন ধর্মের প্রচারের জন্ম পাশ্চাজ্যে ষাইতে প্রস্তুত। তাঁহার ঘনিষ্ঠ সম্পর্কে বাঁহারা আসিলেন, সকলেই সে ইচ্ছা অবগত হইলেন, এবং তাঁহার গুণগ্রাহী অহুগত ভক্তমগুলী সহজেই সহমত হইলেন যে, এ শুভ সঙ্কল্প সর্বতোভাবে আদরণীয় ও ভবিষ্যতে ইহা বিশেষ মঙ্গল-প্রদ হইবে। তাঁহারা তাঁহার পরিকল্পনাকে কেবল বরণ করিয়াই ক্ষান্ত ইইলেন না. উহাকে কার্যে পরিণত করার অভিপ্রায়ে উৎসাহভরে অর্থসংগ্রহে মৃত্বপুর হইলেন। চিকাগোর ধর্মমহাসভায় যোগদানের মহতী ইচ্ছা স্বামীজীর মনে দীর্ঘকাল পরিপোষিত হইয়া থাকিলেও, তিনি এ যাবৎ কার্যতঃ কিছুই করেন নাই. হয়তো মহামায়ার ইঙ্গিতের অপেক্ষা করিতেছিলেন। এদিকে উৎসাচী ভক্তবুন্দ প্রায় পাঁচশত টাকা সংগ্রহ করিয়া আনিলেন। কিন্তু স্বামীজী সে অর্থ দেখিয়া যেন হঠাৎ দ্বিধায় পড়িলেন—এ অর্থ তো বিদেশ যাত্রার পক্ষে অকিঞ্চিৎকর; তাঁহার বিদেশগমন যদি বিধাতার অভিপ্রেতই হয়, তবে আয়োজন এমন তৃচ্ছ কেন, ভক্তদের প্রযত্ন এরপ অসাফল্যগ্রন্ত কেন? তিনি ভাবিলেন: "আমি নিজের খেয়ালে চলিতেছি না তো? উৎসাহে গা-ভাসিয়ে দিইনি তো ? যেরপ ভেবেছি এবং যেরপ পরিকল্পনা করেছি, তার ভেতর কোন সতা আছে তো ?" তিনি প্রার্থনা জানাইলেন, "মা, তোমার কি ইচ্ছা বল। মা, আমি ষন্ত্র, তুমি ষন্ত্রী।" সাংসারিক রীতিতে অনভিজ্ঞ সহায়-সম্পদহীন এক সন্নাসী দেশবাসীর অহুৎসাহের মধ্যে কেমন করিয়া একাকী সাগর লজ্জ্বন করিবেন এবং কি করিয়াই বা এমন এক অজ্ঞাত জনসমাজে উপস্থিত হইবেন ষাহাদের নিকট তাঁহার বক্তব্য অতি অভূত ও অশ্রুতপূর্ব ? অতএব দেশবাসীর

১। ইহাদের মধ্যে অপ্রণী ছিলেন এম. সি. আলাসিক্সা পেরুমল। ইহার জন্ম হয় মহীশুরের চিকমাখাল্র-এ ১৮৬৫ খুটাব্দে, এবং মৃত্যু হয় ১৯০৯ খুটাব্দে। বি. এ. পাস করিয়া কিছুদিন আইন পড়ার পর ইনি কুন্তকোনম্-এর এক বিভালয়ে শিক্ষকতা করেন। পরে পাচ্চাইপ্পাস হাইস্কুলে (মাজ্রাজ) ১৮৯০ খুটাব্দে প্রধান শিক্ষকের পদে নিবুক্ত হন। জনসেবা ও বিভোৎসাহের জন্ম ইনি বিশেব স্থনাম অর্জন করিয়াছিলেন। ('দি হিন্দু', ১১ই জুলাই, ১৯৬৫)।

উৎসাহহীনতা দর্শনে ও জগন্মাতার ইঙ্গিতের অভাবে হতাশহাদয় স্বামীজী ভক্তদের ভাকিয়া বলিলেন, "বংসগণ, আমি মান্নের অভিপ্রায় তাঁরই কাছে জেনে নিতে বন্ধপরিকর। এ তো অন্ধকারে ঝম্পপ্রদান ছাড়া আর কিছু নয়, অতএব মাকে প্রমাণ করতে হবে যে এ তাঁরই ইচ্ছা; যদি তাঁরই ইচ্ছা হয় তবে অর্থ আপনা থেকেই আবার আসবে। অতএব ঐ টাকা নিয়ে যাও এবং গরীবদের মধ্যে বিলিয়ে দাও।" শিশ্বগণ তাঁহার আদেশ শুনিয়া অবাক হইলেও উহা পালন করিলেন এবং তিনি বোধ করিলেন, যেন ক্ষম্ম হইতে একটা ভার নামিয়া গেল।

তাঁহার ঐ সময়ের মনোভাব, ইহারই দিন কয়েক পরে (২১শে ফেব্রুয়ারি, ১৮৯৩) হায়দরাবাদ হইতে তাঁহার শিশ্র আলাসিঙ্গাকে লিখিত একথানি পত্তেই স্বস্পষ্ট প্রকাশ পাইয়াছে। উহাতে জানা য়য়, তিনি আমেরিকায় য়াইতে উইস্ক ছিলেন, কিন্তু ঘটনাচক্রে য়াইবার ব্যবস্থা সম্ভব না হওয়ায় তিনি উহা ভগবানেরই বিধান জানিয়া কাহাকেও দোষী করিতে চাহেন না। পত্রাংশ এই—"আমি অত্যম্ভ ছংথের সহিত তোমায় জানাচ্ছি য়ে, আমি এখন আর রাজপুতানায় ফিরে য়েতে পারব না—এখানে (হায়দরাবাদে) এখন থেকেই ভয়য়র গরম পড়েছে; জানি না রাজপুতানায় আরও কি ভয়ানক গরম হবে, আর গরম আমি আদপে সম্ভ করতে পারি না। স্বতরাং এর পর আমাকে বাঙ্গালোরে য়েতে হবে, তারপর উত্তকামণ্ডে গ্রীয়টা কাটাতে হবে। গরমে আমার মাথার ঘিটা যেন ফুটতে থাকে।

"তাই আমার সব মতলব ফেঁদে চুরমার হয়ে গেল। আর এই জন্মই আমি
গোড়াতেই মাদ্রাজ থেকে তাড়াতাড়ি বেরিয়ে পড়বার জন্মে ব্যন্ত হয়েছিলাম।
দে ক্ষেত্রে আমায় আমেরিকায় পাঠাবার জন্ম আর্থাবর্তের কোন রাজাকে
ধরবার যথেষ্ট সময় হাতে পেতাম। কিন্তু হায়, এখন অনেক বিলম্ব হয়ে গেছে।
প্রথমতঃ এই গরমে আমি ঘুরে বেড়াতে পারব না, তা করতে গেলে মারা যাব।
দিতীয়তঃ আমার রাজপুতানার ঘনিষ্ঠ বন্ধুগণ আমাকে পেলে তাঁদের কাছেই ধরে
রেখে দেবেন, পাশ্চাত্তা দেশে যেতে দেবেন না। স্ক্তরাং আমার মতলব ছিল,
আমার বন্ধুদের অজ্ঞাতসারে কোন নৃতন লোককে ধরা। কিন্তু মাদ্রাক্ষে এই
বিলম্ব হওয়ার দক্ষন আমার সব আশা-ভরসা চুরমার হয়ে গ্লেছে; এখন আমি

২। পত্রথানির ঠিক তারিধ সম্ভবতঃ ১১ই ফেব্রুয়ারি, কারণ তিনি ১৭ই ফেব্রুয়ারি হারদরাবাদ ত্যাগ করেন।

ষ্মতি তৃঃথের সহিত ঐ চেষ্টা ছেড়ে দিলাম—ঈশ্বরের যা ইচ্ছা তাই পূর্ণ হোক।
এ আমারই প্রাক্তন—অপর কারও দোষ নেই। তবে তুমি এক রকম নিশ্চিতই
জেনো যে, কয়েক দিনের মধ্যেই ত্-এক দিনের জন্ত মাদ্রাজে গিয়ে তোমাদের
সঙ্গে দেখা করে বাঙ্গালোরে যাব, আর সেধান থেকে উতকামণ্ডে গিয়ে দেখব,
যদি মহীশুরের মহারাজ আমায় পাঠায়।" ('বাণী ও রচনা', ৬৩৪৩-৪৪)।

কথায় কথায় আমরা হায়দরাবাদে আসিয়া পড়িয়াছি, কিন্তু এখনও মাল্রাজের বিবরণ শেষ হয় নাই। প্রথমবারে অর্থসংগ্রহের চেষ্টা বিফল হইলে স্বামীন্দী পুর্বেরই স্থায় আচার্যোচিত ধর্মালাপাদিতে মনোনিবেশ করিলেন। অধিকন্ত মনের অন্তরতম প্রদেশে ডুবিয়া গিয়া শ্রীরামক্বয়ণ্ড জগজ্জননীর শ্রীচরণে আলোকলাভ ও পথের সন্ধানের জন্ম আকুল প্রার্থনা জানাইতে লাগিলেন। ঐ কালে তাঁহার গভীর ধ্যানপরায়ণতাও সকলের দৃষ্টি আকর্ষণ করিল। স্বদেশপ্রেমিক অশেষ প্রতিভাশালী সন্মাসী তখন যেন অসহায় বালকের ন্থায় উৎকর্ণ হইয়া মায়ের আদেশবাণীর অপেক্ষা করিতে থাকিলেন, আর হৃদয়ে সম্পূর্ণ বিশাস রাখিলেন, মায়ের আহ্বান অবশ্রুই আসিবে; এক স্বদ্য সন্ধন্ন বিরাজিত রহিল মায়ের অভিপ্রায় মায়েরই কাছে না জানিয়া কোন রক্ম সিদ্ধান্ত গৃহীত হইবে না।

স্বামীজীর মনের অবস্থা যথন এইরপ, তথন মাল্রাজের ভক্তদের মৃথে তাঁহার গুণরাশির সংবাদ পাইয়া হায়দরাবাদের জনগণ তাঁহাকে নিজেদের মধ্যে পাইবার জন্ম বিশেষ উৎস্থক হইল এবং জন্ধ সময়ের জন্ম হইলেও একবার তথায় যাইবার জন্ম পাগ্রহে আমস্ত্রণ করিল। তিনি সহজেই সমত হইলেন, কারণ তাঁহার মনে হইল, এই অপ্রত্যাশিত আহ্বানের নিশ্চয় কোন গূঢ়ার্থ আছে। প্রীযুক্ত মন্মথনাথ ভট্টাচার্য মহাশয় নিজাম-রাজ্যের স্থপারিলেটিওং ইঞ্জিনিয়ার ও তাঁহার বন্ধ্ শ্রীযুক্ত মধুস্থদন চট্টোপাধ্যায় মহাশয়কে টেলিগ্রাফ করিয়া জানাইলেন, স্বামীজী ১০ই ফেব্রুয়ারি হায়দরাবাদে পৌছিয়া তাঁহার অতিথি হইবেন। আগমনের প্র্বিদিন হায়দরাবাদ ও সিকান্দরাবাদের হিন্দুগণ এক সভায় সমবেত হইয়া স্বামীজীর অভ্যর্থনার উপযুক্ত আয়োজন করিলেন। অতএব স্বামীজী যথন হায়দরাবাদ রেল স্কোননে নামিলেন তখন তিনি দেখিয়া আশ্রহান্তিত হইয়াছেন, পাঁচশত ভদ্রলোক তাঁহাকে স্বাগত জানাইবার জন্ম প্রাটফর্মেউপস্থিত হইয়াছেন, আর তাঁহাদের মধ্যে আছেন নিজাম-দরবারের বহু খ্যাতনামা ব্যক্তি, সম্লাস্থ ও

ধনী নাগরিক, বণিক, লব্ধকীতি ব্যবহারজীবী ও পণ্ডিত। ইহাদের মধ্যে ছিলেন, রাজা বাহাত্ব শ্রীনিবাদ রাও, মহারাজ বাহাত্ব রক্তা রাও, পণ্ডিত রতনলাল, কাপ্তান রমুনাথ, সামস্থল-উলেমা সৈয়দ আলি বিলগ্রামী, নবাব বাহাছর ইমাদ নওয়াজ জঙ্গ, নবাব বাহাত্ব সিকন্দর নওয়াজ জঙ্গ, মি: এইচ. দোরাবজ্ঞী, মিঃ এফ. এস. মাণ্ডন, রায় হুকুম চাঁদ, শেঠ চতুভূজি, শেঠ মোতিলাল এবং পূর্বোক্ত শ্রীযুক্ত মধুস্থদন চট্টোপাধ্যায় ও তাঁহার পুত্র শ্রীযুক্ত কালীচরণ চট্টোপাধ্যায়। কালীচরণবাবু স্বামীজীকে কলিকাতায় থাকিতেই চিনিতেন, অতএব তিনিই অগ্রসর হইয়া সকলের সহিত তাঁহার পরিচয় করাইয়া দিলেন। স্বামীজীকে তথন মাল্য ও পুষ্পে বিভূষিত করা হইল। ঐ দিন তথায় উপস্থিত এক প্রত্যক্ষ-দ্রষ্টা লিথিয়াছিলেন, "সামীজী তথন একজন বেশ বলিষ্ঠ যুবক-—পর্মহংসের বেশে কমণ্ডলুহন্তে একথানি প্রথম শ্রেণীর কামরা হইতে নামিলেন। তাঁহাকে মধুস্দনবাবুর বাঙ্গলোয় লইয়া যাওয়া হইল এবং অনেক ভদ্রলোক তাঁহার সঙ্গে সঙ্গে তথায় গেলেন। যাঁহারা স্টেশনে ঘাইতে পারেন নাই, তাঁহারা বাঙ্গলোতে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলেন। কোন সন্নাদীকে স্বাগত জ্ঞানাইবার জন্ম এরূপ লোকসমাগম আমরা পূর্বে কথনও দেখি নাই—এ ছিল এক জমকালো অভার্থনা।"

১১ই ফেব্রুয়ারি সকালে সিকেন্দ্রাবাদের একশত জন হিন্দু সমবেতভাবে ফল, মিষ্টান্ন ও হ্র্ম্ম লইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন এবং তত্ত্রতা মহব্ব মহাবিভালয়ে বক্তৃতা দিতে অফুরোধ করিলেন। স্বামী জী ১৩ই তারিথে বক্তৃতা দিতে সম্মত হইলেন। অতঃপর তিনি কালীচরণবাব্র সহিত্ত গাড়ী করিয়া গোলকুণ্ডার ইতিহাস-প্রসিদ্ধ হুর্গ দেখিতে গেলেন। বাসস্থানে ফিরিয়া তিনি দেখিলেন, হায়দরাধিপতির ভালক নবাব বাহাত্ত্র স্থার খুরশিদ জা, আমির-ইক্বির মহাশয়ের প্রাইভেট সেক্রেটারী একজন ভ্তাকে পত্রসহ তাঁহার নিকট পাঠাইয়াছেন। ঐ পত্রে অফুরোধ করা হইয়াছে, তিনি বেন পরদিন সকালে রাজপ্রাসাদে আগমন করেন। যথাকালে কালীচরণবাব্র সহিত্ত তথায় উপস্থিত হইলে নবাব বাহাত্রের এইড-ভি-কং তাঁহাকে অভ্যর্থনা জানাইলেন। নবাব খুরশিদ জা ধর্মবিষয়ে অতি উদারভাবাপন্ন হিলেন এবং তিনি হিমালয় হইতে ক্যাকুমারী পর্যন্ত হিন্দের প্রধান তীর্থগুলি সম্রেছ্রদয়ে দর্শন করিয়া আসিয়াছিলেন। তিনি স্বামীজীকে সাদরে গ্রহণ করিলেন। তাঁহাদের মধ্যে ত্ই ঘণ্টা

वािेेे जानां अनत्व वािे कि हिन्, हेननाम ७ वृष्टीय धर्मत मर्भकथा नश्रक्ष সারগর্ড আলোচনা করিলেন। নবাব বাহাত্বর হিন্দুদের সাকারোপাসনার বিরোধী এবং নিষ্ঠাবান মুসলমান হিসাবে নিরাকারোপাসনারই পক্ষপাতী ছিলেন। স্বামীঙ্গী এই বিরোধ সমাধানেরও চেষ্টা করিলেন। ভগবদ্ধারণায় ক্রমবিকাশের ধারা পর্যালোচনা করিয়া তিনি দেখাইয়া দিলেন যে, এমন একটা স্তর আছে ষেখানে মাহ্রষ মানবীয় চিন্তাধারা ও মানবীয় চিন্তাশক্তি অনুসারে ভগবানকে সগুণ ও শাকার বলিয়া ভাবিতে বাধ্য এবং এরপ ভাবনার একটা শার্থকতাও আছে। তিনি আরও দেখাইয়া দিলেন, হিন্দুধর্ম ব্যতীত অপর স্কল ধর্মই একজন ধর্ম-প্রতিষ্ঠাতার মুখাপেক্ষী, কিন্তু বেদাস্তমত ব্যক্তিনিরপেক্ষ তথ্যের উপর্ নির্ভর করে এবং এই ভিত্তিতেই উহা বিশ্বধর্ম হইবার দাবি রাখে। চিস্তারাজ্যের উর্ধ্বাত্যূর্ধ্ব স্তরে আরোহণ করিয়া স্বামীন্ধী নবাব বাহাতুরের মনে এই প্রত্যয় জাগাইলেন যে, মানবের ভগবদুদ্ধি প্রভৃতি যাহা কিছু আধ্যাত্মিক বিখাদ দেখা ষায়, তাহা মানবপ্রকৃতির গভীরতম প্রদেশ হইতে সত্য-সাক্ষাৎকারের ফলেই উদ্ভত হইয়াছে। তাঁহার মতে সকল আদর্শই সত্য এবং বিভিন্ন ধর্ম সেই আদর্শ লাভের বিচিত্র উপায় ব্যতীত আর কিছুই নহে। আর ঐ পথামুসরণে মানবের আগ্রহবৃদ্ধির দঙ্গে দঙ্গে অন্তর্নিহিত দেবত্বও অধিকাধিক বিকশিত হইতে থাকে। অতঃপর বেদাস্তোক্ত পরব্রহ্মতত্ত্বের কথা উত্থাপন করিয়া তিনি দেখাইলেন, ভগবানের স্ট জীবকুলের মধ্যে মাহুষই সর্বপ্রেট, কারণ অধ্যাত্মভাবে প্রভাবিত মানববুদ্ধির মাধ্যমেই জগতের সর্বপ্রকার উচ্চতত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, এবং তদবলম্বনেই মাত্র্য তাহার সসীমতাকে অতিক্রমপূর্বক দেবত্বে আরুচ হইয়াছে। অবশেষে তিনি পাশ্চান্তা দেশে যাইয়া সনাতন সৰ্বজনীন ধৰ্মপ্ৰচাৱের অভিলাষ ব্যক্ত করিলেন। নবাব বাহাত্বর তাঁহার বাগ্মিতায় মুগ্ধ হইয়া বলিলেন, "স্বামীন্দ্রী, আমি স্বাপনার এই প্রচেষ্টার জন্ম এক হাজার টাকা দিতে প্রস্তুত আছি।" কিন্তু স্বামীজী তথনই ঐ অর্থ গ্রহণে অসমতে জানাইয়া বলিলেন, তিনি যখন সত্য সতাই যাত্রার জন্ম প্রস্তুত হইবেন, তখন উহা চাহিয়া লইবেন।

ইহার পর ১২ই ক্ষেক্রয়ারি তিনি হায়দরাবাদের কয়েকটি দ্রষ্টব্য স্থান— মকা-মদজিদ, মার-মিনার, ফলক-নামা, বদীর বাগ, নিজামের প্রাদাদাবলী ও অক্ত কয়েকটি দর্শনীয় হর্ম্যাদি দেখিয়া লইলেন।

১৩ই কেব্রুমারি পুর্বাহে তিনি পুর্বব্যবস্থামুযায়ী হায়দরাবাদের প্রধান মন্ত্রী

স্থার আশমান জা, রাজ্যের পেশকার মহারাজ বাহাত্ব নরেন্দ্র কৃষ্ণ এবং মহারাজ বাহাত্ব শিউ রাজের সহিত দেখা করিলেন। ইহারা প্রত্যেকেই তাঁহার প্রচারকার্যে সহায়তা করিবার প্রতিশ্রুতি দিলেন। অপরাহ্নে মহব্ব মহাবিত্যালয়ে 'আমার পাশ্চাত্ত্য-গমনের উদ্দেশ্য' বিষয়ে তাঁহার যে বক্তৃতা হইল, তাহাতে পণ্ডিত রতনলাল সভাপতির আসন অলঙ্কত করিলেন। অনেক ইউরোপীয় ভ্রুলোকসহ সহস্রাধিক শ্রোতা সভায় উপস্থিত ছিলেন। স্বামীজীর ইংরেজী ভাষায় অধিকার, পাণ্ডিত্য, বাগ্-বিক্যাস-মাধ্য ও ভাষণভঙ্গীতে সকলেই আহলাদিত হইলেন।

পরদিন বেগমবাজারের বণিকগণ শ্রীযুক্ত শেঠ মোতিলালের নেতৃত্বে তাঁহার সহিত দাক্ষাৎ করিয়া জানাইলেন, তাঁহারা তাঁহাকে দাহায় করিতে প্রস্তুত। স্থানীয় থিয়োদফিক্যাল দোদাইটি এবং দংস্কৃত ধর্মমণ্ডল দভার কোন কোন দভাও দেখা করিতে আদিলেন। ১৫ই ফেব্রুয়ারি পুনা হইতে তাঁহার নামে একখানি টেলিগ্রাম আদিল, তাহাতে পুনার বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ হইতে গণ্যমান্ত নাগরিকগণ তাহাকে তথায় যাইতে অফুরোধ করিয়াছিলেন। উত্তরে স্থামীজী জানাইয়া দিলেন, তাঁহার পক্ষে তথনই যাওয়া সম্ভব হইবে না, ভবিন্ততে চেষ্টা করিয়া দেখিবেন।

হায়দরাবাদেই তিনি তথন একজন যোগীর দর্শন পাইয়াছিলেন যিনি অঙ্জ যৌগিক শক্তির অধিকারী ছিলেন। তিনি পণ্ডিত ও জাতিতে ব্রাহ্মণ ছিলেন, কিন্তু সংসারত্যাগপুর্বক যোগাভ্যাদের ফলে বহু যোগবিভৃতির অধিকারী হইয়াছিলেন। স্বামীজী বন্ধুগণসমভিব্যাহারে যোগীর সমীপে আদিয়া দেখিলেন, তিনি প্রবল জরে শধ্যাগত। সন্ন্যাসীকে সমাগত দেখিয়া শ্রন্ধাবান যোগী তাহাকে নিজ সকাশে ডাকিয়া বসাইলেন এবং সন্ন্যাসীর দেহলক্ষণ-দর্শনে তাহাকে উচ্চ আধ্যাত্মিক শক্তিসম্পন্ন বুঝিয়া অন্ধরোধ করিলেন, তিনি যেন তাহার মস্তকে হন্তার্পণপূর্বক আশীর্বাদ করেন, তাহা হইলেই জ্বর সারিয়া যাইবে। স্বামীজীর নিজের মনোভাব ঐ সময়ে যাহাই হউক না কেন, ব্যাপারটা কতদ্র গড়ায় দেখিবার জন্ম কুতৃহলবশে তিনি যোগীর মাথায় হাত বুলাইয়া দিলেন, আর যোগীও অমৃনি উঠিয়া বসিলেন। তথন স্বামীজী তাহাকে বলিলেন, "আমাকে আপনার সিদ্ধাই দেখাতে হবে।" যোগী রাজী হইলে তাহারই ইচ্ছান্থসারে স্বামীজী ও তাহার সন্ধীরা যোগীর দেহের ব্রাাদি উন্মোচিত করিয়া

তাঁহাকে নিজেদেরই একথানি কম্বলে ঢাকিয়া দিলেন। যোগী ঘরের এক কোণে विशासन अवर नैकिन स्माज़ा काथ काँदात छेलत नका ताथिन। जिनि विनासन, "যে যা চান, কাগজে লিখে ফেলুন।" সে অঞ্চলে তথন ফলে না, এমন সব ফলের নাম তাঁহারা লিথিলেন—আঙ্গুর, কমলা লেবু ইত্যাদি। লেখার পর কাগঞ্জুলি তাঁহাকে দেওয়া হইলে তিনি কম্বলের মধ্য হইতে প্রত্যেকের ফরমাশ মতো টাটকা ফল বাহির করিতে লাগিলেন। এত ফল জমিয়া গেল যে, উহা যোগীর দেহের ওজনের দিগুণ হইবে। সেসব তিনি তাঁহাদের খাইতে বলিলেন: কিন্তু আগস্কুকরা ইতন্ততঃ করিতেছেন দেখিয়া তিনি নিজেই থাইতে আরম্ভ করিলেন: তথন অপরেরাও উহা মূথে দিয়া দেখেন, ফলগুলি বেশ স্বস্বাত্ত্ব; সেগুলি আ্মাসল ফল। সবশেষে তিনি একরাশি গোলাপ ফুল বাহির করিলেন-সবগুলি ফুলই নিথুঁত ও সত্যংশিশিরসিক্ত। কি করিয়া ইহা সম্ভব হইল জানিতে চাহিলে তিনি বলিলেন, "সবই হাত-সাফাই-এর ব্যাপাব।" কালিফর্নিয়ায় 'মনের শক্তি' বিষয়ক এক বক্ততা প্রদানকালে স্বামীজী স্বয়ং এই ঘটনাটি বিবৃত করেন। ('বাণী ও রচনা' এ৪০০-২)। ঐ বক্ততাকালেই তিনি আর একজন মনঃশক্তি-সম্পন্ন ব্যক্তির কথা বলিয়াছিলেন, যিনি অপরের মনের কথা বলিয়া দিতে পারিতেন, মনে মনে কোন প্রশ্ন ভাবিয়া তাঁহার নিকট গেলে প্রশ্ন না শুনিয়াও উত্তর বলিয়া দিতেন। ঐ ব্যক্তির নিকট গেলে তিনি একখণ্ড কাগজে কিছু লিথিয়া উহা ভাঁজ করিয়া স্বামীক্ষীর হাতে দিলেন এবং স্বামীজীকে বলিলেন তিনি যেন মোডকটির উপর নিজের নাম সহি করিয়া পকেটে রাথিয়া দেন: ষ্থাকালে খুলিতে বলিলে খুলিবেন। উপস্থিত অপর সকলকেই তিনি অমুক্সপ कांशक मिरलम এবং ঐভাবেই রাখিয়া দিতে বলিলেন। অবশেষে বলিলেন, আপনারা যে-কোন ভাষায় চিন্তা করুন। স্বামীজী সংস্কৃতে চিন্তা করিলেন; ঐ ব্যক্তি সংষ্কৃত জানিতেন না। কথা ভাবিবার পর ঐ ব্যক্তি স্বামীজীকে বলিলেন পকেটের কাগদ্ধ খুলিয়া দেখন। স্বামীন্ত্রী দেখিলেন—তিনি এক্ষণে যে কথা ভাবিলেন, ঐ বাক্তি পূর্ব হইতেই উহা জানিয়া লইয়া লিখিয়া রাখিয়াছেন। অপরদের ক্ষেত্রেও অফুরূপ মিলিয়া গেল; বহু অজানা ভাষায় তাঁহারাও ভাবিয়া-ছিলেন, কিন্তু ঐ ব্যক্তি পূর্ব হইতেই সব জানিয়া রাখিয়াছিলেন।

১৬ই ক্ষেক্রয়ারি স্বামীজী হিন্দু-মন্দিরাদির ধ্বংসাবশেষ, বাবা সরাফউদ্দীনের ক্বর ও স্থার সালারজ্ঞকের প্রাসাদ দেখিলেন। ১৭ই ফেব্রুয়ারি তিনি মাদ্রাজ্ঞে ফিরিয়া ষাইবার জন্ম রেল ন্টেশনে আসিলে সহস্রাধিক ব্যক্তি সেধানে তাঁহাকে বিদায়াভিনন্দন জানাইলেন। শ্রীযুক্ত কালীচরণবাবু লিথিয়াছেন, "তাঁহার পবিত্রতামণ্ডিত সারল্য, সর্বাবস্থায় আত্মসংযম এবং গভীর অন্তর্মু থভাব হায়দরাবাদ-বাদীদের হৃদয়ে চিরজীবনেব মতে। শ্বতিচিহ্ন অদ্বিত করিয়া দিয়াছিল।"।

মাদ্রাক্তে প্রত্যাগত স্বামীজীকে তাঁহার ভক্তগণ স্টেশনে উপস্থিত থাকিয়া স্বাগত সম্ভাষণ জানাইলেন। এবারে তিনি অধিকতর আত্মবিশ্বাস লইয়া ফিরিয়াছিলেন, কারণ মহব্ব মহাবিত্যালয়ে তিনি স্বীয় বাক্শক্তির স্বরূপের ও সাফল্যের পরিচয় পাইয়াছিলেন। ঘরোয়া বৈঠকে যেমন, বিরাট জনসভায়ও তেমনি তিনি এখন শ্রোতাদের মনে স্বীয় প্রভাব বিস্তারে সিদ্ধহস্ত। সত্যকথা বলিতে কি, ইতিপূর্বে তিনি বেলগাঁওয়ে হরিপদ মিত্র মহাশয়কে বলিয়াই আসিয়াছিলেন যে, শ্রোত্মগুলী বৃহদাকার হইলে বক্তার অস্তঃশক্তিও অধিকতর বিকাশলাভ করে। তবু আপাততঃ তিনি পুন্র্বার তাঁহার পুরাতন ধারায় বন্ধুবান্ধব ও ভক্তদের সহিত আলাপ-আলোচনা ওধর্মপ্রসঙ্গাদিতেই দিন কাটাইতে লাগিলেন। তাঁহার কথার বিষয় ছিল অনস্ত, আর ভক্ত সমাগমও ক্রমেই বাড়িয়া চলিয়াছিল।

এদিকে দিন যেমন কাটিতে লাগিল, আমেরিকাগমনের চিন্তা-ভাবনা বেন তেমনি বর্ধিত হইতে থাকিল। কথনও বিদেশে অনিশ্চরতার কথা ভাবিয়া তিনি অতিশয় নিপীড়িত হইতেন, এবং কথনও বা নৃতন অভিজ্ঞতালাভ ও তাঁহার কার্যক্ষেত্রের প্রসারের আশায় তিনি আনন্দে উৎফুল্ল হইতেন। মধ্যে মধ্যে তাঁহার অন্তর্গামী যেন তাঁহাকে বলিয়া দিতেন, তাঁহার জন্ম নবীন পটভূমিকা রচিত হইতেছে, তাঁহার সাফল্য অনিবার্থ—বিশ্ববাসী শ্রীরামরুফের বাণী, ভারতের শাশত উদারবার্তা অবশ্র প্রবণ করিবে। তাঁহার আশা ও উৎসাহের স্পর্শ ভক্তহৃদয়েও উদ্দীপনা জাগাইল এবং তাঁহারা পুনর্বার অর্থস্যান গুণরাশিতে মৃশ্ব হইয়াই প্ররপ করিলেন, তাঁহারা যে শুধু তাঁহার দৃশ্যমান গুণরাশিতে মৃশ্ব হইয়াই প্ররপ করিলেন তাহা নহে, তাঁহারাও যেন অন্তরে অন্তরে জানিতে পারিলেন, ইনি বিধাতার বরপুত্র, সাফল্য ইহার ললাটে দৃঢ়ান্ধিত। অথচ শ্রীরামরুক্ষ তাঁহার সম্বন্ধে যেসব চমকপ্রদ ভবিয়্বাণী করিয়াছিলেন, তাহার কিছুই তাঁহারা জানিতেন না, স্বামীজীও তাঁহাদিগকে বলেন নাই। শ্রীযুক্ত ব্যাসরাও লিধিয়াছেন, "জগৎ যথন স্বামীজীকে আবিষ্কার করিল, তাহারই সমকালে শ্রীরামন্বক্ষের দেহত্যাগের আট বৎসর পরে তাঁহাকেও আবিষ্কার করিল। শিল্য

বিবেকানন্দের মাধ্যমেই জগৎ তাঁহার গুরু জীরামক্রফকে চিনিল। এবং এই অভুতকর্মা যুবক সন্ন্যাসীর কথাতেই সকলে মানিয়। লইল যে, তিনি জীরামক্রফ সন্থক্ষে যাহা কিছু বলিতেছেন সবই সত্য। জীরামক্রফের শক্তি পশ্চাতে আছে বলিয়াই যে স্বামী বিবেকানন্দ সম্বন্ধে আশা পোষণ করা হইয়াছিল, তাহা মোটেই নহে, বরং অজ্ঞাতকুলশীল হইলেও বিবেকানন্দ সম্বন্ধে মাদ্রাজ্ঞবাসীরা যাহা স্বচক্ষে দেখিয়াছিল, তাহারই ফলে বিবেকানন্দকেই কেন্দ্র করিয়। তাহাদের আশা উজ্জীবিত হইয়াছিল।"

মার্চ ও এপ্রিল মালে অর্থ সংগ্রহের জন্ম ভক্তগণ বিশেষ পরিশ্রম করিতে লাগিলেন, এমন কি এই উদ্দেশ্যে কেহ কেহ মহীশুর, রামনাদ ও হায়দরাবাদেও বেগলেন। অভাবতই তাঁহারা আমীজীর শিশু বা অহুরাগী বন্ধুদের গৃহে আর্থম উপস্থিত হইলেন, আর অর্থসংগ্রাহকদের মধ্যে মুখ্যস্থান গ্রহণ করিলেন আলাসিকা পেরুমল। ইনি স্বামীন্ধীর একান্ত অন্তুগত ছিলেন এবং উদ্দেশ্সনাধনার্থ দ্বারে चारत जिक्का करियाहितन वनितन्छ हत्न । हिन छ हैहातह महहत युवकमधनीहे অধিকাংশ অর্থ সংগ্রহ করিয়াছিলেন, আর ইহারা প্রধানতঃ মধ্যবিত্ত শ্রেণীর निक्टेरे जिक्का চारियाहित्तन, कार्य श्रामीको ठारानिगरक वित्रा नियाहित्तन, "মায়ের যদি অভিপ্রায় হয় যে, আমায় যেতে হবে, তবে আমার প্রয়োজনীয় অর্থ গরীবদের কাছ থেকে আম্বক; কেননা আমি তো ভারতীয় জনতারই জন্ত বিদেশে যাচ্ছি—ভারতীয় জনতা ও দরিত্রেরই জন্ম।" বিদেশযাত্রা-বিষয়ে স্বামীজী কিন্তু তথনও তাঁহার অন্তর্ঘৰ হইতে সম্পূর্ণ মুক্ত হন নাই। আমরা পুর্বেই দেখিয়াছি, তিনি হায়দরাবাদ গমনের পুর্বে জগজ্জননীর অভিপ্রায় আদায় করিবার জন্ত বন্ধপরিকর হইয়াছিলেন। তথা হইতে ফিরিয়া যথন শিশুদের ঐকান্তিক যত্ন ও কিঞ্চিৎ সাফল্যের পরিচয় পাইলেন, তথন ভাবিলেন, "এদের এই তৎপরতাই হয়তো মায়ের অভিপ্রায়ের প্রথম ইঙ্গিত।" এই প্রকারে তিনি विरागमाजात প্রয়োজন ও ফল मधरक অনেকটা নিঃদন্দিম হইলেও তথনও যেন কি এক কারণে একটা অনিশ্চয়তা কাটাইয়া উঠিতে পারিতেছিলেন না।

এই মানসিক অবস্থা হইতে ত্রাণ পাইবার জন্ম তিনি স্পষ্টতর ঈশরনির্দেশের অপেক্ষায় রহিলেন, আর জগন্মাতা ও শ্রীরামক্তফের নিকট ঐ উদ্দেশ্যে প্রার্থনা করিতে থাকিলেন। মানবীয় বিচারে তাঁহার মন উদ্দেশ্যবিষয়ে সন্দেহমুক্ত হইলেও তিনি ভগবদ্ধযোদনের প্রত্যক্ষ প্রমাণের জন্ম লালায়িত রহিলেন। দিন

কমেক পরে তিনি অর্ধনিস্তিত অবস্থায় শহ্যায় পড়িয়া আছেন, এমন সময় স্বপ্পে সে প্রমাণ পাইলেন। তিনি দেখিলেন, শ্রীরামকৃষ্ণ সম্মুখে বিস্তৃত মহাসাগরের একুল হইতে সমুদ্রে অবতরণ করিয়া পদব্রজে অপর কুলাভিমুখে চলিয়াছেন এবং তাঁহাকেও অগ্রসর হইতে ইন্দিত করিতেছেন। তিনি নিদ্রাত্যাগ করিয়া উঠিলেন এবং তাঁহার প্রাণমন এক অনাবিল শাস্তিতে ভরিয়া গেল, আর তথনও বেন তাঁহার কর্ণে বাজিতে লাগিল এক অশ্রীরী বাণী—"হাও"।

সে অলৌকিক দর্শন তাঁহার হৃদয়ে শক্তিসঞ্চার করিল, এবং তিনি উহা ভগবন্নির্দেশরূপেই গ্রহণ করিলেন। তাঁহার সন্দেহ ও অনিশ্চয়তা দুরীভূত হইল এবং অনির্দিষ্ট নিঃস্বরূপ ভয় হইতেও তিনি মুক্তি পাইলেন। তথাপি পরিব্রাক্ষক-জীবনের আরম্ভকালে তিনি যেমন শ্রীমা সাবদা দেবীর আশীর্বাদ ভিক্ষা কবিয়া-ছিলেন, স্থদূরষাত্রার পুর্বেও তেমনি আশীর্বাদের প্রয়োজন বোধ করিয়া তাঁহাকে ঐজ্ঞ্য একথানি পত্র লিখিলেন ও অন্তরোধ করিলেন, তিনি যেন স্বামীজীর উদ্দেশ্যের কথা গোপন রাথেন। এই পত্র পাইয়া শ্রীমায়ের মনে স্থপতঃখমিশ্রিত চিস্তারাশির দ্বন্দ উপস্থিত হইয়াছিল, ইহা সহজেই অমুমেয়। স্নেহপাত্র স্থপুত্রের সংবাদ তিনি দীর্ঘকাল পান নাই; অতএব এতদিন পরে প্রাপ্ত পত্রখানি থুবই স্থময় ছিল। কিন্তু নরেন্দ্র যে স্বদুরে যাইতে ব্যগ্র ! কি হইবে কবে ফিরিবে---কে জানে ? এরপ ক্ষেত্রে মাতৃহদয়ে প্রথমেই উত্তর উঠে, "না"। শ্রীমায়ের মনেও প্রথমে ঐরপ প্রতিক্রিয়াই হইয়াছিল। কিন্তু নরেন্দ্র সন্থন্ধে ঠাকুরের ভবিগ্রধাণী ম্মরণ করিয়া, এই বিদেশ্যাত্রার মধ্যে একটা বিরাট সম্ভাবনার আভাস পাইয়া এবং নরেন্দ্রের স্বীয় আগ্রহ দেখিয়া তিনি ব্যক্তিগত ভয়ভাবনা, তু:থবিষাদ ইত্যাদি ভূলিয়া গিয়া আশীর্বাদপূর্ণ ও মাতৃত্বলভ উপদেশসংযুক্ত একথানি স্থন্দর লিপি প্রেরণ করিলেন। পত্র পাইয়া স্বামীজী আনন্দে উৎফুল্ল হইলেন-এথন তাঁহার সঙ্কল্প ও ব্রত সফল হইতে বাধ্য।

যাত্রার সমস্ত আয়োজন প্রায় সম্পূর্ণ হইতে চলিয়াছে এমন সময় হঠাৎ থেতড়ী-রাজের প্রাইভেট সেক্রেটারী মৃশী জগমোহন লাল মাদ্রাজে উপস্থিত হইলেন। আমরা জানি, ১৮৯১ খুটান্বের অক্টোবর মাসের শেষভাগ পর্যন্ত কিছুদিন স্বামীজী থেতড়ী-রাজপ্রাসাদে ছিলেন। ঐ সময়ে রাজা পুত্রলাভের জক্ত স্বামীজীর আশীর্বাদ ভিক্ষা করিয়াছিলেন, এবং স্বামীজীও আশীর্বাদ করিয়াছিলেন। এতদিনে রাজার মনোবাস্থা পূর্ব হইয়াছে, পুত্রম্থদর্শনে উৎফুল রাজা একটি

উৎসবের আয়োজন করিয়াছেন এবং ঐ সময় স্বীয় গুরুদেবকে পাইবার জন্ত সোৎসাহে জগমোহনকে পাঠাইয়াছেন। ময়থবাব্র গৃহে জগমোহন লাল যথন স্বামীজীর সহিত সাক্ষাৎ করিলেন, তথন স্বামীজী সাক্ষরে জিজ্ঞাসা করিলেন, তাঁহার এই অকস্মাৎ আগমনের কারণ কি ? জগমোহন স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিলে স্বামীজী বলিলেন, "দেথ জগমোহন, আমি একমাস পরে" ৩১শে মে আমেরিকা যাবার জন্ত প্রস্তুত হচ্ছি, এসময় কেমন করে মহারাজের সঙ্গে দেখা করতে যাব ?" জগমোহন তবু নিরস্ত না হইয়া বলিলেন, "স্বামীজী, একদিনের জন্ত হলেও আপনাকে অবশ্রই থেতড়ীতে আসতে হবে। আপনি না এলে রাজাজী নৈরাশ্রে অবসয় হয়ে পড়বেন। আর পাশ্চান্তো যাবার বন্দোবস্ত নিয়ে আপনাকে উদ্বিয় হতে হবে না; মহারাজ নিজে সব ঠিক করে দেঘেন। আপনাকে কিন্তু আসতেই হবে।" অগত্যা স্বামীজী সম্বত হইলেন।

খেতড়ী যাইবার পথে স্বামীন্ধী বাপিদানা, বোমে ও জয়পুরে নামিয়াছিলেন। বোম্বেতে তিনি কোথায় অবস্থান করেন ও কি করেন, ইত্যাদি সঠিক নির্ণয় করা ত্ব:সাধ্য হইলেও এইসব বিষয়ে একটু আলোচনা আবশ্যক। তিনি সেথানে কি করিয়াছিলেন, এই বিষয়টি আমরা এই অধ্যায়ের শেষে ধরিব: আপাতত: অক্তান্ত বিষয়ের কথা বলি। স্বামী ব্রহ্মানন্দ ও তুরীয়ানন্দের জীবনী আলোচনা করিলে জানিতে পারা যায় যে, তাঁহারা পশ্চিমোত্তর ভারতে তপস্থা ও তীর্থদর্শনাম্বে করাচী হইতে জাহাজে চড়িয়া বোম্বেতে আদেন এবং দেখানে স্বামীজীর দহিত তাঁহাদের মিলন হয়। হয়তো শ্রীরামক্ষণশিয় কালীপদ ঘোষ বা 'দানা কালী'র গতে মিলন ঘটিয়া থাকিবে; কারণ কালীপদ তথন কাগজের ব্যবসায়ী জন ডিকিন্সন কোম্পানীর প্রতিনিধি হিসাবে সেথানে থাকিতেন। যাহা হউক, হুই-চারি দিন পরেই এই হুই গুরুভাতা ও জগমোহন লালের সহিত স্বামীজী ট্রেনে করিয়া জয়পুর যাত্রা করিলেন। পথে আবু রোডে ব্রহ্মানন্দ ও তুরীয়ানন্দ নামিয়া পড়িলেন—তাঁহাদের গন্তব্যস্থল ছিল আবু। এই ভ্রমণ বিষয়ে খেডড়ী इटेट सामी की क्रनागर एवं राज्यान श्रीयुक हतिमान विहातीमानरक निथिया हिलन, "অপর যে তুইজন স্বামীজী গতবারে জুনাগড়ে আপনার নিকট গিয়েছিলেন তাঁদের সম্বন্ধে বক্তব্য এই যে, তাঁরা আমার গুরুভাই।…তাঁদের সঙ্গে তিন বৎসর

৩। ইহা ইংরেজী জীবনীর মত, পরের পাদটীকা ক্রষ্টব্য

পরে দেখা হয় এবং আমরা সকলে আবু পর্যন্ত একসঙ্গে এসে ওখানে ওদের ছেড়ে এসেছি।" ('বাণী ও রচনা', ৬।৩৫২)। মুন্দী জগমোহন লালের পরিচয়প্রসঙ্গে তিনি ২২শে মে তারিখের পত্তে লিখিয়াছিলেন, "রাজপুতানার জনসাধারণ যে শ্রেণীর লোককে 'তাজিমি সরদার' বলিয়া অভিহিত করিয়া থাকে এবং বাহাদের অভ্যর্থনার জন্ম হয়ং রাজাকেও আসনত্যাগ করিয়া উঠিতে হয়, ইনি সেই সরদার-শ্রেণীর লোক। অথচ ইনি এত অনাড়ম্বর এবং এমনভাবে আমার সেবা করেন যে, আমি সময় সময় অত্যন্ত লজ্জা বোধ করি।" (ঐ, ৩৪৯)।

স্বামীজী জগমোহন লালের সহিত সম্ভবত: ১৫ই এপ্রিল বা ঐরূপ কোনও একদিন রেওয়ারী পৌছিলেন; রেওয়ারী হইতে থেতড়ী পৌছিতে তথনকার দিনে প্রায় এক সপ্তাহ লাগিত। খেতড়ী-রাজ্যের দিনলিপি হইতে প্রকাশ, স্বামীস্কী ২১শে এপ্রিল থেতড়ী পৌছিয়াছিলেন। পেই দিন ইইতে ১ই মে প্রয়ন্ত সেখানে অবস্থান করিয়া তিনি পুনর্বার মুন্সী জগমোহন লালের সহিত ১০ই মে থেতড়ী ত্যাগ করেন। স্বামীজী যথন খেতড়ীতে পৌছিলেন, তথন রাজকুমার জয় সিংহের জন্মোৎসব চলিতেছে। দাঘিতে (তলাব) নৌকা-বিহার, উহার তীরে নুত্য-গীত, আতশবাজি ইত্যাদি বহু প্রকার আমোদ-আহলাদের আয়োজন হইয়াছে। স্বামীক্ষী এই উৎসবক্ষেত্রে উপনীত হইলে খেতড়ী-রাজ অপর সকলের সহিত দ্ভায়মান হইয়া স্বামীজীকে অভার্থনা জানাইলেন, এবং রাজা তাঁহার পাদপদ্মে সাষ্টাক প্রণাম করিয়া নজর হিসাবে পচিশ টাকা অর্পণ করিলেন। অতঃপর রাত্রি দশটায় গজাবোহণে স্বামীজী, খেতড়ী-রাজ ও অপর সম্ভ্রাস্ত ব্যক্তিগণ রাজবাটীর বহিস্প্রান্তে অবস্থিত উত্তানে আসিলেন ও সেথানে অবতরণ করিলেন। ইহার পর স্বামীজী রাজার সহিত 'ছবিনিবাদে' বসিয়া রাত্তি এগারটা পর্যন্ত গল্পগুজুব করিলেন। অতঃপর একত্র আহারান্তে তাঁহারা রাত্রি বারোটায় নিজ নিজ শয়ন-কক্ষে চলিয়া গেলেন। এইভাবে আলাপ ও উৎস্বাদিতে ক্ষেক্দিন অভীত হইল। ১ই মে রাজকুমারকে আশীর্বাদ করিবার জন্ম স্বামীক্ষীকে 'দেওড়ী' বা মহিলাদের বাসস্থানে লইয়া যাওয়া হইল; তিনিও প্রাণ খুলিয়া তাহাকে আশী-

৪। এই তারিখগুলিকে ঠিক ধরিলে মুশী জগমোহন লাল মাল্রাজে পৌছিয়াছিলেন এপ্রিলের প্রথম সপ্তাহে, অর্থাৎ স্বামীজীর বিদেশ-বাত্রার প্রায় ছই মাস পূর্বে। Swami Vivekananda—B.
 S. Sarma p. 92.

বাদ করিলেন । পরদিন ১০ই মে স্বামীজী পালকিতে চড়িয়া থেতড়ী ত্যাগ করিলেন । মৃশীজী বোম্বে পর্যন্ত বাইবেন বলিয়া তাঁহার সঙ্গে চলিলেন । রাজা অজিত সিংহও তাঁহার সহিত জয়পুর পর্যন্ত গেলেন । স্বামীজী এতদিন বিভিন্ন কালে বিভিন্ন নামে আত্মপরিচয় দিয়াছেন ; থেতড়ী আসার পূর্বে তিনি সচ্চিদানন্দ নামটি ব্যবহার করিতেছিলেন । থেতড়ী হইতে বিদায়ের পূর্বে রাজা তাঁহার বিদায়-সম্ভাষণের জন্ম দরবার আহ্বান করিলেন এবং সেথানে তাঁহাকে অতংপর বিবেকানন্দ নামে আত্মপরিচয় দিতে এবং ঐ নৃতন নাম পরিবর্তিত না করিতে অম্বরোধ করিলেন । এই নামেই তিনি ইহার পর জগছরেণ্য হইয়াছিলেন, আমরাও এখন হইতে এই নামই ব্যবহার করিব।

জয়পুরের একটি ঘটনা বিশেষ মর্মস্পর্শী; উহাতে যেন স্বামীজীর একটা নৃতন দিকে চক্ষু খুলিয়া গেল। এক সন্ধ্যায় এক নর্তকী গান গাহিয়া রাজার চিন্তবিনাদন করিতেছিল। সঙ্গীতের আরম্ভকালে স্বামীজী আপনার তাঁবৃতেছিলেন; রাজা তাঁহাকে সঙ্গীতাসরে আসিবার জন্ত খবর পাঠাইলেন। স্বামীজী কিন্তু বলিয়া পাঠাইলেন, সন্ধ্যাসীর পক্ষে ঐরপ আসরে উপস্থিত থাকা অম্বুচিত। গায়িকা ইহা শুনিয়া খুবই মর্মাহত হইল, এবং স্বামীজীর কথার প্রত্যুত্তরচ্ছলেই যেন গান ধরিল—

হমারে প্রভূ অবগুণ চিত ন ধরো,
সমদরশী হায় নাম তিহারো, অব মোহি পার করো ॥
ইক লোহা পূজামেঁ রাখত, ইক ঘর বিধিক পরো,
পারস গুণ অবগুণ নহিঁ চিতবৈ কঞ্চন করত খরো ॥
এক নদিয়া ইক নার কহাবত, মৈলো হি নীর ভরো,
জব দোউ মিলি এক বরন ভয়ে স্বরসরি নাম পরো ॥
যহ মায়া ভ্রম জাল নিবারো, স্বরদাস সগরো,
অবকী বের মোহি পার উতারো নহিঁ প্রন জাত টরো ॥

-Swami Vivekananda A Forgotten Chapter, page 62

এ জীবনীকারদের মতে—প্রথম দিনই সমাগত সকলের সম্মুথে 'সভামধ্যে' নবজাত কুমারকে
আনা হইল; "তিনি তাহার মন্তকে হন্তরক্ষা করিয়া কল্যাণবাক্য উচ্চারণ করিলে চতুর্দিকে আনন্দের
কলরোল উথিত হইল।" শেব দিনের (>ই মের) ঘটনার জন্ম আমরা বেণী শহরজীর নিকট ক্লী।

শঙ্গীতটি স্বামীজীর হানয় আকুল করিয়া তুলিল; সঙ্গীতের মধ্য দিয়া বাইজী বেন তাঁহাকে এক অবহেলিত সতা শ্বরণ করাইয়া দিতেছিল—জগতে ব্রহ্ম ব্যতীত দিতীয় বস্তু নাই, "সর্বং থলিং ব্রহ্ম", সর্ববস্তুর পশ্চাতে এক অভিন্ন ব্রহ্মসন্তা বিরাজিত, এমন কি ঘুণীতা নারীতেও তিনিই বিজ্ঞমান। অতএব স্বামীজী আসবে আসিয়া সকলের মধ্যে উপবিষ্ট হইলেন। এই ঘটনার উল্লেখ করিয়া তিনি পরে বলিয়াছিলেন, "গানটি শুনে আমার মনে হলো, এই কি আমার সন্ধ্যাস? আমি সন্ধ্যাসী, অথচ আমার ও এই নারীর মধ্যে আমার ভেদজ্ঞান রয়ে গেছে; সে ঘটনাতে আমার চোথ খুলে গেল। সর্ববস্তু সেই একই সন্তার অভিব্যক্তি জেনে আমার আর কাউকে নিন্দা করার জো ছিল না।"

জয়পুরে অতি বিষাদগ্রন্ত-হদয়ে অজিতসিংহ স্বামীজীকে বিদায় দিলেন।
তারপর মৃলীজীর সহিত স্বামীজী আবৃ রোডে উপস্থিত হইয়া পুর্বপরিচিত এক
রেল কর্মচারীর বাসায় রা অিয়াপন করিলেন। এখানে আবৃ পাহাড় হইতে আগত
স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী তুরীয়ানন্দের সহিত তাঁহার পুনর্মিলন ঘটিলে সকলে
সানন্দে অনেকক্ষণ বার্তালাপ ও ভাববিনিময়ে কাটাইলেন। গরুর গাড়ীতে
আসিতে গুরুত্রাতৃদয়ের গায়ে ব্যথা হইয়াছে শুনিয়া স্বামীজী বলিলেন,
"গাড়োয়ানকে ছটো পয়সা দিলেই গাড়ীতে খড় বিছিয়ে দিত, কোন কট হত
না।" সর্ববিষয়ে তাঁহার ভয়োদর্শন ও বিবেচনাশক্তি এমনি প্রবল ছিল।

স্বামীজীর সহিত ঐ কালে বার্তালাপ সম্বন্ধে স্বামী তুরীয়ানন (হরি) পরে বলিয়াছিলেন, "সে সময় স্বামীজীর গোটা কয়েক মস্তব্য আমার স্পষ্ট মনে আছে—

৬। এই ঘটনার স্থান-কাল-বৃত্তান্তাদি বিষয়ে মতভেদ আছে। আমরা ইংরেজী জীবনীর অমুসরণ করিয়াছি। বাঙ্গলা জীবনীর মতে ঘটনার স্থান থেতড়ী; তবে পাদটীকার প্রস্থকার লিখিরাছেন, "এই ঘটনাটি সন্থবতঃ থেতড়ী রাজের জয়পুর বাটীতে সংঘটিত হয়।" (১৯৯ পৃঃ, ৩য় সংশ্বরণ)। এই গ্রন্থের মতে স্থামীজী অস্তত্র ধানমগ্র ছিলেন; থেতড়ী-রাজের আহবানে প্রমোদ-উন্তানে আনেন; সেখানে নর্তকীর সঙ্গীতের আয়োজন ছিল। স্থামীজী আসিলে রাজার আদেশে সঙ্গীত আরম্ভ হইবে, এমন সময় স্থামীজী আসর তাগি করিতে উন্তত হন; কেননা সন্নাসীর পক্ষেবামা-কঠের সঙ্গীত-শ্রবণ অবাঞ্থনীয়। রাজা তথন অমুরোধ করেন, "একটি গান শুনিয়া যান। সে গান শুনিলে নাধারণের মনেই অতি উচ্চ ভাবের উদয় হয়।" অগভ্যা স্থামীজী বসিলেন; অতঃপর ঐ গান হইল। গান শুনিয়া স্থামীজী বাইজীকে বলিলেন, "মা, আমি অপরাধ করিয়াছি: আপনাকে ঘুণা করিয়া উঠিয়া যাইতেছিলাম। আপনার গানে আমার চৈতন্ত হইল।" বেণী শন্ধর শর্মা ও বাঙ্গলা গ্রন্থকারের মতে ইহা থেতড়ীর প্রথম রাত্রের ঘটনা।

ঠিক শব্দগুলি ও শ্বর এবং বে বিষাদ নিয়ে দে শব্দগুলি উচ্চারিত হয়েছিল, তা এখনও আমার কানে বাজছে। তিনি বলেছিলেন, 'হরিভাই, আমি এখনও ভোমাদের তথাকথিত ধর্মের কিছুই বৃঝি না।' অতঃপর মুথে একটা গভীর বিষাদের ছায়া নিয়ে এবং ভাবাতিশয়্যে কম্পিতকলেবরে তিনি নিজের হাত বৃকের উপর রেথে আরও বললেন, 'কিছু আমার হাদয় খুব বেড়ে গেছে এবং আমি অপরের ব্যথায় ব্যথা বোধ করতে শিথেছি। বিশাস করো, আমার তীত্র হঃখবোধ জেগেছে!' তাঁর কণ্ঠ ভাবাবেগে রুজ হয়ে গেল, তিনি আর বলতেই পারছিলেন না—চোথের জল পড়তে লাগল।" এই কথাগুলি বলিতে বলিতে স্বামী তুরীয়ানন্দও বিহ্বল হইয়া পড়িলেন। তিনি অনেকক্ষণ অশ্রুসিজনয়নে নীরবে বিদয়া রহিলেন। তারপর দীর্ঘনিঃশাস ফেলিয়া বলিলেন, "স্বামীজী যখন ঐ কথাগুলি বলছিলেন, তখন আমার মনে কি থেলছিল বলতে পার? আমি ভাবছিলাম: 'বৃদ্ধও কি ঠিক এমনি অমুভব করেননি, আর এমনি কথা বলেন-নি?…আমি যেন ঠিক দেখছিলাম যে, জগতের হঃখে স্বামীজীর হদয় তোলপাড় হচ্ছে—তাঁর হাদয়টা যেন তথন একটা প্রকাণ্ড কড়াই, যাতে জগতের সমস্ত হঃখকে রেঁধে একটা প্রতিষেধক মলম তৈরি করা হচ্ছিল।"

স্বামীজীর বিদেশ হইতে প্রত্যাবর্তনের পরবর্তী আর যে একটি ঘটনার কথা স্বামী তুরীয়ানন্দ শুনাইয়াছিলেন, তাহাও এখানে বলিয়া রাখিলে অপ্রাদিক হইবে না। সেদিন স্বামীজী কলিকাতার শ্রীযুক্ত বলরাম বস্থ মহাশয়ের বাটীতে ছিলেন। স্বামী তুরীয়ানন্দ বলিয়াছিলেন, "আমি স্বামীজীকে দেখতে এসে দেখি, তিনি এত গভীর চিস্তাময় হয়ে বারাগুায় পায়চারি করছেন যে, আমার আগমন টেরই পেলেন না। পাছে তাঁর চিস্তায় বাধা পড়ে এই ভয়ে আমি চূপ করে রইলাম। একটু পরে স্বামীজী চোখের জলে ভাসতে ভাসতে মীরাবাই এর একটি বিখ্যাত গান গুন গুন করে গাইতে লাগলেন। পরে নিজের হাত ত্থানিতে ম্থ শ্কিয়ে রেলিংএ ভর দিয়ে বিষাদভরে গাইলেন, 'দরদ না জানে কই!' তাঁর ত্থময় স্বর ও নৈরাশ্র যেন চারদিকে ছড়িয়ে পড়ছিল ও সবই বিষাদে ভরে উঠছিল। 'ঘায়ল কী থত ঘায়ল জানে, আওর না জানে কই'—এই বিষাদময় গানে যেন সমস্ত আকাশ-বাতাস স্পন্দিত হচ্ছিল। তাঁর স্বর আমার হৃদয়ে যেন তীরের মতো বিধছিল এবং আমারও চোথে জল এসেছিল। স্বামীজীর ত্থথের কারণ ব্রুতে না পেরে আমি বড়ই বিব্রত বোধ করছিলাম। একটু পরেই ব্রুতে

পারলাম—জগতের হঃধিত নিপীড়িতদের হঃধের প্রতি এক অপার সহামু-ভূতিতেই তার এই ব্যধা !"

আবু রোড স্টেশনে পুনর্বার গাড়ীতে উঠিবার সময় একটি অপ্রীতিকর ঘটনা ঘটিল। স্বামীন্দীর দহিত গাড়ীতে বদিয়া স্বামীন্দীর ভক্ত এক বাঙ্গালী ভদ্রলোক খালাপ করিতেছিলেন, এমন সময় এক খেতাক টিকেট-পরীক্ষক খাসিয়া ভত্ত-लाकरक नामिया बारेरा विज्ञालन। किन्न ज्ञालाक निरम् (त्रमकर्याती हिलन, তাই উহাতে ভ্রক্ষেপ করিলেন না, প্রত্যুত সাহেবের সহিত বচসায় প্রবুত্ত হইলেন। অগত্যা স্বামীজী উহা থামাইতে দচেষ্ট হইলে সাহেব আরও চটিয়া গিয়া রুড় ভাষায় বলিলেন, "তুম কাহে বাত করতে হো?" দামাম্ম দল্লাসী ভাবিয়া এক ধমকে থামাইয়া দিবার উদ্দেশ্যেই সাহেব হিন্দীর সাহায্য লইয়া-ছিলেন; কিন্তু স্বামীজী যথন ইংরেজীতে গর্জিয়া উঠিলেন, "তুম তুম করছ কাকে ? উচ্চ শ্রেণীর যাত্রীর সঙ্গে কি করে কথা বলতে হয় জান না ? 'আপ' বলতে পার না ?" তথন টিকেট-পরীক্ষক সাহেব বেগতিক দেখিয়া বলিলেন. "অতার হয়েছে, আমি ও (হিন্দী) ভাষাটা ভাল জানি না; আমি ওধু ও লোকটাকে (ফেলোকে)—"। স্বামীজীর আর সহু হইল না। কথা শেষ করিতে না দিয়াই তিনি তীব্ৰকণ্ঠে বলিয়া উঠিলেন, "তুমি এই বললে হিন্দী ভাষা জান না; এখন দেখছি, তুমি তোমার নিজের ভাষাও জান না। 'লোকটা' কি? 'ভদ্রলোক' বলতে পার না? তোমার নাম ও নম্বর দাও; আমি উপর-ওয়ালাদের জানাব।" ততক্ষণে চারিদিকে ভিড় জমিয়া গিয়াছে, এবং সাহেবও পলাইতে পারিলে বাঁচেন। স্বামীন্ধী তবু বলিতেছেন, "এই শেষ বলছি, হয় তোমার নম্বর দাও, নতুবা লোকে দেখুক, তোমার মতো কাপুরুষ হুনিয়ায় নাই।" সাহেবের তথন অত মান-অপমান ভাবিবার অবসর নাই; তিনি ঘাড় হেঁট করিয়া সরিয়া পড়িলেন। খেতাঙ্গ চলিয়া গেলে স্বামীন্দী ব্দগমোহনের দিকে ফিরিয়া বলিলেন, "ইউরোপীয়দের সঙ্গে ব্যবহার করতে গেলে আমাদের কি চাই দেখছ ? এই আত্মসম্মানজ্ঞান। আমরা কে, কি দরের লোক না বুঝে ব্যবহার করাতেই লোকে আমাদের ঘাড়ে চড়তে চায়। অক্সের নিকট নিজেদের মর্বাদা বজায় রাখা চাই। তা না হলেই তারা আমাদের তুচ্ছ-তাচ্ছিলা ও অপমান করে—এতে ত্রনীতির প্রশ্রম দেওয়া হয়। শিক্ষা ও সভ্যতায় হিন্দুরা অগতের কোন জাতির চেয়ে হীন নয়; কিন্তু তারা নিজেদের হীন মনে করে বলেই একটা সামাশু বিদেশীও আমাদের লাথি ঝাঁটা মারে—আর আমরা চুপ করে তা হজম করি।"

আবু রোভ হইতে স্বামীজী ও মৃদ্ধী জগমোহন লাল বোম্বে পৌছিলেন। স্টেশনে আলাসিকা উপস্থিত ছিলেন, তিনি স্বামীজীকে জাহাজে তুলিয়া দিবার জন্ম মাক্রাজ হইতে আদিয়াছিলেন। থেতড়ী-রাজও মুন্দীজীকে বলিয়া দিয়া-ছিলেন, স্বামীজীর জন্ম যেন সর্বপ্রকার ব্যবস্থা করিয়া দেন, তিনি যেন রাজগুরুর সম্মানেই ভ্রমণ করিতে পারেন। অতএব স্বামীন্ত্রীর আপত্তি সন্থেও মুন্সীন্ত্রী রেশমের পোশাক করাইয়া দিলেন—আলথালা ও পাগড়ী। সঙ্গে কিছু অর্থও দিলেন এবং পেনিনম্থলার ত্যাও ওরিয়েণ্ট কোম্পানির একখানি প্রথম শ্রেণীর টিকেট সহ তাঁহাকে ঐ কোম্পানীর "পেনিন্স্লার" নামক জাহাজে তুলিয়া-দিলেন। সেদিন ৩১শে মে, ১৮৯৩ খুষ্টান্দ। স্বামীন্দ্রী তথন আশা ও ভয়পূর্ণ হাদয়ে काशास्त्रत एएक मांजारेया वसुरानत निकृष्टि विनाय नरेट उत्हन-चाना এर रा. এতদিন পরে তাঁহার স্বপ্ন বাস্তবে পরিণত হইতে চলিল, তিনি সতাই ভারতের বাণী প্রচার করিয়া স্বদেশ ও বিদেশের মঙ্গল সাধন করিবেন: আর ভয় এই যে. **অজ্ঞাত দেশে অ**পরিচিত পরিবেশের মধ্যে তাঁহাকে না জানি কতই বিপদ-স্মাপদের সন্মুখীন হইতে হইবে। দীর্ঘকালের জন্ম এত জন বন্ধবান্ধবকে ছাড়িয়া যাইতে তঃখও কম হয় নাই। বন্ধুগণের হৃদয়ও তথন স্থতঃথে দোলায়মান। তাঁহাদের কঠোর পরিশ্রমের ফলে আজ তাঁহাদের স্বামীজী সত্যই দেশের মুখ উচ্ছল করিতে বিদেশে চলিলেন। রেশমের আলখালা ও পাগড়ী পরিহিত স্বামীজীকে তথন যেন একজন রাজা বা মহারাজ বলিয়াই মনে হইতেছিল— এমন নির্ভীক্ষদয় বীর অবশ্রই জগজ্জয়ী হইবেন। তাঁহারা ইহাও জানিতেন, স্বামীজীর বাহিরের পরিবেশ যাহাই হউক না কেন, তিনি চিরসল্লাসী, চিরবৈরাগী; পাশ্চান্ত্যের এখর্ষাদির মধ্যেও তাঁহার মূখে ও জীবনে ভারতের অধ্যাত্মবার্ডাই ধ্বনিত ও বিঘোষিত হইবে। তথাপি ঠিক বিদায়মূহর্তে সকলেরই চকু অশ্রুসিক্ত হইল—দীর্ঘকাল যে আর তাঁহার দর্শন পাওয়া ঘাইবে না! ভক্তগণ পরিশেষে সমুদ্রতটে সাষ্টাঙ্গ প্রণামপূর্বক বিদায়সম্ভাষণ জানাইলেন; স্বামীজীও ব্রেলিংএর পার্বে দাঁড়াইয়া যতক্ষণ দেখিতে পাওয়া যায় ততক্ষণ তাঁহাদের দিকে চাহিয়া রহিলেন। জাহাজ ক্রমে দূর সমূত্রে ভাসিয়া চলিল, বন্ধুরা ক্রমেই দৃষ্টি-विरुक्त रहेरल नागिरनन-भित्रिकि वाकिरमत मर्सा भार्य त्रहिरनन अक्साक ব্যারিস্টার ছবিল দাস, বাঁহার গৃহে স্বামীন্ধী পূর্বে আভিথ্য গ্রহণ করিয়াছিলেন। ছবিল দাস চলিয়াছেন নিজ কর্মব্যপদেশে; রাস্তায় নামিয়া পড়িবেন।

स्रोभीकीत विष्मभगमानद প्राकानीन श्राप्त চादिमारमद घटनावनी स्राम्त ইংরেজী ও বান্ধনা জীবনীষয় ও স্বামীজীর পত্রাবলী ইত্যাদি অবলম্বনে লিপিবন্ধ করিলাম। থেতড়ীর ঘটনাবলীর জন্ম শ্রীযুক্ত বেণীশহর শর্মার প্রণীত ইংরেজী গ্রন্থ 'স্বামী বিবেকানন্দ—এয়া ফরগটেন চ্যাপ্টার' এর সাহায্যও লইলাম। উক্ত গ্রন্থে শर्माकी একদিকে যেমন অনেক নৃতন তথা পরিবেশন করিয়াছেন, অপরদিকে তেমনি স্থানবিশেষে ঐ তথ্যগুলির মনগড়া ব্যাখ্যা দিতে গিয়া কিছু ভ্রান্তিরও স্ষ্টি করিয়াছেন। স্থতরাং এই অধ্যায় শেষ করিবার পূর্বে বলা আবশ্রক যে, শর্মাজীর এই প্রশংসনীয় উত্তমের জন্ম আমরা কৃতজ্ঞ হইলেও ভ্রমগুলি সংশোধন করা কর্তব্য মনে করি। শর্মাজীর প্রধান বক্তব্য এই যে, থেডড়ী-রা**জ স্বামীজীর** বিদেশগমনের সমস্ত ব্যয়ভার একাই বহন করিয়াছিলেন। অপর কেহ কিঞিৎ সাহায্য করিলেও তাহা নগণ্য। তিনি ইহাও প্রমাণ করিয়াছেন যে, খেতড়ী-রাজ স্বামীন্ত্রীর মাতা প্রভৃতিকে নিয়মিত দাহায্য পাঠাইতেন। দ্বিতীয় কথাট প্রসন্ধাগত হইলেও স্বামীন্ধীর জীবনে প্রণিধানযোগ্য; কারণ জননীর ভরণ-পোষণের স্থব্যবস্থা হইয়াছে জানিয়া স্বামীজী নিশ্চিন্তমনে বিদেশের কার্ধে আত্মোৎসর্গ করিতে পারিয়াছিলেন। এইজন্য থেতড়ী-রাজ বিশেষ ধন্যবাদার্হ। ইহা কুদ্র ঘটনা নহে; স্বামীজীর জীবনীকার ইহার গুরুত্ব স্বীকার করিতে বাধ্য। কিন্ধ আমরা বর্তমানে প্রধানতঃ বিদেশ্যাত্রার ব্যবস্থাদির কথা লিথিতেছি: ক্রমে আমুধঙ্গিকভাবে আমাদিগকেও স্বামীজীর পরিবারের জীবিকানির্বাহের কথায় ফিরিয়া আসিতে হইবে। আপাততঃ আমাদের বিবেচ্য এই—স্বামীজীর বায়ভার কে বহন করিয়াছিল ?

স্বামী শিবানন্দ ১৮৯৪ খৃষ্টান্দের ১৩ই ফেব্রুয়ারি মাদ্রাজ হইতে একথানি পত্তে লিখিয়াছিলেন, "নরেন্দ্র বাবাজীর সংবাদ তাঁহার নিকট হইতে কিছুই পাই নাই, তবে মাদ্রাজে তাঁহার অনেকগুলি বন্ধু, বাহারা কলেজের প্রফেনর, হাইকোর্টের উকিল, ডাক্তার এবং বাহারা সকলেই ব্রাহ্মণ—কেহ কেহ কায়স্থও আছেন—তাঁহারা চাদা করিয়া প্রায় চারি সহস্র টাকা একত্র করিয়া তাঁহাকে আমেরিকায় পাঠান। তাঁহাদের কাছে বিবেকানন্দ-প্রেরিত কতকগুলি পত্র দেখিয়াছি।… মাদ্রাজ্বের ভদ্রলোকগুলি তাঁহাকে এতদ্র ভক্তি করেন বে, তাঁহাদের মধ্যে কেহ

কেহ স্ব স্ব বিবয়ের কিঞ্চিদংশ বিক্রয় করিয়া অর্থসংগ্রহ করিয়া রাখিয়া দিয়াছেন, যদি তিনি দেখান হইতে চাহিন্না পাঠান তাহা হইলে তৎক্ষণাৎ ইহারা পাঠাইন্না দিবেন। কিন্তু আমেরিকার লোক তাঁহার প্রতি এত অম্বরক্ত হইয়াছে যে, তাঁহার সমস্ত খরচ তাহারাই দিতেছে।" ইহার পরও বাঁহাদের মনে সন্দেহ থাকিবে, তাঁহাদিগকে জুনাগড়ের দেওয়ানজীকে লিখিত স্বামীজীর একখানি পত্ত পড়িতে বলি ('বাণী ও রচনা', ৬।৩৫০-৫২)। উহার আবশ্রকাংশ উদ্ধৃত করিলাম — "আপনার হয়তো স্মরণ আছে যে, আগে থেকেই আমার চিকাগো যাবার **অভিলাব ছিল ; এমন সময় মাদ্রাঞ্জের লোকেরা স্বতঃপ্রবৃত্ত হয়ে এবং মহীশূর** ও রামনাদের মহারাজের সাহায়ে আমাকে পাঠাবার সব রকম আয়োজন করে ফেললো। আপনার আরও শ্বরণ থাকতে পারে যে, থেতড়ীর রাজা ও আমার মধ্যে প্রগাঢ় প্রেম বিজমান। তাই কথাচ্ছলে তাঁকে লিখেছিলাম যে, আমি আমেরিকায় চলে যাচ্ছি। এখন খেতড়ীর রাজা মনে করলেন যে, যাবার পূর্বে তাঁর সঙ্গে দেখা করে যাবই। আরও বিশেষ কারণ এই যে, ভগবান তাঁকে সিংহাসনের একটি উত্তরাধিকারী দিয়েছেন এবং সেজ্জ্ব এখানে (থেতড়ীতে) খুব আমোদ-আহলাদ চলেছে। অধিকস্কু আমার আসা সম্বন্ধে নিশ্চিন্ত হবার জন্ম তিনি তাঁর প্রাইভেট সেক্রেটারীকে অতদুর মান্রাজে পাঠিয়ে দিয়েছিলেন।" পত্রথানি থেতড়ী হইতে লিখিত। এই পত্রে লক্ষ্য করিবার বিষয় এই যে, থেতড়ী-রাজের দানের কোন উল্লেখ নাই, যদিও তিনি যথাকালে স্বামীজীরই পত্র হইতে তাঁহার বিদেশ-গমনের সংবাদ জানিতে পারিয়াছিলেন। পত্রে দাতা হিসাবে মহীশুর ও রামনাদের অধিপতিদ্বয়ের এবং মাদ্রাজ্বাসী ভক্তদের উল্লেখ আছে। আরও লক্ষ্য করিবার বিষয় এই, খেতড়ী পৌছিবার পূর্বে মাদ্রাজ্ঞবাদীরা স্বামীজীকে "পাঠাবার সব রকম আয়োজন করে ফেললো।" তাহারা থেতড়ীরাজের টাকার অপেক্ষায় বসিয়া থাকে নাই। এই তত্ত্বেই অমুক্রপ কথা পাই স্বামীজীর **জার একথানি পত্তে, উহা তিনি থেতড়ী হইতে ২৭শে এপ্রিল মাদ্রাজের** ভক্ত ডা: নাঞ্জ রাওকে লিখিয়াছিলেন। পত্তে আছে: "মাদ্রাজ হইতে জাহাজে উঠিবার প্রস্তাব সম্বন্ধে আমার বক্তব্য এই বে. উহা একণে আর হইবার জো নাই. কারণ আমি পূর্বেই বোম্বাই হইতে উঠিবার বন্দোবন্ত করিয়াছি। ভট্টাচার্য মহাশয়কে বলিবেন, (খেতড়ীর) রাজা অথবা আমার গুরুভাইগণ আমার সঙ্করে বাধা দিবেন, তাহার কিছুমাত্র সম্ভাবনা নাই। রাজান্তীর তো স্থামার প্রতি ষগাধ ভালবাসা।" এথানেও স্বামীন্ধী বলিভেছেন, থেতড়ী পৌছিবার পুর্বেই "বোম্বাই হইতে উঠিবার বন্দোবন্ত" করিয়া আসিয়াছেন। ধেতঞী-রা**ন্ধে**র দানের উল্লেখ এই পত্তেও নাই। মাল্রাজবাদী মন্মথবারু সমস্ত খবর জানিলেও থেতডী-রাজের দানের সংবাদ জানিতেন না; কারণ থেতড়ী-রাজ দান করিয়াছেন এই কথা জানা থাকিলে বাধা-দানের প্রস্তুই উঠিত না। স্বামীজী ও দানের কথা না বলিয়া ভুরু প্রেমের কথা বলিলেন। অর্থাৎ থেতড়ী পৌছাইবার পরেও থেতড়ী-রাজ তাঁহার পাথেয় বাবদ কোন অর্থ দেন নাই। স্বামীজ্ঞী বোম্বেতে থামিয়াছিলেন টিকেট কিনিয়া বার্থ রিজার্ভ করিতে; আর ঐ অর্থ আসিয়াছিল আলাসিকাদেরই চাঁদার টাকা হইতে। তথনকার দিনে বিজ্ঞার্ড না করিয়া অকমাৎ পি. এয়াও ও. কোম্পানীর জাহাজে বার্থ পাওয়া সহজ ছিল না। তাই বার্থ রিঞ্জার্ভ করিয়া তবে তিনি খেতড়ী গিয়াছিলেন। আর এক যুক্তি এই—আমরা দেথিয়াছি আলাসিকারা চারি-সহত্র মুদ্রা সংগ্রহ করেন। স্বামীজী ২০শে আগন্ট, ১৮৯০ তারিথে আমেরিকা হইতে আলাসিন্ধাকে লিথিয়াছিলেন, "তুমি আমায় ১৭০ পাউও নোট এবং ৯ পাউও নগদ দিয়াছিলে।" এই ১৭৯ পাউগু প্রায় ২৬৮৫ টাকার সমান হয়। বাকী দেড় হাজারের মতো টাকা তাহা इरेटन टिटकेट ও অञ्चान गाभारत थत्रह इरेग्नाहिन। তবে य यामता भूर्त निथिग्ना चानिनाम, जगरमारून नान चामीजीत रुख এकथानि প्रथम त्यंगीत हिरकहे দিয়াছিলেন ? ইহা কি সম্পূর্ণ থেতডী-রাজের দান ? আমরা বেলুড় মঠের প্রাচীন সাধুদের মুখে দীর্ঘকাল পূর্বে শুনিয়াছি, আলাসিকা অর্থাভাবে দিতীয় শ্রেণীর টিকেট কিনিয়াছিলেন: রাজগুরুর সমানার্থ জগমোহন তাহা প্রথম শ্রেণীতে পরিবর্তিত করেন। ইহাই ঠিক সামঞ্জস্ত বলিয়া মনে হয়। অধিক টাকা খেতড়ী-বাজ দিয়া থাকিবেন।

শর্মাজী এই যুক্তিপরম্পরা ধরিতে না পারিয়া অগ্যরূপ অন্থমানের অবতারণা করিয়াছেন। তাঁহার প্রথম যুক্তি এই: মাদ্রাজ্বাসীরা তেমন কিছু অর্থ তুলিতে পারেন নাই বলিয়া স্থামীজী জগমোহন লালকে বলিয়াছিলেন, তিনি আফগানি-ভানের ভিতর দিয়া হাঁটিয়া আমেরিকা ষাইবেন এবং ঐ সংবাদ জগমোহন খেতড়ী-রাজকে জানাইলে তিনি অর্থ দিতে স্বীকৃত হইয়াছিলেন। এখন কথা এই—খেতড়ী-রাজ দেশীয় রাজগ্রমণ্ডলীর অন্তর্ভুক্ত হইলেও জয়পুরের অধীন সামস্ক-রাজ মাত্র ছিলেন, এবং আরের দিক হইতে একজন ধনী জমিদার মাত্র

ব্যতীত অধিক কিছু ছিলেন না। শর্মাজীও লিখিয়াছেন, "তাঁহার অতি সামান্ত আর" (ঐ, ৬৮ পৃঃ)। আর স্বামীজীর হাঁটিয়া ষাওয়ার কথা ? শর্মাজীর হিসাবে জগমোহন ওরা এপ্রিল বরাবর মাদ্রাজে উপস্থিত হন। আমরা ধরিয়া লইলাম, ঐ দিন পর্যন্ত আমেরিকা যাইবার মতো যথেষ্ট অর্থ সংগৃহীত হয় নাই। অতএব স্বামীজী বিশেষ চিস্তাক্ল। এমন সময় যদি কেহ ফাঁকা প্রশ্ন করে, "স্বামীজী যাবেন কেমন করে ?" তবে স্বামীজীর মতো বীর পুরুষের একমাত্র সম্ভাব্য উত্তর এই, "তা নিয়ে মাথা ঘামাতে হবে না, আফগানিস্তানের ভেতর দিয়ে পাহাড়-পর্বত ডিলিয়ে, ঝোপঝাড় ভেলে হেঁটে যাব।" তাহার মানে ইহা নহে যে, কোন কালেই টালা উঠে নাই। শর্মাজীর কিন্তু অন্থমান — টালা উঠে নাই। অথচ তথনও জগমোহন থেতড়ী-রাজের টাকা দেওয়া সম্বন্ধে কোন প্রতিজ্ঞাস্ট্রচক লিপি পান নাই; মৌথিক কথা তো পূর্বে মোটেই হয় নাই; তবু জগমোহন ছিলেন রাজ্যের দেওয়ান; অতএব নিজ দায়িত্বে টাকা দিবার প্রতিজ্ঞা করিয়া তবে স্বামীজীকে থেতড়ী যাইতে রাজী করাইয়াছিলেন। এমন নিছক কল্পনার মূল্য কি ?

শর্মান্ত্রীর আর একটি যুক্তি এই: ১৮৯৮ খৃষ্টাব্বের ১লা ডিসেম্বর স্বামীন্ত্রী একপত্রে থেতড়ী-রাজকে লিথিয়াছিলেন মে, রাজা তাঁহার জীবনের একটি "ভয়ানক উদ্বেগ" অপসারিত করিয়াছিলেন। শর্মান্ত্রীর মতে এই উদ্বেগ ছিল আমেরিকা যাইবার অর্থাভাবের জন্ত ; থেতড়ী-রাজ সমস্ত ব্যয়ভার বহন করিয়া ঐ উদ্বেগ অপসারিত করেন। কিন্তু বস্তুত: এই উদ্বেগ আমেরিকাগমনের অর্থাভাবের জন্ত নহে ; সে উদ্বেগ "ভয়ানক" ছিল না, কিন্তু তাঁহার মাতার অন্নাভাবের চিন্তা সত্যই ভ্রাবহ ছিল, আর থেতড়ী-রাজ সেই উদ্বেগই অপসারিত করিয়াছিলেন। স্বামীন্ত্রী বিতীয়বার থেতড়ী ত্যাগের প্রাক্কালে রাজা অজিৎ-সিংহ স্থির করেন, স্বামীন্ত্রীর পরিবারকে মাসিক ১০০, টাকা সাহায্য দিবেন (ঐ, ১৬০ পৃ:)। তিনি অতংপর উহা নিয়মিত পাঠাইতেন, এমন কি, রাজার অকালে দেহত্যাগের পরও উহা পাঠানো হইত। শর্মান্ত্রীর গ্রন্থে (১৭১-১৭৫ পৃ:) স্বামীন্ত্রীর যে পত্রন্থের মৃদ্রিত হইরাছে, তাহা হইতে স্পষ্ট প্রতীত হইবে যে, স্বামীন্ত্রী নিজের মান্ত্রের কথার প্রস্বন্ধেই "ভন্নানক উদ্বেগের" উল্লেখ করিয়াছিলেন। যাহা হউক, আমরা জীবনী লিখিতে বসিয়াছি। ইহা সমালোচনা-গ্রন্থ নহে; অতএব অলমতিবিস্তারেণ। শর্মান্ত্রী যে-সকল তথ্য পরিবেশন করিয়াছেন,

তাহা হইতে ব্ঝিতে পারি, রাজা অজিতসিংহ জগমোহনের মাল্রাজের পত্ত

इटेरज यथन मःवाम भाटेरमन, पर्शाकारव चामीकीत विरमम-भूमरन वाधा পড়িতেছে, তথন সমল্ল করিলেন, বেমন করিয়াই হউক, তিনি প্রয়োজনীয় তিন সহস্র মূলা দিবেন। কিন্তু আমরা দেখিয়াছি, টাকা অন্তভাবে সংগৃহীত হইয়া গিয়াছিল। অতএব আমাদের বিশ্বাস, স্বামীন্সী যথন খেডড়ীতে উপস্থিত হুইয়া ষণাকালে রাজার সকল অবগত হইলেন, তথন তিনিই রাজাকে উহা হইতে निवृत्व कतिरलन, এवः ठाँहात জननीत जन वर्षमाहारमात भवामर्न पिरलन: রাজাও তাহাই করিতে সমত হইলেন। দিতীয় আর একটি বিষয় জানা যায় বে, উক্ত গ্রন্থে মৃদ্রিত পত্রগুলি নিভূলি হইলে—এবং নিভূলি বলিয়াই আমাদের विश्वाम-श्वामी त्रामकृष्णानम ও श्वामी निवानम श्वामी बीत नृजन नाम-"বিবেকানন"—তাঁহার চিকাগো বিজয়ের পুর্বেই অবগত ছিলেন। স্বামী রামক্রফানন্দ জানিতেন অস্তত: ১৩ই জুন, ১৮৯৩ থু: (১৬২ পু:), এবং স্বামী শিবানন্দ জানিতেন অন্ততঃ ২০শে জুলাই, ১৮৯৩ খৃষ্টাব্দে (১৬৪ পৃ:)। এই গ্রন্থ হইতে এবং অক্সান্ত ঘটনা হইতে আরও বৃঝিতে পারা যায় যে, স্বামীন্দ্রী ষ্টিও প্রায় চুই বৎসর আত্মগোপন করিয়া চলিতেছিলেন, আমেরিকায় যাইবার কিঞ্চিৎপূর্বে তিনি স্বীয় সহল্প গোপন রাখিবার খুব বেশী প্রয়োজন বোধ করেন নাই। মাদ্রাজের বন্ধুরা তো ইহা জানিতেনই; এমা ও স্বীয় গুরুলাতাদের মধ্যে অন্ততঃ ব্রহ্মানন্দ ও তুরীয়ানন্দ ইহা জানিতেন; তবে বরাহনগরের অনেকেই হয়তো তাঁহার নৃতন নাম জানিতেন না—স্বামী অভেদানন এইরূপ না-জানার কথাই লিখিয়াছেন ('আমার জীবনকথা', ২১১ পৃঃ)। বোম্বের পরিচিত মহলেও স্বামীজীর উদ্দেশ্য অজ্ঞাত ছিল না—যদিও প্রথমাবস্থায় বিবেকানন্দ নামটি অবিদিত ছিল। রোমা রোলা লিথিয়াছেন, "আমেরিকা-যাত্রার অব্যবহিত পূর্বে তিনি (স্বামীজী) যথন থিয়োসফিক্যাল সোদাইটির তদানীস্তন সভাপতি কর্নেল অলকট-এর নিকট আমেরিকার জন্ম পরিচয়পত্ত চাহিতে গিয়াছিলেন, কর্নেল অলকট তথন তাঁহাকে তাঁহার সচ্চিদানন্দ নামেই জানিয়াছিলেন" (৮ প:)। আমাদের মতে স্বামীজী "বিবেকানন্দ"—নামটি চিরজীবনের মতো স্বীকার করেন দ্বিতীয়বার থেতড়ী-ত্যাগের প্রাক্কালে; শর্মান্সীর মতে তিনি উহা স্বীকার করেন থেতড়ী-রাজের সহিত প্রথমবারে মিলনকালে। ঐরপ হইলে কিন্তু রোমা রোলার বর্ণনার সহিত সামঞ্জপ্ত পাওয়া ক্রিন। প্রসক্রমে বলা চলে যে, রোমা রোলা আরও লিখিয়াছেন, "কর্মেল ব্দল্কট স্বীয় বন্ধুগণের নিকট স্বামীজীকে পরিচিত করিয়া তো দেনই নাই, বরং তিনি তাঁহাদিগকে তাঁহার সম্বন্ধে সাবধান করিয়া দিয়াছিলেন (ঐ)।

আর ছই-চারিটি কথা বলিয়াই আমরা স্বামীজীর বিদেশ-বাত্রার উত্যোগপর্ব শেব করিব। স্বামীজীর জনৈক শিশু স্বামীজীর বিদেশগমনের জন্ম হার্দিক, বৌদ্ধিক ও আখ্যাত্মিক প্রস্তুতির কথা বলিতে গিয়া লিখিয়াছেন. "পরিব্রাক্ষকরূপে তিনি পর পর বৌদ্ধ ও জৈন ধর্মের সার কথা এবং রামানন্দ ও দয়ানন্দের ভাব-রাশির মর্ম অবগত হইয়াছিলেন। তিনি নিশ্চলদাস ও তুলসীদাসের গ্রন্থ একাস্তমনে অধায়ন করিয়াছিলেন। মহারাষ্ট্রের মহাপুরুষবুনদ ও দক্ষিণ্দেশের **আলোয়ার ও নায়নারদিগের সম্বন্ধে তিনি স্থবিদিত ছিলেন। পরমহংস**্পরি-ব্রাজক হইতে আরম্ভ করিয়া লালগুরুর শিশু ভঙ্গী মেথর পর্যন্ত সকলের ঝাশা-আকাজ্ঞা ও আদর্শের সঙ্গে তিনি পরিচিত তো ছিলেনই, তাহাদের সম্প্রদায়গত ইতিবুত্তাদিও জানিতেন। তাঁহার স্বচ্ছ দৃষ্টির সমুখে মোগল-প্রাধান্ত ভারতেতি-হাসে একটা সাময়িক বিচ্ছিন্ন ঘটনা ভিন্ন কিছুই নয়। চিস্তার উদারতা ও সমন্বয়-সাধনের সাহসের দৃষ্টিতে আকবর ছিলেন হিন্দু। তাজ কি তাঁহার চিস্তায় মর্মর-প্রস্তবে রূপায়িত 'শকুস্তলা'-কাব্যছাড়া আর কিছু ছিল ? 'তাঁহার ওচ্চবয়ে মীরাবাই ও তানসেনের গানের মধ্যে মধ্যে গুরুনানকের সঙ্গীত শুনিতে পাওয়া ষাইত। চিতোর, রাণাপ্রতাপ, শিব ও উমা, রাধা ও ক্লফ, সীতা ও রাম এবং বুদ্ধের আখাায়িকা বর্ণনার সঙ্গে সঙ্গে পৃথীরাজ ও দিল্লীর ইতিহাসও তাঁহার মুখে স্বতঃইব যেন আদিয়া পড়িত। তিনি যথন বক্তৃতামঞ্চে কোন ভূমিকায় অবতীর্ণ হইতেন, তথন প্রতিটি প্রাচীন মহিমময় কীর্তিকাহিনী যেন অত্যাশ্র্য-রূপে সন্ধীব হইয়া উঠিত। তাঁহার সমগ্র হৃদয় এবং আত্মা যেন ছিল ভারতীয় মহাকাব্যের চিরউজ্জ্বল দীপশিখা, ভারতের নামশ্রবণেই ষেন উহা রহস্তময় অধ্যাত্মশক্তিতে উছলিয়া পড়িত।' (ভগিনী নিবেদিতার লিখিত প্রবন্ধাংশ— 'হিন্দু', ২৩। ৭।১৯০২)। বাহা কিছু মৌলিক, অবিচ্ছেন্ত ও অবর্জনীয়—সবই তাঁহার আয়তে ছিল; জীবনের গোপন উৎসের সন্ধান তিনি জানিতেন; তাঁহার হৃদয়ে প্রজ্ঞালিত ছিল এমন এক বহিং, যাহা মৌলিক তত্ত্বসমূহের অমুভৃতির ও অধ্যাত্মজ্ঞানলাভের ফলে তথায় আপনার স্থান করিয়া লইয়াছিল। অপরেরা বেখানে বিচ্ছিন্ন ঘটনাসমূহ মাত্র দেখিতেন, তাঁহার বিরাট মন সেখানেও সমন্বর-স্ত্র আবিষ্ণার করিত। তাঁহার বৃদ্ধি প্রতিবস্তর মর্মন্থলে অমুপ্রবিষ্ট হইয়া

ঘটনাবলীকে স্বীয় প্রকৃত পরস্পরাক্রমে সাজাইয়া দিত। তাঁহার মনটি ছিল সর্বাধিক সার্বভৌম অথচ পূর্বমাত্রায় কার্যকরী সংস্কৃতিসম্পন্ন। যিনি সর্বতোভাবে — বৈদিক, বৈদান্তিক, বৌদ্ধ, জৈন, শৈব, বৈষ্ণব, এমন কি ইসলামের দিক হইতেও, ধর্মমহাসভায় ভারতের প্রতিনিধিত্ব করিতে উত্যত ছিলেন, তাঁহার পক্ষে ইহা অপেক্ষা অধিকতর কোন্ প্রস্তুতির প্রয়োজন ছিল ? যিনি স্বীয় জীবনে সত্য সত্যই একটি ধর্মমহাসভাস্বরূপ ছিলেন, সেই মহামানবের শিশ্ব এই ব্যক্তি অপেক্ষা আর কে এই কর্তব্যসম্পাদনের যোগ্যতর পাত্র ছিলেন ?" ('ব্রহ্মবাদিন্', ১৩।৫৬৫-৬৬)।

পরিশেষে ভগিনী নিবেদিতার কয়েকটি বাক্য উদ্ধত করিয়া আমরা অধ্যায়ের পরিসমাপ্তি করিব। "হিন্দুধর্মের এই প্রবক্তার মধ্যে যদি এমন কিছু থাকিত, ষাহা তাঁহার নিজন্ব, তবে স্বামী বিবেকানন্দের যথার্থ মান ক্ষম্ন হইত। গীতার কুফের তায়, বুদ্ধের তায়, শঙ্করাচার্যের তায় ভারতীয় চিস্তাজগতের সকল আচার্যের ক্রায় তাঁহার বাকাসমূহ বেদ ও উপনিষদের উদ্ধৃতিখারাই সমৃদ্ধ। যে রত্ববাজি ভারত নিজেরই মধ্যে ধারণ করিয়া রহিয়াছে, কেবলমাত্র দেগুলির প্রকাশকরূপে, ব্যাখ্যাতারূপেই স্বামীজী বিরাজমান। - দক্ষিণেখরের মন্দিরোভানে থাকিয়া যথন রামকৃষ্ণ পরমহংস স্বীয় ভাব প্রচার করিতেছিলেন, তথন স্বামী বিবেকানন্দ-তদানীন্তন নরেন-তাঁহার গুরুর মধ্যে পুরাতন শাস্ত্র-সমূহের সেই প্রমাণ পাইয়াছিলেন, যাহা তাঁহার হৃদয় ও মন্তিষ্ক খুঁজিতেছিল। এইখানে তিনি সেই তত্ত্বই পাইয়াছিলেন, যাহা গ্রন্থসমূহে অক্টভাবে বর্ণিত। ... গুরু त्रामकृत्कात्र मत्था विटवकानम् कीवनत्रशत्मत्र कृक्षिकानाक कतिमाहितन ।...हेरात পরও তাঁহাকে হিমালয় হইতে ক্যাকুমারী পর্যস্ত ভারতবর্ষের সর্বত্র পরিভ্রমণ করিতে হইয়াছিল—সমভাবে সাধু, পণ্ডিত, সরল সাধারণ মামুষের সহিত মিশিতে হইয়াছিল, সকলের সহিত বাদ করিতে হইয়াছিল—এবং ভারতমাতা ষেরপ ছিলেন, যেরপ হইয়াছিলেন, তাহা দেখিতে হইয়াছিল। ... স্থতরাং শাস্ত্র গুরু এবং মাতৃভূমি—এই ভিনটি হুর, এইগুলিই মিলিভ হইয়া সৃষ্টি করিয়াছে বিবেকানন্দের রচনাবলীর মহান সঙ্গীত; এই রত্নগুলিই তিনি দান করিতেছেন। এইগুলি হইতেই উপাদান সংগ্রহ করিয়া তিনি প্রস্তুত করিয়াছেন পৃথিবীর সকলের জ্ঞ্স তাঁহার আধ্যাত্মিক করুণার এক সর্বরোগহর মহৌষধি।" ('বাণী ও রচনার" ভূমিকা)।

সমুদ্র যাত্রা

বোমে ছাড়িয়া জাহাজ দক্ষিণাভিমুখে কলম্বের দিকে চলিল। যাত্রার শেষ হইবে অজ্ঞাত আমেরিকার অপরিচিত জনসমাজমধ্যে। যতক্ষণ ভারতের পুণ্য-ভূমি অকিসমক্ষে অবস্থিত রহিল ততক্ষণ তিনি সেদিকে দৃষ্টিনিবদ্ধ করিয়া সতৃষ্ণ-নয়নে চাহিয়া রহিলেন, আর যাহারা ভালবাসিয়া বিদায়কালে এতদুর আসিয়াছে ও যাত্রার সমন্ত ব্যবস্থা করিয়া দিয়াছে, কিংবা যাহারা আসিতে না পারিলেও তাঁহার সাফল্যের জন্ম ভগবানের পাদপল্পে প্রার্থনা করিতেছে, যাহারা চিরকাল তাঁহাকে ভালবাসিয়াছে, তাহাদের সকলের কথা এককালে তাঁহার স্মৃতিপথে আর্ঢ় হইল, প্রাণ ভরিয়া তিনি তাহাদের মঙ্গলকামনাদি করিলেন। সঙ্গে সঙ্গে নয়নঘয় অশ্রুসিক্ত হইল, হুদয় বিষাদবেদনায় বিহবল হইল। তিনি ভাবিলেন ঠাকুরের কথা, শ্রীশ্রীমায়ের কথা, গুরুলাভাদের কথা, আর ভাবিলেন তাঁহার প্রিয় ভারতের কথা—ঐতিহ্যময়, অধ্যাত্মসম্পদে পরিপূর্ণ, ঋষিদের পদস্ঞারে পবিত্রীকৃত, ধর্মপ্রস্থ জন্মভূমির কথা। এই সমন্ত ছাড়িয়া যাইতে যেন হানয় বিদীর্ণ হইতেছিল। ততক্ষণে তিনি দেখিলেন চারিদিকে তথু সমুদ্রের নীল জলরাশি, তথন দীর্ঘনিঃখাস ফেলিয়া আপন-মনে বলিয়া ফেলিলেন, "সত্যি ভাহৰে ত্যাগভূমি ছেড়ে ভোগভূমিতে চললাম !" কিন্তু সেথানেও তো তাঁহার গমন ভোগের জ্বন্ত নহে—দেখানে রহিয়াছে তাঁহার জ্বন্ত কঠোর কর্তব্যসম্পাদন. ঘাতপ্রতিঘাতপূর্ণ জীবনসংগ্রাম, ছল্ব-প্রতিহন্দসঙ্গুল বিরামহীন প্রচারত্রত, ভয়াবহ অনিশ্চয়তা, এবং প্রাণপাতী পরিশ্রম ! সে কঠোর তপস্থায় তাঁহার স্বাস্থ্য ভাঙ্গিয়া পড়িবে, আয়ু দ্রুত ক্ষয় হইবে, বিশ্রামের অবকাশ ঘটিবে না। জীবনে তিনি আর নয়টি মাত্র বৎসর পাইবেন—তাহাও আবার হঃথময় ও কর্তব্যপরম্পরায় পরিপূর্ণ। কিন্তু দেসব চিন্তায় বিবেকানন্দ কাল কাটাইতে পারেন না। বীর সন্মাসী সাহসভবে, আশাপুর্ণ-ছদয়ে ঠাকুর ও মায়ের শরণ লইলেন—তিনি তো চিরজীবন তাঁহাদেরই আশ্রিত সম্ভান, তাঁহারা কি সম্ভানের মঙ্গলবিধান করিবেন না ? বৈদিকজ্ঞানের অনস্ক ভাণ্ডার যাঁহার হৃদয়ে সে বিবেকানন্দের ভয় বা ভাবনা কোণায় ? জাহাজ সীমাহীন সাগরজলে ভাসিল, স্বামীজীও দেশকালাতীত অনস্তের ধ্যানে মগ্ন হইলেন।

ক্রমে সমুদ্রবাত্রার ধারা ও রীতিনীতিতে তিনি অভান্ত হইয়া গেলেন। প্রথম প্রথম তিনি নিক্তের জিনিসপত্র লইয়া খুবই বিত্রত হইয়া পড়িয়াছিলেন। দণ্ড কমগুলুধারী কটিমাত্রবস্ত্রাবৃত সন্ন্যাসীর পক্ষে ট্রাঙ্ক, পোর্টম্যান্টো, বিছানাপত্ত সামলানো এক তুরুহ সমস্ভারপেই দেখা দিয়াছিল। ক্রমে সব অভ্যাস হইয়া গেল এবং তুই-চারি দিনের মধ্যে সহধাত্রীদের সহিত বেশ আলাপ জমাইয়া लहेरनन । हैशास्त्र त्कह त्कह ছिल्नन आर्यान । रेगतिक शतिहिल, जेब्बन यसन, আয়তলোচন, নির্ভীকগতি, প্রতিভামণ্ডিত-ব্যক্তিত্বসম্পন্ন এই যুবক সকলেরই দৃষ্টি আকর্ষণ করিলেন। তাঁহার সম্রান্তব্যক্তিম্থলভ চলনভঙ্গী সারল্য ও মধুর ভত্ত-ব্যবহার তাঁহাদের চিত্ত জন্ম করিল। কাপ্তেন সাহেব মাঝে মাঝে তাঁহার সহিত গল্পগুজুব করিতেন এবং দাগ্রহে জাহাজের ইঞ্জিন ও অক্যান্ত অংশ দেখাইতেন। যাত্রীদের প্রায় সকলেই ছিলেন বিদেশী, আর স্বামীজী ছিলেন তাঁহাদের আদব-কায়দায় অনভান্ত, কিন্তু এই সকল দূরত্বও ক্রমে অপস্ত হইল। থান্তও তাঁহার নিকট প্রথমে অভূত ঠেকিত, দে বাধাও দ্র হইল। অনভান্ত থাল, অপরিচিত জনসাল্লিধা, অভুত পরিবেশ ইত্যাদি সর্বাবস্থার সহিতই তিনি নিজেকে খাপ খাওয়াইয়া লইলেন। আর উত্তাল সমৃত্রের তরক্ষোচ্ছাসসহ অর্ণবপোতের অবিরাম উথানপতন ও দোলগাওয়া, প্রবলগতি বায়্প্রবাহ, আকাশে বিভিন্ন বর্ণ ও আকারের মেঘদঞ্চরণ ইত্যাদির মধ্যে তাঁহার কল্পনাপ্রবণ কবিহৃদয় একটা অমুপম সৌন্দর্যের সন্ধান পাইল। সমুদ্রের বিশুদ্ধ হাওয়া তাঁহার দেহমনে একটা উল্লাস আনিয়া দিল। মোটের উপর এই অভিনব পরিস্থিতিমধোও তিনি বেশ আনন্দ উপভোগ করিতে লাগিলেন।

স্বামীজীর এই সম্দ্রধাত্রা সম্বন্ধে স্বর্রচিত যে প্রথম বর্ণনা পাওয়া যায় তাহা ১০ই জুলাই ইয়োকোহামা হইতে লিখিত। উক্তপত্রে কলম্বো পর্যস্ত যে বিবৃতি আছে, তাহা এই: "আমার গতিবিধি সম্বন্ধে তোমাদের সর্বদা থবর দেওয়া আমার উচিত ছিল, আমি তা করিনি, সেজলু আমায় কমা করবে। এরপ দীর্ঘ দ্রমণে প্রতাহই বিশেষ ব্যস্ত হয়ে থাকতে হয়। বিশেষতঃ আমার তো কখন নানা জিনিসপত্র সঙ্গে ঘোরা অভ্যাস ছিল না। এখন এইসব যা সঙ্গে নিজে হয়েছে তার তত্তাবধানেই আমার সব শক্তি থরচ হচ্ছে। বাত্তবিক, এ এক বিষম ঝ্রমাট। বোলাই ছেড়ে এক সপ্তাহের মধ্যে কলম্বো পৌছিলাম। ভাহাজ্ব প্রায় সারাদিন বন্দরে ছিল। এই স্বোগে আমি নেমে শহর দেখতে গেলাম।

গাড়ী করে কলখার রাস্তা দিয়ে চলতে লাগলাম। সেথানকার কেবল বৃদ্ধভগবানের মন্দিরটির কথা আমার শ্বরণ আছে, তথায় বৃদ্ধদেবের এক রৃহৎ
পরিনির্বাণ-মৃতি শয়ান অবস্থায় রয়েছে। মন্দিরের পুরোহিতগণের সহিত
আলাপ করতে চেষ্টা করলাম, কিন্তু তাঁরা সিংহলী ভাষা ভিন্ন অন্ত কোন ভাষা
জানেন না বলে আমাকে আলাপের চেষ্টা ত্যাগ করতে হল। ওথান থেকে প্রায়
৮০ মাইল দ্রে সিংহলের মধ্যদেশে অবস্থিত কাণ্ডি শহর সিংহলী বৌদ্ধর্মের
কেন্দ্র, কিন্তু আমার সেথানে যাবার সময় ছিল না। এখানকার গৃহস্থ বৌদ্ধগণ
—কি পুরুষ, কি স্ত্রী—সকলেই মৎশ্র-মাংসভোজী, কেবল পুরোহিতগণ
নিরামিবালী। সিংহলবাদীদের পরিচ্ছদ ও চেহারা তোমাদের মান্রাজবাদীদেরই
মতো। তাদের ভাষা সম্বন্ধে আমি কিছুই জানি না, তবে উচ্চারণ ভানে মনে
হয়, উহা তোমাদের তামিলের অন্তর্মণ।"

কলখো ছাড়িয়া জাহাজ বজোপসাগর অতিক্রমপূর্বক মালয়ের অন্তর্গত পিনাং এ আসিয়া থামিল। পিনাং সমূত্রমধ্যবর্তী এক ক্ষুত্র ভূথগুমাত্র। নগরটি ক্ষুত্র হইলেও স্থানিফি এবং স্থবিশ্রস্ত আধুনিক অপর নগরগুলিরই শ্রায় পরিষ্কার-পরিচ্ছন্ন। মালয়বাসিগণ অধিকাংশ মূসলমান, স্থানে স্থানে বছ চীনদেশীয় লোকও আছে, এবং কালক্রমে অনেক ভারতীয় উহাকে স্থানে বলিয়া গ্রহণ করিয়াছে। প্রাচীনকালে মালয়বাসীদের কেহ কেহ জলদস্যবৃত্তি অবলম্বন করিয়া সওদাগরী জাহাজের ভীতি উৎপাদন করিত, কিন্তু আধুনিক স্তরবিশ্রস্ত-কামানশোভিত রণতরীর ভয়ে তাহারা অপেক্ষাক্কত শান্তিপূর্ণ জীবন্যাপনে বাধ্য হইয়াছে।

পিনাংএর পর সিঙ্গাপুর। পথে স্থমাত্রাদ্বীপের পর্বতমালা দৃষ্টিগোচর হয়, এবং জাহাজের কাপ্তেন ঐগুলির স্থানে স্থানে বোস্বেটিয়াদের আড়া ছিল বলিয়া অঙ্গুলি নির্দেশে স্থামীজীকে দেখাইয়া দিলেন। সিঙ্গাপুর একটি ক্ষুদ্র দ্বীপ হইলেও জাহাজ চলাচলের পথের গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত থাকায় বেশ একটি স্থানর ও বৃহৎ বন্ধরে পরিণত হইয়াছে। উহা তখন স্ট্রেটস্ সেটলমেন্ট-এর রাজধানী ছিল। সিঙ্গাপুরে একটি স্থানর বোটানিক্যাল গার্ডেন আছে। উহাতে তাল-জাতীয় বছ প্রকারের বৃক্ষ সংগৃহীত রহিয়াছে। পাস্থপাদপ নামক তালজাতীয় গাছ সিঙ্গাপুরে প্রচুর জয়ায়, এবং ক্ষটি-ফলের গাছ বেখানে সেখানে। এখানে ম্যাক্রোটীন অপর্বাপ্ত জয়ায়। স্থানটি বিষ্বরেখার নিকটবর্তী হইলেও অধিবাসীয়া তেমন ক্যালো নহে। সিঙ্গাপুরে একটি য়াত্রমণ্ড আছে। তবে বন্দর-জীবনে বেমন

সাধারণতঃ হইয়া থাকে এথানেও তেমনি পানদোষ ও চরিত্রদোষ খুবই বেশী। জাহাজ বন্দরে কিছুক্ষণ থাকার অবসরে স্বামীজী নামিয়া বিশেষ বিশেষ দ্রষ্টব্য স্থানগুলি দেখিয়া লইলেন।

জাহাজ অতঃপর ইংরেজ উপনিবেশ হংকং-দ্বীপে থামিল। হংকং খাঁটি চীনেরই অন্তর্গত। অবশ্র সিন্ধাপুরেই স্বামীজী চীন-সভ্যতার পরিচয় পাইয়াছিলেন, কারণ সিন্ধাপুরে চীনদের সংখ্যা থুবই বেশী। চীনদেশের কথা ভারতবাসীরা শৈশব হইতেই শুনিয়া থাকে, বিশেষতঃ কলিকাতার চীনাবাজ্ঞার অঞ্চলে তো বহু চীনার সহিতই দেখা হয়। অতএব চীনাদের সম্বন্ধে—ভাহাদের ধর্ম, সংস্কৃতি, আচার-ব্যবহার, খাত্য, বাসস্থান, তাঁহারা নিজেদের দেশে ঠিক কিভাবে থাকে ইত্যাদি বিষয়ে স্বামীজীর যথেই উৎস্ক্র ছিল। চীন শব্দটির সন্ধেই জড়িত ছিল যেন কত কল্পনা, কত জাত্ব। চীন দেশটা দেখিতে হইবে। হংকংএ উপস্থিত হইয়া স্বামীজী আগ্রহভরে সমস্তলক্ষ্য করিলেন। ইয়োকোহামার পুর্বোদ্ধত পত্রে তিনি লিথিয়াছিলেন—

"হংকং তো থাঁটি চীন; যেই জাহাজ কিনারায় নোন্ধর করে, অমনি শত শত চীনা নৌকা এদে ডাঙ্গায় নিয়ে যাবার জন্ম তোমায় ঘিরে ফেলবে। এই নৌকাগুলো একটু নৃতন রকমের—প্রত্যেকটিতে হুটো করে হাল। মাঝিরা সপরিবারে নৌকাতেই বাদ করে। প্রায়ই দেখা যায়, মাঝির স্ত্রীই হালে বদে থাকে, একটি হাল হহাত দিয়ে ও অপর হাল এক পা দিয়ে চালায়। স্থার দেখা যায় যে, শতকরা নব্দই জনের পিঠে একটি কচি ছেলে এরপভাবে একটি থলির মতো জ্বিনিদ দিয়ে বাঁধা থাকে, যাতে দে হাত-পা অনায়াদে পেলাতে পারে। চীনে-খোকা কেমন মায়ের পিঠে সম্পূর্ণ শাস্তভাবে ঝুলে আছে, আর ওদিকে মা---কখন তার সমস্ত শক্তি প্রয়োগ করে নৌকা চালাচ্ছে, কখন ভারি ভারি বোঝা ঠেলছে, অথবা অন্তত তৎপরতার সঙ্গে এক নৌকা থেকে অপর নৌকায় লাফিয়ে যাচ্ছে—এ এক বড় মজার দৃশ্য। আর এত নৌকা ও স্তীমলঞ্চ ভিড় করে ক্রমাগত আসছে যাচেছ যে, প্রতিমূহুর্তে চীনে-খোকার টিকি-সমেত ছোট মাথাটি একেবারে গুঁড়ো হয়ে যাবার সম্ভাবনা রয়েছে, খোকার কিন্তু সেদিকে খেয়াল নেই। তার পক্ষে এই মহাব্যস্ত কর্মজীবনের কোন আকর্ষণ নাই। তার পাগলের মতো ব্যস্ত মা মাঝে মাঝে তাকে হ-একথানা চালের পিঠে দিচ্ছে, সে ততক্কণ তার গঠনতন্ত্র জেনেই সম্ভষ্ট। চীনে থোকা একটি রীতিমত দার্শনিক। যথন ভারতীয় শিশু হামাগুড়ি দিতেও অক্ষম, এমন বয়সে স্থিরভাবে কাজ করতে বায়। সে বিশেষভাবেই প্রয়োজনীয়তার দর্শন শিথেছে। চীন ও ভারতবাসী যে 'মমি'তে পরিণতপ্রায় এক প্রাণহীন সভ্যতার স্তরে আটকে পড়েছে, অভি দারিদ্রাই তার অক্যতম কারণ। সাধারণ হিন্দু বা চীনবাসীর পক্ষে তার প্রাত্যহিক অভাব এতই ভয়ানক যে, তাকে আর কিছু ভাববার অবসর দেয় না।

"হংকং অতি স্থন্দর শহর—পাহাড়ের ঢালুর উপর নির্মিত; পাহাড়ের উপরেও অনেক বড়লোক বাস করে; ইহা শহর অপেক্ষা অনেক ঠাণ্ডা। পাহাড়ের উপরে প্রায় খাড়াভাবে ট্রাম-লাইন গিয়েছে, তারের দড়ির সংযোগে এবং বাষ্পীয় বলে ট্রামগুলি উপরে টেনে নিয়ে যাওয়া হয়।

"আমরা হংকংএ তিন দিন ছিলাম। সেথান থেকে ক্যাণ্টন দেখতে গিয়েছিলাম, হংকং থেকে একটি নদী ধরে আশী মাইল উজিয়ে ক্যাণ্টনে মেতে হয়।
নদীটি এত চপ্তড়া যে বড় বড় জাহাজ পর্যন্ত যেতে পারে। অনেকগুলো চীনে
জাহাজ হংকং ও ক্যাণ্টনের মধ্যে যাতায়াত করে। আমরা বিকেলে একথানি
জাহাজে চড়ে পরদিন প্রাতে ক্যাণ্টনে পৌছলাম। প্রাণের ক্তৃতি ও কর্মব্যন্ততা
মিলে এখানে কি হই-চই! নৌকার ভিড়ই বা কি! জল যেন ছেয়ে ফেলেছে!
এ শুধু মাল ও যাত্রী নিয়ে যাবার নৌকা নয়, হাজার হাজার নৌকা রয়েছে গৃহের
মতো বাসোপযোগী। তাদের মধ্যে অনেকগুলি অতি স্থলর, অতি বৃহৎ।
বান্তবিক সেগুলো দোতলা তেতলা বাড়ীর মতো, চারিদিকে বারান্দা রয়েছে,
মধ্যে দিয়ে রাস্তা গেছে: কিন্তু সব জলে ভাসছে।

"আমরা বেখানে নামলাম, সেই জায়গাটুকু চীন গভর্নমেন্ট বৈদেশিকদের বাস করবার জন্ম দিয়েছেন, এবং চতুর্দিকে নদীর উভয় পার্ষে অনেক মাইল জ্ডে এই বৃহং শহর অবস্থিত—এখানে অগণিত মাহয় বাস করছে, জীবনসংগ্রামে একজন আর একজনকে ঠেলে ফেলে চলেছে—প্রাণপণে জীবনসংগ্রামে জয়ী হবার চেষ্টা করছে। মহা কলরব, মহা ব্যস্ততা! কিন্তু এখানকার অধিবাসীসংখ্যা মভই হোক, এখানকার কর্মপ্রবণতা হতই হোক, এর মতো ময়লা শহর আমি দেখিনি। তবে ভারতবর্ষের কোন শহরকে যে হিসাবে আবর্জনাপুর্ণ বলে, সেহিসেবে বলছি না, চীনেরা তো এতটুকু ময়লা পর্যন্ত ব্রথা নই হতে দেয় না; চীনেদের গা থেকে যে বিষম ত্র্গন্ধ বেরোয় তার কথাই বলছি। তারা যেন ব্রজ্ব নিয়েছে, কথন স্থান করবে না।

"প্রত্যেক বাড়ীখানি একথানি দোকান—লোকেরা উপরতলায় বাস করে। রাস্তাগুলো এত সরু যে, চলতে গেলেই ত্থারের দোকান যেন গায়ে লাগে। দশ পা চলতে না চলতে মাংসের দোকান দেখতে পাবে। এমন দোকানও আছে যেথানে কুকুর-বেরালের মাংস বিক্রয় হয়, অবশ্য থ্ব গরীবরাই কুকুর-বেরাল খায়।

"আর্থাবর্তনিবাদিনী হিন্দু-মহিলাদের থেমন পর্দা আছে, তাদের থেমন কেউ কথন দেখতে পায় না, চীনের মহিলাদেরও তদ্ধে। অবশু শ্রমজীবী স্ত্রীলোকের। লোকের সামনে বেরোয়। এদের মধ্যেও দেখা যায়, এক একটি স্ত্রীলোকের পা তোমাদের ছোট খোকার পায়ের চেয়ে ছোট; তারা হেঁটে বেড়াছে ঠিক বলা যায় না, খুঁড়িয়ে খুঁডিয়ে থপ থপ করে চলেছে।"

স্বামীজী চীনবাসীদের দারিন্দ্র, জীবনষাত্রাপ্রণালী, শ্রমপরায়ণতা, রাজনীতিক ও সাংস্কৃতিক বিভিন্ন দিক লক্ষ্য করিয়াই ক্ষান্ত হন নাই, তিনি তাঁহাদের ধর্মের সহিতও পরিচিত হইতে উৎস্কৃ ছিলেন। তিনি লিথিয়াছেন "আমি কতকগুলি চীনে-মন্দির দেখতে গেলাম। ক্যান্টনে যে সর্বাপেকা বৃহৎ মন্দিরটি আছে, প্রথম বৌদ্ধ সম্রাট এবং সর্বপ্রথম পাঁচশতজন বৌদ্ধর্মাবলম্বীর স্মরণার্থ উৎসর্গীকত। অবশ্য স্বয়ং বৃদ্ধদেব প্রধান মৃতি; তাঁর নীচেই সম্রাট বসেছেন; আর হুধারে শিল্পগণের মৃতি—সব মৃতিগুলিই কাঠে স্কুলরম্বপেক্ষোদিত।" তিনি বৌদ্ধ ভাস্কর্য উত্তমম্বপে পর্যবেক্ষণ করিলেন; এবং লক্ষ্য করিলেন, ভারতীয় মন্দিরের সহিত ইহাদের মন্দিরের সাদৃশ্য আছে। অবশ্য বৈষম্যন্ত যথেষ্ট ছিল এবং ঐ বৈষম্যেরই মধ্যে চীনবাসীদের মৌলিকতার পরিচয়্ম পাইয়া তিনি স্থানন্দিত হইয়াছিলেন।

ইহার পর তাঁহার ঔৎস্কা জাগিল, শুধু বৌদ্ধ মন্দির নহে, থাঁটি চীনা-মন্দির দেখিতে হইবে। কিন্তু দেশব মন্দির এমন স্থানে অবস্থিত যেথানে বিদেশীদের প্রবেশ নিষেধ। তাহা হইলে কি করা যায়? তিনি বিভাষীকে জিজ্ঞাসা করিয়া জানিলেন, দেখানে যাওয়া অসম্ভব। কিন্তু ইহাতে তাঁহার কৌত্হল আরও বর্ধিত হইল—চীনা-মন্দির অবশ্য দেখিতে হইবে! তিনি বিভাষীকে জিজ্ঞাসা করিলেন, "ধর, কোন বিদেশী ওগানে গিয়ে পড়ল, তাহলে কি হবে?" সে উত্তরে বলিল, "তাহলে মন্দিরবাসীরা তার উপর অত্যাচার করবে।" স্থামীজী মনে মনে ভাবিলেন, মঠবাসী সাধুরা যদি জানিতে পারে যে, তিনি

হিন্দু সন্মাসী তবে তাহারা তাঁহার প্রতি হুর্ব্যবহার করিবে না। তিনি বিভাষী ও नश्याबी सार्यानत्तव खेक्रण এकिए मर्कि याहेटल श्रीकाशीकि कविरक सार्गितन. এবং সহাক্তে বলিলেন, "এসোই না, দেখি তারা আমাদের মেরে ফেলে কিনা।" কিন্তু তাঁহারা মঠের দিকে অধিক অগ্রসর হইতে না হইতেই দ্বিভাষী চীৎকার করিয়া উঠিল, "পালান মশায়রা, পালান! ঐ দেখুন তারা তেড়ে আসছে, আর তারা চটে গেছে বেজায়।" দেখা গেল ছই-তিনজন লোক যষ্টিহন্তে ক্রভ সেদিকে আদিতেছে। তাহাদের চণ্ডমৃতি দেখিয়া স্বামীন্সী ও দ্বিভাষী ব্যতীত সকলেই পলাইলেন। যথন দ্বিভাষীও পলাইতে উন্নত হইল, তথন স্বামীন্সী তাহায় হাত ধরিষা হাসিতে হাসিতে বলিলেন, "বাপু হে, চীনারা নিজেদের ভাষায় ভারতীয় रशंगीरक कि वरल, छ। ना मिथिरम्न मिरम्न भानारना ठनरव ना।" विकायीत নিকট শন্দটি লিখিয়া লইয়া তিনি উচ্চৈ:ম্বরে চীনাদের বলিতে লাগিলেন, তিনি ভারতীয় যোগী। উহাতে যাত্মন্ত্রের ক্সায় ফল ফলিল। ক্রন্ধ লোকগুলি সম্রদ্ধভাবে তাঁহার পদপ্রান্তে অবনত হইল এবং অতঃপর গাত্রোখান করিয়া করজোড়ে অতি বিনীতভাবে কতকগুলি কথা উচ্চারণ করিল যাহার একটি শব্দ স্বামীকী বুঝিতে পারিলেন—"ক্বচ"। তিনি অনুমান করিলেন, ইহা হিন্দু কবচ শব্দই হইবে। কিন্তু নিঃসন্দেহ হইবার জন্ম দূরে অবস্থিত দ্বিভাষীকে চীৎকার করিয়া জিজ্ঞাদা করিলেন, লোকগুলি কি চায় ? দ্বিভাষী প্রাণভয়ে দূরে পলাইয়া এই সব ব্যাপার দেখিয়া হতভম্ব হইয়া গিয়াছিল; কারণ জীবনে দে এরপ দৃষ্ট দেখে নাই। দে উত্তরে বলিল, "মশায় এরা ভৃতপ্রেত থেকে এবং অপবিত্ত প্রভাব থেকে বাঁচবার জন্ম রক্ষাকবচ চাইছে, এরা আপনার আশ্রয় ভিক্লা করছে।" স্বামীজী কি করিবেন অকম্মাৎ ভাবিয়া পাইলেন না ; কেননা জাত্ব-বিভায় তাঁহার বিখাস ছিল না। অতঃপর একটা বুদ্ধি ঠাওরাইলেন। পকেট হইতে একখণ্ড কাগজ লইয়া উহা টুকরা টুকরা করিলেন এবং প্রত্যেক খণ্ডে বেদের পবিত্রতম শব্দ "ওমৃ" সংস্কৃত অক্ষরে লিখিয়া তাহাদের হস্তে দিলেন। তাহারা ঐশুলি গ্রহণ করিয়া ক্লভজ্ঞতাসহকারে মন্তকে ঠেকাইল এবং তাঁহাকে মঠাভ্যন্তরে লইয়া গেল। মঠের অতি নিভৃত অংশে তাহারা তাঁহাকে কিছু প্রাচীন হস্তলিখিত পুস্তক দেখাইল। উহা সংস্কৃত ভাষায় রচিত এবং প্রাচীন বাঙ্গলা অক্ষরে লিখিত। তখন তাঁহার স্মরণ হইল, তিনি যখন ক্যাণ্টনের ঐ বিরাট মন্দিরে প্রবেশ করিয়াছিলেন, তথন মন্দিরস্থ বৃদ্ধশিশুদের প্রতিমৃতির

আফুতি বাঙ্গালীদেরই সদৃশ দেখিয়া তিনি চমংকৃত হইয়াছিলেন। এই সকল প্রত্যক্ষ প্রমাণ এবং পূর্বে অধীত চীনদেশের ইতিহাসের সাক্ষ্য ইইতে তিনি ব্ঝিতে পারিলেন, এককালে বঙ্গদেশের সহিত চীনের ঘনিষ্ঠ আদানপ্রদান ছিল, এককালে নিশ্চয়ই বঙ্গদেশ হইতে বহু ভিক্ তথায় আসিয়াছিলেন এবং বৌদ্ধশাস্ত্রও সঙ্গে আনিয়াছিলেন ; এইরূপে ভারতীয় চিন্তা চীনদেশের উপর প্রবল প্রভাব বিস্তার করিয়াছিল।

ইহার পরবর্তী বিবরণ স্বামীজীর পূর্বোদ্ধত পত্রে এইরপ পাওয়া যায়, "ব্যাণ্টন হতে আমি হংকঙে ফিরলাম। সেথান থেকে জাপানে গেলাম। নাগাসাকি বন্দরে প্রথমেই কিছুক্ষণের জন্ম আমাদের জাহাজ লাগলো। আমরা ক্ষেক্ষ ঘণ্টার জন্ম জাহাজ থেকে নেমে শহরের মধ্যে গাড়ী করে বেড়ালাম। চীনের সহিত কি প্রভেদ! পৃথিবীর মধ্যে যত পরিষ্কার জাত আছে, জাপানীরা তাদের অন্ততম। এদের সবই কেমন পরিষ্কার! রাস্তাগুলো প্রায় সবই চওড়া সিধে ও বরাবর সমানভাবে বাধানো। থাঁচার মতো এদের ছোট ছোট দিব্যি বাড়ীগুলো, প্রায় প্রতি শহর ও পল্লীর পশ্চাতে অবস্থিত চিড়গাছে ঢাকা চিরহরিং ছোট ছোট পাহাড়গুলো, বেঁটে, ক্ষরকায়, অভুত বেশধারী জাপ, তাদের প্রত্যেক চালচলন, অঙ্গভঙ্গী, হাবভাব—সবই ছবির মতো। জাপান শৌন্মর্যভূমি। প্রায় প্রত্যেক বাড়ীর পেছনে এক একখানি বাগান আছে—তা জাপানী ফ্যাশনে ক্ষু ক্ষু গুল্মন্থণাচ্ছাদিত ভূমিথণ্ড, ছোটছোট ক্রজিম জনপ্রণালী এবং পাথরের সাঁকো। দিয়ে ভালরূপে সাজানো।

"নাগাসাকি থেকে কোবি গেলাম। কোবি গিয়ে জাহাজ ছেড়ে দিলাম। স্থলপথে ইয়োকোহামায় এলাম—জাপানের মধ্যবর্তী প্রদেশসমূহ দেখবার জন্ত। আমি জাপানের মধ্যপ্রদেশে তিনটি বড় বড় শহর দেখেছি। ওসাকা—এখানে নানা শিল্পস্ব্য প্রস্তুত হয়; কিয়োটা—প্রাচীন রাজধানী; টোকিও—বর্তমান রাজধানী; টোকিও কলকাতার প্রায় দিগুণ হবে। লোকসংখ্যাও প্রায় কলকাতায় দিগুণ। ছাড়পত্র ছাড়া বিদেশীকে জাপানের ভিতরে প্রমণ করতে দেয় না।

"দেখে বোধ হয় —জাপানীরা বর্তমান কালে কি প্রয়োজন, তা ব্বেছে; তারা সম্পূর্ণ জাগরিত হয়েছে। ওদের সম্পূর্ণরূপে শিক্ষিত ও স্থনিয়ন্ত্রিত স্থলসৈত্র আছে। ওদের যে কামান আছে, তা ওদেরই একজন কর্মচারী আবিকার করেছেন। সকলেই বলে, উহা কোন জাতির কামানের চেয়ে কম
নয়। আর তারা তাদের নৌবলও ক্রমাগত বৃদ্ধি করছে। আমি একজন
জাপানী স্থপতিনির্মিত প্রায় এক মাইল লম্বা একটা স্থড়ক দেখেছি। এদের
দেশলাই-এর কারথানা একটা দেথবার জিনিস। এদের যে-কোন জিনিসের
অভাব, তাই নিজের দেশে করবার চেষ্টা করছে। জাপানীদের একটি স্থীমার
লাইনের জাহাজ চীন ও জাপানের মধ্যে যাতায়াত করে; আর এরা শীঘ্রই
বোদ্বাই ও ইয়োকোহামার মধ্যে জাহাজ চালাবে, মতলব করছে।"

এশিয়ারই একটি দেশ নবীন জাপানের শিল্পায়োজন স্বামীজীকে মুগ্ধ করিয়াছিল। এমন শোভাময় দেশ, এমন স্থক্ষচিসম্পন্ন নরনারী—স্থন্দর তাহাদের সবটকু— पत्रवाड़ी, ताखा, উত্থান, চাল-চলন, ভাবভঙ্গী। আর তাহারহ মধ্যে এই বিশাল কর্মোল্লম। নবীন জগতের ধারা সম্বন্ধে তাহার। অতিমাত্র জাগরক এবং সেই ধারায় চলিয়া স্বদেশের উন্নতি-সাধনে বন্ধপরিকর। স্বামীজীও ম্বদেশের আর্থিক উন্নতির চিম্ভায় মগ্ন ছিলেন। কে জানে ভগবিদ্বিধানেই তিনি ইউরোপের পথে আমেরিকায় না গিয়া জাপানের পথে গিয়াছিলেন কিনা। ইউরোপ হইতে শিক্ষালাভ অপেক্ষা জাপানের আদর্শে উদ্বন্ধ হওয়া ভারতের পকে সহজ—ইহা স্বামীজী বুঝিতে পারিয়াছিলেন, কারণ জাপানীরাও এশিয়া-বাসী, এবং কিছুদিন পূর্বেও তাহারা আর্থিক সভ্যতা ও উন্নতির মাপকাঠিতে ভারতের তুল্য অথবা তদপেক্ষাও নিম্নতর স্তরে ছিল। জাপানে যাহা সম্ভব হইয়াছিল তাহা ভারতে কেন হইবে না । জাপানের মন্দিরও তিনি দেখিয়াছিলেন। পুরোহিতকুল সাধারণত: রক্ষণশীল ও পরিবর্তনবিরোধী কিন্তু স্বামীন্দ্রী জাপানের মন্দিরগুলি দেখিয়া এবং পুরোহিতদের সহিত আলাপ করিয়া বুঝিলেন, "এরা বেশ বৃদ্ধিমান। বর্তমানকালে সর্বত্রই যে একটা উন্নতির জন্ম প্রবল চেষ্টা দেখা ষায়, তা পুরোহিতদের মধ্যেও প্রবেশ করেছে।" তারপর মনে মনে জাপান ও চীনের সহিত ভারতের আরও তুলনা করিয়া স্বামীন্ধী স্পষ্টই লিখিলেন, "জাপানীদের সম্বন্ধে আমার মনে কত কথা উদিত হচ্ছে, তা একটা সংক্ষিপ্ত চিঠির মধ্যে প্রকাশ করে বলতে পারি না। তবে এইটুকু বলতে পারি যে, আমাদের দেশের যুবকেরা দলে দলে প্রতিবৎসর চীন ও জাপানে যাক। জাপানে বাওয়া আবার বিশেষ দরকার; জাপানীদের কাছে ভারত এথনও সর্বপ্রকার উচ্চ ও মহৎ পদার্থের স্বপ্নরাজ্যস্বরূপ। আর তোমরা কি করছ? সারা জীবন কেবল বাব্দে বকছ। এন এদের দেখে যাও ভারপর যাও—গিয়ে লক্ষায় মুখ লুকোও গে। ভারতের বেন জরাজীর্ণ অবস্থা হয়ে ভীমরতি ধরেছে ! তোমরা দেশ ছেড়ে বাইরে গেলে তোমাদের জাত যায় ! এই হাজার বছরের ক্রমবর্ধমান क्यों क्रमः स्नादतत त्याया चाए नित्य वरम चाह, हाकात वहत धरंत थाछा थाएछत শুদ্ধাশুদ্ধতা বিচার করে শক্তিক্ষম করছ। পৌরোহিত্যরূপ আহাম্মকির গভীর ঘূর্ণিতে ঘূর্পাক খাচছ। শত শত যুগের অবিরাম সামাজিক অভ্যাচারে তোমাদের সব মহয়ত্তা একেবারে নট হয়ে গেছে—তোমরা কি বল দেখি? আর তোমরা এখন করছই বা কি? আহামক, তোমরা বই হাতে করে সমৃত্রের ধারে পায়চারি করছ! ইউরোপীয় মন্তিদ্ধপ্রস্ত কোন তত্ত্বের এক কণামাত্র—তাও থাটি জিনিস নয়, সেই চিস্তার বদহজম থানিকটা ক্রমাগত আওড়াচ্ছ, আর তোমাদের প্রাণমন সেই ত্রিশ টাকার কেরানিগিরির দিকে পড়ে রয়েছে; না হয় খুব জোর একটা হুষ্ট উকিল হবার মতলব করছ। ইহাই ভারতীয় যুবকগণের সর্বোচ্চ আকাজ্জা। আবার প্রত্যেক ছাত্তের আশেপাশে একপাল ছেলে—তার বংশধরগণ; 'বাবা, খাবার দাও, খাবার দাও' করে উচ্চ চীৎকার তুলছে। বলি সমূদ্রে কি জলের অভাব হয়েছে যে, ভোমাদের বই, গাউন, বিশ্ববিভালয়ের ডিপ্লোমা প্রভৃতি সমেত তোমাদের ডুবিয়ে ফেলডে পারে না ?"

করেকটি সংক্ষিপ্ত অথচ অগ্নিবর্ষী বাক্যে স্বামীজী স্বদেশের আশা-ভরসার স্থল শিক্ষিত ব্বকদের একথানি নিখুত ছবি আঁকিলেন। কিন্তু শুর্ নেতির দিক দেথাইয়া সকলকে নৈরাশ্রে নিমজ্জিত করিতে স্বামীজী অবতীর্ণ হন নাই। তাই তিনি পুন: উদান্তকণ্ঠে আহ্বান করিলেন, "এস, মাহ্ম্য হণ্ড! প্রথমে তৃষ্ট পুরুতগুলোকে দূর করে দাও। কারণ এই মন্তিকহীন লোকগুলো কথন শুধরোবে না। তাদের হৃদয়ের কথনও প্রসার হবে না। শতশত শতান্দীর কুসংস্কার ও অত্যাচারের ফলে তাদের উদ্ভব; আগে তাদের নির্মূল কর। এস, মাহ্ম্য হণ্ড। নিজেদের সন্ধীর্ণ গর্ভ হতে বেরিয়ে এসে বাইরে গিয়ে দেব, সব জাতি কেমন উন্নতির পথে চলেছে। তোমরা কি মাহ্ম্যকে ভালবাস? তোমরা কি দেশকে ভালবাস? তাহলে এস, আমরা ভাল হবার জন্ম—উন্নত হবার জন্ম প্রাণপণে চেন্টা করি। পেছনে চেণ্ড না—অতি প্রিয় আত্মীয়ন্মজন কাঁছক, পেছনে চেণ্ড না, সামনে এগিয়ে বাণ্ড।"

স্বামীজী দেখাইলেন সভাতায় পশ্চাহতী জাপান স্বীয় উন্তমে কেমন করিয়া বড় হইল। তিনি ভারতকে শুনাইলেন মন উদার করিবার, দৃষ্টি প্রদারিত করিবার কথা; মাত্রুষকে ভালবাসিতে হইবে, কৃত্র স্বার্থচিস্তা ত্যাগ করিয়া মৌলিক **ठिस्नात चाल्य नेटेट टेटेट, चात अन्य भूर्ग कतिर**ू **टेटेट डेक चाका**क्याय। ইহাই তো উন্নতির প্রকৃষ্ট উপায়। পথের নির্দেশ দিয়া স্বামীজী নেতার আসন হইতে দেশের যুবকদের ভাকিয়া বলিলেন, "ভারতমাতা অস্ততঃ সহস্র যুবক বলি চান। মনে রেখো—মামুষ চাই, পশু নয়। প্রভু তোমাদের এই বাঁধাধরা সভ্যতা ভাঙবার জন্ম ইংরেজ গভর্নমেণ্টকে প্রেরণ করেছেন, আর মাক্লাজের लाक हे हैं राजकरमंत्र ভाরতে বসবার প্রধান সহায় হয়। এখন জিজ্ঞাসা∖করি, সমাজের এই নৃতন অবস্থা আনবার জন্ম সর্বাস্তঃকরণে প্রাণপণ যত্ন করবে, মান্রাজ এমন কতকগুলি নিঃম্বার্থ যুবক দিতে কি প্রস্তুত—যারা দরিন্তুর প্রতি সহামুভ্তিসম্পন্ন হবে, তাদের ক্ষার্তমুখে অন্নদান করবে, সর্বসাধারণের মধ্যে শিক্ষাবিস্তার করবে, আর ভোমাদের পূর্বপুরুষগণের অত্যাচারে যারা পশুপদবীতে উপনীত হয়েছে, তাদের মাত্র্য করবার জন্ম আমরণ চেষ্টা করবে ?…ধীর, নিন্তর, অথচ দৃঢ়ভাবে কাজ করতে হবে। থবরের কাগজে ছজুক করা নয়। সর্বদা মনে রাখবে, নামঘশ আমাদের উদ্দেশ্য নয়।" ('বাণী ও রচনা', **७**।७९७-९२)।

মনে রাখিতে হইবে পত্রথানি মাদ্রাজের ভক্তদিগকে লিখিত, তাই মাদ্রাজের যুবকদের অবস্থাদিই ইহাতে প্রাধান্ত পাইয়াছে। কিন্তু বস্তুত: ইহা অথও ভারতের প্রতি স্বামীজীর প্রথম স্ববিগ্রন্থ, স্বচিন্তিত স্পষ্ট উক্তি বা নির্দেশ। অনেকের ধারণা আমেরিকায় অবস্থানকালে পাশ্চান্তা ভাবধারার হারা প্রভাবান্থিত স্বামীজীর দৃষ্টিভঙ্গীতে একটা আমূল পরিবর্তন ঘটিয়াছিল, তাই সাধ্চিত পারলোকিক চিন্তাস্থলে তিনি ইহলোকিক চিন্তাকে প্রাধান্ত দিয়াছিলেন। স্বামীজীর মনে ভারতের উন্নতির যে চিত্র উদিত হইত, তাহা কথনও ধর্মনিরপেক্ষ বা ধর্মবিরোধী ছিল কিনা, সে বিষয়ে বিবেচনার সময় আমরা অতঃপর ষথেষ্ট পাইব। এথানে আমরা ভুগু এইটুকু বলিতে চাই যে, প্রাচ্য ভূভাগ পরিত্যাগের পুর্বই স্বামীজীর মনে ভারতের সামৃহিক উন্নতির একটা পরিপূর্ণ পরিকল্পনা ক্রপপরিগ্রহ করিয়াছিল। তাহার বিচ্ছিন্ন আভাস আমরা তাহার পূর্ববর্তী জীবনালোচনাকালে যথেষ্ট পাইয়াছি; বর্তমান পত্রে তাহারই স্থসংবদ্ধ

পরিচয় পাই। ইহার পরে তিনি ভারতের উন্নতিকল্পে যাহা কিছু বিশিয়াছেন, মনে হয় যেন তাহার সবটাই এখানে স্ক্রাকারে রহিয়াছে—শিক্ষাপ্রচার, দারিজ্রাবিদ্রণ, সামাজিক অত্যাচারনিরোধ, তাাগী যুবকদের হারা এই কার্মসম্পাদন ইত্যাদি অনেক কথাই পত্রে আছে। অবশ্র নারীসমাজের উন্নতি, অস্পৃত্রতাবর্জন, বাল্যবিবাহনিরোধ ইত্যাদি কোন কোন বিষয় এখানে স্পষ্টত: উল্লিখিত হয় নাই। কিন্তু চিন্তাশীল পাঠক দেখিবেন, স্বামীজী মৌলিক যে কথাগুলি স্ক্রাকারে বলিয়াছেন, তাহার বিস্তার করিতে গেলে এইগুলি আপনা হইতেই আসিয়া পড়ে।

ইয়োকোহামা হইতে লিখিত চিঠিখানির তারিখ ১০ই জুলাই। জাহাজ ঠিক কবে ইয়োকোহামা ছাড়িয়াছিল, এবং প্রশাস্ত মহাসাগর অতিক্রম করিতে কতদিন লাগিয়াছিল জানা নাই: তবে স্বামীজীর ২০শে আগস্টের পত্র হইতে পথের কিঞ্চিৎ সংবাদ পাওয়া যায়, "জাপান হইতে আমি বঙ্কুবরে পৌছিলাম।" প্রশাস্ত মহাসাগরের উত্তরাংশ দিয়া আমাকে যাইতে হইয়াছিল। খ্ব শীত ছিল। গরম কাপডের অভাবে বড় কট পাইতে হইয়াছিল। যাহা হউক, কোনরূপে বঙ্কুবরে পৌছিয়া তথা হইতে কানাতা দিয়া চিকাগোয় পৌছিলাম। তথায় আন্দাজ বারো দিন রহিলাম।" ('বাণী ও রচনা', ৬০৬০)। ভারতীয় বঙ্কুগণ স্বামীজীকে রেশমনিমিত ভারতীয় পোশাকে সজ্জিত করিয়াছিলেন, কিন্তু গ্রীয়কালেও যে প্রশাস্ত মহাসাগরের উত্তরাংশ, এমন কি কানাতা ও যুক্তনাষ্ট্রও এত ঠাণ্ডা যে, উষ্ণবন্ধ আবশ্রুক হয়, ইহা তাঁহারা কল্পনাও করিতে পারেন নাই। অতএব শুধু জাহাজেই নহে, জাহাজ হইতে নামিয়াও তাঁহাকে কষ্টে পড়িতে হইয়াছিল।

প্রাচীন ভ্থণ্ড ত্যাগ করিয়া বেদিন স্বামীজী ন্তন ভ্থণ্ডের পশ্চিম ক্লে ক্ষ্ত একটি দ্বীপে অবস্থিত বঙ্ক্বর বন্দরে অবতরণ করিলেন, সেই বিশেষ দিনটি আমরা অবগত নহি। সম্প্রতি শ্রীযুক্তা মেরী লুইস বার্ক তাঁহার গবেষণাপূর্ণ অমৃল্যগ্রন্থ 'স্বামী বিবেকানন্দ ইন্ আমেরিকা; নিউ ডিস্কবারিক্ত' এর মুখবদ্ধে

১। বাললা জীবনীর মতে (৮০২ পুঃ) বোবের জামসেদলী নসরতন্ত্রী টাটা জাপান হইতে চিকাগোর পথে বামীজীর সহবাত্রী ছিলেন এবং উভরের মধ্যে পরিচয় ঘটে।

২। অতঃপর আমাদিগকে এই গ্রন্থথানির অনেক সাহায্য লইতে হইবে, আমরা তথু 'নিউ ডিস্কবারিজ' বলিরা ইহার উলেথ করিব।

লিধিয়াছেন "সম্প্রতি আবিস্কৃত কিছু তথ্যের ভিত্তিতে আমি বলিতে পারি, তিনি ২৫শে জুলাই, ১৮৯৩ খৃঃ, মন্ধলবার সন্ধ্যায় বন্ধ্বরে অবতরণ করেন।" বন্ধ্বর উত্তর আমেরিকার কানাভা রাজ্যের অন্তর্গত। বন্ধ্বর হইতে কানাভা প্যাসিফিক রেলপথে তিনি বিখ্যাত রকি পর্বতশ্রেণী ভেদ করিয়া চলিলেন—পথ অতীব মনোরম। বহু নদ-নদী, বনানী, নগর, মহানগর অতিক্রম করিয়া ট্রেন ছুটিল এবং উইনিপেগ হইয়া খুব সম্ভবতঃ ৩০শে জুলাই, ১৮৯৩ খৃঃ, সন্ধ্যায় তিনি চিকাগো নগরে উপস্থিত হইলেন।

অথতানন (স্বামী), গঙ্গাধর, গঙ্গা, গেঞ্জেদ-আঁটপুরে ২১৪; হিমালয়-ভ্রমণে ২১৭; মঠে ২১৭; তার প্রশেত্তরে শিবানন্দ প্রমদাদাস বাবুর পুর্বপরিচিত ২৪১; তিকাতে ২৫২; তাঁকে স্বামীজী পত্র লেখেন ২৫৫-৫৬: তাঁকে স্বামীজীর অভিপ্ৰায় রাখিতে অমুরোধ ২৫৭; গাজীপুরে ২৭০; নেপাল ও তিব্বত ভ্রমণে স্বামীজীর সঙ্গী হইতে নির্দেশ ২৭০; পওহারী বাবাকে দর্শন २१०; প্রমদাবাবুকে পত্র ২৭०; বালি স্টেশনে পুলিশী বিভ্রাট ২৭০-৭১; শ্রীমায়ের আশীর্বাদ ২৭১: ভাগলপুরে ২৭৩, ২৭৬; বৈছানাথ-ধামে ২৭৭; তাঁর ক্রমিক ভ্রমণ-বুত্তান্ত অজ্ঞাত ২৭৯; অযোধ্যায় ২৮১-৮২ ; তার বুকে ব্যথা স্ষ্টি ২৮২ ; তার নোটবই ২৮৩ ; আলমোড়ায় ২৮৪; বদরীনারায়ণ যাত্রা ২৮৫; তাঁর পথে কফ বুদ্ধি ২৮৫; কর্ণপ্রয়াগে তাঁর রোগবৃদ্ধি ২৮৫; জরাক্রান্ত ২৮৬; গাড়োয়ালে ভিকা ২৮৬: পীডিত স্বামীজী সম্বন্ধে ২৮৮; হৃদয়বাবুর গৃহত্যাগ ২৮৯; আনন্দ নারায়ণ পণ্ডিতের আশ্রয়ে ২৮৯; তাঁর द्रार्गाथमम २००; अनाहावास যাবার পরামর্শ ২৯০; সাহারাণপুরে ২৯০: মীরাটে ২৯০; স্বামীজীর রোগজীর্ণ দেহের বর্ণনা ২৯৬ : জ্রুত

পাঠ সম্বন্ধে স্বামীজীকে প্রশ্ন ২৯৬-১৭: একজন আফগানকে স্বামীজীর निक्रे जानग्रन २२१: सामीकीत নিকট প্রতিজ্ঞা ২৯৮-৯৯ : দিল্লীতে ৩০১; বুন্দাবনে ৩০২; তাঁকে সংবাদদানে স্বামীজীর ত্রিগুণা-তীতকে নিষেধাজ্ঞা স্বামীজীর থোঁজে **७88-8€**; -জীবনে সেবাব্রতের ভূমিকা ৩৪৬ 'অथडानन'-जीवनी २१०, २१७, २৮२, ২৯৩, ৩৪৬ ; ২৯৯ পা: টী: অথণ্ডানন্দের 'শ্বতিকথা' ২১৮, ২৩৮, २৮०, २৮२, ७९०, ७८४-४६; ২৯৯ পা: টী: অজিত সিংহ (থেতড়ীরাজ)-সহ স্বামীজীর পরিচয় ৩২১; স্বামীজীর मः वाप প্राश्चि ७२२ ; मञ्जूषीकानाङ ৩২৫ ; তাঁর গুরুভক্তি ৩২৬-২৭ ; অপুত্রক ৩২৭ ; তার পুত্রলাভ ৩২৭, ৪১৩; চামার প্রজাকে পুরস্কার ৩৩১; স্বামীজীর সঙ্গে জয়পুরে 836; श्रामीखीटक विनाय 839;

অক্সেয়—বাদ ৩৮২ ;—বাদী ২২৯ 'অতীতের শ্বৃতি' ২২০, ২২৫-২৬ ; ২১০ পাঃ টীঃ

माहाया ४२১, ४२४

স্বামীজীর মাতাকে নিয়মিত অর্থ

অবৈত্ত---আশ্রম ২১৬ ;-গ্রন্থ ১২০ ;-জ্ঞান ১১, ১৬২, ১৭৪ ; -তত্ত্ব ১৬২ ;-বাদ ৮, ৭১, ১৭৮, ৩৮৪ ; -বাদী ৩৯৭ ; -ভাব ১৯৪

অবৈভানন (স্বামী) বুড়ো গোপাল-

কাশীপুর উত্থানে ১৮০; নরেন্দ্রের সলে ১৮১, ১৮৪-৮৫; ও গেরুয়া ও রুদ্রাক্ষমালা ১৮৪; ঠাকুরের নিকট গেরুয়ালাভ ১৯৫; বুন্দাবনে ২০৩, ৩০২; বরাহনগর মঠে ২১৪; সন্ন্রাস ২১৮; বাঁয়া তবলা সঙ্গত ২২৮; শেঠজীর বাগানে ২৯৬; দিল্লীতে ৩০১

অভুতানন্দ (স্বামী), লাটু ১৬৯, ১৮০, ১৯৫, ২০৩, ২১০, ২১৭-১৮; মঠের রঙ্গকৌতুক সম্বন্ধে ২৩২; পরিব্রাজক স্বামীজীর সাক্ষাৎ পান নাই ২৩৮ অল্লদা গুহু ১৬৪

অবনীন্দ্রনাথ ঠাকুর — লিথিত 'জোড়া সাঁকোর ধারে' ৬৫ ; আদি ব্রাহ্ম-সমাজে নরেন্দ্র সম্বন্ধে ৬৬

অবতার—বাদ ৫, ৬৮, ১০৬, ১৭১, ১৯১, ২০০ ; শ্রীরামরুষ্ণ ভগবানের — ১২, ২০১; শ্রীরামকৃষ্ণ গৌরাঙ্গ -->१> ; -नौनाग्र महाग्रुजा २२১ षा एका नम (श्रामी), कानी ১৬৯, ১৮०, ২০৩, ২১০; বুদ্ধগয়ায় ১৮৮; নরেন্দ্রের স্পর্নে ১৯৩-৯৪; ঠাকুরের নিকট গেরুয়া প্রাপ্তি ১৯৫; ও নরেন্দ্র ১৯৯; বরাহনগর মঠের বৰ্ণনা ২০৮; 'কালী তপন্বী' ২১১, ২১৩, ২২২ ; বিরচিত স্তব ২১২ ; আঁটপুরে २५८ ; নরেন্দ্রনাথের নেতৃত্ব সম্বন্ধে ২১৪; লিখিত 'আমার জীবন কথা' ২১৪, ২১৭, २२७, २२৮, ८२६; २०२, २১०, २৫२ थाः हैै: ; महााम २১१-১৮ ; বাল্য শিক্ষা ২২৮; তাঁহার মতে নরেন্দ্রের সন্ন্যাস নাম ২৩৪: হ্ববীকেশে ২৫৭; পীড়িত ২৬০. ২৬৫; কাশীতে ২৬৫; তাঁকে
লিখিত স্বামীজীর পত্ত ২৭০;
বোম্বতে স্বামীজীর সহিত ৩৫৬
অযোধ্যা ২৩৭, ২৪১, ২৮০, ২৮১
অলকট, কর্নেল ৪২৫-২৬
অলকানন্দা (নদী) ২৮৫, ২৮৬
অষ্টাবক্রসংহিতা ১২৩
অহল্যাবাঈ ৩৩৯

আকবর ৪২৬

আগস্ট কোমৎ (কোঁতে) ৭৭, ১৫৫ আগ্রা ২৪১-৪২ আজমীত ২৯২, ৩২০, ৩২৪, ৩২৮, ৩৪৪ আঁটপুর ২১৪, ২১৫, ২১৬, ২৫২ 'আত্মীয় সমাজ' ৫ আদি সমাজ ৬৬ আনন্দনারায়ণ (পণ্ডিত) ২৮৯ আফগানিস্থান ৪২৩ আবু-পর্বত ৩২০, ৩২১, ৩৪৯, ৪১৪, ৪১৫, ৪১৭;—রোড (স্টেশন) 858, 859, 852-20 আব্ল রহমান ৩৭৪ আমুদ (ফকির) ২৯৭ षामित्रिका, षामित्रिकाय २०६, २१७, २৮৪, ७२७, ७৫७, ७৫३, ७१৫, off, 020, 80¢, 855, 825, 8२२, 8२७, 8२8, 8२৫, 8२৮; -বক্ততাকালে ২৩৮-৩৯ ;- বিজয়ের পরে কাশীতে ২৮১; -গমনের পূর্বে হিমালয় ভ্রমণ শেষ ২৯২; -চাষবাদেই বড় ৩১৫; -থেকে দেওয়ানজীকে নিয়মিত পত্ত ৩৩৫; -যাইবার হেতু ৩৯১ আরব---সভ্যতার মৌলিকত্ব ৩ আর্থ-সভ্যতা ৩৭৮

'আর্থ সমাজ' ৫, ৯, ৩২৪; ও ব্রাহ্মসমাজ তুলনা ৯; ইহার পরিণাম
১০
আলমোড়া ২৭৬, ২৮০, ২৮২, ২৮৩,
২৮৪, ২৮৫
আলাসিকা পেরুমল, এম. সি ৪০১,
৪০৫, ৪১২, ৪২০, ৪২৩-২৪;
টাকার জন্ম ছারে ছারে ভিক্ষা ৪১২
আলোয়ার ৩০৩, ৩০৪, ৩০৮, ৩১১,
৩১২, ৩১৩, ৩১৬, ৩১৭, ৩৯৬
আলোয়ার (দাক্ষিণাত্যের বৈশ্বব)
৪২৬
আশমান জা, স্থার ৪০৯

আশাপুরী ৩৪৪, ৩৪৫

আহমেদাবাদ ৩২৮, ৩৩২

আশুতোষ ধর ১৭

ইউনিটেরিয়ান্ এ্যাসোসিয়্যাসন ৫
ইউরোপ, ইউরোপীয় ৫, ২৫৬, ৪৩৭
ইংরেজ ৪, ৬, ; শাসন ভারতে ২-৩;
প্রবর্তিত শিক্ষা ৩
ইংলণ্ড ৩৫৯
ইগ্রেসিয়াস্ লয়লা ২৩০
ইন্দোর ৩৫০
ইয়োকোহামা ৪২৯-৩১, ৪৩৫-৩৬,
৪৩৯
ইলোরা ৩৫০
ইসলাম-ধর্ম ৪০৮, ৪২৭
ইছদি ৩৭৮

'ঈশারুসরণ' ৯২, ১৭৩, ২৩০; ২৫১ পা: টী: ঈশ্বরকোটি ১৩৩ ঈশ্বরচন্দ্র বিভাসাগর ১৭৬, ১৮৮, ২০৬; সমাক্ত সংস্কারে-১০; বিধবা विवादश्-১৮: ও নরেজ্রনাথ ৪৯-৫০: নরেজ্রকে চাকরী দেন ১৪৭

উইনিপেগ ৪৪০
উডস্, কেইট টেল্লাট্ ৪০
উডস্, প্রেম্স ৪০০
উজ্জ্মিনী ৩৫০
উত্তকামণ্ড ৪০৫
উপনিষদ্ ৬, ২২৯, ২৭৩, ২৮৬, ৩৫১,
৪২৭; ব্রাহ্মসমাজ্যে ৯: ও দ্যানন্দ ৯
উপেক্রনাথ মৃথোপাধ্যায় ৮০
উমাপদ শুপ্ত (কবিরাক্স) ১৫

একেখন—বাদ, বাদী ৫, ৯ এরিস্টটল (দার্শনিক) ৭৭ এল্ফিনস্টোন (ঐতিহাসিক) ৫৮, ৭৬

ওয়াডোয়ান (কাথিওয়ারে) ৩১২, ৩৪৪ ওয়ার্ডস্ওয়ার্থ (কবি) ৭৭, ৯২, ৯৩ ওসাকা (জাপান) ৪৩৫

কচ্ছ ৩৩৯, ৩৪৪, ৩৪৬, ৩৪৭

'কথামৃত' ১২৮-৩•, ১৩৩, ১৬৪-৬৫,
১৭১, ১৭৫-৭৭, ১৮২, ১৮৬, ১৯•,
১৯২-৯৩, ১৯৮-৯৯, ২•৫-০৭,
২০৯, ২২১-২২; কেন বহির্সন্ন্যাদের
উপর জোর দেয় নাই ১৬৬;
স্থরেন্দ্র নাথ মিত্রের প্রশংসা ২০৯;
বরাহনগর মঠের বর্ণনা ২১৩,
২২০-২৩; বরাহনগর মঠের আদিজীবনের চিত্র ২১৭

ক্রাকুমারী ৩৮৭, ৩৮৮, ৩৯০, ৩৯২, ৩৯৪, ৪২৭; ৩৯৩ পাঃ টীঃ কর্পপ্রাগ ২৮৫

কলম্বে ৪২৮-৩০ কাঁকুড়গাছি যোগোভানে—ঠাকুরের পুত ভস্মান্থি ২০২-০৪; প্রথম কলসটি সমাহিত ২০৪ কাঠগোদাম ২৮৬ কাথিওয়ার ৩০৯, ৩৫০ কানাডা ৪৩৯, ৪৪০ কাণ্ডি--সিংহলী বৌদ্ধর্মের কেন্দ্র ৪৩০ कान्डे (मार्निक) ११, २२२, ४०७ কামারপুকুর ২৬৭, ২৫২ স্বামীজীর এম্মা—দারা কালভে, কণ্ঠস্বরের বর্ণনা ৮৪ কালী (মা) মেনেছে নরেক্র ১৬১; -দৰ্বগ্ৰাদী অধৈততত্ত্ব ১৬২ ; নিকটে ঠাকুরের কাল্লা ১৬৫ ; ঘরে ১৬৯ কালীচরণ চট্টোপাধ্যায় ৪০৭, ৪১১ कानौभन (घाष (मानाकानौ) ১৮१, **328 , الاد** कानी श्रमाप पख ১৪, ১৬, २७-८;

কালী প্রসাদ দত্ত ১৪, ১৬, ২৩-৪;
মৃত্যুকালে ৪৫; অমিতব্যরী ১৪৪;
বিশ্বনাথ দত্তের আয়ের উপর দাবি
১৪৪

কাশীনাথ ঘোষাল ৭৮
কাশীপুর, কাশীপুরে ১৬৭; ঠাকুরকে
আনয়ন ১৭৮, ১৮০; ঠাকুরের বাস
১৭৯; ভাবী সংঘ রুক্ষে পরিণত
১৭৯; নরেক্রের পাঠে অমনোযোগ
১৮৬; হীরানন্দ ১৯১; তুই একটি
ঘটনা ১৯৪-৯৫; অপ্রিয় ঘটনা
১৯৬-৯৭; ঠাকুর লীলাসংবরণে
উত্যত ১৯৭; শ্মশানে ঠাকুরের
শেষক্ষত্য ২০১; ত্যাগের ব্যবস্থা
২০২; ত্যাগকরা স্থির ২০৩;
ত্যাগ ২০৪; শ্রীরামক্ষণপাদমুলে
নরেক্র ২৩৪; নরেক্রের নিবিকল্প

নমাধি লাভের আকৃতি ২৬০ 'किं ডि'- निकातर्वन् मूनानियात छः কিয়োটো (জাপান) ৪৩৫ কৃষ্ণকুমার মিত্র—'সঞ্জীবনী' পত্তিকা প্রতিষ্ঠাতা ৬৫ কেদারনাথ (ভীর্থ) ২৪৮, ২৮৫ কেদারনাথ চট্টোপাধ্যায়—ঠাকুরসকাশে ১২৮: সাকারবাদী ভক্ত ১৯৮ কেশবচন্দ্র সেন ৫, ৭, ৮, ৩৭৯; মহর্ষির শিশ্ব ৭; যী খুটকে প্রচার ৮; মহর্ষির সহিত√বিচ্ছেদ ৮; সার্বভৌমধর্ম প্রচার চেষ্টা ৮; দেহত্যাগ ১; দক্ষিণেশরে ১২. ১১১; ও নরেন্দ্রের পরিচয় ৬৬; ও ব্যাও অব্হোপ ৬৬; নাটকে ভূমিকা ৬৭; তাঁর মনে ও আচারে ভাবান্তর ১৩৭; ঠাকুরের নিকট 'ষদৃচ্ছালাভ' শুনা ১ ৭৬ ; জীবন্মুক্তের আদর্শ ২০৬; তার ধর্মজীবনে শ্রীরামকুফের প্রভাব ৩৭৯ 'কেশরী' (পত্রিকা) ৩৫৯ কোচিন ৩৭৭, ৩৭৮ কোট ৩২৫ কোটা ৩২২ কোবি ৪৩৫ কোরান ৩০৩-০৪, ৩৭৪ কোলহাপুর ৩৫৯ 'কৌপীনপঞ্চম্' (রচনা) ১৯১ কংগ্ৰেস ৩৫৯ क्रान्टेन (हीन) ४७२, ४७७, ४७४, 800 ক্যালিফরিয়া (আমেরিকা) ৩৫৪, ৪১০ থাণ্ডোয়া ৩৪৮, ৩৫০, ৩৫২, ৩৫৫

,থাপড়া খোদিয়া' ৩৩৭

খুরসিদ জা; নবাব ৪০৭-৪০৮
খুষ্টান, খ্রীষ্টান ৬, ৩৫৭, ৩৭১, ৩৯১
খুষ্টা, খুষ্টীয়-ধর্ম ৩৭৮, ৩৯৯, ৪০৮
খেতড়ী ৩২১, ৩২২, ৩২৩, ৩২৪, ৩২৫, ৩৩৬, ৩৫৭, ৪১৪-১৬, ৪২৩, ৪২৪;
-ভ্রমণ বৃত্তাস্ত ৩২৩-৩১; -'দশেরা'
উৎসব ৩২৫; -রাজ জয়পুরের
অধীন সামস্তরাজ ৪২৩-২৪
ধৈরথল ৩২৪

গগন চন্দ্র রায় (বাহাত্র) ২৫৩, ২৫৫

२६७, २६৮ गङ्गा (नमी) २७**८-७**৫, २९৫ গাইকোয়াড় ৩৪৭, ৩৮০ গাজীপুর ২৫৩, ২৫৪, ২৫৬, ২৫৭-৬০, ২৬২-৬৩, ২৭০, ২৮০, ২৯৪, ৩৬৬ গাড়োয়াল ২৮৫, ২৮৬; -বাদী সম্বন্ধে প্রবাদ ২৮৭ গিবন (ঐতিহাসিক) ২৩০ গিরিজা শঙ্কর রায় ৬৬ গিরিশচন্দ্র ঘোষ (জি. সি.)—নরেন্দ্র-নাথের সহিত বিচার ১২৯-৩১; -ঠাকুর সম্বন্ধে ১৩৩, ১৬৮, ১৭০; তাঁর বিশ্বাস ১৭১; গেরুয়া লাভ ? ১৯৫: -ভৈরবাংশে জন্ম ১৯৫: -ধ্যান ১৯৬; -বীরভক্ত ১৯৭; -লিখিত 'বুদ্ধচরিত' ও 'চৈতগ্য চরিত' ২২২: -মঠে দান ২২৩, ২২৬: -গুহে নরেন্দ্র নরেন্দ্রের ব্যবহারে মস্তব্য ২৪২; তাঁর পত্র ২৫৭; তাঁকে নরেন্দ্র যে ঘটনা বলিয়াছেন ৩৩০-৩১ গীর্ণার (পর্বত) ৩৩৬-৩৮

গীতা, শ্রীমদ্ভাগবত ১৯, ২২৯, ২৩৪,

७७०, ७१०-१३, ४२१

গুজবাট ৩৪৪ গুরু ২৩৪ ; -বাদ ৫, ৬৮ গুরুচরণ লম্বর (ডাক্তার) ৩০৩-০৪ গুরুদাস চট্টোপাধ্যায় (প্রকাশক) ১১ গোকর্ণ ৩৭১ গোবিন্দ সহায় -স্বামীজীর শিক্স ৩১৪: তাঁহাকে স্বামীজীর পত্ত ৩১৭ গোপাল (ছোট)—খ্যামপুকুরে ১৬৯; গেরুয়া লাভ ? ১৯৫; পরমহংস-দেবের সালিধা লাভ ২২৪; মঠে বাস ২০৯, ২২৪ গোপাল (হুটকো) ১৮০, ১৯৬ গোপালের মা ১২৯ গোয়া ৩৭১-৭২ গৌরমোহন আঢা ১৭ গ্রীস -সভ্যতার মৌলিকত্ব ৩

চসার (ইংরেজ কবি) ১৫৪
চামরাজেল উদীয়ার ৩৭২, ৩৭৩, ৩৭৪;
স্বামীজীকে আমেরিকায় যাইবার
সাহায্যের প্রতিশ্রুতি ৩৭৫; স্বামীজীর কণ্ঠস্বরের রেকর্ড ৩৭৬;
স্বামীজীকে শ্রুদ্ধা ৩৭৬; স্বামীজীকে
একটি রোজউভের হুকা দান
৩৭৬; স্বামীজীকে অর্থ সাহায্য
৪২২
চিকালো ৩৫১, ৩৫৮, ৩৫৯, ৩৮৫, ৩৯৩,

চিতোর ৪২৬
চীন সম্বন্ধে স্বামীজীর পত্র ৪৩১-৩৩,
৪৩৫, ৪৩৬, ৪৩৭-৩৮; ও ভারতীয়
সভাতা ৪৩২; মহিলাদের পর্দা ৪৩৩; -বাসীদের পরিচন্ন ৪৩৩;
-মন্দির ও ভারতীয় মন্দির ৪৩৩;
-দেশের ইতিহাস ৪৩৫

8२२, 8**२8, 8०**३, 88०

চুণী -সাকারবাদী ভক্ত ১৯৮; যুবক ভক্তদের সহায় ২০৫ চৈতক্স(শ্রী)-প্রবর্তিত বৈরাগিসম্প্রদায় ২১৯;-চরিত ২২২-২৩; -দেবের প্রেম বিতরণ ২২৩

জগমোহন লাল, মুন্দী ৩২২, ৪১৭, ৪১৯২০; মাজান্ধে ৪১৩, ৪২৪; মন্মথ
বাবুর গৃহে ৪১৪; 'তাজিমি সরদার'
৪১৫; থেতড়ীরাজাদেশে স্বামীজীর
জন্ম রেশমের পোষাক ক্রম ৪২০;
টিকিট প্রথমশ্রেণীর

করেন ৪২০

জড় -পদার্থ ৩৬৫; -বাদ ৪, ২০, ৭১;

-বাদী ২২৯; -বিজ্ঞান ৩২৬

জন্ লাবক, স্থার ২৯৬

জন স্টুমার্ট মিল ৬৯, ৭৭, ১৫৫

জয়পুর ৩১৮-১৯, ৩২৪, ৩৪৫, ৪১৪,
৪১৬, ৪১৭, ৪২৩

জয় সিংহ (থেডড়ী রাজকুমার) ৪১৫

জাতি -ভেদ প্রথা ২, ৫, ৩৮২; -ভেদ

রাক্ষ সমাজে ৭; -ভেদ ও দয়ানন্দ
৯; -ভেদ উচ্ছেদ ১০; -বিভাগ
উচ্ছেদ ৬৮; -বিভাগোখ উৎপীড়ন
৩৯০; -প্রথা ৩৯৫; নীচ-৩৯১,
৩৯৫

জানকীবর শরণ ২৮১-৮২
জাপান ও চীনের প্রভেদ ৪৩৫; সৌন্দর্য
ভূমি ৪৩৫; তথাকার মন্দির ৪৩৬;
তথাকার পুরোহিত ৪৩৬; বড়
হ্বার কারণ ৪৩৮

জাৰ্মান ৪২৯, ৪৩৪ জীব -সেৰা ২০৬-০৭ জ্নাগড় ৩৩৪-৩৬, ৩৩৭-৪১, ৩৪৪, ৩৪৬-৪৭, ৩৪৯, ৩৫১, ৩৫৭, ৪১৪, ৪২২ জৈন-মন্দির ২৭৬, ৩২০, ৩৩২, ৩৩৭ ; -আচার্য ২৭৬ ; -ধর্ম ২৭৬, ৪২৬-২৭; -ধর্ম ওবৌদ্ধধর্ম ২৭৬ ; -পণ্ডিত ৩৩২ ; -শ্বক্তি ৩৩৬ ; -শক্রপ্তর ৩৪৭

জোয়ান অব আর্ক ২৩০
জোসেফিন ম্যাকলাউড -স্বামীজীর
কণ্ঠস্বর সম্বন্ধে ৮৩
জ্যোতিরিক্রনাথ ঠাকুর ৬৪
জ্ঞানানন্দ স্বামী, দক্ষমহারাজ ২১৮
জ্ঞানানন্দ, স্বামী (মীরাট)—ভারত ধর্ম
মহামণ্ডলের নেতা ২৯৬

ঝাঁদীর রাণী ২৩০

টনি, সি. এইচ. -শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে প্রবন্ধ ৩৭৯
টমাস কার্লাইল ৩৭১
টমাস রো -আহমেদাবাদ সম্বন্ধে ৩৩২
টাইমস্ (পত্রিকা) ৩৬৫
টাটা, জামসেদজী নসরভন্জী
৪৩৯ পা: টী:
টাহলা ৩১৭, ৩১৮
টিহিরি ২৮৬-৮৭, ২৯২
টোকিও ৪৩৫
ট্রিপ্রিকন সাহিত্য সমিতি -সভায় স্বামীজী
আলোচনায় যোগ দেন ৩৯৮

ভারউইন ৩৭৮ ডিরিয়াটোনা, ভেরেটোনা -কালনার গ্রাম ১৩

তন্ত্ৰ ২১৩, ২২৯, ২৫৭ তানসেন ৪২৬ তামিল ৪৩০ তারকনাথ দত্ত ২৩, ৬৬, ১৪৬
তুরীয়ানন্দ (স্বামী), হরি ২১৬, ২৮৬,
৪২৫; মঠে যোগদান ২১৭;
রাজপুরে ২৮৮; কর্তৃক মীরাটের
বিবরণ ২৯৭-৯৮; ব্রহ্মানন্দসহ
পাঞ্জাব মৃথে ৩০১; বহেতে
স্বামীজীর সহিত ৪১৪; স্বামীজী
সম্বন্ধে ৪১৭-১৮

তুলসীদাস ৪২৬
তোতাপুরী ১৩৬, ১৬২
ত্রিগুণাতীত (স্বামী) সারদাপ্রসন্ধকাশীপুরে ১৮০; আঁটপুরে ২১৪;
মঠেই বাস ২১৬; সন্ন্যাস ২১৭-১৮,
মঠত্যাগ ২২২; প্রত্যাবর্তন ২২২;
বুন্দাবনে ২৩৬; পোরবন্দরে ৩৪২৪৩

ত্রিচুর ৩৭৬-৭৭ 'ত্রিপিটক' ১৮৮ ত্রিবাঙ্কুর ৩৭৭, ৩৮১, ৩৮৩, ৩৮৭ তথায় পৌরোহিত্যের অত্যাচার ৩৫৭

ত্রিবান্দ্রাম ৩৭৭-৭৯, ৩৮৪, ৩৮৭; ৩৯৩ পা: টী: ত্রিবেণী (সঙ্গম) ৩৩৯

ত্রৈলঙ্গ স্বামী ২৩৯, ২৪০ ত্রৈলোক্যনাথ ঘোষ (ডাক্তার) ২৯০,

তৈলোক্যনাথ সাল্ল্যাল -'নব বুন্দাবন' নাটক প্রণেতা ৬৭

থিয়োজফিক্যাল সোসাইটি ৫, ৪০৯, ৪২৫ থিয়োজফিফ ২৮০

मक्किर्णयत्, मक्किर्णयत्त्र-कानीमन्तिरत

শ্রীরামকৃষ্ণ ১১; পরমহংসদকাশে বিবেকানন্দ ৭৬, ১৫৭-৫৯; শ্রীরামকৃষ্ণ ৯৩-৪, ৪২৭; ভবনাথ ও নরেন্দ্র ১৪৫; বৈকুণ্ঠ সাল্ল্যাল ১৬১; ভ্যাগের বাজবপন ১৬৭; ঠাকুরের চিকিৎসা ১৬৯; ভাবী সংঘবীজ রোপণ ১৭৯; নরেন্দ্রের তপস্তা ১৮৭, ১৯২; তারকনাথকে ঠাকুরের উপদেশ ১৯৯; শ্রীরামকৃষ্ণ পাদম্লে নরেন্দ্রের শিক্ষা ২৩৪; পওহারী বাবার নাম শ্রবণ ২৫৩

দত্তাত্তের অবধৃত ৩৩৭ দয়ানন্দ সরস্বতী-আর্য সমাজ্র প্রতিষ্ঠাতা ৫; প্রচার কার্য ৯; তার ভাব ৪২৬

'नाना' ১१७, २১७; -(नत्र घत ১१७, २२०, २२৯

দাশরথি সান্ন্যাল — নরেক্রের সতীর্থ ৮৬; 'টঙে' ১৩৮ ; ঠাকুরের সমাধিদর্শনে চমৎক্রত ১৩৯

দিলীপ কুমার মুখোপাধ্যার—'দঙ্গীত সাধনায় বিবেকানন ও দঙ্গীত কল্পতরু' প্রণেতা ৮৩; লিখিত স্থামীজীর দঙ্গীতের বিশেষত্ব ৮৪ দিল্লী ৩০০, ৩০১, ৩০৩, ৪২৬

দীপেন্দ্রনাথ (ঠাকুর) -নরেক্রের সহপাঠী ৬৫

তুৰ্গা প্ৰসাদ দত্ত ১৪-৭ দেওয়ান-ই-হাফিজ ১৯

দেবেক্সনাথ ঠাকুর, মহর্ষি ও আক্ষসমাজ

৫; তদীয় মূল ভাব ৭; সারিধ্যে
নরেক্সনাথ ৬৪; নরেক্সনাথকে ধ্যানে
উৎসাহ দান ৭৫; নরেক্সনাথ
সম্বন্ধে মস্তব্য ৬৪; নরেক্সনাথের
ঈশ্বর দর্শন প্রেক্সের উত্তরে ১৪

দেবেজ্ঞনাথ মজুমদার ১৬৮; যুবক ভক্তদের মত অগ্রাহ্য ২০৪ দেরাত্ন ২৮৭, ২৮৮, ২৯০ দারকা ৩৪৩, ৩৪৪; বেট-৩৪৪ দারকা দাশ ২৩৯

ধর্ম ২, ১০, ১১, ৩৫৪-৫৫, ৩৮৯, ৩৯১, ৩৯৪-৯৬; -ইতিহাস ১৫৭; -প্রচার ২, ৩, ৪০, ৪০৪; -মহাসভা (চিকাগো) ২৭৭, ৩৫১,৩৫৮, ৩৮৫, ৩৯৩, ৪০৪; -পদের বাক্য ৩০২; -কিসে নিহিত ৩১৭; সক্রিয়-৩৯০; -গতিশীল কর্মে পরিণত করা ৩৯২; -মহিমা ও পাশ্চাত্যে প্রচার ৩৯৩; -মগুল (সংস্কৃত) ৪০৯;

নগেন্দ্ৰ নাথ গুপ্ত লিখিত 'শ্বৃতি কথায়'-গোয়েন্দা কাহিনী ২৩১; জনকল্যাণ সাধন ২৩২; বিহারের ঘটনা ২৭৮-৭৯; অপরকাহিনী ২৭৯ 'নন্দগাটা' ২৮৯ নন্দলাল বস্থ ১৭ নন্দলাল দেন -বিবেকানন্দের সতীর্থ 'নব বিধান' ৫, ৭, ৯, ৬৬, ৬৭; -সমাজ প্রতিষ্ঠা ১ নরেন্দ্র, নরেন্দ্রের—পটভূমিকা ১-১২; বংশ পরিচয় ১৩-২৭; পিতা ১৯; নিরামিষ ভোজন ১৯, ৬৩; পিতৃ উপহার বাইবেল ২০; পিতার मार्नेत नमार्गाह्म २२; तक्कम প্রবৃত্তি দম্বন্ধে ২২; স্থগায়ক হইবার হেতৃ ২২; মায়ের শিক্ষা সম্বন্ধে ২৪-৫; মাতৃভক্তি ২৫, ১৮৭; বৈষ্ণব ভাবের পরিচয় লাভ ২৬:

উষার আলো ২৮-৪৪; জন্মের পূর্বে দর্শনাদি ২৯; জন্ম কুণ্ডলী ৩০; পিতামহের সহিত আফুতিগত শাদৃত্য ৩১; নামকরণ ৩১; শৈশবে চাঞ্চল্য ৩১-৩; বাল্যে সাধু ভিথারীর আকর্ষণ ৩২; জন্তু-জানোয়ার পোষা ৩৩ ; বাল্যের উচ্চাভিলাষ ৩৩; ধ্যান প্রবণতা ৩৩, ৩৫-৬, ৭৫, ৮১; রামায়ণে শ্রদ্ধা ৩৩-৩৫; বিবাহে বিরাগ ৩৪, ৯•, ৯৫-৬ ; শিবপুজা ৩৪ ; হতুমান চরিত্রে আরুষ্ট ৩৫ 🖟 সন্ন্যাস-জীবনের সাধ ৩৫, ৫৩-৪; সর্প ঘটনা ৩৬; নিদ্রাকালে জ্যোতি-দর্শন ৩৬-৭, ১৯; মহযির নিকট ধাান শিক্ষা ৩৭, ১৪; বালোই নেতৃত্ব ৩৭, ৪০; গঙ্গাপুজা ৩৭; খেলাধূলা ৩৮; কার্থানা ৩৮-৯, জাতিপ্রথা পরীক্ষা ৩৯-৪০; আঘাতে রক্তপাত ৪০; নেতৃত্ব রহস্থ ৪০; বন্ধুর প্রাণ রক্ষা ৪০-১ ; মাতৃ আশীর্বাদ ৪১; ৪১ ; নৌকার কেল্লা দেখা মাঝিদের ঘটনা ৪১-২; জাহাজ ব দেখার অন্তমতি সংগ্রহ ৪২-৩; সাহস ও বিচার ৪৩-৪, ৫৮-৯; ভবিশ্বৎ জীবনের পূর্বাভাষ ৪৪; প্রভাতের ঈঙ্গিত ৪৫-৬০; রামায়ণ মহাভারতে ব্যুৎপত্তি পাঠশালায় ৪৫-৬; মায়ের নিকট প্রাথমিক শিক্ষা ৪৬; পাঠের নিজম্ব রীতি ৪৬, ৫৮; বিচ্যালয়ে ৪৭; বিত্যালয়ে চাঞ্ল্য ৪৭-৮, সত্যনিষ্ঠা ৪৯, ১০১; নিভীকতা ৪৯ ৫০ ; রন্ধনে পটুতা ৫০, ৫৭ ;

क्छि, मृष्टियुक, नाठिरथना, जन-চালনা ও অব চালনায় ৫১, ৮৯; हैश्द्रक नाविक ६२; धर्म ব্যাকুলতা ৫৩, ৬৩, ৬৬; পরিহাস পটুতা ৫৩ ; প্রথর শ্বতি ও মেধা ৫৪, ১৪১ ; ইন্দ্রিয়াতীত অমুভূতি ৫৪-৬; বঙ্গদাহিত্যে দান ৫৬; রায়পুরে ৫৬-৭; আত্মদমানজ্ঞান ৫৬-৭; ঘড়িলাভ ৫৭; গল্পবলায় নৈপুণ্য ৫৯; বাগ্মিতা ও স্থরেন্দ্রনাথ ব্যানাৰ্জী ৫৯; সঙ্গীতশিক্ষা ৬০. **७8-€, ९৮, २२**৮; সৰ্বতো-মুখী প্রতিভা ৬১-৯২; কলেজ বদল ৬১; ত্যাগের প্রবৃত্তি ৬২; ছটি কল্পনা ৬২-৩; মাতামহীগুহে ৬৩, ৮১ ; মহর্ষির প্রভাব ও উপদেশ ৬৪; কেশব সেনের প্রভাব ৬৬-৭; ব্রাহ্ম সমাজে নাম লেথান ৬৬, ১২৭; ব্রাহ্ম সমাজের আকর্ষণের হেতু ৬৭; ব্রাহ্মদমাঙ্কে মনে অভাব-বোধ ৬৮; দিবাদর্শন ৭৬; তাায়, ইতিহাস, দর্শন পাঠ ৭৭; গণিতে আগ্রহ ৭৭; আদর্শবাদী ৭৭; সঙ্গীত-রচনা ও হ্রর সহ প্রচার ৭৮ ; টঙে বাস ৮১,৮৫; বন্ধু মজলিসে কেন্দ্ৰ-মণি ৮৩, ২১৩; নুত্যশিকা ৮৪; পবিত্রতায় অটল ৮৫, ৯০; বি.এ. পরীকার দিন প্রাতঃভ্রমণ ৮৬-৭; রাজকুমার-কাহিনী ৮৭-৮; এটনী অফিদে৮৯, ১৪৪; বিবাহে অসমতি २०, २६-७ ; शमग्रवखा २১ ; कर्छात ব্রহ্মচারী ৯২; নারায়ণ-সকাশে নর-ঋষি ৯৩-১০৮; মহর্ষিকে প্রশ্ন ৯৪; ঠাকুরকে প্রথম দর্শনে ৯৮, ৯৯, ১৯৯; ঠাকুর সম্বন্ধে ধারণা

৯৮-১০০; দ্বিভীয়বার দক্ষিণেশরে ১০১-০৩ ; যত্নমল্লিকের বাগানে ১০৩- ৪ ; ঠাকুর সম্বন্ধে ধারণার পরিবর্তন ১০৬; স্বাধীনতা অটুট ১০৬; 'আশ্চৰ্যো বক্তা কুশলোহস্য লব্ধা,— ১০৯-৪৩ ; নর-ঋষি ১০৯ ; ঠাকুরের প্রশংসায় আপত্তি ১১১; ঠাকুরকে বাঁচাই করা ১১৯-২০; ভাবে মাতা-মাতি অপছন্দ ১২০: মতপরিবর্তন ১২০; অহুভৃতি ১২০-২১; ধ্যানে पर्मन ১२) : (परापरी ७ अदिङ অস্বীকার ১২৩ ; ঠাকুরের স্পর্দের ফল ১২৫-২৬, ১৩৭-৩৮; শর্ৎচন্দ্রের গৃহে ১২৬-২৭; মৃতিপুঞা সম্বন্ধে মতপরিবর্তন ১২৭ ; রাখালকে দাব-ধানবাণী ১২৭; শ্রীমার সহিত আলাপ ১২৭-২৮; গিরিশ ঘোষের সহিত তর্ক ১২৯-৩১ ; শান্ত্র না মানা ১৩০ ; বিবাহে প্রতিবন্ধক ১৩৫ : ঠাকুরের শিক্ষাবিষয়ে ১৩৫-৩৬ ; ঠাকুরের ভালবাদার ; ∘8-*€*⊘¢ ঠাকুরের ঔদাসীন্ত ১৪০-৪১ ; বিভৃতিলাভে অসমতি ১৪১: শিব-জ্ঞানে জীবদেবা শিক্ষা ১৪২; জীবনের সম্ভূর্ত ১৪৩; স্বামী বিবেকানন্দে পূর্ণ বিকাশের ভিত্তি স্থাপিত ১৪৩; সাংসারিক বিপর্যয় ও নবালোক ১৪৪-৬৭; দক্ষিণেশরে যাভায়াত ১৪৪ ;ভবনাথ ও দাতকড়ি লাহিড়ী ১৪৫; পিতৃবিয়োগ ১৪৫; আর্থিক তুরবন্থা ১৪৬-৪৭ ; বন্ধু ও আত্মীয়-বর্গের তুর্ব্যবহার ১৪৬; মকদ্দমায় সম্পত্তির ক্যায্য অংশলাভ ১৪৬-৪৭; সংসারের স**ক্ষে** পরিচয় ১৪৮: স্বমুখে অবস্থার বর্ণনা ১৪৮-৫০; মহামায়ার প্রলোভন চরিত্রের দৃঢ়তা ও গুরুবল ১৫০-৫১; স্বমূথে আন্তিক্য বৃদ্ধির বর্ণনা ১৫১-৫২ ; তুর্নাম ১৫২ ; ভক্ত-গণের তুর্নামে বিশ্বাস ১৫২, ১৫৪-৫৫; এই বিষয়ে স্বমুখের উক্তি ১৫৪-৫৭; সংসারত্যাগের সংকল্প ১৫৬; দারিদ্রা দূর করার জন্ম ঠাকুরকে ধরা ১৫৯ ; ভবতারিণী মন্দিরে ১৫৯-৬০ ; অধিকতর পূর্ণতা ও উদারতা ১৬০-৬১; স্বমৃথের विवत्र १५४ ; विवाह मन्न एक १५६ ; ঠাকুরের বিশ্বাস ও ভালবাসা ১৬৬ ; সংঘ-নেতৃত্বপদে ১৬৭, সংঘপ্রতিষ্ঠা ১৬৮-২০১ ; ঠাকুরের রোগনির্ণয় ১৬৮-৬৯; ভাবুকতা বিষয়ে ১৭১, ১৭২-৭৩; একাগ্রতা দ্বারা ঠাকুরকে নিরাময় চেষ্টা ১৭৪ ; সকল ধর্মে শ্রদ্ধা ১৭৫ ; স্কুলে শিক্ষ-কতা ১৭৬; প্রতিমাপুজায় বিশাস ১৭৭; কাশীপুরে বাস ১৮০; কাজ ভাগ করে দেওয়া ১৮০-৮১; ধ্যান ও কুলকুগুলিনী ১৮১-৮২; সমাধির ইচ্ছা প্রকাশ ১৮২-৮৩; নির্বিকল্প সমাধি ১৮৪-৮৫; বাড়ীর তুর্দশায় অশান্তি ১৮৬-৮৮; ত্যাগ সম্বন্ধে ১৮৮ ; বুদ্ধগয়ায় ১৮৮-৮৯ ; স্বরূপ ১৯০ ; ঠাকুরের ভাগবতী সন্তায় বিশ্বাস ১৯২ ; বৃদ্ধগয়া যাত্রার পুর্বে ১৯২-৯৪ ; ঠাকুরের নিকট গেরুয়া প্রাপ্তি ১৯৪; ঠাকুরকে রোগ উপশমার্থে অমুরোধ ১৯৫; ধ্যান-পরিপক্কতা ১৯৬; "শিক্ষা দিবে" ১৯৯; ঠাকুরকে সংশয় ২০১;

প্রথম শ্রীরামকৃষ্ণ মঠ ২০২-৩৩; ठे।कूत्रत्क मियारमर्ट मर्नन २०२-০৩; ভক্তদের কলহে মধ্যস্থতা ২০৪; সংঘ করার দায়িত্ব ২০৫; 'আমার জীবন ও ব্রত' বক্তৃতা শ্রীরামক্লফ আগমনের কারণ জ্ঞাত ছিলেন ২০৭; মঠের প্রস্তাবে ব্যবস্থাদি ২০৮; মঠে যাতায়াত ২১০ ; মঠ_়প্রতিষ্ঠায় অবদান २১०; प्रश्वकां खि স্বভাব ২১৩-১৪; অবিসংবাদিত নেতা ২১৪; আটপুরে গর্মন ২১৪-১৫; যুবকগণকে বৈরাগ্যে উদ্বন্ধ করা ২১৬ ; সন্ন্যাসগ্রহণ ২১৭-১৮ ; বিবিদিষানন্দ নামগ্রহণ ২১৮; স্থায়ি-ভাবে মঠে ২১৯; সন্ন্যাস নাম ব্যবহার না করা ২১৯; মঠের নেতা ২২২; কাজের উল্লম ২২৭; গুরুভাতাদের সৌহার্দারকা ২২৮; নেতার কর্তব্য-পালন মঠকেন্দ্রের মধ্যমণি ২২৯; অকাট্য যুক্তিপ্রদান ২২৯ ; ভারতীয় সভ্য-তায় ঐক্য ২৩০ ; রঙ্গরসপ্রিয় ২৩২ ; উত্তর ভারত পর্যটন ২৩৪-৬৮ ; নাম গোপন ২৩৪; ছলনাম ব্যবহার ২৩৪; স্বামী বিবেকানন্দ নামগ্রহণ ২৩৪ ; অথণ্ডের ঘরে দ্বৈত-অদ্বৈত ভূমিতে ২৬৯; 'হিমালয়ো নাম নগাধিরাজ:' ২৬৯-৯৯

নলিনীকুমার ভক্ত রচিত 'স্বামী বিবে-কানন্দ ও রবীক্সসঙ্গীত' ৬৪ ;-মতে আদি আন্ধ্যমাজে নরেক্স ৬৬ নাগপুর ৫৫

নাগাসাকি (বন্দর) ৪৩৫ নাঞ্জ রাও (ডাক্টার) ৪২২ নাড়িয়াদ (স্টেশন) ৩৪৭ নানক (শিপগুরু) ৪২৬ নায়নার (দাক্ষিণাত্যের শৈব) ৪২৬ নায়ার, এস. কে-অঙ্কিত চিত্র ৩৭৭-৭৮ নারায়ণ দাস—ধেতভীর পণ্ডিত ৩২৬ নারায়ণী ৩১৮ নারী-শিক্ষা ৫; -হত্যা ৬; -সমাজ 802 নিত্যগোপাল ১২১, ২০৪ নিত্যানন্দ স্বামী ২২৫ নিবেদিতা ৪২৭; -লিখিত 'হिन्दु' প্ৰবন্ধাংশ ৪২৬-২৭ 'নিবাণষট্কম' ১৯১ निर्यनानन (शामी), जूनमी-श्रीताम-কৃষ্ণকে দর্শন ২১৭; শেষ বয়সে মত

শিশু ২১৭; ২৩৪ পা: টী:
নিরঞ্জনানন্দ (স্বামী) ২১৮, ২৩৯;
কাশীপুরে ১৮০; ঠাকুরের নিকট
গেরুদ্বাপ্রাপ্তি ১৯৪; ঠাকুরের চিতাভন্ম ভাগ ২০৪; মঠে যাতায়াত
২১০; জাঁটপুরে ২১৪; মঠে বাস
২১৬; সন্ধ্যাস ২১৭-১৮

পরিবর্তন ২১৭; স্বামীজীর প্রথম

নিশ্চলদাস ৪২৬
নে, মার্শাল ৭৭
নেতি -বাদ ১
নেপোলিয়ন ৭৭
নৈনীতাল ২৮০, ২৮২

পওহারীবাবা ২৫৩, ২৫৮, ২৫৯, ৩৬৬ ;
জন্মস্থান ও বিবরণ ২৫৪-৫৫ ; নিজ গুহায় শ্রীরামক্ষেত্র ফটো ২৬৩ পঞ্চবটি — দক্ষিণেশ্বর কালীবাড়ীতে ১৩৬ ; ধ্যানের উপযুক্ত স্থান ১৮৭ পণ্ডিচেরী ৩৮৮, ৩৯৪-৯৫ পলিটানা ৩৪৭ পণ্ট্য — ডেপুটির ছেলে ১২৯ পাতঞ্চল -উক্ত 'মহাপুরুষপ্রণিধানাদা' ২৬২ ;-ভাষ্য ৩১৯, ৩২৬, ৩৪০ পাণ্ডপোল ৩১৭ পাণ্ড্য, সি. এচ্ — জুনাগড়ের দেওয়ানের আফিসের ম্যানেজার লিখিত শ্বতি-কথা ৩৩৫-৩৬ পার্বতীচরণ মুপোপাধ্যায় – বরারীর মহাত্মা ২৭৬ পি. অ্যাণ্ড ও.—জাহাজ কোম্পানী ८२०, ८२७ 'পিকউইক পেপার্স' ৩৬৬ পিনাং ৪৩০ **পিয়ারীলাল গাঙ্গুলী ৩৫১** পিরাবী পেরুমল পিল্লাই ৩৮৪ পুঁথি ১৯৭ পুনা ৩১৮-৪৯, ৩৫৭-৫৯, ৪০৯ পুরাণ ২১৩, ২২৩, ২২৯, ৩১৩, ৩৬৪ পूर्नानन (श्वामी) २৮७ পুরোহিত-সমাজব্যবস্থা-নিয়ন্ত্রণে ১-২; -মধ্যস্থতা বর্জন ৬৮ ; -কুলের হস্তে ধর্মের হুর্গতি ৩৫৫ ; -কুলের একা-ধিপত্য ৩৯০-৯১; -কুল জাপানে ৪৩৬ ; দূর কর ৪৩৭ পৃথীরাজ ৪২৬ পেল্লিংটন (সাহেব)—স্বামীজীকে ইংলতে হিন্দুধর্ম-প্রচারের অস্থরোধ 266

পোরবন্দর ৩৪০, ৩৪২, ৩৪৪-৪৬, ৩৫১ প্রজ্ঞানানন্দ (স্বামী)-'সঙ্গীতসাধক স্বামী বিবেকানন্দ'-লেথক ৬৬; 'সঙ্গীত-সাধনায় স্বামী বিবেকানন্দ ও সঙ্গীতকল্পতক'র ভূমিকা-লেথক ৬১

প্রতাপচন্দ্র হাজরা ১২০, ১২৪ প্রতাপ মজুমদার—লেখনীমূথে সত্যের অপলাপ ৬৭ 'প্রবৃদ্ধ ভারত' (পত্রিকা) ৩৮৭, ৩৯৯ প্রভাস (তীর্থ) ৩৩৯ প্রভুদয়াল মিশ্র ১৭৫ প্রমথনাথ বস্থ ৭৯, ৯১; -রচিত 'স্বামী विदिवकानमः ১७৯, २১७, २१७; क्षतकम्यागमाधरतत উল্লেখ २७२ : -লিখিত স্বামীজীর কুমারীপুজা ৩৮৮ প্রমদাদাস মিত্র -বাবুকে নরেক্রের পত্র ২৩০; স্বামীজীর সহিত বন্ধুত্ব ২৪১ ; ধনবান ও সংস্কৃতে স্থপণ্ডিত ২৪১ ; কাশীর বন্ধু ২৪৯ ; -বাবুকে স্বামীজীর পত্র ২৫০-৫৩, ২৫৫, ২৫৭-৫৮; সামীজীর চক্ষে জল पर्यत्न २७७ ; -श्रद्ध स्वामीकी २৮० ; থিওসফির অমুরাগী ও রক্ষণশীল দৃষ্টিভঙ্গী তে ২৮০; স্বামীজীর অবিশাস ২৮১; পত্তে মতানৈক্য প্রকাশ ২৮১; মঠের সন্ন্যাসীদের সেবা ২৮১

প্রিয়নাথ সিংহ—নরেক্রের সঙ্গীতপ্রীতি সম্বন্ধে ৮১-২; তদীয় স্বৃতিলিপি ১৩৮-৩৯

প্রেমানন্দ (স্বামী), বাবুরাম কথিত ঘটনা
১১৩-১৪; কাশীপুরে ১৮০; ঠাকুরের
নিকট গেক্ষয়া প্রাপ্তি ১৯৪; আঁটপুরে ১৯৯, ২১৪; মঠে ঘাতায়াত
২১০; মঠে বাস ২১৬; সন্ন্যাস
২১৮; বরাহনগর মঠের বর্ণনা
২২৪; স্বামীজীর সহিত কাশীতে
২৩৮; অক্স্থতা ও অভেদানন্দের
সহিত কাশীতে ২৬৫

প্লেটো —অতীব্রিয়বাদ ৭২

ফরাসী, ফ্রান্স ৩৬৫, ৩৯৫; -বিপ্লবের বাণী ৭১;-বিপ্লবের ইতিবৃত্ত ২৩০; -ভাষা ৩৪০

ফ্রান্সিস, সেণ্ট ২৩০

বঙ্কুবর ৪৩৯, ৪৪০ বঁকুবিহারী চট্টোপাধ্যায় ২৯০, ২৯২ বঞ্চীশ্বর শাস্ত্রী (পণ্ডিত) ৩৮৭ বদ্রিকাশ্রম, বদ্রিনারায়ণ (তীর্থ) २8b, २9७, २b२, २be বদ্রীদেব যোশী ২৮৬ বরাহনগর—বাড়ীভাড়া ২০৮ :∫বাড়ীর বিবরণ ২০৮-০৯; সমিতির লাই-ত্রেরী ২১৩; মঠের দারিদ্রা ২২৩-२७ ; मर्कत्र मृनधाता २७२ ; मर्क নরেন্দ্রের নেতৃত্বে ঠাকুরের ভাব মৃতি পরিগ্রহ ২৩৩ ; মঠের সাধুদের পর্যটনস্পৃহা ২৩৬ ; মঠের প্রথম অবস্থায় স্বামীজী ২৩৭; মঠে कितिया सामीकी २८०, २৫२, २७৫; মঠে সন্ন্যাসীমগুলীর একত বাস ২৬৭; তথায় অথগুানন্দ ২৯৯; মঠের নেতারূপে স্বামীজী ৩৩৬

বরোদা ৩৪৭-৪৮
বলরাম বস্থ ১১৮, ১৬৫, ১৬৯, ২০৩,
২০৪, ২৪৩; তুর্দিনে ত্যাগী ভক্তদিগকে সাহায্য ২০৫; প্রেরিভ
থাত্য ২২১; মঠে সাহায্য ২২৩,
২২৫, ২৬৭; দেহত্যাগ ২২৩, ২৬৫-৬৬; গৃহে নরেন্দ্রনাথ ২২৮;
পুত্র রামবাবু ২৩৮

বল্পভীপুর (প্রাচীন নগর) ৩৪৭ বসপ্রয়া (স্টেশন) ৩১৮ বান্ধালোর ৩৭২, ৪০৫ 'বাণী ও রচনা' (স্বামীজীর) ৬৯, ১৫৮,

२०६, २०२, २১२, २२४, २२७, २००-०७, २००-०३, २७५-७७. २७৮, २१०-१১, २৮०-৮७, ७১৪, ७১१, ७७२, ७१১, ७৯১, ७৯৪, 803, 800, 830, 630, 822, ৪২৭, ৪৩৯; পা: টী: ২৫৪, ২৮০ বান্দীকুই (স্টেশন) ৩১৮ বামাচার ২ वाजाणमौ (कामौ) २०৮, २४०-४১, 282, 265, 266, 296, 260-65; তথায় বানরের কীতি ২৩৮; দারকাদাসের আশ্রম ২৩৯ বালগন্ধাধর তিলক ৩৪৯, ৩৫৭-৫৯ বালাজিরাও ৪০১ বিজয়কৃষ্ণ গোস্বামী ৫, ১২, ১১১; ও সাধারণ ব্রাহ্ম সমাজ ৬৬; অভিজ্ঞতা বর্ণন ১৭২ विवार १, ७৮२; वाना-६, २, ७৮, ७६६, ७७२, ४७२; व्यमदर्ग-५०; বিধবা-১০, ১৮ विविषियानम (श्वामी) २১৮, २७८, ৩০০ ; রাজপুতানায় ৩০০-৩১ বিবেকানন্দ (স্বামী)—ইংরেজী শিক্ষা সম্বন্ধে ৩; শ্রীরামক্বফভক্ত সর্বাগ্রণী ১২; জন্ম ২৯-৩•; গুরুভাতাকে জ্যোতি দেখান ৩৭; বাল্যকাল সম্বন্ধে ৪৮; ব্রাহ্মনেতা ও আচার্য-**मिश्राक अन्न १७ ; अन्न-विद्यारी** ৭৪; পিতৃব্যপত্নীকে সাহায্য ১৪৬; নানারপ অভিজ্ঞতার মূল্য ১৫৮; ব্ৰহ্মানন্দকে পত্ৰ ২০৫; প্ৰথম মঠ সম্বন্ধে ২০৯: মঠের দারিন্দ্র্য সম্বন্ধে ২২৩-২৪; মঠের সাধনা সম্বন্ধে ২২৬ ; উত্তর ভারত পর্যটন ২৩৪-৬৮; ও ভাস্করানন্দ ২৩৯-৪০;

ভাবীরূপ পরিগ্রহ ২৪১; নরঋষি ২৬৯; ভাগলপুরে ২৭৩-৭৭;
তিলককে অভার্থনা ৩৫৯; নামকরণ থেতড়ীতে ৪১৬; প্রেরিতপত্ত
৪২১; স্বামীজীর নৃতন নাম ৪২৫;
জীবনরহস্তের সন্ধানলাভ ৪২৭;
বীর সন্ন্নাসী ৪২৮

'বিবেকানন্দ চরিত' — সত্যেক্সনাথ মজুমদার রচিত ২৫৪ পা: টী:

বিয়াওয়ার ৩৪৪

বিরজানন্দ (স্বামী) — 'অতীতের স্বৃতি'তে মঠের বর্ণনা ২১০-১২, ২২০, ২২৫-২২৬; যোগেন চাটুষ্যে সম্বন্ধে ২২৫

বিলাপ্তয়াল ৩৩৯, ৩৪৪

বিশ্বনাথ দত্ত ১৪-২৪, ৭৮; গ্রন্থলেথা
১৮; বিধবাবিবাহ অম্প্রমোদন ১৮;
'লীলাপ্রসঙ্গ'কারের মতে ১৯;
নিরামিষ আহার সম্বন্ধে ১৯; উদার
১৯, ৩৯; সংস্কৃত পাঠ ২০; দাতা
২১; সস্তান-শাসনপদ্ধতি ২২-৩;
রন্ধনপটু ২২; সঙ্গীতাম্পরাগ ২২;
ভাড়াবাড়ীতে বাস ২৪,৬৩,১৪৪;
নরেক্রের ব্যবস্থা ৮৯; নরেক্রের
বিবাহ সম্বন্ধে ৯০; সমাজে স্থপ্রসিদ্ধ
১৪৪; প্রচুর আয় ও থরচ ১৪৪;
বন্ধুর আরা ক্ষতিগ্রন্ত ১৪৪;
হদ্রোগে মৃত্যু ১৪৫; নরেক্রের
জন্ম পাত্রী দেখা স্থির ১৪৫-৪৬;
মকদ্দমা ১৪৬,২১৯

'বিশ্ববিবেক' ৬৬

বুদ্ধ, বুদ্ধদেব—নরেক্রের দর্শন ৭৬; নির্বাণের আশ্রয়গ্রহণ ১৬২; তদীয় মতবাদ ১৯০; কাশীতে তদীয় কীতি ২৩৮; তদীয় কীতিস্থান সারনাথ ২০৯; -সম্বন্ধে ২৫৭; তদীয় বৈরাগ্যাদি ৩৮৫; তাঁহার আথ্যায়িকা ৪২৬; তাঁহার ন্থায় ৪২৭; তাঁহার মন্দির ৪৩০ -গয়া ১৮৮, ১৯২

বৃন্দাবন ২৩৭, ২৪২, ৩০২; -পথে
স্বামীজী অস্পৃত্যের ধ্মপান ২৪২;
'কালাবাব্র কুঞ্জে' স্বামীজী ২৪৩; গোবর্ধনে স্বামীজী ২৪৩-৪৪; রাধা-কুণ্ডে স্বামীজী ২৪৪; শ্রীগোবিন্দ-জীর মন্দির ২৭৫

বেণীগুপ্ত (উন্তাদ)—সঙ্গীতশিক্ষক ৬৪; আহম্মদ খাঁর শিশু ৭৮; তাঁহার বাসস্থান ৮৯

বেণীশহর শ্র্মা—'Swami Vivekananda_: 'A Forgotten Chapter'-লেথক ৩২৩, ৪২১, ৪২৩, ৪২৪, ৪২৫

বেদ ২১৩, ২৪৯, ৩১৩, ৩১৫, ৩৪০, ৩৫৬-৫৭, ৩৭৮, ৩৯০, ৩৯৭, ৪২৭; -বাংলাদেশে অপপ্রচার ২৫০; -সংহিতা ২৫০; অথর্ব-৩৪০; ঋগ্-৪০৩

বেদাস্ত ৩, ৮, ৭১, ২৪৯, ৩৬২, ৪০৩;
কার্যে পরিণত-৯২; বনের-১৫৮;
-দোহাই ১৯৪; বন্ধদেশে অবৈত২১৯; -দমত সাধনমার্গ ২২০;
-তত্ত্ব ২৪০; -আলোচনা ২৫৬;
-দর্শন ২৬২; -বাদী ৩৯৬; ইহার
সিদ্ধাস্ত ৩৪৬; -প্রচার ৩৭৫;
-মত ৪০৮

বেন ১৫৫

বেলগাঁও ৩৪৮, ৩৫৭, ৩৫৯, ৩৬২, ৩৬৯, ৪১১

বেছেমিয়াচাদ লিমড়ী—লিমড়ীর ঠাকুর

সাহেব ৩৩২, ৩৪৯; স্বামীজীকে পরিচয়পত্র দান ৩৩৪; স্বামীজীর শিশ্ব ৩৫০

বৈকুণ্ঠনাথ সান্ধ্যাল— -কথিত ঘটনা
১১৪-১৫, ১৬১; নরেক্রের সহিত
১৬৩; আলামোড়ায় ২৮৪; বদরীনারায়ণ যাত্রা ২৮৫; অথগুনন্দের
সেবা ২৯০; হৃষীকেশে ২৯০;
এটোয়ায় ৩০১

বৈভনাথ — ধাম ২৩৭, ২৫২, ২৭৭-৭৮, ২৮∙

বৈষ্ণব — মত ২২৯ বৈষ্ণবচরণ বসাক ৭৯-৮০ বোম্বে, বোম্বাই ৫, ৩৪৭-৪৯, ৩৫৫, ৩৫৭-৫৮, ৪১৪, ৪২০, ৪২৩, ৪২৫, ৪২৮-২৯

বৌদ্ধ — ধর্মের কুফল ১,৩৮৪; -মতবাদ ২২৯; -ধর্ম ২৫৭, ২৭৩, ২৭৬, ৪২৬-২৭, ৪৩০, ৪৩৩; -স্মৃতি ৩৩৬; -মন্দির চীনদেশে ৪৩৩-৩৫ ব্যাস রাও, কে — স্মৃতিকথা ৪০১-০২, ৪১১-১২

ব্ৰজেন্দ্ৰনাথ শীল ৬২, ৬৮; বিবেকানন্দ সম্বন্ধে ৬৯-৭9; তদীয় মন্তব্য ১১ 'ব্ৰহ্মবাদিন্' (পত্ৰিকা) ২৬৩, ৪২৭ 'ব্ৰহ্মস্ত্ৰ' ২৯১

বন্ধানন্দ (স্বামী), রাখাল ২০৫, ৪২৫;
নরেন্দ্রের সাথী ৮৯; নরেন্দ্রের
প্রভাবে ৮৯; বিগ্রহে প্রণাম ও
নরেন্দ্র ১২৭; কানীপুরে ১৮০;
নরেন্দ্রের সন্দেহ জ্ঞাত ছিলেন ১৯১;
নরেন্দ্র সম্বন্ধে ১৯২; ঠাকুরের নিকট
গেরুয়া প্রাপ্তি ১৯৪; ঠাকুরকে
রোগ উপশ্মের জক্ত অম্বরোধ ১৯৫;
মঠে বাতায়াত ২১০; মঠেই বাস

কালীবাড়ীতে ২২২; তীর্ধভ্রমণেচ্ছা
২৩৬; কনখলে তপস্থা ২৯২;
পাঞ্জাব যাত্রা ৩০১; বোম্বেতে
স্বামীজ্ঞীর সহিত ৪১৪; আবুতে
স্বামীজ্ঞীর সহিত ৪১৭
ব্রাইস্, পি এল. — নৃতত্ববিদ্ ৩৮৬
ব্রাহ্মসমাজ, সাধারণ ৫, ৭, ৬৪, ৬৬;
-আদর্শ ৫; বিভিন্ন সম্প্রদায়ের
প্রবেশাধিকার ৮; এবং আর্যসমাজ ৯; পরিণাম ১০; উপরে
সনাতন ধর্মের প্রভাব ১২; ও
নরেন্দ্রনাথ ৬৪, ৭৫; বিবাহবিধি ৬৫; উপকারিতা ৬৮; গান
দক্ষিণেশ্বরে ৯৭; প্রভাব ১০৬
ব্রাভাটিস্কি (মাদাম) ৫

२১७ ; मद्योग २১१-১৮ ; प्रकिर्ण्यंत

ভবনাথ চট্টোপাধ্যায় ১১৭, ১৪৫: ঠাকুরের নিকট ক্রন্দন ১৫৫; বরাহ-নগরনিবাসী ২০৮ ভরত —রাজার উপাথ্যান ১১৫ ভাগলপুর ২৭২-৭৬ ভাটে, জি. এস. ৩৬০-৬২ ভাবনগর ৩৩৪, ৩৫৯ ভারত —বিব্রত ও পথহারা ২; -প্রতিভা মান ৪ ; -ভ্রমণে অভিজ্ঞতা ২৫০; -চিনিবার বাসনা ৩৩২; -আত্মবিশ্বত ৩৪১; -সস্তানের মেক্-দণ্ড ৩৮৯ ; -ভূমি তম্সাচ্ছন্ন ৩৯২ ; -মাতা ৪২৭; জাপানের চক্ষে-৪৩৬ ভারতে —জড়বাদ ও নান্তিকতা ৪: নৃতন সভ্যতা ১৮ ভারতের —বেদবেদাস্ত ৩; ঐতিহ্য ৪; মিশ্রিত সভ্যতা ১৮ ; বাস্তব জীবন २७८ ; - मिरक्टे सामीकी त मृष्टि २७८ ; পরিব্রাজকদের পর্যটনস্পৃহা ২৩৬; শ্রেষ্ঠ আদর্শ ২৮৪; ইতিহাসরচনা ৩১৩; পুনকখান ৩৩৬, ৩৭৩-৪৪, ৩৪৬, ৩৯০: জনগণ ৩৫৪; ভূত, বর্তমান, ভবিশ্রুৎ ৩৮৯: অধ্যানপতনের কারণ ৩৮৯, ৩৯১; লোক প্রসা দিবে না ৩৯১; বিশেষত্ব ৩৭৫; সমাজসংস্কার ও গণ-অভ্যুদ্য ৩৭৮; প্রাচীন ব্রাহ্মণ ৩৮৪; শাস্বত উদারতা ৪১১; জনতা ৪১২; পুণাভূমি ৪২৮; উন্নতিকল্পে স্বামীজী ৪৩৯

ভারতীয় — সমাজের অবস্থা ৪;
সমাজকে সতেজ ৭; সভ্যতা ৩০০;
অধ্যাত্মধারা প্রবল ৩৩৫; ত্যাগমন্ত্রের মহিমা ৩২৬; সন্ন্যাসী
৩৯১; মনোবিজ্ঞান ৩৮২; নৃতত্ম
৩৮৬

ভান্ধর দেতুপতি—রামনাদের রাজা ও বামীজীর শিশ্ব ৩৯৩; স্বামীজীকে চিকাগো ধাবার অহরোধ ও অর্থ-সাহযোর প্রতিশ্রুতি ৩৯৩; বামীজীকে অর্থনাহায় ৪২২

ভাস্করানন্দ (স্বামী) ২৩৯-৪০

ভূজ ৩৩৭, ৩৩৯, ৩৪৪-৪৬

ভূপেন্দ্রনাথ দত্ত ১৬-৮, ২০-১, ২৪, ৬৫,
৭৮-৯, ৯১, ১৪৬, ১৬৫, ২১৯

ভূবনেশ্বরী দেবী ১৭, ২২-৪, ৫০;

সন্তানকে শিক্ষা ২৪-৫; পুত্রলাভের

জন্ম আরাধনা ২৮-৯; অলোকিক

দর্শন ২৯; বালক-পুত্রকে বশে

রাখার উপায় উদ্ভাবন ৩১-২;

শিবের পুজায় নরেন্দ্রকে ব্রতী করা

৩৪; নরেন্দ্রকে প্রবোধ ৩৫-৬;

যুক্দুমা আপুস চেষ্টা ১৪৬; সদপ্তর্গের

অপূর্ব বিকাশ ১৪৮; স্বামীর ভিটায় না থাকার কারণ ২১৯ 'ভৈরোঝাম্পা' ৩৩৭

মঙ্গল সিং—আলোয়ার রাজ ৩০১; স্বামীজীর সহিত ৩০৯-১১; স্বামী-জীর মৃতিপুজার ব্যাখ্যাশ্রবণ ৩১১ মঠ বরাহনগর—৮০; বেলুড়-৮০, ৪২৩; প্রথম শ্রীরামকুষ্ণ-২০২; -সম্বন্ধে প্রবীণগণ ২০৫; -কেন্দ্র-করিয়া যুগবার্তা প্রচার ২০৬; -কার্যভারে তারকনাথ ২০৮;-স্থাপনে স্থরেশবাবু ২০০ ; -স্থাপনের উদ্দেশ্য ২১০; 'অতীতের শ্বতিতে' বর্ণনা ২১০-১৩; -জনপ্রিয় নহে ২২০ ;-জীবন 'কথামৃত'কার মতে २२०-२२, २२৫-२७; - त्मक्रप्र শ্লী মহারাজ ২২৬; ওথানের সকল কাজ ২২৬-২৭; তথায় নিৰ্দোষ হাস্তকৌতৃক ২৩২; -বাদীদিগের আধ্যাত্মিকতা ২৩২; তথায় উদার ও সর্বতোমৃখী চিস্তা২৩৩ ; -বাসীরা শ্রীরামকৃষ্ণ-আগমনহেতু ২৩৩; -বাসীদের পরিব্রজ্ঞ্যা ২৩৬; -ভাঙ্গিয়া যাওয়ার ভয় ইহার তুর্দিন ২৬৬ ; ইহার ভবিশ্বৎ অনিশ্চিত ২৬৮; তথায় অভাবের দিনে ২৬৯; - অব্যাহত ২৭০; শ্রীরামক্রফ---২৮১; দিতীয় বরাহ-নগর-২৯৬; মাদ্রাজে-৩৯৫

মণিভাই ৩৪৭
মথ্রানাথ সিংহ — কুমার সাহেবের গৃহশিক্ষক ২৭৩; স্বামীজীর সহিত
আ্বালাপ ২৭৬; -লিধিত শ্বতিকথা
২৭৭

মধুস্পন চটোপাধ্যায় ৪০৬-০৭
মনোমোহন ১২১
মন্মথনাথ চৌধুরী—কুমার নিত্যানন্দ
সিংহের অভিভাবক ২৭২; -লিপিত
স্বামীজীর ভাগলপুরের কাহিনী
২৭৩-৭৬; ব্রাহ্ম ২৭৬; স্বামীজীর
প্রভাবে ২৭৬

মন্মথনাথ ভট্টাচার্য-পরিচয় ৩৮৩-৮৪;
-সহ স্বামীজী আয়ার গৃহ্-ত্যাগকালে ৩৮৬; ঘোড়ার গাড়িতে
যাত্রা ৩৮৮; পণ্ডিচেরীতে স্বামীজীর
সহিত মিলন ৩৯৫; গৃহে স্বামীজী
৩৯৬-৯৯; পিশাচসিদ্ধের নিকট
৪০১; হায়দরাবাদে তার ৪০৬;
মাদ্রাজ্বাসী ৪২৩

মস্থরী ২৮৮ মহাবালেশ্বর ৩৪৮-৪৯, ৩৭১ মহাভারত ২৪, ৪৫, ২২৯ মহিমাচরণ চক্রবর্তী ১৭৪-৭৫, ২০৫-০৬ মহীশুর ৩৭২-৭৭, ৪১২, ৪২২ মহেন্দ্রনাথ গুপ্ত (মাস্টার, শ্রীম) ১২৮ ১৩৪, ১৪৭, ১৬৫, ১৬৮, ১৭৭, ১৮২-৮৩, ১৮৭, ১৯০-৯১, ১৯৩; ত্বৰ্দিনে ত্যাগী ভক্তগণকে সাহায্য ২০৫; মতামত ২০৬-০৭; মঠে **পांচितन २२०-२२ ; মঠে সাহা**য্য ২২৩, ২৬৬; 'কথামৃত'কার বা 'কথামৃত'-প্রণেতা ১২৮,২১৭, ২২০ মহেন্দ্রনাথ দত্ত-পিতার দান সম্বন্ধে ২১; কেশব সেনের 'ব্যাণ্ড অব্ হোপ্'দল গঠন সম্বন্ধে ৬৬; শ্রীম ও নরেক্রের খৈত সঙ্গীত সম্বন্ধে ৮৪ : -লিখিত বিষয় ২১৯ মহেন্দ্রলাল সরকার—ঠাকুরকে চিকিৎসা

১৬১; ঠাকুরের প্রতি

১৭০; ও নরেন্দ্রনাথ ১৭০-৭১, ১৭৭; অবতারবাদে অবিখাস ১৭১; গিরিশ ও নরেন্দ্রের সহিত তর্ক ১৭১

মা (৩ী) ১৬৪, ১৬৯, ১৭৮, ১৯৫, ১৯৭ab, २०१-०b, ४२b; देवधवादवन-ধারণে বাধা ২০১-০২; বলরাম **ख्वा**त २०७; बुन्नवित २०८; ত্যাগী ভক্তদের একমাত্র সহায় २०६, २०१; मर्खानामत প্রার্থনা ২০৭-০৮; বৃন্দাবন থেকে প্রত্যাবর্তন ২১৭; থাকা সম্বন্ধে মতানৈক্য ২৫৭; স্বামীজীকে वागीर्वाप २१४-१२; व्यथानाम्ब হাতে স্বামীজীর ভার অর্পণ ২৭২; স্বামীজীকে আমেরিকাযাত্রায় আশীর্বাদপত্র ৪১৩; স্বামীজীর নৃতন নাম জানিতেন ৪২৫

মাড়গাঁও ৩৭১ মাত্রিনী দেবী—বাবুরামজননী ২১৭ মাত্রা ৩৯৪; ৩৯৩ পা**: টী:**

মান্ত্ৰাজ, মান্ত্ৰাজ ৩৭৭, ৩৮৮, ৩৯৪-৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৬, ৪১০, ৪২০-২৩, ৪২৫;

শ্রীরামক্বঞ্চ-বিবেকানন্দ প্রচারে অবদান ৩৯৫

মাধবচন্দ্র বন্দ্যোপাধ্যায় ৩৫১ মা পো সিংহ—সীকর-রাজ ৩২৫ মাগুবী ৩৪৪-৪৬

মায়া— -বাদ শুকনো ১৯০; বিভা ও অবিভা-১৯১; -আবরণ ২৫৮; ইহার কুহক ৩৪৭; -রাজ্য ৩৮২ মার্ডিবর্মা (রাজকুমার) ৩৭৭, ৩৭৯-

মার্মাগোয়া ৩৭১

মার্শম্যান — -লিখিত ইতিহাস ৫৮, ৭৬ মালয় ৪৩০ মালাবার ৩৭৭ মিশ্যাবী - হিন্দুধার্যত নিন্দা ৪০ কর্জক

মিশনারী - হিন্দুধর্মের নিন্দা ৪ ; কর্তৃক ধর্মাস্তরিতকরণ ৪, ৯ ; কার্মকলাপ প্রতিহত ৯ ; খৃষ্টান-৬৬৫, ৩৭০ মিশর—সভ্যতার মৌলিকত্ব ৩ মীরাট ২৯০, ২৯২, ২৯৫, ২৯৭-৯৮.

००० भौतावार्डे ४১৮, ४२७

মুকুন্দ সিংহ, ঠাকুর ৩২৪
মুদলমান— -শাদনের কুফল ২, ৩৩৬,
৩৯১; মতবাদে প্রতিমাপুজা ৬
মৌলবী ৩০৩-০৪, ৩০৭-০৮-উকিল
আবুপাহাড়ে ৩২১-২২; -শ্বতি
৩৩৬;-দাধু হেঙ্কার ৩৪৭;-ধর্ম ৩৭৮
মৃতিপুজা ৫,৬,৯,৩০৯-১০,৩১৯,৩৯৬
মেরী লুইদ বার্ক—'নিউ ডিদ্কবারিক্ক'
লেখিকা ৪৩৯

মোতিলাল, শেঠ ৪০৭, ৪০৯

ষজ্ঞেশ্বর বাব্—জ্ঞানানন্দ দ্র: যজ্ঞেশ্বর ভট্টাচার্য (ফকির) ২০৮ যুত্ব ভট্ট ৬৪

যীভথ্ট ৭, ৮, ২১১, ২১৬, ২৩০ ; জীবনকথা ২১৫ ; -কুশবিদ্ধ ২৩০-৩১ ; -কাহিনী ৩৬৫

'যুগান্তর' (পত্রিকা) ৬৪ যোগবাশিষ্ট ২২২

যোগানন্দ (স্বামী), যোগীন কাশীপুরে
১৮০; ঠাকুরের নিকট গেরুয়া
প্রাপ্তি ১৯৫; বৃন্দাবনে ২০৩,২১০;
মঠজীবনে ২১৭; সন্ত্র্যাসগ্রহণ
২১৮; মঠে রঙ্গকৌতুকে ২৩২;
জ্ঞলবসম্ভ আক্রাস্ত ২৫২

বোপেন্দ্র চট্টোপাধ্যয়—মঠের সাহায্য-কারী ২২৫

রকাচারিয়ার ৩৭৭, ৩৭৯ রঘুনাথ ভট্টাচার্য-পরিচয় २৮१ : গণেশ প্রয়াগে স্বামীজীর সাধনার চিকিৎসায় সাহায্য ২৮৭-৮৮; হরিদারে পুন: সাহায্যদান ২৯২ 'রঘুবংশ' ৪০৩ রতনলাল, পণ্ডিত ৪০৭, ৪০৯ রবীন্দ্রনাথ ঠাকুর ৬৪-৫ রুস সাহেব ২৫৬ রাজনারায়ণ বহু ৬৫; তদীয় 'পুরাণদহ' আবাদে স্বামীজী ২৭৭; স্বামীজীকে ইংরেজীতে অজ্ঞ ভাবেন ২৭৭-৭৮ রাজপুতানা ৩০৩, ৪০৫ রাজপুর ২৮৮ রাণা প্রতাপ ৩০৩, ৪২৬ রাধাকান্ত দেব ১

(এ) রামক্লফ-অবতীর্ণ ১১; ও বান্ধভক্ত ১২; নরেন্দ্রের জ্যোতি-দর্শন সম্বন্ধে ৩৭: নরেন্দ্রের রক্তপাতে অভিমত ৪০; স্থরেন্দ্রভবনে ৯৫; নরেন্দ্রনাথকে প্রথম দক্ষিণেশ্বরে पर्नेत्न २७-৮; 'नरतकः धानिमिक' ৩৭, ৯৯; ঈশ্বরদর্শনের প্রশ্নে ১০০; नरतरञ्जत चत्रभ मश्च ১०৪-०६, ১০৯; আলোকরেখা দর্শন ১০৬; ভূতের গল্প ১০৮: নরেন্দ্রনাথের বর্ণনা ১০৮-০৯; নরেন্দ্রকে প্রাণঢালা ভালবাসা ; • <- < • < নরেন্দ্র শক্তি সম্বন্ধে ভবিয়াদ্বাণী ১১১. ১৩২ ; নরেন্দ্রের জন্ম কালা ১১২ ; মোটা বামুনের মত ১১২-১৩; নরেন্দ্রের কথা মাকে বলা ১১৫-১৬; চাতককাহিনী ১১৬, ১২৯; নরেন্দ্র সমস্থা ১১৮; রসের সাগর উপাথ্যান ১২০ ; ভাবসম্বন্ধে ১২১-২২ ; নরেন্দ্রের উপর বিশ্বাস ১২২; থাতাথাত সম্বন্ধে ১২২; অন্ধবিশ্বাস সম্বন্ধে ১২৩ ; নরেন্দ্রকে অবৈত শিক্ষাদান ১২৩; রূপসম্বন্ধে নরেন্দ্রের কথা ১২৯-৩০ ; শাস্ত্রের অর্থ ১৩০ ; যাচাই ক'রে নেবার উপদেশদান ১৩২ ; নরৈন্দ্রের বৈরাগ্য ও প্রতিভা দর্শনে ১০০ ; নরেন্দ্রকে সাবধানবাণী ১৩৪; টঙে ১৩৪ : নরেন্দ্রের বিবাহের প্রস্তাবে ১৩৪ ; নরেন্দ্রের অন্নগ্রহণ ১৩৬ ; ব্রাহ্মসমাজ ভবনে ১৩৬-৩৮; নরেন্দ্রকে পরীকা ও শিকাদান ১৪১: নরেন্দ্রের জনামে ১৫২, ১৫৫: নরেন্দ্রের পরিবারের দারিদ্রা-মোচন ১৬০; নরেন্দ্র কালী মানায় ১৬১ ; অধৈতজ্ঞানে আরুঢ় ১৬২ ; নিজকে ও নরেক্রকে এক দর্শন ১৬৩: থাছের অগ্রভাগ অন্তকে দিলে গ্রহণে অপারগ ১৬৩-৬৪; অশুচি চিন্তা থাকিলে নরেন্দ্রকেও স্পর্শে অপারগ ১৬৩-৬৪ : নরেন্দ্রের জন্য ভিক্ষা করিতে প্রস্তুত ১৬৪-৬৫ ; ভালবাসায় বশীভত করা ১৬৫; কণ্ঠরোগাক্রান্ত ১৬৮; পানিহাটির মহোৎসবে ১৬৮; কলিকাতাতে চিকিৎসায় সম্মত ১৬৯; আগমনের কারণ ১৭১, ২৩৩; যুবক ভক্তগণকে সংঘবদ্ধ করিতে আকুলতা ১৭৫-৭৬; নরেন্দ্রকে বৈরাগ্যে উৎসাহ ১৭৬; ব্যাধি অবলম্বনে সংঘগঠন ১৭৯; হোমাপাথীর গল্প ১৭৯; নরেন্দ্রনাথের উপর ভক্তদের ভার অর্পণ ১৭৯-৮০: নরেন্দ্রকে সমাধি সম্বন্ধে ১৮৩-৮৪; চাবি নিজের হাতে রাখা ১৮৫; নরেন্দ্রের দর্শনের ব্যাখ্যা ১৮৬; ত্যাগ সম্বন্ধে ১৮৮: নরেন্দ্র গয়া প্রস্থানে ১৮৯-৯০: वृक्षरम्व मन्नरक ১৯०; भाग्रावान मश्रक्ष ১२० : नर्ततन्त्र मश्रक्ष ১२১ : বালক ভক্তগণকে মাধকরীতে প্রেরণ ১৯৪ ; সংঘের স্ত্রপাত ১৯৪-৯৫ : नदब्रक्टक छेभएम्भ ১৯৫ : नदब्रह्मव প্রতি উক্তি ১৯৬-৯৭; ভক্তকলহ মিটান ১৯৭; ভক্তের শ্রেণীবিভাগ ১৯৮: নরেন্দ্রকে সংঘনেতা নির্বাচন ১৯৮: শরতের ভার নরেন্দ্রকে দান ১৯৯ : রুদ্ধকক্ষে নরেন্দ্রকে উপদেশ ২০০: নরেন্দ্রকে সর্বস্থদান ২০০: অবতারত স্বীকার ২০১: শ্রীমাকে माख्ना २०) : नीनामः वत्र २०) : আগমনে জগৎকলাপের বিখাস ২০৭: আনন্দময় মহাপ্রুষ ২৩২: -সংঘ ২৩৩; কি চাহিয়াছিলেন ২৩৬; ও ত্রৈলক্সমী ২৩৯; জীবনের ঘটনাবলী ৩২৩, ৩২৮; বলিতেন নরেন্দ্র জগৎটা ওলটপালট করতে পারে ৩৪১; বলিতেন নরেন্দ্র জগৎ মাতাবে ৩৪৩: -সম্বন্ধে স্বামীজী ৩৭৯: ৩৯১

রামক্লফের (এ) — দেহত্যগ ৭৮; প্রাণ্টালা ভালবাসা ১০৯; মাথার থেয়াল রূপ ১১৬-১৭; আপনার লোক নরেন্দ্র ১১৭, ১১৯; নরেন্দ্রের প্রতি ব্যবহার ১১৮-১১৯; গীত ১৩১-৩২; নরেন্দ্রের জন্ম প্রার্থনা ১৩২ : নরেন্দ্র অভিমত ১৩৩-৩৪ : নরেন্দ্র সম্বন্ধে ধারণা ১৫৩; কঠোরতা নরেন্দ্রের कन्यानार्थ ১৬8; गृशैङ्किमिगरक উপদেশের বৈশিষ্ট্য পুতান্থি কাশীপুরে २०५-०२: পুতান্তি ও ব্যব**ন্ধ**ত স্থানাম্ভরিত করার ব্যবস্থা ২০২: ভস্মাবশেষের জন্য মতভেদ ২০৩-০৪: ভশাদি সম্বন্ধে ভক্তদের সিদ্ধাস্থ ২০৪: অভিনবত্ব সম্বন্ধে ভক্তের। সচেতন ছিল না ২০৭; জীবন ও वानी २२२-७०, ७२৫, ४४४ : निक्रे স্বামীজীর অধ্যাত্মজ্ঞানলাভ ২৫৬; দিব্যাবির্ভাব ২৬০-৬: ; ভস্মাবশেষ-জনিত সমস্তা ২৬৬: স্মৃতিরকা ২৬৬: অরূপের ঘরে নরেন্দ্রকে मर्भन २७३ : छेशरमण ७२৮, ७७६ ; মতো মহাপুরুষ ৩৩৫; শিবজ্ঞানে জীবসেবার বাণী ৩৪৬; বার্তা-বহরূপে স্বামীজী ৩৩৫, ৩৯৩; ভাবপ্রচার ৪২৭

রামক্ক মিশন ৩৫৯
রামক্কানন্দ (স্বামী), শশী ১২৬, ১৬৯,
১৮০, ১৯৩, ২০৪, ৩৯২, ৪২৫;
ঠাকুরের নিকট গেরুয়া প্রাপ্তি
১৯৫; মঠে যাতায়াত ২১০;
মঠের কাজে ব্যস্ত ২১১; মঠে
আরতি ২১২; মঠে স্থায়িভাবে
বাস ২১৪; আঁটপুরে ২১৪;
মঠেই বাস ২১৪, ২১৬, ২৬৬-৩৭;
সন্ন্যাস ২১৭-১৮; নিভ্যপুজা ২২২,
২২৬-২৭; গৃহে ফিরাইবার নিক্ষল
চেষ্টা ২২২; শিক্ষাকার্য গ্রহণ
২২৩; মঠে ২২৬; সম্বন্ধে স্বামীজী

২২৬-২৭; মঠের মাতাম্বরূপ ২২৭; সহিত স্বামীজীর দীর্ঘভ্রমণে সাক্ষাৎ हय नाहे २७৮; जमीय निष्ठा २१० রামচন্দ্রজী, মেজর ৩০৮ त्रायहत्त्व पर ३२, ८७, २६; नरतन्तरक বিবাহে রাজী করিতে চেষ্টা ৯৬: দক্ষিণেশ্বরে যেতে নরেন্দ্রকে উপদেশ ৯৬; তর্কে বিরক্ত ১৩০ ; ঠাকুরকে নরেন্দ্রের বিবাহ-প্রস্তাব জানান ১৬৫ : ঠাকুরের চিকিৎসায় ১৬৮ ; ঠাকুরের ব্যাধি সম্বৰ শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে বিশাস ১৭১; কাশীপুরের ব্যয় সম্বন্ধে ১৯৬-৯৭; যুবক ভক্তপণকে উপদেশ ২০৩; যুবকদের কথা অগ্রাহ্য ২০৪; ও প্রবীণ ভক্তগণের অভিমত ২০৬; গৃহে নরেন্দ্র ২২৮ রামদাস ছবিলদাস ৩৫৫ রামনাদ ৩৮৮, ৩৯৩-৯৪, ৩৯৮, ৪১২, 822 রামমোহন রায় (রাজা)—শিক্ষাক্ষেত্রে ৫; ও হিন্দুধর্ম ৫-৬; ও প্রতিমা-পুজা ৬; ধর্মসংস্কার-প্রেরণা ৬-৭; সতীদাহ ও সমুদ্রযাতা অবদান ৬ ; গোঁড়া হিন্দুর দৃষ্টিতে ৬ রামরাও, এস্, ৩৮৩ রামস্বামী শান্ত্রী (কে. এস্) ৩৮৭-৮৮; ৩৯৩ পা: টী: রামাইয়া, ডব্লিউ ৩৭৮ রামানন্দ ৪২৬ রামাত্তজ ২১৩ রামায়ণ ২৪, ৩৩, ৩৫, ৪৫, ৫০, ২২৯ বামেশ্বর (ভীর্থ) ৩৪৯, ৩৫৫, ৩৭১, ७११, ७৮१-৮৮, ७३७ : मकिर्गद বারাণদী ৩৯৪

রায়পুর ২২, ৫৫-৫৭
রিভেট কার্নাক, কর্নেল ২৫৬
কল্পপ্রাগ ২৮৫
রেজ্যারী ৪১৫
'রেমিনিসেন্সে, স্ অব্ স্বামী বিবেকানন্দ'
ত৫৯
রঁমা রলান্স্যামীজীর কঠন্বর সম্বন্ধে
৮৩; স্বামীজীর নাম সম্বন্ধে ৪২৫

লন্দ্রীনারায়ণ মারোয়াড়ী ১৯৭

২৪১

'ললিতবিস্তর' ১৮৮, ২০০; ইহার

শ্লোক ১৯২, ৬৮৫
লালগুরু ৪২৬
লালশ্বর উদীয়াশহর ৩৩২
লালা বদরীশা ২৭৬, ২৮৪-৮৫
লিমড়ী ৩৩২, ৩৩৮, ৩৪৮-৪৯
'লীলাপ্রসঙ্গ' ১৯, ৬২, ৯৬, ১০৩, ১০৫,
১০৮, ১১৪-১৫, ১২৬-২৯, ১৩৩,
১৩৫-৩৬, ১৪০-৪১, ১৪৮, ১৫০-৫১, ১৬৪, ১৭৩, ১৮০, ১৮২, ১৯৩

শহর পাতৃরক্ব ৩৪০
শহরলাল পণ্ডিত ৩২৭, ৩৫৭
শহরাচার্য ১৮৬, ১৯১, ২১৩, ২১৯,
২৩৮, ৪২৭ পুরিগোবর্জন মঠের৩৩৪; -প্রতিষ্ঠিত সারদা মঠ
৩৪৩
শহরিয়ার ৩৭৭
শন্ত্যাঞ্জী, পণ্ডিত ৩০৪
শিউরাজ, মহারাজ বাহাত্র ৪০৯
শিবনাথ শাস্ত্রী ৫, ১৯, ৬৬-৬৭, ১৪৭
শিবানন্দ (স্বামী), তারক ১৯৯, ২২০,

শকুন্তলা ৪২৬ শহর গিরি ২৯০-৯১

२२৮, २७२, ४२६; कामीপুরে ১৮০; বৃদ্ধগয়ায় ১৮৮-৮৯; ঠাকুরের নিকট গেরুয়া প্রাপ্তি গৃহত্যাগী ও বুন্দাবনে তপস্থা ২০০; নরেক্র সকাশে বলরাম ভবনে ২০১; মঠের স্থায়ী অধিবাসী ২১০, ২১৪ ; আঁটপুর সম্বন্ধে ২১৬; সন্ন্যাস ২১৮; -লিখিত সন্ন্যাস নামের তালিকা ২১৮; হাতরাসে ২৪৮-৪৯; -লিখিত পত্ৰ ৪২১-২২ 'শিবের ভূত' ১৭৩ শিম্লতলা ২৩৭, ২৪৯, ২৫২ ভন্ধানন্দ (স্বামী) ২৩৯ শেকৃস্পিয়ার ৩৭৮ শেঠজীর বাগান ২৯৬ শেলী (কবি) ৬৯-৭০ শেষান্তি আয়ার, কে ৩৭২, ৩৭৫-৭৭ শৈব-মত ২২৯ ভামপুকুর ১৬৭, ১৬৯, ১৭২, ১৭৪, 396-60 শ্রামলদাস (শেঠ) ৩০০-০১ খ্যামাস্থন্দরী ১৪-৫, ১৭

২৩৪, ৪১৬, ৪২৫; পশ্চিম ভারতে ৩৩২-৭১ সতীদাহ ৬ সতীশচন্দ্র মুখোপাধ্যায় ২৫৩ সদানন্দ (স্বামী), শরৎচন্দ্র গুপ্ত ২৩৪-৩৫, ২৪৪-৪৬, ২৪৮; মন্ত্রদীক্ষা ২৪৭; সন্ত্র্যাসের অভিজ্ঞতা ২৪৭; চাকুরি ত্যাগ প্রসন্ত্রাস ২৪৯

সচ্চিদানন্দ (স্বামী) — স্বামীজীর ছন্মনাম

শ্রীনগর (গাড়োয়াল) ২৮৬-৮৭

'সন্ধীত-কল্পডরু' ৭৯, ৮০

'সঞ্জীবনী' (পত্ৰিকা) ৬৫

সন্ন্যাস, সন্ন্যাসী -সংঘের ভিত্তি ১৬৫;
সম্বন্ধে ঠাকুরের মত ১৬৬;
ভগবানকে ডাকিবেই ১৬৭; নরেক্স
বীর ও হৃদিমান -১৮৭; - গ্রহণ
সম্বন্ধে প্রাচীন ভক্তগণ২০৫;-সম্বন্ধে
বঙ্গদেশ ২১৯-২০: নাগা-২১৯;
তাঁহাদের চিরস্তন ধারা ২৩৭;
-ব্রত ২৪১-৪২; স্থির না থাকা
ভাল ৩১৪;-ঈশার ভ্যাগমন্ত্র ৩০৫;
পরমহংস-৩৬১; তাঁহাদের অভিবাদন ৩৮০; তাঁহাদের পক্ষে
নিষিদ্ধ কর্মে তৎপর ৩৯১-৯২;
মাকুষের চিকিৎসক ৪০৩

সমুদ্রধাতা ৬, ৩১৪-১৫ সাংখ্য দর্শন ৩২৬ সাতকড়ি (বাবু) ২২১-২২ সারদানন (सामी), শরৎ २०, ৯৬, २०৯-১০, २১৬, २৯२; मिक्किरनश्रदात्र विवत्र २७-५; ज्वरनवती (मवी সম্বন্ধে ১৪৮; নরেন্দ্রের সহিত পরিচয়ের পূর্বে ১৫৩-৫৪; কাশীপুরে ১৮০; নরেন্ডের সঙ্গে **አ**৮১ ; ঠাকুরের নিকট গেব্দয়া প্রাপ্তি ১৯৫; আঁটপুরে ২১৪; সল্লাস নারীস্থলভ २১१-১৮; ২২০; সঙ্গীত শিক্ষা হ্যবীকেশে ২৫৭; আলমোড়াম্ব २৮8; वनतीनात्रायण याखा २৮৫; অহম্ব ও এটোয়ায় ৩০১

সারদা মঠ ৩৪৩

সাহারানপুর ২৯০, ২৯২, ২৯৫

निकात्रतम् मृतानियात्र ०२৮-२२ मिरञ्ज ४७० : -वानीत्र विवत्र ४७०

সিকান্দরাবাদ ৪০৬-০৭

সিঙ্গাপুর ৪৩০-৩১

সিগনোর ৩২৫ সিহোর ৩৩৪, ৩৪৭ সীকর ৩২৫ স্থার আয়ার ৩৭৭, ৩৮৪-৮৫, ৩৮৮ ; -গৃহে স্বামীজী নবরাত্রি ৩৭৮-৮৩ ; ভারতীয় জাতি সম্বন্ধে ৩৮৬ স্থবোধ ২১৬, ২১৮ স্থ্রহ্মণ্য আয়ার, ভি. ৩৯৯-৪০০ স্থাতা ৪৩০ স্থরাট ৩৪৮ স্থরেন্দ্রনাথ মিত্র (স্থরেশ) -গৃহে ঠাকুর ও নরেন্দ্রের প্রথম সাক্ষাৎ ৯৫; নরেন্দ্রকে দক্ষিণেশ্বরে আনয়ন ৯৬; কাশীপুরে ১৯৬-৯৭; যুবক ভক্তদের সহায় ২০৫; ঠাকুরের রসদার ২০৮; দিব্য দর্শন ও আন্তানা স্থাপনের প্রস্তাব ২০৮; বরাহনগর

খবরাথবর করা ২২৪
সেবা ৩৩৮, ৩৯১; -ধর্মের অঙ্কুর ২৩২;
-ধর্মের আদর্শ ৩৩৬; -ত্রত ৩৪৬
সোপেনহাওয়ার ৭৭
সোমনাথ (পাটন, পত্তন) ৩৩৯
সংহিতা (বেদের) ৯
স্ত্রী-স্বাধীনতা ৫, ৬৮
স্থালভেশন আর্মি ২৩০

মঠের ব্যয়বাহক ২০৯, ২২৩, ২৬৭;

দেহত্যাগ ২২৩, ২২৬; মঠের

ধর্মসম্বন্ধ ৭৫; বনের বেদান্ত ঘরে আনা ১৫৮; ব্রত্যোপবাস ১৯৩; গিরিশচন্দ্রকে শিব সাজ্ঞান ১৯৫; বন্ধুবান্ধবের ডাক নাম ২০৪; তর্ক আলোচনার জন্ত সদা প্রস্তুত ২০৫; গুরুত্রাডাদিগকে সংঘবদ্ধ করা ২০৬; তীর্ধভ্রমদের বিরুদ্ধে ২৩৬-৩৭; রামক্বঞ্চানন্দ সম্বন্ধে ২৩৭; স্বাস্থ্যলাভের জন্ম खभग २७१ ; ष्यायाधा । ७ वृन्तावान ২৩৭ ; কামারপুকুরে ২৩৭ ; দীর্ঘ ভ্রমণে ২৩৭; বারাণদীতে প্রথমবার ২৩৮-৩৯ ; দ্বারকাদাদের আশ্রমে ২৩৯; ও ভূদেব মুখোপাধ্যায় ২৩৯; ত্রৈলঙ্গবামীকে দর্শন ২৩৯; ও ভান্ধরানন্দস্বামী ২৩৯; ভারতাত্মার পরিচয় লাভ ২৪০ ; ধর্মকুলা ২৪১; উত্তর ভারতে ২৪১ ; তাজ সম্বন্ধে २८५-८२ ; वृन्तिवटन ३६२-८८ ; হাতরাদে ২৪৪-৪৭; ম্যালেরিয়ায় আক্রান্ত ২৪৮; বরাহনগর মঠে ২৪৯; ও প্রমদা দাস মিত্র ২৫০ez, zes, zes-so, zsz, zss-৬৮; প্রয়াগে ২৫২; গাজীপুরে ২৫৩ ; ও পওহারীবাবা ২৫৪-৫৬ ; অথণ্ডানন্দকে পত্ৰ ₹ 66-69; হোলি সম্বন্ধে প্রবন্ধ ২৫৬; বলরাম বস্থকে পত্র ২৫৭, ২৫৯; তাড়িঘাট স্টেশনে ২৬৩-৬৫; বারাণদীতে দ্বিতীয়বার ২৬৫; বরাহনগরে প্রত্যাবর্তন ২৬৫-৬৬; হিমালয়ো নাম নগাধিরাজঃ ২৬৯-২৯৯; স্থদীর্ঘ ভ্ৰমণে ২৭০; অভেদানন্দকে পত্ৰ ২৭০ ; অথণ্ডানন্দকে আহ্বান ২৭০; সারদানন্দকে পত্র ২৭১; শ্রীমার আশীর্বাদ ভিক্ষা ২৭১-৭২ ; ভাগল-পুরে ২৭২-৭৫; কাশীতে প্রমদা-नाम वाव् त्र शृष्ट २४०; स्मोनिक **नृष्टिक्नो २৮**১; व्यरगंभात्र २৮১-৮২ ; মন্ত্ৰদৰ্শন ২৮২ ; ক্ষুধা ও পথ-শ্রমে কাতর ২৮৩-৮৪; লালা-বদরীশা গৃহে ২৮৪; বদরীনারায়ণ পথে ২৮৫ ; কল্রপ্রয়াগে জরাক্রান্ত

২৮৬; খৃষ্টানকে হিন্দুধর্মে আনয়ন ২৮৬; শ্রীনগরে (গাড়োয়াল) ২৮৬; টিহিরি থেকে দেরাত্ন ২৮৭-৮৮; হৃষিকেশে অফ্স ; 66-065 অচৈতন্ত অবস্থায় অভিজ্ঞতা ২৯২; সাহারানপুর ও মীরাটে ২৯২-৯৩; বোগজীর্ণ ২৯৫-৯৬; ব্রহ্মচর্য ও একাগ্রতার শক্তি সম্বন্ধে ২৯৭, ৩২৭, ৩৬৬ ; একাকী অবস্থানের সঙ্কল্ল ২৯৮; দিল্লী যাত্রা ২৯৮-৩০২; রাজপুতানায় ৩০০-৩১; ও ডাঃ সেনের ঘটনা ৩০৩; আলোয়ারে আলোচনা ও ধর্মপ্রসঙ্গ ৩০৩-০৫; ভগবস্তাবে মাতোয়ারা ৩০৬; মৌলবীর ভিক্ষাগ্রহণ ৩০৮; দীক্ষাদান ৩০৮; দেওয়ান গৃহে ৩০৮ ; রাজার সহিত ৩০৮-১১ ; চাষবাদের উপকারিতা সম্বন্ধে ৩১৫-১৬ ; ছোটবড় জাতে মেলা-মেশা ৩১৬; জয়পুরে ৩১৮; আজমীরে ৩২০; আবু পর্বতে ৩২০-২২ ; অজিত সিংহের গৃহে ৩২২-২৩; খেতড়ীগমন ৩২৩; অজিত সিংহকে দীকা ७२৫ ; পাণিনি অধ্যয়ন ৩২৬; থেতড়ী-রাজকে পুত্রলাভের আশীর্বাদ ৩২৭, ৪১৩ ; গুজরাট ভ্রমণ ৩২৮ ; তুইটি ঘটনা ৩২৮-৩০ ; চামারের **খাত্য গ্রহণ ৩৩১ ; পশ্চিম ভারতে** ৩৩২-৩৭১ ; লিমড়ীতে সাধুদ্বারা বিপন্ন ও উদ্ধার ৩৩২-৩৪; নাগড় যাত্ৰা ৩৩৪ ; জুনাগড়ে ৩৩৪-৩৩৫ ; গীর্ণার পর্বতে ৩৩৬-৩৭; ভুঞে ৩৩৭-৩৯ ; প্রভাসে ৩৩৯ ; দ্বারকায় ৩৪৩; পোরবন্দরে ৩৪৫; মঞ্চ-

মরীচিকা দর্শনে ৩৪৬, বরোদা থেকে পত্র ৩৪৭-৪৮ ; গরম সহ্য করিতে অক্ষম ৩৪৯ ; পুণান্ব টেনের ঘটনা ৩৪৯: পাত্রোয়ায় ৩৫০-৫২; চিকাগো ধর্মভায় যোগদানের অভিপ্ৰায় প্ৰকাশ ७६५-६२ ; প্রকাশ্য সভায় বক্তৃতা-প্রসঙ্গে ৩৫১, ৩৫৮, ৩৬৬, ৩৭৪-৭৫, বোম্বেতে ৩৫৫; পুণাতে ৩৫৭: সম্বন্ধে তিলকের স্মৃতি ৩৫৮-৫৯. ডেকান ক্লাবে ইংরেজী বক্ততা ৩৫৮; কোলহাপুরে ৩৫৯ ; জ্ঞি. এস. গাঁও ভাটের স্মৃতিকথা ৩৬০-৬২ ; হরিপদ মিত্রের শ্বতিকথা ৩৬২-৭১: হরিপদবাবুকে সন্ত্রীক দীক্ষাদান ৩৬৭; দক্ষিণ ভারতে ৩৭২-৪০৩; মহীশূরে ৩৭২; স্পষ্ট বক্তা ৩৭৪, কোরানের সমস্থা সমাধান ৩৭৪; স্থন্দররাম আয়ার গৃহে নবরাত্তির বর্ণনা ৩৭৮-৮৩ ; ভারতীয় দেশীয় রাজ্যের তুলনা ৩৮০-৮১; ব্রাহ্মণ ও বর্ণসকর সম্বন্ধে ৩৮৬; রকে উপস্থিত ৩৮৭; মাতৃভূমির চিস্তায় রাত্রি যাপন ৩৮৭-৮৯; রামনাদে ৩৮৮ ; পণ্ডিচেরী থেকে মাদ্রাজে ৩৮৮; ভারতকে অথও ৩৮৯ ; কি চাহিয়াছিলেন ৩৯১-৯২ ; শ্রীরামক্নফের বার্ডাবছরূপে আমেরিকায় ৩৯৩ ; 'কিডি' সম্বন্ধে ৩৯৯; 'পালোয়ান স্বামী' আখ্যা-লাভ ৪০০ ; অনেকের দৃষ্টিতে ৪০২-০৩ ; উত্যোগ ও আয়োজন ৪০৪-২৭; মায়ের ইকিত অপেকায় ८०७; श्वनतातात १०७->०; এবং যোগী ৪০৯-১০; মহবুব বিদ্যালয়ে বাক্শক্তির পরিচয় ৪১১;
শ্রীমা সারদাদেবীকে পত্র লিথিয়া
অন্নমতি লাভ ৪১৩; জরপুরে
নর্জকীর ঘটনা ৪১৬; জাবুরোড
স্টেশনের ঘটনা ৪১০; জাহাজে
আমেরিকাষাত্রা ৪২০; চিরসন্নাসী
চিরবৈরাগী ৪২০; চুই বংসর
আত্মগোপন ৪২৫; হিন্দুধর্মের
প্রবক্তা ৪২৭; সমৃদ্র যাত্রা ৩৯৪-১৫, ৪২৮-৪৪০; চীনা মন্দিরে
৪৩৩-৩৫; জাপানীদের সম্বন্ধে
৪৩৫-৩৭; স্বদেশী যুবকদিগকে
আহ্বান ৪৩৮; ভারতের প্রতি বাণী
৪৩৮

স্বামীজীর স্বভাব ৬৮-৯; কণ্ঠস্বর ৮৩; নিভীকতা ও প্রত্যুৎপন্নমতিত্ব মহামায়ার সহিত ১৪৬-৪৭; আ'আ্রিক সম্বন্ধ ১৫৮; শিক্ষা ২০৭, ২৬৩; ভারতপর্যটন ২৩৬; দীর্ঘ ভ্রমণবুত্তান্তে 'অথগুনন্দের স্মৃতি-কথা' মূল্যবান ২৩৮; মনে গণ-নারায়ণের সেবার আকৃতি ২৪০-৪১; গাজীপুরে উদ্দেশ্য ২৫৪, ২৫৬; বহু সাহেবের সহিত পরিচয় ২৫৬; তিকত ভ্রমণেচ্ছা ২৫৭, ২৭০: গাজীপুরে স্বাস্থোন্নতি ২৫৭; জীবনে দ্বিবিধ ধারা ২৬০; ঠাকুরের সহিত অলৌকিক সম্বন্ধ ২৬০; পওহারীবাবার নিকট দীক্ষার সঙ্কল্প ২৬০-৬১; 'গাই গীত ভুনাতে তোমায়' রচনা ২৬১; অমুভৃতি সম্বন্ধে অথগুানন্দের নোটবুকে লেখা ২৮৩; ভগ্নীর আত্মহত্যার সংবাদ ২৮৫; হিমালয় ভ্ৰমণ সমাপ্ত ২৯২-৯৩; চোর সাধুর

সঙ্গে সাক্ষাৎ ২৯৪-৯৫; প্রত্যহ লাবকের প্রস্থ পাঠ २२७ ; ष्ट्रयुक्त वक्षु भोनवीमाट्य ৩০৭; এক বুদ্ধের সঙ্গে ব্যবহার ৩১১-১২ ; যুবকগণকে সংস্কৃত ও দেশের ইতিহাস-শিক্ষায় উৎসাহ দান ৩:২ , ব্রাহ্মণ বালকের উপনয়ন-ব্যবস্থা ৩১৩: ব্যক্তিত্বের অপূর্ব বিকাশ ৩৩৬; ধনীদের সহিত মিশিবার হেতু ৩০৮-৩৯, ৩৬৯; প্রাণ কাদিয়া উঠিত ৩৪১; কোভ ত্বশ্চিন্তার কারণ পরিব্রাজক জীবনের ক্লেশ ও বিপদ ৩৫২-৫৪ ; তুইটি তাৎপর্যপূর্ণ পত্র ৩৫৬-৫৭; ফটো তোলা ৩৬৭, ৩৮১; ভিক্ষাবৃত্তি বিষয়ে মত ৩৬৮; স্বদেশের প্রতি অন্তরাগ ৩৬৯-৭০; জীবনব্রত ৩৭০; রীতি ৩৭৪ ; নানা বিষয়ে জ্ঞানের পরিচয় ৩৭৪ ; নিঃস্পৃহতা ও বৈরাগ্যের পরিচয় ৩৭৫-৭৬ ; কণ্ঠস্বরের রেকর্ড ৩৭৬; ত্রিবাঙ্কুরের মহারাজার সহিত সাক্ষাৎ ৩৮১; আহার সম্বন্ধে মত ৩৮৪; অসাধারণ শক্তির পরিচয় ৩৮৫; রামেশ্বর ভ্রমণ সম্বন্ধে প্রচলিত মত পরিবর্তনের আবশ্য-কতা ৩৮৭-৮৮; কুমারী পূজা ৩৮৮ : দরিদ্র জনগণের জন্ম সম-বেদনা ৩৯০-৯১: একথানি পত্ৰ ৩৯০-৯১; সঙ্কল্প স্থির ৩৯২-৯৩; জীবনের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৎসর ৩৯৪; শিশ্বাত্বগ্রহণ যুবকগণের ৩৯৫ : উপর প্রেতাত্মাদের উৎপাত ৪০০-০১; দান সহজে ৪০০; মাদ্রাজে প্রভাব ৪০১ ; তুই শিস্ত্রের

শ্রদ্ধাঞ্জলি ৪০৩ ; চিকাগো যাত্রীর জ্জা অৰ্থ সংগ্ৰহ ও তাহা বিলাইয়া (मृ**अ्या ४०४-०६**; व्यानामिकारक পত্র ৪০৫-০৬ ; ধর্মপ্রচার অভিলাষ ৪০৮; ইংরেজী বক্তা 'আমার পাৃশ্চান্তা গমনের উদ্দেশ্য ৪০৯; জন্য পুনরায় অর্থসংগ্রহ ৪১১ ; স্বপ্ন ৪১৩; দেওয়ানজীকে পত্ৰ ৪১৪-১৫, ৪২২; জয়সিংহকে আশীর্বাদ ৪১৫; সহিত ব্রহ্মানুন্দ ও তুরীয়ানন্দ ৪১৭ ; ্হদয় জগুতের হু:থে ব্যথিত ৪১৭-১৮ ; সমুদ্রযাত্রার ব্যয়ভার ৪২১-২৪ ; জীবনের 'ভূয়ানক উদ্বেগ' ৪২৪ ; প্রতিনিধিত্বের যোগ্যতা ৪২৬-২৭, ূস্বরচিত সমুদ্রধাত্রার বর্ণনা৪২৯-৩০; 805-00, 806-06, 809, 806; উন্নতির চিস্তা স্বদেশের ৪৩৮ ; অন্ধিত ভারতীয় যুবকের ছবি ৪৩৭ শীতবস্তাভাব ৪৩৯ 'শ্বামীজীর পদপ্রাস্তে' ২৪৮ পাঃ টীঃ 'স্বামী বিবেকানন্দ ইন্ স্থামেরিক। ; নিউডিস্কবারিজ' ৪৩৯ 'স্বামী বিবেকানন্দ ও বাঙ্গলায় উনবিংশ শতান্দী' ৬৬ শ্বতি - শাস্ত্ ১০

হক্ষে ৩৬৪
হরদয়াল সিংহ (যোধপুর) ৩২৪
হরবিলাস ৩২৪
হরিদাস চটোপাধ্যায় - সতীর্থ ৮৬;
শাইনে মকুব ৮৭-৯; টঙে ১৩৮
হরিদাস চটোপাধ্যায় (ঝাণ্ডোয়া)
৩৫০-৫১, ৩৫৫, ৩৫৭
২রিদাস বিহারীদাস (দেওয়ানজী) ৩৩৪,
৩৪৭, ৩৪৯, ৪১৪, ৪২২

হরিদার (ভীর্থ) ২৪৪, ২৯২, ২৯৫ হরিপদ মিত্র ৩৬২-৭১, ৪১১ হরিপ্রসন্ন ২১৭ रविनिः नाष्ठकानी ०১৯-२० হরীশ ১৮০, ২০২-০৩ शंखदा ५२८, ४৮२ হাতরাস ২৪৪-৪৯ श्यमत्रावाम ७४२, ४०४-०৮, ४১२ হার্বার্ট ক্লেব্যার ৭০, ৭৭, ২২৯, ৩৭৮ তার সহিত নরেক্রের পত্র বিনিময় ৯১ ; নরেন্দ্রকে প্রশংসা ৯১ হিউম ৭০, ১৫৫ হিংলাজ (মক্তীর্থ) ৩৪২ হিন্দু -ধর্ম নামকরণ ১; -সমাজ ১, ৪, ৭, ৯, ১০, ১১; -সমাজে জাতি-ভেদ ও নারী অবরোধ হেতু ২; -ধর্ম ৪, ১০, ২৪৯, ৩৫৭, ৩৬২, 8° ८, ४२१; '- एन्दरम्बी ७; -সমাজে ব্রাহ্ম প্রভাব ১; -সমাজে দয়ানন্দের প্রভাব > ; -প্রচারকদের প্রয়াস ১০; নবজাগরণ পছার স্ত্রে ১১; -শান্ত্র ও বিশ্বনাথ দত্ত ১৯ : সমাজের প্রাচীন অবস্থা ৬৮ : -मर्भन २১७ ; -भाञ्च व्राथा २४० ; -সামাজিক ব্যবস্থা ২৫০; -ধর্ম ব্যাখ্যা ২৫৬ ; -ধর্মেরই শাখা জৈন ধর্ম ২৭৬ ; -মৃতি পুজা ৩০৯,৩৯৬ ; -জাতির বেড়ে না উঠার হেতু '৩১৫ ; -চিস্তাধারা ৩৩৫ ; -কীডি -জাতির পরাধীনভার কারণ ৩৮৪; পাশ্চান্ত্য ভাবা-পন্ন-৩৯৭ ; শিক্ষা ও সভ্যতায় হীন নয় ৪১৯ ; মহিলার পদা ৪৩৩ হিন্দুর নবজাগরণ ১১ হীরানন্দ ১২৯, ১৯১

জ্যুমবাবু ২৮০, ২৯০ व्यीत्वमं (जीर्थ) २८१, २४१, २३२, २२७, २२७, २२५; श्रामीकी निश-সহ ২৪৮; গুরুভাডাসহ যাত্রা ২৯০; বর্ণনা ২৯০; অস্বাস্থ্যকর হোলি ২৫৬ ट्रांग १४, २२२, ४०७ হেমেন্দ্র সেন (ডাব্রুণর) ৩০১, ৩০২

टिडि, উই निशाय—मद्रिख्यक প্রশ্ **२) : प्रकिल्परत्रत त्रामकृत्य**े नमाधित উল्लंখ २०; नेद्रप्रहरम्दर প্রশংসা ৯৫ স্থান ও চিকিৎসার অভাব ২৯১ হংকং (দ্বীপ, চীন দেশে) ৪৩১-৩২ 890